Sj. Devaprasad Chatterjea: Sir, before you proceed with the other business of the day, may I know through you from the Home Minister what is the present condition of the trouble at Siliguri since 1st June? There was a mass attack on the Bengali travellers due to an alleged incident at Siliguri. I hear from a friend who returned from Darjeeling yesterday that the situation has not improved as yet.

Mr. Chairman: You cannot bring it in now.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Cannot the Chief Minister give us some information on the point?

Mr. Chairman: Not now.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Do you, Sir, rule that members of the House have no right to know about a very important matter which is of vital importance to us?

Laying of Ordinances

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Ordinance, 1958

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to lay before the Council the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Ordinance, 1958 (West Bengal Ordinance No. II of 1958), under Article 213(2)(a) of the Constitution of India.

The R. G. Kar Medical College and Hospital Ordinance, 1958

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, with your permission I beg to lay before the Council the R. G. Kar Medical College and Hospital Ordinance, 1958 (West Bengal Ordinance No. III of 1958), under Article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Estates Acquisition (Amendment) Ordinance, 1958

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to lay before the Council the West Bengal Estates Acquisition (Amendment) Ordinance, 1958 (West Bengal Ordinance No. IV of 1958), under Article 213(2)(a) of the Constitution of India.

Laying of Rules

Laying of Amendments to the Bengal Motor Vehicles Rules, 1940

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to lay before the Council the amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

General Discussion of the Budget for 1958-59

Mr. Chairman: I call upon Sj. Snehangsu Acharya to speak first.

Sj. Snehangshu Kanta Acharyya:

মাননীয় সভাপতি মহাশয়, আমি আজকে এই যে বাজেটের উপর সমালোচনায় কিছু বলবার জন্য আমাকে সুযোগ দেওয়া হয়েছে, এই জন্য আমি মাননীয় বন্ধুদের আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি।

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের সংবিধানে কতকগুলি ধারা আছে। আমি জানি সেই ধারাগুলি নাকি আমাদের যেসব কেন্দ্রীয় সরকার ও প্রদেশ সরকার আছে, সেগুলি তাদের মেনে চলতে হবে এবং এই কথা বলে আজ আমাদের মন্ত্রীরা শপথ নিয়েছেন, প্রতিজ্ঞা করেছেন এই সংবিধানে যেসমস্ত ধারা আছে, এই নির্দেশকারী ধারাগুলি তাঁরা মেনে চলবেন। বিশেষ করে এই সংবিধানের মধ্যে ৩৮, ৪১ ও ৪৩ ধারার কথা আমি সরকারকে জানিয়ে দিতে চাই। আশা করি তাঁরা সেগুলি সম্পূর্ণ ভুলে যান নি। তার মধ্যে যদি দেখেন সভাপতি মহাশয়, তাহলে দেখতে পাবেন আমাদের এখানে গণতান্ত্রিক প্রতিষ্ঠানের তরফ থেকে আমাদের অগ্রগতির জন্য, সমাজতন্ত্রের দিকে অগ্রসর হবার জন্য, কতকগুলি বিশেষ নির্দেশ এই সংবিধানে দেওয়া আছে। যেমন দেওয়া আছে সকলের জীবিকার্জনের ব্যবস্থা করতে হবে; আর আছে, যাতে জনসাধারণের ক্ষতি করে কোন পুঁজিপতি বা কেউ বেশী করে টাকা রোজগার করবে, তা বাধা দিতে হবে, সে কথা সংবিধানে আছে। আর আছে সকলের চাকরীর অধিকার, বেকারসমস্যা যাতে দূর হতে পারে তার ব্যবস্থা করা। যারা সত্যি বেকার তাদের সাহায্যদান, যারা অসুস্থ, যাদের বয়স হয়ে গেছে, তাদের সাহায্য দান ও চিকিৎসার ব্যবস্থা করা। এইসব কথা আমাদের সংবিধানে আছে।

[10—10-10 a.m.]

আপনি জানেন, সভাপতি মহাশয়, সংবিধানের এইসব ধারাগুলি আইন আদালতের দ্বারা জোর করে আদায় করতে পারা যায় না। কিন্তু এই ধারাগুলির উপর ভিত্তি করে আমাদের প্রাদেশিক সরকারগুলি এবং কেন্দ্রীয় সরকার চলছে এবং যে বিষয় আমাদের বার বার বলে এসেছেন এবং লোকেও বিশ্বাস করছে যে সংবিধানের ধারা অনুযায়ী আমরা চলছি। কিন্তু যদি আমরা প্রদেশের দিকে তাকাই তাহলে দেখবো এই সংবিধানের বড় বড় কথা, নেতৃবর্গের বড় বড় কথা, মন্ত্রীদের বড় বড় কথা, যা আমাদের সামনে বলে গিয়েছেন এ সমস্তই ভুল। আজকে যদি আপনি বাজেটের আয় ব্যয়ের দিকে লক্ষ্য করেন তাহলে একটা জিনিস দেখবেন, সভাপতি মহাশয়, সেটা হচ্ছে আমাদের স্টেট ট্যাক্স রেভেনিউ। আমাদের জনসাধারণের উপর থেকে যে কর ও শুল্ক

আমাদের সরকার আদায় করছেন—জনসাধারণের কাছ থেকে, শ্রমিকের কাছ থেকে, সাধারণ মধ্যবিত্ত, কৃষকের কাছ থেকে তা ১৯৫৭ সালে ছিল ৩৩ কোটি ৪৪ লক্ষ ৩৮ হাজার টাকা। আজকে ১৯৫৮-৫৯ সালে সেটা হচ্ছে ৩৩,৯১,৭৯,০০০ টাকা। তেমনি কেন্দ্রীয় সরকারের যে কর আদায় হচ্ছে—অন্তঃশুল্ক, তার বখড়া এরা পাচ্ছেন সেটা দেখছি ১৯৫৫-৫৬ সালে ছিল ১,৮০,৫৫,০০০ টাকা। আর আজকে সেটা এসে দাঁড়িয়েছে ১৫,৬৭,০৪,০০০ টাকা—প্রায় দ্বিগুণ হয়েছে। কি করে এই কর আদায় করেছেন?

additional excise duty, Sale-tax,

অতিরিক্ত অন্তঃশুল্ক, বিক্রয় কর ও অন্যান্য করের মারফত জনসাধারণের কাছ থেকে এই টাকা আদায় করেছেন। সংবিধানে বলেছে সে শুল্ক যেটা হবে সেটা দিয়ে সাধারণের সুবিধার জন্য করতে হবে। কিন্তু দেখুন কি অবস্থা আমাদের মন্ত্রীমহাশয়রা করেছেন। আপনি জানেন অন্তঃশুল্কর ব্যাপারে এ্যাডিশনাল এক্সসাইজ ডিউটি হল দেখতে পাচ্ছি। এখানে মন্ত্রীমহাশয়রা আমাদের বলছেন, সরকার বলছেন যে কাপড়ের উপর সেলস ট্যাক্স যেটা ছিল সেটা উঠে গিয়েছে। আমাদের সুতি কাপড়ের উপর সেলস ট্যাক্স উঠে গিয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে, আপনি দোকানে গিয়ে বেশী টাকা দিয়ে অর্ডার দিয়ে কাপড় কেনেন যেমন ভালো একটা পাঞ্জাবী বানিয়ে দাও, কি একটা কোট বানিয়ে দাও তাহলে এই সেলস ট্যাক্স দিতে হয় না। কারণ একবার কেন্দ্রে ট্যাক্স দিলেই আপনার কাজ হয়ে যাবে। কিন্তু আপনাকে যদি রেডিমেড গারমেন্ট অর্থাৎ তৈরী কাপড় কিনতে হয় তাহলে কেন্দ্রকে শুল্ক দিতে হবে ও এখানকার শুল্কও দিতে হবে। আপনি জানেন, সভাপতি মহাশয়, সাধারণ লোক যারা কাপড় জামা কেনে তারা মহম্মদ আলী বা র‍্যানকিন্সে যায় না, দোকানে যেমন তৈরী পায় সেই তৈরী কাপড়ই তারা কেনে, তাদের উপর দুইবার করে কর চাপাচ্ছেন। গত সেসনএ, আমি জানি, মুখ্যমন্ত্রী মহাশয় বিধানসভায় বলেছিলেন একই বিষয়ে দুই রকমভাবে ট্যাক্স তাঁরা আদায় করবেন না। সংবিধানেও বলা হয়েছে যে এটা করা উচিৎ নয়। কিন্তু মন্ত্রীদের এই সমস্ত বিচার করার সময় কোথায়। তারা বড় বড় পরিকল্পনা, অলীক পরিকল্পনা ভাবছেন, জনসাধারণের সম্বন্ধে ভাববার কোন সময় তাদের নেই। তারপর আপনি দেখবেন যে এই কাপড় যদি কেউ কিনতে যায় তাহলে আজকে তাকে কত বেশী ট্যাক্স দিতে হচ্ছে। আগে ছয় টাকায় যে কাপড়টা কিনতে যেতেন তাহলে শুল্কসমেত ছয় টাকা চার আনা দিতে হতো। আজকে দিতে হচ্ছে ছয় টাকা এগার আনা এক পয়সা এটা অতি সূক্ষ্ম কাপড়ের উপর, অর্থাৎ শতকরা ১৪০ ভাগ দাম বেড়ে গিয়েছে ট্যাক্সএর জন্য। সেটা আগে ৫ টাকা তিন আনা এক পয়সা দিতে হতো আজকে দিতে হচ্ছে পাঁচ টাকা আট আনা এক পয়সা, তার মানে শতকরা ১১০ ভাগ দাম বেড়ে গিয়েছে। মিডিয়াম কাপড় যেটা আগে ট্যাক্স দিতে হতো সাড়ে পাঁচ আনা, আজকে দিতে হচ্ছে ১৩ আনা। অর্থাৎ বেড়ে গিয়েছে শতকরা ১০০ গুণ। আর মোটা কাপড় বেড়ে গিয়েছে ১৯৫ ভাগ। এই যে করেছেন এই শুল্ক বেড়েছে কেবল জনসাধারণের উপর। কিন্তু এই রকমভাবে কোন জিনিসের উপর কর আদায় করা উচিত নয় যেটা ডাবল ট্যাক্সেশন হচ্ছে। মুখে বলছেন এক জিনিসের উপর দুই রকম কর ধার্য করা হবে না অথচ ট্যাক্সএর মধ্যে বিভেদ করছেন। যারা অবস্থাপন্ন, ভাল কাপড় তৈরী করতে পারে তাদের কর দিতে হচ্ছে না।

যারা সাধারণ লোক মধ্যবিত্ত যারা বাধ্য হয়ে সুতার কাপড় কেনে তার উপর জোর করে ট্যাক্স ধার্য হয়েছে, আরও সুন্দরভাবে ট্যাক্স আদায় করছেন। আপনি শুনলে অবাক হবেন, সভাপতি মহাশয়, সাধারণ লোক ১০০ টাকায় চার টাকা এগার আনা সেলস ট্যাক্স আগে দিত। এখন নয়া পয়সার দৌলতে ট্রামে বাসে ও বেশী দিতে হচ্ছে সেটা আপনারা সর্বত্র জানেন—এই চার টাকা এগার আনার জায়গায় নয়া পয়সার জন্য দিতে হয় পাঁচ টাকা। পাঁচ আনা বেশী করে তারা আদায় করছেন। সবচেয়ে অদ্ভুত ব্যাপার এখান থেকে কোন রেমিশন পাওয়া যায় না। রেজিস্ট্রি খাতায় যাদের নাম লেখা আছে, তারাই কেবল ফেরত পান। আবার তাদের ফেরত দেবার বেলায় চার টাকা এগার আনা হিসাবেই পাবে, পাঁচ টাকা হিসাবে নয়। ফেরত দেবার বেলায় সেই পুরানো হিসাবে অর্থাৎ এভাবে সরকার একশত টাকায় পাঁচ আনা করে পয়সা নিজে পকেটস্থ করছেন। কোন আইনের বালাই নাই, কোন নীতির বালাই নাই কোন ন্যায়ের বালাই নাই। তারা নিশ্চিন্ত মনে চালিয়ে যাচ্ছেন, এটা বারে বারে সরকারের কাছে তুলে ধরা হয়েছে

মেমোরেন্ডাম দেওয়া হয়েছে, কিছুই করছেন না। আজকে কিরকমভাবে খরচ বেড়ে যাচ্ছে। এই যে টাকা তুলছেন এতে আমরা আশা করেছিলাম দেশের সুবিধা হবে, জনসাধারণের সুবিধা হবে। এই যে টাকা খরচ করছেন এর একটি ফালি বিশেষ দেখাবো।

Direct demand on revenue

সেটা ছিল ১৯৫৫-৫৬ সালে ৪ কোটি ২৪ লক্ষ ৪৩ হাজার। সেটা হয়ে গেছে ৬ কোটি ৩৮ লক্ষ ৮৫ হাজার। এই যে দ্বিগুণ খরচ বেড়ে যাচ্ছে তাতে কি বেকার সমস্যার সমাধান হয়েছে? আমাদের খাদ্য সংকট দূর হয়েছে? আমাদের শিক্ষার দূরবস্থা কি দূরীভূত হয়েছে? তারা বলেন যে তারা একটা এম্পলয়মেন্ট এক্সচেঞ্জ করেছেন, নামটা হাস্যকর এটাকে বরং স্টাটিস্টিকস ফর সাম আনএম্পলয়মেন্ট এই নাম করা উচিত ছিল। এ যদি করতেন, বুঝতাম, যাদের কর্ম নাই, তাদের হিসাব রাখবার জন্য টাকা খরচ করছেন, তবে আমরা খুসী হতাম। এই যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ—কর্মনিয়োগ কেন্দ্র এটা পুলিশের ওয়ান ওয়ে ট্রাফিকএর মত একদিকে যেতে পারবেন তেমনি। আমাদের জনসাধারণ যাদের চাকুরিবাকুরি নেই রোদে পুড়ে জলে ভিজে দিনের পর দিন দাঁড়িয়ে থেকে কোন রকমে খাতায় নাম তুলে দিয়ে আসে তারপর আর কোন দরজা নাই এমপ্লয়মেন্টএর কোন কথা নাই। এখানেই শেষ। বলতে পারেন পরিসংখ্যানের জন্য। চারিদিকে যে আমাদের বেকারী বাড়ছে কিছুটা তার এ দ্বারা বুঝতে পারছেন এবং কিছু সংখ্যক বেকারকে ভুল বুঝাচ্ছেন যাতে তারা খাতায় তাদের নাম লিখিয়ে আসছে। আমরা দেখেছি শ্রীসিদ্ধার্থশংকর রায় যখন মন্ত্রীত্ব ছাড়লেন তখন এইসব কথা বলেছিলেন। তখন আমরা দেখেছিলাম কাগজে, মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে তিনি দেখবেন যাতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ—কর্মনিয়োগ কেন্দ্রের ভিতর দিয়ে সকলে চাকুরি পায়। কিন্তু যারা পুঁজিপতি যাদের হাতে টাকা আছে, যারা চাকুরি দেবে তারা তো মুখ্যমন্ত্রীর কথা শুনতে বাজী নয়। কেনই বা তারা শুনবে? তারা নিজেদের টাকায় ও চেষ্টায় বড় বড় প্রতিষ্ঠান গড়ে তুলেছে, আর যেখানে মন্ত্রীমণ্ডলী আত্মীয়স্বজন পোষণ করছেন আত্মীয় বন্ধুদের নামে ও বেনামে টাকা যোগাচ্ছেন সেখানে বড় বড় পুঁজিপতিদেরই বা কি দোষ? তারা বলবেন কর্মনিয়োগ কেন্দ্র থেকে আমরা একটা লোকও নেব না, মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কী? তিনি তো পুঁজিপতিদের ডেকে পাঠিয়েছিলেন, একটা সভা হল, আমরা ভাবলাম হয়ত এ বিষয়ে কোন একটা আলোচনা করবেন, লোক চাকুরিবাকুরি পাবে কিন্তু তা হয় নি। কেন তিনি ওদের ডেকে পাঠিয়েছিলেন? এই যে জনসভা হয় খাদ্যের দাবীতে, বেকার সমস্যা সমাধানের দাবীতে তাতে তার মনটা খারাপ হয়ে গেছল, বার বার কলকাতা শহরের লোক চারিদিকের এত লোকের দাবীতে মাঝে মাঝে তার বাদশাহী তন্দ্রা ছুটে গেছল—তাই তিনি ডেকে পাঠিয়েছিলেন—পুঁজিপতিদের, বেকার সমস্যা সমাধানের জন্য।

[10-10—10-20 a.m.]

খাদ্য বেশী যোগাড় করবার জন্য খাদ্য সস্তা করবার জন্য ; কিন্তু তা নয়, ওঁদের বললেন—এই যে সভাসমিতি শোভাযাত্রা হচ্ছে, এই যে বুভুক্ষু নরনারী চিৎকার করে রাস্তায় ঘুরে বেড়াচ্ছে এইসব এখানে যত খবরের কাগজ রয়েছে তাতে যাতে না ছাপে তার জন্য আপনারা তাদের বলে দিন এগুলি যদি তোমরা তোমাদের পত্রিকায় বার কর তাহলে তোমাদের আমরা বিজ্ঞাপন দেব না। জনসাধারণের সত্যিকারের দাবী ও দুর্দশার কথা যাতে জনসাধারণ জানতে না পারে এই হচ্ছে তাঁদের নীতি। আমি জানি মুখ্যমন্ত্রী দেশের বিখ্যাত চিকিৎসক, আর একজন চিকিৎসক মন্ত্রীমণ্ডলীর মধ্যে বসে আছেন, তারা একথা ভালোই জানেন যে যদি শরীরে রোগ হয় তাহলে ভালভাবে চিকিৎসা করতে হয় তাকে ভালো করে তোলবার জন্য, যার রোগ হয়েছে তার চিকিৎসা না করে তাকে যদি রাস্তায় ফেলে দেওয়া হয় তাহলে রোগের নিরাকরণ হয় না তাতে বরং রোগ আরো ছড়িয়ে পড়ে। তেমনি আমাদের জাতীয় জীবনে যে রোগ এসেছে যে দুঃখ এসেছে তাতে চোখ বন্ধ করে শীততাপ নিয়ন্ত্রিত এই কক্ষে বা রাইটার্স বিল্ডিংসএ বসে থাকলে সে রোগ দূর হবে না, সে দুঃখ দূর হবে না। একথা মুখ্যমন্ত্রী মহাশয় জানেন। কাজে কাজেই এই যে লোকের সব অভাব অভিযোগ দুঃখ কষ্ট রয়েছে সে সবের নিরাকরণের জন্য সরকার যে যথোচিত চেষ্টা করছেন না তাতে আমরা আশ্চর্য বোধ করি না, কেন না আমরা জানি এইটেই হচ্ছে তাঁদের নীতি।

আর একটা নীতি হচ্ছে কোন দিক দিয়েই তাঁরা জনসাধারণের সঙ্গে যোগ রাখতে চান না। কোন শ্রমিক সংস্থার সঙ্গে তাঁরা কথা বলতে চান না। যেসব সংস্থা ট্রেডয়ুনিয়ন এ্যাক্ট অনুসারে রেজিস্ট্রি করা হয় তারা মালিকদের সঙ্গে সব সময় শ্রমিকদের কাজকর্ম নিয়ে দাবী দাওয়া নিয়ে কথা বলতে পারে এ অধিকার তাদের আইনে দেওয়া হয়েছে। কিন্তু আমাদের এ রাজ্যে এ অধিকার তারা মানে না। আইনে থাকা সত্বেও মানে না। এইজন্য দেখি ট্রাম ওয়ে কোম্পানির ওয়ার্কাস ইউনিয়নএ ১০ হাজার কর্মীর মধ্যে ৯ হাজার সভ্য থাকা সত্বেও ট্রামওয়ে কোম্পানি বলছে—আমরা তোমাদের মানি না। মানবে কেন? আমাদের জাতীয় সরকার, কংগ্রেস সরকারই তাদের শিখিয়েছেন, তাঁরা তাঁদের নিজেদের কর্মচারীরা যাঁরা ট্রেড ইউনিয়ন করেছেন তাঁরা তদের মানছেন না। ট্রেডইউনিয়নের ন্যায্য দাবী আছে যেগুলি ছেড়ে দিয়ে যদি তাঁরা সরকারের কাছে যান তাঁহলেই তারা মানেন, অর্থাৎ ভিক্ষার ঝুলি নিয়ে ভিক্ষাপাত্র নিয়ে যদি কেউ যান, সেইরকম সজ্জন যদি হন তাহলে হয়ত কিছু পাবেন নৈলে কিছুই পাবেন না। ন্যায্য দাবী বলে কিছু নাই। আমার মনে আছে সভাপতি মহাশয়, বছর দেড়েক আগে চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের একটা সভায় আমি ছিলাম। সেখানে মুখ্যমন্ত্রী মহাশয়ও উপস্থিত ছিলেন সেখানে হাসপাতালের কর্মীরা একটা শ্রমিক সংস্থা করে তার ভিতর দিয়ে তাদের দাবী দাওয়া পেশ করেছিল। কিন্তু সেখানকার যিনি বড়কর্তা তিনি বললেন—ট্রেডইউনিয়ন রেজিস্ট্রি হোক বা না হোক আমি ওদের মানি না। ওদের সঙ্গে আমি কথা বলব না। এই কথা তিনি মুখ্যমন্ত্রীর সামনে বলেছেন। আমি তখন অত্যন্ত বাজে লোক, আমি বললাম আপনি মানুন বা না মানুন এদের আইনগত অধিকার আছে, আপনি না মানলেও যদি লেবার কমিশনার ডেকে থাকেন তবে আপনি যান বা না যান আইনগত যে অধিকার আছে তাতে, মানতেই হবে। ট্রেড ইউনিয়নের অধিকার মানা না মানায় আপনার হাত নাই। কিন্তু তাদের যা ন্যায্য দাবী সেটা তাঁরা পেশ করতে পারবেন। এইসব থেকেই বুঝতে পারেন কর্মচারীদের প্রতি তাঁদের মনোভাব। তাঁরা চান না, কর্মচারীরা তাদের কাছে গিয়ে কোন কথা বলে। কেবল এইরকম ঠাণ্ডা ঘরে বসে থাকা আর ঘুরে ঘুরে বেড়ানো ওঁদের ভাল লাগে। সরকারী কর্মচারী পশ্চিমবঙ্গে আছেন এক লক্ষ ষাট হাজার, তারমধ্যে শতকরা ৬৬ জন বেতন মাগ্গী ভাতা সব মিলিয়ে পান ১০০ টাকার কম। এই হচ্ছে ওদের নিজের নিজেদের অধীনস্থ যারা সরকারী কর্মচারী তাদের টোটাল এমলুমেন্টস অর্থাৎ সর্বসাকুল্যে মিলিয়ে অর্থাৎ তাঁরা পান ১০০ টাকারও কম। অনেক সময় বলা হয়ে থাকে একজন যদি রোজগার করে তবে তিন জনে খায়। এইটেই পরিসংখ্যান বিভাগ থেকে হিসেব করে বলা হয়েছে। কিন্তু আমরা জানি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে একজনের রোজগারে তিন জনের বেশী লোক খায়। বিশেষতঃ বাংলা বিভক্ত হবার পরে বাংলার যে অবস্থা দাঁড়িয়েছে তাতে একজনের রোজগারের উপর বহু লোক বসে খায়। সেইজন্য তাঁরা যে দাবী করেছেন—শতকরা ২৫ টাকা আমাদের মাইনে বাড়িয়ে দিন। এ দাবী সরকার পক্ষ শুনতে চান না। কর্মীদের তাঁরা নিজেদের কাছে আসতে বলেন, ঐ দাবী দিয়ে তোমরা এস এই কথা বলেন। সরকারী কর্মচারীদের যে সংখ্যা তার মধ্যে আবার শতকরা ৪৪ জন মাত্র স্থায়ী কর্মচারী বাকি হচ্ছে অস্থায়ী, একেইত তাঁরা অল্প মাইনে পান, তার মধ্যে আবার ১২-১৪ বৎসর ধরে কাজ চালিয়ে গেলেও মাত্র শতকরা ৪৪ জন স্থায়ী হতে পেরেছে। বাকি সব অস্থায়ী হয়েই আছেন। আমাদের মন্ত্রী মহাশয়রা ভাবেন তারা কাজ করতে পারে না, এবং কর্মচারীরা জানেন তাঁদের চাকরী আজ আছে তো কাল নেই। সরকার যাদের বলেন তথাকথিত ইনফেরিয়র স্টাফ তাদের মধ্যে শতকরা ২০ জন মাত্র স্থায়ী বাকি ৮০ জন অস্থায়ী। এই নিয়ে তাঁরা সংবিধানমতন কাজ চালাচ্ছেন, দেশের দুর্দশা দূর করছেন। যাঁরা নিজ কর্মচারীদের এইরকম অবহেলা অবজ্ঞা করেন তাঁরাই আবার আমাদের কাছে বলছেন—আমরা সংবিধান অনুযায়ী কাজ করছি। তারপর আমাদের এখানে মাত্র ২৩২ জন উচ্চপদস্থ কর্মচারী, সেই ২৩২ জন উচ্চপদস্থরা এক হাজার থেকে চার হাজার টাকা পর্যন্ত মাসে মাইনে পান। কই সরকার ত সেক্ষেত্রে মনে করেন না যে এত টাকার তোমাদের দরকার নাই ; কিন্তু ঐ ১ লক্ষ ৬০ হাজার কর্মচারী যাদের মাইনে এত কম যে তাঁরা অনেকেই ১০০ টাকাও পান না, তাঁরা কিছু চাইলেই বলেন—টাকা নাই। টাকা যদি নাই তাহলে হাজার থেকে ৪ হাজার টাকা ঐ ২৩২ জনকে দেওয়া হচ্ছে কেন? কি দরকার আছে ঐ ২৩২ জনের জন্য অতগুলি করে টাকা খরচের যেখানে হাজার হাজার লোক খেতে পাচ্ছে না এবং তাদের আবার কর্মের স্থায়ীত্বও নাই। অথচ দু জায়গায় দেখতে পাই সরকার অজস্র

টাকা ব্যয় করছেন। একটা হচ্ছে পুলিস আর একটা হচ্ছে পরিকল্পনা। পরিকল্পনার কথায় আমি পরে আসছি। পুলিসের কথা আগে বলে নি।

১৯৫৪-৫৫ সালে পুলিসের বাবদ খরচ হয়েছিল—৫ কোটি ৯৬ লক্ষ ২৫ হাজার, আর আজ সেখানে খরচ হচ্ছে ৭ কোটি ৮২ লক্ষ ৮২ হাজার। কি রকম সুন্দর এই পুলিস!—আপনারা জানেন যদি কোথাও খুন হয় বা কোন রকম গুরুতর হাঙ্গামা হয় তখন দেখা যায় তার ত্রিসীমানাতেও কোন পুলিস নাই। ইংরেজীতে যেমন কথা আছে রামধনু ঝড়ঝাপ্টা শেষ হয়ে গেলে আকাশে দেখা দেয়, এখানে পুলিসও ঠিক সেই রকম সবকিছু শেষ হয়ে গেলে পর গিয়ে উপস্থিত হয়। আপনারা সকলেই শুনেছেন হয়ত এই কিছু দিন আগে পুলিসের থানা থেকে মাত্র ১০০ গজ দূরে একটা পরীক্ষা কেন্দ্রে ছাত্রীদের মারধোর করে পরীক্ষার জায়গা থেকে বার করা হল সে জায়গায় জিনিসপত্র ভেঙ্গে চুরমার করা হল অথচ অত কাছে থেকেও পুলিস দু ঘণ্টার মধ্যে সেখানে আসতে পারেন নি। তারা খালি তৎপরতার সঙ্গে দিতে পারে কারো চাকরীর সম্বন্ধে রিপোর্ট। কেউ হয়ত চাকরী বেশ করে চলেছে পাঁচ বছর ধরে, হঠাৎ পুলিস চিঠি লিখে দিলে—এ লোকটা সুবিধের নয়, মন্ত্রীরা সেই পুলিসের কথা বিশ্বাস করে সে লোকটিকে ছাড়িয়ে দিলেন। আমি এইরকম ঘটনার দৃষ্টান্তস্বরূপ একটা নাম এখানে দিচ্ছি। শ্রীপ্রফুল্লকুমার বাগচি, এ লোকটি ৪ বছর ধরে ম্যালেরিয়া ইনস্পেক্টরের কাজ করবার পর পুলিস তার বিরুদ্ধে রিপোর্ট লিখে পাঠালে। যদিও স্থানীয় ম্যাজিস্ট্রেট লিখলেন—ঐ রিপোর্ট সর্বৈব মিথ্যা, কিন্তু মন্ত্রীমহাশয় পুলিস যা বললে সেইটেই ধ্রুব সত্য মেনে নিলেন। এটা দেখলেন না যে সেই পুলিসের কোন ব্যক্তিগত কারণ থাকতে পারে—হয়ত তাদের উভয়ের মধ্যে কোন ব্যক্তিগত বিবাদের হেতু থাকতে পারে যেমন পাশাপাশি জমি রয়েছে তা নিয়ে—কিম্বা মেয়ের সঙ্গে বিবাহ না হওয়ার দরুন এইরকম ব্যক্তিগত ব্যাপারের ফলে সে হয়ত রিপোর্ট দিয়েছে সেসব কিছুই তলিয়ে দেখলেন না, অথচ তার রিপোর্টকে ধ্রুবসত্য বলে মেনে নিলেন। পুলিসের আর একটা সুন্দর কাজ হচ্ছে পি ডি এ্যাক্ট নিয়ে। এ বিষয়ে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। গত বছর ইলেকশনের পরে সোফি মহম্মদ বলে মৌটিয়াবুরুজের একজন লোককে পি ডি এ্যাক্টএ ধরা হল। সে কংগ্রেসের বিরোধিতা করেছিল তার বিরুদ্ধে যে চার্জ সেটা আমি পড়ে শুনাচ্ছি। বাংলায় বললে একটু খারাপ শোনাবে—তাই ইংরেজীটাই বলছি—তার বিরুদ্ধে চার্জের মধ্যে একটা ছিল

insulting a lady while going to latrine.

[10-20—10-30 a.m.]

দ্বিতীয়তঃ বাড়ী ভাড়া চাইতে এসেছিল তিনি ভাড়া দেন নি। এক ভদ্রমহিলাকে শৌচগৃহে যাবার সময় তিনি নাকি অপমান করেছিলেন এবং বাড়ী ভাড়া দাবী করেছিলেন বলে তাঁকে আটক করে রাখা হল। ১৮ই জুন তাঁর স্ত্রী এসে হাইকোর্টে পিটিশন করলেন। আমাদের সংবিধানের ২২৬ ধারার দ্বারা আমরা সেটা করলাম। ১৮ই তারিখে হাইকোর্ট রুল ইস্যু করল। সেই রুল দিতে দুই-একদিন দেরী হওয়াতে ২০-২১ তারিখে সেই রুল সরকারের কাছে পেঁছাল। সরকার জানতে পারলেন যে তাঁদের বড় বিপদ হয়ে গেছে এবং এই নিয়ে হয়ত ঝামেলা হবে। হাইকোর্ট কর্তৃক ২১ তারিখে সেটা নাকচ করে দেওয়া হল দি অর্ডার ওয়াজ রিমুভড। তাঁদের হাইকোর্টে এসে দাঁড়াবার মত সাহস নেই। এইসব হচ্ছে পুলিস রিপোর্ট এইরকমভাবে তাঁদের যা ইচ্ছা তাই রিপোর্ট করেন। কারুর সঙ্গে ব্যক্তিগত শত্রুতা থাকলে তাঁদের দিয়ে তাঁরা এইরকম রিপোর্ট করান। আমাদের যিনি পুলিসমন্ত্রী তিনি এবিষয়ে খুব ওয়াকিফহাল। অর্থাৎ একটু খোঁজ করলেই তিনি দেখতে পারেন যে এইরকমভাবে হাজার হাজার নিরীহ লোককে পুলিস রিপোর্টের উপরে দূর করে দেওয়া হয়েছে। আর একটা কথা বলতে চাই যে আমাদের সংবিধানে আছে জাতিনির্বিশেষে, ধর্মনির্বিশেষে, মতবাদনির্বিশেষে সকলেরই আমরা সমানভাবে দেখব। কিন্তু কোন্ সংবিধান অনুসারে আমাদের সরকার চলছেন তা জানি না? অর্থাৎ কংগ্রেসের টুপি পরে সবসময় কংগ্রেসী কংগ্রেসী হরিনামের মন্ত্র জপ করে সংবিধানমত কাজ ক্লার্ক বা পিওনকে করতে হবে নইলে চাকরী চলে যাবে। কিম্বা কংগ্রেসের নাম সকাল সন্ধ্যে দুপুর ত্রিসন্ধ্যার মত গায়ত্রী জপ না করলে তখুনি তার চাকরী চলে যাবে। এই হল সংবিধান নিয়ে তাঁদের খেলা। অথচ আপনার কাছে গিয়ে এঁরাই সুষ্ঠুভাবে প্রতিজ্ঞা

করে আসেন যে আমরা সংবিধান মত চলব। আমি একজন প্রাক্তন বিধান সভার সভ্যের কথা বলব। তাঁর নাম শ্রীধরণীধর সরকার তাঁকে প্রিভেনটিভ ডিটেনশন এ্যাক্টএ আটক করা হয়েছে। তিনি ১৯৫৬ সালে কৃষ্ণপতাকা নিয়ে শোভাযাত্রা করে চলেছিলেন বলে তাঁকে আটক করা হয়েছে। তদানীন্তন মন্ত্রী শ্রীমতী রেণুকা রায় সেখানে বাংলা বিহার অন্তর্ভুক্ত করবার কথা বলতে গিয়েছিলেন বলে তাঁর বিরুদ্ধে কৃষ্ণপতাকা নিয়ে তিনি কতকগুলি লোককে সেখানে জড় করেছিলেন। আমে ভেবেছিলাম স্ত্রীলোকের মন একটু কোমল হয়, কিন্তু এঁর বেলায় দেখলাম তা নয়। অর্থাৎ দুবছর পরে শ্রীমতী রেণুকা রায় দিল্লী থেকে ফতোয়া দিলেন আর আমাদের মন্ত্রী মহাশয়রা তাকে তখুনি বিনা বিচারে আটক করেছিলেন। কিন্তু এইসবের যে কি কারণ তা বুঝতে পারি না। এই ভাবেই পুলিসের দ্বারা ওঁরা রাজত্ব চালাচ্ছেন। এখানে চুরি ডাকাতি যা হচ্ছে সে সম্বন্ধে পুলিস খুব ব্যস্ত নয়। হাওড়ার খবর অপনারা সবাই জানেন। পুলিস সম্বন্ধে আর একটা কথা শুনুন। গতবারে বিধানসভায় শ্রীঅম্বিকা চক্রবর্তী এবং জে বি সেন সম্পর্কে একজন কংগ্রেস সদস্য কতকগুলি কথা বলেছিলেন। তিনি বলেছিলেন যে এঁরা নাকি বাস্তুহারাদের টাকা চুরি করেছেন। শ্রীঅম্বিকা চক্রবর্তীকে ধরে ফেলা হয়েছে এবং যদি তিনি বাস্তুহারাদের টাকা নিয়ে ছিনিমিনি খেলে থাকেন তাহলে তাঁর নিশ্চয় সাজা হওয়া উচিত। এ বিষয়ে পুলিসের তৎপরতা সম্বন্ধে আমি খুব বাহবা দিচ্ছি। কিন্তু জে বি সেন মহাশয় কোথায় গেলেন? তাঁর নাম তো শ্রীঅম্বিকা চক্রবর্তীর সঙ্গে জড়িত দেখছি না। তিনি কি কোন মিনিস্টারের আত্মীয়, না কোন বড় সরকারী কর্মচারীর কেউ? বিরোধীপক্ষ থেকে জে বি সেন নাম বলা হয় নি, কংগ্রেস পক্ষ থেকেই এই নাম বলা হয়েছে। কিন্তু সেই জে বি সেনকে তো কোথাও দেখছি না। আর একটা কথা বলা দরকার বলে মনে করি। গোপালপুর কাটাগঞ্জ কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি বলে একটা প্রতিষ্ঠান আছে এবং এই প্রতিষ্ঠানের সঙ্গে শ্রীপ্রতাপচন্দ্র মিত্র জড়িত আছেন। এই ভদ্রলোককে আপনারা নিশ্চয় সকলে জানেন। এই প্রতিষ্ঠান সম্পর্কে বহু চিঠি সরকারের কাছে পাঠান হয়েছে, কিন্তু কোন পুলিস এনকয়ারি হয় নি। এখন দেখুন যে এরা কিভাবে পরিকল্পনায় টাকা নষ্ট করেন। এঁদের পরিকল্পনা হল সমুদ্রে মাছ ধরা হবে। সমুদ্রে মাছ আছে আমরা জানি এবং তা ধরতে পারলে কোলকাতার বাজারে আনাও যায়। কিন্তু সে মাছ ধরাও হয় নি এবং কোলকাতাতে তা আসে নি। অথচ এই এই খাতে কোটি কোটি টাকা খরচ হয়ে যাচ্ছে।

তারপর কল্যাণীতে বহু কোটি টাকা চলে গেছে। কল্যাণীতে বাড়ীঘর, রাস্তা হয়েছে, ইলেকট্রিক লাইট হয়েছে, জল হয়েছে, সবরকম ব্যবস্থা হয়েছে কিন্তু লোক নেই। হরিণঘাটায় পশু চিকিৎসালয়ও খোলা হয়েছে। ওঁরা আবার বলেন এটা না হয় অন্য কিছু কর। খরচ যখন করে ফেলেছি, পরিকল্পনা যখন আমাদের মাথায় ঢুকেছে তখন করতেই হবে। টাকা যা খরচ হয়েছে সবই কন্ট্রাকটরের পকেটে গেছে। উদ্বাস্তুদের জন্য গাঙ্গুলীবাগানে বাড়ী হোল, আমি চার বছর ধরে যাতায়াত করে দেখেছি যে সেখানে মানুষ নেই। এই কোলকাতায় গরমে জলাভাবে মানুষ রাস্তায় মরছে কিন্তু গাঙ্গুলীবাগানে কোন মানুষ নেই। প্রশ্ন করলে আবার মন্ত্রী মহাশয়েরা বলেন যে এটা কেন্দ্রীয় সরকারের তাদের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের চিঠি লেখালেখি চলছে। আমি ভাবছিলাম, সভাপতি মহাশয়, যে কেন্দ্রীয় সরকারের হাতে সব তুলে দিলেই ত হয়। সেচবিভাগ, অন্যান্য বিভাগ তাদের যদি এতই অসুবিধা হয়- ফরাক্কা ব্যারেজ যদি এতই অসুবিধা হয় তাহলে ওঁরা এখানে বসে কল্যাণী টল্যাণী নিয়ে থাকুন, আর সবগুলো কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দিলেইত চুকে যায়। আর একটা পরিকল্পনা হয়েছে এবার, সেটা আরো ভালো। সেটা হচ্ছে ধাপা। সল্ট লেক বাদ দিয়ে ধাপা। এই একটা নতুন পরিকল্পনা হচ্ছে। কত টাকা যে লোনা জলের ভেতর ঢুকবে তা আমরা জানি না এবং এগুলি কোথা থেকে হচ্ছে তা শুনলে আপনি অবাক হবেন। একটা বাড়ী আছে ১৩৫ নম্বর প্রিন্সেস স্ট্রীট। সেখানে অনেকগুলি প্রতিষ্ঠান আছে। একটা হচ্ছে ফ্লাসলাইট ইন্ডিয়া (প্রাইভেট) লিমিটেড -- তার ঠিকানা ১৩৫ নম্বর প্রিন্সেস স্ট্রীট এবং টেলিফোন নম্বর ২৪-১২৮১। হঠাৎ আমাদের সরকার ঠিক করলেন যে আমাদের গ্রামবাসীরা দুপুর বেলায় অনুরোধের আসরটা শুনতে পাচ্ছেন না, অতএব সেখানে কিছু রেডিও পাঠিয়ে দেওয়া হোক। গ্রামের লোকরা খেতে পায় না, সেখানে জল নেই, কাপড় নেই—তাদের রেডিও পাঠানো হোল এবং সেই রেডিওর অর্ডার দিলেন ফ্লাস-লাইট ইন্ডিয়া (প্রাইভেট) লিমিটেড ১৩৫ নম্বর প্রিন্সেস স্ট্রীট, এবং আপনি দেখবেন ১৫৯ পাতায়

টেলিফোন ডাইরেকটরীর সেখানে এই নামটা আছে। ১৩৫ পাতায় দেখবেন সেখানে ডেভেলপমেন্ট অব ইন্ডাস্ট্রী ইন্ডিয়া (প্রাইভেট) লিমিটেড সেই একই ঠিকানা ১৩৫ নম্বর প্রিন্সেপ স্ট্রীট, একই টেলিফোন নম্বর। আর একটা দেখবেন গ্লুকোনেট লিমিটেড, একই ঠিকানা। যাকে ইংরাজীতে বলে

the greatest common factor in all three organisations.

এখন আবার আর একটা নতুন প্রতিষ্ঠান সুরু হয়েছে তার নাম হল ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ হেলথ রিসর্ট সোসাইটি—এঁরা দীঘার উন্নয়ন করবেন। আপনি যদি দেখেন তাহলে দেখবেন যে এখানেও সেই প্রতাপ মিত্র এবং মন্ত্রীদের আশেপাশে যাঁরা ঘুরে বেড়ান তাঁদের নাম আছে। ওঁরা ইতিমধ্যে আড়াই লক্ষ টাকা পেয়ে গেছেন এবং আরো ১০ লক্ষ টাকা ওঁদের দেওয়া হবে—তাঁরা দীঘার উন্নয়ন করবেন। এইসব লোকদের নিয়ে এগুলি চালাবেন। অবশ্য আমরা বিরোধীপক্ষ একথা বলছি না যে আপনারা চুপ করে বসে থাকবেন কিন্তু আপনাদের কাছে বলছি যে আজকে দেশের এই যে দুরবস্থা এর জন্য যদি কেউ দায়ী হয়ে থাকেন তা হচ্ছেন এই সরকার। এইরকমভাবে আপনারা কতকগুলি অলীক পরিকল্পনা নিয়ে চলেছেন এবং কন্ট্রাক্টরদের পকেট ভর্তি করবার সুযোগ দিচ্ছেন। আমরা শুনেছি যুদ্ধের সময় কন্ট্রাক্টররা নাকি ঘরে শুয়ে বসে ফারপোর চা টেবিলে বসে এরোড্রাম বানিয়ে ফেলেছে কুমিল্লায়, ফলে সেখানে যে ধান ক্ষেত ছিল সেই ধানক্ষেত রয়েই গেছে। এইরকম সমুদ্রে মাছ ধরা প্রভৃতি পরিকল্পনা তাঁরা নিয়েছেন কিন্তু কোলকাতায় ৩শো ৪শো ৫শো ৬শো লোক কলেরায় মারা যাচ্ছে, জলাভাবে মারা যাচ্ছে তার জন্য তা কোন পরিকল্পনা দেখছি না। আমাদের মন্ত্রীরা সমুদ্রোপকূলে মাঝে মাঝে বাতাস খেতে যান কিন্তু আসল পরিকল্পনা কিছুই আমরা দেখছি না। আজকে এইভাবে যে অর্থের অপচয় হচ্ছে সেটা আমি, সভাপতি মহাশয়, আপনার চোখের সামনে তুলে ধরেছি। আজকে এই বাজেট যদি দেখেন তাহলে দেখবেন যে এর ভেতর সংবিধানের কোন ছবি নেই, সমাজতন্ত্রের কোন ছবি নেই, গণতন্ত্রের কোন ছবি নেই—আছে কেবল ভেতর ভেতর গুজগুজ ফুসফুস। জনসাধারণের টাকা নিয়ে জনসাধারণের সর্বনাশ করে নিজেদের এবং নিজেদের আত্মীয়স্বজনের পকেট ভর্তি করছেন।

[At this stage the blue light was lit.]

আমার বোধহয় টাইম হয়ে গেছে। আমি ঠিক জানি না কেন না আমি এখানে নতুন এসেছি। আমি আজকে এখানেই আমার বক্তৃতা শেষ করলাম।

[10-30—10-40 a.m.]

Mr. Chairman: Sj. Nagendra Kumar Bhattacharyya will now speak. You have been given 15 minutes, Mr. Bhattacharyya.

Sj. Nagendra Kumar Bhattacharyya: I cannot finish in 15 minutes. Give me half-an-hour's time.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Since there are no speakers on the other side my friend may be given some more time.

Mr. Chairman: Please make it as short as possible.

Sj. Nagendra Kumar Bhattacharyya: Mr. Chairman, Sir, the budget of the State of West Bengal for 1958 presents a very gloomy picture. The opening balance is a negative balance to the tune of 27 lakhs 57 thousand. This was not so in previous years. If we look to the opening balance in the year 1957-58 we find it was 5 crores 70 lakhs 71 thousand. If we look to the opening balance for the year 1956-57 we find it was 17 crores 6 lakhs 70 thousand. If we look to the opening balance for 1955-56 we find it was 9 crores 5 lakhs 84 thousand. If we look to the opening balance of 1954-55 we find it was 3 crores 66 lakhs 42 thousand.

Then, Mr. Chairman, Sir, if we look to the closing balance of the budget of 1958-59 we get a negative balance of 2 crores 3 lakhs 47 thousand. Sir, there was no such negative closing balance except in the year 1957-58, for if we turn to the closing balance for the year 1956-57 we find it was

5 crores 70 lakhs 71 thousand; if we turn to the closing balance of 1955-56 we find 17 crores 8 lakhs 28 thousand; if we turn to the closing balance of the year 1954-55 we find it was 9 crores 5 lakhs 84 thousand. Sir, it would not be quite correct to say that the closing balance is only a negative balance to the extent of 2 crores 3 lakhs 47 thousand. Five crores of rupees should be added to the closing balance for this sum is proposed to be raised by floating a loan in the open market at the rate of 4 per cent. The budget, in my humble submission, shows a state of things which is far from satisfactory. I know, Sir, that the budget will be balanced with a sum of 4 crores which will be available from the Centre. If we look to the matter from another standpoint we find that the interest payable on public and other debts payable by the State of West Bengal is increasing from year to year by leaps and bounds.

The interest payable for the year 1958-59 is 6,86,71,000. The interest payable for the year 1957-58 was 6,49,48,000. The interest for 1956-57 was 5,60,28,000. The interest in 1955-56 was 2,88,68,000. The interest payable in 1954-55 was 2,77,12,000. So we find that the interest payable by the State of West Bengal is increasing very rapidly. It has been said by the Hon'ble Finance Minister that the debts amount to Rs. 239 crores. It was also said by him in the Assembly that the sum of Rs. 76 crores was for DVC and the sum of Rs. 49 crores was for rehabilitation of displaced persons. He has also said that the Finance Commission recommended that the sum of Rs. 49 crores should not be a charge on the State of West Bengal. He stated in the Assembly that there is an interest depreciation fund for public debts. All these facts are true but the point is not there. The point is elsewhere and the point is whether the State of West Bengal can systematically incur debts in the open markets and from the Central Government so as to involve itself in debts over head and ears. If this practice is followed continuously the result is inevitable. The result would be that at any moment the financial structure of the State of West Bengal would collapse. I therefore request the State of West Bengal to cry a halt here and cut the coat according to the cloth at their disposal and do not and should not incur further debts and lead the State of West Bengal towards the door of bankruptcy.

Now, I come to the question of the burning problem of the country, namely, the problem of food and drinking water. Sir, I know that every Government in a civilised country should hang down their heads in shame if they are accused of not being able to supply drinking water specially in the country where the rays of the sun scorch the people for months together. This thing we find in the State of West Bengal.

Then coming to the food policy of the State of West Bengal, I must say that I do not know how many days the Food Advisory Committee of the State of West Bengal met, what were the deliberations of that committee, what decisions were taken by the committee and whether the decisions were acted upon by the State of West Bengal, but I do say that the food policy of the State of West Bengal has failed. Sir, I say this because we find that the State of West Bengal did not take any step whatsoever to prevent famine or to minimise its rigours. I would ask the State of West Bengal and the Finance Minister whether any steps were taken by them to reserve stocks of foodgrains in different parts of the country specially in deficit areas.

[10-40—10-50 a.m.]

I would ask the Hon'ble Food Minister to say whether any reserved stock was placed in the open market in order to arrest the rising prices of food crops anywhere. So far as I know nothing in this direction was done.

On the other hand, the capitalists and mill-owners were granted facilities for purchasing paddy from cordoned areas at a very minimum cost and making huge profit out of it making the deficit areas more deficit and to the detriment of the interest of the public. This is what was done by the State of West Bengal. Sir, the famine did not come upon this State as a matter of surprise. It was known to the Ministers that there would be famine, because excellent lands could not be sown for want of rains and for want of irrigation facilities and it could be ascertained then long before this day that there would be famine. But still, I submit, no effective steps were taken to minimise its rigour.

Then let us come to the question of test relief and gratuitous relief. So far as test relief is concerned, the work is, I should say, very badly managed. Workers are not given regular work and the wages which are given to them are not adequate. As an illustration, I would cite one instance. In previous years a worker used to get one rupee for cutting earth to the extent of 100 cubic feet. But this year, at least in the Berhampore subdivision of Murshidabad, it was proclaimed that a worker would get rupee one for cutting earth to the extent of 120 cubic feet. As soon as we came to know about it we protested and, of course, our protest was listened to and the rate has been made as before. This is how the work is being mismanaged there.

Then again with regard to gratuitous relief I should say that the benefit is derived by the relations, friends and admirers of the President of the Union Board and the benefit does not reach the persons for whom it is intended. It cannot be gainsaid that the State of West Bengal is passing through acute distress for the last three years. But the distress reached its peak this year and if we look to the budget for test relief and for gratuitous relief, what do we find? We find that the allotment for this year is lowest. On a reference to page 147 of the Explanatory Memorandum on the budget of the Government of West Bengal for the year 1958-59 we find that for gratuitous relief the allotment of this year is 65 lakhs 50 thousand; in the year 1957-58 the allotment was 1 crore 32 lakhs; in the year 1956-57 the allotment was 3 crores 77 lakhs 83 thousand; in the year 1955-56 the allotment was 1 crore 3 lakhs 41 thousand. So we find that at an hour when more allotment should have been made for gratuitous relief less amount has been provided for the purpose. Then again, if we turn to the allotment for the test relief the same picture is to be found there. The allotment for test relief is 1 crore 20 lakhs for the year 1958-59. In the previous year, viz. in the year 1957-58 the allotment was 1 crore 39 lakhs 6 thousand. So you find that the allotment for test relief work for the current year is far below the allotment which was made for the last year. It may be said, as it has often been said, that "We do not have enough money and so we could not provide more money". What I say is that suspend everything and save the people. Unless this is done the consequence would be a disastrous one.

Then Sir, let us come to the other question, viz. the question of separation of Judiciary from the executive. I admit I raised this question on the floor of the House more than once. When I was speaking on this subject in the last session the then Hon'ble Judicial Minister, Sj. Siddartha Sankar Roy, interrupted and said that he would effect separation of the Judiciary from the Executive by an Executive Order. I do not know whether he had time to pass the Executive Order. I do not know what the contents of that Executive Order are but I know for certain, being a lawyer myself and practising in those Courts, that nothing substantial, nothing tangible, has been done with a view to implementing the provisions of Article 50 of the Constitution. Sir, what has been done is only this that Magistrates who now try cases do not do other work. As I said before, I

repeat once more that this is nothing but a redistribution of work. This is not separation of Judiciary from the Executive and we all know that this cannot be done without amending the Criminal Procedure Code.

The matter attracted the attention of the lawyers and recently there was a conference in Calcutta under the presidency of Shri Debendra Nath Mukherjee, the President of West Bengal Lawyers' Association. The conference was inaugurated by no less a person than Shri Atul Chandra Gupta. In that conference it was emphasised that separation of Judiciary from the Executive should not be delayed any longer. I, therefore, beg to focus the attention of the State of West Bengal on this public demand—I should say that the demand is not only within this House but the demand is also being made outside to implement the provision of the Constitution.

[10-50—11 a.m.]

Unless this is done what would be its effect. The confidence of the people in the Administration of Justice would be shaken and the prestige of the State of West Bengal would be lowered.

Then, Sir, I come to the question of the budget under the head "Co-operation". Sir, the budget, in my humble submission, has given importance to matters which ought not to have been given prominence but has neglected matters which are of very urgent importance. The Prime Minister of India in his recent speech at the All India Co-operative Conference in April last laid emphasis on co-operative farming. As a matter of fact he has said "I do not doubt for a moment that co-operative farming is desirable in a very large number of cases: For the moment I do not say in every case because conditions differ." So he laid much emphasis on the matter and if we look to the history of China, there we find that the food problem was solved by the Chinese Government through the medium of co-operative farming societies. Statistics given by the body of delegation sent by the Government of India to China goes to show that there were only 19 co-operative farming societies in China in the year 1950.....

[At this stage the blue light was lit.]

Sir, give me 10 minutes' time.

Mr. Chairman: You have spoken for 20 minutes. There are so many speakers.

Sj. Nagendra Kumar Bhattacharyya: I have come to a close; give me 10 minutes.

In China, in 1950, there were only 19 co-operative farming societies and now the number of co-operative farming societies in China is more than a million. Sir, if we look to the budget what do we find? We find there has been made a provision of only Rs. 38,000 for giving subsidy to the co-operative farming societies. With that small amount only one co-operative bank can be made workable. Sir, you must have found that in today's "Statesman" a report has been published and the Government of India have laid special emphasis with regard to the same. The report reveals that there are only 1,600 co-operative farming societies in the whole of India and we are very sorry to find from the report that only 50 of them are in workable condition and are earning profit. Others are doing no work. So, in my humble submission the State of West Bengal should lay special emphasis and encourage the formation of co-operative farming societies, for through them and them only the food problem of West Bengal can be solved and through nothing else.

Sir, with regard to one other matter regarding co-operative movement the Prime Minister also said in the said conference that the All India Rural Credit Survey report was leading the country to a wrong direction. He deprecated the idea of putting an end to the small-sized co-operative societies and replacing them by large-sized societies. But if we turn to the budget of the State of West Bengal what do we find? We find that special emphasis has been laid on the formation of large-sized co-operative credit societies, for at page 180 we find that there has been an allotment of 6 lakhs 2 thousand for reorganisation of primary credit societies whereas, as I said before, there is only an allotment of Rs. 38,000 for subsidy for farming societies. I would therefore insist and I would submit most humbly that the State of West Bengal should revise its policy of co-operation in the light of the announcement made by the Hon'ble Prime Minister of India and revise the budget policy accordingly. Sir, I have almost finished. I would only mention about two matters before I resume my seat. The first thing is regarding the pitiable condition of the workers in the Malaria Control Department. I spoke about it on the last occasion and I said that unlike any other department they have work only for six months and for the other six months they remain without work. After I ventilated this grievance on their behalf on the floor of this House, well, some persons who actually took leading part in the matter had been retrenched. The secretary of the Association of the employees under the Malaria Control Department—the work begins on the 1st June and terminates on the 30th October—along with 40 other workers have been retrenched. I would have understood the position of Government if the posts were abolished, but what has been done to our utter surprise is that new persons who have absolutely no experience of the department were appointed in their place. Sir, is it justice? I would request the Hon'ble Minister in charge of the Health Department personally to investigate into the matter and do justice to these very poorly paid employees of Government. There may be one or two undesirable persons, but for ventilating their grievances they should not be retrenched. After all they rendered service to Government for a number of years and in these years of scarcity and famine their service should not be dispensed with and new men should not be appointed in their place.

There is another matter and this is as regards the six cordoning officers, 241 patrol leaders and 194 patrolmen who have been absorbed in the Police Department. They have been absorbed long time ago but they have not been made permanent. They are not being given training to enable them to discharge their duties efficiently. They are not allowed even to exercise their statutory duties which are imposed on the persons while holding those posts. It is high time that the Government should look into the matter and do justice to them without keeping them in the position of Trisanku. Sir, what I submit before you—I again repeat—is that the budget reveals an alarming state of things and so the West Bengal Government should not run into debts from year to year.

I hope the West Bengal Government would make such expenses which are within their means. What would have happened? If a grant of Rs. 4 crores would not have come and if the budget could not have been balanced, the budget would have shown a deficit at least to the tune of Rs. 2 crores 3 lakhs and 47 thousand, if not more.

With these words, Sir, I beg to submit that the budget is a picture not of prosperity but of something else.

[11—11-10 a.m.]

Sj. Annada Prosad Choudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে যে বাজেট সম্বন্ধে আলোচনা হচ্ছে সে এই বৎসরের বাকি দশ মাসের বাজেট। এর আগে একটা দু' মাসের অ্যাডভান্স গ্রান্ট মঞ্জুর করানো হয়েছিল। যদি সেই দু' মাসের জন্য যে গ্রান্ট মঞ্জুর করানো হয়েছিল তার মোটামুটি কতটা খরচ হয়েছে তার যদি ধারণা পাওয়া যেত, তা হ'লে এই দশ মাসের বাজেট সম্বন্ধে বক্তব্য আরও স্পষ্ট ক'রে ভাল ক'রে বলা যেতে পারত। এর আগেও শুনেছিলাম এবং স্পষ্ট ক'রে বলা হয়েছিল যে দেশে যদিও কংগ্রেসের ওয়েলফেয়ার স্টেট হওয়ার কথা, কিন্তু টাকার অভাবে যা দরকার তা করতে পারেন না। অনেক সময় শুনি, যা করা হয়েছে তা যথেষ্ট। এতে অনেক সময় আত্ম-সন্তুষ্টির কথা বলা হয় বটে—কিছু যে করা হয়েছে এ কথা কেউ অস্বীকার করতে পারেন না। কিন্তু বিচার করার কথা যে আমাদের হাতে আমাদের দেশবাসী যে টাকা তুলে দিয়েছে, তার দ্বারা যে কাজ করা উচিত তা আমরা সুষ্ঠুভাবে করতে পারছি কিনা। আমি আরও একবার বলেছি এবং এই উদাহরণই মনে আসে যে, আমাদের দেশের লোকে যদি শরবত তৈরি করবার জন্য আমাদের হাতে এক সের চিনি দেয়, তার মধ্যে এক সের চিনির কিছুটা জলে দিয়েও শরবত হয়, আবার এক সের চিনি জলে ফেলেও শরবত করা যায়। আমাদের বিবেচনা করতে হবে যে এক সের চিনি দিয়ে জলের মিষ্টতা যতখানি হওয়ার কথা ততখানি পাচ্ছি কিনা। আমি সেই দৃষ্টান্ত দিয়ে বাজেটকে আলোচনা করব এবং সেইভাবে মোটামুটি কয়েকটি ক্ষেত্রে আমার বক্তব্য আপনার কাছে উপস্থাপিত করতে চাই।

একদিক দিয়ে বাজেটএ যেমন খরচের কথা দেওয়া আছে, সেই রকম বাজেটএ আয়ের কথাও আছে। বিভিন্ন খাতে যা আয় হয় তার মধ্যে মোটামুটি কয়েকটি খাতে প্রচুর পরিমাণে আয় হয় এবং অবিভক্ত বাংলার সময় যা আয় হ'ত তা থেকে সেই সেই খাতে প্রায় দ্বিগুণ আয় আজকাল হয়।

প্রথমত, যেমন সেলস ট্যাক্স। সেলস ট্যাক্স বাবত ১৯৪৮-৪৯ সালে আমরা ৪ কোটি ৩২ লক্ষ টাকা পেয়েছি এবং সেই ট্যাক্সএর হার ক্রমশ বাড়তে বাড়তে আমরা গত বৎসরের আগের বৎসর—১৯৫৬-৫৭ সালে—৯ কোটি ৪৬ লক্ষ টাকা পেয়েছি। কিন্তু আমি আগেও বলেছি এবং আজও বলব, আমরা এই সেলস ট্যাক্স আদায় করবার ব্যবস্থা যদি আরও ভালভাবে চালাতে পারি, তা হ'লে এই আয়ের পরিমাণ অর্থাৎ ৯ কোটি ৪৬ লক্ষ টাকার দ্বিগুণ হ'তে পারে। কিন্তু আমি যে পথের নির্দেশ দিয়েছি সে পথের নির্দেশে কর্ণপাত করা হয় না। আমি আবার বলি এবং দ্বিরুক্তি হ'লেও বলব যে, কলিকাতা শহরে যে সেলস ট্যাক্স ইভেশন হয়, যে সেলস ট্যাক্স পাওয়া উচিত তা পাই না। তাই বলেছিলাম যে প্রধান প্রধান আড্ডা—যেমন কলিকাতার মিউনিসিপ্যাল মার্কেট, যেমন ক্যানিং স্ট্রীটএ মেটা বিল্ডিং, যেমন বড়বাজারের কাটরা—সেখানে বিশ্বস্ত লোক পাঠিয়ে ৫-৭ টাকার জিনিস যদি কেনা যায়, তা হ'লে বোঝা যাবে কে ক্যাশ মেমো দেয়, কে ক্যাশ মেমো দিয়ে হিসাব দেয় না এবং কে মেমো দিয়েও সেলস ট্যাক্স দেয় না। এদের যদি ফলো আপ করা যায় তা হ'লে সেলস ট্যাক্সএর পরিমাণ প্রায় দ্বিগুণ হ'তে পারে।

তা ছাড়া আর একটা আয়ের পথ আছে। সেটি হ'ল বেটিং ট্যাক্স। আমি জানি না কি অজ্ঞাত কারণে এই বেটিং ট্যাক্সএর আয় ক্রমশ ক্ষইছে। ১৯৪৮-৪৯ সালে বেটিং ট্যাক্স থেকে সরকার পেয়েছেন ৯৫ লক্ষ ৪৫ হাজার টাকা, ১৯৪৯-৫০ সালে পেয়েছেন ৯০ লক্ষ ৭৫ হাজার টাকা।

তারপর আগে ছিল ১৫ শতাংশ বেটিং অ্যান্ড টোটালাইজার ট্যাক্স। আমি বলেছিলাম এই ট্যাক্স বাড়াবার কথা—১৫-এর জায়গায় ২০ করবার কথা। তখন টার্ফ ক্লাবএর লোকেরা এসে আমার কাছে জানান—অর্থমন্ত্রী হিসাবে—যে না, এত টাকা ট্যাক্স বাড়ালে আমাদের লোকসন হবে। আমি তাঁদের বলেছিলাম—এক বৎসর ক'রে দেখুন; আপনাদের তো বহু সম্পত্তি আছে লিটল রাসেল স্ট্রীটএ। তাই তাঁদের বলেছিলাম—এক বৎসর দু' বৎসর ক'রে দেখুন, যদি দেখি লোকসান হচ্ছে তখন আমরা পুনরায় বিবেচনা করব। কিন্তু এক বৎসরও অপেক্ষা না ক'রে ভূতপূর্ব অর্থমন্ত্রী নলিনীরঞ্জন সরকার মহাশয় ২০ শতাংশ তো রাখেনই নি তার জায়গা থে

১৫ শতাংশ ছিল সেটা কমিয়ে ১২½ শতাংশ ক'রে দেন এবং তা ক'রে দেবার পরে সেই ৯০ লক্ষ টাকা আয় ক'মে ৬১ লক্ষ টাকা হয়ে গেল। তারপরে স্বর্গত নলিনীরঞ্জনবাবু নিজের বাজেট স্পীচএ ১৯৫০-৫১ সালে বললেন—সোর্সেস অব আদার ট্যাক্স থেকে উনি বলেন—

"The total revenue receipts have improved from 33 crores 90 lakhs to 34 crores 68 lakhs from other taxes"..... "There is an improvement of 1 crore 17 lakhs under three principal heads of revenue, viz., 75 lakhs under sales tax, 15 lakhs under Motor Spirit Sales Tax, and 27 lakhs under stamps. The other heads under which there has been appreciable rise are education..... The increases are partly offset by a decrease of 15 lakhs under Betting Tax the rate of which has recently been reduced to counteract illegal gambling."

তিনি বলেছিলেন ১৫ লাখ। আমি বাজেটএর এই বইতে দেখতে পাচ্ছি ১৯৪৮-৪৯ সালে ৯৫ লক্ষ ৪৫ হাজার, ১৯৫০-৫১ সালে ৬১ লক্ষ ৬০ হাজার টাকায় দাঁড়ায়। অর্থাৎ প্রায় ৩০ লক্ষ টাকা আয় কম হয়। একমাত্র বেটিং ট্যাক্সএর আয় এত কম হয়। তারপর শুধু যে সেই বৎসর কম হ'ল তা নয়, তারপরে ১৯৫১-৫২ সালে এবং ১৯৫২-৫৩ সালে এবং তারপরে ১৯৫৬-৫৭ সালে ৬৪ লক্ষ, ৬২ লক্ষ এবং গত বৎসরের আগের বৎসর ৬০ লক্ষে দাঁড়ায়। আমি একাধিক বার বলেছি, অন্তত ইল্লিগ্যাল গ্যাম্বলিং কমিয়েও আমরা বাঁচাতে পারি ৩০ লক্ষ টাকা—যদিও নলিনীবাবু বাজেট স্পীচএ বলেছেন ১৫ লক্ষ টাকা। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ৩০ লক্ষ টাকা বৎসরে এই খাতে আয় ক'মে গেছে। এদিক থেকে যদি আমরা এক বৎসর দু' বৎসর পরীক্ষামূলকভাবেও এই ট্যাক্সএর হার বাড়াই, তা হ'লে আয় বাড়ে কিনা তা দেখতে পারি। সেই পথে আমরা অগ্রসর হই না।

তা ছাড়া মোটর ভিহিকল্‌স্‌ ট্যাক্স এবং অ্যামিউজমেন্ট ট্যাক্স। মোটর ভিহিকল্‌স্‌ ট্যাক্সএ আমরা বহু টাকা পাই। ১৯৫৬-৫৭ সালে আমরা অ্যামিউজমেন্ট ট্যাক্সএ পেয়েছি ১ কোটি ২৯ লক্ষ টাকা আর মোটর ভিহিকল্‌স্‌ ট্যাক্সএ পেয়েছি ১ কোটি ৩৬ লক্ষ ৬৪ হাজার টাকা। এগুলি ক্রমশ বাড়ছে। ১৯৪৮-৪৯ সালে যেখানে অ্যামিউজমেন্ট ট্যাক্স ছিল ৬১ লক্ষ সেখানে ১ কোটি ২৯ লক্ষ—অর্থাৎ ডবলেরও বেশি। আর ঐ ১৯৪৮-৪৯-এ মাত্র ৪৪ লক্ষ টাকা মোটর ভিহিকল্‌স্‌ ট্যাক্সএ ছিল, তা এখন হয়েছে ১ কোটি ৩৬ লক্ষ—অর্থাৎ তিনগুণেরও বেশি। কিন্তু আমরা শুনি যে সরকার বিকেন্দ্রীকরণে বিশ্বাস করে। আমরা চাই লোকাল বডিজ ক্রমেই এগিয়ে আসুক, নিজেদের স্থান অধিকার করুক এবং জাতিগঠনে তাদের যা করবার সেই কাজ সুষ্ঠুভাবে করুক। কিন্তু এই যে মোটর ভিহিকল্‌স্‌ ট্যাক্স ও অ্যামিউজমেন্ট ট্যাক্স—এই টাকার অংশ লোকাল বডিজদের দেওয়া হউক যাতে স্বাধীনভাবে তারা তাদের কাজ করতে পারে। কিন্তু আমরা তা দিই না।

[11-10—11-20 a.m.]

আমরা সেই টাকার সবটাই স্টেট গভর্নমেন্টএর হাতে দিচ্ছি। এর ফলে লোকাল বডিজরা কাজ করবার জন্য স্টেট গভর্নমেন্টএর কাছে এসে হাত পাতে এবং তাঁদের দয়া হ'লে কাউকে দেন, কাউকে বা দেন না বা দু' বছর পরে দেন। আমি এক মিউনিসিপ্যালিটির অধিবাসী। মোটর ভিহিকল্‌স্‌ ট্যাক্সএর টাকাটা ওঁরা ঠিক করলেন যে তিন বছর পরে তাদের দেওয়া হবে। কিন্তু তিন বছর পরেও আমাদের মিউনিসিপ্যালিটিকে টাকা দেওয়া হ'ল না। আমি মুর্শেদ সাহবেকে চিঠি দিয়ে পাঠালে তিনি আমাকে লিখলেন যে, আই অ্যাম ডাইরেকটেড টু রিপ্লাই যে এই টাকা এই বছরে দেওয়া হবে না, এক বৎসর পরে দেওয়া হবে। আমাদের এখানে পঞ্চায়েত হচ্ছে। আমি আগে বলেছি যে সৌরাষ্ট্রে যে পঞ্চায়েত হয়েছে তাতে সেখানে জমির খাজনা আদায় করবার ভার গভর্নমেন্ট তাদের দিয়েছে। এতে আদায় বেশি হয় এবং তার একটা অংশ সেই পঞ্চায়েতের খরচ চালাবার জন্য দেওয়া হয় যাতে তারা স্বাধীনভাবে গ্রামগঠনের কাজ করতে পারে। আর আমাদের এখানকার পঞ্চায়েতকে কোন কাজ করবার জন্য এগুতে গেলেই গভর্নমেন্টএর কাছে টাকা চাইতে আসতে হবে। অতএব এতে আর কিছু হোক না হোক, জনসাধারণের সহানুভূতি পাওয়া যাবে না।

তারপর খাদ্যসমস্যা যে আজ খুব জটিল আকার ধারণ করেছে তা সকলেই স্বীকার করেন। খাদ্য উৎপাদনের জন্য সরকার যে চেষ্টা করছেন এটা সকলেই জানেন। কিন্তু খাদ্য উৎপাদন

করবার জন্য ভাল সীড, সার, যন্ত্র, জল ইত্যাদি যথাসময়ে পেলে কৃষকরা বলে যে তা হ'লে আমরা ভাল ফসল ফলাতে পারি। কিন্তু তারা তা পায় না। আমাদের কৃষিমন্ত্রী মহাশয় এখানে নেই, এ বিষয়ে যে কে উত্তর দেবেন জানি না। ডীপ টিউবওয়েল করার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট আড়াই লক্ষ টাকা দিয়েছেন। সেই টিউবওয়েল থেকে কৃষির জমিতে জল পাওয়া যায় না। ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট হাবড়ায় এমন জায়গায় সেই সমস্ত টিউবওয়েল বসিয়েছেন যে সেই জায়গার থেকে কৃষির জমি উঁচু। তাতে জল দিলে কৃষির জমিতে জল যায় না। ১৬-২০টা টিউবওয়েলের ফল কি হয়েছে, কত বিঘা জমিতে জল পেয়েছে তা বলতে না পারার ফলে সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছে আর টাকা চাওয়া, আর বেশি টিউবওয়েল বসাবার পথ বন্ধ হবে। আমাকে অনেক উচ্চপদস্থ সরকারী কর্মচারীরা বলেছেন যে, ডীপ টিউবওয়েল করলে বিশেষ কিছুই হবে না। সেখানে এক্সপ্লোর করতে হবে কত জল পাওয়া যাবে, না পাওয়া যাবে। শুনেছি যে গড়বেতা নদীর ধারে অটো-টিউবওয়েল করা হয়েছে। সেখানে ৩০০ ফুট পর্যন্ত নিচে বোর ক'রে দিলে সেখানে পেরেনিয়াল স্ট্রীম থেকে জল বেরোয়। এখন তা যদি বেরোয় তা হ'লে এই রকম টিউবওয়েল সেইসব জায়গায় খুব বেশিসংখ্যক করতে পারেন নি। আমরা বড় বড় দামোদর ভ্যালী ময়ূরাক্ষী করছি এবং হিসাব ক'রে দেখছি যে তাতে প্রায় সাড়ে পাঁচ লক্ষ একর জমি জল পেতে পারে। কিন্তু দেশে এর বহু গুণ পরিমাণ জমি আছে। এখন এই জল যদি দেওয়া হয় তা হ'লে বাংলাদেশে আরও সমস্যা আছে। কোন মজুরকে, চাষীকে যদি কাজে উৎসাহ দিতে হয় তা হ'লে তাকে ন্যায়সঙ্গত মজুরি দিতে হবে, কিন্তু তারা সেই মজুরি পায় কি না পায় তার জন্য আমরা মাথা ঘামাই না। কোলকাতা বা তার আশেপাশে শিল্পাঞ্চলের লোকেরা যখন গলায় গামছা দেয় তখনই আমরা প্রকৃত মজুরি দিই। তেমনি গ্রামের কৃষকরা যখন ওদের গলায় গামছা দেবে তখনই আমরা তাদের মজুরি বাড়াব। বর্তমানে তারা সেই ইকনমিক ওয়েজেস পাচ্ছে না ব'লে তাদের চাষ করবার ইন্টারেস্ট নেই। আমি এ সম্বন্ধে একজন বড় কর্মচারীকে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেছিলেন—আপনি কি বলছেন? যদি কৃষকের মজুরি বাড়িয়ে দেওয়া হয় ঐরকম ইকনমিক লেভ্‌লসএ, তা হ'লে কত কোটি টাকা লাগবে বলুন তো? আমি বলাম যে আপনারা কত কোটি টাকা দিয়ে বিদেশ থেকে খাবার আমদানি করছেন? বার্মা থেকে কি দরে চাল কেনেন, আমেরিকা কি দরের চাল খয়রাতী দেয় আপনাদের? তারা তো চিরকাল আপনাদের খয়রাতী দেবে না। এইজন্য তারা এখানে উৎপাদন বেশি করছে না এবং উৎপাদন বেশি না হওয়ার ফলে ক্রাইসিস দেখা দিচ্ছে এবং সেই ক্রাইসিস থেকে উদ্ধার পাবার জন্য বিদেশ থেকে অনেক বেশি দামে খাদ্যশস্য আমদানি করতে হচ্ছে।

তারপরে বেকার সমস্যার কথা। বেকার সমস্যা আমাদের দেশে যে একটা জটিল সমস্যা, এটা কেউ অস্বীকার করে না। আমি এ সম্বন্ধে বিস্তৃতভাবে আলোচনা করতে চাই না। আমি কেবল সরকারের দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের প্রতি। বেঙ্গল কেমিক্যালএর কথা, স্যার, আপনি শুনেছেন—খবরের কাগজেও বেরিয়েছে। সাত-আটটা অ্যাডজোর্নমেন্ট মোশন বেঙ্গল কেমিক্যালএর কাজ বন্ধ সম্বন্ধে দেওয়া হয়েছিল। বেঙ্গল কেমিক্যাল আমাদের একটা জাতীয় প্রতিষ্ঠান। বেঙ্গল কেমিক্যাল এমন বেসিক কেমিক্যাল তৈরি করে যা অন্য কোন প্রতিষ্ঠান তৈরি করে না। তারা সালফিউরিক অ্যাসিড তৈরি করে এবং সেই সালফিউরিক অ্যাসিড দ্বারা হাইড্রোক্লোরিক ও নাইট্রিক অ্যাসিড তৈরি হয়, কিন্তু আজ সেই জিনিস করা বন্ধ হয়ে গেছে। অন্যান্য ছোট ছোট কারখানায় যে অল্প পরিমাণ তৈরি হয় সেই সালফিউরিক অ্যাসিড ১৭৫ টাকার জায়গায় সাত-আট শত টাকায় উঠেছে—তাও আবার পাওয়া যায় না। এই সালফিউরিক অ্যাসিড দ্বারা আমাদের অত্যন্ত প্রয়োজনীয় জিনিস অ্যালাম (ফটকিরি) তৈরি হয়। সেই ফটকিরি বাজারে যা দরকার তা পাওয়া যাচ্ছে না। বাজারে ফটকিরি যদি না পাওয়া যায় তা হ'লে আর একমাস কাটলেই জুলাই মাস। জুলাই মাস থেকে জল ঘোলা হবে, গঙ্গার জল আসবে, তখন পলতা ওয়াটার ওয়ার্কসএ ভালভাবে জল ফিল্টার্ড হবে না। টিটাগড় পেপার মিল প্রচুর পরিমাণে ফটকিরি ব্যবহার করে। তারা যদি ফটকিরি না পায় তা হ'লে তারা গিয়ে সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছ থেকে ফটকিরি ইম্পোর্ট ক'রে নিয়ে আসবে। বেঙ্গল কেমিক্যালএর স্ট্রাইক ৩ মাস ১০-১২ দিন হয়ে গেল। আমার কাছে তাদের ইউনিয়নএর লোক চিঠি দিয়েছে। আমি কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাও করেছি। তাঁদের কাছে একটা সমস্যা হচ্ছে এই যে, যে পাঁচজন লোককে তাঁরা ডিসচার্জ বা ডিসমিস করেছেন সেই পাঁচজন লোককে তাঁরা নেবেন না

এবং এরাও বলে যে ঐ পাঁচজন লোককে না নিলে আমরা কাজে যাব না। আর যে ক'টা টার্মস তারা দিয়েছে তার সবই প্রায় বেঙ্গল কেমিক্যাল মেনে নিতে প্রস্তুত হয়েছেন, কিন্তু ঐ পাঁচ-ছ' জন লোককে না নেওয়ার জন্য একটা জাতীয় প্রতিষ্ঠানে প্রয়োজনীয় জিনিস তৈরি করা বন্ধ আছে এবং সেখানে যে এক লক্ষ দু' লক্ষ টাকা দামের এক-একটি যন্ত্র আছে, সেগুলি তিন-চার মাস বন্ধ থাকার ফলে অকেজো হয়ে যাবে। অ্যালেনবেরী কোম্পানির সাতদিনে ট্রাইব্যুনাল ক'রে দিয়েছেন তা সবাই জানি। কিন্তু সরকার ট্রাইব্যুনালএ মামলা দিয়েছি, এখনও পর্যন্ত তার কিছুই হয়ে উঠল না। আমি সরকারের কাছে অনুরোধ করব—এই জাতীয় প্রতিষ্ঠান যাতে নষ্ট না হয়ে যায়, দেশ যাতে এদের জিনিস পাওয়া থেকে বঞ্চিত না হয় তার ব্যবস্থা করুন। এই পাঁচজন লোককে আপনারা বাদ দিয়ে রাখুন, ডিরেক্টরদের সরিয়ে দিন, গভর্নমেন্ট বেঙ্গল কেমিক্যাল চালাতে আরম্ভ করুন। সেখানে ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার যারা আছেন তাঁদের দিয়ে কাজ চালাতে আরম্ভ করুন। মজুরেরা কাল থেকে তা হ'লে কাজে যোগ দেবে। আমাকে অন্য একজন লোক বলেছিলেন, সরকার কি এত সাহস পাবে। আমি বলেছিলাম, সাহস পাবে কি পাবে না সেটা কাজের দ্বারা বিচার করা যাবে। কাজেই আমি এই প্রস্তাব দিচ্ছি, এক-দুই-তিনমাসের জন্য তাঁরা চালান টেম্পোরারী ভাবে। অর্ডিন্যান্স এখন করতে পারবেন না। আজ চাইলে পরশুদিনই সরকার বিল এনে হাজির করতে পারেন—এটা টেম্পোরারী ব্যাপার। তারপর ট্রাইব্যুনালএ, অ্যাডজুডিকেশনএ যে সিদ্ধান্ত হবে সেই অনুযায়ী কাজ হবে, নর্মাল নিয়মানুসারে বেঙ্গল কেমিক্যালএর কাজ যেমন চলত সেরকমভাবে চলবে।

[11-20—11-30 a.m.]

আজ জাতিকে প্রয়োজনীয় জিনিস থেকে বঞ্চিত করবেন না এবং এই প্রতিষ্ঠানের মূল্যবান জিনিসগুলি অকেজো থাকার ফলে যাতে নষ্ট না হয়ে যায় তা থেকে এদের রক্ষা করবেন।

তারপর ফিশারির কথা। আমরা বাঙ্গালী মাছ খেতে চাই। আজকাল বাজারে সাড়ে তিন টাকার কমে এক সের মাছ পাওয়া যায় না। আমাদের খুব ঘটা ক'রে বলা হয়েছিল যে, সাগরিকা, বরাণা এরা সমুদ্র থেকে মাছ ধ'রে নিয়ে আসবে। কিন্তু শেষ পর্যন্ত কি হ'ল বুঝা গেল না, আজকাল আর এদের কথা শুনি না। ডেনিস এবং জাপানী ট্রলার সব কোথায় গেল? এরা কি মাছ পায় না সমুদ্রে? তারপর আজকে শ্রীযুক্ত স্নেহাংশু আচার্য মহাশয় বললেন সেই ১৩৫নং প্রিন্সেপ স্ট্রীটএর কথা, কাঁচরাপাড়া ঝিল সম্পর্কে। সেখানকার কে একজন মিত্র মহাশয় কাঁচরাপাড়ার ঝিল লীজ নিয়েছেন, তাঁর সঙ্গে কন্ট্রাক্ট হয়েছিল ৮০ টাকা মণ দরে বাজারে মাছ বিক্রি করতে হবে। সেই মাছ কোথায় যায়? এখানে মৎস্যমন্ত্রী আছেন, তিনি যদি এই বিষয়ে একটু খোঁজ ক'রে আমাদের বলেন তা হ'লে ভাল হয়।

তারপর, স্যার, টেস্ট রিলিফএর কথা। আমাদের দেশের লোককে আটা গম খেতে দিচ্ছেন। আমাদের ঐ অঞ্চলে বহু সাঁওতাল আছে, তারা আটা খেতে অভ্যস্ত নয়। আটা থেকে কি ক'রে রুটি তৈরি করতে হয় তাও তারা ভালভাবে জানে না। আমাদের গ্রামেও বহু সাঁওতাল আছে, তারা বলেছে আমরা আটা নেব না। প্রফুল্লবাবু এখন এখানে নেই, তিনি থাকলে তাঁকে বলতাম। তিনি এটা নিশ্চয়ই জানেন যে, কিছু কিছু লোকের এমন সংস্কার থাকে যে উপোষ ক'রে মরবে তাও ভাল, তবু চিরাচরিত অভ্যাস তারা ভাঙগবে না। ইংরাজ আমলে সাহেবরা বলত, দেশের মধ্যে বেশি খাদ্যাভাব নাই, থাকলে এরা গোরু-ঘোড়া খায় না কেন। তাদের অনুকরণ ক'রে স্বাধীন দেশের সরকার বলছেন—এরা আটা খায় না কেন? কোন কোন জায়গায় সপ্তাহে চার দিন আটার বদলে চা'ল দেওয়া হয়। এখানে আমি এটুকু অনুরোধ করব, যেসব জায়গার সাঁওতাল অধিবাসীরা আটা রুটি তৈরি করতে জানে না, সেই সমস্ত জায়গায় যদি চা'লের পরিমাণ বাড়িয়ে দেন তা হ'লে তাদের উপকার হয়।

তারপর মেডিক্যাল খাত সম্পর্কে আমি দেখলাম—বাজেটএর ১০২নং পৃষ্ঠায় আছে যে সবই অ্যালোপ্যাথি। আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের স্বাস্থ্যমন্ত্রীও ঝানু অ্যালোপ্যাথ। আপনি জানেন, স্যার, একবার অ্যালোপ্যাথ চিকিৎসকের পাল্লায় পড়লে তার ভিটেতে ঘুঘু চরিয়ে দেওয়া হয়। তাই গরিব মানুষ প্রায়ই চিকিৎসা করাতে পারে না। অ্যালোপ্যাথ ছাড়াও অন্যান্য

চিকিৎসা-পদ্ধতি আছে, যেমন হোমিওপ্যাথি ও আয়ুর্বেদ। বাজেটএ দেখছি গত বছর রিভাইজ্‌ড্‌ বাজেটএ এক লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল আয়ুর্বেদের জন্য। এবারকার বাজেটএ দেখছি মাত্র ৫০ হাজার। কি কারণে বরাদ্দ টাকার অঙ্ক এবারে ক'মে গেল তা জানি না। হোমিওপ্যাথির জন্য একেবারে কোন বরাদ্দ নাই। অথচ লোকে হোমিওপ্যাথি চিকিৎসা করায়, হোমিওপ্যাথিতে রোগও সারে, দেশে বহু হোমিওপ্যাথি ডিসপেন্সারি ও ডাক্তার আছেন এবং ঔষধপত্রও এখানে ইম্পোর্টেড হয়। আমি মনে করি এদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত।

তারপর, স্যার, কম্যুনিটি ডেভেলপমেন্টএ আমরা বহু টাকা খরচ করছি। আমাদের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরু মনে করেন
this is a most revolutionary programme
আমি কিছুদিন আগে একটা গ্রামে মিটিং করতে গিয়েছিলাম। সেখানে দেখলাম যাত্রাগান ও থিয়েটার ক্লাব ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে, এতে অনেক টাকাও দান করা হয় এবং তার থেকে আবার প্রাইজ ইত্যাদিও দেওয়া হয়। সেখানকার অফিসার বললেন, এখানকার সব কাজ জনসাধারণের সাহায্যে ও সহানুভূতিতেই চলছে; জনসাধারণের মধ্যে যদি এ সম্বন্ধে উৎসাহ জন্মিয়ে দেওয়া যায় তা হ'লে তারা নিজেদের কাজ নিজেরাই সুষ্ঠুভাবে করতে পারবে। কিন্তু কেন্দ্রীয় সরকার এই জিনিসটা যে লাইনে করতে চেয়েছিলেন তার কিছুই জনসাধারণ পাচ্ছে না। কেন্দ্রীয় সরকারের গঠিত বলবন্ত রাও মেটা কমিটি তাঁদের রিপোর্টএ বলছেন—

"We have examined this matter in some detail. Some of our detailed conclusions appear in the latter sections. The National Extension Blocs and Community Projects as translated into his own language give a full measure of his admiration and gratitude for the people who have brought him these amenities."

থিয়েটার ক্লাব ও যাত্রাগানের জন্য যে টাকা দেওয়া হয়, তার জন্য ধন্যবাদ জানিয়ে বলা হয়েছে এই রকম অ্যামেনিটিজ অন্যান্য ডিপার্টমেন্টএর মারফত পাওয়া যেতে পারে। তাঁরা বলছেন—

"The priorities as between the different activities should be: supply of drinking water, improvement of agriculture and animal husbandry, co-operative activities, rural industry and health followed by all others." "The allocation of priorities is, however, not intended to operate by way of absolute precedence but to indicate a greater concentration of certain items of work and less on others without totally excluding the latter." "An intensive programme of economic development will generate a demand for programme of amenities".....

ইকনমিক ডেভেলপমেন্টএর দিকে সি ডি পি এবং এন ই এস ব্লকএর দৃষ্টি এখনও পড়ে নি। তাই তাঁরা আরও বলছেন,

"We are of the view that greater stress on the former specially in the initial stages will gradually lead to the latter."

যখন তাদের অর্থনৈতিক উন্নতি হবে তখন সেইসব অ্যামেনিটিজ চাওয়া উচিত হবে। তারপর ডিমক্রেটিক ডিসেন্ট্রোলাইজেশন সম্বন্ধে তাদের বক্তব্য থেকে আমি দুইটি সেন্টেন্স পড়ছি—

"So long as we do not discover or create a representative and democratic institution which will supply the local interest, supervision and care necessary to ensure the expenditure of money upon local objects conforms with the needs and wishes of the locality."

আমরা একদল কর্মচারী বসিয়ে দিয়েছি, একটা অ্যাডভাইসরি কমিটিও করা হয়েছে। কিন্তু সেই অ্যাডভাইসরি কমিটি যা বলবেন তা তাঁরা শুনবেন এমন কোন কথা নাই। তাঁদের সঙ্গে পরামর্শ ক'রে লোকাল অফিসার যা ইচ্ছা তাই করতে পারেন। যদি তিনি মনে করেন যে জনসাধারণ উৎসাহিত হয়ে তাঁর সঙ্গে দলে দলে কাজে যোগদান করবে। কিন্তু প্রকৃতপক্ষে তা হচ্ছে না। লোকাল বডিজ ইনিশিয়েট নিয়ে কাজ করতে পারে না, কারণ তাদের উপর সরকারের আস্থা নাই। তারাও এই অবস্থায় কাজের মধ্যে কোন প্রকার এনথুজিয়াজম পায় না। অথচ এই কাজের জন্য আমরা কত লক্ষ টাকা খরচ করছি।

আরেকটা কথা আমি বলব। এটা আমি বিশেষ ক'রে ইরিগেশন মন্ত্রী মহাশয়কেই বলব। আমাদের দেশে এপ্রিল মাস থেকে বর্ষগণনা করলেও আমাদের কাজকর্ম আরম্ভ হয় জুলাই মাস থেকে। বিহার রাজ্যে যা করা হয় আমাদের এখানেও সেইভাবে জুলাই মাস থেকে করা হ'লে কাজের দিক থেকে সুবিধা হ'তে পারে। ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টএও এপ্রিল মাস থেকে না ক'রে গ্রান্ট দেবার ও রিপোর্ট নেওয়া ইত্যাদি ব্যাপার সম্পর্কে ওঁরা ফার্স্ট অব মার্চ থেকে ফাইন্যানশিয়াল ইয়ার ও বর্ষ গণনা করেন। আমাদের এখানে যদি জুলাই মাস থেকে বর্ষগণনা আরম্ভ করা হয় তা হ'লে ভাল হয়।

[11-30—11-40 a.m.]

Dr. Charu Chandra Sanyal:

সভাপতি মহাশয়, আজকে এই বাজেট আলোচনা প্রসঙ্গে আমাদের আর একটা দল থেকে অনেক কথা বলা হয়েছে; তার দু'-একটি কথার জবাব দেওয়া দরকার।

(ভয়েসেস ফ্রম অপোজিশনঃ তুমি মহারাজ সাধু হ'লে আজ!)

আপনারাও অনেকে ছিলেন এককালে। শ্রীযুক্ত আচার্য বলেছেন যে কল্যাণীতে পয়সা অনেক অপব্যয় হয়েছে। সেটা সম্পূর্ণ অপব্যয় হয়েছে কিনা, এ নিয়ে বিতর্ক উঠতে পারে; তবে আমার মনে হয় যে টাকা ব্যয় করা হয়েছে তার অধিকাংশই সদ্ব্যয় হয়েছে। সেখানে পাঁচশোটা বাড়ি তৈরি হয়েছে, তার মধ্যে কিছু বিক্রয় করা হয়েছে, কিছু বিক্রয়ের জন্য আছে। আমার নিজের যে ধারণা তাতে মনে হয় বাড়িগুলির যে দাম ধরা হয়েছে সেটা একটু বেশি। সেটা যদি কম হ'ত তা হ'লে সাধারণ মধ্যবিত্ত ঐ বাড়িগুলি কিনতে পারত। আর জমিগুলির দাম কলকাতা থেকে ৩০ মাইল দূরে ৬৫০ টাকা কাঠা—এটা অনেক বেশি। আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছিলাম অনেকবার। সাধারণ মধ্যবিত্ত যারা তাদের পক্ষে ৬৫০ টাকায় কাঠা জমি কেনা খুব কষ্টকর। অন্তত কতকগুলি প্লট—হাজারখানেক প্লটএর জমি—যদি কম দাম করা যায়, অর্থাৎ দু'শো তিনশো টাকা কাঠা হয় তা হ'লে অনেক মধ্যবিত্ত লোক সেখানে জমি নিয়ে বাড়ি করবার চেষ্টা করতে পারেন। কলকাতার উপর সবাই ভয়ানক ভিড় ক'রে থাকায় যে খুব অসুবিধা হচ্ছে সে বিষয় কোন সন্দেহ নেই। কলকাতা থেকে ৩০ মাইল দূরে যাতে সস্তায় তাঁরা বাস করতে পারেন তার চেষ্টা অনেকেই করছেন ব'লে আমার মনে হয়। আমি এ বিষয়ের প্রতি সরকারের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীযুত অন্নদা চৌধুরী মহাশয় সেলস ট্যাক্স সম্বন্ধে বলেছেন। তিনি এর আগে অনেকবার এ সম্বন্ধে বলেছেন। উনি দেখছি পালিয়েছেন। [হাস্যরোল।] উনি সেলস ট্যাক্সএর ভয়ে পালিয়েছেন। সেলস ট্যাক্স সম্বন্ধে উল্লেখ ক'রে উনি বলেছেন যে সেলস ট্যাক্স আরও একটু জোরদার ক'রে আদায় করলে অনেক টাকা আসতে পারে। কথাটা খুব ভাল। কিন্তু যারা সেলস ট্যাক্স দিয়ে থাকেন, তাঁদের যে অভিজ্ঞতা তাতে তাঁরা বলছেন —এটা সেলস্ ট্যাক্স নয়, এটা শেল ট্যাক্স এবং শেলএর মতো এটা তাঁদের উপর চেপে আছে। তিন মাস পর পর এঁদের রিটার্ন দিতে হয় এবং কমার্সিয়াল ট্যাক্স অফিসে গিয়ে ধরণা দিতে হয়। এর মত অপমানজনক ব্যাপার খুব কমই দেখা যায়। আমার বক্তব্য টাকাটা আদায় হোক, কিন্তু এই অপমানকর অবস্থার মধ্যে থেকে যাঁরা ট্যাক্স দেন তাঁদের রেহাই দেবার জন্য একটা ব্যবস্থা করা উচিত। নিজেরা যাঁরা ভুক্তভোগী তাঁরা বুঝতে পারেন, কিন্তু যাঁরা ভুক্তভোগী নন তাঁদের পক্ষে এই বিষয়টা অনুভব করা খুবই শক্ত। আমি সেইজন্য বলছি, অন্নদাবাবু সেলস ট্যাক্স নিয়ে এত কথা বলেছেন, সেখানে অন্তত ট্যাক্স আদায় করবার সময় এইটা দেখতে হবে যে যাঁরা ট্যাক্স দেন তাঁদের সম্মানটুকু যেন সম্পূর্ণ বজায় থাকে, অযথা হয়রানি হ'তে যেন তাঁদের না হয়।

তারপর মোটর ভিহিকল্স্ ট্যাক্স। এটা উনি বলছেন, লোকাল বডিজ খুব কম পায় রাস্তাঘাট তৈরি করবার জন্য। আমি কতকগুলি মিউনিসিপ্যালিটির সঙ্গে জড়িত ছিলাম এবং এখনও পরোক্ষভাবে জড়িত আছি। তাদের পাবলিক অ্যাকাউন্টস কমিটির রিপোর্ট আমি মাঝে মাঝে পড়ি। বর্তমানে মিউনিসিপ্যালিটির যে অবস্থা তাতে মোটর ভিহিকল্স্ ট্যাক্স থেকে যে টাকা দেওয়া হয় তার অধিকাংশ টাকা অন্যদিকে ব্যয় হয়ে যাচ্ছে। এই ব্যয় হ'তে বাধ্য। প্রত্যহ 'ইনক্লাব জিন্দাবাদ'-এর হাত থেকে যদি বাঁচতে হয় তা হ'লে কিছু টাকা দিয়ে

তাদের হাত থেকে প্রাণটা বাঁচাতে হয়। সেজন্য বর্তমানে কতকগুলি মিউনিসিপ্যালিটি সুপারসেশন হবার কথা হচ্ছে। কোন উপায় নাই। সেগুলি একবার ভাল ক'রে বিবেচনা ক'রে দেখা দরকার। প্রত্যহ চাহিদা এত বেড়ে উঠেছে যাতে মিউনিসিপ্যালিটির সাধারণ আয়ে তার কাজকর্ম চালানো সম্ভব হচ্ছে না। এ বিষয়ে আমার মনে হয় আমাদের উভয় পক্ষ থেকে চেষ্টা ক'রে দেখা উচিত। প্রতিটা শহরের স্বাস্থ্য ও অন্য সব রকম সুখসুবিধা দেখা বোধ হয় সকলের কর্তব্য। সেটা নষ্ট হয়ে গেলে দক্ষিণপন্থীরা যেভাবে কষ্ট পাবেন বামপন্থীরাও তার চেয়ে কম পাবেন না। এখানে উভয়পন্থীদের একই সঙ্গে চেষ্টা ক'রে দেখা দরকার। এদিকে অনেকে আছেন যাঁরা মিউনিসিপ্যালিটির সঙ্গে বহুকাল জড়িত, তাঁরা হাড়ে হাড়ে বুঝতে পারেন কি দুরবস্থার মধ্যে ডিস্ট্রিক্ট বোর্ড ও মিউনিসিপ্যালিটি চলছে। সেইজন্য আমি বলছি, আমি একবার প্রস্তাব দিয়েছিলাম, মিউনিসিপ্যালিটি ও ডিস্ট্রিক্ট বোর্ডএর সমস্ত রাস্তা সরকারের হাতে নেওয়া হোক। সেগুলি ভাল ক'রে গ'ড়ে তোলা হোক। কেবল তার রক্ষণাবেক্ষণ ডিস্ট্রিক্ট বোর্ড ও মিউনিসিপ্যালিটির হাতে দেওয়া হোক। এটা হ'লে পর মিউনিসিপ্যালিটি ও ডিস্ট্রিক্ট বোর্ডএর যে আয় বর্তমানে আছে তার ভেতরেই তার কাজকর্ম কোন রকমে বজায় রাখা যায়।

তারপর ইনক্রিজ অব ওয়েজেস সম্বন্ধে অন্নদাবাবু বলেছেন। একটা কথা আমার মনে পড়ছে। সেদিন খবরের কাগজে পড়েছিলাম ত্রিশ হাজার কয়লাখনির শ্রমিককে চার টাকা বার আনা ক'রে অতিরিক্ত ভাতা দেবার জন্য কয়লার দাম টনপ্রতি এক টাকা ক'রে বাড়াতে হ'ল। অর্থাৎ খুচরা দর টনপ্রতি তিন টাকা ক'রে। প্রত্যেক দেশবাসীর উপর তিন টাকা হারে ট্যাক্স ক'রে ত্রিশ হাজার কয়লা শ্রমিককে চার টাকা বার আনা হারে ভাতা দেওয়া হ'ল। কাজেই আপনারা ভেবে দেখুন প্রত্যেক ব্যাপারে অল্প কিছু লোককে কিছু টাকা দেবার জন্য সমগ্র জনসমাজের উপর ট্যাক্সএর ভার দিনের পর দিন বেড়ে চলেছে। এই বিষয়ে আমি বিশেষভাবে এখন বলব না। আমি শুধু বিষয়টার অবতারণা করলাম সেটা চিন্তা ক'রে দেখার জন্য যে সাধারণ মানুষের উপর দিন দিন ট্যাক্স বৃদ্ধি হচ্ছে কিভাবে।

তারপর রিলিফ ও রিহ্যাবিলিটেশন সম্বন্ধে অনেক কথা বলা হয়। এ বিষয়ে বিপক্ষ দল থেকেও অনেক কথা বলা হয়েছে। আমি ইতিপূর্বেও অনেক বলেছি। কিন্তু একটা জিনিস দেখতে পাচ্ছি যে, এ সম্বন্ধে সরকার পক্ষেরও বলবার অনেক জিনিস আছে। দেখা যাচ্ছে ১৯৫৭ সালের ১লা এপ্রিল থেকে.....

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of order. This budget is practically the recast of the Budget which was presented in February. Is the honourable member in order to speak for it after once having spoken against it?

Mr. Chairman: Certainly he can do it, if he changes his mind.

Dr. Charu Chandra Sanyal:

আমি এ বিষয়ে ও'র সঙ্গে সম্পূর্ণ একমত। চারমাসের বাজেটএর বিপক্ষে বলা যায়; তখন চারমাসের বাজেট ছিল, আর এখন আটমাসের বাজেট। এই আটমাসের বাজেটএর বিপক্ষে বলা যায় না। আপনারা তো ওকালতি করেনঃ একদিন এক মক্কেলের পক্ষে বলেন, আবার আর একদিন সেই মক্কেলের বিপক্ষে বলেন। তাতে কিছু আসে যায় না।

এখন দেখা যাচ্ছে গত সাতমাসের ভেতর ক্যাশ ডোল তাদের দেওয়া হয়েছে ২ কোটি ৪৭ লক্ষ টাকা; আর ক্যাম্প দুরস্ত রাখবার জন্য ২২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এতগুলি টাকা সরকার পক্ষ থেকে ব্যয় করতে হয়েছে।

[11-40—11-50 a.m.]

তার কারণ রিলিফ ও রিহ্যাবিলিটেশনএর কাজটা তাড়াতাড়ি করা সম্ভব হয় না। সেই কাজ করবার জন্য যদি সকলে মিলে চেষ্টা করা যায় তা হ'লে মনে করি এই এক কোটি টাকা বেঁচে যাবে। কিন্তু একেবারে যে কাজ করা হয় নি তা নয়। বলা হয়েছে, জমি দেওয়া হয় নি। কিন্তু দেখতে পাওয়া যাবে, এখানে বলা হয়েছে ৫৬ হাজার একর জমি উদ্বাস্তুদের ভিতর

বিলি করা হয়েছে—৫৭ হাজার পরিবারের মধ্যে এই জমি বিলি করা হয়েছে তাদের বাড়িঘর করবার জন্য। অন্তত ৫৭ হাজার পরিবারের বাড়িঘর করবার সুযোগ দেবার জন্য এই জমি দেওয়া হয়েছে। আর কি হয়েছে? হাউস-বিল্ডিং লোনএ ৯৪ হাজার পরিবারকে বাড়ি তৈরি করার জন্য টাকা দেওয়া হয়েছে। শহরে আর গ্রামে প্রায় দুই লক্ষ পরিবারকে টাকা দিয়েছেন বাড়িঘর তৈরি করবার জন্য। বাড়িঘর যদি তৈরি না হয় তা হ'লে তার জন্য সরকারকে দায়ী করা যায় না। ব্যবসা করার জন্য টাকা দেওয়া হয়েছে ৪৬ হাজার পরিবারকে শহরে, আর ৪৩ হাজার পরিবারকে গ্রামে। এটা খুব কম কাজ করা হয়েছে ব'লে মনে হয় না। আর ১ লক্ষ ১৯ হাজার চাষী পরিবারকে টাকা দেওয়া হয়েছে চাষবাসের জন্য। কাজেই যদি বলা হয়, সরকার থেকে কিছু করা যায় নি তা হ'লে মনে হয় এটা সত্যের অপলাপ করা হবে। তবে এটা বলা যায়, যতখানি আশা করা হয়েছিল ততটা হয় নি। আশা অনেক কিছু করতে পারেন, কিন্তু সবটা কাজে লাগানো সম্ভব হবে তা বলা যায় না। এটা কেউই বলতে পারে না যে, আপনি যেটা আশা করেছিলেন ততটা পেঁছাতে পেরেছেন। তারপর এই রিলিফ রিহ্যাবিলিটেশনএর ভিতর কয়েকটি জিনিসের চেষ্টা করা হচ্ছে। তার মধ্যে একটা হচ্ছে সিসলের আবাদ, আর একটা রেমির আবাদ। এই সম্বন্ধে কিছু বলা দরকার। উত্তর বাংলায় রেমির চাষের চেষ্টা হচ্ছে খানিকটা। আমি নিজে দেখেছি এবং রেমি সম্বন্ধে গত ত্রিশ বৎসর আমি লেখালেখি করেছি, অনেক আলোচনা করেছি। রেমির সুতা যদি তৈরি করা যায় তা হ'লে তার ধুতি ঠিক এই রকম পাতলা হয় যেমন আমার গায়ে আছে। তুলার সুতার জামা ছ'মাস থেকে এক বৎসর টেঁকে, আর রেমির সুতার জামা আট থেকে দশ বৎসর টেঁকে। রেমির যদি কাপড়জামা তৈরি করতে পারা যায় তা হ'লে অন্তত পাঁচ-ছ' বৎসরের মধ্যে ছিঁড়বে না। পশ্চিমবঙ্গে এটা করার চেষ্টা হচ্ছে এবং এটা যদি কোনদিন সম্ভব হয়, আশা করি সম্ভব হবে, তা হ'লে বাংলাদেশ বাইরে থেকে কাপড় কেনার হাত থেকে বেঁচে যাবে। তা হ'লে বাংলার লোকেরা যদি কোন রকমে দুই জোড়া ধুতি করতে পারে তা হ'লে অন্তত পাঁচ বৎসর তা পরতে পারবে। এই সুবিধার জন্য এটা নিউজিল্যান্ড, জাপান ও ব্রাজিলে হচ্ছে এবং বাংলাদেশেও এই জিনিস হয়েছিল এবং এটা দিয়ে শুধু মাছ ধরার জাল তৈরি করত। কোচবিহারে একে বলে 'কুংকুরা' আর জলপাইগুড়িতে একে বলে 'রিয়া'। এটার চেষ্টা হচ্ছে এবং উত্তর বাংলায় যদি এটা সম্ভব হয় তা হ'লে আমার মনে হয় বাংলাদেশের অশেষ কল্যাণ হবে। সিসল দিয়ে দড়ি তৈরি হয় এবং তার একটা গুণ আছে—যত জলে ভিজবে তত শক্ত হবে। এটা যে জমিতে ধান ও শস্য হয় না সেই জমিতেই এটার আবাদ করা যায়। তা ছাড়া সিসলের উপর যে ক্লোরোফিল আছে তা থেকে একটি ঔষধ হয়। সেটা হচ্ছে কর্টিসোল। সেটা অনেক বেশি দামী ঔষধ। সেটাও আমাদের দেশে তৈরি হ'তে পারবে। আমি শুনেছি কোন-একটা সাহেব কোম্পানি গ্ল্যাক্সো অ্যান্ড কোম্পানি গভর্নমেন্টএর সঙ্গে কথাবার্তা চালাচ্ছেন সেইগুলি কিনে নেবার জন্য। এই দুইটি জিনিস যদি বাংলাদেশে হয় তা হ'লে আমি বলব, এতে বাংলাদেশের সমস্যার কিছুটা সমাধান হবে তা নয়, শুধু যে বহু লোক কাজ পাবে তা নয়, এর দ্বারা দেশে বহু টাকা আসতে পারবে। আমি আশা করি বাংলাদেশের যারা শুভাকাঙ্ক্ষী তারা সবাই এই দুইটি জিনিস হয় তার জন্য নজর রাখতে চেষ্টা করবেন এবং সরকারকে অনবরত বলবেন যাতে তাড়াতাড়ি এই কাজ করা হয়।

শিক্ষা সম্বন্ধে একটা কথা ব'লেই আমার কথা শেষ করব। শিক্ষা সম্বন্ধে জন মাথাই এক বক্তৃতায় এই কথা বলেন—ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজিতে এই কথা বলেছিলেন—

"No success of a worthwhile character was possible in planned development unless the level and scope of teaching in the secondary schools at the University were suitably geared to the needs of development."

এটা খুব বড় কথা। সেখানে আবার আমাদের প্রধানমন্ত্রী ডাঃ বি সি রায় দুঃখ ক'রে বলেছেন—

"There is a paradox of industries complaining of shortage of skilled personnel and young Engineers going without jobs or drudging on wrong jobs."

এটা একটা অদ্ভুত কথা। যেখানে লোকের অভাব, সেখানে লোকে চাকুরি পায় না এটা দেখছি। এখন সেকেন্ডারি এডুকেশন খুব ভালভাবে যদি না চলে, দেশ যেভাবে এগিয়ে যাচ্ছে সেইভাবে সামঞ্জস্য রেখে যদি না চলা হয় তা হ'লে পরে সেই শিক্ষা কাজে লাগবে না, ব্যর্থ হয়ে যাবে। একটা কারণ মনে পড়ল। শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। একটা জিনিস এর ভিতর দেখছি—

Centrally sponsored schemes outside the State Plan.

সেখানে সেকেন্ডারি স্কুল টীচারদের বেতনের হার দেওয়া আছে। আমার মনে হয়, এটা শিক্ষামন্ত্রী মহাশয়ের চোখে পড়ে নি। আমার কর্তব্য হচ্ছে এটা তাঁকে জানিয়ে দেওয়া। হেডমাস্টারএর বেতন ধরা আছে

Trained Graduates with Hon. Degree or with Second Class Hons. plus five years' experience.

মাইনে ধরা আছে ১৫০—১৫/২—২৪০—২০/২—৪০০ টাকা। ১৫০ টাকায় শুরু ক'রে ২৮ বৎসর বাদে ৪০০ টাকায় পৌঁছাবে। একজন ২৭ বৎসর বয়সের হেডমাস্টারএর ৪০০ টাকা বেতনে পৌঁছিবার আগেই সুপারঅ্যানুয়েটেড হয়ে যাবে। এই যে হিসাব এটা হয়তো তাঁর চোখে পড়ে নি। সেজন্য আমি বলছি, অনুগ্রহ ক'রে এই হিসাবটা ক'রে তিনি দেখবেন। ক্লাস ইলেভেন টীচার ১৫০ টাকায় আরম্ভ ক'রে ৪০০ টাকা—এটা হয় ঠিক ২৮ বছরে। আমার মনে হয় ক্লাস ইলেভেনএ স্কুল টীচার পাচ্ছেন না, তার কারণ হচ্ছে ১৫০ টাকা বেতনে সহসা কেউ আসতে চায় না। আমি আশা করি এ ব্যাপার তিনি আর একবার দেখবেন। আমার নিজের তরফ থেকে বলছি ১৭৫ টাকায় শুরু ক'রে বছরে ১৫ টাকা হিসেবে বৃদ্ধি দিলে হয়তো ভাল হবে। তিনটি ফাইভ-ইয়ার প্ল্যান পিরিয়ডএর পর নিশ্চয়ই আমাদের দেশের অবস্থা ভাল হবে যাতে ৪০০ টাকার বেশি মাইনে আমরা মাস্টার মশায়দের দিতে পারব। এতে তাঁদের উৎসাহ বাড়বে। এইভাবে আরও টীচার্স আছেন, তাঁদেরও বেতনের ব্যাপারে শিক্ষামন্ত্রী মহাশয় অনুগ্রহ ক'রে ভাববেন। আর-একটা কথা বলতে হ'ল, এটা ব'লে আমি শেষ করব। ম্যাট্রিকুলেট উইথ কাব্যতীর্থ—এঁদের বেতন ম্যাট্রিকুলেট উইথ ভি এমএর সমকক্ষ করা হয়েছে। ম্যাট্রিকুলেশনএর পর চার বছর না পড়লে কাব্যতীর্থ হওয়া যায় না, গ্র্যাজুয়েট কনস্টিটিউয়েন্সিতে এঁদের ভোটাধিকার আছে। তাঁদের অন্ততঃ আই এ, আই এস-সির সমান বেতন দেওয়া হোক। তাঁদের ম্যাট্রিকুলেশন উইথ ভি এমএর সমান বেতন দিলে তাঁদের উপর অবিচার করা হয়। আমি আশা করি মন্ত্রী মহাশয় এদিক দিয়ে একটু দেখবেন। এই ব'লেই আমার বক্তব্য শেষ করছি।

[11-50—12 noon]

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট প'ড়ে সবচেয়ে বেশি মনে হচ্ছে যেটা, সেটা হচ্ছে আমাদের সরকার মূর্খের স্বর্গে বাস করছে অথবা শয়তানের স্বর্গে বাস করছে। দিনের পর দিন দেশে ঋণের বোঝা বেড়ে যাচ্ছে, চারিদিকে ক্ষুধার্তের হাহাকার, ভূখা মিছিল দাঁড়িয়ে। যে বাজেট আমাদের সামনে উপস্থিত করা হয়েছে তাতে দেশের সামনে যেসব সমস্যা আছে সেসমস্ত সম্পূর্ণ অস্বীকার করা হয়েছে। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় যুক্তি দিতে গিয়ে দেখিয়েছেন যে, ১৮৭২ সালে আমাদের দেশে মৃত্যুর হার যা ছিল আজকে ১৯৫৮ সালে সেই মৃত্যুহার অনেক ক'মে গিয়েছে। এখন তাঁর জন্য যা কিছু কৃতিত্ব তা আমাদের কংগ্রেস সরকারের খাদ্যমন্ত্রী মহাশয়ের প্রাপ্য। ১৮৭২ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত পৃথিবী ব'সে নাই, দ্রুতগতিতে পৃথিবী এগিয়ে যাচ্ছে এবং আমাদের যদি শুধু এক জায়গায় দাঁড়িয়ে থাকতে হয় তা হ'লে সে অ্যালিস ইন ওয়ান্ডারল্যান্ডএ যে কথা পড়েছিলাম সে কথা মনে হচ্ছে। আমাদের যদি এক জায়গায় দাঁড়িয়ে থাকতে হয়—ঐ অ্যালিস ইন ওয়ান্ডারল্যান্ডএ পড়েছি—তা হ'লে এক জায়গায় দাঁড়িয়ে থেকেও যেমন সেই একই জায়গায় থাকা হয়, তা হ'লে বলতে হয় ১৮৭২ সালে পৃথিবী যেমন ছুটেছে ভারতবর্ষ কি তেমন এগিয়েছে? ১৮৭২ সালে আমাদের দেশে ট্রাম ছিল না, তারপরে হয়তো এসেছে। ঘোড়ার ট্রামগাড়ি চলত। আজকে ১৯৫৮ সালে যদি মন্ত্রী মহাশয়েরা দাঁড়িয়ে বলেন যে, আমরা বৈপ্লবিক পরিবর্তন নিয়ে এসেছি, কোথায় ছিল সেই গোশকট, আজকে তার পরিবর্তে আমরা এনেছি বিদ্যুতের আলো—তা হ'লে সেটা হাস্যাস্পদ হয়। তেমনি খাদ্যমন্ত্রী যে দাবি করছেন যে আমরা মৃত্যুহার কম

করেছি এবং তার জন্য যে গৌরব বোধ করছেন সেটাও তেমনি হাস্যাস্পদ মনে হচ্ছে। বিশ্ব-স্বাস্থ্য সংস্থা সেদিন যে মন্তব্য করেছেন ভারতবর্ষ সম্বন্ধে, সেটা বোধ হয় প'ড়ে দেখেন নি। ভারতবর্ষ আজও ঠিক যে জায়গায় দাঁড়িয়েছিল আজকে পৃথিবীর অন্যান্য দেশের প্রতিযোগিতায় সেই একই জায়গায় দাঁড়িয়ে আছে; আজও পরিবর্তন বিশেষ কিছু করতে পারে নি। কারণ বিশ্বস্বাস্থ্য সংস্থা থেকে বলা হয়েছে যে, ভারতবর্ষের লোক পৃথিবীর অন্যসব দেশের লোকের চেয়ে কম বাঁচে, এদের গড় আয়ু হচ্ছে ৩২ বৎসর। কাজেই আমরা প্রতিযোগিতায় যেমন তখনও সবার পিছনে দাঁড়িয়েছিলাম, আজকে স্বাধীনতাপ্রাপ্তির দশ বছর পরে এবং কংগ্রেস রামরাজত্বের পরে প্রতিযোগিতায় কোন স্থান পরিবর্তন করতে পারি নি। আমরা আজও সকলের পিছনে, সকলের নিচে প'ড়ে আছি।

খাদ্যসমস্যা সম্পর্কে আমি বিশেষ আলোচনা করতে চাই না। বাজেটএর একটা জিনিস যা চোখে পড়ল তাতে মনে হয়েছে জমিদারী সেরেস্তার হিসাবনিকাশে যেমন শুধু আয়ব্যয় দেখিয়ে ডাইনে-বাঁয়ের অঙ্ক দিয়ে হিসাব মিলিয়ে দেওয়া হয়, বাজেটও যেন তেমনি ধরনের একটা কিছু। এর একটা গুরুত্ব আছে, এর মধ্য দিয়ে সরকারের বিভিন্ন ক্ষেত্রের নীতি যে প্রতিফলিত হয়ে উঠবে, সেরকম দৃষ্টিভঙ্গি বাজেটএ দেখতে পাচ্ছি না। বাস্তবিক সরকারের পক্ষ থেকে এই বাজেটএর উপর কিছুই গুরুত্ব যে দেওয়া হয় নি, এটা পরিষ্কার বোঝা যায়। ফেব্রুয়ারি মাসে যখন ভোট অন অ্যাকাউন্ট চাওয়া হয়েছিল, সে সময় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছিলেন আর তারপরে এখন যে বাজেট উপস্থাপিত করেছেন, যার মধ্যে অবস্থার যে অনেক পরিবর্তন হয়ে গেছে তা সত্ত্বেও এটা প্রয়োজনীয় মনে করেন নি যে বিধানসভা ও বিধানপরিষদে আর কোন বক্তব্য বলবার প্রয়োজনীয়তা আছে। কারণ বাস্তব জীবনের সঙ্গে এ বাজেটএর কোন সম্পর্ক নাই। ফেব্রুয়ারি মাসে যে অবস্থা ছিল আজ জুন মাসেও সেই রকম অবস্থা এবং পরবর্তী ১৯৬০ সালেও সেই একই অবস্থা থাকবে এবং মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রীর প্রয়োজনীয়তা থাকবে না নূতন কিছু বক্তব্য বিধানপরিষদের সামনে বাজেট পেশ করবার সময়। যে বক্তৃতা ফেব্রুয়ারি মাসে এই সভায় ও বিধানসভায় উপস্থাপিত করেছিলেন, সেখানে তিনি বলেছিলেন যে ল্যান্ড রেভেনিউ খাতে ৪৬ লক্ষ টাকা ধরলেও ১৯৫৮-৫৯ সালে অনেক আয় বাড়বে এবং তার কারণস্বরূপ বলেছিলেন, যে একটা বেটার ইয়ার আসছে। কিন্তু মনে হয় গত দশ বছরের মধ্যে সবচেয়ে বেশি দুর্দিন ও দুর্যোগ ঘনিয়ে আসছে। আজ বিভিন্ন পত্রিকায় দেখছি যে মানুষ অনাহারে মরছে। এমনকি কেন্দ্রীয় সরকারও স্বীকার করতে বাধ্য হয়েছেন যে পশ্চিম দিনাজপুরে শিশুসন্তানকে খেতে দিতে না পারায় বিক্রি করেছে। এটা বাস্তব সত্য, অথচ সেদিন এখানে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন—এটা নরমাল অ্যান্ড বেটার ইয়ার। কাজেই আমরা ভূমিরাজস্ব হিসাবে ৪৬ লক্ষ টাকার বেশি আয় করতে পারব। বাস্তব জগতের সঙ্গে বাজেটএর যে সম্পর্ক নাই এটা তার অত্যুৎকৃষ্ট উদাহরণ। শুধু তাই নয়। এ সম্পর্কে বলতে গিয়ে মনে হচ্ছে মন্ত্রীদের দপ্তরবণ্টনও চমৎকার। রাজস্ব আদায় একজন করবেন, তাঁর সঙ্গে কৃষি-উন্নয়নের কোন সম্পর্ক নাই। এটা যেমন ইংরাজ আমল আরম্ভ হওয়ার সময় তার যে ঐতিহ্যের কথা শুনেছিলাম, যে ইংরাজেরা দেওয়ানী হাতে নিয়েছিল এবং তার জন্য একটা কাজ ছিল ভূমিরাজস্ব আদায় ক'রে নেওয়া, আর অন্যদের উপর ছিল দেশশাসনের ভার। কাজেই টাকাপয়সার প্রধান উৎসব যা তখন ছিল ভূমিরাজস্ব, সেসব ইংরাজ সরকার আদায় করতেন, আমাদেরও সেই রকম বিমল সিংহ মহাশয়ের উপর দেওয়ানী রয়েছে, তিনি ভূমি-রাজস্ব আদায় করবেন। অর্থাৎ সেই পয়েন্ট অব ফ্লেশ, যেটা ক্ষেতমজুর দিনের পর দিন দুঃখকষ্টে বাস করছে এবং ফসল উৎপন্ন করছে তাদের কাছ থেকে ল্যান্ড রেভেনিউএর যে অংশ নেবেন তা ৪৬ লক্ষ টাকা। ১৯৫৮-৫৯-এর বাজেটএ একথা বলা হয়েছে যে সেটা আরও উদ্বৃত্ত হবে। তার সঙ্গে কৃষি-উন্নয়নের কি ব্যবস্থা হচ্ছে, তার সঙ্গে দুর্ভিক্ষ প্রতিরোধের কি ব্যবস্থা হচ্ছে মুখ্যমন্ত্রী মহাশয় বিধানসভার বক্তৃতায় বলেছেন। কৃষি-উন্নয়নের কথা বলতে গিয়ে প্রথমে কৃষি-উন্নয়নের জন্য সারের উপর জোর দিয়েছেন—ভাল বৈজ্ঞানিক সার। তা ছাড়া আমরা নির্ভর করি জলসেচের উপর। কিন্তু এই দুটির অবস্থা কি হচ্ছে দিনের পর দিন, সেটা মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তৃতায় পরিস্ফুট হয় নি। তিনি বলছেন, এ বছর এগ্রিকালচার রিসিটস ৫২ লক্ষ টাকা কম হবে—

"Due to small receipts from the fertiliser scheme on account of smaller allocation of fertilisers by the Government of India to the State and also due to smaller Central assistance for planned schemes."

কাজেই দেখা যাচ্ছে, আমাদের রাজ্যের ভাগে বৈজ্ঞানিক সার অনেক কম পড়ছে এবং কম পড়ছে ব'লে ৫২ লক্ষ টাকা আয় ক'মে যাচ্ছে। কাজেই সারের বণ্টন যে হারে করা উচিত সে হারে কৃষকদের বণ্টন করা সম্ভব হচ্ছে না। জল সম্পর্কেও সেই কথা বলা হচ্ছে। সে সম্বন্ধে ১৯৫৭-৫৮ সালে রিভাইজ্‌ড বাজেটএ মুখ্যমন্ত্রী মহাশয় বলছেন—

"There is a decrease of 49 lakhs under receipts from the multi-purpose river schemes due to smaller receipts from water rates mainly in the Mayurakshi Project area both because of the reduction of the rate and because of smaller areas being irrigated."

[12—12-10 p.m.]

তা হ'লে দেখা যাচ্ছে যে ময়ূরাক্ষী প্রজেক্টএর জন্য আমাদের সেচমন্ত্রী বেশি গৌরব বোধ করেন সেখানে যতটা জল দেবার কথা ছিল ততটা জল দেওয়া সম্ভবপর হয় নি। কাজেই কৃষি-উন্নয়ন বা শস্য-উৎপাদন বৃদ্ধির দিকে সরকারের যে প্রচেষ্টা সেটা ক্রমশই মন্দীভূত হয়ে যাচ্ছে। অথচ কৃষকদের কাছ থেকে নাকি ৪৬ লক্ষ টাকা বেশি ভূমিরাজস্ব আদায় করা হবে এবং সেটা আমাদের বাজেটএর বক্তব্য। এদিক থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে, এই দিকে সরকার কোন গুরুত্ব দেন না। অর্থাৎ এই বাজেটএর সঙ্গে বাস্তব জগতের কোন সম্পর্ক নেই।

এবার আমি সাধারণভাবে শিক্ষা সম্বন্ধে আলোচনা করছি। এই বাজেট আলোচনার সময় একথা আমি অত্যন্ত অহঙ্কারের সঙ্গে বলতে পারি যে, এই বিধানপরিষদে শিক্ষকদের জন্য যে ছ'টি আসন নির্দিষ্ট আছে তার প্রতিটি আসন নিখিল বঙ্গ শিক্ষক সমিতি অধিকার করেছে এবং একথা নির্ভুলভাবে প্রমাণ ক'রে দিয়েছে যে নিখিল বঙ্গ শিক্ষক সমিতিই হচ্ছে শিক্ষকদের একমাত্র প্রতিনিধিস্থানীয় প্রতিষ্ঠান। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় যদি গণতন্ত্রে বিশ্বাস করেন তা হ'লে নির্বাচনের ফল দেখে তিনি যেন তাঁর দৃষ্টিভঙ্গি পরিবর্তন করেন। কারণ শিক্ষক সমাজ আজ পরিষ্কার একথা ঘোষণা ক'রে দিয়েছেন যে, সরকারের যে শিক্ষানীতি সে শিক্ষানীতিতে তাঁদের কোন আস্থা নেই। আমাদের যাঁরা নির্বাচনপ্রার্থী হয়েছিলেন তাঁদের আমরা আমাদের নীতির ভিত্তিতে দাঁড় করিয়েছিলাম। আমরা আমাদের নির্বাচক-মণ্ডলীর কাছে সরকারী শিক্ষানীতির তীব্র সমালোচনা করেছিলাম এবং বলেছিলাম যে সরকার যে নীতি অনুসরণ করছেন তাতে শিক্ষার সংহারই হচ্ছে। কিন্তু নির্বাচকমণ্ডলীরা আমাদের যুক্তির সারবত্তা স্বীকার ক'রে নিয়েছেন এবং সরকারী শিক্ষানীতির প্রতি নির্ভুলভাবে তাঁদের অনাস্থা প্রকাশ করেছেন। এ ছাড়া ওপক্ষের কেউ দাঁড়িয়ে আজ আর বলতে পারবেন না যে তিনি এখানে শিক্ষক প্রতিনিধি হিসাবে দাবি করতে পারেন। যাই হোক আমাদের শিক্ষাদপ্তর পরিচালিত হচ্ছে শিক্ষামন্ত্রীর দ্বারা নয়, শিক্ষাসচিবের দ্বারা। শিক্ষামন্ত্রী তাঁর সমস্ত দায়িত্ব শিক্ষাসচিবের হাতে তুলে দিয়েছেন কিনা সে প্রশ্ন আমরা বারবার এখানে করেছি। আমরা প্রশ্ন করছি যে, শিক্ষাসচিব যিনি তিনি কেন শিক্ষা-অধিকারের পদ দখল ক'রে ব'সে আছেন? অথচ দিনের পর দিন মাসের পর মাস শিক্ষাবিভাগে এই যে দুর্নীতি চলছে তার কোন রকম প্রতিকার শিক্ষামন্ত্রী করেন না বা এই বিধানপরিষদে তার কোন কৈফিয়ত দেন না। এই শিক্ষাদপ্তর দেশের আইন মানে না, দেশে যে আইন আছে একথাটা পর্যন্ত তাঁরা স্বীকার করেন না এবং শিক্ষাদপ্তর প্রতিটা ক্ষেত্রে বেআইনী কাজ ক'রে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর প্রমাণ দিচ্ছি। প্রতিটা ডেভেলপমেন্ট স্কীম, সিনিয়র বেসিক স্কুল, সেকেন্ডারী সেকশনএ আপনি দেখবেন যে বাজেট এস্টিমেট ফর ১৯৫৮-৫৯-এ ২৩ লক্ষ ৮০ হাজার টাকা রাখা হয়েছে। সেকেন্ডারী সেকশনএ যে বেসিক স্কুল সেটাই হচ্ছে সিনিয়র বেসিক। কারণ প্রাইমারী এডুকেশনএর সঙ্গে সমতা রেখে যে বেসিক স্কুল তাকে ব'লে জুনিয়র বেসিক। সিনিয়র বেসিক স্কুল কে স্থাপন করছেন, কে একে নিয়ন্ত্রণ করছেন, কে এ নিয়ে পরিকল্পনা রচনা করেছেন? আমাদের এই রাজ্যে ও'র হাতে গড়া এখানে একটা আইন প্রচলিত আছে সে কথা উনি যতটা সম্ভব ভুলে যাবার চেষ্টা করছেন। সেটা হচ্ছে সেকেন্ডারী এডুকেশন অ্যাক্ট অব ১৯৫০। সেই সেকেন্ডারী এডুকেশন অ্যাক্ট অব ১৯৫০তে এ কথা পরিষ্কার ঘোষণা

করা আছে যে মাধ্যমিক শিক্ষা নিয়ন্ত্রণের সম্পূর্ণ অধিকার থাকবে মাধ্যমিক শিক্ষা পর্ষতের। সিনিয়র বেসিক সম্পর্কে ২৩ লক্ষ ৮০ হাজার টাকা বরাদ্দ ক'রে রেখে সরকার কোন্ আইনে তার সম্পূর্ণ কর্তৃত্ব নিজের হাতে রেখে দিয়েছেন বা কোন্ আইনে শিক্ষাদপ্তর এই সিনিয়র বেসিক স্কুলের সমস্ত কার্য পরিচালনা করছেন তার জবাব শিক্ষামন্ত্রী মহাশয় আশা করি দেবেন?

এটা যদি মাধ্যমিক শিক্ষার অংশ হয়ে থাকে তা হ'লে সিনিয়র বেসিক স্কুল গড়বার, তার উন্নতি করবার এবং তাকে চালাবার সমস্ত কর্তৃত্ব এবং অধিকার হচ্ছে মধ্যশিক্ষা পর্ষতের—আমাদের দেশের আইনানুযায়ী। বাস্তবিকই এই সিনিয়র বেসিক স্কুল, এটা হচ্ছে দুর্নীতির একটা মস্ত বড় স্থান। আমরা এই বিধানপরিষদে দাঁড়িয়ে বলেছিলাম যে বিদ্যাসাগর মস্ত বড় একটা দুর্নীতির স্থান হয়ে উঠেছে এবং এই বিদ্যাসাগরের হিসাবপত্র, কাগজপত্র সেই বিদ্যাসাগরে থাকে না, সেটা ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন হলএ থাকে। তার আর এক দফা কাগজ কৃত্তিমভাবে যেটা তৈরি হচ্ছে সেটা থাকে বিদ্যাসাগর কেন্দ্রে। এর প্রমাণ মন্ত্রিমহাশয়কে আমরা দিতে চেয়েছিলাম। আমরা মন্ত্রিমহাশয়কে আমন্ত্রণ জানিয়েছিলাম—চলুন আমাদের সঙ্গে, আমরা দেখিয়ে দেব যে শিক্ষক নেই, অথচ জাল স্বাক্ষর ক'রে তাদের নামে বেতন দেখিয়ে সরকারের কাছ থেকে কি ক'রে অন্যায়ভাবে অর্থ আদায় করা হচ্ছে। আমরা চেয়েছিলাম যে সিনিয়র বেসিক স্কুল ব'লে সেখানে কিছু নেই। সেখানে মাল্টিপারপাস স্কুল ব'লে যে জিনিস চালানো হচ্ছে সেটাকে সিনিয়র বেসিকএর নাম ক'রে দুই দফায় দুইভাবে বিদ্যাসাগরে টাকা নেওয়া হচ্ছে, অথচ ২৩ লক্ষ ৮০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে দুর্নীতির পথে ঠেলে দেবার জন্য। আমরা ১৯৫৬ সালে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে যে তথ্য দিয়েছেন সেই তথ্য থেকে দেখতে পাচ্ছি যে আমাদের পাঁচটা সিনিয়ার বেসিক স্কুল ছিল। আপনিও তা দেখলে বুঝতে পারবেন যে আমাদের জাতীয় শিক্ষার কতটা সম্প্রসারণ, উন্নতি এর দ্বারা সম্ভবপর হয়েছে। সেই পাঁচটাও নাকি পশ্চিমবাংলায় টিঁকে থাকতে পারে নি! তার একটা আবার হাইস্কুল হয়ে গেছে; পাঁচটা সিনিয়র বেসিক স্কুলএর জায়গায় মাত্র চারটার অস্তিত্ব আছে এবং সেই চারটার একটা হচ্ছে বিদ্যাসাগরে এবং তার স্বরূপ দেখে বুঝতে পারা যাবে যে অন্যান্য জায়গায় সিনিয়র বেসিক স্কুল ব'লে যেটা চালু করা হচ্ছে সেটা হচ্ছে এই দপ্তরের দুর্নীতিকে প্রশ্রয় দেবার সুযোগ। সেজন্য দেশের আইনকে লঙ্ঘন ক'রে সেকেন্ডারী এডুকেশনএর অন্তর্গত হ'লেও সিনিয়র বেসিক স্কুল তাদের একবারে শিক্ষাদপ্তর নিজেদের কুক্ষিগত ক'রে রেখেছেন এবং আইন লঙ্ঘন করাই এই সরকারের শিক্ষাদপ্তরের নিয়ম। পাবলিক সার্ভিস কমিশনএর প্রশ্ন নিয়ে আমি বিশদভাবে আলোচনা করব না, কিন্তু এই পাবলিক সার্ভিস কমিশনকে শিক্ষকদের যোগ্যতা বিচার করবার জন্য আহ্বান করা হয়েছিল। আমরা বারবার বলেছিলাম যে, এটা বেআইনী, ওদের সংবিধানে কোন অধিকার নেই, তা সত্ত্বেও তার পেছনে অন্তত ৫০ হাজারের উপর টাকা এই সরকার খরচ করেছেন কেবল একটা জিদ ক'রে এবং তারপর হাইকোর্ট থেকে পরিষ্কার মন্তব্য করেছেন যে, পাবলিক সার্ভিস কমিশনএর বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের যোগ্যতা বিচার করবার সংবিধানগত কোন অধিকার নেই। এই রকম সংবিধানের বাইরে গিয়ে পাবলিক সার্ভিস কমিশনএর মতো একটা প্রতিষ্ঠান যদি কাজ করার চেষ্টা করে তা হ'লে তারা জনসাধারণের আস্থা হারিয়ে ফেলবে। বাস্তবিকই পশ্চিমবাংলা পাবলিক সার্ভিস কমিশন আমাদের আস্থা হারিয়ে ফেলেছে। আমরা এ কথা মনে করতে আরম্ভ করেছি যে, ডাঃ ডি এম সেনের নিকট-আত্মীয় শ্রী আশু সেন মহাশয়—যাঁকে অন্যায়ভাবে ওখানে চেয়ারম্যান ক'রে রাখা হয়েছে—তিনি ডাঃ ডি এম সেনের সঙ্গে ষড়যন্ত্র এবং চক্রান্ত ক'রে ঐ কাজে লিপ্ত হয়েছিলেন এবং তার ফলে আমাদের রাজস্ব থেকে ৫০ হাজারের অধিক টাকা খরচ করতে হয়েছে। আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে বেআইনী কাজ ওখানেই শেষ হয় নি। হাইকোর্ট ব'লে দিয়েছেন যে কোন রকম বেসরকারী মাধ্যমিক শিক্ষা বিদ্যালয়ের শিক্ষকদের যোগ্যতা বিচারের আইনগত, সংবিধানগত অধিকার পাবলিক সার্ভিস কমিশনএর নেই, অথচ শিক্ষাদপ্তর জিদ ধ'রে ব'সে আছেন যে তাঁরা সেই বেআইনী কাজ ক'রে যাবেন। সমস্ত ট্রেনিং কলেজএর অধ্যক্ষদের ডাঃ ডি এম সেন মহাশয়, এডুকেশন সেক্রেটারি-কাম-ডিরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন, ইতিমধ্যে নির্দেশনামা পাঠিয়ে দিয়েছেন যে যারা পাবলিক সার্ভিস কমিশনএর দ্বারা নির্বাচিত হয়েছিলেন

সেসব শিক্ষকদের জন্য ঐ ট্রেনিং কলেজগুলিতে শতকরা ৬০টা সীট সংরক্ষণ ক'রে রাখা হবে। যাঁদের অধিকার নেই যোগ্যতা বিচার করবার তাঁদের দ্বারা নির্বাচিত হয়েছেন, তাঁদের জন্য শতকরা ৬০ ভাগ আসন সংরক্ষিত ক'রে রাখা হচ্ছে। এর চেয়ে বেআইনী কাজ আর হ'তে পারে না।

[12-10—12-17 p.m.]

কিন্তু আমাদের এই সরকারের ব্যবস্থাপনায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থাকবেন প্রেসিডেন্ট। ব্রিটিশ আমলে এই শিক্ষা-প্রতিষ্ঠানগুলির উপর তীব্র নজর রাখা হ'ত, কারণ তাঁরা মনে করতেন যে সাম্রাজ্যবাদীদের সবচেয়ে বড় শত্রু গ'ড়ে উঠবে বিদ্যালয়গুলি থেকে। তখন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে প্রেসিডেন্ট ক'রে রাখবার একটা কারণ বুঝা যেত। কিন্তু আজকের দিনেও ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট স্পনসর্ড কলেজএ প্রেসিডেন্ট থাকবেন এবং আরও তিনজন গভর্নমেন্ট নমিনেটেড মেম্বার থাকবেন—এটা আমরা বুঝতে পারি না। এদিকে আজ পর্যন্ত সেনেট ও সিন্ডিকেটএর কোন রকম অনুমোদন গ্রহণ করা হয় নি; সেনেট, সিন্ডিকেট থেকেও কোন রকম অনুমোদন চাওয়া হয় নি। এইসব স্পনসর্ড কলেজেস চলছে নিতান্ত বেআইনীভাবে। কাজেই আমরা সাধারণভাবে দেখতে পাচ্ছি যে মাল্টিপারপাস স্কুলেও বেআইনীভাবে কাজ চলছে। মাল্টিপারপাস স্কুল নিশ্চয়ই সেকেন্ডারী স্কুল এবং তার মঞ্জুরি দেবার সম্পূর্ণ অধিকার নিশ্চয়ই মধ্যশিক্ষা পর্ষতের। এভাবে মধ্যশিক্ষা পর্ষতকে মেরে রাখা হয়েছে। সরকারী আদেশে চললেও আইনগত অধিকার হচ্ছে মধ্যশিক্ষা পর্ষতের। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে যখন আমরা জিজ্ঞাসা করেছিলাম, কারা এদের রিকমেন্ডেশন দেন, তিনি তখন বলেছিলেন ডিপার্টমেন্ট দেন উইথ দি অ্যাপ্রুভাল অব দি বোর্ড। শুধু তাই নয়, যখন বোর্ডকে জিজ্ঞাসা করা হয়েছিল তখন তাঁরা পরিষ্কারভাবে জানিয়েছিলেন যে সরকারী দপ্তর থেকে তাদের রিকমেন্ড করবে এবং তাদের একাদশ শ্রেণী বিদ্যালয়ে উন্নীত করবে। সেই বিদ্যালয়ের নিজস্ব যোগ্যতা ও দাবি আছে কিনা তার বিচার হবে না; বিচার শুধু এইমাত্র হবে যে শিক্ষাদপ্তর থেকে, শিক্ষাবিভাগ তথা শিক্ষা-অধিকার থেকে যদি সুপারিশ যায় তা হ'লেই কেবলমাত্র সেই বিদ্যালয়গুলি একাদশ শ্রেণীতে উন্নীত হ'তে পারবে। এই রকম অবাবস্থা পৃথিবীর শিক্ষাজগতে আর কোথায়ও আছে কিনা আমি জানি না। এটা যে আইনত বেআইনী এবং মধ্যশিক্ষা পর্ষতের যে আইন বিধিবদ্ধ আছে তার সম্পূর্ণ বিরোধী এ কথা আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। এই বেআইনী কাজের তালিকা এই অল্প সময়ের মধ্যে ব'লে শেষ করতে পারব না। তারপর জুনিয়ার হাইস্কুল পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত; এগুলিও নিশ্চয়ই সেকেন্ডারী স্কুল। এই জুনিয়র হাইস্কুলগুলির রিকমেন্ডেশন দেবার ক্ষমতা, পরিচালনা করার ক্ষমতা এবং তাদের পুস্তকের তালিকা রচনা ও প্রণয়নের অধিকার আইনগতভাবে নিশ্চয়ই মধ্যশিক্ষা পর্ষতের। আমি জানি না কোন্ অধিকারে শিক্ষাদপ্তর এই জুনিয়র হাইস্কুলগুলির উপর সমস্ত কর্তৃত্ব পরিচালনা করেন। অবশ্য শিক্ষামন্ত্রী হয়তো বলবেন যে, শিক্ষা পর্ষত যখন রচিত হয়েছিল অর্থাৎ সবেমাত্র যখন কাজ আরম্ভ করেছিল তখন শিক্ষাদপ্তরের উপর এই জুনিয়র হাইস্কুলগুলির পরিচালনার দায়িত্ব একটা রেজোলিউশন ক'রে ছেড়ে দেওয়া হয়েছিল। কিন্তু আইনত তাঁরা সেই ক্ষমতা হস্তান্তরিত করতে পারেন না। যদি জুডিশিয়ারির উপর ভার থাকে তবে সেটা স্বতন্ত্র কথা, কিন্তু তাঁরা ছাড়া আর কেউ এটা করতে পারেন না।

Mr. Chairman: You have spoken for 25 minutes.

Sj. Satya Priya Roy: I want a few minutes more and I shall finish.

যাই হোক, জুনিয়র হাইস্কুল সম্পর্কে তাঁদের কোন্ অধিকার আছে সেটাই আমি জানতে চাই। এই জুনিয়র হাইস্কুলগুলির কি অবস্থা ক'রে রাখা হয়েছে; তারা কোন রকম সাহায্য পায় না। জুনিয়র হাইস্কুলগুলির টীচারদের অ্যাপ্রুভাল সম্পূর্ণ নির্ভর করে ডি আইএর উপর। আমাদের কাছে বহু চিঠি এসেছে নানা ছুতানাতায় রাজনৈতিক কারণ দেখিয়ে এবং বিশেষ ক'রে ব্যক্তিগত আক্রোশে অনেক সময় টীচারদের অনুমোদন করা হয় না। এই ক্ষমতা তাঁদের কি ক'রে এল শিক্ষামন্ত্রী এটার উত্তর দেবেন। এবং আমরা যে তালিকা দিয়েছি তার ব্যাখ্যা আমরা নিশ্চয়ই তাঁর কাছে প্রতীক্ষা করব।

Adjournment

The Council was then adjourned at 12-17 p.m. till 9 a.m. on Tuesday, the 10th June 1958, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra.
Banerjee, Sj. Tara Sankar.
Basu, Sj. Gurugobinda.
Dutt, Sjta. Labanyaprova.
Maliah, Sj. Pashupati Nath.
Mohammad Jan, Janab Shaikh.
Mohammad Sayeed Mia, Janab.
Prodhan, Sj. Lakshman.
Roy, Sj. Surendra Kumar.
Saraogi, Sj. Pannalal.
Sarkar, Sj. Pranabeswar.
Singh, Sj. Ram Lagan.

COUNCIL DEBATES

Tuesday, the 10th June, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 10th June, 1958, at 9 a.m., being the Second day of the Fifteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

Oath

[9—9-10 a.m.]

The following member took his oath:

Sj. Gurugobinda Basu.

Laying of the West Bengal Panchayat Rules, 1958

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to lay before the Council—

(i) the Rules made under the West Bengal Panchayat Act, 1956 (West Bengal Act I of 1957), and

(ii) the Amendments made thereto.

Late running of trains

Sj. Naren Das:

অধ্যক্ষ মহাশয়, আমার একটি ছোট নিবেদন আছে—আমি কালও একখানি চিঠি দিয়েছিলাম। এ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। যদিও আপাতঃদৃষ্টিতে এটি কেন্দ্রীয় সরকারের ব্যাপার, কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের এ বিষয়ে যথেষ্ট দায়িত্ব আছে। গত কয়েকদিন যাবত, বিশেষ ক'রে, গত সপ্তাহে শিয়ালদহ ডিভিসনে এবং হাওড়া ডিভিসনে ৩।৪ বার প্যাসেঞ্জাররা গাড়ি আটক করেছে। তার জন্যে দেরীতে গাড়ি চলাচল করছে এবং যারা সরকারী এবং বেসরকারী কর্মচারী তাদের অসুবিধা হয়েছে যথেষ্ট। আপাতঃদৃষ্টিতে রেলওয়ে অ্যাডমিনিস্ট্রেশন ভারত সরকারের হ'লেও এতে পশ্চিমবাংলার সরকারী এবং বেসরকারী কর্মচারীদের কাজ অত্যন্ত ব্যাহত হয়। সেদিক দিয়ে পশ্চিমবাংলা সরকারের নিশ্চয়ই দায়িত্ব আছে এবং তারা এ বিষয়ে ভেবেছেন কি না তা জানতে চাই। আজকের কাগজেও ট্রেন স্টপেজের খবর আছে।

Mr. Chairman: Mr. Das, proper action has been or will be taken no doubt with regard to this matter by the authorities concerned. We all know about the late running of trains and I appreciate very much the difficulties.

Sj. Sasanka Sekhar Sanyal may now kindly speak.

GENERAL DISCUSSION OF THE BUDGET FOR 1958-59

Sj. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, the budget presented appears to be this time bookish and academic, because it is divorced from the realities and the actualities of the areas which are governed by the West Bengal State Government. I shall mention only two which are conspicuous by their absence in the budget proposals in the budget initiating speech of the Hon'ble Chief Minister, namely, threats of invasion from outside and starvation and unemployment including ill-employment within the State. May I recall the fear which I expressed on the 25th March, 1958, speaking on the Appropriation Bill, that these border raids

are only stage rehearsals of future inevitable military action and at that time I suggested the setting up of a high power committee. This was not heeded at all and the Government even did not issue any Press statement to assure the House and the people that steps would be taken for preventing and remedying these evils. At that time, Sir, I described the new menace with Kashmir as head and West Bengal as tail. Today the menace is much more real and much more imminent. Sir, if you have noticed Golam Abbas's threat in Kashmir that he will march with 20,000 volunteers and cross the cease-fire line in Kashmir, if you have noticed the Dacca Muslim League President's war cry, if you have studied in its proper bearing the proposed Federation of Muslim States, if you have read the implications of the S.E.A.T.O. and Bagdad Pacts in this background and if you can read between the lines of the latest declaration of Mr. Dulles that America has deeper affinity with Pakistan than with India, these things will not appear to be panic-mongering and if any illustration and instance are needed you will find, Sir, that threats have already begun to be translated into action in Assam and East Punjab. In both these States, as in our State, the authorities were caught napping, and shall I put this question to the Government, will they commit the same mistake by going to sleep till they are roused on the point of the bayonet?

Sir, Char Sarandajpur is an old cry and it has been out of our occupation ever since 1947. Do you know, Sir, the area of this? This is larger than the biggest police-station area in West Bengal and with that as the base other inroads have been made and already Chars in Dhulian—yesterday the question of erosion was there and the Treasury Bench thought that it was a very flippant matter—Char Dhulian is away from the border of the bank of the Ganges—they have been recently taken into possession by the Pakistani forces near Malda. Char Lalgolla in Murshidabad has been taken away and villages in Nadia have already gone out and recently, within the last fortnight Char Rajanagar in Padma has already been forcibly snatched away from us. Our Prime Minister, Sir,—the master of wishful thinking has described Punjab and Assam incidents as intolerable nuisance but are they really stray nuisance events merely to be condemned or there is deeper Pakistani planning behind them? You must have read in yesterday's paper our Deputy High Commissioner's despatch to Karachi. He has frankly described all these incidents as a planned matter. What is the reading behind the recently arrested cattle-dealer from Pakistan from whom was discovered a strategic map of vulnerable points in West Bengal? Sir, if you have read today's *Ananda Bazar Patrika* you will find that from Bhagabangola reports have come that army personnel from Pakistan have marched into the Indian territory to survey these vulnerable points and when they were found out they went back with gnashing teeth and with threats administered. Would it be news, Sir, to the West Bengal Government if I say that American Engineers, military Engineers, are supervising these first-line nuisance attacks? The Intelligence Branch reports of Nadia, Murshidabad and Malda will bear out every letter of what I am saying. Sir, simultaneously with this crooked, typical Pakistani proposals for another high level talk have been started. Whether the Government of India will be pleased with such talk while the enemy holds our territory and batters the frontier will be the concern of Pandit Nehru and Mr. Menon, both of whom are masters of words and phrases.

[9-10—9-20 a.m.]

Whether and how we get back such territories is not for this House to determine. Whether counter-offensive is called for as the best line of defence is for the Union Government to decide. What is more to the point,

however, for us to decide in the immediate context of things is how to prevent fresh and further depletion of the 176 mile long border territory that is West Bengal. The headquarters station of West Dinajpur is proposed to be shifted from Balurghat on the principle or probably the sole ground that it is within 18 to 20 miles of the Hili border of Pakistan. What then are we to do with our men and material which lie within 20 yards to 5 miles of Pakistan State? Shall we evacuate the land or hold firmly to the station?

The existing arrangements for guarding the frontiers with small looking sprinklings of toy border camps at big intervals are utterly inadequate and incompetent and this very look of inadequacy and incompetence is encouraging to the greedy neighbour.

West Bengal must have its own army of protection and liberation,—we have got our example in China and Russia, on the lines of Territorial Battalion as contemplated by the Indian Territorial Forces Act of 1920 and also Auxiliary Forces. I have got this schooling from my friend Mr. Satyendra Ghosh Maulik, who was at one time in charge of battalion before the independent days. In short, Sir, we must have our own national militia for West Bengal.

Dr. Roy some time past pleaded with Sardar Baldeo Singh for having a Bengal Battalion and for having more recruits from Bengal into the regular Indian Army. His efforts have not been very successful and may I tell you that our quota of 15,000 has been reduced by the India Government and West Bengal Government has not protested, and in this branch as in many others West Bengal is still a back-bencher in the Indian class room, but Dr. Roy can raise his own militia in West Bengal in order to supplement the needs of the exigency which is not a very costly affair. There is and will gradually be increasingly large quantities of land available to the Government on the wake of abolition of landlordism and these lands can be distributed in the border districts among the children of the soil including refugees in consideration of their being entrusted with the sacred trust of being soldiers in the army of liberation and protection. Such things were done in the past in India and there were Chakrans and military Jaigirdars. They used to hold lands not as personal benefits but as trustees for the State. And in the matter of training of these, Subhas Bose's disbanded I.N.A. personnel may be utilised for carrying short-term military training of these soldiers in the very locality itself.

Let us go ahead in this matter and give arms to all dependable persons, but it is not the military front alone, Sir, which will enable us to protect and guard our country from the invasion of the Pak forces. We have to improve our condition within because this outer line of defence has to be sustained by consolidating confidence inside. Can such confidence be generated unless people have food and employment? Will the commercial magnates or the mill-owners take the field behind the army, if need be? No, never. The whole burden will have to be borne by the average man who is dubbed as an agitator.

The grim picture of unemployment of Bengalee boys has already been given in this and the other House times without number ineffectively, ineffectually and *ad nausem*. In Durgapur, Sir, where Steel and Coke Oven Plant has been installed, three villages have been bodily uprooted, and do you know that not a single person belonging to any of these villages has got any job? There are refugees near about but not a single refugee has been given any berth. The combination of the 13 British companies styled

as "Cementation Patel Co." do not employ more than 1,500 Bengalis in a set-up of 14,000 employees. Contractors and sub-contractors who are Bengalees are squeezed out. In two years time several thousands have been put down in and outside Calcutta where the British firms used to employ a large number of Bengalis for supply of stationeries, other stores, hardware articles and for distribution of finished goods. These non-Bengali financiers have argued that they are employing their poor relatives as if Bengalees are not poor and certainly we cannot claim to be their relatives. In Tea Auction Board 4 British firms of brokers deal with 95 p.c. as against 3 Indian firms handling 5 p.c. and it looks as if the map of Bengal has been wiped out. All this is done on the nasty argument that Bengalis are trouble-shooters and that they form trade unions, but is it realised that for avoiding trade unions a whole nation is being roused to revolt? May I put in a word to the Hon'ble Minister for Labour who seems to have a feeling in him for the cause of the unemployed. I do not know whether he has advanced in the way of setting up an Unemployment Insurance Scheme on the lines wider than the one suggested recently by the Union Minister the Hon'ble Gulzarilal Nanda. I put in a question but that has been disallowed because the Labour Minister did not accept it. Sir, he is insisting upon employment through employment exchanges but he must also see that such employments are made serially according to entry, because you hold the telephone here and the employer also hold a telephone there and the employer would see that Bengalis are not taken and therefore the very purpose would be defeated. There should also be opportunities created for enlistment in the exchanges in the rural areas otherwise unemployment, ill-employment and under-employment in the villages will remain where they are, or else the whole purpose will be circumvented. Can he not also see that no removal is made except through a tribunal. This is very very urgently imperative. They will not only add to the security of the employed but it will save the State crores and crores of rupees every year. Because do you know what happens. An expert accountant, well he is a made-to-order brain and he has to carry out the behest and dictates of the employer. He has to manipulate figures for avoiding income-tax, sales tax and other duties. If he demands accuracy and honesty in sales tax, etc. he will be sacked. Therefore he cannot do it. This will save the State several crores every year in the evasion of taxes and duties, since the officers who manipulate entries in the accounts of big traders do so lest they are sacked through the displeasure of their employers. May I suggest, Sir, also in this connection that the Ministry of Labour be expanded into a Ministry for Employment so that the desired objective may be a very direct concern of the Treasury Benches. We talk of unemployment on the platform, we talk of unemployment in the press, the Hon'ble Minister also with equal helplessness go on talking and talking but they have no hand for taking any initiative or action in the matter. I would ask the Government, Sir, in the noble words of the famous Indian patriot Sir Tej Bahadur Sapru to "take the people into confidence so that they may have confidence in you." That is all, Sir.

[9-20—9-30 a.m.]

Sj. Mohitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, my friend, Dr. Sambhu Banerjee, who is unfortunately not here today was telling me yesterday that in discussing the budget and other affairs of the administration the Opposition is clearly in an advantageous position for they can attack and attack the Government without caring how far the attack is based on real lapses on the part of the Government. We on this side have not got that advantage. We have got to be cautious, we have got to be careful

in every observation we make so that we might not be accused of being either unreasoned admirers or unfair critics of the Government. Though belonging to this side we must also have to point out the clear lapses on the part of the Government, if there be any. We have got to make our observations on the budget, because the budget provides an occasion for annual stock-taking and for considering the debit and credit side of the Government. Some of our friends on the Opposition have pointed out the defects in the administration and also given specific instances of abuse or the supposed abuse of power on the part of the different Ministers. I have not stood here to defend the actions of the different Ministers. I am absolutely sure they will take note of the criticisms made by my friends on the Opposition and if they are found to be fair and reasonable, Government will certainly try to remove the defects in the administration.

I will confine my attention only to some general observations made by our friends. Sir, it is very difficult to criticise the budget: it is much more difficult to frame the budget, for it is not given to any Government to begin with a clean slate. This is particularly true with regard to the administration here. There have been commitments made in the past which the present Government, whether they like them or not, has got to respect, and, therefore it is not possible for them to write on a very clean slate. Sir, it has been said that the Government are leading us to disaster, because year after year they are presenting us with deficit budgets. We are tired of hearing this criticism. It is forgotten that progressive Government's budget cannot be a miser's budget. Any progressive Government has got to put up occasionally with a deficit budget, particularly where the country is poor. What is necessary is that Government ought to be on its guard to see that the expenditure incurred is not unremunerative or unprofitable. It has been pointed out times without number every year that although the Government is framing deficit budgets, the expenditure which is being incurred by them is remunerative expenditure. Only the other day Dr. Roy, while concluding the debates in the Lower House, pointed out once again this very clearly. Sir, it has been said that Government are indulging in fantastic schemes—unremunerative schemes. I do not really understand what they mean by that. Two instances are generally given by them to prove their point. During the last six or seven years I have been here I am tired of hearing this criticism: One is Kalyani and another is Deep Sea Fishing. With regard to Kalyani I will tell you one very interesting thing. The other day I was having a discussion with Dr. Jnan Majumdar, a member of the Communist Party. He pointed out to me that Kalyani had wonderful possibilities of development. I said, how is it that your partymen and other friends on the Opposition are constantly harping on the point saying that Kalyani is an unprofitable venture, Kalyani will land Bengal into insolvency? He told me in reply that they were wrong. He then said that the officers who are in charge of Kalyani do not like it to be a success. Therefore these officers are standing in the way of its development. I make this prediction that Kalyani has a very wonderful future and Dr. B. C. Roy will be remembered as one of our greatest benefactors for his schemes about Kalyani and other places which he has been trying to develop nearabout Calcutta to relieve the congestion of Calcutta.

Then I take up the question of Deep Sea Fishing. I do not really understand what is wrong there about this Deep Sea Fishing Scheme. They are only trying to develop the immense possibilities of West Bengal's sea fishing. I admit that this Deep Sea Fishing Scheme has not been hitherto a wonderful success which somebody expected it to be but the Scheme is

on the right lines. But I believe, in one or two years, this will prove a tremendous success. In this connection I will refer to one thing. When the new State Transport system was introduced many of my friends said that this was a needless expenditure of money and it was bound to be a failure. Now is there anybody in the country who does not testify to the very commendable service which is being given by it to the travelling public of West Bengal? No, for State Transport service has been an unqualified success. The same would be the case with the Deep Sea Fishing Scheme of the Government. If I may refer to another scheme of Dr. Roy, the Underground Railway Scheme, that will also be a success.

Then, Sir, it has been said that the Government has not been able to solve the unemployment problem. Quite true. But only the other day we read in the newspapers about the acute unemployment problem in Great Britain also. The acuteness of the problem is undisputed but what is the remedy? The remedy is to create more avenues of employment, the remedy is to reform the system of education which stands in the way of Bengali youths getting out of the University to look to any other job than service. What could the Government do in this matter? They could try to remodel the system of education so that the products of Secondary Schools, products of the University may be more realistic in their outlook and able to earn their livelihood through other avenues than service. They are trying to do this.

[9-30—9-40 a.m.]

As regards more avenues of employment, in order to do this industries will have to be developed and wealth of the country has got to be increased. Unless the wealth of the country is increased, unless Bengal becomes much more prosperous than she has been hitherto, no problem of unemployment, no problem of development has the least chance of being successfully dealt with.

Yesterday one of my friends in the Opposition was telling us that those labourers who are engaged in relief work do not get sufficient wages. It is quite true, but then where is the money with which to give them the increased wages. As I told you, no Government can begin on a clean slate. If it were given to the Government to write on a clean slate, many things could have been done but we have to write on the slate on which writing is being done for 100 years. Therefore, Sir, that criticism of the Government does not move me.

Then somebody was telling us that unemployment doles should be paid. Yes, it should be, but Sir, unemployment doles for a poor country like India—for much poorer West Bengal—Is this not unthinkable? Is it possible for us to introduce this scheme? My friends on the Opposition who have no burden of responsibility on their shoulders can indulge in such talks. That is clearly playing to the gallery. Sir, you must take into account the grim fact that we have not got money. From this House often times I have said that the position of the Government here is that of a housewife who has only one-pice of milk in her store but has got to meet the demands from several members of the household. How will the Government get the required money? Therefore, Sir, we have got to tolerate for the time being the sufferings which we find all around us. It will not solve any problem to become impatient. Only we must see that we have put our shoulder to the wheel, we must see that we have been moving in the right track for the solution and I believe in spite of occasional lapses on the part of the Government, of which, I hope they will take note and try to reform, they are on the right track, they are moving rightly.

Now, Sir, I would give one advice to my friends here. My friend, Mr. K. P. Chattopadhya about a year ago was taunting me by saying 'Mohitosh Babu was giving advice to one and all.' In spite of that I will have the audacity to offer this advice to our friends again—do not hamper production by encouraging so many strikes, do not run about fomenting labour troubles. I think in this matter my friends on the Congress side also are guilty to some extent. Trade-unionism is very good, demand for the rise of wages of workers is very good; but at the same time we must bear this in mind that the people of the country in which we live are so very poor that we must have to concentrate much greater attention on the problem of production.

Sir, only this morning I was reading an excellent article by Mr. Arun Guha in the *Hindusthan Standard*. He says that the acuteness of the unemployment problem in Bengal is being more accentuated by certain attitude which has been developed in the Bengalee youths. No industrialist likes to employ Bengalees. Not only that: not even any landlord is inclined to let out his house to the Bengalees because of the tendency on their part to create trouble. This tendency has got to be checked. I will appeal to my friends on the Opposition to do their utmost to see that this sort of mentality is not further developed.

Sir, the strike in the Bengal Chemical has been referred to by my friend Sj. Annada Prosad Choudhuri who is a very able man and always bases his argument on facts. But does my friend realise that this strike is being encouraged and fostered by non-Bengali people who are interested in seeing this great chemical enterprise of Bengal in ruins? If he has got any influence over the strikers in the Bengal Chemical he must try and induce them to end the strike.

[At this stage the blue light was lit.]

Sir, I want to speak for 25 or 30 minutes. There are not many speakers from this side of the House. I would appeal to you to give me some more time.

Mr. Chairman: You may have a little more time.

Sj. Mohitosh Rai Choudhuri: Thank you, Sir. As the time is short I would confine my observations only to the criticisms of the Education Ministry by my friend Sj. Satya Priya Roy who is a great educationist. I am a very humble man but I was doing my best in the Education line for the last 45 years. So I have got some right to speak on the subject of education. My friend Sj. Roy is fond of constantly saying one thing namely that the Government have got no educational policy worth the name and that in the name of improving education they are bringing about the ruination or destruction of education. I think my friend Sj. Nirmal Bhattacharyya brought into existence an organisation some time back—I do not exactly remember its name—whose object was to prevent this, 'killing of education' by the Government. I am glad to hear from Prof. Bhattacharyya that it was not so absurd as that and that it was called Educational Reforms Association. For in the execution of the educational policy of the Government there might be some lapses on their part and it would be the duty of every educationist in Bengal—every person interested in education—to point them out soberly and with moderation. But Sir, is it not fantastic to suggest that Government have no educational policy or that they are trying to destroy the country's education. It has been said by my friend Sj. Satya Priya Roy that by asking the teachers to appear before the Public Service Commission Government did a very great wrong. Sir, I do not agree with that view I think some sort of screening of the good from

bad teachers is absolutely necessary. I am a teacher and placing my hand on my heart I can say that for the good of the teachers themselves such screening is desirable. Of course technically it was wrong to entrust this work of selection to the Public Service Commission. The High Court has also held this to be technically wrong. At the same time, it was held that this attempted selection was a laudable move. Therefore I would ask my friend Sj. Satya Priya Roy and his friends not to ask for the employment and promotion of every teacher irrespective of his qualification. At the same time they have been very right in emphasising that the teachers' salary should be increased much more. Pandit Jawaharlal Nehru has been telling us for the last one year a thing which my humble self has been saying for the last 10 years. That is, that instead of wasting so much money on buildings and other things, increment of teachers' salary should be given priority.

[9-40—9-50 a.m.]

I was glad to read in yesterday's paper that the Andhra Government had adopted this principle. Andhra Government has issued a circular that all the expenditure on buildings should be cut down and greater attention should be paid to the problem of teachers' salary. The Andhra Government has also made another innovation. My friend, the Education Minister, is here. I would request him to take note of this. They have made no distinction, while increasing the salary between the teachers in rural area and the teachers in the municipal area. They have given increment to all. Here our Government has been always laying emphasis on this distinction. It is said by them that teachers in the municipal area are the charge of the municipalities and, that therefore, the question of increasing their salary is a question with which the municipalities are concerned. I agree that in a legal sense they are right but when the municipalities are not doing their duty, is it not the duty of the Government to bring about a comprehensive legislation to deal with the problem of primary education of the whole State? I would ask the Education Minister to take a note of this.

Mr. Chairman: How long will you take Mr. Rai Choudhuri: Fifteen minutes were only suggested.

Sj. Mohitosh Rai Choudhuri: I shall take a few minutes more and I shall be finishing soon.

There is also another thing. It has been said by Sj. Satya Priya Roy and very correctly I believe, that the planning is being done at the Secretariat without taking the advice from any educationists from outside. Now, Sir, the Secondary Education Board is non-existent. Therefore, in planning the development of secondary education, it would be proper on the part of the Government to consult independent educational authorities. The same charge is made against them in so far as planning of Primary Education is concerned. It is said that they are not taking the advice of even the Central Primary Education Committee or the Central Basic Education Board. I say this is bad: they should seek and take into consideration, the advice from non-official educational experts.

Then, Sir, I will refer to another thing. My friend, Professor Raj Kumar Chakravorty referred to this in the papers the other day. He said that the Government was not doing anything to give the non-official colleges the matching grant. I have made enquiries in this matter and I think I can assure the House that Government is very very earnest about this matter. There is however some bottleneck somewhere. Owing to this, the teachers in non-Government colleges are not getting the salary which they deserve. I would entreat the Education Minister to see that this bottleneck is

removed. There are many other things to be dwelt upon, but as my time is short and as my friend, Mr. Chairman has already given me warning, I must stop. Before, however, I resume my seat I would appeal on the one hand to the Opposition not to indulge in unfair criticisms and on the other appeal to the Minister to take note of the criticisms made by my friends on the Opposition and I hope that he would consider and try to remedy the lapses, if there are any, on the part of his administration.

Thank you, Sir.

Sj. Santosh Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই পরিষদে কলকাতা শিক্ষককেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি। বাজেটের উপর যে সাধারণ আলোচনা গতকাল থেকে শুরু হয়েছে সেই বাজেট অনুধাবন ক'রে আমার শুধু এইটুকুন মনে হচ্ছে যে এই বাজেট, আর যাই হোক, জনকল্যাণ-মূলক রাষ্ট্রের বাজেট নয়। মাননীয় সভাপতি মহাশয়, আমি আমার বক্তব্য শিক্ষা সমস্যার উপর প্রধানতঃ সীমাবদ্ধ রাখব এবং পরিশেষে সময় হ'লে অন্য দু'-একটি বিষয় সংযোগে আপনার সম্মুখে আমার বক্তব্য উপস্থিত করব। বাজেটে শিক্ষা খাতে এই বৎসর মোট ব্যয় দেখানো হয়েছে ১৬ কোটি ২০ লক্ষ ২৫ হাজার টাকা। এই টাকার অঙ্ক দেখে অনেকে হয়তো আত্মপ্রসাদ লাভ করতে পারেন। কিন্তু যেভাবে আজকে পশ্চিমবাংলার শিক্ষানীতি পরিচালিত হচ্ছে তাতে আত্মপ্রসাদ লাভের কারণ নেই। শিক্ষার দুটো দিক থেকে আমি আমার বক্তব্য রাখব। প্রথমতঃ মাধ্যমিক শিক্ষা সম্পর্কে বলব। সভাপতি মহাশয়, আপনার নিশ্চয় স্মরণ আছে যে, মাধ্যমিক শিক্ষকদের যে বিরাট অনশন সত্যাগ্রহ সংগ্রাম এই বৎসরের ফেব্রুয়ারি মাসে হয়েছিল এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কতকগুলো প্রতিশ্রুতির মধ্য দিয়ে এই সংগ্রামের পরিসমাপ্তি হয়েছিল। একটু আগে অপর পক্ষের প্রবীণ সদস্য মহীতোষবাবু ব'লে গেলেন যে নিডলেস ক্রিটিসিজম করা উচিত নয় এবং মডারেটভাবে আমাদের বক্তব্য পেশ করা উচিত। আমরা নিখিলবঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে শত শতবার করজোড়ে মন্ত্রিমণ্ডলীর কাছে শিক্ষক সমাজের সমস্যা সমাধানের জন্য আবেদন নিবেদন করেছি, সহযোগিতার হস্ত সম্প্রসারিত করেছি, কিন্তু বেদনার বিষয় যে বারবার আমাদের সেই সহযোগিতার হস্ত প্রত্যাখান করা হয়েছে। সেজন্য গভীর বেদনার সঙ্গে পশ্চিমবাংলার মাধ্যমিক শিক্ষকদের আন্দোলনের পথে নামতে হয়েছে, রাজভবনের সামনে রাজপথে বসে থাকতে হয়েছে, আবার ওয়েলিংটন স্কোয়ারে অনশন সত্যাগ্রহ করতে হয়েছে। এজন্যই এটা আজ সমগ্র পশ্চিমবাংলার সভ্য সমাজের কাছে দুঃখের বিষয়, পরিতাপের বিষয়। পশ্চিমবঙ্গ সরকার ১৯৫৭ সালের শেষ দিকে মাধ্যমিক শিক্ষকদের জন্য একটা নতুন বেতনের হার ঘোষণা করেছিলেন। মাননীয় সভাপতি মহাশয়, আপনি বোধ হয় অবগত আছেন যে ১৯৫৪ সালে অগাস্ট মাসে এই পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক নিযুক্ত দে কমিশন যে বেতনের হার সুপারিশ করেছিলেন সেটা এখনও প্রবর্তিত হয় নি। কিন্তু ১৯৫৭ সালের পশ্চিমবঙ্গ সরকার যে বেতনের হার প্রবর্তন করেছেন সেটা দে কমিশন প্রস্তাবিত বেতনের হার অপেক্ষা অনেক কম। ১৯৫৪ সালে দেশের জীবিকার মূল্যমান যেরকম ছিল তার থেকে ১৯৫৮ সালে জীবিকার মূল্যমান, জিনিসপত্রের মূল্য অনেক গুণ বেড়ে গেছে। এমন কি দে কমিশন তাঁর বক্তব্যের মধ্যে পরিষ্কার বলেছেন যে, 'রাইজ ইন দি প্রাইস ইনডেক্সের সঙ্গে সমতা রক্ষা ক'রে এটা করার দিকে নজর দেওয়া উচিত। দে কমিশন যেটা দিয়েছিলেন সেটা সম্বন্ধে দু-একটা কথা বলব। দে কমিশন একজন ট্রেন্ড গ্র্যাজুয়েটএর ১০০ থেকে ২৫০ টাকা বেতনের হার নির্ধারণ করেছিলেন—১০০ থেকে ২০০ টাকা পর্যন্ত প্রতি বছরে ৫ টাকা ক'রে এবং ২০০ থেকে ২৫০ টাকা পর্যন্ত ১০ টাকা ক'রে বৃদ্ধি হবে।

[9-50—10 a.m.]

এই যে হার, এই হার তারা সুপারিশ করেছিলেন ১৯৫৪ সালে, আর আজকে ১৯৫৭-৫৮ সালে দ্রব্যমূল্য যখন বহুগুণ বেড়ে গেছে তখন তারা ট্রেন্ড গ্র্যাজুয়েটদের যে বেতনের হার প্রবর্তন করতে যাচ্ছেন সেটা হচ্ছে ১০০ থেকে ২২৫ টাকা এবং ৫ টাকা ক'রে ইনক্রিমেন্ট প্রত্যেক বছরে দেবেন এবং শেষ ইনক্রিমেন্ট অর্থাৎ ২৪ বছর চাকরী করার পর লাস্ট ইনক্রিমেন্ট হবে

১০ টাকা। এর চেয়ে পরিতাপের বিষয় আর কি হ'তে পারে তা আমি জানি না। মাননীয় সভাপতি মহাশয়, শুধু যে ট্রেন্ড গ্র্যাজুয়েটদের প্রতি অবিচার করা হয়েছে, তা নয়, সমস্ত শ্রেণীর মাধ্যমিক শিক্ষকদের প্রতি যে অবিচার করা হয়েছে সেটা আমি আপনার সামনে উপস্থিত করতে চাই। প্রধান শিক্ষকদের সম্বন্ধে দে কমিশনের সুপারিশ ছিল ১৭৫ থেকে ৪৫০ টাকা এবং তাঁদের অন্যান্য যে সুপারিশ ছিল আজকে যে বেতনের হার পশ্চিমবঙ্গ সরকার প্রবর্তন করতে যাচ্ছেন সেটা তার চেয়ে অনেক নীচু। নিখিলবঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে আমরা যে স্মারকলিপি দাখিল করেছিলাম সেই স্মারকলিপিকেও তারা অগ্রাহ্য করেছেন এবং আজকের দিনের পক্ষে সম্পূর্ণ অনুপযুক্ত একটা বেতনের হার তারা দিয়েছেন। মাননীয় সভাপতি মহাশয়, তারা পাস কোর্স গ্র্যাজুয়েটদের কোনরকম বেতনের হার দেন নি, অভিজ্ঞতার কোনরকম মূল্য দেন নি—একটিমাত্র ইনক্রিমেন্ট ৫ টাকা অথবা বড় জোর ১০ টাকা, কোন কোন ক্ষেত্রে, ২০।৩০।৪০ বছর শিক্ষকতা করার পর একটিমাত্র ইনক্রিমেন্ট নতুন বেতন-হারে তাঁরা লাভ করবেন—সেটা দয়াপরবশ হয়ে পশ্চিমবঙ্গ সরকার দিয়েছেন। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, তাঁকে আমি অনুরোধ করব এ বিষয়ে তিনি যেন বিশেষভাবে বিবেচনা করার চেষ্টা করেন। মাননীয় সভাপতি মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর বিভিন্ন বক্তৃতায় অনেক সময় ইংলন্ডের শিক্ষা ব্যবস্থার উদাহরণ দেন। আমি তাঁকে বলব যে ইংলন্ডে স্যালারী কমিটি রয়েছে। লোক্যাল এডুকেশনাল অথরিটি প্যানেল, টীচার্স প্যানেল এবং গভর্নমেন্ট প্যানেল নিয়ে গঠিত স্যালারী কমিটি রয়েছে। ইংলন্ডে স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষের হাতে লোক্যাল এডুকেশনাল অথরিটিজএর হাতে শিক্ষার সম্পূর্ণ অধিকার রয়েছে এবং সেই স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ এবং শিক্ষকদের যুক্ত প্যানেল তারা সব সময় অনুমোদন করেন। সেই বার্নহাম কমিটির মত কমিটি, স্যালারী কমিটি পশ্চিমবাংলায় তারা নিযুক্ত করুন। সেখানে সরকারপক্ষের লোক থাকুন, স্থানীয় অন্যান্য ব্যক্তিবর্গ থাকুন এবং শিক্ষকদের প্রতিনিধি থাকুন—এইভাবে বেতন কমিটি নিযুক্ত ক'রে তাঁরা বেতনের ব্যাপারে বিচার-বিবেচনা করার ব্যবস্থা করুন। ফিক্সেশন অব স্যালারী সম্বন্ধে একটা কথা বলব। মাননীয় সভাপতি মহাশয়, আপনি বোধ হয় অবগত আছেন যে নতুন যে বেতনের হার কলেজীয় শিক্ষকদের জন্য প্রবর্তন করতে যাচ্ছেন তাতে প্রতি ৩ বছরের অভিজ্ঞতার জন্য একটা ক'রে ইনক্রিমেন্ট ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন দিচ্ছেন। আমি মন্ত্রিমহাশয়কে এবং আমাদের যেসমস্ত শিক্ষক বন্ধুরা রয়েছেন তাঁদের অনুরোধ করব যে আমাদের যে প্রস্তাবিত দাবী রয়েছে ১৯৪৮ সাল থেকে যেদিন থেকে গ্র্যান্টস-ইন-এড ব্যবস্থার প্রবর্তন হয়েছে—সে অভিজ্ঞতাকে আপনারা বিচার করুন, সেটা যেন একটু বিবেচনা করেন এবং পুরাতন অভিজ্ঞতার জন্য—অন্ততঃ প্রতি ৫ বছরের অভিজ্ঞতার জন্য একটা ক'রে ইনক্রিমেন্ট দেবার ব্যবস্থা করুন।

মাননীয় সভাপতি মহাশয়, আজকে যখন বেকার সমস্যা সম্বন্ধে উল্লেখ করা হয়েছে, নানা বিষয়ের অবতারণা এই পরিষদে করা হয়েছে, আমি শুধু স্মরণ করিয়ে দিতে চাই, যদিও মুখ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত নেই, তাঁর প্রতিশ্রুতি ছিল যে অনশন সত্যাগ্রহের পরে নিখিলবঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে যে প্রতিনিধিদল আমরা তাঁর সঙ্গে আলোচনা করেছিলাম, সেই প্রতিনিধিদলের অন্যতম সভ্য আমি ছিলাম—মুখ্যমন্ত্রী মহাশয় পরিষ্কারভাবে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ম্যাট্রিকুলেট এবং নন-ম্যাট্রিক, ভি এম, যেসমস্ত শিক্ষক রয়েছে—১,২০০ শিক্ষক এই পশ্চিমবঙ্গে—তাদের চাকুরী কোনো রকমে ক্ষতিগ্রস্ত করা হবে না বা ছাঁটাই করা হবে না। কিন্তু দুঃখের সঙ্গে, মাননীয় সভাপতি মহাশয়, আজকে জনকল্যাণ-মূলক রাষ্ট্রের কথা বলা হচ্ছে, আজকে সমাজতন্ত্রের কথা বলা হচ্ছে, কিন্তু একই সঙ্গে এই পশ্চিমবাংলার বুকের উপরে দীর্ঘ ৩০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ঐ ম্যাট্রিকুলেট এবং নন-ম্যাট্রিকুলেট ও ভি এম, শিক্ষকদের উপরে ছাঁটাইয়ের খড়্গ ঝুলিয়ে রাখা হচ্ছে। এটা অত্যন্ত গভীর দুঃখ ও পরিতাপ এবং লজ্জার বিষয়। মাননীয় সভাপতি মহাশয়, এর পরেই আমি যেকথা বলতে চাই সেটা হচ্ছে শিক্ষামন্ত্রী মহাশয় পণ্ডিত লোক, রবীন্দ্রনাথের "তোতা কাহিনী" গল্পের সঙ্গে নিশ্চয়ই তিনি পরিচিত। যে মালটি-পারপাস স্কুলের নামে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে তার পরিণাম কি হবে আমি জানি না। আমার নিজের অভিজ্ঞতা

থেকে শুধু আমি এইটুকু বলতে পারি, আমি যে স্কুলে শিক্ষকতা করি সেই স্কুল মালটি-পারপাস হয়েছে, সেই স্কুলের অভিজ্ঞতা থেকে এই পরিষদের সামনে আমি এইটুকু বলতে পারি যে সমগ্র পরিকল্পনা ব্যর্থ হয়েছে। ১ লক্ষ ৫ হাজার ক'রে তারা টাকা দিচ্ছেন, শতকরা ১২॥ টাকা স্কুলকে দিতে হবে আদার সোর্স থেকে এই শর্তে—সেখানে বিল্ডিং করবার ব্যবস্থা হচ্ছে, শিক্ষক নেই, সেখানে এমন ব্যবস্থার সৃষ্টি হয়েছে যে সেখানে রুটিন করা যায় না, ক্লাস ম্যানেজ করা যায় না। আমি শুধু এঁখানে একটা কথা বলতে চাই, আমার স্কুলে আমরা রুটিন করতে পারছি না—কেন না যে সিলেবাস দেওয়া হয়েছে সেই সিলেবাস অত্যন্ত গুরুভার। মাননীয় সভাপতি মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হবেন, আপনি আমাদের পশ্চিমবাংলার বিদ্বৎসমাজের শিরোমণি, আপনি শুনলে আশ্চর্য হবেন ১৩।১৪।১৫ বছর বয়স্ক বালকবালিকাদের জন্য এই পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগ যে সিলেবাস রচনা করেছেন তাদেরকে হিস্ট্রি অব বেঙ্গলী লিটারেচার পড়তে হবে। তাদেরকে চর্যাপদ পড়তে হবে ক্লাস নাইনএ, তাদেরকে শ্রীকৃষ্ণকীর্তন পড়তে হবে, তাদেরকে মনসামঙ্গল চণ্ডীমঙ্গল পড়তে হবে। আমি বুঝতে পারি না এই ১৩।১৪।১৫ বছর বয়স্ক সুকুমারমতি কিশোর-কিশোরীদের পক্ষে এই চর্যাপদ পড়ার কি আবশ্যকতা আছে? আমি বুঝতে পারি না এই যে সিলেবাস করা হয়েছে এইরকম একটা অদ্ভুত সিলেবাসের কি প্রয়োজনীয়তা আছে? একমাত্র প্রয়োজনীয়তা হয়তো, তাঁরা কি মনে করেছেন জানি না, আমার মনে হয় সুকুমারমতি বালকবালিকাদের শিক্ষার জীবনকে শেষ ক'রে দেবার প্রচেষ্টা ছাড়া আর কিছুই নয়। মাননীয় সভাপতি মহাশয়, মালটি-পারপাস স্কুলের আরও দুই-একটা উদাহরণ আমি আপনার সামনে রাখতে চাই। ক্র্যাফট ব'লে একটা পদার্থ ইন্ট্রোডিউস করা হয়েছে। ক্র্যাফটের মধ্যে আমরা আমাদের স্কুলে টেলারিং ক্র্যাফ্‌ট ইন্ট্রোডিউস করেছিলাম, দর্জি একজনকে পাওয়া গেল—বোর্ডএর সার্কুলার হচ্ছে ম্যাট্রিক পাস দর্জি চাই; আজকের দিনে ম্যাট্রিক পাস টেলর পাওয়া খুব কঠিন। অনেক চেষ্টাচরিত্র করার পরে একজন ম্যাট্রিক পাস দর্জি পাওয়া গেল। তারপর তিনি যখন ক্লাস করতে এলেন—আমি শিক্ষক হিসাবে এই পরিষদে বলছি ছাত্ররা এসে তখন আমাকে জিজ্ঞাসা করল "স্যার, আপনাদের তো স্যার বলি, ওকে কি বলব; উনি দর্জি, খলফিার দোকান করেন—ওকে কি স্যার বলতে হবে?" তারপরে টেলারিং একবছর ধরে চলল। তারপরে হঠাৎ সার্কুলার গেল যে টেলারিংটা

It is not meant for the boys, it is for the girls.

এক বছর ক্লাস চলার পরেতে কাপড় দেওয়া সম্ভব নয়, কেন না দরিদ্র অভিভাবকদের পক্ষে প্রত্যেক দিন গজের পর গজ কাপড় কিনে স্কুলের ছেলেমেয়েদের দেওয়া সম্ভব নয়। সরকার কাপড় কিনে দেবার কোন ব্যবস্থা করেন নি। অগত্যা খবরেরকাগজ কাটা শুরু হ'ল।

[10—10-10 a.m.]

তারপর এক বছর ধ'রে যদিও খবরেরকাগজ কেটে সার্ট ও প্যান্ট কাটা কিছুটা আয়ত্ত করল, কিন্তু তখন একটা সার্কুলার গেল এই বলে যে আর টেলারিং শেখানো চলবে না। অথচ সিলেবাসে ক্র্যাফ্‌ট শেখানোর কথা রয়েছে, এবং সেই ক্র্যাফ্‌টএর মধ্যে কোন জায়গাতেই একথা বলা নেই যে

tailoring is meant only for the girls and not for the boys.

মাননীয় সভাপতি মহাশয়, এইভাবে প্রহসন চলেছে। তারপর সিলেবাসএ যে কোর্স ইন্ট্রোডিউস করা হয়েছে তার ইকনমিক্সের প্রথম পাঠ্য বিষয় হচ্ছে, ন্যাশনাল ওয়েলথ, বা জাতীয় আয়। মাননীয় সভাপতি মহাশয়, আপনার কাছে আমি এইটুকু বলতে চাই এই 'জাতীয় আয়' সম্বন্ধে বি-এ ক্লাসের একজন ছাত্র ঠিকমত বলতে পারবে কি না, সেটা বিবেচনা ক'রে দেখবেন। এইভাবে সিলেবাস রচনা করে, লক্ষ লক্ষ টাকা খরচ ক'রে, আমাদের দেশের ছেলেদের যে শিক্ষা দেবার ব্যবস্থা করা হচ্ছে, তা অত্যন্ত পরিতাপের বিষয়। মাননীয় সভাপতি মহাশয়, আমার মুর্শিদাবাদ জেলার একটা স্কুলের উদাহরণ দেব। সেটার নাম হচ্ছে—সাদিখাঁর দিয়াড় বিদ্যা-নিকেতন, এবং এটা একটা মালটি-পারপাস স্কুল, এর জন্য লক্ষাধিক টাকা খরচ করা হয়েছে। কংগ্রেসের প্রেসিডেন্ট অতুল্য ঘোষ মহাশয় ও এডুকেশন সেক্রেটারী মিঃ ডি, এম, সেন সেই স্কুল পরিদর্শন করতে যান এবং তাদের জন্য প্রচুর খানাপিনা, ধুমধাম হয়েছিল। এই সাদিখাঁর দিয়াড় বিদ্যানিকেতনের জন্য এক বছরে লক্ষাধিক টাকা খরচ করা হয়েছে, কিন্তু

বর্তমানে তার কি অবস্থা হয়েছে। এখানে এগ্রিকালচারাল কোর্স পড়ানো বন্ধ হয়ে গিয়েছে। সেখানে একজনমাত্র এগ্রিকালচারাল গ্র্যাজুয়েট যিনি গিয়েছিলেন, তিনি অন্যত্র বেশি মাইনেয় চলে গিয়েছেন, পাড়াগাঁয়ে থাকতে চাইলেন না। আজ প্রায় এক বছর ধ'রে সেখানে সমস্ত অ্যাপারেটাস, ইমপ্লিমেন্টস অকেজো হয়ে পড়ে আছে। এর কৈফিয়ত কে দেবে? আমরা নিখিলবঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে এইকথা বলেছিলাম যে একটা ফেজড প্রোগ্রাম নিন। আমরা পরিষ্কার ক'রে বলেছিলাম ১৫ বছরের যদি একটা ফেজড প্রোগ্রাম নেন এবং তার জন্য ১৫ কোটি টাকা ব্যয় করেন তা হ'লে ৮০টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রত্যেকটিকে ধীরে ধীরে নিয়ে উন্নয়ন করা সম্ভব হবে, রাতারাতি আলাদিনের আশ্চর্য প্রদীপের মত পরিবর্তন করা যায় না, তাতে শুধু বিপর্যয় সৃষ্টি হয়, শিক্ষার প্রসার হয় না, শিক্ষার সংহার অবশ্যম্ভাবী।

মাননীয় সভাপতি মহাশয়, এর পরে আমি প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আমার দু-একটা বক্তব্য আপনার সম্মুখে উপস্থাপিত করব। প্রথমত হচ্ছে স্কুল বোর্ড। এই স্কুলবোর্ডগুলির কম্পোজিশনটা একেবারে অদ্ভুত। এখানে এস ডি ও,রাই সাবডিভিশনের মধ্যে হচ্ছেন প্রধান, এবং ইউনিয়নবোর্ডের দুইজন ইলেকটেড প্রতিনিধি ও জেলাবোর্ডের চার জন প্রতিনিধি এখানে থাকেন। কিন্তু প্রাইমারী টীচার্সদের প্রতিনিধি মাত্র একজন এখানে আছেন। মাননীয় সভাপতি মহাশয়, আরও অদ্ভুত ব্যাপার, হয়তো আপনি জানেন যে কতকগুলি জেলাতে টিচার্স রিপ্রেজেন্টেটিভ নির্বাচিত হন, কিন্তু মেদিনীপুর, চব্বিশ-পরগনা জেলাতে সরকারের পেটোয়া প্রতিষ্ঠানের প্রতিনিধিরা সেখানে যান। কোন শিক্ষকদের নির্বাচিত প্রতিনিধির জন্য সেখানে স্থান নেই।

মাননীয় সভাপতি মহাশয়, আমি আরও দুটো বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করব। একটা হচ্ছে ট্রান্সফার—খামখেয়ালীর মত ট্রান্সফার করা হয়। একটা উদাহরণ দেব—বর্ধমান জেলাতে যে ঘটনা ঘটে সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সে সম্বন্ধে বলব। বর্ধমানে সাধনপুর জুনিয়ার বেসিক স্কুলের শিক্ষক, শান্তিপ্রসাদ ব্যানার্জী, তাকে ট্রান্সফার করা হয় ১৯৫৭ সালের ৫ই জুন তারিখে, অর্থাৎ গত সাধারণ নির্বাচনের পরে। তার অপরাধ কি? তার অপরাধ হচ্ছে, তিনি বর্ধমান স্কুল বোর্ডের প্রেসিডেন্ট এবং জেলা কংগ্রেসের সেক্রেটারী শ্রীনারায়ণ চৌধুরীর পক্ষে নির্বাচনী প্রচার করতে অস্বীকৃত ছিলেন। সেই অপরাধে সাধনপুর জুনিয়ার বেসিক স্কুল থেকে তাকে বদলি করা হ'ল তার বাসস্থান থেকে ৭০ মাইল দূরে। আসানসোল শহরে ঢাকেশ্বরী জুনিয়ার বেসিক স্কুলে তাকে বদলি করা হ'ল। তারপর তিনি সেখানে যাবার পর জেলা স্কুলবোর্ডের প্রেসিডেন্ট শ্রীনারায়ণ চৌধুরী মহাশয়ের এবং তাঁর মধ্যে যেসমস্ত চিঠিপত্র আদানপ্রদান হয়েছিল, সেই সমস্ত কথা আমি জানি। এইসমস্ত তথ্য আমার কাছে আছে, আমি সমস্ত জেনেশুনেই এই কথা বলছি। তারপর সাধনপুর জুনিয়ার বেসিক স্কুলে, সেই পোস্ট খালি হলে, শ্রীশান্তিপ্রসাদ বাবু আবেদন করলেন প্রেসিডেন্ট, স্কুল বোর্ডের কাছে যে আমাকে পুনরায় পুরানো জায়গায় নিয়ে যাওয়া হোক, আমি আসানসোলে গিয়ে গুরুতর অসুস্থ হয়ে পড়েছি। ঢাকেশ্বরী জুনিয়ার বেসিক স্কুলের প্রেসিডেন্টও তাঁকে লিখে জানান। তা সত্ত্বেও নেওয়া হ'ল না। জেলা স্কুলবোর্ডের প্রেসিডেন্ট বললেন মহিলা শিক্ষয়িত্রী দিয়ে সে পদ পূরণ করবেন। তারপর লেটেস্ট পজিশন হচ্ছে সেখানে আবার আর একটি পদ খালি হয়েছিল, সে পদও মহিলা শিক্ষয়িত্রী দিয়ে পূরণ করা হয় নাই ; সে পদ পূরণ করা হয়েছে পুরুষ শিক্ষক দিয়ে। নেহাত প্রতিহিংসাবশতই শান্তিপ্রসাদবাবুকে ৭০ মাইল দূরে বদলি করা হয়েছে।

আর একটা হচ্ছে স্পেস্যাল কেডারএর কথা। রাজনৈতিক কারণে তাঁরা ছাটাই হয়ে যাচ্ছেন। স্পেশ্যাল কেডার সম্বন্ধে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে ইনটেলিজেন্স ব্রাঞ্চএর গভীর যোগাযোগ রয়েছে। ইনটেলিজেন্স ব্রাঞ্চএর রিপোর্টের ভিত্তিতে যে-কোন শিক্ষককে ছাঁটাই করা হয়। এই সম্পর্কে বহরমপুর জেলার কথা বলতে পারি, অসংখ্য উদাহরণ দিতে পারি, কিভাবে সেইসমস্ত শিক্ষক ছাঁটাই হয়েছে। ১৯৫৬ সালে আন্দুলবাড়িয়া জুনিয়ার বেসিক স্কুলের নীহার সরকারকে স্পেশ্যাল কেডারএর শিক্ষক পদ থেকে ছাঁটাই করা হ'ল পুলিস রিপোর্টে। তিনি তার কারণ জানেন না। এমন কি কর্তৃপক্ষের কাছ থেকেও সে সম্বন্ধে কোন জবাব মেলে নি।

আর একটা কথা বলব। ১৯৪৮ সালে স্বাধীনতা পাবার পর ঠিক পরের বছরে, মাননীয় সভাপতি মহাশয় নিশ্চয়ই অবগত আছেন, স্কুলবোর্ডের প্রাথমিক শিক্ষকরা যে সামান্য বেতন ৫২৷৷ টাকা ও ৬২৷৷ টাকা, তা কত অনিয়মিতভাবে পেয়ে থাকেন। এই সামান্য বেতনের টাকা দীর্ঘ তিন-চার মাস পর্যন্ত বাকি থাকে। এটা যেন একটা ক্রনিক ডিজিজএ দাঁড়িয়ে গেছে। সতীশ প্রামাণিক অনিয়মিতভাবে শিক্ষকদের বেতন দেবার জন্য আত্মহত্যা করেছিলেন। তাঁর ক্রন্দনধ্বনি তখন সমগ্র প্রাথমিক শিক্ষকদের মধ্যে এক বিরাট আলোড়ন জাগিয়েছিল। এখনো সেই অবস্থার খুব বেশি পরিবর্তন হয়েছে বলে মনে হয় না।

দেশের অগ্রগতির কথা আমাদের মন্ত্রীরা বলে থাকেন। খাদ্যমন্ত্রীর পরিসংখ্যান দেখলাম ৮৬ বছর আগের ১৮৭২ সালের সঙ্গে বর্তমান খাদ্যপরিস্থিতির তুলনা করেছেন। এই হচ্ছে অগ্রগতির নমুনা! কিন্তু মেদিনীপুর, চব্বিশ পরগনা ও হুগলী এই তিনটা জেলার নাম করতে পারি—এখানেও মোটামুটি এই অব্যবস্থা, অনিয়মিতভাবে বেতনদান চলে আসছে।

ওয়েস্ট দিনাজপুর ও পুরুলিয়া—এই দুটো জেলার প্রাথমিক শিক্ষকদের সম্বন্ধে দু-একটি কথা উপস্থিত করতে চাই। ১৯৫৬ সালের পয়লা নবেম্বর তারিখে কিষেনগঞ্জ পূর্ণিয়া জেলা থেকে বিচ্ছিন্ন হয়ে পশ্চিমবঙ্গের সঙ্গে যুক্ত হ'ল। এখানকার প্রাথমিক শিক্ষকরা বিহার গভর্নমেন্টের কাছ থেকে বেতন পেতেন। আজ তাঁদের কি অবস্থা হয়েছে? বাংলাদেশে আসার সময় তাঁরা অনেক আশা নিয়ে এসেছিলেন, আমরা বাঙ্গালী, বাংলার কোলে ফিরে যাচ্ছি। অব্যবস্থার দিকে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কি জনকল্যাণ রাষ্ট্রের নমুনা? আজ পশ্চিম বাংলায় প্রাথমিক শিক্ষকদের নিম্নতম মাইনে ৫২৷৷ টাকা—ম্যাট্রিকুলেট শিক্ষকদের ৬২৷৷ টাকা। কিন্তু, আজও সেখানে ৪০ টাকা বেতন তাঁরা পাচ্ছেন। বিহারে থাকার সময় তাঁরা প্রভিডেন্ট ফান্ডের সুযোগ পেতেন। কিন্তু এখানে তার কোন সুযোগের বালাই নাই। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবী করবো, যেদিন কিষেণগঞ্জ ও পুরুলিয়া পশ্চিম বাংলার অন্তর্ভুক্ত হয়েছে, সেই দিন থেকে রেট্রোসপেক্টিভ হারে তাঁদের সেই বেতন দিয়ে দেওয়া হোক অবিলম্বে।

মাননীয় সভাপতি মহাশয়, আমি বুঝতে পারি না মাদ্রাজ, অন্ধ্র প্রভৃতি রাজ্যে যেখানে প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা প্রাথমিক শিক্ষকদের জন্য রয়েছে, কেন সেটা আমাদের পশ্চিমবঙ্গে ইনট্রোডিউস করা যাবে না।

মাননীয় সভাপতি মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপনের সঙ্গে সঙ্গে আমার শেষ কথাটি বলতে চাই আপনার মারফতে মন্ত্রীমণ্ডলীর কাছে, শিক্ষামন্ত্রীর কাছে ও অন্যান্য সদস্যদের কাছে, এই যে, চালাকীর দ্বারা কোন মহৎ কাজ সিদ্ধ হয় না। যুগপ্রবর্তকের এই কথা যেন তাঁরা মনে রাখেন। পরিসংখ্যান দ্বারা ক্ষুধা মিটবে না, সমস্যার সমাধান হবে না। সততার সঙ্গে জনসাধারণকে বিশ্বাস করতে হবে, যেকথা শশাঙ্ক স্যান্যাল মহাশয় বলে গেছেন, স্যার তেজবাহাদুর সাপ্রুর কথা। আমি কবিগুরু রবীন্দ্রনাথের কথায় বলব—

"মানুষের উপর বিশ্বাস হারান মহাপাপ।"

[10-10—10-20 a.m.]

Sj. Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহাশয়, ১৯৫২ সাল থেকে এই পরিষদকক্ষে আয়ব্যয়কের উপর বিতর্ক শুনে আসছি। বর্তমান আর্থিক বৎসরের যে আয়ব্যয়ক এই পরিষদের সামনে উপস্থাপিত হয়েছে, তার উপর গত কাল থেকে আমার বিভিন্ন বন্ধুর ভাষণ এবং বিতর্ক মনোযোগের সঙ্গে শুনেছি। প্রথমেই একটা কথা বলি, এবার একটা শুভ লক্ষণ দেখছি, আমার বন্ধুদের মধ্যে এক অংশ গঠনমূলক সমালোচনার পথে যাবার চেষ্টা করছেন। অন্তত তাঁরা যে এই পথ অবলম্বন করেছেন তার জন্য তাঁদের অভিনন্দিত করছি। কিন্তু সঙ্গে সঙ্গে দুঃখের কথা, এটাও আমি লক্ষ্য করেছি যে আজকে বিরোধীপক্ষে দায়িত্বশীল হবার দায়িত্ব শুধুমাত্র কেরলেই আছে, পশ্চিমবঙ্গে নেই। তার সঙ্গে সঙ্গে একথাও লক্ষ্য করছি বিরোধীপক্ষের গঠনমূলক

সমালোচনা করার দায়িত্ব শুধু কেরলের, পশ্চিমবঙ্গের নয়। অর্থাৎ গভর্নমেন্ট আসীন থাকাকালীন এক রূপ, আর গভর্নমেন্ট দখল করার সংগ্রামের একরূপ—এটাই দুঃখের কথা।

Sj. Satya Priya Roy:

এখানে সকলেই কেরলের অপোজিশন নয়।)

তা জানা কথা, কিন্তু লাল না হলেও পিংক। এখন আমি যেকথা বলছিলাম যে নবাগত বন্ধু আচার্য মহাশয়, পশ্চিমবঙ্গের মোট রাজস্বের আয়ের খাত বেড়েছে তাতে তিনি বলেছেন যে জনসাধারণের উপর চাপ পড়বে, এবং এই আশংকায় আতঙ্কিত হয়ে উঠেছেন। প্রথম কথা হচ্ছে, আজকে আয়ব্যয়কে কোন নূতন কর ধার্যের নীতি গৃহীত হয় নি, পুরাতন ধার্যকৃত করের আয় বেশ ক্রমশ এগিয়ে চলেছে, আয় বাড়ছে—কোন খাতে বাড়ছে, কোন খাতে কমছে। আজকে ভূমিরাজস্ব খাতে আয় বৃদ্ধি হয়েছে। কেন বৃদ্ধি হয়েছে? ভূমিরাজস্বের যে আয় বৃদ্ধি হয়েছে তা সাধারণ কৃষকদের উপর জুলুম করে নয়। ভূমিরাজস্বের মোটা অংশ যেটা মধ্যস্বত্ত্বাধীকারীরা ভোগ করছিল, সঠিক জরীপের ফলে, বিশেষ করে, শহরাঞ্চলে তহশীলে জরীপের সঙ্গে সঙ্গে—বিশেষ করে হাওড়া শহরাঞ্চলে আমি দেখেছি—তহশীল জরীপের পর আয় বেড়েছে। এই মধ্যস্বত্ত্বাধীকারীরা যে মোটা অংশ সরকারের রাজস্ব থেকে ভোগ করত, সরকারকে রাজস্ব অল্প দিত ও নিজেরা বেশি টাকা পেত, একথা আচার্য মহাশয়ের অজানা নেই। সুতরাং রাজস্বের আয় বাড়ছে একথা বলে আতঙ্কিত হবার কারণ নেই। তা ছাড়া বন্ধুরা আজকে বলছেন নানা জনকল্যাণমূলক কাজের জন্য ব্যয়বৃদ্ধি করা হোক। সরকার যে ব্যয় করবেন সেটা আয় থেকেই ব্যয় করছেন। আয়বৃদ্ধি যদি না হয় তা হ'লে ব্যয়বৃদ্ধি হবে কি ক'রে?

তারপর আরক্ষা বিভাগের ব্যয় সম্বন্ধে আমার বন্ধু উদ্বেগ প্রকাশ করেছেন, ১৯৫৭ সালের ব্যয়বরাদ্দের কথা তিনি বলেছেন।

আমরা দেখতে পাচ্ছি বাজেটে প্রায় ৯০ লক্ষের মত পুলিস খাতে ব্যয় বেড়েছে। কিন্তু তার সঙ্গে সঙ্গে শিক্ষা, চিকিৎসা, জনস্বাস্থ্য খাতেও যে ৪ কোটির বেশি ব্যয়বৃদ্ধি হয়েছে তারা এটা দেখলেন না। তা ছাড়া, আর একটা কথা বলব যে পুলিস খাতে ব্যয়বৃদ্ধি সম্বন্ধে অধস্তন কর্মচারীদের বেতন এবং প্রয়োজনীয় নানা নিয়মাবলীসম্বন্ধীয় প্রশ্নও আছে। আমাদের বন্ধুরা সরকারী কর্মচারীদের জন্য বহু সময় রাজনৈতিক অশ্রু বিসর্জন করে থাকেন। সুতরাং তারা একথা নিশ্চয়ই জানেন যে অধস্তন নিম্নবেতনভুক কর্মচারীদের কিছু সুযোগ-সুবিধা দেওয়া দরকার। আজকে, তা ছাড়া, আমি একথা বলব যে সরকারের এই আরক্ষা বিভাগ সম্বন্ধে নীতি ও শৃংখলা বজায় রাখা সম্বন্ধে বিশেষভাবে অবহিত হওয়া প্রয়োজন হয়েছে। ভারতবর্ষের মানুষ কংগ্রেসকে ক্ষমতায় আসীন করেছিল ১৯৫২ সালে। তখন দেশের দুঃখ-দারিদ্র, অনটন আরও বেশি ছিল। শুধু এজন্য তারা করেছিল, তারা বিশ্বাস করেছিল যে আইন ও শৃংখলা কংগ্রেস অব্যাহত রাখতে পারবে এবং এই আইন ও শৃংখলা দেশে বজায় থাকলে তবেই দেশ অগ্রগতির পথে এগিয়ে চলবে। আজকে পশ্চিমবাংলায় যেভাবে শৃংখলা-হীনতা বেড়ে চলেছে তাতে পশ্চিমবাংলার প্রতিটি হিতকামী মানুষের চিন্তিত হবার, শংকিত হবার কারণ আছে। আমরা তো দেখি না যে আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা কখনও এই শালীনতাহীনতার, শৃংখলাহীনতার কোন নিন্দা করেছেন। কিন্তু তাদের একথা মনে রাখতে হবে যে শৃংখলাহীনতা ও নীতিহীনতার মধ্যে সীমারেখা অত্যন্ত সংকীর্ণ। শৃংখলাহীনতায় শুরু হলে নীতিহীনতায় তার পরিসমাপ্তি ঘটে। এটা আজকে মনে রাখতে হবে যে সমাজের সামগ্রিক কল্যাণে রাষ্ট্রকে পরিচালিত হ'তে হবে। আজকে সমাজের কোন একটা ক্ষুদ্র অংশ যদি তাদের আংশিক স্বার্থ বা লাভের কথা বিবেচনা করে সমস্ত সমাজের ক্ষতির কারণ হয়ে দাঁড়ায় তা হ'লে সরকার সমগ্র জাতির কল্যাণেই তার বিরুদ্ধে রুখে দাঁড়ায় এবং এটাই কল্যাণ রাষ্ট্রে হওয়া উচিত। এই সম্পর্কে একটা ঘটনার কথা বলি। সেদিন শৃংখলা ও নীতিহীনতার জন্য, দুর্ব্যবহারের জন্য বাসের একটি কন্ডাক্টরকে কোন নাগরিকের নালিশক্রমে আরক্ষা বিভাগ থেকে পুলিস গ্রেপ্তার করে, কিন্তু তার প্রতিবাদে হঠাৎ বাস চলাচল বন্ধ করে দিল, শত শত, সহস্র সহস্র মানুষের অসুবিধা সৃষ্টি করে তা বন্ধ হয়ে গিয়েছিল। সম্প্রতি যে

ট্রাম ধর্মঘট হয়ে গেল এর কোনও কারণ ছিল না। পরে মীমাংসা হয়ে গেল, আগেও হতে পারত। অনর্থক সহস্র সহস্র মানুষকে দুর্ভোগের মধ্যে ফেলা হ'ল। আজকে এই যে শৃঙ্খলাহীনতা দেখতে পাচ্ছি সে সম্বন্ধে সবাইকে অবহিত হতে হবে। উত্তর কলিকাতার স্কুল ফাইন্যাল পরীক্ষাকেন্দ্রে যে লজ্জাজনক ঘটনা ঘটেছিল তার জন্য নিশ্চয়ই সকলেই দুঃখিত। কিন্তু কেন এটা হয়, হয় এজন্য যে শিক্ষক বন্ধুদের একটা অংশ ছাত্রদের তাদের আন্দোলনে সক্রিয়ভাবে নিয়ে আসেন বলেই এই অবস্থা উপস্থিত হয়েছে। তথাকথিত রাজনৈতিক শোভাযাত্রা যখন বেরিয়েছিল যারা 'ইউ এস আই এস'এর কাঁচভাঙ্গা চোখের উপর প্রশ্রয় দিয়েছেন তাদের উস্কানির ফলেই উত্তর কলিকাতা পরীক্ষাকেন্দ্রে এই ঘটনা ঘটলো—

(Sj. Tripurari Chakravarti:
কংগ্রেস কি করে নি স্বাধীনতার পূর্বে?)

আমাদের বন্ধু একজন সুবিজ্ঞ পণ্ডিত এবং অধ্যাপক; ইতিহাসে, বিশেষ করে, তাঁর কাছে দাঁড়াতে পারি না। কিন্তু তাঁকে আমি স্বাধীনতাপূর্ব এবং স্বাধীনতাউত্তর যুগের তফাৎ কি এটা বুঝাবে—আমি এটা আশা করি না।

(Sj. Tripurari Chakravarti:
অভ্যাস সহজে বদলায় না।)

সুতরাং আজকে এইসমস্ত বিশেষভাবে চিন্তা করতে হবে। আজকে সত্যপ্রিয়বাবু যেকথা বলেছেন শিক্ষানীতি নির্ধারণে শিক্ষকদের সহযোগিতা প্রয়োজন, সেকথা আমি অস্বীকার করি না।

[10-20—10-30 a.m.]

আজকে একথা বিশেষ ক'রে চিন্তা করতে হবে সত্যপ্রিয়বাবু যেকথা বলেছেন যে শিক্ষানীতি নির্ধারণে শিক্ষকের পরামর্শ প্রয়োজন। কিন্তু একটা কথা মানি না যে কেবল শিক্ষকের স্বার্থেই শিক্ষানীতি পরিচালিত হবে—একথা আমি বিশ্বাস করি না। একথা প্রকাশ্যভাবে না বললেও তাঁদের সমগ্র বক্তৃতার ধারা থেকে কক্ষে এবং কক্ষের বাহিরে সাধারণ মানুষের নিকট একথা প্রতিভাত হয়েছে। সাধারণ মানুষের স্বার্থের দিক থেকেই একথা আমি বলব।

আর একটা কথা বলব। আজকে পশ্চিমবঙ্গের ভয়াবহ বেকার সমস্যার কথা এবং শ্রমিক কল্যাণের কথা হয়েছে। আমি জানি বেকার সমস্যা ভয়াবহ। আজ বেকার সমস্যা দূর করবার উপায় হচ্ছে নিয়োগের নূতন পথ প্রবর্তিত করা। আমাদের শিল্পপ্রতিষ্ঠানে স্থান নেই, মানুষকে নিয়োগ করব কি ক'রে? রামের জায়গায় শ্যামকে বা শ্যামের জায়গায় রামকে নিয়োগ করলে হয়তো কিছু তফাৎ হবে, কিন্তু তাতে সামগ্রিক ব্যবস্থা হবে না। সুতরাং আজকে নব নব শিল্পের প্রয়োজন। আজকে যখন দরিদ্র দেশ, যখন শূন্য থেকে ভারতবর্ষের যাত্রা শুরু হয়েছে, এই স্বাধীনতাপ্রাপ্তির পর থেকে—এ বিষয়ে আমার নবাগত বন্ধু ঠিকই বলেছেন যে আলাদিনের প্রদীপ দিয়ে হবে না। আমিও তাই বলি যে আলাদিনের প্রদীপ দিয়ে হবে না, রাতারাতি সমস্যার সমাধান হবে না। সেজন্য দীর্ঘ পরিশ্রম এবং ত্যাগ স্বীকারের মধ্য দিয়ে আমাদের উপায় করতে হবে। আজকে সরকারের আর্থিক ক্ষমতা নাই সরকারী স্তরে অজস্র নূতন নূতন শিল্প প্রতিষ্ঠা করেন। সেই প্রতিষ্ঠান করতে মূলধনের প্রয়োজন আছে। আমাদের বন্ধুদের সমধর্মী এবং স্বগোত্র বন্ধুরা সেটা কেরালায় অনুভব করছেন। পশ্চিমবঙ্গে ব্যক্তিগত মূলধনে নব নব শিল্প প্রতিষ্ঠা হয় না কেন? ডিম্বপ্রসূ হংসীকে হত্যা ক'রে ডিম পাওয়া যায় না, একথা যেন তাঁরা স্মরণ রাখেন। সুতরাং আজকে এই বেকার সমস্যার সমাধান করতে হ'লে একটা সুষ্ঠু নীতি নিয়ে চলতে হবে। আজকে দেশের সর্বত্র শৃঙ্খলাহীনতা এবং ব্যাপক গোলযোগ সৃষ্টি ব্যাহত করতে হবে। কলিকাতার রাজপথে সাধারণ মানুষের জীবনযাত্রাকে বিপর্যস্ত করা থেকে নিবৃত্ত হতে হবে। তা না করলে পশ্চিমবঙ্গের সামগ্রিক কল্যাণ হবে না। গদী দখলের স্বপ্নে যদি মনে করেন "মারি অরি পারি যে কৌশলে" এই নীতি গ্রহণ করলে এই নীতির প্রত্যাঘাত একদিন তাঁদেরই শিরে ফিরে আসবে।

আর একটা কথা বলব। আমি পশ্চিমবঙ্গ সরকারের কাছে একটি নিবেদন জানাই। পশ্চিমবঙ্গ পৌর প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসাবে আমি এখানে উপস্থিত হয়েছি। আমি জানি আজ পশ্চিমবঙ্গের বিভিন্ন পৌর প্রতিষ্ঠান আর্থিক দুর্গতির মধ্য দিয়ে চলেছে। সে সম্পর্কে সরকার একটু অবহিত হবেন আশা করি, কারণ পৌর প্রতিষ্ঠান সরকারেরই অঙ্গবিশেষ। অবশ্য পৌর প্রতিষ্ঠানের সব যে সুপরিচালিত হচ্ছে একথা বলি না। যে কর আদায় করা হয় তা সমস্তই ডাইরেক্ট ট্যাক্সেস বা প্রত্যক্ষ কর, তা ধনীদরিদ্র নির্বিশেষে সর্বসাধারণের কাছে আদায় করা কষ্টসাধ্য এবং সেটার পরিধিও সীমাবদ্ধ। ব্যয় তো সর্বদিকেই বেড়ে যাচ্ছে, কিন্তু আদায়ের ক্ষেত্র বাড়ছে না। তা ছাড়া, পশ্চিমবাংলার শহরাঞ্চলে জলাভাব তীব্রভাবে দেখা দিয়েছে। আজকে আমি হাওড়ার কথা বিশেষ ক'রে বলতে পারি, কারণ সেখানকার পৌরসভা পরিচালনা করবার দায়িত্ব শহরবাসী আমার উপর অর্পণ করেছেন। সুতরাং সেখানকার ব্যাপার সম্বন্ধে কিছু বলতে পারি। সেখানে ১৮৯৫ সালে যে জলকল হয়েছিল ১ লক্ষ ২৫ হাজার মানুষের জন্য আজকে ৫ লক্ষ মানুষকে সেই কল জল সরবরাহ করতে পারে না। সুতরাং যে স্কীম সরকারের জনস্বাস্থ্য বিভাগ থেকে করা হয়েছিল ১ কোটি ৭৬ লক্ষ টাকা, সেই স্কীম পরিবর্তিত অবস্থায় চালু করতে গেলে ২॥ কোটি টাকা ব্যয় হবে। কোন মিউনিসিপ্যালিটি তা পারে না, হাওড়া তো পারেই না। আমরা বলি, পশ্চিম বাংলার শিল্পাঞ্চলের মিউনিসিপ্যালিটিগুলি অত্যন্ত দুরস্থাপন্ন। আমরা সরকারী তহবিলের অবস্থা সম্বন্ধেও অবহিত আছি। কিন্তু কথা হচ্ছে যে এ সমস্যার সমাধান করতে না পারলে নিদারুণ জলাভাবের উপায় হবে না। কেবল পৌর প্রতিষ্ঠানকেই নিন্দা করলে হবে না। তাদের দোষ নেই তা বলছি না, কিন্তু তাদের যা সম্বল, যা সাধ্য তাতে এইপ্রকার সবার অভাব মেটান অসম্ভব।

তারপরে পৌর অঞ্চলের প্রাথমিক শিক্ষার দায়িত্ব সম্বন্ধে বলতে পারি, সংবিধান অনুসারে সমগ্র দেশে বাধ্যতামূলকভাবে তা প্রবর্তন করতে হবে, পৌরপ্রতিষ্ঠান অঞ্চলও বাদ যাবে না। আজকে ১৯১৯ সালের আইনের দোহাই দিয়ে হয়তো বলা চলে পৌর প্রতিষ্ঠান করছে না, কিন্তু পৌর প্রতিষ্ঠানের সীমাবদ্ধ সঙ্গতির উপর এ কাজ ছেড়ে দিলে চলবে না। আজকে হয়তো বলা হবে পৌর প্রতিষ্ঠান সুপরিচালিত নয় বলে তারা করছে না, কিন্তু বহু পৌর প্রতিষ্ঠান তো বাতিল হয়েছিল, সেখানে সরকারের উচ্চপদস্থ কর্মচারীরা গিয়ে বসেছিলেন, এবং হাওড়ায়ও সিনিয়র আই সি এস, অফিসার গিয়ে বসেছিলেন, কিন্তু তিনিও প্রাথমিক শিক্ষা সম্পূর্ণভাবে অবৈতনিক এবং বাধ্যতামূলক করতে পারেন নি। অবশ্য সেখানে ২২টা স্কুল বহুকাল থেকেই চলেছে। একবারে গ্রাম এবং শহরগুলিতে করা সম্ভব না হ'লে গ্রামেরই অগ্রাধিকার পাওয়া দরকার—একথা স্বীকার করি। কিন্তু তারপর তাদের শহরের দিকে দৃষ্টি দেওয়া উচিত। খালি পৌর প্রতিষ্ঠানের হাতে ফেলে রাখলে এ কাজ হবে না।

তা ছাড়া হাওড়ার কথা বলি, যখন সেখানে অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রথম প্রবর্তিত হ'ল তখন অধিক খরচ হয় নি। তখন চারটি স্কুল নিয়ে আরম্ভ করা হয়েছিল, এবং ১৬ হাজার টাকা খরচ হয়েছিল। গভর্নমেন্ট তার অর্ধেক ৮ হাজার টাকা দিয়েছিলেন। কিন্তু আজকে প্রাথমিক শিক্ষার জন্য ২॥ লাখ টাকা খরচ হচ্ছে। এত খরচ ক'রেও আমরা পারছি না, কিন্তু সরকারী সাহায্য ১২ হাজারের ঊর্ধ্বে ওঠে নি।

পরিশেষে সংবিধানের নীতিনির্দেশক বিধানাবলী অর্থাৎ ডিরেক্টিভ প্রিন্সিপলসএর উল্লেখ করছি। এদেশে সে নীতি রাতারাতি কার্যকরী করা যাবে না। আমার বন্ধুরা চোখ খুলে দেখলে দেখতেন নীতিনির্দেশক পথে রাষ্ট্র এবং সরকার এগিয়ে চলেছে, ধীরে ধীরে অগ্রগমন করছে। বামপন্থী বন্ধুরা গদীনশীন হওয়ার স্বপ্নে বিভোর হয়ে সমস্ত কল্যাণ প্রচেষ্টার প্রতি যদি বাম হন তা হ'লে আমি নাচার।

Janab Syed Shahedullah:

মাননীয় সভাপতি, আমি এখানে একটা বিষয় নিয়ে আলোচনা করতে চাই, কালকে এটা উত্থাপন করেছিলেন শ্রীঅন্নদা চৌধুরী, সরকারের যেসব দপ্তরের স্থানীয় স্বায়ত্তশাসনের ভার দেওয়ার কথা, সে ভার দেওয়া হয় নি—এই কথা তিনি তুলেছিলেন। আজকে দেখা যাচ্ছে

কংগ্রেস সদস্য সরকার পক্ষের প্রতিনিধি, তিনিও সেই কথা সমর্থন করেছেন। কিন্তু তবু আজকে আমাদের এই নিয়ে বিস্তৃত আলোচনার প্রয়োজন হয়েছে এইজন্য যে আমাদের বন্ধু শ্রীমহীতোষ চৌধুরী যে কথা বলেছেন যে মিউনিসিপালিটি শিক্ষা সম্বন্ধে কিছু করতে পারছেন না এই যে দৃষ্টিভঙ্গী এই দৃষ্টিভঙ্গী এটা কার? এই দৃষ্টিভঙ্গী গভর্নমেন্টের সমস্ত কার্যকলাপের মধ্যেই রয়েছে বলে আমি মনে করি, এবং সেই জন্য সেই দৃষ্টিভঙ্গীর আলোচনা করতে চাই।

আমি প্রথমে এই বাজেটের কয়েকটা অঙ্ক থেকে এই দৃষ্টিভঙ্গী কিভাবে প্রতিফলিত হয়েছে সেটা লক্ষ্য করতে অনুরোধ করব। গত বৎসর গ্র্যান্ট এবং লোন খাতে পৌরসভাকে দেওয়া হয়েছিল ৭১ লক্ষ ২২ হাজার, সেটা রিভাইসড বাজেটে দাঁড় করালেন ৬৮ লক্ষ ৪৬ হাজার, এবার গোড়া থেকেই সেটা কমিয়ে ৬৪ লক্ষ ৫০ হাজারে দাঁড় করানো হয়েছে। হাওড়ার পৌরপতি ওদিক থেকে বক্তৃতা দিয়ে বললেন ভাল হচ্ছে, তাহলেই হবে। তিনি আশা করছেন—পৌর প্রতিষ্ঠানকে যথেষ্ট সাহায্য করা হবে? এ ছাড়া যদি আমরা রাস্তাঘাটের দিকে দেখি তাহলে দেখতে পাই গত বৎসর ২০ লক্ষ টাকা ছিল, রিভাইজড হয়ে দাঁড়ালো ১৫ লক্ষ।

[10-30—10-40 a.m.]

সেখানে আবার একটা ফিগার সামনে রাখা হচ্ছে, ১০ লক্ষ ৭২ হাজার। সুতরাং কিভাবে কমে যাচ্ছে। সবদিক থেকে পৌরসভার খাতে গ্রান্টস-ইন-এড কমে আসছে। সাধারণভাবে সেটা দেখার কথা, সমস্ত তদন্ত কমিটি দাবী করেছেন যে সাধারণ নীতি হিসাবে পৌরসভাকে পরিচালনার জন্য গ্রান্টস-ইন-এড দেওয়া উচিত, কিন্তু সেটা দেওয়া হয় নি। স্পেসিফিক পার্পাজের জন্য যেটা দেওয়া হয় সেটা ২১ লক্ষ ৬৫ হাজার টাকা থেকে ১৯ লক্ষ ২১ হাজারে কমানো হয়েছে অর্থাৎ ২ লক্ষ ৪৪ হাজার টাকা কমানো হয়েছে। কাজেই এখানে আমরা একটা খেয়ালমাফিক, মর্জিমাফিক দৃষ্টিভঙ্গী দেখতে পাচ্ছি। বর্ধমান জেলার কংগ্রেস কমিটির প্রাক্তন সভাপতি, আমার সহকর্মী এবং বর্তমানে মন্ত্রী জনাব আবদুল সাত্তার বরাবর বলে এসেছেন যে কংগ্রেসকে যদি ভোট দেন তাহলে মিউনিসিপ্যালিটির টাকা পাওয়া যাবে, তা না হলে পাওয়া যাবে না—তাঁর লিখিত বিবৃতি আছে। এবং আজকেও সেই নীতিটা কার্যকরী করার চেষ্টা হচ্ছে কিনা জানি না। জল সরবরাহের অবস্থা সম্বন্ধে হাওড়ার পৌরপতি এখানে বলে গেছেন, আমি এখানে আমার আসানসোলের কথা বলে যাবো। আপনারা কাগজে দেখেছেন যে আসানসোলে এক টাকা দিয়ে জল কিনতে হচ্ছে, কুয়ায় জল শুকিয়ে গেছে। এইরকম অবস্থায় আসানসোল শহর দিয়ে চলে গেলে যে-কোন জায়গায় লম্বা কিউ দেখতে পাবেন যেমন কোলকাতায় কন্ট্রোলের সময় আমরা দেখেছি, গৃহস্থদের কিউ দিয়ে দাঁড়িয়ে থাকতে হচ্ছে জল নেবার জন্য। অথচ চীফ মিনিস্টার বলে থাকেন আসানসোল মহকুমায় আমাদের রুঢ় হচ্ছে, সেখানে ইস্পাত তৈরি হবে, লোকে কাজ পাবে। মুখ্যমন্ত্রী ১৯৫৬ সালে আসানসোলে পৌরসভার প্রতিনিধিমণ্ডলীকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ৯ লক্ষ টাকার স্কীম নেয়া হচ্ছে, আবার হালে শোনা যাচ্ছে ২৪ লক্ষ টাকার স্কীম কাগজপত্রে তৈরি হচ্ছে, অথচ কার্যকরী হচ্ছে না। কাটোয়া শহরে স্কীম করা হোল, স্কীম এ্যপ্রুভড হোল কিন্তু জলসরবরাহের কোন ব্যবস্থা হচ্ছে না। ট্যাক্স তদন্ত কমিটি বারবার বলেছেন এটা একটা ভিসিয়াস্ সার্কেল যদি কাজ না হয় তাহলে মিউনিসিপ্যালিটির ট্যাক্স বাড়বে কি করে। আজকে কুয়িড প্রো কো মানে ভ্যালু ফর ভ্যালুস সেক—এই য়্যাটিচুড আমরা এনডোর্স করি না। তবে কথা হচ্ছে ট্যাক্স তোলার কথা যে আসছে সেটার বিরোধীতা করি। হালিশহরে হুকুমচাঁদ জুট মিলের ভরসায় মানুষকে থাকতে হবে এই হচ্ছে অবস্থা। চন্দননগরে গিয়ে দেখুন কি কম মন্থরগতিতে কাজ চলছে, পাইপ বসানো হচ্ছে কিন্তু জল পাচ্ছে না, ১৬ ইঞ্চির পাম্পটা ইঞ্চি পাইপে গিয়ে দাঁড়াচ্ছে। পুরুলিয়া পশ্চিম বাংলায় আসার পর থেকে প্রতিশ্রুতি শুনছি কিন্তু কিছুই করা হচ্ছে না। চারদিকে জলসরবরাহ সম্বন্ধে এই অবস্থা দেখছি। মুখ্যমন্ত্রী মহাশয় এই বিধান সভায় বলেছেন—

> "for each source was considered sufficient. The State already had more sources than necessary but the difficulty was that these sources were not evenly distributed over the State."

আজকে এখানে পরিসংখ্যানের কথা সন্তোষবাবু স্মরণ করিয়ে দিয়েছেন। কাজেই তিনি কি করে মোর দ্যান নেসেসারী বল্লেন? কোথায় জলটা বেশি প্লাবন হচ্ছে যে মাথাপিছু অঙ্কের

ভাগ করে তিনি অন্য জায়গায় ঘাটতি মেটাবেন? সুতরাং তাঁর স্ট্যাটিস্টিকসের আমি অস্বীকার করি। এরকম স্ট্যাটিস্টিকসের কোন সার্থকতা নেই। মন্ত্রিগণ কর্তৃক স্বজনপোষণের ভাগ ডেসিম্যাল অঙ্কের রাশিতে পশ্চিম বাংলার প্রতি পরিবার ভাগ পাচ্ছে বল্লে কি সত্য বলা হয়? এই সরকার এই রকমই কাজ করেন—সিমিলারলি পরের গোলার ধান হিসাব করে তাঁরা বলেন এলাকার লোকের অবস্থা ভাল কারণ এলাকায় ধান আছে এবং পার ক্যাপিটা ইনকাম বেড়ে যাচ্ছে। কিন্তু সাধারণ লোকের কি বাড়ছে, টাটা, বিড়লার বাড়তে পারে। এ কথা আমার মনে পড়ছে। একজন রোগীর সংগে আমার একবার ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে যাবার সুযোগ হয়েছিল। সেই ভদ্রলোক ডাঃ রায়কে বললেন যে তিনি ন্যাচারোপ্যাথি হোমিও ৮ প্যাথি চিকিৎসা করিয়েছেন, কিন্তু কিছুই হয় নি। ডাঃ রায় স্বভাবত তাতে একটু ক্ষুণ্ণ হয়েছিলেন। রোগী হিসাবে তিনি দেখেছিলেন, বায়নাও নিয়েছিলেন, কিন্তু মানুষ হিসাবে তিনি একটু ব্যথিত হয়েছিলেন, এবং ব্যথিত হয়ে তিনি বলেছিলেন আপনিত ৮টা প্যাথি করিয়েছেন, আর একটা প্যাথি করান সেটা হচ্ছে সিমপ্যাথি। আমি ডাঃ রায়কে সেই কথা স্মরণ করিয়ে দিয়ে বলছি যে তিনিও যেন একটু সিমপ্যাথি দেখান—তিনি একটু সিমপ্যাথি দেখালে বোধ হয় ভাল হয়। সেজন্য আমি গ্রান্টস-ইন-এড-এর প্রিন্সিপিলএর কথাটা তুলেছি, এই প্রিন্সিপিলটা কি এবং ডিউটি কার? লোকাল ফাইনান্সের কথা—আমাদের আগেকার দিনে সুরেন্দ্রনাথ থেকে আরম্ভ করে অনেকেই বলে গেছেন যে একটু লেখাপড়া করা, একটু আলোচনা করা ভাল। পাবলিক ফাইনান্সের প্রিন্সিপিলগুলি হাওড়ার পৌরপতি এবং মহীতোষবাবু বলে গেছেন যে এটা মিউনিসিপ্যালিটির ডিউটি। লোকাল ফাইনেন্সের প্রিন্সিপ্‌ল কি একটা দৃষ্টান্ত সামনে রাখি। হালে রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিনে যে সার্ভে করা হয়েছে তাতে ১ লক্ষ জনসাধারণ যে মিউনিসিপ্যালিটিতে আছে সেখানে সেই মিউনিসিপ্যালিটির আয়ের মাত্র পাঁচ পার্সেন্ট গ্রান্টস-ইন-এড। অবশ্য মাদ্রাজ বা উড়িষ্যার এ্যাসাইনমেন্ট আছে। ভারতের অন্যান্য রাজ্য, পশ্চিমবঙ্গ ছাড়া, এন্টারটেনমেন্ট ট্যাক্স, মোটর ট্যাক্সের গ্রান্ট আছে। গ্রান্টস-ইন-এডের পরিমাণ গ্রেট বৃটেনে ৫৩ পার্সেন্ট, শতকরা ৫৩ টাকা মিউনিসিপ্যালিটির বাজেটে আসে কেন্দ্রীয় গভর্নমেন্টের কাছ থেকে, আর মাত্র ৪৭ ভাগ আসে রেটস থেকে। আমি একথা বলছি না যে আজকে এটা ইংলন্ড হয়ে যাক। সেখানে ৫৩ পার্সেন্ট অর্থাৎ অর্ধেকের বেশি গভর্নমেন্টের কাছ থেকে আসছে —আর এখানে মাত্র ৫ পার্সেন্ট। এই তফাৎটাই আমি দেখাতে চাই। সমস্ত ট্যাক্স তদন্ত কমিটি ১৯২৪ সাল থেকে এই কথাই বারবার আলোচনা করেছেন এবং দাবী করে গেছেন যে লোকাল ফাইনান্সের প্রিন্সিপলগুলি ঠিকমত অনুসরণ করা উচিত।

[10-40—10-50 a.m.]

মূল কথা হচ্ছে লোকাল গ্র্যান্ট বা স্থানীয় স্বায়ত্তশাসনকে যে কাজ করতে হয় বা করা প্রয়োজন তা নেসেসারিলি আবশ্যিকভাবে লোকাল সার্ভিস নয়, বরং বেশির ভাগ ক্ষেত্রে তা ন্যাশনাল সার্ভিস বা অন্ততঃ সেমি-ন্যাশনাল সার্ভিস। ধরুন, এডুকেশনএর একটা দিক যদি সমগ্র-জাতিকে নিয়ে যেতে হয় সেই কর্তব্যটা জাতীয় কর্তব্য। ব্রিটিশ আমলে দীর্ঘ সময়ের একটা তদন্ত কমিশনের মিনিট অব ডিসেন্টএ শ্রীঘনশ্যামদাস বিড়লা বলেছিলেন যে প্রাথমিক শিক্ষা সার্বজনীন ও বাধ্যতামূলক হতে হবে, কারণ গ্রাম থেকে যে কাজ করতে যাবে সে শ্রমিক সামান্য লিখতে পড়তে না জানলে শিল্পের উন্নয়ন হতে পারে না। তাহলে ব্যাপারটা কি শুধু সেই গ্রামের বা সেই গরীব ছেলে যে লেখাপড়া শিখবে তার না একটা সামগ্রিক জাতীয় প্রয়োজন। সেই জন্যই এটা ন্যাশনাল সার্ভিস। সেইমত পাবলিক হেলথও ন্যাশনাল সার্ভিস এপিডেমিক আর স্থানীয় স্বায়ত্তশাসনের সীমা রেখা মানে না। বস্তুতঃ ঊনবিংশ শতাব্দীর প্রথম অর্ধে এপিডেমিকএ শিল্পসংকটের দরুনই পাবলিক হেলথ রিফর্মস ইংলন্ডএ শুরু হয়েছিল। আর ভারতে কলকাতাস্থ এবং চা-বাগানের শ্রমিক পলায়নই ইংরেজের টনক নড়িয়েছিল।

তারপর, রাস্তাঘাটের ব্যাপার। একেও ন্যাশনাল সার্ভিস অর সেমি-ন্যাশনাল সার্ভিস বলা যায়। যে গ্রামটি যুক্ত হয় গ্রান্ট ট্রাঙ্ক রোডএর সংগে যুক্ত হয় গরজটা শুধু তার নয়, কলকাতার কাপড়ও বিক্রী হয় সেই গ্রামে।

Every road is but a link in the network of national communications.

তাই একদিন ইংরাজ নানা আঘাতের মধ্যে রেখে কুটিরশিল্পের পথ বন্ধ রেখেছিল। এভাবে

বাংলার কুটিরশিল্পের সমৃদ্ধি নষ্ট হয়। গণতন্ত্রে সেইজন্য দেশের অর্থভাণ্ডারকে সামগ্রিকভাবে এক ধরা হয় ও বণ্টনের সময় ন্যাশন্যাল ও সেমি-ন্যাশনাল সার্ভিসএর জন্য স্থানীয় স্বায়ত্ত-শাসনকে খরচ দেওয়া হয়। সুতরাং আজকে এই যে মিউনিসিপ্যালিটি, পৌরসভা, পঞ্চায়েত জেলা বোর্ডে টাকা দেবার কথা, এই কথা মূল প্রশ্নের মধ্যেই রয়েছে। সেই মূল প্রশ্ন হচ্ছে এই গভর্নমেণ্টকে দিয়ে কতকগুলি জিনিস ন্যাশনাল সার্ভিস স্বীকার করাতে পারবো কি পারবো না! সেটা দেখা যাচ্ছে যে পারা যায়। সেইজন্য আর্টিকল ৪৫, ৪৭ কনস্টিটিউশনএ গঠনতন্ত্রের সমস্ত জায়গা আন-এ্যাপ্লাইড রয়েছে। সেইজন্য আজকে এই পরিণতি হয়েছে।

আমি সর্বশেষে এই কথাটা তুলবো, আজকে দেখতে পাই লোকাল গভর্নমেণ্টকে বলা হচ্ছে তাঁরা ডিউটি করছেন না তাঁদের দিক থেকে। অবশ্য তাদের দিক থেকে চেষ্টা করা হচ্ছে। তারপর ওদিকে আবার বোর্ড মিউনিসিপ্যালিটিকে বাতিল করা হচ্ছে এক এক জায়গায়। আজকে ট্যাক্সের এমন চাপ পড়েছে যে বর্ধমানে সাড়ে কুড়ি পারসেন্ট ট্যাক্সকে বাড়িয়ে সাড়ে চব্বিশ পার্সেন্ট করা হয়েছে, অর্থাৎ কলকাতার চেয়েও ঢের বেশি করা হয়েছে। মন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় ও শ্রীঈশ্বরদাস জালান কিম্বা শ্রীকালীপদ মুখার্জী, তাঁরা নিজেদের বাড়ির জন্য যে ট্যাক্স দেন, তারচেয়েও ঢের বেশি ট্যাক্স দিতে হবে সমস্ত বর্ধমানের ট্যাক্স দাতাদের। নো ট্যাক্সেশন উইদাউট রিপ্রেজেন্টেশন নীতিকে অগ্রাহ্য করে এডমিনিস্ট্রেটর নিয়োগ করে দিয়েছেন। এইভাবে মিউনিসিপ্যালিটিকে অগণতান্ত্রিক উপায়ে চালু করে মিউনিসিপ্যালিটিগুলিকে নিধন করবার চেষ্টা হচ্ছে। যেখানে গভর্নমেণ্টের বিরুদ্ধে বা গভর্নমেণ্টের মনোমত কোন কাজ হচ্ছে না, বা কোন কাজে গভর্নমেণ্টের সঙ্গে মিল হচ্ছে না, অমনি সেখানে বাতিল করে দেওয়া হচ্ছে। একের পর এক পৌরসভাগুলিকে নীতিহীনভাবে বাতিল করা হচ্ছে। সবচেয়ে নিকৃষ্ট দৃষ্টান্ত বর্ধমান পৌরসভা। বর্ধমান মিউনিসিপ্যালিটিতে একজন ভদ্রলোককে চেয়ারম্যান করা নিয়ে সেখানে কংগ্রেসের মধ্যে দলাদলি সৃষ্টি হয় এবং শেষকালে কংগ্রেসের সেক্রেটারী পর্যন্ত, তিনি সহায়ক হলেন এবং দেখা গেল আস্তে আস্তে মিউনিসিপ্যাল বোর্ডের চেয়ারম্যানকে তাড়ান হল। তারপর যখন মেজরিটি হল না, কংগ্রেসের সকলে একমত হতে পারে নি, তখন নমিনেশন জোর করে দিয়ে এডমিনিস্ট্রেশনএর হাতে দেওয়া হল, তবুও নির্বাচনের একটা ব্যবস্থা করা হল না। দেখা গেল সরকার যাঁকে মনোনয়ন করে চেয়ারম্যান করেছেন তাঁর কি অবস্থা, এবং সরকার যাঁকে তাড়িয়েছেন তিনিই জিতেছেন। সরকার যতগুলি কনটেস্ট করেছেন, তাতে দেখা গিয়েছে বেশির ভাগ ক্ষেত্রেই তাঁরা হেরে গিয়েছেন, বর্ধমানে বিরোধী দল ১৭টি সিট ২৫টার মধ্যে পেয়েছে। বর্ধমানে মিউনিসিপ্যালিটিতে সরকারের বিতাড়িত চেয়ারম্যান জিতলেন আর তাঁর কাছে হারলেন সরকারের মনোনিত চেয়ারম্যান। এইভাবে জনসাধারণ পুরস্কার দিচ্ছেন এবং দিয়ে থাকেন। যাইহোক আজকে সরকার এইরকম নীতি অনুসরণ করে চলেছেন। আমরা জানি না আজকে সমস্ত প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার থাকবে কিনা? ঈশ্বরদাস জালান সাহেবের অভিনব প্লেবিসাইট করা হচ্ছে, যারা প্রাপ্তবয়স্ক তাদের ভোট নেওয়া হচ্ছে না। অথচ কনস্টিটিউশনএ বলা হচ্ছে এখন গণতান্ত্রিক নীতির উপর ভিত্তি করে সকল প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার থাকবে। গণতন্ত্রের তথাকথিত পরিভুয়া এখনও পর্যন্ত সমস্ত প্রাপ্তবয়স্কদের ভোটের ক্ষমতা দেন নাই। একজন রিকসা শ্রমিককে ৫ আইনে তম্বী করার অধিকার, জিজ্ঞাসিত করার অধিকার পুলিসও পৌরসভার আছে অথচ তাকে ঠিকমত স্থান দেওয়া হল না। রিকসা শ্রমিক যে তার ভোটের ব্যবহার করতে পারবে এ ক্ষমতা তার নেই। মেহনতী মানুষই বস্তি অঞ্চলের অধিবাসী। আজ সেই বস্তি উন্নয়নের সমস্যা সরকার সমাধান করতে যাচ্ছেন। অথচ এই মেহনতী মানুষের ভোট নেই। বরং পৌরসভা সংক্রান্ত যে সকল সংশোধন হয়েছে, তাতে চাকা উল্টা দিকে ঘুরান হয়েছে।

স্বায়ত্তশাসনের মন্ত্রীদের এক সম্মেলনে স্বয়ং প্রধানমন্ত্রী শ্রীনেহরু যে কথা বলেছিলেন সেটা আমি একটু উল্লেখ করে স্মরণ করিয়ে দিতে চাই—

> "Local Government is and must be the basis of any system of true democracy. We have got rather into the habit of thinking of democracy at the top and not so much below. Democracy at the top will not be a success unless it is built on this foundation from below."

এখন প্রধানমন্ত্রী, তিনি কি দিল্লীতে বসে এইটুকু খবর রাখেন না যে বাংলাদেশে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার নেই? অথচ তিনি লম্বা লম্বা বক্তৃতা দেন দিল্লীতে বসে তাঁর অফিসারদের নিয়ে। তিনি পশ্চিমবাংলার দিকেও একটু দৃষ্টি দিন।

[10-50—11 a.m.]

Sj. Satya Priya Roy: Sir, the Minister for Local Self-Government is never present and never takes note of any criticism that is made from this side of the House. Mr. Jalan may be busy with his business. If that is so, let him be there. But he has the responsibility as a Minister and I pray let him be more frequent in this House.

Sj. Kanailal Coswami: Mr. Chairman, Sir, whatever diversity of opinion there may be with regard to the merits and demerits of the budget I believe there is unanimity of opinion at least on one point, namely, that the budget which has been placed before the House has been a budget which does not involve an imposition of fresh taxes. Although there has been a nominal deficit in the budget,—it closes with a net deficit of a little over 2 crores—but that deficit is expected to be more than wiped out by the acquisition of funds resulting from the recommendations of the Finance Commission. The calculations upon which the Finance Commission have based their recommendations are themselves open to criticism. In the matter of allocation of proceeds from income-tax, excise, estate duties and especially tax on railway fares, a more equitable treatment could justly be claimed by consideration of factors which have apparently been ignored by the Commission with adverse results so far as West Bengal is concerned. But the little mercies which even the Commission has shown, especially with regard to consolidation and rationalisation of the Union loans granted to State Governments still remain to be implemented. We in this House give the Finance Minister a complete mandate to take the matter up with the Union Government in right earnest and to press for giving effect to the recommendations forthwith. For all practical purposes it is an award binding upon all the partners of the deal.

It is indeed a matter of gratification that in spite of the growing complexity of the problems which confront the State, the State Government have not been lagging behind in fulfilling the commitments so far as the execution of the Second Five-Year Plan is concerned, but there have been considerable dislocations in the pace and time schedule of the work due specially to the uncertainty of resources from the Centre. It is hardly necessary to urge upon the Government that there must be no slackening of the efforts so far as the speedy solution of the schemes and the development are concerned. In the modern scientific age, time is a very important factor. Besides, the future is fraught with so much uncertainty as to the complications that may arise that we must not be complacent until we have achieved our target.

While on the subject of development, I deem it my duty to appeal to the Hon'ble Chief Minister to be a little more responsive to the needs of development in the town areas throughout the province as a whole. If we scan the progress of development in the country during the post-independent period we shall find that during the last 11 years while the rural areas have developed fairly fast—and rightly so—the areas covered by the 86 municipalities, big and small, have remained where they were with the only difference that their population has increased three times with consequent complexities of their problems—both in sanitary and in other directions—and the normal resources of the municipalities have proved utterly helpless in taking up any measure of development beyond running the apology of a routine day to day civic administration employing crude and age-old

methods. In the days of the British these municipalities were left in the cold shade of neglect under the glorified name of Local Self-Government meant to be run and maintained solely by local taxation. In the new set-up however the development of big and small towns is as much a concern of the State as it is the rest of the country. If the catering of the barest essential needs remains entrusted to the care of a local authority created by statute with sources of revenue raised by local taxation, it is by way of a division of labour in the overall task of nation-building carried out on behalf of the established Government. But with such meagre resources of their own such local bodies can hardly be expected to take up any scheme of development. The State therefore must keep before itself a scheme of planned development covering all such areas lying within the municipalities and allot suitable funds for the steady execution of the plan. I do not deny that the State Government has adopted a policy of helping town areas with partial capital grants and loans for taking up drainage or watersupply schemes but how many of the 86 municipalities have been able to take advantage of this offer? Since to take it would necessitate raising a portion of the capital from local sources which all cannot afford to do. Apart from water-supply and drainage even small amenities like a park, football ground, a town hall, municipal market, slaughter house, a dispensary or a health centre with maternity arrangements do not exist in more than 10 per cent. of the municipalities of Bengal, excluding Calcutta and Howrah of course, and yet the concentration of population has been very heavy in such towns within the last decade. Open spaces are being rapidly used up so that if suitable places are not reserved now for recreation and for encouragement of sports and other athletic activities it may be a difficult and a very expensive task to undertake such improvements in future. I will, Sir, most humbly suggest that Government should allot a certain development grant for distribution to each and every municipality against an approved scheme and the grant should be a yearly one to be set apart exclusively for the purpose of development.

[11—11-10 a.m.]

To start with, a suitable sum may be earmarked for the municipal areas, on the same principles as the local development works scheme, to be spent though district development committees, and the municipalities sponsoring such schemes of development may be called upon to raise a portion of the capital cost. In any case it is high time that a little more attention was paid to the municipal towns to help them to take up works of development in a planned way as much as State resources can permit augmented by a subsidy from the Centre. It is not possible to constitute an Improvement Trust for every little municipality. After years of agitation and cogitation the Howrah Trust has but started its work only on paper. Let the functions of such a Trust be undertaken on a humbler scale when a task somewhat similar can be achieved at a far more modest capital cost. On the whole, I must congratulate the Finance Minister for the budget he has placed before us. West Bengal is truly a problem State in the whole of the Indian Union and in spite of its growing needs on the one hand and inadequate resources on the other, the Finance Minister deserves credit for having pursued and maintained an all-round progress in almost every sphere of its activity which a welfare State can conceive of. Uneasy lies the head that wears a crown. Perhaps it is a crown of thorns, nevertheless the Finance Minister who is also the Chief Minister has worn the crown well, and we offer him our cordial good wishes for success.

Dr. Monindra Mohan Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের সামনে যে বাজেট উপস্থাপিত করা হয়েছে তার তিনটি অংশ আছে বলা যেতে পারে। প্রথম হচ্ছে আমাদের অর্থমন্ত্রী মহাশয় প্রারম্ভেই অর্থনৈতিক

অবস্থার একটা চিত্র উপস্থিত করার চেষ্টা করেছেন। তারপর গত বছরের যে হিসাব নিকাশ তার বিবরণ, তারপরে যে টাকা বরাদ্দ আছে তার হিসাব এবং শেষদিকে অনেকখানি অংশ ধরে ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার বিষয় এবং ফাইন্যান্স কমিশন যেসমস্ত সুপারিশ করেছেন তা নিয়ে তার বক্তব্য রেখেছেন। এই বাজেট পড়লে কয়েকটি জিনিস পরিস্ফুট হয়ে উঠে তিনি অর্থনৈতিক অবস্থার যে বাস্তবচিত্র উপস্থিত করেছেন তা আংশিকভাবে সম্পূর্ণ অর্থাৎ যখন তিনি বাজেট করেন, প্রকৃত চিত্র আমাদের সামনে উপস্থিত করা হয় নি। আমি কয়েকটি পরিসংখ্যান দিয়ে আমার বক্তব্যের যথার্থ প্রমাণ করবার চেষ্টা করবো। মুখ্যমন্ত্রী মহাশয় অর্থনৈতিক অবস্থার চিত্র দিতে গিয়ে বলেছেন, যে চিত্র তিনি দিয়েছেন তাতে নাকি—

> "The picture which the above figures exhibit is the picture of an economy progressing at a high pitch and subject to the stress and strain of the impact thereof".

অর্থাৎ তা হচ্ছে প্রগতিশীল অর্থনীতির চিত্র। আমরা সেই চিত্র যদি ঠিকভাবে দেখি তাহলে দেখব, যেখানে তিনি বলেছেন, যে সাধারণভাবে অর্থনীতি প্রগতিশীল হয়েছে, সেখানে সাধারণ মানুষের অবস্থার পরিপ্রেক্ষিতে যদি দেখি দেখতে পাব অবস্থা সম্পূর্ণ উল্টা। সমগ্র পণ্যদ্রব্যের দর সারা ভারতে জানুয়ারি থেকে নবেম্বর ১৯৫৭তে মাত্র ১১ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। এবং যারা শ্রমিক শ্রেণী তাদের জীবনযাত্রার ব্যয়ের যে সূচকসংখ্যা তা সারা ভারতে ৪ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। মাদ্রাজে ৩ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। বোম্বাইতে ২৩ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। দিল্লীতে একই অবস্থায় আছে। আর কলকাতায় ঐ সময় অর্থাৎ ১৯৫৭ সালের জানুয়ারি এবং নবেম্বরের মধ্যে ৩৭ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। কলকাতায় যে ব্যয় বৃদ্ধি তার অর্থ সারা বাংলা দেশের যে জীবনযাত্রা তার ব্যয় বৃদ্ধি। আর দেখুন, স্যার, এখানে ও'রাই বলছেন—ইস্টার্ন ইকনমিকসের বার্ষিক সংখ্যায় দেখছি সেটা ও'দের গোষ্ঠীরই কাগজ, বামপন্থীর নয়, যে পরিসংখ্যান তাতে দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে—

> "All-India index numbers of wholesale prices of foodgrains dropped to 411.1 during the last week of November, 1957."

কিন্তু আমরা দেখছি এই মাসে ৩৭ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। যদি মধ্যবিত্তের জীবনযাত্রার ব্যয়ের অঙ্ক ধরি তবে মে মাসের শেষ ভাগের যে পরিসংখ্যান ক্যাপিটাল পত্রিকায় প্রকাশ পেয়েছে তাতে দেখবেন খাদ্যদ্রব্যের মূল্য ১৯৩৯ সালে ১০০ ধরলে ১৯৫৭ সালের এপ্রিলের সূচক সংখ্যা যা ৪৭৩ ছিল এই এপ্রিলে ৪৯০ হয়েছে। জ্বালানি যেটা ২০০ ছিল ২৮৮ হয়েছে, কাপড় ছিল —৫৪৪, হয়েছে ৫৪৯। লোকের সাধারণ ব্যবহারের দ্রব্য ২৮১ ছিল, হয়েছে ২৮৬। এবং সমস্ত মিলিয়ে ১৯৫৭র এপ্রিল মাসে যা ৪১৭ ছিল তা ৪৩২ হয়েছে। অর্থাৎ ১৫ পয়েন্ট বেড়েছে। সুতরাং আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে চিত্র আমাদের সামনে রেখেছেন তা বাস্তব নয়—এই কথা যদি বলি তাহলে তার প্রমাণের অভাব হবে না। শুধু তাই নয় এই যে বাজেট এর অধিকাংশে এমন কথা সব আছে তা যদি বলি তাঁর অবস্থা কি হবে তা জানি না। আমাদের কেন্দ্রীয় সরকার কি যে করবেন কি নীতি গ্রহণ করবেন আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে কি বরাদ্দ দেবেন, তা না জানা থাকায় তিনি কিছুই বলতে পারছেন না। আমি তাঁর বক্তৃতার অংশ দেখাচ্ছি। তিনি বলেছেন তার বক্তৃতার ১৩ পাতায়—

> "Thus the Central Government paid much less than what was promised by them, and the State Government had to find much more than what was expected of them."

তাতে এই কথা বলেছেন এই প্রসঙ্গে যে প্ল্যানের জন্য ডি-ভি-সিকে বাদ দিয়ে যা আমাদের রাজ্যসরকার করেছিলেন তার মধ্যে ১১ কোটির পরিবর্তে মাত্র সাড়ে ছয় কোটি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমরা পাচ্ছি।

তারপরে দেখুন, অধ্যক্ষ মহোদয়, ১৯৫৮-৫৯এর পরিকল্পনার জন্য যে অর্থব্যয় সে প্রসঙ্গে বলতে গিয়ে তিনি বলেছেন—

> "I have taken up with the Planning Commission the question of making available to the State Government all the Central assistance that was contemplated in the pattern of financing the State Plan, and at

least to give a firm indication of what would be available, instead of keeping us in a state of uncertainty on such a vital issue."

এই যে আনসার্টেন্টি সে সময় ছিল এখনো পর্যন্ত তার কোন পরিবর্তন ঘটেছে, তার কোন খবর তিনি আমাদের দেন নি। সেই জন্যই আমি বলেছি, অধ্যক্ষ মহাশয়, যে আমরা একটা অবাস্তব বাজেটের আলোচনার মধ্য দিয়ে চলেছি, আবার বলেছেন—

"I have already stated in my previous analysis that the amount of Central assistance admissible to West Bengal works out to 18.6 crores for each of the next three years, excluding the D.V.C. The State resources in sight are 15.7 crores. Thus if the amount of Central assistance, as admissible, were available to the State Government, we could implement a Plan expenditure of about 34 crores."

আর তিনি শেষ পর্যন্ত বলছেন—

"Our difficulty is that we did not get the amount of Central assistance as originally contemplated in the pattern of financing the State Plan."

[11-10—11-20 a.m.]

অর্থ কমিশনের বরাদ্দের ব্যাপার নিয়ে,—আমি এই প্রসঙ্গে আর একটু বিশদভাবে আলোচনা করব। তিনি বলেছেন, আমাদের এ পর্যন্ত যে গ্যাপ তার জন্য কোন বরাদ্দ এখন পর্যন্ত করেন নাই। সেই প্রসঙ্গে বলেছেন—

"The Finance Commission state that they have estimated the gap but do not mention what their estimate is. The amount they have recommended for meeting this gap is, however, too meagre."

তারপরে তিনি যে অভিযোগ করেছেন প্রথম অর্থ কমিশন যে অবিচার করেছিলেন দ্বিতীয় অর্থ কমিশনও একচুয়েলি সেই অবিচার করেছেন। জনসংখ্যার ভিত্তির উপর, জনসংখ্যাকে ভিত্তি করে অর্থের বরাদ্দ ধরা হয়েছে এবং তিনি বলছেন—

"Self-help gets no recognition and all the weightage is bestowed on population increase."

অর্থাৎ কিনা কার্যত এই দাঁড়াচ্ছে যে এই যে অবস্থার সৃষ্টি হয়েছে তাঁরা তা মেনে নিয়েছেন কোন রাজ্যের ব্যয় কত এবং কতখানি সেখান থেকে আদায় হচ্ছে সেই পয়েন্ট জোরের সঙ্গে পেশ না করে। এর পরের কথা—'গ্রো মোর চিল্ড্রেন' এই যদি তাঁরা করতে পারেন তাহলে হয়ত লাভ হবে ভবিষ্যতে যখন শতকরা ৯০ ভাগ হবে পপুলেশন আর দশ ভাগ হবে কালেকশন।

ফাইন্যান্স কমিশনএর যে রিপোর্ট আপনাকে পড়ে শুনিয়েছি তার আগের আমাদের অর্থ-মন্ত্রীর তিনটি বাজেট বক্তৃতা থেকে কিছু কিছু উদ্ধৃত করে আপনাকে শোনাতে চাই। একটা হচ্ছে ভূতপূর্ব অর্থমন্ত্রী নলিনীরঞ্জন সরকার মহাশয়ের, তা থেকে বুঝতে পারবেন, অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের উপর যে শুধু অবিচারই হয়েছে তা নয়, সে অবিচার ইচ্ছা করেই করা হয়েছে, এবং আমাদের রাজ্যসরকার শুধু বাজেট বক্তৃতায় আপত্তি প্রকাশ করা ছাড়া তার প্রতিকারের জন্য কোন কার্যকরী পন্থা অবলম্বন করতে পারেন নি। ১৯৫২ সালে স্বর্গত নলিনীরঞ্জন সরকার মহাশয় যখন প্রথম ইনকাম ট্যাক্স এবং জুট ডিউটির টাকা কমিয়ে দেওয়া হল তখন তিনি বলেছিলেন—

"By a stroke of the pen this Government's share in the State pool of income-tax was reduced to 12 per cent. from 20 per cent. for Undivided Bengal and the share of jute-growing province was reduced from 62½ per cent. to 22 per cent."

এই কথা বলতে গিয়ে তিনি বলেছিলেন—

"In the case of income-tax after some protests we succeeded in getting an assurance from the Hon'ble Prime Minister that an arbitrator would be appointed to go into the whole question of income-tax

and jute export duty. When the arbitrator was actually appointed the terms of reference were very much restricted and he was asked not to deal with the whole question but merely to make some adjustments. This was not only against the assurance given by the Hon'ble Prime Minister but most of the restrictions were imposed without the knowledge of the State Government. Shri Deshmukh was appointed the arbitrator and in view of the restrictions of the terms of reference we should leave the basic question to be determined by the Finance Commission."

এবং তারা কি করলেন? ১২ পারসেন্ট থেকে সাড়ে তের পার্সেন্ট এ আয়করের অংশ বাড়িয়ে দিলেন এবং তারপরে আমাদের বর্তমান অর্থমন্ত্রী অর্থ কমিশনের যখন খবর পাওয়া গেল তখন তিনি এখানে বলছেন—

"The present distribution of the net proceeds of income-tax is without any principle and without any equity. Thus under the present arrangement Bombay gets 24, U.P. 178, Madras 93, West Bengal 21, Bihar gets 322, Madhya Pradesh 250, Punjab 71, Assam 86 and Orissa 670."

তিনি নিজে বলছেন এবং তারপরে আরো বলছেন যে, বাংলাদেশ বিভাগের ফলে প্রকৃতপক্ষে বাংলাদেশের রাজস্বের খুব ক্ষতি হয় নি, সামান্য ক্ষতি হয়েছে কিন্তু এই যে অবস্থা সৃষ্টি হোল এর ফলে আরো বেশী ক্ষতি হচ্ছে। তারপরে উনি বলছেন জুট ডিউটি সম্পর্কে সে এক খোঁচায় সাড়ে বাষট্টি পার্সেন্ট থেকে সাড়ে বত্রিশ পার্সেন্টে নেমে এলো নিমেয়ার এ্যাওয়ার্ডে। অতএব দেখা যাচ্ছে ক্রমে ক্রমে এই চেষ্টা চলেছে। ফাইনান্স কমিশনের রিপোর্টের ৪০ পাতায় রয়েছে—

"We have come to the conclusion taking all factors into account collection should be completely abandoned in favour of the population."

শুধু এখন নয়, ভবিষ্যতেও কোন আশা নেই। আমার অভিযোগ হচ্ছে যে এই অবস্থা সৃষ্টি করতে তাঁরা দিয়েছেন, তাঁরা বাংলাদেশের ভবিষ্যতের দিকে মনযোগ দেন নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে কোন ন্যায়নীতির বালাই নেই সেটা আপনাকে একটা বই 'রিসেন্ট ট্রেন্ড ইন ফেডারাল ফাইনান্স' সেটার থেকে আমি দেখাতে পারি কিন্তু সময় বেশি নেই বলে আমি সংক্ষেপে উল্লেখ করে যাচ্ছি। কানাডায় যে অবস্থা তাতে দেখা গেছে যে ফেডারেশন থেকে বিভিন্ন প্রদেশে অনেক ক্ষমতা দিয়ে দেওয়া হয়েছে এবং যেসমস্ত কল্যাণমূলক কাজ আছে তার সম্পূর্ণ ভার দেওয়া হয়েছে। শুধু তাই নয় যেখানে বিরোধ ঘটবে সেখানে ৩টা ফর্মুলা করা হয়েছে এবং তাতে বলা হয়েছে—

"Province will be entitled on assessment but not less than the amount it should be suitably adjusted on population basis."

নট লেস দ্যান দি এমাউন্ট, আমরা কিন্তু প্রত্যেকবার তারচেয়ে কম পাচ্ছি অথবা—

it may get 95 per cent. of the payment actually made in the preceding period.

অষ্ট্রেলিয়ায় দেখা যাচ্ছে যে প্রতি বছর কি হয় এবং তাদের যেটা ঝোঁক সেটা হচ্ছে প্রদেশের দিকে, সুইজারল্যান্ডে একবার চেষ্টা হয়েছিল কিন্তু ক্যান্টনের হাতে সমস্ত ক্ষমতা ছেড়ে দেওয়া হয়েছে এবং তারা ডিস্ট্রিবিউশনের জন্য অন্যরকম নীতি ব্যবহার করছে। মোটের উপর, অধ্যক্ষ মহাশয়, এই দাঁড়ায় যে অর্থ কমিশনের সুপারিশগুলি বারবার বাংলাদেশের পক্ষে ক্ষতিকর হয়েছে এবং এমন সমস্ত মূল সিদ্ধান্ত গৃহীত হয়েছে যার ফলে বাংলাদেশের কোন উপায় থাকবে না এ সম্পর্কে কোন কিছু পাওয়ার। তা সত্ত্বেও আমি অভিযোগ করি যে আমাদের বর্তমান অর্থ-মন্ত্রী এবং সমগ্রভাবে আমাদের গভর্নমেন্ট শুধু ব্যর্থতারই পরিচয় দেন নি, অমনোযোগিতারও পরিচয় দিয়েছেন এবং তারা এখনও পর্যন্ত কোন কার্যকরী পন্থা অবলম্বন করেন নি। আমি বলবো পশ্চিম বাংলার প্রতি এই যে অবিচার, এই যে মনোভাব এ সম্পর্কে সরকারপক্ষ এবং

বিরোধীপক্ষের মধ্যে গভীর মতভেদের অবকাশ আছে। আমি দাবী করবো যে প্রয়োজন হোলে এর জন্য একটা আলাদা দিন ধার্য করুন যেদিন এই ব্যাপার নিয়ে পুংখানুপুংখরূপে আলোচনা হবে এবং সেই বিতর্কের সমস্ত রিপোর্ট পার্লামেন্টে ভারত সরকারের কাছে পাঠিয়ে দেওয়া হবে যার ফলে তাঁরা জানতে পারবেন যে কেবলমাত্র পশ্চিমবঙ্গ সরকারই নন, পশ্চিমবঙ্গের জনসাধারণের যাঁরা প্রতিনিধি তাঁরাও এর বিরুদ্ধে।

[At this stage the member reached the time-limit but was allowed time to finish his speech.]

I am trying to finish as soon as possible.

আমার আরো কিছু বলবার আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেজন্য বলছি যে, যে চিত্র বাজেটে উপস্থাপিত করা হয়েছে তার মধ্যে অনেকখানি "যদি" থেকে গেছে এবং এই "যদি" জিনিসটার উপর কিছুটা আলোকপাত করা অর্থমন্ত্রী মহাশয়ের উচিত ছিল, বিশেষ করে বাজেট আলোচনা যখন অনেকদিন পরে হচ্ছে।

[11-20—11-30 a.m.]

আর একটা বিভাগ সম্বন্ধে আমার অভিযোগ আছে, সেটা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। প্রথমে যে বিভাগটির উপর খুব বেশি সমালোচনা হয়েছে—কলেরা এপিডেমিক বিভাগ মেডিকেল এ্যান্ড পাবলিক হেলথ ডিপার্টমেন্টের সেটা ধরা যাক। মেডিকেল এ্যান্ড পাবলিক হেলথ ডিপার্টমেন্টের মন্ত্রী মহাশয় এখানে নেই, কোন উপমন্ত্রী আছেন কিনা জানি না কিন্তু যে কথা তাঁর কাছে জানাতে চাই সেটা হচ্ছে এই যে আমরা জানি কোলকাতায় কলেরা হয়, হাওড়া ও অন্যান্য অঞ্চলে প্রত্যেকবার তাঁরা জানেন যে এপিডেমিক হবে। যখন এপিডেমিক হবে তখন তাড়াতাড়ি ভ্যাকসিনেটর নিয়োগ করা হবে, টিউবওয়েল খোঁড়ার ব্যবস্থা করা হবে, ইত্যাদি হবে কিন্তু আগে থাকতে তাঁদের কোন পরিকল্পনা থাকে নি কেন? এই সমালোচনার উত্তরটা যেন উনি দয়া করে জানান। তিনি বলেন যে মিউনিসিপ্যালিটিগুলি করবে। সে সম্বন্ধে আমার মাননীয় বন্ধু রবীন্দ্র সিংহ মহাশয়, হাওড়ায় পৌরপতি জবাব দিয়েছেন, কাজেই আমার আর জবাব দেবার দরকার নেই। মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে সাধ্যমত চেষ্টা করা হয় কিন্তু সরকারের কি কোন দায়িত্ব নেই, আগে থাকতে কি সরকার কোন পরিকল্পনা করতে পারেন না? হাঁসপাতালগুলির অব্যবস্থার বহু দৃষ্টান্ত আছে। আমার নিজের পরিচিত প্রাথমিক শিক্ষক সমিতির সম্পাদক তাঁকে নীলরতন সরকার মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয়েছেল। তিনি বর্ণনা দিয়েছেন যে তাঁকে ভোর রাত্রে হাসপাতালে নিয়ে যাওয়া হোল তারপর সকাল ৯টা পর্যন্ত তাঁকে দেখতে বিশেষ কেউ আসেন নি এবং তিনি আরো একটা বর্ণনা দিলেন যে তাঁর পাশে একটা ছেলে শুয়েছিল, সেখানে খাবার জলের কোন ব্যবস্থা ছিল না, কোন পরিচর্যার ব্যবস্থা ছিল না। সেই ছেলেটি জলের অভাবে জোর করে খাট থেকে নামতে গিয়ে মারা গেল। আমি প্রমাণ দিতে পারি। মেডিকেল কলেজে যে প্যাথলজিস্ট আছেন তার ১৩৫ টাকা মাইনা। ৬টা ডিপার্টমেন্ট থেকে তাঁর কাছে প্রত্যহ ৪শো কেস আসে ক্লিনিক্যাল টেস্টের জন্য, তার সময় নাকি দু ঘণ্টা। শুধু তাই নয় এ জি হসপিটাল থেকে যেসব ব্লাড, স্পিউটাম আসে তাকে সেই ১৩৫ টাকা মাইনেতে সব টেস্ট করতে হয়। তার ফলে কি হয় বুঝতেই পারছেন। আমার নিজের এক আত্মীয় প্রিন্স অব ওয়েল্স ওয়ার্ডে ছিলেন। আগে নিয়ম ছিল যে রেসিডেন্ট সার্জেন্ট ৬টার সময় ভিজিটিং আওয়ার্স ওভার হয়ে গেলে তিনি আসবেন। আমি গিয়ে বসে আছি কেবিনে, ৬টা, ৭টা, ৮টা বেজে গেল, তাঁর দেখা নেই। তখন আমি এক ডাক্তার ছেলেকে জিজ্ঞাসা করলাম তিনি কোথায় গেছেন, তিনি বল্লেন যে উনি বৌবাজারে একটা ডিসপেন্সারিতে বসেন। ছেলেটার সঙ্গে সেই ডিসপেন্সারিতে গিয়ে তাঁকে জিজ্ঞাসা করাতে তিনি বললেন কি করবো বলুন, যা আমরা মাইনা পাই তাতে আমাদের অন্য আর কিছু করতে হয়—সময় পেলে ওখানে যাবো, এই হচ্ছে অবস্থা। ভবানীপুর মেন্টাল রিজারভেসন ওয়ার্ড বলে একটা ওয়ার্ড আছে, মস্তিষ্ক বিকৃত হলে সেখানে যায়। আমার এক পরিচিত হাওড়ার ভদ্রলোক বিধবার একটা ছেলে তাঁর কেউ নেই, তাঁর মাথা খারাপ হোল। এস-ডি-ও বললেন এখন দমদম জেলে থাকবেন, পরে মেন্টাল রিজারভেসন ওয়ার্ডে জায়গা খালি হোলে তাঁকে নেওয়া হবে। তখন আমি আমার নিজের প্যাডে আত্মপ্রচার করে চিঠি দিলাম, তাতে সব কিছুই লেখাছিল দোষটা

আমি স্বীকার করছি। তাঁরা তাতে বললেন যে জায়গা নেই। তারপর শুনলাম যে সেখানকার ডাক্তারকে নাকি ভিজিট না দিলে কিছু হয় না। আমাকে মাতব্বর ভেবে ধরেছিল, কিন্তু আমি মোটেই মাতব্বর নয়। সুতরাং কিছুই হোল না। আমি বললাম কিছুতেই হতে পারে না, তাঁরা বলেছেন জায়গা মোটেই নেই, এক মাসের মধ্যে হবার সম্ভাবনা নাই। কিন্তু ঠিক হয়ে গেল। এখন এই ব্যাপার চলেছে। এগুলি কেন হবে? আমার মাননীয় বন্ধু স্বরাষ্ট্র (পুলিস) মন্ত্রী শ্রীকালীপদ মুখার্জি মহাশয় এখানে উপস্থিত আছেন। হাওড়ায় যেসমস্ত ব্যাপার ঘটেছিল তা তিনি জানেন। তারপরেও এইখানে কনফারেন্স হয়ে গেল বিভিন্ন জেলার আরক্ষা অফিসারদের। তার পরে শুনলাম যে আমাদের এখানে ডাকাতির সংখ্যা বেড়ে যাচ্ছে। এটা কাগজে বেরিয়েছে। পুলিস বাজেটের বরাদ্দ বেড়েছে নাকি কম মাহিনার পুলিসদের জন্য। হাওড়ার ব্যাপার নিয়ে আমরা বহুবার অভিযোগ করেছি, বোটানিক্যাল গার্ডেনএর সুপারিন্টেন্ডেন্টএর ব্যাপার নিয়ে, এখন শুনছি তাঁর এখন পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। শুনছি নাকি তদন্ত হচ্ছে। আবার কাগজে বেরিয়েছে তিনি নাকি এখন ছুটিতে আছেন এবং চেঞ্জটাচরিত্র করছেন। কাজেই এগুলি যাতে না হয় তিনি দয়া করে লক্ষ্য করেন তাহলে ভাল হয়।

এডুকেশন ডিপার্টমেন্টএর, স্যার—এও কাগজে বেরিয়েছে। ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফিসে ইন্সপেকট্রেস এবং ইন্সপেক্টর আধ মাইল দূরে ইন্সপেকশনএ গেলে ১৩ মাইলের ভাড়া নেন। এইরকম সমস্ত ব্যাপার ঘটছে। ফুড ডিপার্টমেন্টএর কথা বলি—যদিও আমার বন্ধু হাওড়ার পৌরপতি এখানে আছেন—তবুও একটু হাওড়ার কথা বলি। হাওড়ায় রেড ক্রস আছে—তার সেক্রেটারী হচ্ছেন প্রাক্তন কংগ্রেসের সভাপতি শ্রীকালোবরণ ঘোষ। রেড ক্রসএর যে অডিট রিপোর্ট সেটা আমার হাতে আছে, স্যার, তাতে আপনি দেখতে পাবেন অডিটর বলছেন—

"We failed to verify the above account in the absence of any register of members."

সেল প্রসিড সম্বন্ধে বলছেন, বক্স কালেকশন সম্বন্ধে বলছেন—

"No record was available to us in regard to sealed boxes and as such we failed to verify the above account."

রেড ক্রস মান্থলি এক্সপেন্স সম্বন্ধেও তাই বলেছেন। তারপর রিলিফ এক্সপেন্স সম্বন্ধে বলছেন—

"Above account includes following expenses:—"

তারপর

"supporting vouchers of the same are wanting."

তারপর সাসপেন্স এ্যাকাউন্টস সম্বন্ধে বলছেন—

"There was no record of receipt and issue of powder milk."

ডি,এম, একটা মিটিংএ প্রিসাইড করেছিলেন, তিনি বলেছিলেন এটাকে রেক্টিফাই করা হউক। এগুলি সব আপনি দেখতে পারেন এবং আমার বন্ধু কালীপদবাবুকেও দেখাতে পারি—কিন্তু ব্যাপার হচ্ছে সর্বত্র দুর্নীতিতে ভরা। তারপর ফিশারী ডিপার্টমেন্ট সম্বন্ধে, স্যার, বলছি। ফিশএর সম্বন্ধে তো আপনারা সব জানেন। ডেনিশ এসেছে, নীহারিকা বরুণা হয়েছে তা সত্ত্বেও আমরা ডিপ সি ফিশিংএ এখনও ৬ লাখ ৪ হাজার কোরে ক্ষতি দিচ্ছি বছরে। অথচ আমাদের ইনভেস্টমেন্ট বেড়ে যাচ্ছে—এসব সত্যি। কিন্তু ফিশারি ডিপার্টমেন্টএর এখানকার যেসব ব্যাপার শুনুন। আমাদের প্রফেসর চট্টোপাধ্যায় বুঝতে পারবেন, মাছের খাদ্যের জন্য যে 'প্ল্যাংকটন কালেকটিং নেটস' তা দেওয়া হয় না অথচ বলছেন বৈজ্ঞানিক উপায়ে করা হয়। পি, এইচ, মিটার এসিডিটি এলকালি মাপার জন্য সাপ্লাই করা দরকার।

[11-30—11-40 a.m.]

কিন্তু একটা জেলায় দেওয়া হয় না। ডিস্ট্রিক্ট ফিসারি অফিসার কি করেন? তিনি একটা মহাজনের কাজ করেন। তিনি দুরকম সুতা লোন দেন। তবে মাছের সঙ্গে তাঁর কোন সম্বন্ধ নাই। সেটা আমরা মাছের দর দেখে হাড়ে হাড়ে বুঝছি।

মাছের পোনা তৈরির জন্য নার্সারি ট্যাংক থাকার কথা, তা একটি জেলায়ও নাই। তাঁরা কতকগুলি কন্ট্র্যাক্টরকে দেখিয়ে দিচ্ছেন। অবশ্য বুঝতে পারি তার অর্থ কি? এইরকম সব ব্যাপার। আমি হলপ করে বলতে পারি মাছ ধরার যে স্ট্যাটিস্টিকস সেই স্ট্যাটিস্টিকসও আসল ব্যাপারের মধ্যে বহু ফাঁক।

তাই বলছিলাম, মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমতঃ এই যে বাজেট যেটা অবাস্তব ভিত্তির উপর রচনা করা হয়েছে এবং যেভাবে টাকার ব্যয়বরাদ্দ করা হয়েছে, তাও কম হয়েছে। এই বাজেটে আছে তা কিসের জন্য কম হয়েছে? না, স্লো প্রগ্রেস এঁরা বলছেন। ন্যাশনাল এক্সটেনশন ব্লক এর কথা বলছেন, এতে নাকি দেশের চেহারা ফিরে যাবে। কিন্তু একই সংগে আবার বলছেন—
"The decrease of 55 lakhs due to slower progress."
তেমনি আবার বলছেন—
"There is a decrease of 26 lakhs under Community Development Project and National Extension Service due to slow progress."
এবং এই সমস্ত মালটিপারপাস রিভার স্কীমএর কি হল? তা হচ্ছে না 'ডিউ টু স্লোয়ার রিসিপ্ট।' অর্থাৎ এই অবস্থার মধ্যে আমরা চলছি। কাজেই আমার মনে হয় না এই বাজেটকে আমরা সর্বান্তকরণে সমর্থন করতে পারি।

Sj. Jimut Bahan Sen: Mr. Chairman, I feel a bit physically handicapped in having to speak on this buget at the fag end of the day, but certain points have been raised by speakers on the other side, specially with regard to the area that I have come from, therefore, on those points I would like to speak something. I would also speak something on the general budget, on some points which the Opposition members have raised.

Yesterday the first speaker who made his maiden speech, Mr. Snehangsu Acharya, made a brilliant speech and spoke brilliantly. I was very happy to see that there was a transformation—right from Maharaja he has come here as a communist. That was a happy transformation in this sense that he has shown a progressive mind but I do not want to raise metaphysical issues.

Shri Satya Priya Roy is not happy with the state of affairs. He is continually harping on the accomplishments of the All Bengal Teachers' Association and he has made the Council an arena to make wild attacks against the Education Minister. I do not know what personal grouse he has got against the Education Minister or Dr. D. M. Sen. In any case his speeches give me this impression. He would be a good speaker, but every time to hear the same thing over and over again, whether there is occasion or not becomes stale. He spoke about the system of sponsored college. I happen to be President of a sponsored college. There is a sponsored college at Purulia for the girls. It is a B.A. college. I feel that when the Government is paying all the expenses of a sponsored college surely it should have the power to nominate or take members. Side by side with this sponsored college at Purulia, there is also a college run by the Managing Committee for the boys. Recently a gentleman who styled himself openly at a meeting that he was a great scholar saying that he took M.A. in 9 subjects—(his name is Devajyoti Burman) visited Purulia and he attacked this sponsored college without ascertaining facts. He said that Dr. B. C. Roy being fond of taking the properties of big zemindars and rulers, has taken over Deshabandhu Chittaranjan's house without justification. What pains me to see is that after obtaining so many degrees he is unable to distinguish Deshabandhu from the classes of persons who were Rajahs and Zemindars in the old days.

Sj. K. P. Chattopadhyay: On a point of order, Sir, Sj. Burman is not a member of this House. Is the honourable member entitled to refer to him?

Sj. Nagendra Kumar Bhattacharyya: He is criticising Sj. Burman behind his back.

Sj. Jimut Bahan Sen: What I mean to say is this: this man cannot see the difference between a man who has sacrificed his property for the good of the country and the ordinary zemindar who were generally regarded as oppressors and blood-suckers. I am sorry that I mentioned his name but this is what I want to convey, namely, after receiving so much learning he puts Deshabandhu in the same category of men whom we call zemindars, because being an oppositionist in political field he must cast a fling at Dr. B. C. Roy.

[11-40—11-50 a.m.]

While I have been prevented from referring to any name, I am not going to mention anybody's name. Anyway, he has boasted that he is still a student. He said that he supported the students' movement. He supported the present-day students' activities and he supported the breaking of almirah and things like that which happened during the last Matriculation Examination in North Calcutta. That was very very unfortunate. I hope the oppositionists members are not of the same view as Shri Burman.

Sj. Nagendra Kumar Bhattacharyya: Mr. Chairman, are all those relevant in this debate? Why is he referring to all these?

Mr. Chairman: Mr. Sen, You may do without mentioning all these things. I think there is no relevancy. You should not refer to all that.

Sj. Jimut Bahan Sen: All right, Sir. Let me point out here that sponsored colleges are necessary. What I find from the other college in my town is that the Government has given Rs. 1,60,000 for the development of science college, but the Managing Committee has not been able to move. At times it becomes necessary for the Government to encourage sponsored colleges and to establish sponsored college in places where there is bad administration in colleges.

I will refer to a point mentioned by Sj. Satya Priya Roy. He has objected to taking the help of Public Service Commission in recruiting teachers. According to the Constitution, in many countries there is Public Service Commission to select proper men for different departments. This much I can say that personally I have no objection to the teachers' getting promotion, but it cannot be the function of the Teachers' Association to recommend that so and so teachers should be promoted and so and so teachers should be demoted. I think the power should be given to an outside body altogether. There may be teachers' representative in such an outside body.

Now I come to talk about water scarcity. There has been water scarcity in my district and we are greatly concerned with the water scarcity there. It is a great relief to find that since April last 40,000 people are employed daily and they are engaged in the construction of roads and other sorts of work. Money is being spent on test relief work and it admits of no doubt that Government should spend on what is good for the country. People are in distress and they are making something in this way. They are expecting an improvement in the wages. They may be given 2½ seers of wheat and a few seers of rice weekly. But I understand that the whole question depends on the availability of the fund, and availability of rice. So far as my district is concerned I can tell my friends on the Opposition that the test relief work has been a great boon there and more than 40,000 people not only from Purulia but from places 40 to 50 miles away from Purulia are being given work, and getting the benefit of the wages. This is no mean achievement. So far 47 tanks have been excavated and are under

excavation. A large number of wells under the Tribal Welfare Scheme and various other schemes in the rural areas have been already sunk and these wells are working happily. So far the town is concerned, of course there is acute water scarcity. I believe Government is taking steps in this direction. I have nothing more to say. I am sorry that I made a reference to Shri Devajyoti Barman. All that I wanted to point out is that he should not have made such a statement, and it has not the support of the opposition members here.

Thank you, Sir.

Sj. K. P. Chattopadhyay:

মাননীয় সভাপতি মহাশয়, সরকার পক্ষের বন্ধুগণ আমাদের সম্বন্ধে অনেক সময় অভিযোগ করেন যে, আমরা নাকি সরকারের ভাল কাজের কোন উল্লেখ করি না। এ কথাটা ঠিক নয়। কিন্তু ভাল কাজ বিচার করার মানদণ্ড কি যার সাহায্যে মেপে ভাল কাজের উল্লেখ করবো? যাঁরা বিচার করেন না তাঁরা তো ওপক্ষে প্রশস্তি গাইবার জন্য আছেনই। কিন্তু কোন কাজ হয়েছে কোন কাজ হয় নি সেটা কিভাবে বিচার করতে হবে? ইংরেজ রাজত্বে ভাল মন্দ অনেক জিনিস করা হত। আমরা কি সেই বিদেশী সরকারের সঙ্গে তুলনা করে জাতীয় সরকার যে কাজ করেছেন তার বিচার করবো? না কি তারা যে প্রতিশ্রুতি জনসাধারণকে দিয়েছিলেন সে সম্বন্ধে কি হয়েছে না হয়েছে তার সমালোচনা করে সেই মানদণ্ডে তাঁদের কাজের বিচার করবো? মানুষের আত্মবিকাশের পক্ষে—অগ্রগতির পক্ষে অনেক জিনিস দরকার। যেমন খাদ্যের দরকার তেমনি অন্যান্য ব্যবস্থারও দরকার। সেই সমস্ত তারা কতটা কি করতে পেরেছেন সেদিক দিয়েই আমরা সমালোচনা করি, আমরা বিচার করি। ভাল কাজ কিছু নিশ্চয়ই হয়েছে, নইলে এতদিন এই সরকার টিকতে পারত না এবং এই যে এত লোক ওদিকে বসে আছেন--

Sj. Rabindralal Sinha:

বেশী সংখ্যায় বলুন।

Sj. K. P. Chattopadhyay:

বেশী সংখ্যাটা কি সব সময় আভিজাত্যের লক্ষণ? যারা ৬০ বছর ইংরেজের বিরুদ্ধে লড়েছে তারজন্য যে একটা ঐতিহ্যের সৃষ্টি হয়েছে তারই মূল্যস্বরূপ তারা বসে আছেন। পুরাণো জমিদার, ভেঙ্গেপড়া জমিদারের যেমন পাড়ায় মান থাকে এও তেমনি।

Sj. Rabindralal Sinha:

মহারাজ-কুমারকে জিজ্ঞাসা করবেন।

Sj. K. P. Chattopadhyay:

একদা যারা বিরোধী ছিল তারা এখন কেহ কেহ ওপাশে সমর্থকদের মধ্যে বসে আছেন (এ ভয়েসঃ 'কে তারা?) যিনি ওদিকে বসে আছেন তাঁদের একজন নেহাতই ভাইপোর মতন। তাই, সে কথা আর আলোচনা করব না। (এ ভয়েসঃ ভাইপো, ভাইপোর মতনই থাকবেন) আমাদের বলা হয় যে এই সরকার গণতান্ত্রিক।

[11-50—12 noon]

জনসাধারণের সঙ্গে সহযোগিতা করে কাজ করলেই তবে তাকে গণতান্ত্রিক রাষ্ট্র বলা চলে। এ রাষ্ট্রকে শুধু গণতান্ত্রিক রাষ্ট্র বলে দাবী করা হয় না, বলা হয় এটা জনকল্যাণের ভিত্তিতে প্রতিষ্ঠিত। আমাদের দেশে বিভিন্ন অংশে বিভিন্ন লোকের যে সংস্কৃতিবৈচিত্র আছে সেগুলির দিকে লক্ষ্য রেখে, যাতে সকলে সমানভাবে এগুতে পারে তারজন্য নানা রকম পরিকল্পনা করা হয়েছে, এই কথা বলা হয়। আমাদের দেশে শহর অঞ্চল মধ্যবিত্ত প্রধান স্থান শিল্প প্রধান অঞ্চল শ্রমিকদের আবাস আর গ্রামাঞ্চল কৃষক প্রধান। তাদের সকলের সংস্কৃতি এক রকম নয়। কিন্তু এ দেশের মানুষ একইভাবে এ দেশের নাগরিক হিসাবে থেকে সেই অধিকার যাতে ভোগ করতে পারে এবং সমান সুখসুবিধা পেতে পারে, তারজন্য বলা হয়েছে যে, এ দেশে নানাভাবে Community Development Projects and National Extension Service Block করা হয়েছে। জিনিসটার ভিত্তি হচ্ছে জনসাধারণের সঙ্গে সহযোগিতা, এবং সরকার পক্ষ

থেকে বলা হয়েছে যে সমগ্র দেশব্যাপী এই ন্যাশনাল এক্সটেন্সন সার্ভিস ব্লক করা হবে। কিন্তু এই যে জনসাধারণের সহযোগিতা নিয়ে কাজ করার কথা এটা কি সেই সহযোগিতা নিয়ে কাজ করা হচ্ছে? (পুস্তিকা দেখাইয়া) এই পুস্তিকাখানি কেন্দ্রীয় সরকার কর্তৃক মুদ্রিত, কোন বামপন্থী লোকের লেখা না,

Report of the team for the study of Community Projects and National Extension Service.

তাতে তাঁরা বলছেন—

"One of the best successful aspects of the C.D. and N.E.S. work is its attempt to evoke popular initiative."

তাঁরা বলেছেন যে আমলাতন্ত্র একেবারে সব ক্ষমতা নিজেদের হাতে রেখে দিয়েছেন, জনসাধারণের হাতে কোনও ক্ষমতা দিতে রাজী হন নি। তাঁরা আরও বলেছেন—বিকেন্দ্রীকরণ বা ডিসেন্ট্রালাইজেসন আর ক্ষমতা ডেলিগেসন করার এ দুটোর মধ্যে যে পার্থক্য তা এইসব কর্মচারী ভাল বুঝতে পারেন নি। এজন্য পুস্তিকার লেখকরা পরিষ্কারভাবে বলেছেন যে এই যে জিনিসটা এটা ভাল হয় নি। লোকে যে বিশেষ কিছু করতে পারে নি। লোক যে এগিয়ে আসে নি এ হয়েছে কেবল সহযোগিতার অভাবে।

এই যে মুদ্রিত পুস্তিকা থেকে আমি পড়লাম সেখানে আরও অনেক বেশী উদাহরণ দেওয়া আছে যে এ কাজ ভালভাবে করা হয় নি। তাঁরা বলেছেন যে সেখানে উৎপাদন, স্বাস্থ্যের ব্যবস্থা, সরবরাহ, সমবায় ব্যবস্থা, গ্রামের শিল্প উন্নয়ন ব্যবস্থা—এ সবের উপর জোর দেওয়া উচিত, এবং এ সঙ্গে স্বীকারও করেছেন যে ওয়েলফেয়ার এক্টিভিটির মধ্য দিয়ে অনেকগুলি লোক দেখান জিনিসের উপর জোর দেওয়া হয়েছে। এ আমার কথা নয়, ঐ রিপোর্টের উদ্বৃতি এ কথা আপনার সামনে ধরতে চাই।

আপনি কিছুদিন আগে হয়তো আমাদের কোন জাতীয়তাবাদী কাগজে পড়ে থাকবেন—তাঁরা লিখেছিলেন যে এই রিপোর্টগুলি পড়ে মনে হয় যে কাজ অনেক কম হয়—বহুসংখ্যক কাগজের তাড়া কাজের দাবী সম্বল করে ঐসব জায়গা থেকে কেন্দ্রে যায় বা এই রাষ্ট্রেরই যে আমলাতান্ত্রিক বিভাগ সেখানে যায়, এবং সেখান থেকে অন্যত্র যায় আবার ঐখানে ফিরে আসে। এই কাগজ ঘোরাফেরার তুলনায় কাজ অনেক কম হয়। মনে হয় এইসব যে ঘটনা ঘটে তার প্রধান কারণ —সরকারের জনসাধারণের সঙ্গে সহযোগিতা ও সহানুভূতির মনোভাবের অভাব। আমাদের এখানে একথা শুনতে হয়েছে যে, জনসাধারণ, জনসাধারণ—শুনে কান ঝালাপালা হয়ে গেল। মন্ত্রিমণ্ডলীর পক্ষ থেকে এখানে বলা হয়েছে যে জনসাধারণ বলতে কোন্ লোককে বোঝায়? জনসাধারণ বলতে কি বোঝায় তাই ঠিক হয় নি। মুস্কিল হচ্ছে যে ইংরাজের আমলের একটা ঐতিহ্য এখানে রয়ে গিয়েছে। তার উপরে আমাদের স্বাধীন ভারতের একটা ছাপ দেওয়া হয়েছে। আমি জিজ্ঞাসা করছি (চেয়ারের দিকে তাকাইয়া) ওখানে যে প্রদীপ বসান আছে তার মাথায় অশোকস্তম্ভের সিংহ চিহ্ন বসে আছে তার নীচে আবার লাল নীল ধ্বজা আছে। এগুলো ইংরাজের আমলের। এগুলি মহারাজা সন্তোষ কর্তৃক করা হয়েছিল। বর্তমান সরকার করেন নি। ঐতিহাসিক ভিত্তিতে জিনিসটা জানা উচিত। ঐ রঙ্গ দুটির যোগাযোগ ইংরেজের পতাকার। মুস্কিল হচ্ছে যে এভাবে খিচুড়ী ঐতিহ্য হওয়ার ফলে এদিকেও হচ্ছে না, ওদিকেও হচ্ছে না। সেই মুস্কিল আমরা অনেক সময় দেখতে পাই। এখন উদ্বাস্তু পুনর্বাসন নিয়ে উদ্বেগের কারণ হয়েছে। পন্ডিত জহরলাল নেহরু নাকি বলে দিয়েছেন কলিকাতা মৃত শহর। অবশ্য সেটা শ্রীঅশোক সেনই বলেছেন, তাঁর কথা। শহর মরে যাচ্ছে কি কর্তারা মেরে ফেলেছেন, সেইটাই প্রশ্ন। দেখা যাচ্ছে উদ্বাস্তুর ক্ষেত্রে যে কাজ করা দরকার সেটা প্রচারের দিক থেকে একটু বেশি করা হচ্ছে। আমি অবশ্য মনে করি না যেসব উদ্বাস্তুকে বাংলাদেশে পুনর্বাসন করান সম্ভব। অন্যত্র যদি ভাল জায়গা পাওয়া যায় সেখানে পুনর্বাসন হতে পারে। বলা হয়েছে দন্ডকারণ্যে ৮০ হাজার বর্গমাইল তাদের জন্য আলাদা কোরে রাখা হয়েছে। যদি বেশ ভালভাবে তাদের পুনর্বাসন সম্ভব হয় তাহলে আপত্তির কারণ হতে পারে না। কিন্তু যেভাবে জিনিসটার আলোচনা হচ্ছে তাতে নিরাশ হতে হয়। আমি পূর্বে বলেছিলাম যে আমি দন্ডকারণ্যের মালকানগিরি, মাচকুন্ড, নওরঙ্গপুর ইত্যাদি জায়গা ঘুরে দেখে এসেছি। আমার গবেষক ছাত্র বস্তার অঞ্চল ঘুরে এসেছে। মন্ত্রী মহাশয়রা যদি একবার সেখানে গিয়ে

দেখে আসেন তাহলে অবস্থা বুঝতে পারেন। তবে আকাশে যেমন মেঘ চলাচল করে সেইভাবে বিমানে চেপে ঘুরে এলে কিছু বোঝা যাবে না। আমি সেখানে নৃতত্ত্ব সম্বন্ধে অনুসন্ধান করবার জন্য গিয়েছিলাম, আমার ছাত্রেরা ও আশেপাশে বস্তার জেলায়ও কাজ করেছে। অতএব সেখানকার প্রত্যক্ষ ও নিকট পরোক্ষ জ্ঞান আমার কিছু আছে। সেখানে জলাভাব খুব বেশী। জলের কথা অন্নদাবাবু সেদিন বলেছিল, বীজ দেওয়া হয়, সার দেওয়া হয়, কিন্তু আসল চাষের জল, ভাল দেওয়া হয় না। রবীন্দ্রবাবুও একটু আগে বলেছেন যে তাঁর এলাকায় জলের অভাব দেখতে পাওয়া যাচ্ছে। যাই হোক দণ্ডকারণ্য অঞ্চলে যে পূর্ববঙ্গের লোক যাবে সেখানে তাদের পদ্মা নদীর ধারের মত সুজলা, সুফলা ভূমির ব্যবস্থা করা সম্ভব নয় বুঝি। কিন্তু উপযুক্ত জলের ব্যবস্থা কি সেখানে করা হয়েছে? সেটা কি সকলে মিলে গিয়ে দেখে এসে বললে হত না? উপর থেকে না দেখে মাটিতে নেমে সেখানে কি করা হয়েছে—এবং কি করা সম্ভব, এবং সেখানে তাপ কি রকম, শীত কি রকম তা জানা দরকার। এ বিষয়ে সরকারী একটি প্রচারপত্র লিখেছেন যে কোরাপুট অঞ্চলের তাপমাত্রা গ্রীষ্মকালে ৯৫ ডিগ্রীর বেশী ওঠে না। কথাটা অত্যন্ত সীমাবদ্ধ হিসাবে সত্য। আমি উড়িষ্যা সরকারের সৌজন্যে ঐ অঞ্চলের শৈলাবাস কোরাপুটের সার্কিট হাউসে থেকে এসেছি। আড়াই হাজার ফুট উঁচু পাহাড়ের উপরে এর অবস্থান। এখানে তাপমাত্রা গ্রীষ্মকালে ৯৫ ডিগ্রীর উপর ওঠে না। কিন্তু সেখান থেকে নেমে এসে যেখানে পুনর্বাসন হবে সে জায়গায় গেলে দেখা যায় সেখানে তাপমাত্রা অনেক বেশী। সেখানে মে মাসের শেষভাগে ওখানকার গ্রামাঞ্চলে গিয়েছিলাম এবং সরকারী ডিসপেন্সারীর থার্মোমিটারে বেলা ১টার সময় দেখেছি ১০৫ ডিগ্রী, দুপুরে ওঠে আরও অনেক বেশী। আমাদের বাংলার সিউড়ী, ঝাড়গ্রাম প্রভৃতি অঞ্চলেও এই রকম গরম হয়। এ বিষয়ে ঢাকাঢাকি করে লাভ হবে না। এই হয়েছে মুস্কিল যে জনসাধারণকে অবিশ্বাস করা হয়। তাদের সঙ্গে সহযোগিতা কোরে কি কাজ করা যায় না? তাদের মধ্যে এইরকম একটা ভুল ধারণা সৃষ্টি কোরে একটা ব্যবস্থা করার চেষ্টা হচ্ছে। কিন্তু তাকে কি সুষ্ঠু পুনর্বাসন ব্যবস্থা বলতে পারেন?

[At this stage the blue light was shown.]

সভাপতি মহাশয়, আমি সংক্ষেপ করবার চেষ্টা করছি।

তারপর যে পেশা নিয়ে দীর্ঘদিন কাজ করেছি সেটা শিক্ষাব্রত, আমার জীবনের সকলের বড় ব্রত। শিক্ষা ব্যাপারেও দেখতে পাই সেখানে সহযোগিতার অভাব অত্যন্ত প্রবল। সেদিন শিক্ষামন্ত্রী আইন এনেছিলেন মধ্যশিক্ষা পর্ষদ সম্বন্ধে। কিন্তু মধ্য শিক্ষা ব্যবস্থা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা একেবারে অঙ্গাঙ্গীভাবে যুক্ত।

[12—12-10 p.m.]

একটার সঙ্গে সামঞ্জস্য না রেখে অন্যত্র সুব্যবস্থা করা চলে না। কিন্তু এই আইনটা যে আনা হল, ও শিক্ষাবিভাগে যে সিলেবাস ঠিক করা হোল তাতে বিশ্ববিদ্যালয় বলে যে কিছু আছে এই কথাটা শিক্ষা বিভাগ মনে হয় বিস্মৃত হয়েছে। কোনরকম বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সহযোগিতা করা হয় নি। বিল আনার সময় সিন্ডিকেট বা সিনেটের কাছে জানানো পর্যন্ত হয় নাই। আমি সিনেটের সদস্য এ বিষয়ে আমি সেখানে কিছুই জানি না। এমন কি ভাইস-চ্যান্সেলার মহাশয় তিনিও কিছু জানেন না। আর সিলেবাস যা তৈরি হয় সে সম্বন্ধেও আমাদের কোন রকম জানানো হয় না। আমরা জানি সিলেবাস করতে হোলে বহু লোকের সঙ্গে পরামর্শ করতে হয়। শিক্ষা বিভাগ যে সিলেবাস করেছেন সে সম্বন্ধে সন্তোষ ভট্টাচার্য মহাশয় বলেছেন বলে আমি বিস্তৃত আলোচনা করব না। সামাজিক শিক্ষা সম্বন্ধে যে সিলেবাস করা হয়েছে তাতে দেখলাম এশিয়ার উত্তরাংশে তুঙ্গুজ উপজাতি কোথায় থাকে ও কিভাবে থাকে সে সম্বন্ধে ছোট ছোট ছেলেমেয়েদের বাস্তবজ্ঞান দেবার ব্যবস্থা আছে। তুঙ্গুজদের সম্বন্ধে আমাদের কারও কোনও বাস্তব জ্ঞান নাই। অথচ আমাদের প্রতিবেশী দেশ তিব্বত সম্বন্ধে আমাদের দেশের লোকে জানে যে সেটা বরফের দেশ, তাদের জীবনী শেখানো চলে। এইভাবে দেশের শিক্ষা দেওয়া চলতো। যাঁরা সরকারী বিশেষজ্ঞ আসলে তাঁরা হয়ত কেহ বিলাত ঘুরে এসেছেন এবং ঘুরে এসে সেখানের সিলেবাসের নকল করেছেন। তাঁরা প্যান্টুলনের উপর ধুতি চড়িয়ে তাকে

স্বদেশী চেহারা দেবার চেষ্টা করেছেন, কিন্তু তাতে কুফলই হচ্ছে। এই অসুবিধার ফলে কি অবস্থা হয়েছে সেটার দিকে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। এমন একটা সিলেবাস হয়েছে যে তাতে ১১ বছর স্কুলেতে ছেলেরা কি পড়বে এবং সেখান থেকে পড়ে কি করে বিশ্ববিদ্যালয়ে ঢুকবে সেটা আমাদের বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে চিন্তা করে কিছুই সমাধান করা যাচ্ছে না। আমরা বিশ্ববিদ্যালয় হতে সরকার বাহাদুরের শিক্ষাসচিবকে জানিয়েছি যে তিনি যেন এ বিষয়ে আমাদের সঙ্গে সহযোগিতা করেন। তা না হলে দেশের যুবকমণ্ডলী এবং মেয়েরা যারা পড়বে তাদের সকলের পক্ষে বিশেষ বিপদ দেখা দেবে। শুধু যে এই ব্যাপারে অসুবিধা হচ্ছে তা নয়, টাকার ব্যাপারে কি রকম অসুবিধা হচ্ছে সেটার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের প্রধানমন্ত্রী মহাশয় সেদিন বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী উৎসবের সময় স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান বিভাগের বনেদ স্থাপন করে এসেছেন। বনেদ করলেই ত আর শিক্ষাব্যবস্থা হয় না। এই সবের জন্য কেন্দ্রীয় সরকার বাড়ী করার জন্য টাকা দেয়। কিন্তু সঙ্গে সঙ্গে বলে দেয় বিশ্ববিদ্যালয়কেও টাকা দিতে হবে। বিশ্ববিদ্যালয়তো আর ট্যাক্স বসাতে পারে না। কারণ তাদের যদি ট্যাক্স বাড়াতে হয় তাহলে ছেলেরা যারা পড়ে তাদের উপর ট্যাক্স বসাতে হয় কিন্তু তার একটা সীমা আছে। কাজেকাজেই সরকারী সাহায্যের দরকার হয়। বিশ্ববিদ্যালয় আশা করেছিলেন যে পশ্চিমবঙ্গ সরকার বাকিটা দেবেন। কিন্তু দেখা যাচ্ছে, তারা তা দেবেন না। তারপর এই সমস্ত বাড়ী করলে সেখানে টেবিল, চেয়ার, বেঞ্চি আলমারী কেনার জন্য কেন্দ্রীয় সরকার কোন টাকা দেন না। বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত কলেজের কতকগুলির অধ্যাপকদের বেতনের জন্য টাকা তাঁরা দেবেন এরূপ বিবৃতি দিয়েছেন। কিন্তু সে টাকা কবে দেবেন? হয়ত সেটা মিলবে আসছে বছর। তাও আবার পাঁচ বৎসরের ব্যবস্থা। কিন্তু পাঁচ বছর পরে অধ্যাপকেরা কি হাওয়া খেয়ে বাস করবেন? অথচ সরকার বাহাদুর খুব উৎসাহ দিচ্ছেন ভাল কাজ হয়েছে বলে। লীগ আমলে যখন আমাদের বিশ্ববিদ্যালয়ের দুরবস্থা ছিল এবং যুদ্ধের পূর্বে আমরা পেতাম সাড়ে পাঁচ লক্ষ টাকা। বর্তমানে মুদ্রামানের যে পরিবর্তন হয়েছে এবং প্রত্যেক জিনিসের দাম যে পরিমাণে বেড়ে গেছে তাতে টাকার দাম চার আনার কিছু কম হয়ে গেছে। এ বিষয়ে আমাদের ডক্টর মনি চক্রবর্তী মহাশয় কয়েকটা হিসাব শুনিয়েছেন। মুদ্রার মূল্য পরিবর্তন হিসাবে এখন বিশ্ববিদ্যালয়কে ২২ লক্ষ টাকা দিলে সেকালের লীগের মত সাহায্য দেওয়া হয় কিন্তু দেওয়া হচ্ছে ১৬ লক্ষ টাকা। আর প্রবেশিকা পরীক্ষা হতে সাড়ে পাঁচ লক্ষ টাকা ক্ষতিপূরণস্বরূপ দেওয়া হচ্ছে। কিন্তু তখন ছিল ৩০ হাজার পরীক্ষার্থী আর এখন প্রায় লাখখানেক ছেলে পরীক্ষা দিচ্ছে। এই দিক দিয়ে সরকারের আয় বেড়ে যাচ্ছে কিন্তু বিশ্ববিদ্যালয়ের আয় বাড়ছে না। সুতরাং তাঁদের উচিত ছিল এদিকে দৃষ্টি দেওয়ার। আমাদের দেশে রাসবিহারী ঘোষ, তারকনাথ পালিতের মত দানবীর লোক কেউ আর এগিয়ে আসবেন না বা বিশ্ববিদ্যালয়ের গবেষণা বিভাগের জন্য টাকা দেবেন না। এই গবেষণার জন্য বাংলাদেশের নাম সত্যেন্দ্রনাথ বসু, মেঘনাথ সাহা, শিশিরকুমার মিত্র, জগদীশচন্দ্র বসু, প্রভৃতি উজ্জ্বল করেছেন। এবং তারজন্য বাঙালী গৌরব অনুভব করে। কিন্তু এই স্নাতকোত্তর বিভাগের জন্য টাকা আসবে কোথা থেকে তা কেউ জানে না। সেখানে যে অল্পসংখ্যক ছেলেমেয়ে উচ্চশিক্ষার উপযোগী তাদের কাছ থেকে প্রতি মাসে কি ১৫০ টাকা ফী নেওয়া যেতে পারে? এই বিভাগ কি করে চালানো হবে সেটা সরকারকে বললে উত্তর পর্যন্ত পাওয়া যায় না।

আমি আর দুটি সামান্য কথা বলবো। প্রাথমিক শিক্ষার জন্য কিশলয় সরকারবাহাদুর ছেপে থাকেন। আগে সেটা কয়েকটা সরকারী দোকানে বিক্রী হোত, এখন ব্যবস্থা হয়েছে বইএর দোকানে সব পাওয়া যাবে। কিন্তু অনেক জায়গায় বইএর দোকানে খোঁজ করলে দেখা যায় যে বই পাওয়া যায় না। সরকারী দোকানে লোক গিয়ে জিজ্ঞাসা করলে তারা বলে যে আমরা ও বই রাখি না। অন্য বই রাখি। অর্থাৎ যেটা ছেলেদের পড়বার বই সেইটাই পাওয়া যায় না। তারা বলে যে আমরা এসব বিষয়ে কিছু বলতে পারি না। আপনারা ইচ্ছা করলে ব্যবস্থা করতে পারেন। যতবেশী জায়গায় ছেলেদের এই একমাত্র পড়ার বই পাওয়া যায় তার ব্যবস্থা করলেই ভাল হয়। এই হচ্ছে আমলাতান্ত্রিক ব্যাপার—হয় এটা হবে, না হয় তো ওটা হবে; দুটোর মাঝামাঝি হবে না। স্নায়ু বিজ্ঞানের একটা নিয়ম আছে অল অর নান প্রিন্সিপিল অর্থাৎ মাঝামাঝি কিছু হবার উপায় নেই। আমলাতন্ত্র স্নায়ুর হুকুমেই চলেন; চিন্তার নয়।

আর একটা কথা বলবো। নোনা জল খেয়ে খেয়ে আমরা অতিষ্ঠ হয়ে গেলাম। সকালবেলা চা খেলে নোনতা লাগে। দুপুর বেলায় তৃষ্ণায় জল খেলে নোনা জল খেতে হয়। সেচমন্ত্রী মহাশয়কে বললে তিনি বলেন যে এটার জন্য একটা বড় পরিকল্পনা হচ্ছে। একবার নাকি পরিকল্পনা হয়েছিল, কিন্তু কাজে পরিণত কিছুই হোল না ; কল্পনাতেই রইল। আবার নাকি পরিকল্পনা হবে। আমার কি মনে হচ্ছে জানেন কবিশ্বিজু রায়ের ভাষায়—এইসব পরিকল্পনার কথা শুনে, যে এসবের অবশেষ কি রকম—মিলিয়ে এনেছি প্রায় অ্যান ও বেদাঙ্গ, এমন সময় হয়ে গেল ভবলীলা সাঙ্গ'।

[12-10—12-20 p.m.]

Sj. Nrisingha Prosad Sarkar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বাজেট বক্তৃতা শুনতে গিয়ে শুনলাম—যে কল্যাণমূলক বাজেট তৈরি হয় নি। কিন্তু এটার উত্তর হচ্ছে যে যদি আপনারা গ্রামে যান তাহলে দেখতে পাবেন যে কতদূর উন্নতি হয়েছে। অবশ্য আপনারা বলতে পারেন যে যেটুকুন আশা করা গিয়েছিল ততটা হয় নি, সেটার উত্তর হচ্ছে যে রাতারাতি এটা সম্ভব নয়। আমি একথা বলছি যে যারা গ্রামে গিয়েছেন তাঁদের দৃষ্টিভঙ্গিটা এবিষয়ে অনেকটা বদলে গেছে। যাইহোক আমি আর সে সম্বন্ধে বিশেষ কিছু বলব না। আমি আয়-ব্যয় সম্বন্ধে বিশেষ কিছু বলব এবং দেখাব যে আয় কেমন বেড়েছে। এবিষয়ে সেলস-ট্যাক্স সম্বন্ধে আগে বলা হয়েছে। আমি সেলস ট্যাক্স সম্বন্ধে শুধু একটা কথাই বলব। আমরা অবিভক্ত বাংলায় ট্যাক্স বাবত ৪ কোটি টাকা পেতাম, আর এখন বিভক্ত বাংলায় আমাদের এটা বেড়ে ৯ কোটি টাকা হয়েছে। ১৯৫৬-৫৭ সালে ৯ কোটি পেয়েছি এবং ১৯৫৭-৫৮ সালে ১৬ কোটি হয়ে গিয়েছে। এটা বেড়ে যাওয়ার কারণ হচ্ছে ট্যাক্স ইভেশন হচ্ছিল। ট্যাক্স ইভেশন হওয়ার আগে আমি একটা ছোট দৃষ্টান্ত দিই তাহলে জিনিসটা বোঝা যাবে। আমাদের নদীয়া জেলার ঘটনাটা বললেই সারা বাংলাদেশের চিত্রটা পাওয়া যাবে। কয়লা সম্বন্ধে আমি বলছি। কয়লা আজকাল—কোল কন্ট্রোল অর্ডার চালু হয়েছে এবং তার ফলে আমরা জানি যে কয়লা যে নিয়ন্ত্রণ হয়েছে শুধু কোল কন্ট্রোল ডিস্ট্রিক্টএ নয়, এমন কি যেখান থেকে কয়লা আসে সেখানেও। আমরা দেখছি ১০ হাজার টাকা বিক্রী হলে বছরে সেল ট্যাক্স লাগে। আমাদের জেলায় যে কয়লা বিক্রী হয় তা থেকে সেলস ট্যাক্সএ প্রচুর আয় হওয়া উচিত। কিন্তু সেখানে হয় না, তার কারণ হচ্ছে আমাদের জেলায় এমনভাবে কোলটাকে ডিস্ট্রিবিউশন করা হচ্ছে ছয় মাসে দুই ওয়াগান কোরে প্রত্যেককে দেওয়া হয়। দুই ওয়াগন কোল বিক্রী করলে সেলস ট্যাক্সএর আওতায় আসতে পারে না। একই বাড়িতে দুইজনকে দেওয়া হচ্ছে এবং যিনি দিচ্ছেন তার কথাই বলছি তিনি এমনভাবে আত্মীয়বন্ধু পোষণ করেছেন তাতে আমাদের সেলস ট্যাক্সএর খাতে যে আয় হওয়া উচিত সে আয় হচ্ছে না। তিনি আত্মীয় বন্ধু পোষণ করতে গিয়ে এমন অবস্থায় দাঁড় করিয়েছিলেন যে তিনি আর সরকারী চাকরী করতে পারলেন না। এবং শুনি তার আর চাকরী করার প্রয়োজন নেই। এখন তিনি একজন বামপন্থী মস্ত বড় নেতা হয়ে গিয়েছেন। আপনারা যদি নাম শুনতে চান তাহলে আমি বলছি তার নাম হচ্ছে নরেন সরকার। তিনি যখন পূর্ববাংলা থেকে আসেন তখন তিনি বিশেষ কিছু নিয়ে আসেন নি, হঠাৎ এখানে এসে সরকারী চাকরি পাওয়ার পর তিন-চার বছরে এমন অবস্থা করে নিয়েছেন যে তার জীবনে আর চাকরী করার প্রয়োজন হবে না। তিনি কোন দলে যোগ দিয়েছেন বলে আমি বলছি না, তবে তার আর চাকরী করার কোন প্রয়োজন নেই। তারপরে আরেকটা কথা বলছি যে কোল কিরকমভাবে কলিয়ারী থেকে বেড়িয়ে আসছে। কোলিয়ারী থেকে ওয়াগন ঠিকমত ডিস্ট্রিবিউশন না হলে অনেক সময় এমন অবস্থা হয় যে রোড পারমিট দিতে হয়। ২০০ টন হয়ত পারমিট দেওয়া হল। সেটাকে একবার নিয়ে যাওয়া হয়, আবার ঐটাই দেখিয়ে আবার নিয়ে যাওয়া হল এইভাবে সেলস ট্যাক্সএর আওতায় পড়ে না এটা আমি পয়েন্ট আউট করছি। এই সমস্ত পারমিটগুলি যদি ঠিকভাবে আদায় করা হয় তাহলে সেলস ট্যাক্স হয়ত আরও বাড়তে পারে। আমাদের বিরোধী বন্ধুরা বলেছেন যে রাজস্ব থেকে আয় আমাদের বাড়ছে না, তার কারণ হচ্ছে এইগুলি।

তারপরে আরকেটা কথা বলি ইরিগেশন সম্বন্ধে। যদি ফারাক্কা বাঁধ হয়ও তাহলে নদীয়া জেলার কোন সুবিধা হবে না। আমাদের যদি জমি থেকে ফসল ফলাতে হয় তবে ছোট ছোট

ইরিগেশন স্কীম করতে হবে। এইগুলি হলে আমাদের ফসল হবে, তা ভিন্ন আমাদের আর কোন পথ নাই। আমাদের জেলায় কৃষিযোগ্য যে জমি আছে, তাতে পাটের চাষ বেশী হচ্ছে। কাজেই সেখানে জলের বেশী প্রয়োজন। আমার সময় কমে আসছে।

আর একটা কথা বলি। আমাদের জেলার আর একটা ব্যাপার রয়েছে। সেটা হচ্ছে রিফিউজি প্রবলেম। পূর্বে আমাদের জেলাতে সাত লক্ষ লোক ছিল, বঙ্গবিভাগ হবার পর সেখানে পনের লক্ষ লোক হয়েছে। আমাদের সবচেয়ে বড় মুশকিল সেখানে ক্যাম্প আছে অনেকগুলি। সেই ক্যাম্পে দু-লক্ষ লোক আছে। সেই দুই লক্ষ লোককে খাওয়াতে হচ্ছে। তাদের তাড়াতাড়ি পুনর্বাসন না করলে আমাদের আর্থিক অনেক ক্ষতি হবে।

আমাদের আর একটা প্রবলেম আছে—হাসপাতালের। নদীয়া জেলার সদর যে হাসপাতাল আছে, তা বহুদিন থেকে বেড বাড়ানোর প্রয়োজন হয়েছে। এখনো দেখা যাচ্ছে পূর্বের সেই রকম অবস্থাই আছে। আমাদের শহরে ৭৫ হাজার লোক। এই হাসপাতালে ৭০টা সীট আছে। সেই জায়গায় এখন ১২৫টা রোগী রাখতে বাধ্য হচ্ছে। অনেক রোগী মেঝেতে পড়ে আছে। এমন অবস্থা সেখানে যে তাদের বেড-প্যান দেবারও ব্যবস্থা নাই। হাসপাতালে এতগুলি রোগী থাকছে ; অথচ তাদের জন্য প্রয়োজনমত জলের ব্যবস্থা পর্যন্ত নাই। অবশ্য মিউনিসিপ্যালিটিতে ১৫ লক্ষ টাকা খরচ করে জল দেবার ব্যবস্থা হয়েছে। বামপন্থী বন্ধুরা এখন মিউনিসিপ্যালিটির চার্জে আছেন। তাঁরা এখন ব্যবস্থা করেছেন যে হাসপাতালে রোগীদের খাবার জলের পর্যন্ত ব্যবস্থা নাই। (এ ভয়েসঃ আপনিও তো এক সময় চেয়ারম্যান ছিলেন!) বর্তমান আয়ে মিউনিসিপ্যালিটির যেসমস্ত প্রভিশান আছে, তার দ্বারা সকল কাজ করা সম্ভব নয়। তাদের যে আয় হয়েছে, তাতে হরিজনদের কম দরে যে ৫ সের করে চাল দিতে হয়, সেটা দিয়ে এবং কর্মচারীদের বর্ধিত বেতন দিয়ে আর বেশী টাকা থাকে না উন্নয়নমূলক কাজ করবার জন্য। তাই আমি বলতে চাই মোটর ভিহিকলস ট্যাক্স থেকে সার্চেন পরশন, এ্যামিউজমেন্ট ট্যাক্স থেকে সার্চেন পরশন এবং স্টাম্প যা বিক্রী হয়, তা থেকে সার্চেন পরশন আমাদের দিলে খুব সুবিধা হয়।

তারপরে পুলিস বাজেট সম্বন্ধে অনেকে বলেছেন। পুলিস বাজেটে যে ৭ কোটি টাকা বরাদ্দ হয়, তা এমন কিছু বেশী নয়—প্রবলেম যেভাবে বেড়ে গিয়েছে, তার তুলনায়। আমাদের জেলায় দেখছি বর্ডার প্রবলেমএর জন্য পুলিস অনেক বাড়াতে হয়েছে। দেশে আজ যে অরাজকতার ভাব এসেছে, শান্তি শৃঙ্খলা ব্যাহত হচ্ছে, তার মুখে আমাদের শিক্ষকদের সংস্থা। আমাদের শিক্ষকরা ছেলেদের তাঁদের কাজে ব্যবহার করেন। বি টি পরীক্ষার সময় শিক্ষকরা প্রশ্নপত্র কঠিন হইয়াছে বলিয়া পরীক্ষাগৃহ ত্যাগ করিয়াছিলেন।

[*Interruptions.*]

তাঁরা আজ বেতন বৃদ্ধির জন্য হাংগার স্ট্রাইক করতে ছাত্রদের সাহায্য নিচ্ছেন। তাঁরা এফিসিয়েন্সি টেস্ট দেবেন না বলে তাঁদের সাহায্যের জন্য ছেলেদের ডাকছেন। তার ফলে হয়েছে, আজ স্কুল ফাইন্যাল পরীক্ষার সময় ঐরকম ঘটনা ঘটেছে। আমাদের করিমপুর এলাকার একটা প্রাইমারী স্কুলে গোলমাল করার জন্য অন্য আর একটা প্রাইমারী স্কুলের শিক্ষকরা ছাত্রদের ব্যবহার করেছেন—এইরূপ ঘটনার পরিপ্রেক্ষিতে বলা যায় এই পুলিস বাজেট বাড়ান ঠিকই হয়েছে। হাওড়া জেলায় যে অরাজকতার সৃষ্টি হয়েছে, কলিকাতায় ও ঠিক একই রকম অবস্থা সৃষ্টি হয়েছে। আমার সময় হয়ে গেছে, আমি আর কিছু বলব না।

Adjournment

The Council was then adjourned at 12-20 p.m. till 9 a.m. on Wednesday, the 11th June, 1958, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra.
Banerjee, Dr. Sambhu Nath.
Banerjee, Sj. Tara Sankar.
Bhuwalka, Sj. Ram Kumar.
Chatterjea, Sj. Devaprosad.
Dutt, Sjta. Labanyaprova.
Maliah, Sj. Pashupati Nath.
Mohammad Jan, Janab Shaikh.
Mookherjee, Sj. Kamala Charan.
Nausher Ali, Janab Syed.
Roy, Sj. Surendra Kumar.
Saraogi, Sj. Pannalal.
Sarkar, Sj. Pranabeswar.
Singh, Sj. Ram Lagan.

COUNCIL DEBATES

Wednesday the 11th June, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 11th June, 1958, at 9 a.m. being the Third day of the Fifteenth Session, under the Constitution of India.

MR. CHAIRMAN (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

QUESTION
(to which oral answer was given)

[9—9-10 a.m.]

Crop Insurance Scheme

4. Sj. Sasanka Sekhar Sanyal: (a) Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state whether any steps have already been taken by Government for introducing and working a scheme of insurance with a view to covering failure of crops?

(b) If the answer to (a) be in the negative, will the Hon'ble Minister be pleased to state—

(i) whether Government have been considering the matter;

(ii) if so, in what direction and at what stage the matter stands at present; and

(iii) if experts are available for formulating such a scheme of insurance?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): (a) The question of introducing and working a Crop Insurance Scheme was considered by Government but the matter was given up due to its impracticability in the present state of West Bengal agriculture.

(b)(i) and (iii) No.

(ii) Does not arise.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state when was the matter considered?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Sir, I have here a correspondence from the Indian Council of Agricultural Research which took up this question as early as August, 1952. This was circulated to all the States and the Indian Council of Agricultural Research suggested for considering a pilot scheme or schemes in three or four States; but this did not materialise because it required heavy subsidy from the Government of India. In brief, I can give you a history that the question of crop insurance was taken up by the State Government in the past at the instance of the Indian Council of Agricultural Research. I have menioned the date. They drew up a pilot scheme on this subject and circulated the same to the States for their consideration. This Government did not, however, think it practicable to take up such a scheme owing to the conditions prevailing in West Bengal. They considered that it would not be advisable to charge the cultivators with an additional charge in the shape of crop insurance premium until the productivity substantially increased. Moreover, an enquiry was made and no Indian Insurance

Company was found to be willing to take any risk in crop insurance. New Zealand Insurance Company Limited, however, submitted a scheme but, under this scheme, the rate of premium was too high for the cultivators to afford to pay. Hence, this scheme also had to be rejected. Crop insurance facilities are not available in any country except Canada, U.S.A. and New Zealand where Government take 75 per cent. of the risk and the insurance companies the rest. In the present straitened financial condition of this State Government, it is not possible for them to introduce any crop insurance scheme here at such a high rate of subsidy.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether in Rewa State the crop insurance scheme was introduced?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: I have no information in the matter.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to consider the desirability of making further enquiry in the light of the information that I have given?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Certainly, I will make enquiries but I can assure the honourable member that this matter is very much in the minds of the Indian Council of Agricultural Research whose business it is to go into this problem. At the present time unless the Government of India subsidise the premia up to the extent of 75 per cent., difficulties may crop up, and most of the States—not only West Bengal but other States also—Madhya Pradesh and Uttar Pradesh—have refused to go into this problem just now.

Sj. Sasanka Sekhar Sanyal: Since the Hon'ble Minister has been good enough to inform us that the matter was considered in the year 1952 and since it is a fact that after 1952 till now there have been successive failures of crops due to droughts and floods will the Hon'ble Minister be pleased to consider the desirability of preparing a comparative chart to show whether the premium involved is such as to be commensurate with the losses incurred by the agriculturists?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: If the honourable member desires I will show him the complete figures State by State of the premium that is necessary.

Sj. Sasanka Sekhar Sanyal: My question is that after 1952 till today there have been successive failures of crops due to droughts and floods. In 1952 the question of premium was considered. Now can we balance the rate of premium considered high with the volume of losses incurred by the agriculturists?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: As the honourable member is aware, enquiry was started in August 1952, and I find the last report is dated 1956—so the enquiry is still going on. I may inform him that the matter has not been given up.

Sj. Sasanka Sekhar Sanyal: The Hon'ble Minister has been pleased to state that it is impracticable in the present state of West Bengal Agriculture. Since he is pleased to give us the information that the whole matter is being investigated by the Research Bureau, may I request him to consider the desirability of having a Committee of Experts consisting of Bengalis to go into this question and advise the Government in the matter?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Certainly it will be a desirable thing but I may assure the honourable member that the West Bengal Government appointed a Committee in 1956 to go into this question. They also reported that it is not practicable at the present time. It may be in the future.

GENERAL DISCUSSION OF THE BUDGET FOR 1958-59

Janab Abdul Halim:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে আমরা যে বাজেট ডিসকাশন করছি, এই বাজেট ফেব্রুয়ারি মাসে এখানে উপস্থিত করা হয়েছিল ; তখন তার কিয়দংশ মঞ্জুরী করা হয়েছিল আর যে বাকি অংশ তা এখানে আলোচনা করার পর মঞ্জুরী হবে। এই বাজেট প্রসঙ্গে আমরা জানতে চেয়েছিলাম যে এই বাজেট পেশ করার পর দেশের অবস্থা কি হয়েছে। দেশের উন্নতির জন্য যেসমস্ত প্ল্যানএর পরিকল্পনা করা হয়েছে তা কতদূর অগ্রসর হয়েছে? বিশেষ ক'রে এই যে পঞ্চবার্ষিক পরিকল্পনায় যেসমস্ত টাকা বায়বরাদ্দ হয়েছে, সেই ১৫৩ কোটি টাকার মধ্যে ৫৩ কোটি টাকা রাজস্ব থেকে বরাদ্দ করার কথা ছিল এবং ২৫ কোটি টাকা সেলস ট্যাক্স থেকে পাওয়ার কথা ছিল। এখন পর্যন্ত কত টাকা পাওয়া গিয়েছে সেই সম্পর্কে যদি বিবৃতি থাকত তা হ'লে আলোচনা করার সুবিধা হ'ত। আমরা জানি পঞ্চবার্ষিক পরিকল্পনা থেকে কিছু ছাঁটাই করা হয়েছে, পশ্চিমবঙ্গে এই বছর ৩১ কোটি টাকা প্ল্যানিং কমিশন থেকে বরাদ্দ করা হয়েছে। দুর্গাপুরে ৫ কোটি টাকা দিয়ে যে কোক-ওভেন প্লান্ট আরম্ভ করা হয়েছে আমি সেদিন গিয়ে দেখে এসেছি। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার তৃতীয় বছর চলেছে। এখন সেখানে যে কাজ আরম্ভ হয়েছে তা থেকে যেসমস্ত জিনিস উৎপন্ন হবে গ্যাস ইত্যাদি--সেসমস্ত কতদিনে পাওয়া সম্ভবপর হবে তার কিছু এই বাজেটএ দেখছি না।

[9-10—9-20 a.m.]

সেই থেকে আমরা জানতে চাইছি, সমস্ত বিষয়ের যদি একটা বিবরণ এখানে থাকত মন্ত্রিমহাশয়ের পক্ষ থেকে, তা হ'লে আমাদের আলোচনা করবার সুবিধা হ'ত। দামোদর ভ্যালির যে কাজ দুর্গাপুরে এসেছে তার জন্য সেখানে একটা শহর তৈরি করা হচ্ছে। সে শহর যেন একটা মরুভূমির মতন দেখাচ্ছে এই জলকষ্টের দরুন। কোন জলের চিহ্নমাত্রও আমরা দেখছি না। তাই এই বারাজ তৈরি পরিকল্পনা সম্বন্ধে আমরা বিশেষ সন্দেহান্বিত। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার তৃতীয় বৎসর চলছে। বর্তমান আর্থিক বৎসরের শেষে অর্থাৎ তিন বছরে ৮৩·২ কোটি টাকা ব্যয়িত হবে। ডি ভি সিতে কেন্দ্রের ৫৮ কোটি টাকা দেওয়া উচিত ছিল, সেখানে মাত্র ২ ভাগ পাওয়া গেছে। মোট বরাদ্দের ৫৩ শতাংশ আজ লগ্নী হ'লেও উৎপাদন, কর্ম-সংস্থানের দিক দিয়ে সাফল্য খুবই কম হয়েছে। কংগ্রেস সরকারের অনুসৃত নীতির ফলে পঞ্চবার্ষিক পরিকল্পনা সংকটগ্রস্ত হয়েছে। বাজেটএর উপর তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় জনসাধারণের জীবনে সেই সংকটের প্রতিফলন হচ্ছে, লোকের উপর ট্যাক্সএর বোঝা বাড়ছে, খাদ্যাভাব, দ্রব্যমূল্য বৃদ্ধি ও মুদ্রাস্ফীতির দরুন, জনসাধারণের জীবন আজ দুর্বিষহ হয়ে উঠছে। সর্বোপরি বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলায় কংগ্রেস সরকারের তথাকথিত 'সোশ্যালিজম' শুধু প্রহসনে পরিণত হয়েছে।

মিঃ চেয়ারম্যান, স্যার, এ বিষয়ে আর অধিক কথা না ব'লে আমি এখন কয়েকটি বিশেষ বিষয়ের উপর আমার আলোচনা সীমাবদ্ধ রাখব।

প্রথমে খাদ্য সম্বন্ধেই আলোচনা করা যাক। কোটি কোটি টাকা খাদ্য-উৎপাদনের জন্য ব্যয়িত হ'লেও দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে খাদ্যের কোন সুব্যবস্থা হ'ল না। ডি ভি সি এবং ময়ূরাক্ষী পরিকল্পনায় ক্যানেল ইত্যাদি পরিকল্পনা কার্যকরী হয়েছে ব'লে শুনি, কিন্তু তার মাধ্যমে উৎপাদন কি বেড়েছে তার কোন হিসাব আমরা পাই না। এদিকে ছোটখাট সেচ পরি-কল্পনাও প্রকৃতভাবে গ্রহণ করা হয় নি। শোনা যায় পূর্বকালে এ দেশকে শস্যশালী করবার জন্য ভগীরথ গঙ্গা আনয়ন করেছিলেন। সেই গঙ্গার আজ যে অবস্থা দাঁড়িয়েছে তাতে ঐ নদীটির সংস্কার না করলে ভগীরথের আনীত সেই গঙ্গা অচিরেই শুকিয়ে যাবে। সেদিকে

সরকারের দৃষ্টি নাই। এদিকে অসময়ে বন্যার ফলে ফসল নষ্ট হয়, নয়তো বা অনাবৃষ্টির দরুন জলের অভাবে চাষীরা চাষ করতে পারছে না। সরকারের বৃহৎ পরিকল্পনার ফলে জনসাধারণ বিশেষ কিছু উপকার পাচ্ছে না। কারণ, যে সময় জলের প্রয়োজন তখন দামোদর বা ময়ূরাক্ষীর জল পাওয়া যায় না, যখন বর্ষা আরম্ভ হবে সেই সময় জল ছাড়া হবে। সুতরাং আমরা বলতে বাধ্য হচ্ছি, ঐসব বড় বড় পরিকল্পনার আগে সুসংগঠিত পরিকল্পনা গ্রহণ ক'রে ছোট ছোট সেচ প্রণালীর ব্যবস্থা করা উচিত ছিল। আর কূপ খনন ও পুকুর খনন ক'রে গ্রামাঞ্চলে পানীয় জল ও সেচের যে ব্যবস্থা সহজে অন্তত কিছুটা করা যেত, সে ব্যবস্থাও করা হয় নি। সুতরাং পশ্চিমবাংলায় খাদ্যের উৎপাদন যতটা হওয়া উচিত ততটা হ'তে পারছে না। অথচ খাদ্যে যে ঘাটতি রয়েছে সে কথা সরকার নিজেই স্বীকার করছেন, সে হিসেব আর আমি নতুন ক'রে দিতে চাই না।

তারপরে খাদ্য উৎপাদন করবে যে কৃষক সে আজ দুঃস্থ ও দরিদ্র হয়ে পড়েছে। তাকে সাহায্য না করলে, চাষের হাল গোরু ও বীজ জোগাড় করা তার একার সাধ্যে কুলোয় না। সেজন্য তাকে যথেষ্ট পরিমাণ কৃষিঋণ দেওয়া দরকার। যে লোন দেওয়া হয় তা অতি সামান্য। উপযুক্ত পরিমাণে লোন যদি কৃষকদের না দেওয়া হয় তা হ'লে উৎপাদনও বাড়বে না এবং আমাদের খাদ্যসমস্যারও সমাধান হবে না। এই কংগ্রেস সরকারের নীতির ফলে আজ কৃষককুল ধ্বংসের পথে চলেছে এবং তার দরুন আজ বাংলার দিকে দিকে খাদ্যসংকট দেখা দিয়েছে। বিশেষ ক'রে উত্তরবঙ্গের জেলাগুলি থেকে যে খবর আমরা পাচ্ছি তা ভয়াবহ। মালদহ ও পশ্চিম দিনাজপুরে মানুষ আজ অনাহারে মরছে। দশ লক্ষ লোক অধ্যুষিত পশ্চিম দিনাজপুর খাদ্যের দিক দিয়ে চিরকাল উদ্বৃত্ত জেলা। সেখানেই আজ লোকের অনাহারে মৃত্যু শুরু হয়েছে। এই পরিস্থিতির ফলে গত মার্চ এবং এপ্রিলে একমাত্র রায়গঞ্জ রেজেস্ট্রি অফিসে বিশ হাজার লোক খেতে না পেয়ে জমি বন্ধকী কবলা রেজেস্ট্রি ক'রে দিয়ে ঋণ গ্রহণ করেছে। সুদখোর মহাজনেরা অসহায় দরিদ্র লোকদের একশো টাকা লিখিয়ে নিয়ে চল্লিশ টাকা দিচ্ছে। এর ফলে দেখা যাচ্ছে চাষীর হাতে যে সামান্য জমি ছিল তাও আজ তার হাত থেকে চ'লে যাচ্ছে। আজ এই নিদারুণ খাদ্যসংকটের মূলে যদি প্রচুর পরিমাণ রিলিফএর ব্যবস্থা না করা হয়, চাষী এবং ভাগচাষীদের যদি বাঁচানো না হয় তা হ'লে আসছে ফসলের উৎপাদনও হ'তে পারবে না।

অনেকে বলেছেন, আমরা নাকি মিছিমিছি কৃষকদের মিছিল বার ক'রে আন্দোলন করি। আন্দোলন যদি মিছিমিছিই হ'ত তা হ'লে বর্ধমান ও মেদিনীপুরের গ্রামাঞ্চল থেকে মানুষ পায়ে হেঁটে শহরে আসত না, দুর্ভিক্ষের কবলে প'ড়ে মানুষ যদি আজ বুভুক্ষু জীবন যাপন না করত তা হ'লে সরকারের কাছে, মন্ত্রীমহোদয়ের কাছে স্মারকলিপি পেশ করতে তারা আসবে কেন? দেশে খাদ্যাভাবে হাহাকার প'ড়ে গিয়েছে ব'লেই লোক আজ দলে দলে ভুখা মিছিল করতে বাধ্য হচ্ছে।

বীরভূমের কথা ধরুন। 'আনন্দবাজার পত্রিকা'র খবর। বিগত বৎসর বর্ষায় অভাব সত্ত্বেও বীরভূম জেলার যেখানে সেচের ব্যবস্থা ছিল সেখানে ধান বেশ হয়েছিল। একদিকে এই সত্য যেমন স্বীকার করতে হয়, আর একদিকে আর একটা মর্মান্তিক সত্যকেও অস্বীকার করার উপায় নাই। সেটা হচ্ছে জেলার অপর অংশে সেচ জমির দ্বিগুণ পরিমাণ এলেকায় বর্ষার অভাবে অজন্মা হওয়ায় সেখানে আজ শোচনীয় খাদ্যাভাব দেখা দিয়েছে। সেখানকার মানুষ তিলে তিলে জীবনীশক্তি হারিয়ে মনুষ্যত্বহীন হয়ে পড়ছে। ফলে সে অঞ্চলে চুরি-ডাকাতী-রাহাজানী প্রভৃতি অপরাধ বৃদ্ধি পেয়েছে। অভাবের তাড়নায় নৈতিক অবনতি ঘটার ফলে পল্লী-সমাজ ধ্বংসের দিকে যাচ্ছে। পুলিসের বড়কর্তারা পর্যন্ত রাইটার্স বিল্ডিংসএর মিটিংএ এ কথা স্বীকার করেছেন। এদিকে সরকার বাজেটএর পর বাজেটএ পুলিসের খরচ বাড়িয়ে চলেছেন আর ভাবছেন পুলিস থাকলেই দেশের সকল সমস্যার সমাধান হবে! আজ যে মানুষ খাদ্যের অভাবে হাহাকার করছে সেই খাদ্যের অবস্থার কি ক'রে শীঘ্র উন্নতি করা যায়, সেদিকে যথোচিত নজর দেওয়া হচ্ছে না। সরকারকে আর সব কাজের আগে খাদ্যাবস্থার উন্নতি করতে হবে। বীরভূম, যেটা একটা বাড়তি অঞ্চল ছিল, সেখানে আজ ৫৯,০০০ মণ ঘাটতি পড়বে।

সরকারের পক্ষে বলিষ্ঠ খাদ্যনীতির অভাব এবং মিলমালিকদের চাপে তাঁদের সংগৃহীত ধানচা'লের দরবৃদ্ধির সুযোগ দান এবং পুনঃপুনঃ খাদ্যনীতির পরিবর্তন—এইসব কারণে দেশের খাদ্যাবস্থা আরও শোচনীয় হয়ে উঠেছে। ফলে ধানের দাম সাড়ে চোদ্দ টাকা এবং চা'ল চব্বিশ-পঁচিশ টাকায় পরিণত হয়েছে। শুধু তাই নয়, পল্লী-অঞ্চলে পয়সা দিয়েও তা সংগ্রহ করা দুরূহ। ফলে সাঁওতাল প্রভৃতি আদিবাসীদের মেয়েরা কাপড়ের খুঁটে পয়সা বেঁধে গৃহস্থদের দ্বারে দ্বারে ভিক্ষুকের মতো চা'ল পাবার জন্য ধর্না দিচ্ছে। আর দিনমজুর, যারা দিন আনে দিন খায়, তারা সারাদিন খেটে হয়তো এক টাকা পায়; কিন্তু সেই এক টাকাতে তার দেড় সের চা'লের ব্যবস্থা হ'তে পারে না।

[9-20—9-30 a.m.]

খাদ্যের অভাব, কাজের অভাব থাকা সত্ত্বেও সেখানে টেস্ট রিলিফএর সুব্যবস্থা হয় নি।

[At this stage the blue light was lit.]

Sir, I want ten minutes more.

Mr. Chairman: I cannot manage if you want to take more time than what is allotted. Are you prepared to carry on till 1 o'clock?

Sj. Satya Priya Roy: Sir, I would appeal to you to give some more time in case of necessity.

Mr. Chairman: We have got to be reasonable within the time at our disposal. Anyway, Mr. Halim, please finish early.

Janab Abdul Halim:

কাজেই সেখানে আদিবাসীরা ভীষণ অবস্থায় রয়েছে। কিন্তু তার জন্য টেস্ট রিলিফএর কি ব্যবস্থা হয়েছে? আমরা সেখানে ওয়াটার ফেমিন দেখলাম, পুকুর, নদী, বিল খাল, কুয়ো ইত্যাদি সব জায়গায় জল শুকিয়ে গেছে। বোলপুরের মতন শহরে যেখানে ত্রিশ হাজার লোক বাস করে, সেখানে এক ফোঁটা জল নেই। আমার মনে হয়, বাংলাদেশের প্রায় এক কোটি লোক ড্রিঙ্কিং ওয়াটারএর জন্য কষ্ট পাচ্ছে। কোলকাতা শহরে আমরা লোনা জল খাচ্ছি। কাজেই দ্বিতীয় পরিকল্পনা কাজের পাঁচ ভাগের তিন ভাগ কাজের পরও খাদ্যসমস্যার সমাধান হয়ে উঠল না। এই প্ল্যানএর কার্যকালে আমাদের খাদ্যসমস্যার সমাধান হবে না ব'লে খাদ্যশস্য তদন্ত কমিটি অভিমত প্রকাশ করেছেন যে রাজ্যসরকার, কেন্দ্রীয় সরকারএর খাদ্যশস্য দর নিয়ন্ত্রণ আদেশ লঙ্ঘন করায় সুপরিকল্পিতভাবে খাদ্যসংকট তীব্র করেছেন। খাদ্যের বিকল্প ব্যবস্থা না নিয়ে সুষম খাদ্যতালিকা তাঁরা যা প্রকাশ করেছেন তা ক্রয়ক্ষমতাহীন মানুষের কাছে শুধু পরিহাস মাত্র। তাঁরা বলছেন যে কলা, ডিম, রম্ভা ইত্যাদি খেলে আমাদের শরীর পুষ্ট হবে। কিন্তু একটা ডিম দশ পয়সা, কলা চার পয়সা। এই রকমভাবে একটা লোকের হিসাব করলে এক টাকা চার আনার কম খাদ্য হ'তে পাবে না। অথচ একটা লোককে একশো টাকা আয়ে পাঁচজন লোককে পুষতে হয়। কাজেই সেখানে হিসাব ক'রে দেখুন যে এঁরা সুষম খাদ্যের পরিকল্পনা দিয়ে মানুষের সঙ্গে পরিহাস করছেন কিনা? আজকে জেলায় জেলায় খাদ্যের জন্য ক্ষুধার্ত বুভুক্ষু মানুষের করুণ আর্তনাদ ধ্বনিত হচ্ছে। অতএব সরকার যদি বলিষ্ঠ খাদ্যনীতি গ্রহণ না করেন তা হ'লে অবস্থা আরও জটিল হয়ে উঠবে।

তারপর আমি শিল্পোৎপাদন এবং কর্মসংস্থান সম্পর্কে কিছু বলব। শিল্পোৎপাদনে সরকার ব্যর্থ হয়েছেন। বর্তমানে ১৬ লক্ষ লোকের চাকরির কোন সংস্থান নেই। গত দু'মাসে হাওড়ায় চারটা মিল বন্ধ হয়েছে এবং আরও দু'টো মিল বন্ধ হবার সম্মুখীন। গত দশ দিনে তিনটা জুট মিল এবং একটা ইঞ্জিনিয়ারিং কারখানা বন্ধ হয়েছে এবং পনের হাজার লোক ছাঁটাই হয়েছে। আমাদের শ্রমমন্ত্রী ব'লে থাকেন যে, সরকার এই ব্যাপারে একটা সুব্যবস্থা করছেন। কিন্তু কি রকম ভয়াবহ বেকারীর অবস্থা তার হিসাব দেখলেই দেখা যায় যে একমাত্র পশ্চিমবাংলায় কর্মনিয়োগ কেন্দ্রের তালিকায় দেখা যাচ্ছে যে ১ লক্ষ ৬৯ হাজার কর্মপ্রার্থীর নাম সেখানে রয়েছে। এই জুন মাসের স্কুল ফাইনাল পরীক্ষার পর যে আরও কত লোকের সংখ্যা বাড়বে তা বলা যায় না। ইতিমধ্যে বিভিন্ন সওদাগরি অফিসে, কলকারখানায় শ্রমিক

ছাঁটাই এবং লক-আউট আরম্ভ হয়েছে। একমাত্র কর্মনিয়োগ কেন্দ্রে ১৯৫৬ সালের তুলনায় ১৯৫৭ সালে নূতন কর্মপ্রার্থীর সংখ্যা প্রায় ৪৭ হাজারের বেশি বেড়েছে এবং ১৯৫৮ সালে আরও বাড়বে। এই কর্মনিয়োগ কেন্দ্রে মাসে প্রায় ২০ হাজার লোক কাজের জন্য নাম লেখাচ্ছে। ১৯৫৭ সালে তালিকাভুক্ত ২ লক্ষ ১১ হাজার ২২ জনের মধ্যে ১৮ হাজার কাজ পেয়েছে। ১৯৫৮ সালের মার্চ মাসে ১ লক্ষ ৬৯ হাজার কর্মপ্রার্থীর তালিকা ছিল ; এদের মধ্যে সুদক্ষ কারিগর এবং টেকনিশিয়ান ১৭ হাজার ৮৯৬ জন, কেরানী ৪৫ হাজার ১৪৪ জন, অদক্ষ কর্মী ৯৯ হাজার ৫৭৪ জন ইত্যাদি সংখ্যা ছিল। সরকার বলেন যে বাঙালীরা দৈহিক কাজ করতে চায় না। কিন্তু এইসব তালিকা থেকে দেখা যায় যে কত অদক্ষ লোক কাজের জন্য নাম লেখাচ্ছে, অথচ সেখান থেকে কাজের কোন আশা নেই। ১৯৫৭ সালে প্রায় ১ লক্ষ প্রার্থীকে বিভিন্ন অফিসে পাঠানো হয়, কিন্তু তার থেকে মাত্র ১৮ হাজার লোক কাজ পায়। উদ্বাস্তু কর্মপ্রার্থীর সংখ্যা ক্রমশ আরও বেড়ে যাচ্ছে। ১৯৫৭ সালে ৩৩ হাজার ২১৬ জন ছিল, আর এখন গত ডিসেম্বর-জানুয়ারিতে যথাক্রমে ৩ হাজার ৩৬১ জন এবং ২ হাজার ৬০৭ জন নাম তালিকাভুক্ত করেছেন। কিন্তু এর মধ্যে কাজ পেয়েছে মাত্র ২২২ এবং ৩১৪ জন। এই রাজ্যে নারীর কর্মসংস্থানের ক্ষেত্র সীমাবদ্ধ। ১৯৫৭ সালে মেয়েদের মধ্যে মাত্র ৪৭৬ জন নাম লিখিয়েছিল ; তার মধ্যে মাত্র ৯ জন কাজ পেয়েছে এবং ১৯৫৮ সালে ৪২০ জনের মধ্যে মাত্র ১৫ জন। এই রেশনালাইজেশনএর ফলে গভর্নমেন্ট যে অ্যাড হক কমিটি করেছিলেন সেই অ্যাড হক কমিটির পক্ষ থেকে বলেছেন তাদের বদলি কাজ দিতে হবে, নইলে কম্পেনসেশন দিতে হবে। বিভিন্ন বেসরকারী শ্রমিক প্রতিষ্ঠান থেকে সেখানে প্রতিনিধি নেওয়া হয়েছিল। যাই হোক, সেই কমিটি যে মত প্রকাশ করেছিলেন মিলমালিকদের চাপে প'ড়ে আজকে সরকার সেইসমস্তকে কার্যকরী করছেন না। কালকের কাগজে দেখছিলাম যে বিভিন্ন ট্রেড ইউনিয়ন প্রতিষ্ঠানের এতে সম্মতি ছিল, কিন্তু মিলমালিক, আই জে এম এ সে নীতি গ্রহণ করলেন না। কাজেই অবস্থা যা দাঁড়িয়েছে তাতে মনে হয় যে মিলমালিকদের নীতিতে শ্রমমন্ত্রী চলেন, শ্রমিকদের নির্দেশে নয়। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করব যে তাঁরা তাঁদের শ্রমনীতির পরিবর্তন করুন। ছোট ছোট যেসমস্ত ইন্ডাস্ট্রি, যেগুলি বন্ধ হয়ে যাচ্ছে, সেগুলিকে সাহায্য করার ব্যাপারেও সরকারের শ্রমনীতি ব্যর্থ হয়েছে। গভর্নমেন্ট মালিকদের নির্দেশে চলেন, তাদের বিরুদ্ধে যাবার কোন ক্ষমতা নেই। অতএব এই নীতির পরিবর্তন না করলে উৎপাদন বাড়বে না, শ্রমিকদের কর্মসংস্থান হবে না এবং তার ফলে দেশের আর্থিক অবস্থা খারাপ হ'তে বাধ্য।

Sj. Manoranjan Gupta:

মাননীয় সভাপতি মহাশয়, বাজেট আলোচনা সম্বন্ধে বলতে উঠে আমি শুধু একটা বিষয়ের উপর বলব। ল অ্যান্ড অর্ডার সম্বন্ধে বিশেষভাবে আমরা উদ্বিগ্ন ব'লেই আমি বলতে উঠেছি। আমরা দেখছি যে দেশে ল অ্যান্ড অর্ডার নেই, সম্পূর্ণ অরাজকতা চলছে। আমরা অনুভব করি যে ল অ্যান্ড অর্ডার সত্যি আছে কিনা। কিন্তু আমাদের এখানে এভরিবডি ইজ টেকিং ল ইন হিজ ওন হ্যান্ডস। আমার কাছে প্রতিদিন একটা-না-একটা খবর এসেছে যে অমুক জায়গায় এই হয়েছে, তমুক জায়গায় এই হয়েছে। আপনারা সবাই জানেন যে ছাত্রদের ভেতর, রেলযাত্রীদের ভেতর প্রতিদিন নানান রকমের ঘটনা ঘটছে। অর্থাৎ কোথায়ও রেসপেক্ট ফর ল অ্যান্ড অর্ডার নেই এবং এর প্রমাণও আমরা কোথায়ও পাই না। এই রকম অরাজকতা কেন হচ্ছে সে সম্বন্ধে আমি দু'-চারটা কথা বলতে চাই। আমরা মুখে ডিমক্রেসি বলি, কিন্তু নিজেরা ডিমক্রেসিতে চলি না। আমি মনে করি, এর জন্য দায়ী রাজনৈতিক দলগুলি, গভর্নমেন্ট এবং পুলিস। আমরা সাধারণতন্ত্র মুখে বলি, সে সম্বন্ধে আমাদের জ্ঞানও যথেষ্ট আছে, বক্তৃতাও খুব দিতে পারি, কিন্তু নিজেরা যা বলি সেইভাবে চলি না। ডিমক্রেসির প্রধান কথা হচ্ছে যে, আমি একজনের বিরুদ্ধে বলতে পারব, আমার দলের বিরুদ্ধে আর একজন বলতে পারবে ইত্যাদি। কিন্তু এরও একটা সীমা থাকা উচিত। কারণ তা না হ'লে ডিমক্রেসি যে মবোক্রেসিতে পরিণত হয়ে অরাজকতা চলবে এটা সবাই জানেন।

[9-30—9-40 a.m.]

যে যা খুশি করবে তাই যদি হয় তা হ'লে সেটা ডিমক্রেসি নয়, সেটা মবোক্রেসি। এবং আজ তাই হয়েছে। এর সীমা হচ্ছে, আমি যতদূর বুঝি, আমার যতটুকু রাজনৈতিক জ্ঞান আছে

তাতে আমি এই বুঝি যে ডিমক্রেসি চালাতে হ'লে রেসপেক্ট ফর রুল অব ল--এটা থাকা চাই। শেষ পর্যন্ত যা ইচ্ছে তাই করতে পারি, কিন্তু আইন ভাঙ্গতে পারব না। তারপরে আরেকটা কথা দরকার বিশেষভাবে যে ডিমক্রেসি মীনস পার্টি পলিটিক্স। পার্টি পলিটিক্সএর কোন-না-কোন পার্টি মেজরিটি থাকবে এবং অন্য পার্টি মাইনরিটি থাকবে। এখানে minority must allow the majority to rule according to its own programme. এই যদি না থাকে তা হ'লে ডিমক্রেসি চলতে পারে না। কিন্তু সেটা এখানে নাই। আমার দাবী মানতে হবে, এই দাবী আমরা দিনের পর দিন শুনি। কোন মাইনরিটি পার্টির এ কথা বলার ডিমক্রেসিতে রাইট নাই। তার দাবী মানতে হবে না, সে যখন পাওয়ারএ আসবে তখন তার পলিসি অনুযায়ী চলবে।

[Disturbance.]

আমি যা বুঝি আমি তাই বলছি। ডিমক্রেসি যদি মানতে হয় তা হ'লে আমাকে বলতে দিতে হবে। কাজেই আমরা এখানে শুধু ডিমক্রেসি মুখে বলি, কাজে আমরা চলি না। আমরা দেখি আমাদের দাবি মানতে হবে ব'লে আইন ভাঙ্গল, তারপরে সরকার কি করছে? তখন তাদের ডেকে এনে তাদের সঙ্গে নিগোসিয়েশন ক'রে তাদের কনসেশন দেওয়া হচ্ছে। তাতে আইন ভাঙ্গারই প্রশ্রয় দেওয়া হয়। যে দেশে এই জিনিস চলে সে দেশে ডিমক্রেসি কোনদিন দাঁড়াতে পারে না, কোনদিন ডিমক্রেসির অভ্যাস হবে না। যে দেশে পলিটিক্যাল পার্টিরা আইন ভাঙ্গবে, দে আর এক্সপেকটেড টু বি পলিটিক্যাল এক্সপার্টস। কমন পিপ্‌ল পলিটিক্সএর ধার ধারে না। এবং পলিটিক্যাল পার্টিরা যদি আইন ভাঙ্গে সে দেশের লোক বিভ্রান্ত হয়ে যায়। আইন ভাঙ্গাটা অন্যায়, বিশেষত কোন স্বাধীন দেশের আইন। ইট মাস্ট বি রেসপেকটেড বাই এভরিবডি। কিন্তু পলিটিক্যাল পার্টিরা যদি এই রকম করতে থাকে তা হ'লে সাধারণ লোকরা কি করবে? যারা আনসোশ্যাল এলিমেন্টস এবং যারা দুষ্কৃতিকারী তারা প্রশ্রয় পায়; এবং তাই এখানেও দেখছি। কিন্তু তাদেরও দুষ্কৃতিকারী বলতে পারি না, যেমন স্টুডেন্টস, যাত্রীরা, তারা পর্যন্ত—এভরিবডি ইজ টেকিং ল ইন হিজ ওন হ্যান্ড।

এর প্রধান কারণ হচ্ছে একদিকে পলিটিক্যাল পার্টিগুলি ডিমক্রেসি পালন করে না, তারা জোর ক'রে অটোক্রেসি করতে চায়, কিন্তু মেজরিটি মাস্ট রুল অ্যাকর্ডিং টু ইটস ওন প্রোগ্রাম। এবং যখন তারা পাওয়ারএ আসবে তখন তাদের প্রোগ্রাম অনুযায়ী তারা করবে। কিন্তু যদি মাইনরিটি পার্টির প্রোগ্রাম যদি মেজরিটি পার্টির নিতে হয় তা হ'লে ডিমক্রেসি হয় না। সেটা হচ্‌পচ্‌ জিনিস হয়। কাজেই ফান্ডামেন্টাল কথা, মাইনরিটি মাস্ট অ্যালাউ দি মেজরিটি টু রুল অ্যাকর্ডিং টু ইটস ওন প্রোগ্রাম। সেটা আমাদের দেশে নাই। এবং আমরা ডিমক্রেসি শিক্ষা পাচ্ছি না। সেইজন্য এখানে মনোক্রেসি জিনিসটা দাঁড়িয়েছে। এবং গভর্নমেন্টএর তরফ থেকে এইসব আস্কারা দেওয়া হচ্ছে। যারা আইন ভাঙ্গে তাদেরকে যদি কনসেশন দিই তা হ'লে সাধারণ লোকে বুঝবে আইন ভাঙ্গাটা অন্যায় কিছু নয় এবং রেসপেক্ট ফর ল যদি না থাকে সে দেশে কোনদিনই ডিমক্রেসি দাঁড়াতে পারে না। সেইজন্য আমি মনে করি এর জন্য রেসপন্সিবল যেমন পলিটিক্যাল পার্টি তেমন গভর্নমেন্ট এবং যার ফলে আজ দেশে অরাজকতা এসে দাঁড়িয়েছে।

আমাকে একজন জিজ্ঞাসা করেছিলেন--আচ্ছা, যারা আইন ভাঙ্গতে আসে তাদের উপর লাঠি পেটা করলে কি কংগ্রেস পপুলার হবে? আমি বললাম, না, পপুলার হবে না, আনপপুলার হবে। তাদের দেখতে হবে ডিমক্রেসিতে পপুলারিটি কি, আনপপুলারিটি কি। তাদের দেখতে হবে রাইট অ্যাকশন কি। রাইট পলিসি মে নট বি দি পপুলার পলিসি ফর দি টাইম বিয়িং—দুনিয়ার সর্বত্র এই হয়। রাইট পলিসি মে নট বি পপুলার পলিসি ফর দি টাইম বিয়িং—এটা পার্টি হিসেবে মনে রাখা দরকার। অ্যাকর্ডিং টু ইটস ওন প্রোগ্রাম তাদের রাইট পলিসি নিতে হবে। তাতে যদি তারা আনপপুলার হয় তা হ'লে তারা রিজাইন করুক, আবার ইলেকশন হবে। আর যদি আমাদের রুল করতে হয়, তা হ'লে আমাদের পাওয়ার দেওয়া হোক। তা না হ'লে ডিমক্রেসি হয় না। ডিমক্রেসি যেভাবে চলা উচিত তা দেখতে হবে এবং সেটা আমরা পালন করব। আমাদের রেসপেক্ট ফর রুল অব ল—এই অভ্যাস সৃষ্টি করতে হবে। এই রেসপেক্ট ফর রুল অব ল—এটা হ'লে পরে ফ্রী ইলেকশন রান ক'রে যারা পাওয়ারে আসবে তারা সেইভাবে করবে। ডিমক্রেসি ছাড়া তা চলতে পারে না, একটা পার্টিও পাওয়ারে থাকতে পারে না। তা

চলে না। দুনিয়ার সর্বত্র পার্টি-ইন-পাওয়ারএর রাইট অ্যাকশন করা দরকার। সে লাঠি পিটিয়ে হোক বা না পিটিয়ে হোক—যে কোন উপায়ে হোক—হি মাস্ট রুল। তবে ডিমক্রেসি আজ মবোক্রেসি হয়ে পড়েছে, এটা করা উচিত নয়।

তারপর হচ্ছে পুলিস। তারও দায়িত্ব আছে। পুলিসএর মধ্যেও অনেক সময় করাপশন থাকে। করাপশন আজ সর্বত্র জানি, সেটা আমরা ফাইট করতে পারছি না। যারা দুষ্কৃতিকারী তারা যেমন ক'রে হোক পুলিসএর সংগে যোগ ক'রে কাজ করে; তার ফলে অপর দল ভোগে: দুষ্কৃতিকারীরা ভোগে না, তারা প্রশ্রয় পায়। আমি টালিগঞ্জে দেখেছি, পুলিস অলওয়েজ অ্যারেস্ট দি রং পার্সন্স। কেন না দুষ্কৃতিকারীরা এক জায়গায় দুষ্কার্য ক'রে আগে গিয়ে থানায় খবর দেয়, পুলিসএর সংগে তাদের যোগ থাকার ফলে অন্য লোক অ্যারেস্ট হয়। এটা অনেক বার দেখেছি। আমি টালিগঞ্জ থানার এলাকায় থাকি। সেখানে দেখেছি মেন রেসপন্সিবল যারা, যারা দুষ্কার্য করল, তাদের ধরা হ'ল না।

একদিকে পলিটিক্যাল পার্টিগুলি, আর একদিকে গভর্নমেন্ট। উভয় পক্ষেরই দেখা উচিত যাতে ডিমক্রেসি ঠিকভাবে চলে। এ বিষয়ে তাদের উভয়রেই অবহিত হওয়া উচিত। বর্তমানে যেভাবে চলছে, সেইভাবে যদি চলে তা হ'লে ডিমক্রেসির শিক্ষা কোনদিন হবে না। আমরা সেটা নিতে রাজী। সেটা আমি ফীল করি। যেটা আমি বলা প্রয়োজন মনে করেছি তাই এখানে আমি বললাম।

Sj. Naren Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপিত বাজেট প'ড়ে আমার এই কথা স্মরণ হয়েছে যে ত্রিশ বছর আগে তিনি ইউনিভার্সিটির বাজেট যে মন নিয়ে করতেন, সেই মন নিয়েই এই বাজেট রচনা করেছেন। এই বাজেট প'ড়ে আমার মনে হয়েছে যে বাজেট বোধ হয় আয়ব্যয়ের হিসেব মাত্র। দ্বিতীয় মহাযুদ্ধের পরে বাজেট, বিশেষ ক'রে কল্যাণরাষ্ট্রের বাজেট, কেবল আয়ব্যয়ের হিসেব মাত্র নয়। বাজেট সাধারণ মানুষের জীবনের পথের নির্দেশ দিবে, আমাদের অর্থনৈতিক কাঠামোকে রেগুলেট করবে, আমাদের সমাজজীবনের ভবিষ্যৎ ছবি আঁকবে। কিন্তু যে বাজেট তিনি আমাদের সামনে পেশ করেছেন তার ভেতর এ ধরনের কোন চিহ্ন নাই। বাজেট তৈরি করবার আগে, আমার মনে হয়, তাঁর সামনে বাংলাদেশের কোন ছবি ছিল না। যে বাংলাদেশের শতকরা ৭০ জন লোক দু'বেলা পেট ভ'রে খেতে পায় না, যাদের লজ্জানিবারণের কোন বস্ত্র নাই, যাদের ভাল চিকিৎসার বন্দোবস্ত নাই, যাদের সুলভে বিচার পাবার ব্যবস্থা নাই এবং বাহুতে শক্তি থাকা সত্ত্বেও যাদের উপার্জনের ক্ষমতা নাই, তেমনি ছবি সামনে রেখে তিনি যদি বাজেট রচনা করতেন তা হ'লে যে ধরনের বাজেট আমাদের সামনে এসেছে সেই ধরনের বাজেট কখনই আসত না।

এ বাজেটএ তিনি অত্যন্ত গর্ববোধ করেছেন নতুন কোন ট্যাক্স ধার্য করেন নি ব'লে। ট্যাক্স ধার্য না করাটা কোন গর্বের কথা নয়। যে কোন উন্নয়নমূলক প্রগতিশীল রাষ্ট্রে ট্যাক্সএর হার বাড়বে; যদি মানুষের জীবনের মান বেড়ে যায় তা হ'লে তারা সহজেই ট্যাক্সও দেবে। অর্থমন্ত্রী আজ ট্যাক্স বাড়াতে পারেন নি, তার কারণ এ নয় যে তিনি আমাদের মংগল কামনা ক'রে এমনি করেছেন। এর প্রধান কারণ অর্থমন্ত্রীর শক্তি খুব সীমাবদ্ধ। প্রথম কারণ হচ্ছে, যাদের হাতে পয়সা আছে তাদের উপর ট্যাক্স আরোপ করতে চান না তিনি, পাছে কায়েমী স্বার্থের উপর আঘাত লাগে। যাদের উপর এতদিন ধ'রে ট্যাক্স ধার্য করছেন তারা হচ্ছে সাধারণ মানুষ। এখন তারা তাদের সহ্যের প্রত্যন্ত সীমায় এসে দাঁড়িয়েছে, আর তারা ট্যাক্সভার বহন করতে পারে না। কিন্তু আজ যদি এই অবস্থা দাঁড়ায় যে ট্যাক্স আর বাড়ানো যাবে না, অন্য কথায় পশ্চিমবাংলার আয় বর্তমান আয়ের চেয়ে আর বাড়বে না, তা হ'লে বাংলার ভবিষ্যৎ কোথায়? এটা পিছিয়ে পড়া, অনুন্নত দেশ। কেমন ক'রে সভ্যসমাজ ও জগতের সংগে একে সমান পর্যায় তুলতে পারব। ডাঃ রায় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অভিযোগ করেছেন। কেন্দ্রীয় সরকারের কথা উল্লেখ ক'রে তিনি বলেছেন—

Budgeting in the States is growing increasingly difficult in view of this increasing dependence on the Centre and the increasing uncertainty about the amounts which are likely to be received in this area of dependence.

কেন্দ্রীয় সরকারের দোষ দেখানো হয়েছে। আমি অবশ্য কেন্দ্রীয় সরকারের সমর্থক নই। কিন্তু অর্থমন্ত্রী কেন্দ্রীয় সরকারের দোষ দিয়ে তার আড়ালে নিজেদের দুর্বলতা ঢাকতে চেয়েছেন। কেন্দ্রীয় সরকারের সাথে তিনি বাংলার পক্ষে লড়াই করেন নি তা নয় কিন্তু কেন্দ্রীয় সরকার তাঁকে টাকা দিচ্ছেন না। কেন না কেন্দ্রীয় সরকার তাঁর উপর আস্থা হারিয়েছে। তাদের কাছে তাঁর ইজ্জৎ নাই। এ কথা আমার চেয়ে ডাঃ রায় বেশি ক'রে জানেন। তিনি বেশি টাকা চাইলেও পাবেন না। এখন প্রশ্ন হচ্ছে, যদি বাংলাদেশকে কেন্দ্রীয় সরকারের ডিপেন্ডেন্ট হয়ে থাকতে হয়, অর্থাৎ বাংলাদেশ কেন্দ্রীয় সরকারের এরিয়া অব ডিপেন্ডেন্সির আওতায় থাকে তা হ'লে আমাদের কি হবে? কেমন ক'রে আমরা আমাদের আয় বাড়াব? সেই আয় বাড়ানোর মধ্যে যে ধরনের যে রাস্তা বিভিন্ন কল্যাণমূলক রাষ্ট্রে নেওয়া হয়েছে তা সর্বজনস্বীকৃত। সেই রাস্তায় ডাঃ রায় পদার্পণ করেন নি।

কল্যাণমূলক রাষ্ট্রের নিদর্শন হচ্ছে তিনটা। একটা হচ্ছে অস্টারিটি, দ্বিতীয় হচ্ছে ইকনমি, আর তৃতীয় হচ্ছে স্যাক্রিফাইস। দি টাইটেনিং অব দি বেল্টএর নীতি অনুসরণ ক'রে তাঁরা তাঁদের বাজেট রচনা করেন। আমাদের কোথায় সেই অস্টারিটি, কোথায় সেই ইকনমি, কোথায় সেই টাইটেনিং দি বেল্টএর কথা? ডাঃ রায় তাঁর বক্তৃতায় শেষের দিকে দ্বিধাবিভক্ত বাংলার সমস্যাকে আমাদের সামনে রেখেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি জাপান যখন গত মহাযুদ্ধের সময় বিধ্বস্ত হয়েছিল, ওয়েস্ট জার্মানীতে এক কোটি রিফিউজি এসেছিল ১৯৪৫ সালে বোমা বিধ্বস্ত ব্রিটেনের যে অবস্থা হয়েছিল, তার চেয়েও খারাপ অবস্থা আমাদের নয়। ওয়েস্ট জার্মানীতে এক কোটি উদ্বাস্তু এসেছে, তা সত্ত্বেও তাদের বাস্তুহারা সমস্যা নেই। তারা তাদের আর্থনীতিক কাঠামোর মোড় ঘুরিয়েছে, বিশেষ ক'রে অস্টারিটি, ইকনমি ও স্যাক্রিফাইসএর মাধ্যমে। কিন্তু আমরা এখানে কি দেখছি? অস্টারিটির কল্পনাও আমরা করতে পারি না। আমরা কি দেখছি? আমরা অস্টারিটির কল্পনা করতে পারি না। সেদিন একটি পুস্তিকা আমাদের কাছে বিলি করা হয়েছে বাজেট এস্টিমেট অব সিভিল ওয়ার্কস। আমার দুর্ভাগ্য এর ৬ পৃষ্ঠায় আমি দেখলাম, মন্ত্রীদের এয়ার-কন্ডিশনিংএর জন্য খরচের হিসেব। তরুণকান্তি ঘোষ ও বিধানবাবুর শীতাতপনিয়ন্ত্রিত ঘরের জন্য খরচ হয়েছে ১২ হাজার ও১৫ হাজার টাকা। এই কি অস্টারিটির লক্ষণ? এই কি ইকনমিক লক্ষণ? যদি আমাদের সম্পূর্ণভাবে কেন্দ্রের উপর নির্ভর করতে হয় তা হ'লে টাকা কোথা থেকে আসবে? আজকে ৭২ কোটি টাকা খরচ হচ্ছে, তার থেকে ৮ কোটি টাকা বাঁচানো যেত যদি অস্টারিটি, ইকনমির পথে যেতেন অর্থমন্ত্রী। আজ আমরা ঠিক উলটো দেখছি। মন্ত্রিমহাশয়দের ভিতর বোধ হয় তিন-চারজন ছাড়া খুব কমই আছেন যাঁরা রুপোর চামচ মুখে নিয়ে জন্মগ্রহণ করেছেন। তাঁরা আগে অধিকাংশই ট্রামেবাসে যাতায়াত করতেন এবং এর মধ্যে অনেকে আমাদের সঙ্গে বন্দীশিবিরে ছিলেন। তাঁদের সঙ্গে কাজও করেছি, কিন্তু বর্তমানে তাঁদের কাছে অস্টারিটির কথা, ইকনমির কথা শুনতে পাই না। লজ্জিত হয়ে যাই নয়নমুগ্ধকর লালদীঘির পাশ দিয়ে যেতে যেতে, কি বিকৃত করা হয়েছে তাকে! সম্প্রতি একটি মোটর গ্যারেজ তৈয়ারি করা হয়েছে এখানে। এই বিকৃত ছাঁবর মধ্যে কোথায়ও অস্টারিটির দর্শন পাওয়া যায় না। এই হচ্ছে আমাদের ওয়েলফেয়ার স্টেটএর বাজেটএর চিত্র। বাজেট প'ড়ে মনে হয় যে অর্থমন্ত্রীর কল্পনাশক্তি নেই। তিনি বাজেটএর ভিতর সবই রেখেছেন। পরমহংসদেব বলেছিলেন যে পাঁজির মধ্যে জলের কথা লেখা থাকলেও সারা পাঁজি নিংড়ে এক ফোঁটা জল পাওয়া যায় না। বাজেটএ সকল বিষয়ের উপর সমান জোর দেওয়া হয়েছে—কোন কিছুকে অগ্রাধিকার দেওয়া হয় নাই। কোন বিষয়কে কিরূপে প্রাইওরিটি দেওয়া হবে তার কথা বাজেটএ নেই। বাজেট করার সময় তাঁর মনে বাংলাদেশের ছবি ছিল না, তিনি শুধু হিসাব মিলিয়ে দিয়েছেন। স্যার, এখানে প্রশ্ন হচ্ছে, আমরা আয় কী ক'রে বাড়াতে পারি? আয় আমরা বাড়াতে পারি, কিন্তু বাড়াবার যে সামগ্রিক (টোটাল অ্যান্ড কর্মপ্রিহেনসিভ) পরিকল্পনা করতে হবে তার সম্পূর্ণ অভাব। বলছিলাম অস্টারিটির কথা। অস্টারিটি কোথা থেকে শুরু হবে, ইকনমি কোথা থেকে শুরু হবে? মন্ত্রীদের পর্যায় থেকে, না পেয়াদাদের গোষ্ঠী থেকে? আমি এই কথা ডাক্তার রায়ের কাছে জানতে চাই। আমাদের আয় কি ক'রে বাড়বে? সেলস ট্যাক্সএর কথা আলোচনা করা যাক। বরাবরই বলেছি যে বিক্রয়কর বিজ্ঞানসম্মত ভিত্তিতে প্রতিষ্ঠা করুন। সেলস ট্যাক্স উৎপাদন কেন্দ্রে, সেলস ট্যাক্স নগর-বন্দরের প্রবেশের পথে যদি বসানো হয় তা হ'লে সেলস ট্যাক্স থেকে আয় বেড়ে যাবে।

এখন এই খাতে ৯ কোটি টাকা পাচ্ছি আমরা, তা আমার প্রস্তাবিত রাস্তায় ২০ কোটি টাকায় দাঁড়াবে। তারপর এই সেলস ট্যাক্সকে ডিফারেনশিয়াল ভিত্তিতে ধার্য করুন। সেলস ট্যাক্স হার বিলাসদ্রব্যের উপর, মদের উপর, রুজ, লিপস্টিকএর উপর বেশি ক'রে ধার্য করতে হবে। তাদের আবার যেখানে নিত্যব্যবহার্য দ্রব্যের উপর সেলস ট্যাক্স হার কমিয়ে দিন বা প্রয়োজন হ'লে বাতিল ক'রে দিন। এর ফলে সেলস ট্যাক্সএর সিস্টেম ন্যায়সঙ্গত ও বৈজ্ঞানিক রূপ নিবে।

এর পর আর যে বিষয়ের প্রতি আজ আপনাদের দৃষ্টি আকর্ষণ করব তা হচ্ছে স্মল সেভিংসএর সরকারী নিয়ম অনুযায়ী স্মল সেভিংসএর তিনভাগের দুইভাগ আমরা পাব। এই স্মল সেভিংসএর উপর আমি জোর দিতে বলছি। কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, ন্যাশনাল এক্সটেনশন সার্ভিসএর সঙ্গে সাধারণ মানুষের কোন স্বতঃস্ফূর্ত সংযোগ নেই। আপনাদের প্রকাশিত পুস্তিকায় স্বীকার করা হয়েছে যে সি ডি পি, এন ই এস ব্যর্থ হয়েছে। এস কে দে থেকে আরম্ভ ক'রে সকলেই এ কথা বলছেন। যাদের উপর ভার দিয়েছিলেন তাঁরা ব্যর্থ হয়েছেন। আমার প্রস্তাব হচ্ছে যে সি ডি পি ও এন ই এস ব্লকএর মাধ্যমে স্মল সেভিংসএর চেষ্টা করুন। স্মল সেভিংসও সকল লোকের কাছ থেকে পাওয়া যায় না, যার কিছু বাড়তি আয় আছে তার কাছ থেকেই পাওয়া যাবে। স্মল সেভিংসএর মাধ্যমে আমি বলছি না যে এখনই সকল সমস্যা সমাধান হবে।

বাজেটএ বেকার সমস্যা দূর করার জন্য কোন পরিকল্পনা বা ইঙ্গিত নাই। এ কথা ঠিক যে বেকার সমস্যা একদিনে দূর করা সম্ভব নয়, কিন্তু বেকার সমস্যা দূর করার জন্য সত্যিকার পদক্ষেপ হচ্ছে কিনা তা দেখতে চাই। তা হ'লেই বুঝতে পারব সরকার আগ্রহশীল।

[9-50—10 a.m.]

যদি দেখি যে ঠিক রাস্তায় তাঁরা যাচ্ছেন ৫ বছর বা ১০ বছর পরেও সেই সমস্যার সমাধান হবে তাহলে মানুষ আশান্বিত হবে। অধ্যক্ষ মহাশয়, বেকার সমস্যার কিছুটা সমাধানের জন্য দুই-একটি সাজেস্‌সন আমি আপনার মাধ্যমে রাখতে চাই। একে কার্যকরীভাবে রূপ দেওয়ার জন্যে অনেক সাহস দরকার, এবং ডাঃ রায় এই সাহস অর্জন করতে পারবেন কিনা সন্দেহ। এই কলকাতা শহরে খুব ট্রাফিক কন্‌জেস্‌সন এ অভিযোগ আমরা সর্বদাই শুনি। কন্‌জেস্‌সন-এর জন্য প্রধানত দায়ী মন্থর গতীতে চলা গাড়ী—যেমন ঠেলা, গরুর গাড়ী ও রিক্সা। এই সম্পর্কে আমি বলতে চাই যে এই যে হাজার হাজার ঠেলাগাড়ী আছে, গরুর গাড়ী আছে এবং সব চাইতে বর্বরোচিত যে ব্যবস্থা হাতে-টানা রিক্সা আছে এগুলি বন্ধ করে দিন। এর ফলে কিছু মানুষ বেকার হবে কিন্তু এর বিকল্প সুন্দর ব্যবস্থা করাও সম্ভব। আজকে জিকির উঠেছে যে বাঙ্গালী কাজ করতে চায় না। বাংলা দেশে বাঙ্গালী ৩৭ ভাগ চাকরি পায় আর বাকী ৬৩ ভাগ কাজে অবাঙ্গালী আছে। বাঙ্গালী কর্মবিমুখ অভিযোগ ঠিক নয়। বাঙ্গালী যে কাজ করবে তা ছোট হলে তাতে সম্ভ্রমের ছাপ দিতে হবে, সম্মানের মার্কা দিতে হবে। বাঙ্গালী ঠেলা গাড়ী চালাতে চায় না কিন্তু একটা স্কুটারে টানা ট্রাক চালাবে। এ ধরনের গাড়ীতে ২০।২৫ মণ মাল নিয়ে চালাতে পারবে। বাঙ্গালী হাতেটানা রিক্সা চালাবে না কিন্তু অটো-রিক্স চালাবে। এতে করে একদিকে যেমন কিছু কিছু আনএমপ্লয়েড হবে, অন্যদিকে আবার এমপ্লয়মেন্টও হবে এবং বাঙ্গালী এমপ্লয়েড হবে। আমি বলছি না যে অবাঙ্গালী আনএমপ্লয়েড হোক। আমি বলতে চাইছি যে বাংলাদেশে বাঙ্গালী প্রথমে এমপ্লয়েড হোক। এইভাবে বাঙ্গালীর পকেটে বাড়তি পয়সা আসবে এবং তার ফলে স্মল সেভিংস হবে। স্বল্প সঞ্চয়ের জন্য পরিকল্পনা চাই। অর্থমন্ত্রীর তেমন কোন প্লান নাই।

তারপর আমি সবচাইতে জোর দিয়ে বলতে চাই, গ্রামাঞ্চলের পারসিয়াল এমপ্লয়মেন্ট সম্বন্ধে। গ্রামের মানুষ ৪ মাস কাজ করে, ৮ মাস বেকার বসে থাকে। কিন্তু এই ৮ মাসের জন্য তাদের কর্মসংস্থান করতে হবে। তার কোন্ রাস্তায় হবে? সেটা কুটির শিল্প বা ছোট শিল্পের মাধ্যমে হবে। ডাঃ রায় হয়ত বলবেন এসব তো বাজেটে আছে। আমি তাঁর বাজেট পড়েছি তাতে মাদুর তৈরী থেকে সব জিনিস আছে। ঢেঁকির জন্য বরাদ্দ করা হয়েছে। আমি জিজ্ঞাসা করি ঢেঁকির জন্য যে বরাদ্দ করা হয়েছে যে সাবসিডি দেওয়া হয়েছে কিন্তু সাবসিডি দিয়ে সমস্যা সমাধান হবার নয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে গ্রামাঞ্চলে ঢেঁকি

আজ আর তেমন নাই। কেন না ঢেঁকি ছাটাই চালের দাম একটু বেশী। যদি আপনারা ঢেঁকি পরিকল্পনা সার্থক করতে চান তবে সাবসিডির সাথে সাথে উৎপন্ন সামগ্রীর বিক্রয়ের দায়িত্ব নিতে হবে। ডাঃ রায় বলে থাকেন যে ভিটামিন বেশী আছে ঢেঁকি ছাটাই চালে—হাসপাতালে বা সরকারী অন্যান্য প্রতিষ্ঠানে ঢেঁকি ছাঁটা চাউলের বিক্রয় গ্যারান্টিড করতে পারেন। তাহলে কাজ হবে। আজকে এ সমস্যাকে সামগ্রিক দৃষ্টি দিয়ে দেখতে হবে। এবং ঢেঁকিকে কলের সঙ্গে কম্পিটিসন করে যাতে দাঁড়াতে পারে তার জন্যে বর্ষাকালে সস্তা দরে ঢেঁকিকে ধান সাপ্লাই দিতে হবে এবং সে ধান জানুয়ারী মাসে রাখতে হবে।

সরকার বাঁকুড়াতে কাঁসা পেতলের কারখানা করেছেন। পেতল কাঁসার কারিগরেরা বলেছেন যে তারা এলুমিনিয়মের সঙ্গে কম্পিটিসন-এ দাঁড়াতে পাচ্ছেন না। তাই সমস্যা হচ্ছে যে পেতল কাঁসার কুটিরশিল্পের মাধ্যমে যে জিনিস তৈরী হবে তা যেন ডাঃ রায় সরকারী কাজে—যেমন পেপার ওয়েট হিসাবে হোক অ্যাশ্‌ট্রেই হোক ব্যবহার করেন। ডাঃ রায় যদি সেল গ্যারান্টিড করেন তাহলে কুটিরশিল্প দাঁড়াবে নতুবা নয়। সমস্ত কুটিরশিল্পের সম্বন্ধেই এ কথা খাটে। খাদি সম্বন্ধেও একথা খাটে। বৃটিশ আমলে যেমন ছিল আজও তেমনি চলছে। ঐ যে পরিষদ ভবনের সরকারী পিয়ন এরা কি খাদির ইউনিফরম পরতে পারে না?

খদ্দর ইউনিফরম পরলে কোন লজ্জার কারণ হয় না। কিন্তু সরকার তা করছেন না। কেন করছেন না? তার মানে সমগ্র জিনিসটিকে তারা সামগ্রিক দৃষ্টিতে দেখছেন না। র মেটেরিয়ালস সাপ্লাই করতে হবে। সেল-এরও ব্যবস্থা করতে হবে। তা হলে কুটিরশিল্পের পরিকল্পনা সার্থক হবে—অনাথায় নয়।

তৃতীয় প্রস্তাব হচ্ছে যে, সরকারকে স্টেট ট্রেডিং-এ লিপ্ত হতে হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যদিও বইয়ে পড়ি যে স্টেট ট্রেডিং-এ লাভ হয়, এবং দুনিয়াভোর স্টেট ট্রেডিং করছে তথাপি বাংলায় স্টেট ট্রেডিং-এ কোন লাভ হচ্ছে না। স্টেট ট্রান্সপোর্ট একটা সোনার খনি—কিন্তু সেখানে যে ব্যবস্থা করা হয়েছে, তার এ্যাডমিনিস্ট্রেসন যেভাবে চলছে তাতে মনে হয় স্টেট ট্রান্সপোর্টকে ব্যর্থ করাই উদ্দেশ্য অথচ সমাজবাদী রাষ্ট্রকে যদি প্রতিষ্ঠিত করতে হয়, তাহলে স্টেট ইন্ডাস্ট্রি বা স্টেট ওনারশিপ অনিবার্য। এই স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে অডিট চেপে ধরেছে, বলছে যে ১৭ খানা স্টুডিবেকার বাস ৫ হাজার টাকায় বিক্রী করা হয়েছে কেন? ৪৭ হাজার টাকায় যিনি টেন্ডার দিলেন তাঁর টেন্ডার গৃহীত হল না। ৩৬ হাজার টাকা দিয়ে সেই বাসগুলো নিয়েছে কোন আশ্রিত ব্যক্তি। কিন্তু মজার কথা যে, এই ১৭ খানা বাসকে রিকন্ডিসন্ড কোরে দিয়েছেন ৩১ হাজার টাকা খরচ করে। অর্থাৎ ৫ হাজার টাকায় ১৭ খানা বাস বিক্রয় হল। এর চেয়ে লজ্জার কথা কি হতে পারে? আমার কথা স্টেট ট্রেডিং-এর রাস্তায় সরকারকে আন্তরিকতার সাথে যেতে হবে।

আর একটি কথা বলে বক্তব্য শেষ করছি। আমি পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে একমত নই। একমত না হলেও—সরকার যেভাবে অগ্রসর হচ্ছে তাতে তাদের পরিকল্পনার অবস্থা কী হবে তা বিচার্য। প্রশ্ন হচ্ছে পঞ্চবার্ষিক পরিকল্পনা কি ভাবে সফল হবে? আজ সরকার বলছেন ১৪২ কোটি টাকা খরচ করতে হবে। কিন্তু অত্যাবশ্যক দ্রব্যমূল্য যেভাবে বেড়ে যাচ্ছে তাতে ঐ বরাদ্দ ১৪২ কোটি টাকার বদলে ১৮০ কোটিতে গিয়ে দাঁড়াতে পারে। আজ আমাদের পক্ষে ১৪২ কোটি টাকা জোগাড় করা যেখানে শক্ত ব্যাপার, সেখানে ১৮০ কোটি টাকা কি কোরে জোগাড় করা যাবে? যখন দ্রব্যমূল্য বাড়ে তখন শ্রমিকের পারিশ্রমিকও বাড়ে। তাহলে সমস্ত উৎপন্ন জিনিসের দামও বেড়ে যাবে। ফলে দ্বিতীয় পরিকল্পনা ব্যর্থ হতে বাধ্য। তাই আজ এমন জায়গায় মূল্যকে নামাতে হবে যাতে করে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা আয়ত্বের মধ্যে আসে। স্ট্যাবিলাইজড প্রাইস না হলে সাধারণ মানুষ বাঁচতে পারবে না। আর যে পঞ্চবার্ষিক পরিকল্পনার উপর যা কিছু নির্ভর করছে তাও সার্থক হতে পারবে না। আমাদের খাদ্যমন্ত্রী বলছেন যে ৭ লক্ষ টন ফুড সর্টেজ, কিন্তু আমি বলছি যে ৭ লক্ষ টন চাল সরবরাহ করলেও সাধারণ মানুষ কিনে খেতে পারবে না। বর্তমানে প্রোডাকশন বাড়ানো যেমন সমস্যা, আবার ক্রয় শক্তি বাড়ানোও তেমনি সমস্যা।

[10—10-10 a.m.]

আমার শেষ কথা হচ্ছে স্ট্যাবিলাইজড প্রাইস সিসটেম প্রতিষ্ঠা করুন। সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে দ্রব্যমূল্য বেধে দিন। চাল, ডাল, তেল—এগুলো মডিফাইড র‍্যাশন সপ থেকে নির্ধারিত মূল্যে বিক্রয় করার ভার সরকার গ্রহণ করুন।

আসনগ্রহণ করার আগে আমি আর একটি বিষয়ের উল্লেখ করতে চাই. শ্রদ্ধেয় মনোরঞ্জন গুপ্ত যে বক্তৃতা দিয়েছিলেন সেই বক্তৃতা শুনে মনে হচ্ছিল যে ইস্কান্দার মির্জা যে ডেমোক্রাসি পাকিস্তানে চালু করছেন তিনি তার পক্ষপাতি। তা হচ্ছে কনট্রোলড ডেমোক্রাসী এবং তাতে মাইনরিটির অধিকার থাকবে না। গান্ধীজীও একদিন মাইনরিটি ছিলেন। সে অবস্থা থেকেই তিনি সত্যাগ্রহ শুরু করেছিলেন এবং উত্তরকালে জয়যুক্ত হয়েছেন। ডেমোক্রাসির তাৎপর্য হচ্ছে এ্যাডমিনিস্ট্রেশন বাই ডিসকাসন, বাই টক। সমালোচনা করার অধিকার দিতে হবে; স্বাধীনতা যদি না থাকে তাহলে গণতন্ত্র টিকতে পারে না। সেখানে মেজরিটি মাইনরিটির প্রশ্ন নয়। মাইনরিটিই আবার মেজরিটি হবে। একদিন ব্রিটিস লেবার পার্টি মাইনরিটি ছিল পরে মেজরিটি হয়েছে গান্ধীজীর নেতৃত্বে আমরা এই কথা শিখেছি। মনোরঞ্জনবাবুকে আমি ৩০ বছর আগে থেকে জানি। আগে তাঁর কাছে মাইনরিটির আন্দোলন করার অধিকারের কথা শুনেছি কিন্তু আজ তাঁর কাছ থেকে উল্টো কথা শুনছি এটা অত্যন্ত দুঃখের ও পরিতাপের বিষয়।

Sj. Mohitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, we are daily feeling the want of cold drinking water in this House. Cannot any arrangement be made for that?

Mr. Chairman: I have been asked by some members of the staff to speak to the Chief Minister for having a tube-well. You can rest assured you will get water. In the meantime you may kindly speak to the office if you like.

Sj. Mohitosh Rai Choudhuri: We cannot approach with a begging bowl in our hands for water.

Sj. Kali Charan Ghose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়! আমাদের সামনে (১৯৫৮-৫৯) সালের বাজেট উত্থাপন করা হয়েছে। বাস্তবিক পক্ষে জাতির পুনর্গঠনের পরিপ্রেক্ষিতে এই বাজেটকে উপস্থাপিত করা হয়েছে। কিন্তু বাজেট পর্যালোচনা করলে দেখা যায় যে জাতির পুনর্গঠনের বাস্তব পরিকল্পনা বা দৃষ্টিভঙ্গী এই বাজেটের মধ্যে পরিস্ফুট হয় নি। আজ দেখতে পাচ্ছি যে জাতির সর্বাঙ্গে যে ঘা, তা সারাবার চেষ্টা না করে শুধু প্রলেপ দেবার চেষ্টাই এই বাজেটে করা হয়েছে। আর একদিক থেকে এই বাজেটকে আমরা তেলা মাথায় তেল দেবার প্রচেষ্টার বাজেট বলতে পারি। কোন রকমে শাসনতান্ত্রিক কাঠামো এবং দেশের ঘুণধরা আর্থিক ব্যবস্থাকে টিকিয়ে রাখার প্রচেষ্টা বাজেটের মধ্যে প্রতিফলিত হয়েছে এইটাই দেখতে পাচ্ছি। বাজেটের মধ্য দিয়ে পরিষ্কারভাবে দেখতে চেয়েছিলাম যে, বাস্তবিক পক্ষে শিল্পের উন্নতি, কৃষির উন্নতির দিক দিয়ে দেশকে আরও এগিয়ে দেবার প্রচেষ্টা থাকবে, কিন্তু আমরা নিরাশ হয়েছি। প্রকৃতপক্ষে দেশের সম্পদ বৃদ্ধি না হলে, এবং এই সম্পদের সুষ্ঠু বণ্টন না হলে, মাথাপিছু আয় না বাড়লে দেশ অগ্রসর হতে পারে না। আজ ১০।১১ বছর কংগ্রেস রাজত্বের পর প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা হয়ে গেছে, এবং দ্বিতীয়েরও ৩ বছর হয়ে গেছে, কিন্তু শিল্প উৎপাদনের দিকে কতটুকু অগ্রগতি দেখতে পাচ্ছি? বিশেষ কোরে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় একটি নতুন শিল্পও এখানে গড়ে ওঠেনি। দ্বিতীয়টিতে মাত্র ৩টি পরিকল্পনা নেওয়া হয়েছে।

কিন্তু এর মধ্যে একটাই হবে কি না সন্দেহ হচ্ছে। তার জন্য বরাদ্দ আছে ১ কোটি ৭৩ লক্ষ ৬০ হাজার টাকা। আমাদের কল্যাণীতে নাকি সামান্য জমি কেনা হয়েছে এবং স্টাফ নিয়োগ করা হয়েছে, এটুকু খবরই আমরা সেখানে পেলাম। তারপর কুটীরশিল্পের দিক দিয়ে ছিটেফোঁটা মুষ্ঠিভিক্ষা মারফৎ তাকে বাঁচাবার একটা পরিকল্পনা দেখতে পাচ্ছি। কিন্তু সত্যিকারের সামগ্রীক পরিকল্পনা এর মধ্যে নেই। কি করে এই কুটীরশিল্পকে বৃহৎ শিল্পের সঙ্গে প্রতিযোগিতায় বাঁচাতে হবে, কি করে সেখানে কাঁচামাল সরবরাহ করতে হবে এবং তার জন্য মার্কেটিং-এর ব্যবস্থা কিভাবে হবে সে সম্পর্কে বিশেষজ্ঞ ও দেশের অন্যান্য প্রতিনিধিদের নিয়ে উপযুক্ত কমিটি গঠন এবং পরিকল্পনার ব্যবস্থা কিছুই আমরা দেখতে পাই না। পশ্চিম-বাংলায় ছোট শিল্পের চরম দুর্দশা দেখতে পাচ্ছি। আমি তার একটা উদাহরণ দিচ্ছি। হাওড়ায় ৬ শো বা তার বেশী ছোট ইঞ্জিনিয়ারিং শিল্পের কথা ধরা যাক। দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় তার জন্য বরাদ্দ হয়েছিল ৭২ লক্ষ ৩৪ হাজার টাকা কিন্তু এ পর্যন্ত খরচ করা হয়েছে মাত্র ১ লক্ষ ৬৪ হাজার টাকা, অথচ আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে আমরা সবদিক দিয়ে দেশকে অনেকখানি এগিয়ে নিয়ে গেছি। দেশীয় বেল্টিং শিল্পের কথা ধরা যাক। দেশীয় বেল্টিং শিল্পে ডানলপ ও ফেনার-এর সঙ্গে প্রতিযোগিতায় দেশীয় বেল্টিং মুমূর্ষু অবস্থায় গিয়ে পড়েছে। এই বেল্টিং শিল্প সরকার এবং রেলওয়ের কাছ থেকে ১৩।১৪ লক্ষ টাকার অর্ডার পেত এবং তাই থেকে তারা বেঁচে থাকতো। কিন্তু আজ পর্যন্ত তারা সরকারের কাছ থেকে, রেলওয়ের কাছ থেকে কোন রকম অর্ডার পায় না এবং আজকে তারা বাঁচতে চাচ্ছে, টিকে থাকতে চাচ্ছে। এদিকে সরকার বলেন যে দেশের জাতীয় শিল্পকে বাঁচাবো কিন্তু তার নমুনা আমরা এখানে দেখতে পাচ্ছি। ভারতের প্রধানমন্ত্রী নেহেরুজী বলেছিলেন যে বাস্তবিকপক্ষে সমাজের উপর তলার নয়, নীচের তলার লোকদের উৎকর্ষ সাধিত হোলে ভারতের উন্নতি হবে, কিন্তু আমরা পশ্চিমবাংলায় আজ কি দেখতে পাচ্ছি? সত্যিকারের সারা বাংলাদেশের ভেতর নীচের তলার মানুষের কি অগ্রগতি হয়েছে? সেখানে সমস্ত সম্পদ সঞ্চিত হচ্ছে উপর তলার মুষ্টিমেয় মানুষের হাতে। তার একটা উদাহরণ আমি "ইন্‌ভেস্টরস্‌ ইয়ার বুক" থেকে আপনার সামনে রাখছি। বেঙ্গল কোল কোম্পানী, তার মূলধন হচ্ছে ১ কোটী ২০ লক্ষ টাকা। আমাদের দেশের জনসাধারণ ও শ্রমিক শ্রেণীকে শোষণ করে কিভাবে মুনাফার হার বাড়ানো হচ্ছে এবং সেই সম্পদ কিভাবে মুষ্টিমেয় মানুষের হাতে যাচ্ছে এর থেকে সেটা বুঝতে পারা যাবে। ১ কোটি ২০ লক্ষ টাকা তাদের মূলধন, সেখানে ১৯৫১ থেকে ১৯৫৬ সাল পর্যন্ত, প্রত্যেক বছর তারা কি লাভ করছে দেখুন। ৩৩ লক্ষ, ৪৬ লক্ষ, ৩৮ লক্ষ, ৩৯ লক্ষ, ২৮ লক্ষ, ২৭ লক্ষ, ৩১ লক্ষ, ৪৫ লক্ষ এবং শেষ পর্যন্ত ৭৩ লক্ষ টাকায় পেঁাচেছে। বিড়লার কেশোরাম কটন মিলে ২ কোটি ২৯ লক্ষ টাকা তারা মূলধন নিয়োগ করেছিল। সেখানে তাদের প্রফিট হয়েছে ১৯৪৮ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত (ট্যাক্স দেবার পরে) বছর বছর তারা লাভ করেছে ২৬ লক্ষ, ৪২ লক্ষ, ৪৩ লক্ষ, ৬৩ লক্ষ, ২৩ লক্ষ, ২৬ লক্ষ, ৩২ লক্ষ, ৫৪ লক্ষ এবং শেষ পর্যন্ত ৭৭ লক্ষ টাকা। বিড়লা জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানীতে ১ কোটি ৯৭ লক্ষ ক্যাপিটাল ফেলে ট্যাক্স দিয়েও কিভাবে পশ্চিমবাংলাকে শোষণ করে বছরের পর বছর তারা লাভ করছে দেখুন।

[10-10—10-20 a.m.]

২৯ লক্ষ, ২১ লক্ষ, ৩৫ লক্ষ, ৪২ লক্ষ, ২২ লক্ষ, ২৭ লক্ষ, ২০ লক্ষ, এবং ২০ লক্ষ। বার্ন কোম্পানী যেখানে ক্যাপিটাল ফেলেছিল ১ কোটি ১২ লক্ষ টাকা—আর তাদের লাভের অঙ্ক ১১ লক্ষ টাকা থেকে ৬৭ লক্ষ টাকায় গিয়ে পেঁাচেছে। যা ক্যাপিটাল দিয়েছিল তার দু'গুণ তিনগুণ পেয়েছে। সেইভাবে ক্যালকাটা ইলেকট্রীক সাপ্লাই কোম্পানী, এবং অন্যান্য কোম্পানীর বেলায়ও আমরা এটা দেখতে পাচ্ছি। এর সঙ্গে আছে ব্যাঙ্কের ক্রমবর্ধমান কেন্দ্রীভূত বিরাট মুনাফা, তার হিসাব এখন আমি সময়াভাবে দিচ্ছি না। দেশের ব্যবসা বাণিজ্য করায়ত্ত করে লেন দেন এবং ফটকাবাজারের ভিতর দিয়ে দেশী বিদেশী একচেটে ধনিক বণিকের দল আমাদের ভাগ্য নিয়ন্ত্রিত করছে। এর সঙ্গে সঙ্গে এই সব ব্যবসায়ীরা কিভাবে আমাদের দেশের সম্পদ নিজেদের হাতে কেন্দ্রীভূত করছে তারও পরিচয় আমরা পাই। প্রতি বছর কেন্দ্রের বাজেট প্রকাশের সঙ্গে সঙ্গে বা তার কিছু পর থেকে এইসব ব্যাবসায়ীরা লক্ষ লক্ষ টাকা অতিরিক্ত মুনাফা কামিয়ে থাকে। তার নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা আমাদের

পশ্চিমবঙ্গ সরকার করেন নি। এইভাবে বিরাট কোটি কোটি টাকা এদের হাতে সঞ্চিত হচ্ছে। এটা কমিউনিস্ট বা সোসালিস্ট ইকনমির কথা নয়, এটা বর্তমান আর্থিক কাঠামো ও সংবিধানের আওতার মধ্যে সম্ভব হতে পারে। ওদের এই বিরাট মুনাফার একটা অংশ আজকে ঋণ হিসাবে আমাদের পশ্চিমবঙ্গ সরকার নিতে পারেন। এইভাবে টাকা সংগ্রহ হোতে পারে। কিন্তু তাঁরা সেই পথে যাবেন না। ওই মুনাফায় একটা সার্টেন পার্সেন্টেজ যদি ঋণ হিসাবে আমরা পাই, তাহলে আমাদের শিল্প সম্প্রসারণের দিক দিয়ে পশ্চিমবঙ্গ সরকার অনেকখানি এগিয়ে যেতে পারেন। কিন্তু এদিক দিয়ে আমাদের সরকাব হাত বাড়াবেন না। তারা সাধারণ মানুষের সঞ্চয়ের কথা বলেন কিন্তু সেই সঞ্চয় আশানুরূপ যে হচ্ছে না, সেটা ফাইনান্স কর্পোরেসনের যে রিপোর্ট বেরিয়েছে তাতে দেখতে পাওয়া যাবে। দেশের সাধারণ মানুষের ক্রয়শক্তি নেই, তারা সঞ্চয় করতে পারছে না। শিল্প উৎপাদন কোন্ দিক থেকে হবে? আমাদের দেশের যারা ক্যাপিটালিস্ট তারা যদি ইনভেস্ট না করে, তাদের সঞ্চিত টাকা ঋণ হিসাবে না নেওয়া হয় তাহলে প্রথম পরিকল্পনা কেন, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ কোন পরিকল্পনার ভেতর দিয়ে আমাদের দেশে শিল্পায়ন হবে না। আজকে এই পরিষদে মন্ত্রী মহাশয়কে এবং গবর্নমেন্টকে এটুকুন বলতে চাই যে এদের তোয়াজ করার এত চেষ্টা কেন? আজকে আমরা জানি যে এদের মর্জির উপর নিজেদের ছেড়ে দেওয়া হয়েছে; সারা দেশকে ছেড়ে দেওয়া হয়েছে। আমরা জানি টেন্ডার আহ্বান না করেই বড় বড় ক্যাপিটালিস্টদের অর্ডার দেওয়া হচ্ছে। একটা উদাহরণ দিই, এই সরকার মার্টিন বার্ন কোম্পানীর কাছে গত ৫ বছরে ২ কোটি টাকার কন্ট্রাক্ট দিয়েছিল। আমরা জানি সুরজমল নাগরমল, বাজোরিয়ার বাড়ীতে সোনা পাওয়া গেল কিন্তু নির্বাচন তহবিলে টাকা দিয়ে তারা রেহাই পেয়ে গেলেন। তাদের কাছ থেকে সাহায্য নিতে হয় কাজেই তাদের কাছ থেকে ঋণ হিসাবে দেশের জন্য টাকা এরা নিতে চায় না। একচেটিয়া ধনিক বণিক ৩ শো কোটি টাকা আয়কর ফাঁকি দেয় তার বেশীর ভাগই হয় আমাদের পশ্চিমবঙ্গে। এইসব আয়কর যদি আমরা আদায় করে নিতে পারি তাহলে তার অনেকটা অংশ শিল্প সম্প্রসারণের ক্ষেত্রে আমরা লাগাতে পারি। কিন্তু তার জন্যও উপযুক্ত ব্যবস্থা করা হয় নি।

কিন্তু তাদের আমরা তোষণ করতে চাই। নিজেদের গদী আঁকড়ে থাকার অপচেষ্টায় কিছু টাকা চাঁদা পাবার জন্য তাদের যদি দালালী করা হয়; তাহলে ওই মুনাফার অংশ আদায় করা যাবে না এবং কর ফাঁকি আমরা প্রিভেন্ট করতে পারব না। এবং সে দিক দিয়ে দেশের শিল্পায়নে আমরা কিছুই করতে পারব না।

এর পরে আমার আরেকটা কথা আছে, সেটা হচ্ছে দেশের কুটীরশিল্প সম্বন্ধে—যদি এই কুটীরশিল্পের উন্নতি সত্যিকার ভাবে আমরা চাই, যদি পরিকল্পনা নিয়ে কাজ করতে চাই, তাহলে দেশের জনসাধারণের এবং গণপ্রতিষ্ঠানের মতামত নিয়ে এবং তাদের সহযোগিতা নিয়ে, কমিটি গঠন করে তবে পরিকল্পনা করতে হবে। তাহলেই পরিকল্পনা কার্যকরী হবে। তা না হলে মন্ত্রীরা তাদের নিজেদের শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বসে সেক্রেটারী মারফৎ পরিকল্পনা করলে তা কার্যকরী হবে না। তাতে কেবল দলীয় স্বার্থসিদ্ধি হতে পারে। কুটীরশিল্প প্রবর্তনে যে ঋণ দেবার ব্যবস্থা হয়েছে সেই ঋণ সত্যিকারের যাদের প্রয়োজন তারা পাচ্ছে না। দলীয় মানুষদের ঘুষ দিতে পারলে তবেই ঋণ পাওয়া যায়। ছোট মাঝারী কুটীরশিল্পীরা অনেক সময় লোন পায় না। আমি একটা উদাহরণ দিচ্ছি। হুগলি ডিস্ট্রিক্ট আর্টিসন কো-অপারেটিভ আছে, সেখানে অনেকে সভ্য আছেন, কিন্তু তারা ঋণ চাইলে ঋণ পান না। সেখানে দলীয় স্বার্থ পোষণ করা হচ্ছে। এখানে যা সংবাদ পাওয়া যাচ্ছে তাতে প্রকাশ, ১০।১২ হাজার টাকার গণ্ডগোল হয়েছে। সেই জন্য তার সভাপতি কংগ্রেসী এম পি পদত্যাগ করেছেন। সেখানে কংগ্রেস নেতা শ্যামাদাস বন্দ্যোপাধ্যায় এই কো-অপারেটিভের সেক্রেটারি। তিনি তন্তুবায় নন্ অথচ এটা তন্তুবায় কো-অপারেটিভ সোসাইটি। তাঁর কোয়ালিফিকেশন হচ্ছে তিনি খাদ্য মন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের দক্ষিণ হস্ত স্বরূপ। এই রকমভাবে যদি কো-অপারেশন-এর মারফৎ কুটীরশিল্প রূপায়ণ করতে যাই, তাহলে কোন দিনই তা কর্যকরী হবে না। সে দিক দিয়ে আমার বক্তব্য হচ্ছে স্যার, কুটীরশিল্পের যদি সত্যিকারের উন্নতিসাধন করতে যাই তাহলে একটা সর্বাঙ্গীন পরিকল্পনা নিয়ে এবং সাধারণ

মানুষের সহযোগিতা নিয়ে কাজ করতে হবে। তা নয়, শুধু কোন একটা মন্ত্রীর চাপান মনগড়া পরিকল্পনা নিয়ে তাঁদের খোস খেয়াল মতো চললে কোনদিনই আমরা সাফল্যমণ্ডিত হতে পারব না। এইটুকু বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[10-20—10-30 a.m.]

Sj. Janaki Ballabha Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেটের সাধারণ আলোচনা প্রসঙ্গে আমি প্রথম বক্তৃতা দিচ্ছি। এই বাজেট বই আমার, তন্নতন্ন করে পড়বার সুযোগ হয় নি। বাজেটটা পেয়েছি তিনচার দিন হলো। মোটামুটি একটু দেখেছি। তাতে দেখেছি একটা ডেফিসিট বাজেট আমাদের সামনে ধরা হয়েছে। কিন্তু এই ডেফিসিট বাজেটকে আমাদের অনেক বন্ধু এখানে বলেছেন প্রগতিসূচক ডেফিসিট বাজেট। কিন্তু আমরা যদি একটু ভাল করে এই বাজেট আলোচনা করে দেখি তাহলে দেখতে পাব প্রকৃতপক্ষে এই বাজেট ডেফিসিট বাজেট নয়। কারণ এই বাজেট এস্টিমেট-এ ফ্লোটিং ডেট ৪ কোটি টাকার উপর ধরা হয়েছে। সুতরাং এই সাপোজিসন ডেট যদি বাদ দেন, তাহলে ২ কোটি টাকাও ঘাটতি থাকে না, বরং উদ্বৃত্ত থাকে। তাহলে এই বাজেটকে কেন দেখান হয়েছে ডেফিসিট বাজেট বলে? এটা একটা উদ্দেশ্যমূলক-ভাবে দেখান হয়েছে। সেই উদ্দেশ্য কি? চারটা উদ্দেশ্য। প্রথম উদ্দেশ্য হলো—কেউ মাতার বা পিতার শ্রাদ্ধ ঋণ করে করলে তাকে বলা হয় মাতৃভক্ত বা পিতৃভক্ত; তেমনি দেশ-সেবার জন্য যাঁরা নেমেছেন, তাঁরা রাজকোষ শূন্য করে ঋণ করে দেশের সেবা করছেন, তাঁরা দেশভক্ত—এই নামটা কেনবার জন্য এই বাজেটকে ডেফিসিট বাজেট দেখান হয়েছে।

দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে—বাজেট মানে এস্টিমেট নয়, বাজেট মানে সাপোজিসন, সুতরাং বাজেটে যা দেখাবো তাই যে কার্যকরী হবে তা কখনো হয় না। সেটা পরে উদাহরণ দিয়ে দেখাবো।

তৃতীয় হচ্ছে—বিরোধী পক্ষ যদি কোন ব্যাপারে অর্থ বৃদ্ধির প্রস্তাব আনে, তাহলে বলবো—টাকা নাই, কেমন করে দেব? এবার সন্তুষ্ট করতে পারবো না। এই বলে বিপক্ষ দলকে বিমুখ করবার একটা সুযোগ তৈরী করা হচ্ছে।

তারপর চতুর্থ উদ্দেশ্য হচ্ছে এই যে দেখুন, দেশে যদি হঠাৎ কোন দৈব দুর্বিপাক হয়, তাহলে আমাদের বলবার সুযোগ সুবিধা হবে যে আমাদের যে টাকা ছিল সব আমরা নিঃশেষ করে দিয়ে দেশের সেবা করেছি, এখন টাকা কোথায় পাব? কাজেই ফেমিন বা কোনরকম দুর্বিপাকের সময় আমরা বেশী খরচ করতে পারব না। তার একটা কৈফিয়ৎ এইভাবে সংগ্রহ করে রাখা হয়েছে। আর একটা জিনিষ আছে—সেটা হচ্ছে এই—আমাদের যদি কিছু কর বসানোর দরকার হয়, তার পথ এইভাবে করে রাখা হয়েছে। তখন বলা হবে আমরা ডেফিসিট বাজেট করে দেশের সেবা করছি—তোমরা নূতন কর কিছু দাও, তা না হলে আর আমরা চালাতে পারবো না। এই চারটি উদ্দেশ্য নিয়ে আমাদের সামনে এই ডেফিসিট বাজেট ধরা হয়েছে। সুতরাং এই ডেফিসিট বাজেট দেখে পুরাণ ভাগবতের একটা কথা মনে পড়ে সেটা হলো ইলা উপাখ্যান। ইলা একবার করে পুরুষ হচ্ছে, আবার একবার করে নারী হচ্ছে। তেমনি আমাদের এই বাজেট একবার উদ্বৃত্ত হচ্ছে, একবার ঘাটতি হচ্ছে। সুতরাং অদ্ভুত একটা বাজেট তৈরী হয়েছে। কাজেই এটাকে ঘাটতি বাজেট কোন রকমেই বলা যায় না।

এখন আমি এই বাজেটকে দুটো দৃষ্টিভঙ্গী থেকে সমালোচনা করতে পারি। এক হচ্ছে বর্তমানে যে সমাজ প্রচলিত রয়েছে, সেই সমাজের দৃষ্টিকোণ থেকে। আর দ্বিতীয় করতে পারি সমাজতন্ত্রের দৃষ্টিভঙ্গী থেকে। বর্তমানে যে সমাজ-ব্যবস্থা প্রচলিত রয়েছে, সেই দৃষ্টিকোণ থেকে এই বাজেটের সমালোচনা করছি। এই বাজেটে বেশ ভাল করে দেখান হয়েছে ছবি এঁকে যে এডুকেশন-এর জন্য সবচেয়ে বেশী খরচ করছেন এবং বাস্তবে পুলিসের জন্য যে খরচ করছেন সেটা চাপা দিয়ে অন্য আইটেম-এ সেই খরচ দেখিয়ে মাত্র ৭ কোটি ৮২ লক্ষ টাকা দেখান হচ্ছে। কিন্তু এক্সপ্লেনাটরি নোট-এ পরিষ্কার করে দেখান হয়েছে প্রায় ৯ কোটি টাকা পুলিস খাতে খরচ হচ্ছে।

আর এডুকেশন খাতে যেখানে ১২ কোটী টাকা দেখান হচ্ছে, সেই ১২ কোটি টাকা সত্যিই কি এডুকেশন-এর জন্য ব্যয় হচ্ছে? এখানে অনেকগুলি ফাঁক রাখা হয়েছে। একটা হচ্ছে রিলিফ দেওয়া—ফর আনএমপ্লয়েড এডুকেশনিস্টস। এই রিলিফ-এর জন্য ১ কোটি ৫৩ লক্ষ টাকা দেখান হয়েছে। সেটা কি কখনও খরচ হবে? শুধু এডুকেশন-এর খাতটা বাড়িয়ে দেখাবার জন্যই এই ব্যবস্থা করা হয়েছে। সেইজন্য কিশলয়ের ছাপানোর জন্য যে টাকা খরচ হবে সেটা এডুকেশন খাতের মধ্যে ধরা হয়েছে। কি চমৎকার ব্যবস্থা! কিশলয় নিয়ে হবে ব্যবসা, কিশলয়ের জন্য দান-খয়রাৎটা, তার খরচটা এডুকেশন খাতে দেখান হয়েছে। এই রকমভাবে, টিচারদের জন্য বাড়ী তৈরী করা হবে বলে যে টাকা ধার্য হয়েছে সেটাও এই এডুকেশন খাতে দেখান হচ্ছে। ঠিক সেইরকমভাবে পুলিশ খাতেও ব্যবস্থা কি হয়েছে? তাদের জন্য যে বাড়ী তৈরী করান হচ্ছে, তার খরচটা সিভিল ওয়ার্কস খাতে না দেখিয়ে, পুলিশ খাতে কি দেখান হয়েছে? এটাও সিভিল ওয়ার্কস খাতে নিয়ে গেলেই হত তাহলে বোঝা যেত এডুকেশন-এর প্রতি একটু সুবুদ্ধি ও বিবেচনা দেখিয়েছেন।

তারপর সবচেয়ে যেটা বাংলাদেশের পক্ষে ক্ষতিকর, সেটা হচ্ছে—এখানে বাংলা প্রচারের জন্য এক পয়সাও নেই, অথচ হিন্দি প্রচারের জন্য বেশ লক্ষ টাকার উপর রাখা হয়েছে। ব্যাপারখানা কি? (এ ভয়েস—হিন্দি সাম্রাজ্যবাদ) আমরা কোন দেশে বাস করছি? বাংলা-দেশে বাস করছি, না, আমরা বিহারে বাস করছি? আমাদের ওয়েস্ট বেঙ্গল স্টেট কি বিহারের সঙ্গে মার্জড্ হয়ে গিয়েছে, যে আমরা হিন্দি প্রচারের জন্য টাকা খরচ করছি?

তারপর আর একটা জিনিষ এই বাজেটে দেখছি। যে মানুষ দেনদার হয়, সে উত্তমর্ণের ভয়ে চোরের মতন গা ঢাকা দিয়ে বেড়ায়। আমি ব্যাকরণে একটা জিনিষ শুনেছি 'ঋণান'। অর্থাৎ ঋণ করে ঋণ শোধ দেওয়া। ঠিক সেইভাবে দেখানর ব্যবস্থা হয়েছে। আমাদের দেখান হচ্ছে আমরা ঋণী, আমাদের ঘাটতি বাজেট। কিন্তু এ্যাডভান্স এবং লোককে ধার দেবার ব্যবস্থায়, বেশ ভাল করে একটা মোটা টাকার অঙ্ক বাজেটে দেওয়া আছে। সুতরাং এটা আমরা আর কোথাও দেখিনি, এটা বোধহয় জমিদারীতেই চলে। আমাদের ঠাট বজায় রাখতে হবে টাকা ধার করেও।

তারপর মেডিকেল ডিপার্টমেন্ট-এর জন্য যে খরচ দেখান হয়েছে তার এক জায়গা দেখে অত্যন্ত আশ্চর্যান্বিত ও বিস্মিত হলাম। টালিগঞ্জে একটা দু'শো বেডের হাসপাতাল খোলা হচ্ছে। তাতে ৮ লক্ষ কয়েক হাজার টাকা খরচের ব্যবস্থা হয়েছে এবং সেই কলাম-এর মধ্যে দেখলাম লেক হস্‌পিটাল খোলা হচ্ছে টেম্পোরারিলি তাতে এক হাজার বেড রাখার ব্যবস্থা হবে, ও পরে সেটাকে একটা টেম্পোরারী কলেজ-এ পরিণত করা হবে, এবং তার জন্য ১০ হাজার টাকার ব্যবস্থা আছে। সেটা হচ্ছে স্টেট-এর দেওয়া। কিন্তু এখন কোথা থেকে যে টাকাটা আসবে তার হিসাব দেওয়া হয়নিকো। এবং যে নীলরতন সরকার মেডিকেল স্কুল ছিল, তাকে কলেজে কন্‌ভার্ট করা হচ্ছে, এবং বলা হচ্ছে সেখানে আরও ১ শোটা বেড বাড়ান হবে। তার জন্য দফায় দফায়, বছরে বছরে, নয়, দশ, এগার লক্ষ টাকা বাড়ান হচ্ছে। কিন্তু যে লেক মেডিকেল কলেজ হচ্ছে, সেই মেডিকেল কলেজে হাজারটা বেডের জন্য মাত্র ১০ হাজার টাকা ধরা হয়েছে, তাতে কি করে চলবে, তা আমি বুঝতে পারছি না।

(এ ভয়েস—পণ্ডিত মহাশয়ের হিসাবে বলবার ভুল হয়েছে।) আপনাদেরই যা ছাপা তাতে এই আছে।

এটা আমার মাথায় ঢুকছে নাকো, যে পার বেড ১০ টাকায় চালান কি করে সম্ভব! তাহলে তো সব জায়গাতেই হাসপাতাল খোলা যেতে পারত।

তারপর দেখুন ব্যারাকপুর বেল্ট-এ যেখানে বেশীর ভাগ শ্রমিকদের বাস, সেই বেল্ট-এ আমাদের ভাটপাড়া মিউনিসিপ্যালিটির মধ্যে প্রায় দুই লক্ষ লোক বাস করে। সেখানে একটা চেস্ট ক্লিনিক খোলবার জন্য কোন প্রোপোজালই সরকারের পক্ষ থেকে দেখতে পাচ্ছি না।

ভাটপাড়া মিউনিসিপ্যালিটিতে একটা চেস্ট ক্লিনিক খোলা হবে বলে, ভূতপূর্ব মন্ত্রী মাননীয় অমূল্যধন মুখোপাধ্যায় মহাশয় প্রকাশ্য সভায় প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন।

[10-30—10-40 a.m.]

ভাটপাড়া চেস্ট ক্লিনিক-এর কথা পূর্বের মন্ত্রী মাননীয় অমূল্যধন মুখোপাধ্যায় মহাশয় প্রকাশ্য সভায় যেখানে প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন যে সেখানে একটা চেস্ট ক্লিনিক খোলা হবে। এবং তারজন্য সরকারের কাছ থেকে বিল্ডিং-এর জন্য সাহায্য পাওয়া গিয়েছিল, সে বিল্ডিং তৈরী করা হয়েছে কিন্তু তাঁর সেই প্রতিশ্রুতি রক্ষার ব্যবস্থা আমরা এবারের বাজেটে পাচ্ছি না বা তার কোন ইঙ্গিত পাচ্ছি না। যদিও আড়িয়াদহতে একটা চেস্ট ক্লিনিক খোলার জন্য ৮ হাজার টাকা দেওয়া হয়েছে ও; আর একটা চেস্ট ক্লিনিক এর জন্য কিছু টাকা রাখা হয়েছে কিন্তু তা কোথায় হবে তা এই বাজেটের মধ্যে পাই না। কিন্তু সেখানে যারা দরিদ্র তারা মরণের তুঁহু মম শ্যাম সমান—বলে দিন গুণছে মরণের অপেক্ষায়। সেখানে ৭ জনের মধ্যে একজনের টি বি রোগ আছে। এই অবস্থায় সেখানে দিন চলছে। তাদের একমাত্র ভরসা অনাথবন্ধু কিন্তু সে কোন অনাথ-বন্ধু তা আমি জানি না। তারপর দেখছি জমিদারী প্রথার বিলোপ হয়েছে তার খেসারৎ দিতে হবে। সেখানে কারা খেসারৎ পাবার যোগ্য, যারা আমাদের কংগ্রেসের বন্ধু রাজা, মহারাজা, তাঁরাই। কাগজে কলমে দেখলাম যে কুচবিহারের মহারাজার কথা বলেছেন তাঁকে পেনসন দেবার কথা হচ্ছে এবং সেই রাজার মন্দিরে দেবতার ভোগ দেবার টাকার বরাদ্দ হচ্ছে। সেখানে বঙ্কিমচন্দ্রের রাধাবল্লভের কথা নেই। মাননীয় মন্ত্রীমহাশয়রা ভোটের সময় রাধাবল্লভের 'দেহি পদপল্লব মুদারম্' না বলেও জয়ং দেহি বলে বর প্রার্থনা করেছিলেন। এই বাজেটে দেখছি সেই দেবোত্তরকে তাঁরা লক্ষ্য করেন নাই। সেই সমস্ত জায়গায় অনেক দেবোত্তর ভোগী গরীব ব্রাহ্মণ পণ্ডিত অতি কষ্টে দেব পূজা করেন, ঠাকুরকে অন্ন নিবেদন করতে করতে তাঁরা চোখের জল ফেলে এই কংগ্রেস সরকারকে অভিশাপ দেন। তাঁদের কবে ক্ষতিপূরণ দেওয়া হবে? তাঁদের কেবল হয়রান করা হচ্ছে নোটিশ-এর পর নোটিশ দিয়ে। কিন্তু আপনারা যা বরাদ্দ করেছেন তা থেকে তাঁদের টাকা দেবার কোন ব্যবস্থা নেই।

তারপর আপনি দেখুন সভাপতি মহাশয়, আমি আর একটা কথা বলছি যেটা হচ্ছে জলের অভাব। আমার বন্ধুরা যখন ইলেক্‌শন-এর জন্য ঘুরেছেন তাঁরা সকলেই জানেন ভাটপাড়ার জলের অভাবের কথা। এ-কথা খবরের কাগজে ছাপান হয়েছে, হালিসহরের জলের অভাবের কথা নানাভাবে বলা হয়েছে। সাউথ সুবার্বন মিউনিসিপ্যালিটিতে জলের অভাবের কথা বলা হয়েছে, এবং একথা সকলেই জানেন। আমি কিছুদিন আগে বসিরহাটে গিয়েছিলাম, তখন সেখানকার চেয়ারম্যান আমাকে একটু জল দিতেও সংকোচবোধ করেছিলেন। সেখান-কার জল খাওয়া যায় না। আমি জিজ্ঞাসা করলাম যে এখানে কংগ্রেস প্রভাব, আপনাদের এখানে টিউব-ওয়েল হয়নি? তিনি বললেন যে এখানে তার এক্সপেরিমেন্ট-এর জন্য ১০ হাজার টাকা খরচ হবে এবং মিউনিসিপ্যালিটি থেকে তার অর্ধেক না দিলে তাঁরা করতে রাজী নন।

কিন্তু আমাদের মিউনিসিপ্যালিটির এমন অবস্থা নেইকো যে, পাঁচ হাজার টাকা এরকম-ভাবে এখন স্টেক করতে পারে। এই যে অবস্থা চলেছে সেখানে মানুষ দিনের পর দিন কদর্য পানীয় জল খেয়ে রয়েছে। আমি এই পথে বারাসত থেকে যাবার সময় কোথাও দেখলাম না ডিস্ট্রিক্ট বোর্ড-এর নলকূপ আছে। ডিস্ট্রিক্ট বোর্ড এখনও এ্যাডমিনিস্ট্রেটর-এর হাতে রয়েছে, সুপারসেসন হয়ে গিয়েছে, এই সুপারসেসন-এর ফল কি তা আমরা এই যে কাউন্টিং-এর সময় গেছলাম তখন একদিনেই উপলব্ধি করেছিলাম। সেখানে সেই ডিস্ট্রিক্ট বোর্ড অফিস-এ পাখা নাই। ব্লেড আনা হয়নি, কয়েলসগুলি পুড়ে গেছে। অবস্থা এমন হয়েছে যে এমন কি মহাত্মা গান্ধীর যে ছবি তার যে যত্ন করতে হবে, তাকে সুন্দর করে রাখতে হবে সেসব কিছু নাই। হেলান গোছের করে টাঙ্গান রয়েছে। বড় বড় লোকের যে অয়েল পেন্টিং রয়েছে সেগুলি পরিষ্কার করতে হবে, মেরামত করতে হবে। কিন্তু সেদিকে কোন দৃষ্টি নাই। কারণ সরকারী চাকরি কিনা তাই সেসব কিছু গ্রাহ্য করার দরকার নাই।

তারপর এই যে জলাভাব এই জলকষ্ট দূর করার জন্য নলকূপের বা অন্য কোন ব্যবস্থাই করছেন না। জল না থাকায় বহু জায়গায় জল জল করে মানুষ হাহাকার করছে, কষ্ট পাচ্ছে।

বাংলাদেশ সুজলা সুফলা শস্য শ্যামলা ছিল—আজ সেই বাংলাদেশে জলের অভাব মানুষ অন্য সমস্ত কিছুর জন্য হয়ত অপেক্ষা করতে পারে কিন্তু পানীয় জলের অভাব হলে একদিনও অপেক্ষা করতে পারে না। আজকে যে কোন খাত থেকে টাকা নিয়ে যে যে মিউনিসিপ্যালিটিতে জলের অভাব আছে, সেখানে জলের ব্যবস্থা করবার জন্য আমি বিশেষ করে সভাপতি মহাশয়ের দৃষ্টি আকৃষ্ট করছি।

আর একটা কথা বলবো। এই যে এত টাকা তা কোথা থেকে আসবে। এই টাকা আসতে পারে যদি আমরা অন্য ব্যবস্থা করি। ভাটপাড়া মিউনিসিপ্যালিটিতে একটা ইলেকট্রিক কোম্পানী আছে যার ডাইরেক্টর এককালে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় ছিলেন। সেই কোম্পানী আজকে মিউনিসিপ্যালিটির সঙ্গে দীর্ঘমেয়াদী চুক্তি করে নিয়ে তারা জবাই করছে মানুষকে। কারণ এখানে কলকাতা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন থেকে পাশের গাড়ুলিয়া মিউনিসিপ্যালিটি তিন আনা করে ইউনিট নিয়ে বিজলী সরবরাহ করছে কিন্তু আমাদের ওখানে ছয় আনা করে দর নিচ্ছে। আমরা এ থেকে যাতে রেহাই পাই সেজন্য সমস্ত জায়গায় ধন্না দিয়েছি। আমরা বলেছি যে এই ভোল্টেজ তাতে ড্রপ আছে। যে কোন সময় যদি সারপ্রাইজ ভিজিট করে দেখেন তাহলে সেটা দেখবেন। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে যখন যান তাঁরা ফোন করে যান এবং তা সত্ত্বেও পরীক্ষা করে দেখা গেছে যে ড্রপ ইন ভোল্টেজ—যে ভোল্টেজ দেওয়ার কথা তা দিতে পারে নি। কিন্তু সেই কোম্পানীর লাইসেন্স বাতিল করা দূরের কথা সেই শক্তিও বোধহয় আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়ের নাই। তাঁরা বলেন আমরা কি করবো সেন্টার আইন করছে না, আমরা কিছু করলে হাই কোর্ট-এ যদি কেস হয় তাহলে আমরা বিপদগ্রস্ত হব। কিন্তু আমি বলি হাইকোর্ট-এ যদি না হয় তাহলে জনগণের হাইকোর্টে তার বিচার হবে।

আর একটা কথা বলি সেখানে মিউনিসিপ্যালিটিকে যদি ফেরীর ভার দেওয়া যায় তাহলে আয়ের অভাব হবে না এবং আজকে স্লাম ক্লিয়ারেন্স সম্বন্ধে যা বলা হচ্ছে যদি মিউনিসিপ্যালিটিকে ঋণ দেওয়া হয় তাহলে সেই মিউনিসিপ্যালিটির বাড়ী হতে পারে এবং যে বাড়ীভাড়া পেতে পারে সেই বাড়ী ভাড়া থেকে ঋণ শোধ হয়ে যেতে পারে এবং তহবিলও বাড়তে পারে এবং এইভাবে যদি দেখি তাহলে আজ মিউনিসিপ্যালিটিগুলি আর্থিক উন্নতি ও আয়ের পথ করে নিতে পারে। কিন্তু আইন না থাকায় তা তারা করতে পাচ্ছে না। সেজন্য বিরোধী পক্ষ সব সময় যে সমালোচনা করেন তা নয়, যেসব সুযোগ সুবিধা পেলে মিউনিসিপ্যালিটি দাঁড়াতে পারে সেসবও আমরা বলি। এই কথা বলে আমি বিদায় নিচ্ছি।

[10-40—10-50 a.m.]

Sj. Aurobindo Bose: Mr. Chairman, Sir, I rise to welcome this budget which is being discussed by this House at the moment—the budget which does not have any new tax proposals and also does not show any deficit. This is certainly a budget which should be welcomed. But in spite of these two redeeming features in the budget one member suggested certain additional sources of revenue which I am going to mention later on but by and large it should be generally accepted that the budget which does not have new tax proposals, which does not encumber our people, should be welcomed. Well, the slight deficit which has been shown originally will be written off—thanks to the Finance Commission's recommendations. We have almost exhausted all the points—profitable points—on which taxes could be levied. But I welcome the suggestion put forward by Shri Annada Prosad Choudhuri that we should not have reduced the taxes on betting. I don't see any reason whatsoever why we should give a premium to the Royal Calcutta Turf Club—I do not know whether this is at the present moment "Royal" or not. But this Royal Calcutta Turf Club which runs races in Calcutta certainly feeds the needs of the particular class of society and it cannot, on any showing, be branded as good and healthy entertainment or sport or amusement. As I was listening to him it struck me when he became Finance Minister as he claimed, he raised

this Tax from 12½ per cent. to 20 per cent. and the revenue on that point rose to 95 lakhs or so. But, unfortunately, the taxes having been reduced, the net revenue from that source has gone down to about 60 or 65 lakhs. On the other hand, we have seen that harmless, innocuous and healthy amusement or sports are being taxed. Taxes are being raised and in this context I would appeal to the Finance Minister who happens to be the Chief Minister of the State, to try to increase the tax on betting and get more money for nation-building activities. There is no reason why we should spare the Royal Calcutta Turf Club which everybody knows is a very solid organisation which earns money by the tons and we can get some money from them for nation-building activities. Certainly it would be welcome. There cannot be any justification, so far as I can see, for excusing them or reducing the tax which previously was up to the tune of 20 per cent.

Well, Sir, while discussing the budget I shall make certain general remarks. Firstly, I shall mention a few points regarding "General Administration". Everybody will agree with me that we cannot achieve good results. We cannot have the targets fulfilled within the specified dates with a bad machinery—I should not call it bad machinery but a discontented and unhappy machinery. The main problem with the Government servants today is the insecurity about their future. Well, the State is gradually becoming the largest employer in our country and by and by when everything is nationalised, most of these private enterprises will become the biggest employers in our country. For instance, in this State Government employees number about 1½ lakhs or so I am not precise about the exact figures but if the majority of them—about 50 per cent. of them—are still continuing under that insecurity, that threat that after rendering 15 or 20 years of hard labour under an employer—in this case Government of West Bengal—when their services will be terminated they will be in the category of the unemployed, it is a very sorry state of affairs. I would like to know from the Government what prevents our Government from making these Government employees permanent. Of course, as a layman I could easily see that the problem of pension, providend fund etc., would be some sort of a burden on the State but certainly even our Chief Minister has plenty of old servants in his house, many houses have their old servants and maidservants, and the head of the family whose benign duty to the old servants is to see that after they become ineffective and cannot put in active work, they are given pension—even in many houses in Calcutta or in the big families—I have personal experience in our family—plenty of drivers, servants and maidservants who have gone to their villages or stayed in our house are receiving pensions of Rs. 5 or Rs. 10, etc.—I do not find any justification in keeping such a large number of Government employees in the category of non-permanent staff. There is a very great discontent amongst them and whenever we have occasion to discuss about the efficiency of the Government servants it naturally comes from their heart that there is a serious injustice and they feel so much insecure—after putting in sincere labour for 15, 20 or 25 years they are just thrown into such an insecure life with the termination of service, they do not have any providend fund, they do not have pension and they are treated just like ordinary unemployed people. I would like the Government to take serious note of this matter and try to make permanent immediately and straightaway the rest of the 80,000 Government employees. It can be achieved gradually bearing in mind our financial resources, etc. But it is a matter of great shame that certain people try to justify bribe-taking by Government servants on the plea that they are making provisions against their future insecurity. I am not saying something new. Many of you might have talked to them. This is one of their pleas that they are making

provision for the future, that they have to lay by something when the sun is shining and secure their future so that they may fall back upon money collected through illegal gratification. So, that is a very sorry state of affairs specially in view of the fact that the Government will gradually become a very big employer.

About nationalisation—from our childhood ever since we entered the political arena we were enamoured of nationalisation but there is no denying the fact that because the nationalised enterprises are not running efficiently and there are so many other defects that whenever ordinary citizens hear of nationalisation they really are frightened.

[10-50—11 a.m.]

Let it remain in the hands of the private enterprise because the moment it is nationalised the services will deteriorate and people will be deprived of the amenities and facilities. That is a retrogression which has got to be countered because nationalisation is the order of the day. A member from the Opposition has mentioned our flouting one of the directive principles of the Constitution. There is no such case. It was the Congress party which got these directive principles incorporated in the Constitution. Why were they branded or classified as "directive principles"? Because we knew, we realised that with the wherewithals, with the psychology, with the human material available we would not be able to nationalise all the things in our country, because we accepted the principle of gradualness. You may blame us for having accepted the principle of gradualness, but it is there. We have accepted it and by and by we want to go forward with this matter. This is a very serious matter and Government should set an example for others. Today we are criticising bribe-taking. I am not naming any particular department. You will have to face the problem and you will have to remove this discontent; there you will have to improve the service conditions, improve the status of the nationalised institutions, all the things which we are running on behalf of the State. As early as possible this discontented class should be eliminated by meeting their demands. Today the number of non-permanent staff is 80,000; let it be reduced to 50,000 next year. Let us fix some target. Then we come to 30,000 and then finally we liquidate the number altogether and remove this discontented class of Government servants.

There is another difficulty which they are facing. In many institutions run by the Government there is no particular system as to how recruitment is done. Sometimes a graduate is refused appointment on some pretext but a non-matric is given the appointment. The service conditions should be thrashed out as early as possible. Why delay in these matters? These things have to be done sooner or later. So I appeal to the Government that wherever there are no set rules for services they should set up a high power committee to move expeditiously without red tape and formulate those service conditions so that the second point of discontent could be removed.

About General Administration, I have also to mention that I have seen too much of departmentalism. I am not going to put blame on any particular department which is not co-operating with another department, but we have seen that many files which are inter-connected, which have to be referred to some other departments, have got stuck up for months and months for orders and the files do not move. Therefore, the leaders of the Government—the Cabinet Ministers—should do a bit of toning up. There should be co-ordination firstly and they should issue instructions to the officers not to encourage departmentalism amongst

the subordinate staff. Simply because a file has come from another department which is not obliging they put off sending replies. The net result is that files are held up because there is no smooth flow and interchange and co-ordination between the departments of the Government.

There is another point which I would like to emphasize. It is this, that the Government of West Bengal do not have all the money to put through all their schemes. No State can realise all the money from the people through taxes, etc. So all the States have to look up to Delhi. The Chief Ministers, the Finance Ministers run up to Delhi and there is haggling and haggling as to who can make a bargain out of the Finance Minister of the Government of India for disbursement of money through the States. Sir, West Bengal today is very fortunate in having such a personality as Dr. B. C. Roy. I do not think any other Chief Minister could—I may use the word—grab so much money and also many other things out of the Central Government as Dr. Roy is in a position to do at the present moment. He labours hard, he quarrels with the Central Government, takes lump sum out of the Central Government fund, but it is very unfortunate that the funds placed at the disposal of the different departments for the implementation of certain schemes are not fully utilised. We do not want to hear in future that money has had to be returned to the Central Government. We should make it absolutely clear and the Ministers should absolutely make it clear to the officers and to the departments to get money disbursed immediately from 1st of April. What is happening now is that till January or February next year the departments sleep over the money and then all on a sudden there is brisk activity and in a most haphazard way the money is disbursed. All on a sudden schemes are sanctioned—in haste—and there is so much hurry that all the money is not spent within the time limit. I do not know which are the departments or what particular amounts had to be returned to the Government of India. Sir, when the money is hard to get, when there is so much to do in the State, it will be a crime, I should say, if a single copper is to be returned to Government of India, because our deparments could not finalise certain plans in time and disburse the money within the 31st March of the particular year. Sir, Government should take serious note of this fact of surrendering money to the Government of India. Sir, we are very fortunate, I repeat again, in having such a Chief Minister of Dr. Roy's personality. He quarrels and gets money for West Bengal and it should be considered a crime if that money is to be returned. Even now it is not too late—we are in the month of June—there is still time—instead of waiting till February or March 1959 we should start disbursing money from now. So this is a very, very important point, because we are a needy State and when Dr. Roy is successful in bringing so much money from the Centre it should be our look-out—it should be the look-out of our Ministers—to see that the money is spent fully. We should be more alert.

Now, Sir, I have a few suggestions to make with regard to the Relief and Rehabilitation Department. Recently some posts have been created which are known as Zonal Officers. Sir, I am very much interested in the refugee problem, I am very much alive to the problem that they should be rehabilitated. But this creation of zonal officers has made matters worst confounded. What is precisely their job has not been defined. These are highly paid posts. Most of the members, Sir, know perhaps that our responsibility is decentralised from Auckland House or Writers' Buildings. The power is being given to the District Magistrates and now one Zonal Officer may be in charge of 3, 4 or 5 districts—he may be in overall charge—and follow up officers pursuing different schemes.

[11—11-10 a.m.]

But if the power is in the hands of the District Magistrate or the Additional District Magistrate in charge of Refugee Relief and Rehabilitation, what is the status of these Zonal Officers? They are in a fix. I have seen the predicament of one Zonal Officer—he considers himself to be neither here nor there—

বাংলায় যাকে বলে "না শুনোতে, না ধরায়, তিনি ঝুলছেন।"

He does not have the authority to issue orders or to get certain plans implemented on his own initiative. I suggest that either these Zonal Officers' powers and duties and responsibilities should be clearly defined immediately because they are drawing their salary and probably they are not being able to do anything or abolish these posts because absolutely this would be a wastage if the District Magistrate would say that these Zonal Officers are not superior officers, and specially when the Divisional Commissioner probably could co-ordinate the activities of four of five District Magistrates. But this post of Zonal Officer should either be made effective immediately or abolished and thereby we should save so much money.

Well, Sir, during the last session I had drawn the attention of Government to the closing of Permanent Liability Camps. It is unfortunate we cannot shut our eyes and deny them any relief. There are plenty of refugees who are orphans, widowed mothers with infant children or physically incapacitated old and infirm men and women refugees. They do not have any relation—they do not have any sources of income—they only can eat and demand some sort of standard of living, some sort of subsistence from the society today. Some of these families used to be admitted into what is known as P. L. Camps—Permanent Liability Camps—but the Permanent Liability Camps were ordered to be closed by the Government of India. More or less it has been decided that no further admission would be made but these families could be given Rs. 10, Rs. 15, or according to the number of members in the family, some money could be sent to their homes. But the main question is that they do not have homes at all. They are lying on the footpath, and even if they have been given shelter by some of the relations, they cannot remain there indefinitely; they will be a burden there. How to tackle this problem? People may come to any of our leaders or to your leaders just to explain their predicaments. Anyway, I would request you to do something for them. We are absolutely helpless to do anything at the moment. Therefore, I earnestly appeal to the Government to move the Government of India for reopening admission in P. L. Camps. Of course, there has been plenty of corruption and malpractice in admitting people. The husband has been set apart from the family in some cases. The question is should we allow ourselves to be bluffed or should we allow us to be bribed? The fact remains that those who are absolutely orphans, those who do not have any resources to fall back upon, cannot earn a living. Any alternative arrangement cannot meet the purpose, and therefore, the P. L. Camp admission should be reopened and the Government of West Bengal should move the Government of India in this matter.

Then there is another very important matter—I do not have exact statistics with me. We were supplied with certain figures—about 2 crores of rupees—in certain cases 40 lakhs or 50 lakhs—have been given to certain industrialists. They have their factories and establishments. This financial assistance was given to them for a specific purpose and object that they would employ, in certain cases 800 or 500 refugees, etc. There is complete mismanagement on this front and I should appeal to the

Rehabilitation Minister to investigate how much money has been paid to these industrialists and what is the number of refugees they have taken in and to set matters right because if Dr. Roy or the Commerce and Industries Minister gives some money to certain industrialists to develop the enterprise they could pay this on a different account. If a factory has the capacity of employing one thousand persons and if the industrialist has taken money on condition that he will employ 500 refugees, let him take the other 500 from outside and we should assure ourselves that the 500 refugees are there in the factory. Similar is the case with the training schemes, specially the State Transport. The Government of India has been trying to help us. They have recently sanctioned a few lakhs of rupees—about 37 or 38 lakhs—so that our State Transport may develop What is the position there? It must be considered as a close reserve for the refugees because money has come on their account. Therefore I shall appeal to the Minister to investigate into the present position there and set matters right. The matters there are in a horrible mess, that much I can tell you.

Then regarding the Squatters Colonies—unfortunately the Land and Land Revenue Minister is not here today—the main difficulty is regularising the Squatters Colonies and many of you realise that this illegal occupation, continuance of this illegal occupation, deprives the plot-holders amenities which ordinary citizens are entitled to, or they as refugees would be entitled to if their occupation would be regularised. The Land Revenue Department naturally has a very big hand in this regularisation of Squatters Colonies, specially the Land Acquisition Collector's Office here in Calcutta and the 24-Parganas L.A.C. Office, but I am afraid, there is not much co-operation or co-ordination and I have instances that the Squatters Directorate have sent to the L.A.C. certain cases in 1950 and they are still pending with them. They are making inordinate delay and thus it is a general process of vicious circle. If the L.A.C. does not dispose of these files expeditiously the squatters, colonies are not regularised. Therefore it becomes easy for others to agitate and incite and excite them and give all sorts of misleading reports, etc.

There is another important matter. In certain cases the Competent Authority was approached by the landlord but in course of time our Government made certain payment as compensation to the landlord, but those cases which were instituted by the landlord at the time the refugees trespassed into their lands are still being pursued, and in certain cases where Arpan Patra has already been given to the refugees they have received ejectment notices from the Competent Authority. That should also be regularised.

Then there is another matter. There are plenty of refugee students receiving stipends. In this matter there is very great delay. I cannot make myself believe that if the Government officers can receive their pays within the first week of every month then why these poor students cannot receive their stipends of Rs. 30 within the first week of every month or at least after the reports are sent by the head of the Institutions and they are scrutinised? We should evolve a process by which we can expedite the payment of these stipends because a student is getting Rs. 30 per month and he is supposed to maintain himself for three or four months and so on and so forth. There is great hardship on the parents also. So it should be expedited.

Now I shall mention a few points regarding transportation. Mr. Chairman, Sir, all of us realise that Calcutta port is handling 60 per cent. of

the total imports of India but I saw a report in the "Statesman" dated 4th June 1958 which says that the Railway Ministry in order to augment and supplement their efforts in moving.....

[At this stage the red light was lit.]

Mr. Chairman, Sir, I would request you to give me another five minutes.

[11-10—11-20 a.m.]

Sir, getting back to the transport problem, the Railway Board has decided to spend about Rs. 2.5 crores in certain undertakings for the current financial year, the provisions being Bombay 45 lakhs, Bihar and Madhya Pradesh 40 lakhs, Mysore 35 lakhs, Punjab 5 lakhs, Himachal Pradesh 4 lakhs, Orissa 1 lakh; but it is strange West Bengal with the Calcutta Port, West Bengal with the responsibility of transhipping or sending all the capital goods, etc., which are arriving for the development plans and with only one Grand Trunk Road which is in a horrible condition and unless proper care is taken of the Grand Trunk Road it will be destroyed very soon—there is even a plan to have a feeder road parallel to the Grand Trunk Road—West Bengal which has such a great responsibility has been omitted by the Railway Board in the distribution of Rs. 2.5 crores. I would appeal to the Chief Minister to move the Railway Board to give us at least one crore to which we are entitled in view of the contribution to Bihar and other States. We all know that the Railway Ministry is the most solvent department. They can easily give us a crore for the road development of West Bengal.

Regarding the Irrigation Department, I am fortunate that Shri Ajoy Mukherjee, the Minister in charge, is here. I have been told by a few friends that it is being contemplated to realise certain tax for canal water which will be distributed among the peasants. Of course, the members of the Opposition will agree with me that money has to be collected for services rendered. About that there is no doubt, but I would appeal to him to bear in mind that this tax should be in easy instalments and levied at a time when the peasants have some money with them. It should not be some sort of burden on them; they should not feel the burden of the tax they have to pay for services rendered, for canal water they will be receiving, but it should be so timed and in such easy instalments that it will not be much of a burden on the peasants.

Regarding food, of course, the Leftists will join with me in congratulating the Government of West Bengal. Dr. Roy, as spokesman, has announced that he is going to introduce modified rationing and we have also seen today that the leftist parties are asking not to launch the movement—of course, that big "IF" is there—if that does not mature they will certainly launch the attack again, but any way at the moment I am happy that the Leftists have decided to appreciate the position of the Government and the steps which the Chief Minister has taken in the matter.

Regarding the Education department, I am fortunate that our Minister, Shri Harendra Rai Chaudhuri is here. I would like to draw his attention to a circular which has been issued by the A.I.C.C. Of course, I belong to the Congress party and naturally I would draw your attention to a mandate which has been issued from Delhi. This appeared in the Amrita Bazar Patrika of 3rd June 1958: the Central and State Governments should be requested to stop State grants or assistance to caste and communal institutions. Of course, this is all comprehensive. We can ask for some

sort of clarification whether the Health Department is also going to follow the same principle because you have got plenty of money and you actually give money to so many organisations—national, communal and caste organisations. I would draw your attention to the directive of the party that the State Government should be requested to stop existing grants or assistance to caste and communal institutions. There is another point and I think this is a very serious matter which the Education Directorate will have to consider and this is what is going to happen to the students of Class X and higher secondary education in the year 1960. What have you thought of them? The University have not yet decided about the target date. But suppose the University decide to enforce it in 1960, can both the students of higher secondary education and Class X be absorbed simultaneously? There is another point. If and when the intermediate science section is abolished how are you going to admit students in the engineering and medical colleges. You know, Sir, in medical colleges and in engineering colleges I.Sc. students with particular subjects are taken. Now in future what are you going to do—what steps are you going to take? I would request our Education Minister to note all these points and see proper arrangements are made.

Now, about the last question. I have checked up and I have found that the posts of the Secretary of the Education Department and the Director of Public Instruction—these two posts are not held by the same person probably in any other State in India—I am speaking subject to correction and there is a lot of discontent for this which we have to face. If you are convinced that there are certain extraordinary grounds and certain special reasons you are certainly justified in continuing the present arrangement but there is no precedent I call it precedent—for the combined post anywhere in India. Therefore we would like to hear from you what are the extraordinary circumstances under which the same person is holding these two offices. Sir, I certainly congratulate the Education Minister for increasing the amount which is being spent on education and I shall appeal to the members of the Opposition to take a sympathetic view of things, because even if the Ministers or the party with the best intentions cannot do certain things over-night then here is the redeeming feature that money for education has been increased.

Lastly I shall mention another very important matter, which is also a directive from the party that the Muslims and the scheduled castes and the scheduled tribes rightly or wrongly have a feeling that they are not getting a fair deal in free India. Most members including members of the Opposition have seen this in the papers and it is up to the State Governments to remove this apprehension if there be any that they have not a fair chance of getting jobs, contracts and other loaves and fishes of office. I have not the slightest doubt that every member here would not allow the Muslims, scheduled castes, etc., to feel that they are second class or third class citizens and not getting a fair deal because they belong to a particular community or sect.

Now, about the Labour Department, certainly I would like to take this opportunity of congratulating the Labour Minister. He, within the brief span he has been in office, has changed the situation. He is trying to improve matters and on behalf of the Congress party I would appeal to those members of the Opposition who take interest in trade union activities to help him and co-operate with him. Previously where we used to see row in Calcutta and in greater Calcutta for Puja bonus, now it has ended. In 1956 about 30,000 man-days were lost but in 1957 only

4,000. This is really a creditable achievement and the Labour Minister certainly deserves a bouquet from the members of the Opposition. Sir, I welcome the Budget.

[11-20—11-30 a.m.]

Sj. Sachindra Nath Banerjee:

চেয়ারম্যান, স্যার, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় ডাঃ রায় তার রিপ্লাইতে বলেছেন এসেম্বলীতে যে ৯২ কোটি টাকা তিনি খরচ করেছেন দেশের উন্নয়নের জন্য। কিন্তু ৯২ কোটি টাকা খরচ করার পর আমাদের দেশের কি উন্নতি হয়েছে তাতে যে কি ফল পেয়েছি সে-সম্বন্ধে একটু আলোচনা করার দরকার আছে। প্রথমে দেখছি হা জল হা জল করে সমস্ত দেশে চীৎকার উঠেছে। আমরা দেখছি সকল পক্ষ—কি কংগ্রেস পক্ষ কি বিরোধী পক্ষ—এক কথাই বলছে যে আজ দেশের চারিদিকে জল জল করে মানুষের প্রাণ ত্রাহি ডাক ছাড়ছে। কলকাতার ভিতরেও —জীবনে যা দেখি নি—নোনতা জল খেয়ে প্রাণ ত্রাহি ত্রাহি করছে—জানি না এতে কি হবে, গলার কন্‌জেস্‌সন-এর এতে উপকার হতে পারে কিন্তু পেটে গেলে তার কি ফল হবে সেটা সর্বশ্রেষ্ঠ চিকিৎসক ডাঃ রায়ই বলতে পারেন, এ বিষয়ে আমাদের জ্ঞান নাই। ইঞ্জিন বিকল হলে যেমন বয়লার বিকল হয়ে যায় সেই রকম আমাদের শরীরের বয়লার বিকল হবে কিনা সেটা তিনিই বলতে পারেন। এই যে ৯২ কোটি টাকা খরচ করা হল তারপর আমরা দেখছি খাদ্যের অভাবে ভুখা মিছিল—কি কলকাতায় কি সাবডিভিসন কোথাও এটা বাকী নাই—খাদ্য খাদ্য করে দেশের লোকের প্রাণ উড়ে যাচ্ছে। বস্ত্রের কথা বলব না—সেটা হচ্ছে সেন্টার-এর ব্যাপার। তারপর আশ্রয়ের কথা। বুকলেট ছাপিয়ে, পেপার-এ ফোটো দিয়ে কত প্রচার করা হচ্ছে কিন্তু এটা আর শুনে বুঝতে হয় না, কলকাতার লোক হাড়ে হাড়ে টের পাচ্ছে এ-বিষয়ে বিশেষ করে বলবার প্রয়োজন আছে বলে মনে করি না। এই তো আমাদের বাংলাদেশের প্রাণ। মিডল ক্লাস যারা বাংলাদেশের, তাদের আজকে এমন দুরবস্থায় এনেছেন যে তারা আজ ধ্বংস হয়ে যাবার পথে এগিয়ে যাচ্ছে। শুধু মিডল ক্লাস নয়, নিম্ন শ্রেণীর লোকের আজকে কি অবস্থা তা সামান্য একটু উদাহরণ আপনাকে দিচ্ছি। ইলেক্‌শন ব্যাপারে টিচারস কনস্টিটিউএনসি, এই ব্যাপারে একটা স্কুলে যে অভিজ্ঞতা হয়েছে তাই বলছি—উত্তর কলকাতার একটা বালিকা বিদ্যালয় সেখানে ঢুকতে গেলে নানা অসুবিধা কারণ সেটা মেয়েদের স্কুল সেখানে একজন কেরানী এসে জিজ্ঞাসা করলেন কি জন্য এসেছেন? দরখাস্ত দিলে পরে সময়ানুযায়ী এসে দেখা করতে হয়। কি দরকার বলুন। তারপর বলাতে বল্লেন—আবার ভোট? এক ভোটের পর ১৮ টাকার চাল ২৮ টাকায় উঠেছে। আবার ভোট দিলে কতয় উঠবে কে জানে? আমরা আর ভোট দোব না। এই হল নিম্ন শ্রেণীর ব্যাপার। মধ্যম শ্রেণীর ব্যাপার ত বুঝতেই পারেন, কি অবস্থায় যে তারা আছে তা বলা যায় না। সরকারের এই রাজ্য পরিচালনায় কি পারপাস তা আমরা বুঝে উঠতে পারি না, বেয়ার নেসেসিটিস অব লাইফ যেটা তাও যদি না মিলে এই যদি খাদ্যের অবস্থা, বস্ত্রের অবস্থা এমন কি পানীয়েরও অবস্থা এলিমেন্টারী নেসেসিটিজ অব লাইফ তার উপর ভাল্‌গার নেসেসিটিজ অব দি বেলী যেটাকে বলা হয় ইংরেজীতে সেটুকু পর্যন্তও যদি জনসাধারণ আজ জোগাড় করতে না পারে তাহলে সরকার ৯২ কোটি টাকা খরচ করে রাজ্যের কি উন্নতিটা করেছেন আমি তা বুঝতে পারি নে, বুঝিয়ে দিলে বুঝতে পারতাম। আমরা যারা মধ্যম শ্রেণীর লোক এবং নিম্ন শ্রেণীর লোক যারা তারা বুঝতে পারছি না—উচ্চ শ্রেণীর লোক যারা তাদের কথা স্বতন্ত্র। আর ঐ যে ৯২ কোটি টাকা খরচ করেছেন সরকার সেটা যে বাবত খরচ হচ্ছে তার কিছু কিছু খবর যা আমরা পেয়ে যাচ্ছি, তাতে দেখা যাচ্ছে—মিডল ক্লাস এবং লোয়ার মিডল ক্লাস দিনের পর দিন দরিদ্র হয়ে পড়ছে আর রিচার ক্লাস যারা তারা গেটিং রিচার। এদিকে সরকারের খরচের হিসেব থেকে দেখতে পাচ্ছি—সেভারেল লাকস্‌ ও'রা জমিদারদের পকেটে দিয়ে দিচ্ছেন। আপনারা দেখতে পাবেন —মেদিনীপুর জেলায় নাড়াজোল রাজার বাড়ীটা বিপুল টাকা দিয়ে একটা অফিস স্কীম-এর জন্য কেনা হল, মস্ত বড় রাজবাড়ী তার দাম দিতে হয়েছে ১২ লক্ষ টাকা। এত টাকা দিয়ে কেনা হল, কি কাজে লাগছে? না, ভবঘুরে যারা আছে তাদের প্রায়ই দেখা যায় রুগ্ন, তাদের জন্য হাসপাতাল হয়েছে। অথচ দেখা গেছে ৩৫০টা বেডের একটা ওয়ার্ড নীলরতন সরকার

হাসপাতালে তৈরী হয়েছে সেটা হয়ত ৩½ লক্ষ টাকায় হয়ে গেছে। আর একটা দেখা যাচ্ছে, আমাদের মুর্শিদাবাদের কোন একটা বড় রাজবাড়ী ১২ লক্ষ টাকায় নয় ৮॥ লক্ষ টাকায় নাকি নিয়েছেন। সেখানে ৭০০ ভবঘুরে না কি পাগলের আস্তানা হবে—জানি না। আমরা শিক্ষকমণ্ডলীও তো ভবঘুরের সামিল আমাদের জন্য একটা সামান্য রকমের এ্যাসবেসটস বা টালির ঘর করলে আমরা আশ্রয় পেতে পারি (এ ভয়েস—এ্যাসবেসটস-এর দামও কম নয়, আর গরমও বেশী) খোলার কিম্বা খড়ের ঘর করতে পারেন। তারপর সরকার ডে হোস্টেল বলে একটা ব্যবস্থা করছেন তার জন্য শিক্ষা মন্ত্রী মহাশয়ের টাকি হাউস, পশুপতি হাউস, ও সেরপুর হাউস বহু লক্ষ টাকা দিয়ে কেনা হয়েছে। এতে করে কি উপকার যে ছাত্রদের হচ্ছে তা বোঝা যাচ্ছে না। এই ডে হোস্টেল-এ তিন হাজার ছাত্র ছাত্রীর ব্যবস্থা করা হয়েছে কিন্তু দেখা যাচ্ছে সেখানে হাজার ছাত্র ছাত্রীও হচ্ছে না। এই ডে হোস্টেল না করে আবাসিক অর্থাৎ রেসিডেন্সিয়াল হোস্টেল করতেন তাহলে হয়ত অনেকটা উপকার হত। ডে হোস্টেল-এর দ্বারা কোন উপকার হয়েছে বলে আমরা মনে করি না।

কল্যাণীর কথা তো অনেকেই বলেছেন আমি আর পুনরুক্তি করতে চাই না। আর একটা পরিকল্পনা কংগ্রেস সরকারের তালিকাতে এসে গেছে, সেটা হচ্ছে সল্ট এরিয়া রিক্লামেশন। এটার না কি ব্যবস্থা হয়ে গিয়েছে। কল্যাণী পরিকল্পনায় ২২ লক্ষ টাকা যেতে বসেছে। এই সল্ট এরিয়া রিক্লামেশন পরিকল্পনায় কত লক্ষ টাকা যাবে তা কেউ বলতে পারে না। কল্যাণী পরিকল্পনা সম্পর্কে আমাদের মহীতোষ বাবু বলেছেন—গভর্নমেন্টের কোন দোষ নাই, গভর্নমেন্ট অফিসারদের দোষ। চীনের ক্ষেত্রে চিয়াংকাইশেকও তাই বলেছিলেন—আমার কোন দোষ নাই দুর্নীতি দেশের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে গিয়েছে। আজ চিয়াং কাইসেকের যে অবস্থা আমেরিকার সেভেন্থ ফ্লিট দিয়ে তাকে রক্ষা করছে বলে তিনি এই কথা বলে রেহাই পেয়েছেন। এখানে যে রকমের অব্যবস্থা তাতে এখানেও সেই রকম হওয়া কিছু অসম্ভব নয়।

[11-30—11-40 a.m.]

আর একটা কথা, শুনছি উদ্বাস্তুদের ব্যাপারে নাকি বহু টাকা খরচ হয়েছে। বহু টাকা বেহিসেবী খরচ হয়ে যাচ্ছে। নানা রকমের মন্দ লোক আছে তারা এ নিয়ে নানাকথা বলে। আর না বলার কারণও কিছু দেখি না। যেহেতু এরকম উদ্বাস্তু পরিবারের সংখ্যা আজও নেহাৎ কম নয় যারা বছরের পর বছর ধরে টেন্ট-এ দিন কাটাচ্ছে। জানি না কতদিনে সরকার এ সমস্যা সমাধান করতে পারবেন।

তার পরে ফ্লাড। ১৯৫৬ সালে একটা প্রকাণ্ড ফ্লাড যে হয়ে গেল, সেই ফ্লাড-এফেক্টেড এরিয়ার লোকদের দুর্গতির সীমা রইল না। সরকার রিলিফের ব্যবস্থা করলেন কিন্তু কার পরামর্শ মতন যে ওরা সে কাজের ব্যবস্থা করেছেন জানি না। তবে বহু টাকা খরচ হয়েছে প্রায় ২ কোটির মতন নাকি খরচ করেছেন কিন্তু তার একটা ফিরিস্তি—একটা কমপ্লিট লিস্ট দেওয়া হয়েছে—কিন্তু যেসব বাড়ী ঘর বা অন্যান্য উন্নয়নমূলক যা কিছু হয়েছে তার কোনটার জন্য কত খরচ হয়েছে তার একটা হিসেব সভাপতি মহাশয় আপনি মন্ত্রীমহাশয়ের কাছ থেকে এনে আমাদের দিয়ে দেবার ব্যবস্থা করুন। (ডাঃ মণীন্দ্রমোহন চক্রবর্তী—সভাপতি মহাশয় তা আনতে পারছেন না।)

শিক্ষা সম্বন্ধে আমাদের নেতা কিছু কিছু বলেছেন। কিন্তু দুঃখের বিষয় অত্যন্ত ক্ষোভের সঙ্গে আমাকে বলতে হচ্ছে উনি একজন পণ্ডিত ব্যক্তি হয়ে যিনি এত বড় একজন কর্মী লোক তাঁকে ব্যক্তিগত আক্রমণ করলেন কিন্তু আমি তাঁকে কোন ব্যক্তিগত আক্রমণ করছি না। শিক্ষকদের দাবী নিয়ে যখন আমাদের এ্যাজিটেশন করতে হয়েছিল ১৯৫৪ সালে, এবং গভর্নরের বাড়ীর সামনে যে রাস্তার উপর বসে থাকতে হয়েছিল, সেই এ্যাজিটেশন করার আগে এক বৎসরের নোটিশ আমরা দিয়েছিলাম গভর্নমেন্টকে। সেই এক বৎসর নোটিশের যখন কোন রকম প্রতিকার করা হল না, তখন আমাদের বসতে হয়েছিল রাস্তায় ৪।৫ দিন ধরে, হাঙ্গার স্ট্রাইক যখন করা হয় সেটার বেলায়ও আমরা নোটিশ দিয়েছিলাম,—প্রার্থনা করেছিলাম —এই অপমান, এই লাঞ্ছনা—কাটা ঘায়ের উপর নুনের ছিটা দিও না। ১৫ বৎসর, ২০ বৎসর, ২৫ বৎসর শিক্ষকতা করবার পর ৫।১০ টাকার বেশী তো নয় দাবী, তার জন্য পাবলিক

সার্ভিস কমিশন-এর কাছে নিয়ে যেয়ো না--এই ছিল আমাদের প্রার্থনা, এই প্রার্থনায় কর্ণপাত না করায় আমাদের 'হাঙ্গার স্ট্রাইক' করতে হল। উনিও তো শিক্ষাব্রতী ছিলেন উনি কি করে শিক্ষকের বিরুদ্ধে বল্লেন! পি এস সি-তে নিয়ে যাওয়া কি করে সাপোর্ট করলেন—বুঝতে পারলাম না। পি এস সি-তে গিয়ে একজন শিক্ষক তাঁর পরীক্ষা শেষ হবার পর, বল্লেন, "আমার আর একটা বিদ্যা আছে—সেটারও একটু পরিচয় দি। কি বিদ্যা? এই আমি একটু গান গাইতে জানি [হাস্য] তাঁরা কিছুতেই শুনবেন না, তিনিও ছাড়বেন না—অন্ততঃ একটা লাইন শুনতেই হবে, এই কথা বলে তিনি গান ধরলেনঃ

'আর কতদিন ঘুরাবি মা, আমরা বৃটিশ আমলে ঘুরেছি, মুসলীম লীগের সময় ৫ টাকা করে দিয়েছিল, এখন স্বাধীনতার আমলে ১৭৷৷টা টাকা পাবার জন্য হাঙ্গার স্ট্রাইক করিয়ে বেচারা শিক্ষকদের গভর্নরের বাড়ীর কাছে রাস্তায় বসিয়ে রাখাল,—আর নাকে দড়ি দিয়ে কতদিন ঘুরাবি মা" (হাস্য) এই গান গেয়ে তিনি পরিত্রাণ পেলেন।

আমাদের সেন মহাশয় সত্যপ্রিয় বাবুকে ব্যক্তিগতভাবে আক্রমণ করেছেন, কিন্তু তাঁর উত্তর দেবার ক্ষমতা নেই বলে তাঁর হয়ে আমি বলছি। তাঁরা এক কথা বারবার বলেন বলে সেটা মনে হয় মনোটনাস স্ট্রেন। আমরা শিক্ষক আমরা যে ছেলে একবার বললে বোঝে তাকে একবারই বলি আর তা যে নয় তাকে হ্যামার করে করে তার মাথায় ঢোকাতে হয়। কাজেই আমরাও আমাদের মন্ত্রীদের হ্যামার করে করে তাঁদের মাথায় আমাদের কথা ঢোকাতে চাই। আজকে অমৃতবাজার পত্রিকায় "ক্রাইসিস ইন এডুকেশন" বলে লিডার বেরিয়েছে তা থেকে একটু বলতে চাই। এটা কংগ্রেস অরগ্যান বলে জানি। সি আর দাশ, মতিলাল ঘোষের কাছে গিয়ে বলে ছিলেন যে তিনি যেন অমৃতবাজারকে স্বরাজ পার্টির অরগ্যান করেন। কিন্তু তিনি বলে-ছিলেন যে কোন পার্টির অরগ্যান হব না, বরং
support those who are fighting for the liberty of the country.
অর্থাৎ কোন পার্টির অরগ্যান হওয়া তাঁর পছন্দ নয়। কারণ তিনি বলেছিলেন যে পার্টির ভেতরে যদি কোন দোষ ঢোকে তাহলে
I will be the first person to criticise that education policy.
আজকাল আর সে রূপ দেখতে পাওয়া যায় না। আমাদের সত্যপ্রিয় বাবু টাইমস ডাইথআউট নাম্বার যে কথা বলেছেন কংগ্রেস অরগ্যান অমৃতবাজার পত্রিকাও সেই কথা বলেছেন। তাঁরা বলছেন—

"For more than a century the de facto head of the Education Department in Bengal was the Director of Public Instruction; he did not formulate policy, but he implemented the Government's policy and controlled the administration of the department. For about two years the Education Secretary has been functioning as the D.P.I. in addition to his own duties. This is a strange arrangement indeed. If the post of D.P.I. is considered superfluous in the present set up, it should be abolished; if on the other hand the post is not regarded as unnecessary then it should be filled up and the Education Secretary who has certainly too much work to do should not be saddled with additional duties....."

Mr. Chairman: Please do not quote in extenso.

Sj. Sachindra Nath Banerjee: All right, Sir. "He should not be saddled with additional duties for an indefinite period. Every one who has to deal with the Education Directorate knows how the administrative efficiency has suffered as a result of this curious combination of posts which is unknown anywhere else in India and which is without precedent in the educational history of Bengal....."

[11-40—11-50 a.m.]

Sj. Harendra Nath Mozumder:

মাননীয় সভাপতি মহাশয়, বর্তমান বৎসরের জন্য যে আয়-ব্যয় আমাদের সামনে উপস্থিত করা হয়েছে আমি মনে করি তা জনকল্যাণমূলক রাষ্ট্রের উপযোগী। আয়-ব্যয়

সম্পর্কে যে আলোচনা আমরা কদিন ধরে শুনেছি তাতে প্রকৃত উন্নয়নের ব্যবস্থা কি হয়েছে, জনকল্যাণমূলক রাষ্ট্রের উপযোগী উন্নয়নের কাজএর মধ্যে দিয়ে হবে কি না তার বিশদ সমালোচনা আমরা শুনি নি। গত বৎসর গভর্নমেন্টের কোন্ কোন্ বিভাগে কি কি ফেইলিওর হয়েছে সে-সম্পর্কে কেবল আলোচনা আমরা শুনেছি। আমরা বিরোধীপক্ষের সমালোচনা এ্যাপ্রিসিয়েট করতে পারতাম যদি এই আয়-ব্যয়ের পরিবর্তে গঠনমূলক কোন বিকল্প আয় ব্যয়ের কথা তাঁরা আজ এখানে উপস্থিত করতে পারতেন। শুধু ভুয়া সমালোচনা দ্বারা কোন বৃহৎ কাজ করা যায় না বা জনগণের কল্যাণ করা যায় না। এই আয়-ব্যয়ের ভেতরে আমি প্রথমে বলব যে সুন্দরবন উন্নয়ন পরিকল্পনার যে ব্যবস্থা হয়েছে এবং গত বৎসর যে কাজ হয়েছে তা সত্যিই প্রশংসার যোগ্য। সেখানে সেচের কাজ হয়েছে, শিক্ষার প্রসারের ব্যবস্থা হয়েছে। সেখানে যে বিদ্যালয় ছিল সে বিদ্যালয়গুলির সংস্কার করা হয়েছে, নূতন নূতন বিদ্যালয় স্থাপন করা হয়েছে। বর্তমান বৎসরে আরও অনেক সংখ্যক বিদ্যালয় স্থাপন করবার পরিকল্পনা আমরা দেখতে পাচ্ছি। স্বাস্থ্য ও চিকিৎসার জন্য সেখানে মোবাইল হেল্থ ইউনিট স্কীম হয়েছে, প্ল্যান্ট প্রোটেক্শন স্কীম হয়েছে, রাস্তাঘাট নির্মাণের ব্যবস্থা হচ্ছে। সুন্দরবনের সঙ্গে আমাদের ডাঙ্গা অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা একেবারেই ছিল না, কিন্তু গত বৎসর ভালো ভালো কয়েকটা রাস্তা নির্মাণ হয়েছে। এ বছর যাতে আরো রাস্তা হয় তার জন্য ব্যবস্থা করা হয়েছে। এইসব কাজের জন্য আমরা অর্থমন্ত্রীকে অভিনন্দিত করছি। পল্লী অঞ্চলে এবং শহরাঞ্চলে জল সরবরাহ ব্যবস্থা সম্পর্কে আমরা অনেক আলোচনা শুনেছি। পল্লী অঞ্চলে জল সরবরাহের ব্যবস্থার জন্য এ বৎসর ৯০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। লোকাল ডেভেলপমেন্ট স্কীম-এর মধ্যে আমরা জল সরবরাহের ব্যবস্থা দেখতে পাচ্ছি। কিন্তু শহরাঞ্চলে জল সরবরাহের যে ব্যবস্থা আছে তাতে মাত্র ৭টি ওয়াটার ওয়ার্কাস স্কীম-এর ব্যবস্থা আছে এবং তার জন্য ৪০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। আমি মনে করি যে শহরাঞ্চলে মিউনিসিপ্যাল অঞ্চলে এই ব্যবস্থা আরও ব্যাপক করা প্রয়োজন। আমরা জানি আমাদের চব্বিশপরগনায় ব্যারাকপুর সাবডিভিশনে কতকগুলি মিউনিসিপ্যালিটি আছে যেখানে মিল কর্তৃপক্ষ জল সরবরাহ করে এবং তার জন্য মিউনিসিপ্যালিটিদের টাকা দিতে হয়। কিন্তু এখন সেই সমস্ত অঞ্চলে উদ্বাস্তু আগমনে জনসংখ্যা বাড়াতে জল সরবরাহের ব্যবস্থা পর্যাপ্ত নয়।

আমি ভাটপাড়া মিউনিসিপ্যালিটি, হালিসহর মিউনিসিপ্যালিটির কথা বলবো যেসব মিউনিসিপ্যালিটির লোকসংখ্যা প্রায় ৪।৫ গুণ বৃদ্ধি পেয়েছে কিন্তু জল সরবরাহের ব্যবস্থা সেখানে নূতনভাবে কিছু করা হয় নি। ভাটপাড়া মিউনিসিপ্যালিটি তাদের নিজেদের ফান্ড থেকে ২॥ লক্ষ টাকা জল সরবরাহের জন্য বরাদ্দ করে রেখেছে। সরকারের অনুমোদনের অভাবে তারা সেই টাকাও খরচ করতে পারছে না। সে সম্পর্কে আরো একটু তৎপর হওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। এই রকম অন্যান্য মিউনিসিপ্যালিটিও আছে। ২৪-পরগনা জেলায় বসিরহাট অঞ্চলে ও সদরে কয়েকটি মিউনিসিপ্যালিটি আছে যাদের জল সরবরাহের ব্যবস্থা অত্যন্ত খারাপ। কাজেই সেইসব অঞ্চলে সরকারী সাহায্যের আশু প্রয়োজন আছে বলে আমি মনে করি। আর এই সমস্ত মিউনিসিপ্যালিটিগুলির যে আর্থিক সমস্যা আছে সেই আর্থিক সমস্যাগুলিরও সমাধান হওয়া প্রয়োজন। তাদের যে আর্থিক সংস্থান তার মধ্য দিয়ে যে সমস্ত রাস্তা আছে কেবলমাত্র সেই রাস্তাগুলির মেরামত খরচও কুলায় না। কাজেই আমি বলবো যে এখানে সরকারী সাহায্য পর্যাপ্ত হওয়া উচিত। আমরা দেখেছি যে লোকাল ডেভেলপমেন্ট স্কীমের অধীনে গ্রামাঞ্চলে রাস্তাঘাট, টিউবওয়েল, ওয়াটার সাপ্লাই, স্কুল বিল্ডিং, ডিসপেন্সারী এবং চাষবাসের জন্য যে ব্যবস্থা আছে এবং তার মাধ্যমে স্থানীয় উন্নয়নমূলক যে কাজ হয় এতে জনগণের উৎসাহ অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। পল্লী অঞ্চলে সরকার যে টাকা দেবেন জনগণকেও সম-পরিমাণ টাকা দিতে হবে—৫০ পার্সেন্ট কন্ট্রিবিউসন বেসিসে—যাতে করে ৩২ লক্ষ টাকা এ বছরের জন্য আয়-ব্যয় ধার্য হয়েছে আর ৩২ লক্ষ টাকা দেবে জনগণ। আমরা এই সব কাজের সঙ্গে পরিচিত। সাব-ডিভিসনাল ডেভেলপমেন্ট কমিটি, ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কমিটিতে দেখেছি যে সেখানে জনগণ আরো যাতে কাজ হয় তার জন্য অর্থ দিতে প্রস্তুত আছে যদি সরকার এদিকে একটু এগিয়ে আসেন। কিন্তু দুঃখের বিষয় এই কাজ শহরাঞ্চলের জন্য নয়। আমাদের অনেক মিউনিসিপ্যালিটি

আছে সেগুলিকে প্র্যাকটিকালী রুরাল মিউনিসিপ্যালিটি, গ্রাম্য মিউনিসিপ্যালিটি বলা চলে। সেখানে পাশাপাশি পল্লী অঞ্চলে উন্নয়ন হচ্ছে, জল সরবরাহের ব্যবস্থা হচ্ছে, রাস্তাঘাট হচ্ছে, স্কুল বাড়ী হচ্ছে কিন্তু পল্লী শহরগুলিতে তার ব্যবস্থা হচ্ছে না কারণ লোকাল ডেভেলপমেন্ট স্কীম পল্লী শহরের জন্য নয় শুধু পল্লী অঞ্চলের জন্য। আমি অনুরোধ করবো এইসব মিউনিসিপ্যালিটি—এর মধ্যে যেগুলোকে প্র্যাকটিকালী রুরাল এরিয়া বলে ধরা যেতে পারে—সেগুলিতেও যাতে এই স্কীম ইনট্রোডিউসড হয় তার ব্যবস্থা করুন এবং আমি জানি সেইসব অঞ্চলের বহু অধিবাসী ৫০ পার্সেন্ট কনট্রিবিউসন দিতে প্রস্তুত আছে। আর যদি মিউনিসিপ্যালিটিগুলিকে এই সুযোগ দেওয়া হয় তাহলে তারা ৫০ পার্সেন্ট বেসিসে সেইসব অঞ্চলে অনেক উন্নয়নমূলক কাজের ব্যবস্থা করে দিতে পারেন। পল্লী অঞ্চলের শিক্ষার কথা আলোচনা হয়েছে। শহরাঞ্চলে মিউনিসিপ্যাল এরিয়ায় আজ প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা অত্যন্ত প্রয়োজন। প্রাথমিক শিক্ষার জন্য ১৯৩১ খৃস্টাব্দের যে আইন প্রণীত হয়েছে সেই আইন এখন অচল। সেখানে যে শর্তাবলী আছে সেই শর্তে কোন মিউনিসিপ্যালিটি প্রাথমিক শিক্ষা প্রচলন করতে রাজী নয়। আমরা দেখেছি সরকারের বহু চেষ্টা সত্ত্বেও ২।১টা মিউনিসিপ্যালিটি ছাড়া আর কোন মিউনিসিপ্যালিটি এই সুযোগ গ্রহণ করেন নি। কাজেই আমার অনুরোধ এ-বিষয়ে নূতন প্রাথমিক শিক্ষা আইন প্রণয়ন করে মিউনিসিপ্যালিটি এবং পল্লী অঞ্চলের জন্য একই আইন করা হোক কিম্বা মিউনিসিপ্যালিটির জন্য আলাদা ব্যবস্থা করে মিউনিসিপ্যাল এডুকেশন বোর্ড বা অনুরূপ কোন সংস্থা গঠন করা হোক যার ভেতর দিয়ে শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হতে পারে। শহরাঞ্চলে শিক্ষকদের অবস্থা আরো খারাপ। পল্লী অঞ্চলে তাঁরা যে-সুযোগ সুবিধা পান তা পর্যাপ্ত না হলেও সে তুলনায় শহরাঞ্চলের শিক্ষকদের কোনই সুযোগ দেওয়া হয় না। সেখানে মিউনিসিপ্যালিটির কনট্রিবিউসন না থাকলে শিক্ষকরা সরকারের প্রদত্ত যে অর্থ তার সুযোগ নিতে পারে না। কাজেই সেই আইনের পরিবর্তন হওয়া প্রয়োজন। অবিলম্বে শিক্ষকদের পল্লী অঞ্চলে যে বর্ধিত বেতনের হার হয়েছে, তার সুযোগ দেওয়া প্রয়োজন। এই সঙ্গে ২।১টা কথা আরও বলবো। বসিরহাট শহর এবং টাকী শহর ইছামতী নদীর ভাঙ্গনে আজকে নদীগর্ভে যেতে বসেছে। বসিরহাট টাউন হল, যেটা বসিরহাটের গর্বের বস্তু সেই টাউন হলের দ্বার পর্যন্ত ইছামতীর জল এসেছে। টাকীতে শিক্ষামন্ত্রীর বাড়ীর অর্দ্ধেক নদীগর্ভে চলে গেছে। আমাদের সেচমন্ত্রী অজয় মুখার্জী মহাশয় বহুবার সেখানে গেছেন, দেখেছেন স্কীমও দেওয়া হয়েছে। এমন কি আমাদের ভারতের সেচমন্ত্রীও বসিরহাট শহর পরিদর্শন করেছেন এবং তাঁর সঙ্গে এসম্পর্কে আলোচনাও হয়েছে। কিন্তু ঐ সমালোচনা হবার আগেই যদি বসিরহাট শহর নিশ্চিহ্ন হয়ে যায়, তাহলে আলোচনার আর প্রয়োজন হবে না। তাই আমি অনুরোধ করবো সরকার এবিষয়ে একটু তৎপর হবেন।

[11-50—12 noon.]

সত্যপ্রিয় বাবু বলেছেন বিদ্যালয় সম্পর্কে, তার উত্তর দেওয়ার প্রয়োজন। তিনি বলেছেন, সেখানে সিনিয়র বেসিক স্কুলে কোন টীচার নাই, আমি বলছি এটা সম্পূর্ণ অসত্য। টীচার সেখানে আছেন। তিন চার জন টীচার সেই বিদ্যালয়ের প্রাঙ্গনেই বাস করেন। সকালে যান, দুপুরে যান—যখনই যান, তাঁদের সেখনে দেখতে পাবেন। কাজেই একথা ঠিক নয়। বিদ্যালয়গুলির হিসাব সেখানে রেসপেকটিভ বিদ্যালয়েই রাখা হয়। সংসদের এ্যাকাউন্ট এখানে রাখা হয়, সেন্ট্রাল অফিসে রাখা হয়। আমাদের যতগুলি প্রতিষ্ঠান আছে, তার পরিচালনার জন্য একটা রেজিস্টার্ড সংসদ আছে। বিদ্যানগর সংসদের হিসাবনিকাশ এখানে হয়। সরকারী গ্রান্ট ছাড়াও আমরা বহু অর্থ প্রতিষ্ঠানের জন্য ব্যয় করি। সেখানে বহু বিঘা জমি নেওয়া হয়েছে, বহু অট্টালিকা সেখানে নির্মিত হয়েছে। সমস্তই করেছেন শিক্ষা সংসদ। কলিকাতার দুটী খবরের কাগজের অভিমত এ সম্বন্ধে কি, সেটা একটু পড়ে শোনাবো, শিক্ষা সংসদ সম্বন্ধে যে ভ্রান্ত ধারণার সৃষ্টি হয়েছে, এই দুটী পত্রিকা থেকে একটু উদ্ধৃতি দিলে, সেই ভ্রান্ত ধারণার অবসান হবে—সত্যপ্রিয় বাবু যা অনেকদিন আগে এই কাউন্সিল চেম্বার-এ বলেছিলেন।

আনন্দবাজার পত্রিকা, ২৬এ মার্চ, ১৯৫৬। কমলাকান্তের আসর—শ্রীকমলাকান্ত শর্মা। কর্মযজ্ঞ।

কয়েকদিন আগে ২৪-পরগনার একটি গ্রামে গিয়েছিলাম একটি বিদ্যাকেন্দ্র দেখিবার আশায়। গ্রামটি কলিকাতা হইতে মাত্র ১৭ মাইল দূরে অবস্থিত; পাবলিক বাসে অনায়াসে যাওয়া যায়। গ্রামের বাহিরে যে বিস্তৃত ভূখণ্ডে বিদ্যাকেন্দ্রটী প্রতিষ্ঠিত তার নামকরণ হইয়াছে বিদ্যানগর। বিদ্যানগর শিক্ষা সংসদ এই বিদ্যাকেন্দ্রটী পরিচালনা করেন। তিন বৎসর আগে এখানে একটি হাই স্কুল মাত্র ছিল। সেই জীর্ণ চালাঘরখানি শিক্ষা সংসদ সযত্নে রক্ষা করিয়াছেন—বিদ্যানগরের অতীত ও বর্তমানের প্রভেদপঞ্জীর সাক্ষ্যরূপে। আজ সেই হাই স্কুলের স্থানে ব্যাপক ক্রমবর্ধমান ও নূতন আদর্শে সঞ্জীবিত একটা বিদ্যাকেন্দ্র গড়িয়া উঠিয়া প্রত্যক্ষ প্রমাণ দিতেছে দেশে কর্মযজ্ঞের আয়োজন কত প্রবল ও সুদূরপ্রসারী। বর্তমানে বিদ্যানগর পল্লীতে অনেকগুলি ও অনেকবিধ বিদ্যালয় ও সংস্থা প্রতিষ্ঠিত। বেসিক প্রাইমারী স্কুল, সিনিয়র বেসিক ও কারিগরী শিক্ষা স্কুল, মেয়েদের জুনিয়ার হাই স্কুল, বয়স্ক শিক্ষা কেন্দ্র, সমাজশিক্ষণ কেন্দ্র, বিদ্যানগর সাধারণ পাঠাগার, মাল্টি-পারপাস কো-অপারেটিভ সোসাইটি প্রভৃতি এখানকার বৈশিষ্ট্য। ছাত্রদের কৃষিতত্ত্ব শিক্ষার ব্যবস্থাও হইতেছে। সেই উদ্দেশ্যে বিশেষজ্ঞগণ ইতিমধ্যে তদন্ত কার্য শুরু করিয়াছেন। কেতাবী শিক্ষাদান এখানকার একমাত্র উদ্দেশ্য নয়, ছাত্ররা স্বহস্তে জাপানী প্রথায় ধান বুনিতে শিক্ষা পায়। কাঠের কাজ, বেতের কাজ প্রভৃতিও শেখে। তাদের হাতের তৈরী জিনিষের একটী প্রদর্শনী দেখিলাম। এ সব ছাড়াও গান, সূচিবিদ্যা প্রভৃতি শিক্ষার ব্যবস্থাও আছে। শিক্ষকগণের বাসের ব্যবস্থা বিদ্যানগর পল্লীতেই; ছাত্রদেরও অনেকে, যাহারা নিকটস্থ গ্রামবাসী নয়, ছাত্রাবাসে থাকে। শুনিলাম যে আসামের মত দূরবর্তী রাজ্য হইতেও এখানে ছাত্র আসিয়াছে। কর্তৃপক্ষ এখানে একটা কলেজ প্রতিষ্ঠার অনুমতি পাইয়াছেন। শিক্ষা সংসদের সংকল্প এখানে একটা পল্লী বিশ্ববিদ্যালয় গড়িয়া তুলিবেন ইত্যাদি।

তারপর যুগান্তর কাগজ—৩০এ মার্চ ১৯৫৫ সাল।

সমাজ সেবার কাজে—জাতিগঠনমূলক শিক্ষাদানে বিদ্যানগর।

বিদ্যালয়ের কথা শুনেছিলাম। সেদিন গেলাম দেখতে। ডায়মন্ড হারবার রোডে মমিনপুর থেকে ৭৬এ বাসে লাগল প্রায় এক ঘণ্টা বিদ্যানগর পেঁছাতে।

বিদ্যানগরের প্রধান বিভাগ তিনটী—বুনিয়াদী, মাধ্যমিক ও জনশিক্ষামূলক। প্রথম দুটী বিভাগে সরকারী পাঠ্যসূচী অনুসৃত হয় সত্য, কিন্তু নির্ভাজ পাঠ্যসূচীর উপর খুব বেশী গুরুত্ব দেওয়া হয় না। সেটাকে মিশিয়ে দেওয়া হয় পাঠ্যসূচী বহির্ভূত নানাকাজের সঙ্গে —নাচ, গান, আবৃত্তি, অভিনয়, ছবি আঁকা, মাটীর জিনিষ তৈরী ও রং করা, বাঁশ ও বেতের সাহায্যে মোড়া প্রভৃতি তৈরী করা, গল্প বলা, তর্ক সভায় বক্তৃতা দেওয়া, ফুল ও সবজী বাগান করা, শিশু পৌর প্রতিষ্ঠান ও শিশু সমবায় সমিতি পরিচালনা করা, গ্রামে গ্রামে গিয়ে গ্রামের অর্থনৈতিক স্বাস্থ্য সম্বন্ধীয় এবং সংস্কৃতিক ও সমাজ সেবামূলক তথ্য সংগ্রহ করা, ভেঙ্গে-যাওয়া রাস্তা, ভরে-ওঠা ড্রেন, পানা-ভরা পুকুর প্রভৃতি সংস্কার করে গ্রামের পরিবেশ উন্নত করা, এবং আরো কত কি!
These are the facts.
কাজেই আমি বলবো—সত্যপ্রিয় বাবুকে অনুরোধ করবো উনি আসুন বিদ্যানগরে, এখানে এসে সব দেখলে শুনলে তাঁর সমস্ত ভ্রান্ত ধারণার অবসান হয়ে যাবে।

২৪-পরগনা ও মেদিনীপুর জেলায় প্রাথমিক শিক্ষক প্রতিনিধিদের জেলা স্কুল বোর্ডে পাঠান নিয়ে কটাক্ষ করা হয়েছে। আমি তাঁদের বলতে চাই, ২৪-পরগনা শিক্ষক সমিতি ও মেদিনীপুর শিক্ষক সমিতি থেকে তাঁদের পাঠান হয়েছে। ঐ সমিতিই ঐ ঐ জেলায় শিক্ষকদের প্রতিনিধিমূলক সংস্থা এবং পশ্চিমবঙ্গ সংস্থার অর্থাৎ পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির অন্তর্ভুক্ত, যাহা অল ইন্ডিয়া প্রাইমারী টিচারস্ ফেডারেশনএর অন্তর্ভুক্ত। এই প্রতিষ্ঠানের বহু সদস্যই বাংলাদেশের বেশীর ভাগ জেলা স্কুল বোর্ডের শিক্ষক সদস্য। আজ

যে বাজেট এখানে উপস্থিত করা হয়েছে এই উন্নয়নমূলক বাজেটকে আমি সর্বান্তকরণে অভিনন্দিত করি।

Sj. Manoranjan Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট স্টেটমেন্ট ১৯৫৮-৫৯ সালের আমাদের সামনে উপস্থাপিত করেছেন তার মধ্যে দেখছি রেভেনিউ রিসিপ্টস হচ্ছে ৬৮ কোটি টাকা, আর ব্যয় ৭২ কোটি টাকা। আর ১৯৫৭-৫৮ সালে রেভেনিউ রিসিপ্টস হচ্ছে ৬৯ কোটি টাকা আর ব্যয় হয়েছে ৩৩ কোটি টাকা। শিল্প, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি জনহিতকর কার্যে ব্যয় বৃদ্ধি হয়েছে। দেশের সমৃদ্ধি বৃদ্ধি পেয়েছে এবং তার একটা মনোরম চিত্র আমাদের সামনে তুলে ধরেছেন। এখন প্রশ্ন হচ্ছে—সাধারণ মানুষের পক্ষ থেকে, এই যে চিত্র তিনি ধরেছেন, এই চিত্র বাস্তব কি, সত্য কি? আজ বাস্তবিক কি জনসাধারণের অবস্থার উন্নতির পরিচয় পাওয়া যাচ্ছে? ১৯৪৮ সাল থেকে আজ পর্যন্ত আমরা একটা ক্রনিক খাদ্য সংকটের মধ্য দিয়ে চলেছি, তার প্রতিকার কংগ্রেস সরকার করতে পারেননি। তার ফলে জাতীয় জীবনী-শক্তি নষ্ট হয়ে যাচ্ছে। সে কথা বিশেষভাবে বিবেচ্য। মানুষ যদি অনাহারে, অর্ধাহারে থাকে, অনেকে এক বেলা খায় তো, আর এক বেলা খেতে পায় না, এই ভাবে যদি পুষ্টিহীনতা থাকে, তাহলে জাতীয় শক্তি নষ্ট হয়ে যাবে, এবং এইরূপে যে জাতীয় ক্ষতি সে সম্বন্ধে কোন সন্দেহ নেই। যে শ্রমিক, যে ছাত্র, যে কৃষক, তারা যদি একবেলা খেয়ে থাকে, অনশনে বা অর্ধাশনে থাকে, তাতে তাদের শারীরিক শক্তি লোপ পেয়ে যায় এবং কর্ম শক্তিও ক্ষীণ হয়ে যায়; ফলে উৎপাদনের ক্ষতি হয়। কর্মশক্তির ক্ষতির দরুণ, জাতির সকল প্রকার উন্নয়নমূলক ব্যবস্থারও ক্ষতি হচ্ছে, সে কথা আমি সভাবৃন্দকে ও মাননীয় সকল মন্ত্রীদিগকে বিশেষভাবে চিন্তা করতে বলি। কেন না জাতির শক্তি যদি নষ্ট হয়ে যায়, তাহলে দেশও নষ্ট হয়ে যাবে। একথা কর্নাল মুখার্জী বহুবার বলেছেন যে বাঙ্গালী জাতি ধ্বংসের মুখে। আজ আমার মনে হচ্ছে কংগ্রেস সরকার বাঙ্গালী জাতিকে গঙ্গাযাত্রার পথে এগিয়ে দিচ্ছেন। তার প্রতিকারের কোন ব্যবস্থা সরকার এ পর্যন্ত করতে পারেন নি।

তারপর অন্যান্য যে সমস্ত খাদ্যদ্রব্য আছে, সেগুলি বিশেষ করে বাংলা দেশে, ভেজাল মিশ্রিত। যাঁদের পয়সা আছে তাঁরা যদি ভাল খাবার খেতে চান, যেমন দুধ, ঘী, ক্রীম প্রভৃতি তা সবই ভেজালদুষ্ট। তার ফলে জনসাধারণের স্বাস্থ্য যে বিশেষভাবে হানি হচ্ছে, সে বিষয় বলা নিষ্প্রয়োজন।

তারপর শিক্ষার দিক থেকে, ঔষধপত্রের দিক থেকে সাধারণ মানুষের জীবন যে বিশেষভাবে উদ্বেগগ্রস্ত সে-কথা আজ বলা বাহুল্য। সেইজন্য আজকে আমাদের দেশের সাধারণ মানুষের সমৃদ্ধির ছবিটা কোনখান দিয়ে পাচ্ছেন সেটা বিশেষভাবে মন্ত্রীমহাশয়ের বলা দরকার।

তাছাড়া অনেক বিষয় ব্যয় বেড়ে গিয়েছে। ধান চালের মূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে অন্যান্য দ্রব্যেরও মূল্য বৃদ্ধি পেয়েছে, রেলের মাসুলও বেড়ে গিয়েছে। কংগ্রেস সরকারের আমলে খাম, পোস্টকার্ড ও ডাকের অন্যান্য রেজীস্ট্রেশন-এর মূল্য তিন, চারগুণ বেড়ে গিয়েছে। নানা-রকম করভারে উৎপীড়িত সাধারণ মানুষের জীবন আজ অশান্তিপূর্ণ ও বিপর্যস্ত, এ-কথা বললে অত্যুক্তি হবে না।

[12—12-10 p.m.]

ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যান-এর পরিণামে দেখতে পাচ্ছি, জাতীয় আয় শতকরা মাথা পিছু ১৭॥ বেড়েছে। এখানে জিজ্ঞাস্য যারা সাধারণ লোক তাদের আয় বেড়েছে, না, যারা ক্যাপিটালিস্ট, ধনী তাদের বেড়েছে। সকলেই জানেন ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যান-এর ফলে
the rich have been made richer and the poor poorer. Second Five-Year Plan.
এ যা হচ্ছে সেখানেও ঠিক সেই অবস্থাই হবে। তার ফলে দেখতে পাওয়া যাচ্ছে সাধারণ লোকের মধ্যে জাতিকে গড়ে তোলবার জন্য কোন উৎসাহ নেই, উদ্দীপনা নেই, প্রেরণা নেই। ব্লক ডেভেলপ-মেন্ট বা ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস যাই বলেন, আমি তার সঙ্গে জড়িত আছি। আমি

দেখেছি তার মধ্যে দিয়ে পল্লীগ্রামের লোকেরা কোন প্রেরণা বা উৎসাহ পায় না। তাদের জাতিকে গড়ে তোলার উৎসাহ নেই, দেশকে গড়ে তুলবার উৎসাহ নেই, তাদের রাস্তাঘাট নির্মাণের কোন বিষয়েই উৎসাহ নেই। উৎসাহ কোথা থেকে আসবে? লোকের পেটে অন্ন যদি না থাকে, চিকিৎসার জন্য ঔষধ যদি না থাকে তাহলে উৎসাহ আসতে পারে না। তা ছাড়া সরকারী কর্মচারীদের মধ্যেও বাংলার উন্নতির জন্য কোন উৎসাহ নেই। কমিউনিটি ডেভেলপমেন্ট ও অন্যান্য বিভাগে যে-সমস্ত কর্মচারী আছেন তাদের মধ্যে জাতি ও দেশকে গড়ে তুলবার জন্য কোন আগ্রহ, প্রেরণা বা উদ্দীপনা দেখতে পাওয়া যায় না। আমরা হাজার বৎসর লাঞ্ছনা ভোগ করে স্বাধীনতা পেয়েছি কিন্তু আজকে দেশকে গড়ে তুলবার কোন উৎসাহ, উদ্দীপনা নেই। শুধু শহরের লোকের মধ্যে নয়, পল্লী গ্রামেও নেই। পণ্ডিত নেহরু সেদিন একটা কথা বলেছেন যে, কলিকাতা নগরী মৃত নগরী। কিন্তু শুধু কলিকাতা নগরীই নয় এই জাতিটাই মৃত হয়ে গিয়েছে। আজ সেখানে প্রাণের স্পন্দন নেই, উৎসাহ নেই, উদ্দীপনা নেই। পণ্ডিত নেহরু বলেছেন হিউম্যান এলিমেন্টস-এর কথা, সেটা যেখানে আছে সেখানে জাতি মরতে পারে না। কিন্তু তার সঙ্গে সঙ্গে যে দুর্নীতি সমাজের প্রত্যেক স্তরে বিস্তারিত হয়েছে সেটা বিশেষভাবে ভাববার জিনিষ। এই দুর্নীতি যদি এই রকমভাবে সমাজের স্তরে স্তরে বিস্তারিত হয় তাহলে জাতির চরিত্র তার সঙ্গে সঙ্গে উৎসন্ন হবে। তারপর কোটি কোটি টাকা ব্যয় করতে পারা যায়, ডাক্তার রায়ের বাজেটেও দেখছি, কোটি কোটি টাকা বরাদ্দ হচ্ছে। টাকা ব্যয় করলেই কার্য সার্থক হয়ে উঠে না, যদি সেই টাকা মানুষের কল্যাণে না লাগে। এখন নানারকম পরিকল্পনা হচ্ছে, তার কাজ হচ্ছে, তার ফলে দেখতে পাচ্ছি একটা সম্প্রদায়েরই উদরপূর্তি হচ্ছে। আজকে আপনি যেকোন অফিস-এ যান, যদি রেজিস্ট্রী অফিসে যান, কোন ব্যাপারে সেটেলমেন্ট অফিস-এ যান তাহলে দেখবেন সেখানে ঘুষ ছাড়া কোন কথা নেই। ঘুষ ব্রিটিশ রাজত্বেও ছিল কিন্তু কংগ্রেস রাজত্বে তা অবাধে চলে যাচ্ছে। এমন কি সৎ উচ্চপদস্থ কর্মচারীদেরও তারা ভয় করে না। আমি জানি কোন এক মহকুমায়, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে,—সেখানে এক কংগ্রেস কর্মী ট্রেজারী থেকে টাকা আনবার জন্য গিয়েছিলেন। কিন্তু সেখানে যে টিপস দিতে হয় সেই টিপস তিনি দেন নি কারণ সেখানকার এস ডি ও তার বন্ধু ছিলেন। তা সত্ত্বেও তার সেই টাকা পেতে অত্যন্ত বেগ পেতে হয়েছিল। অধস্তন কর্মচারীরা এস ডি ও কেই পরোয়া করে না। প্রত্যেক জায়গায় এই রকম অনাচার ও দুর্নীতি চলছে। উদ্বাস্তু সমস্যা দেখুন। সেই সমস্যার সমাধান হয় না কেন? তার প্রধান কারণ হচ্ছে এই সমস্ত কর্মচারী যারা আছে তাদের মধ্যে দুর্নীতির প্রাবল্য। পাঞ্জাবে উদ্বাস্তু সমস্যা ছিল, তাদের সেই সমস্যার সমাধান বহুল পরিমাণে হয়ে গিয়েছে। তার কারণ হচ্ছে সেখানে উৎকোচ এত দিতে হয় নি, জাতির চরিত্র যেভাবে নষ্ট হয়ে যাচ্ছে সেটা ভাববার জিনিষ। তার ফলে জাতি আজ বিপন্ন। আপনাদের স্মাইলের কথা মনে করিয়ে দেবো

It wealth is lost nothing is lost, it health is lost, some thing is lost, but if character is lost everything is lost.

এমন কি জাতীয় চরিত্র পর্যন্ত কংগ্রেস সরকারের আমলে বিপন্ন হয়ে পড়েছে। অন্নের অভাব একদিন মিটতে পারে, বাসস্থানের অভাব মিটতে পারে কিন্তু চরিত্র যদি নীচে নেমে যায় তাহলে সে চরিত্রকে তুলতে সহজে পারবেন না। আমি এই কথাই বলবো, কংগ্রেস সরকার এই ১০ বৎসর ধরে যে শাসন করছেন সেটা—মিসরুল—কুশাসন। জাতীয় শিক্ষার ব্যাপারে আজ আমরা যদি সতর্ক না হই তাহলে ভবিষ্যৎ অন্ধকার, দেখা যাচ্ছে বাঙ্গালী জাতি আজ বড় বিপন্ন —কোন উদ্দীপনা নাই—চারিদিকে ঘুষ চলেছে তার সঙ্গে সঙ্গে অনাচার দেশের সর্বস্তরে বিস্তৃত হয়েছে। জাতীয় চরিত্র গঠনের সময় এসে গিয়েছে। তাই আজকে কংগ্রেস সরকারের প্রধান দায়িত্ব—ক্ষমতার আসনে আসীন যারা—যারা শাসন চালাচ্ছেন তাঁদের দায়িত্ব এ-বিষয়ে বিশেষ দৃষ্টি দেওয়া। মন্ত্রীরা, শাসন যারা করছেন কর্মচারীদের উপর কিভাবে অন্যায় হস্তক্ষেপ করেন, তার একটা দৃষ্টান্ত দিচ্ছি—সেটা সম্প্রতি যে ঘটনা হয়েছে ভদ্রেশ্বরে। রেলের মাল চুরি যা বৃটিশ আমল থেকে চলে আসছে তার কিনারা করতে চেষ্টা করেছেন যে পুলিশের এস আই তাঁকে স্থানীয় ক্ষমতাশীল সংশ্লিষ্ট লোকেরা হুগলীর সুপারিন্টেন্ডকে প্রভাবান্বিত করে

রাতারাতি সেই কর্তব্যপরায়ণ পুলিসকর্মচারী এস আই-কে সেখান থেকে বদলী করে দেন। এই সম্বন্ধে কংগ্রেস সরকার যে কৈফিয়ৎ দিয়েছেন সেটা শুধু ফেস সেভিং করার জন্য—সেটা কেউ বিশ্বাস করে না। এই যে সমস্ত দুর্নীতি চলেছে পুলিশের মধ্যে, কংগ্রেস সরকারের মধ্যে তাতে অনেক কংগ্রেস সদস্য লিপ্ত আছেন পুলিশ লিপ্ত আছে বড় বড় লোক লিপ্ত আছে এভাবে যদি আজ জাতীয় নৈতিক জীবন বিপর্যস্ত হয়ে যায় তাহলে কোথায় দাঁড়াব আমরা? আমাদের বন্ধু রবীন্দ্রলাল সিংহ মহাশয় এই নীতি ও শৃঙ্খলাহীনতার জন্য দায়ী করেছেন লেফটিস্ট পার্টিকে। উত্তরে আমরা বলতে চাই যাঁরা ক্ষমতার আসনে সমাসীন—সমস্ত দায়িত্ব তাঁদের। যুগান্তরে একটা চিঠি আসানসোলের কোন ভদ্রলোক লিখেছেন—পরে যুগান্তরের এডিটোরিয়ালে মন্তব্য করা হয়েছে কোন ভদ্রলোকের বাড়ীতে হোটেল সরকারী সাহায্যে খোলা হয়েছে—সমস্ত আসানসোল সহর তার বিরুদ্ধে ছিল। আমি সম্পাদকীয় মন্তব্য পড়ে শুনিয়ে দিতে চাই—"দিন দিন পশ্চিমবঙ্গের অবস্থা যাহা দাঁড়াইতেছে তাহাতে কোন ভদ্রলোক তাঁহার স্ত্রী-পুত্র নিয়ে ঘর সংসার করিতেও পারিবেন না। অন্যায় অবিচার জুলুম ঘুষ এবং স্বেচ্ছাচারিতায় এই দেশের সমাজজীবন প্রতিদিন ডুবিতেছে, আমরা কত লিখিব এবং কত আন্দোলন করিব? ব্যবসায়িক দুর্নীতির সঙ্গে শাসনতান্ত্রিক দুর্নীতি একত্র হইলে এই দেশের মানুষ বাঁচিবে কিরূপে?" তাছাড়া ক্রাইম-এর সংখ্যা বেড়ে গিয়েছে—১৯৪৫ সালে যে সংখ্যা ছিল ৩১০, ১৯৫৬ সালে হ'ল ৩৪৫ আর ১৯৫৭ সালে সেটা হ'ল ৪৪৭। রাহাজানি ১৯৪৫এ ৫১২, ১৯৫৬তে ৬০৪ আর ১৯৫৭তে ৭১৮। চুরি হয়েছে ১৯৫৫ সালে ৯১৪৮ সেটা বেড়ে হয়েছে এখন ১১,২৪১ কাজেই দেখা যাচ্ছে অনাচার এবং অপরাধ বেড়েই চলেছে। তার জন্য কি ব্যবস্থা করেছেন? পুলিশ অনেক করছে বলা হয়—তার নমুনা দিয়েছি। কিন্তু পুলিশই বা কি করে কাজ করবে। সৎভাবে কাজ করতে গেলে পুলিশকে মন্ত্রী বা কোন প্রভাবশালী কংগ্রেস সদস্য সে কাজে বাধা দেন [নয়েজ—এ সমস্ত অসত্য কথা]। এ সবই সত্য।

[12-10—12-14 p.m.]

এ কথা সকলেই জানে। সুতরাং প্রশ্ন আজ আমরা কোথায় যাচ্ছি? এর জন্য দায়ী যদি কেউ হয় তো যাঁরা আজ ক্ষমতার আসনে আসীন তাঁরাই দায়ী। তাঁরাই দেশ গঠন করবেন। লেফটিস্ট পার্টির হাতে ক্ষমতা নাই, তাঁরা সমালোচনা করতে পারেন। সুতরাং দেশে গঠনমূলক কাজ যদি করতে হয় তাহলে যা করবার কংগ্রেস পার্টিকেই করতে হবে। যে অবস্থা তাতে দেখছি অন্নাভাবে বাঙালী জাতির কর্মশক্তি কমে যাচ্ছে, বাঙালী আজ সব দিক থেকে—উচ্চশিক্ষার ক্ষেত্রে, কর্মের ক্ষেত্র থেকে যে রকম পিছিয়ে যাচ্ছে তাতে বলতে হয় বাঙালী আজ ধ্বংসের পথে।

বর্ডার রেডস সম্বন্ধে কিছু বলতে চাই। এ সম্বন্ধে সান্যাল মহাশয় অনেক কিছু বলেছেন। এই বর্ডার রেডস-এর প্রতিকার সম্বন্ধে কংগ্রেস গভর্নমেন্ট একান্তই উদাসীন। আজ কিভাবে তাঁরা চলছেন? যদিও বর্ডার রক্ষার ভার সেন্ট্রাল গভর্নমেন্টের—তথাপি আমাদেরও কর্তব্য আছে, বর্ডারে যে সব লোকজন আছে তাদের রক্ষা করবার জন্য তাদের গরু বাছুর লোকজন সব অপহরণ কোরে নিয়ে যাচ্ছে তার প্রতীকারের জন্য সেখানে আমরা ক্লীব নীতি অনুসরণ ক'রে চলেছি। আজ দেশকে বাঁচাতে হলে এই সব নীতির সম্পূর্ণ পরিবর্তন করতে হবে। সেইজন্য আমি মন্ত্রিমণ্ডলীর কাছে, এবং কংগ্রেস সদস্যদের কাছে আন্তরিক নিবেদন জানাচ্ছি—আপনারা অবহিত হউন।

Mr. Chairman: I must end with an appeal to members. The time at my disposal is limited and members have been given specified time. With regard to certain members 15 or 20 minutes have been given but sometimes they exceed their time. That becomes exceedingly difficult for the Presiding Officer to adjust.

Adjournment

The Council was then adjourned at 12-14 p.m., till 9 a.m. on **Friday**, the 13th June, 1958, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra.
Banerjee, Dr. Sambhu Nath.
Banerjee, Sj. Tara Sankar.
Bhuwalka, Sj. Ram Kumar.
Dutt, Sjta. Labanyaprova.
Maliah, Sj. Pashupati Nath.
Mohammad Jan, Janab Shaikh.
Roy, Sj. Surendra Kumar.
Saraogi, Sj. Pannalal.
Sarkar, Sj. Pranabeswar.
Singh, Sj. Ram Lagan.

COUNCIL DEBATES

Friday, the 13th June, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 13th June, 1958, at 9 a.m. being the Fourth day of the Fifteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

General Discussion of the Budget for 1958-59

[9—9-10 a.m.]

Mr. Chairman: Mr. Bose, 10 minutes have been allotted to you. Please do not speak for more than 10 minutes. Time-limit has already been exceeded by members on both sides.

Sj. Bijay Behary Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই বাজেট আলোচনার প্রথমেই আমাদের মনে হয় যে, এই বাজেটের সঙ্গে বাস্তবের কোন সঙ্গতি নেই। কারণ আমরা দেখি যে, অন্নাভাবে, বস্ত্রাভাবে, পানীয় জলের অভাবে, সরকারী অব্যবস্থায় দেশের লোক কষ্ট ভোগ করছে। আমরা দেশে নেতাদের আহ্বানে দেশের কাজে নেমেছিলাম। , তখন শুনেছিলাম যে, দেশকে ইংরাজের শাসন মুক্ত ক'রে ক্ষুধিতের মুখে অন্ন, পীড়িতের মুখে ঔষধপত্র দিয়ে বাঁচিয়ে তুলতে হবে, দেশকে করমুক্ত ক'রে এমন একটা শাসনব্যবস্থা প্রচলিত করতে হবে যাতে শোষণনীতি থাকবে না। কিন্তু আমরা এখন যা দেখছি তাতে সে সমস্তের বিন্দুমাত্র চিহ্ন নেই। এই পরিষদে আমার সামান্য দিনের অভিজ্ঞতা থেকে আমি বুঝতে পেরেছি যে, আমরা যা বলি, যে সাজেসশনগুলি দিই সরকারপক্ষ সেগুলিকে বিবেচনা করার প্রয়োজন আছে ব'লে মনে করেন না। বর্তমান অধিবেশনে মাননীয় মন্ত্রিমহাশয়গণের অনুপস্থিতি আমরা অধ্যক্ষমহাশয়ের নজরে এনেছি। আমাদের সাজেশনসগুলো যদি ভাল ক'রে বিবেচনা ক'রে কাজ করেন তা হ'লে তাতে দেশের মঙ্গল হবে। আমরা আলোচনার জন্য আলোচনা করি না, আমরা দেশের বৃহত্তম স্বার্থ ও মঙ্গলের জন্য এই কথাগুলি ব'লে থাকি। বিধানসভা এবং বিধান পরিষদে সরকারপক্ষের সংখ্যাগরিষ্ঠতা আছে ব'লে তাঁরা আমাদের সাজেসশনসগুলির প্রতি মনোযোগ দেওয়ার সরবত্তা অনুভব করেন না। কিন্তু তাঁদের আমি সময় থাকতে সতর্ক ক'রে দিচ্ছি যে, এইসব কারণের জন্য দেশবাসীর আদালতে তাঁদের একদিন বিচার হবে।

এবার আমি শিক্ষা সম্বন্ধে দু'-একটা কথা বলব। আমি নিজে একজন শিক্ষক, অপরের রিপোর্ট থেকে ধার করা প্রশংসা নিয়ে কোন কথা বলব না। প্রথমে আমি প্রাথমিক শিক্ষা সম্বন্ধেই বলি। কিন্তু পল্লীগ্রামে আমরা কি দেখি? সেখানে শতকরা ৬০ জন বালকবালিকা শিক্ষা-লাভের কোন সুযোগ পায় না। বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে, ছাত্রের সংখ্যা বেড়েছে, টাকার অঙ্ক বাড়ছে, কিন্তু মানুষের শিক্ষা তাতে হচ্ছে না। সেজন্য আমাদের সাজেসশন হচ্ছে যে, প্রাথমিক শিক্ষা যতদিন না বাধ্যতামূলক হয় ততদিন শিক্ষাপ্রসারের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। বর্তমানে প্রাথমিক শিক্ষার সঙ্গে মাধ্যমিক শিক্ষার যোগসূত্র নেই। সেজন্য প্রাথমিক শিক্ষা সমাপ্ত ক'রে যেসমস্ত ছাত্র বেরোয় তাদের অধিক সংখ্যা অপচয় হয়। এই অপচয় নিবারণের জন্য দুটোর মধ্যে যোগসূত্র স্থাপন করতে হবে। এই যোগসূত্র স্থাপন করবার জন্য জেলার প্রাথমিক শিক্ষা বোর্ডগুলিকে পুনর্গঠিত করতে হবে এবং এই গঠনের আইন নূতন ক'রে প্রবর্তন করতে হবে। ইউনিয়ন বোর্ডের সদস্য এই প্রাথমিক শিক্ষা বোর্ডে থাকার কোন সার্থকতা আছে ব'লে আমার মনে হয় না। এক্ষেত্রে আমার মনে হয় যে, একটা দলীয় স্বার্থ কায়েম করা এর প্রকৃত উদ্দেশ্য।

এখন সরকার যদি প্রাথমিক শিক্ষার উন্নতি করতে চান, প্রত্যেক দেশবাসীকে শিক্ষিত করতে চান তা হ'লে প্রাথমিক শিক্ষা আইন পালটাতে হবে। সেই বোর্ড যা গঠন হবে তাতে থাকবে

শিক্ষাবিদ—বর্তমানে শিক্ষাবিদদের সংখ্যা নেই বললেই চলে। আজকে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার দেওয়া হয়েছে অথচ শিক্ষাবিস্তার ঠিকভাবে হয় নি—এতে গণতান্ত্রিক প্রকৃত উদ্দেশ্য সিদ্ধ হবে না। আমার একটা অনুরোধ সরকারের কাছে আছে। মাধ্যমিক শিক্ষার সংস্কার ও উন্নয়নের জন্য ব্যবস্থা হয়েছে, মালটি-পারপাস স্কুল এবং হাইয়ার সেকেন্ডারি স্কুল কতকগুলি পরিণত করা হয়েছে। সরকারপক্ষ এই ব্যবস্থার প্রশংসায় পঞ্চমুখ, আর বাইরের জগতের শিক্ষাবিদগণ এর গলদ, ত্রুটি দেখিয়েছেন। সময় থাকতে আমরা সরকারকে সাবধান হতে বলছি। আমি বলি ভালমন্দ কোনটাই আমরা বিচার করব না। সরকার যা করেছেন ১৯৫৭ সালের গোড়া থেকে বিদ্যালয়গুলির কার্য, তার পঠনপাঠন—অন্যান্য সমস্ত জিনিসের সম্পর্কে একটা তদন্ত করা হোক। একটা বেসরকারী কমিটি গঠন করা হোক। সেই কমিটিতে থাকবেন একজন বিশিষ্ট শিক্ষাবিদ সভাপতি, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দুইজন প্রতিনিধি, সরকারপক্ষের একজন প্রতিনিধি এবং শিক্ষক সংস্থার একজন প্রতিনিধি। এই বেসরকারী কমিটি তদন্ত ক'রে যে রিপোর্ট দেবেন সেই রিপোর্ট যদি গভর্নমেন্টের অনুকূলে যায় তা হ'লে দেশের জনসাধারণ গভর্নমেন্টের সঙ্গে হাত মিলিয়ে শিক্ষার প্রসারে যত্নবান হবেন (শ্রীযুত মহীতোষ রায়চৌধুরীঃ কি সম্বন্ধে তদন্ত হবে বলুন)। ১৯৫৭ সাল থেকে আজ পর্যন্ত যেসমস্ত বহুমুখী এবং হাইয়ার সেকেন্ডারী বিদ্যালয় স্থাপিত হয়েছে তাদের কার্যাবলী, পঠন-পাঠন এবং অন্যান্য পাঠ্য বিষয়ে একটা তদন্ত করা হোক। সেই তদন্ত কমিটি যদি সরকারের অনুকূলে রিপোর্ট দেন তা হ'লে আমরা দেশবাসীর পক্ষ থেকে বলতে পারি, শিক্ষক সংস্থার পক্ষ থেকে বলতে পারি, সরকারের সঙ্গে হাত মিলিয়ে শিক্ষার প্রসারে আমরা যত্নবান হব। তাঁরা যদি সরকারের এই শিক্ষাব্যবস্থা দেশের অনুকূলে নয় ব'লে মত প্রকাশ করেন তা হ'লে এই ব্যবস্থা পরিত্যাগ ক'রে শিক্ষাবিদদের নিয়ে একটা সুষ্ঠু পরিকল্পনা করুন। কেবলমাত্র রাইটার্স বিল্ডিংস্-এ ব'সে এই ব্যবস্থা করলে দেশবাসী তা মেনে নেবে না। শিক্ষকদের সম্বন্ধে অনেক কথা আমার বলবার ছিল কিন্তু আমার সময় প্রায় শেষ হয়ে গেল কাজেই আর কি বলব? কেবলমাত্র একথা বলি যে, শিক্ষকদের জন্য যে নূতন বেতন হার চালু করা হয়েছে সেই বেতনের সুযোগ-সুবিধা আজ পর্যন্ত শিক্ষকেরা পান নি, কবে পাবেন তাও জানি না। এখনও পর্যন্ত আমাদের গণতান্ত্রিক স্বাধীন দেশে গভর্নমেন্ট স্কুল কেন রাখা হয়েছে? দেশের বহু প্রেস, লপ্যাটফর্ম থেকে এগুলিকে প্রভিন্সিয়ালাইজ করবার জন্য সরকারের কাছে বলা হয়েছে—একটা মোটা অঙ্ক সেইসব জায়গায় খরচ হয়ে যাচ্ছে। গভর্নমেন্ট স্কুলের কোন সার্থকতা আজকে আমাদের গণতান্ত্রিক দেশে নেই, একথা সকল শিক্ষাবিদেরা ব'লে থাকেন। নূতন বেতনহারে প্রধানশিক্ষকদের বেতন ১৫০ টাকা করা হয়েছে কিন্তু ১৫০ টাকায় ভাল লোক মিলবে না এটা সকলেই স্বীকার করেন। তারপর আর একটি কথা বলতে চাই যে, থার্ড ক্লাস এম এ প্রধান শিক্ষক যা আছে তাতে একটা উদ্ভট অবস্থার সৃষ্টি হয়েছে। কতকগুলি স্কুলে হেড মাস্টার থার্ড ক্লাস এম এ ব'লে ১৫০ টাকা পান, আর অন্যান্য স্কুলে অ্যাসিস্ট্যান্ট টিচার তাঁরা ১৫০ টাকার বেশি পান। এই ব্যাপার নিয়ে যখন শিক্ষামন্ত্রীর সঙ্গে প্রধান শিক্ষকদের প্রতিনিধিরা দেখা করেছিলেন তখন তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, এ সম্বন্ধে তিনি সুবিবেচনা ক'রে ব্যবস্থা গ্রহণ করবেন। কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা তিনি গ্রহণ করেন নি। ম্যাট্রিক পাস বহুদিনের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক এবং নন-ম্যাট্রিক ভি এম শিক্ষকদের ছাঁটাই করা হবে না ব'লে প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন, অথচ আমরা দেখতে পাচ্ছি তাঁদের আজকে ছাঁটাই করা হচ্ছে। আজকে এইভাবে সরকারী অব্যবস্থা সর্বত্র চলেছে। আমার সময় শেষ হয়েছে এবং সভাপতি আমাকে আসন গ্রহণ করার নির্দেশ দিচ্ছেন সেইজন্য আমি আর বিশেষ কিছু বলছি না, তবে এটা বড়ই দুঃখের বিষয় শিক্ষকদের বিষয় বিশেষভাবে কিছুই করা হচ্ছে না।

[9-10—9-20 a.m.]

SJ. Dhirendra Nath Moitra:

মাননীয় সভাপতি মহাশয়, আমি আজ এই বাজেট সম্বন্ধে দুই-চারিটি কথা আপনার সামনে রাখতে চাই। আমাদের ১৯৫৭ সালে ঘাটতি বাজেট ছিল ৫ কোটি ৯৮ লক্ষ টাকা আর এ বছর যদিও আমাদের ঘাটতি বাজেট কিন্তু তাতে কোন নতুন কর ধার্য করা হয় নি।

সুতরাং এই বাজেট দেখে মনে হয়, এই বাজেট সুষ্ঠুভাবেই রচিত হয়েছে। এইজন্যই আমি এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করি। এবারের বাজেটে ৫ কোটি টাকা লোন দেবার ব্যবস্থা করা হয়েছে।

খাদ্যশস্যের দর অত্যধিক বেড়েছে, এটা সত্য কথা। আজকে আমাদের সর্বাগ্রে খাদ্যের সমস্যার সমাধান করতে হবে। এবং খাদ্যের উন্নতি করতে হ'লে কৃষির উন্নতি হওয়া প্রয়োজন —সেইজন্য আজকে কৃষিবিভাগ থেকে যেসমস্ত জমি পতিত এবং অনাবাদী পড়ে আছে সেগুলি রিক্লামেশন করতে হবে। আজ টেস্ট রিলিফএর জন্য যে, এক কোটি কুড়ি লক্ষ টাকা ধরা হয়েছে, সেই টাকা দিয়ে অনাবাদী ও পতিত জমি উদ্ধার করতে হবে এবং স্মল স্কেল ইরিগেশনএর ব্যবস্থা ও নলকূপ, কুয়া এবং ছোট ছোট বাঁধের ব্যবস্থা করতে হবে। আজকে সরকার যদি সাধারণ মানুষের জন্য ধানচালের ব্যবস্থা করতে পারেন, তা হ'লে সাধারণ লোকের মনে আবার আনন্দ উঠতে পারে। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, উত্তরবঙ্গে জলপাইগুড়ি এবং তিস্তার ধারে যেসমস্ত অনাবাদী জমি যা প'ড়ে আছে ও অন্যান্য জায়গায় যেসমস্ত অনাবাদী ও পতিত জমি আছে তা যাতে রিক্লামেশন করার ব্যবস্থা করা হয় তার জন্য বিশেষভাবে কৃষিবিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর আর-একটি কথা আমি বলতে চাই যে, আমরা আজকাল প্রায়ই করাপশনএর কথা শুনতে পাই। আমার মনে হয় সরকার যদি সস্তা দরে চিপ রেশন শপ করেন এবং যদি সস্তা দরে ধান, চাল, কাপড় এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র সমস্ত লোককে এবং সরকারী কর্মচারীদের দেবার ব্যবস্থা করেন তা হ'লে আমার মনে হয় করাপশন বন্ধ হ'তে পারে।

এইভাবে চললে টাকা কোথা থেকে আসবে? এটা সরকারের প্রশ্ন। আমার মনে হয়—রিলিফ ফান্ডে যে ১ কোটি ২৪ লক্ষ টাকা বরাদ্দ আছে, সেই টাকা যদি এর মধ্যে খরচ হয়, তা হ'লে কিছুটা হয়ত সামঞ্জস্য হ'তে পারে। আরও যদি টাকার প্রয়োজন হয়, সরকার কেন্দ্রীয় সরকারের কাছে প্রার্থনা করুন, কেন্দ্রীয় সরকার দিলে করাপশন বন্ধ হ'তে পারে, দূরীভূত হ'তে পারে। তাতে কাজও ভাল হ'তে পারে।

তারপর প্রমোশনএর ব্যাপার। আমাদের যেসব ডিস্ট্রিক্ট বোর্ডের ডিসপেন্সারি ছিল, সেখানে যেসব ডাক্তার ছিল, তাদের সরকার থেকে নিয়ে নেওয়া হয়েছে। সেই ডাক্তারদের যে পে-স্কেল পূর্বে ছিল, সেটা তাঁরা পান নাই। সরকার যেন সেদিকে দৃষ্টি দেন।

তারপর পাবলিক হেল্‌থ অনেকদিন থেকে সরকার নিয়ে নেবার বন্দোবস্ত করছেন। কিন্তু আজ পর্যন্ত সেটা তাঁদের নেবার সুযোগ হয় নি। এটা ত্বরান্বিত করবার জন্য সরকারকে অনুরোধ করি যাতে তাড়াতাড়ি সেটা হয়। কারণ, জেলা বোর্ডের এই সমস্ত কর্মচারীরা একটা ডায়লেমার মধ্যে পড়ে আছে। তার ফলে কাজকর্মও ভালভাবে হচ্ছে না।

তারপর স্বায়ত্তশাসনশীল প্রতিষ্ঠানগুলির জন্য যে অর্থ সরকার বরাদ্দ করেছেন--ডিস্ট্রিক্ট বোর্ডের জন্য আট লক্ষ টাকা, আর মিউনিসিপ্যালিটির জন্য ২৯ লক্ষ টাকা, এই যে ঋণের বরাদ্দ করেছেন এটা আমার মনে হয় খুবই অপ্রচুর। যুদ্ধের আগে মিউনিসিপ্যালিটি ও ডিস্ট্রিক্ট বোর্ডের যে অবস্থা ছিল, তা যদি সাপ্লিমেন্ট করতে হয়, তা বিবেচনা করে, তাদের প্রয়োজনীয় টাকা ধার্য ক'রে দেওয়ার ব্যবস্থা সরকার করবেন। তা হ'লে জেলা বোর্ড ও মিউনিসিপ্যালিটি ভালভাবে কাজ চালাতে পারবে। তাদের মাধ্যমে টেস্ট রিলিফ, rural water-supply, development work, health centre and school buildings নির্মাণের কাজ সহজে সম্পাদন করা যাবে, তার জন্য কোন আসবাবপত্র ও পাবলিক ইঞ্জিনীয়ারএর প্রয়োজন হবে না। মোটর ভেহিকলস ট্যাক্স থেকে আগে সরকার স্বায়ত্তশাসন বিভাগে কিছু কিছু টাকা দিতেন। এবার দেখছি ১ কোটি ৪৭ লক্ষ টাকা ঐ বাবদ আদায় হবে। তার মধ্যে কলিকাতা কর্পোরেশনের জন্য ৪ লক্ষ টাকার উপর বরাদ্দ আছে। তা ছাড়া আর কোন স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের জন্য বরাদ্দ নাই। তার জন্য সরকারকে কিছু কিছু টাকা দিতে অনুরোধ করছি।

যেসমস্ত রাস্তা ভেঙ্গে যাচ্ছে, তা সংস্কার করা প্রয়োজন। তার জন্য টাকা দেওয়ার ব্যবস্থা করা হোক। সেই রাস্তাগুলি মেরামতের ভার স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের হাতে দেওয়া হোক।

তারপর ফ্লাড রিলিফ। তিস্তার একটা ক্যাচমেন্টএর জন্য ২৪ লক্ষ ৫২ হাজার টাকা বরাদ্দ ছিল। তার ৪ লক্ষ ৯২ হাজার টাকা খরচ হয়েছে। তার জন্য আরও বরাদ্দ হওয়া প্রয়োজন। এর উপর অনেক জমির আবাদ নির্ভর করছে। এটা হ'লে বহু জমির আবাদের ব্যবস্থা হবে ও শস্য ভাল হবে।

ফরাক্কা ব্রীজ ও ব্যারেজ হওয়া একান্ত আবশ্যক। উত্তর বঙ্গবাসী যাতায়াতের জন্য খুব দুর্দশা ভোগ করছে। সেজন্য সরকারকে অনুরোধ করব ফরাক্কা রেলওয়ে ব্রীজ সম্বন্ধে সরকার আরও একটু সচেতন হন, আরও একটু তৎপর হন।

উপসংহারে আমি বলব, স্কুল বোর্ড, জেলা বোর্ড ও লোক্যাল বোর্ডের শিক্ষকদের মাইনের একটা সমতা হওয়া দরকার। শিক্ষকদের কর্তব্য সম্বন্ধেও সচেতন হতে বলছি। কেন না তাঁরা ভবিষ্যৎ জাতির জনক।

এই কথা ব'লে আমি বাজেটকে সমর্থন জানাচ্ছি।

[9-20—9-30 a.m.]

Sj. Satish Chandra Pakrashi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাস্তুহারাদের সম্পর্কে মাত্র ১ কোটি ৩৬ লক্ষ ২০ হাজার টাকা বাজেটে বরাদ্দ হয়েছে। আমি এর তীব্র প্রতিবাদ করি এজন্য যে, বাস্তুহারাদের দুর্গত জীবনের অবসানের কোন লক্ষণ এর মধ্যে নাই বা তাদের সুষ্ঠু পুনর্বাসনের কোন সুব্যবস্থার জন্য কোন প্ল্যান এর মধ্যে নাই। তা ছাড়া, বাস্তুহারাদের কেন্দ্রীয় অফিস—অকল্যান্ড হাউস থেকে আরম্ভ ক'রে এর সর্বত্রই দুর্নীতি রয়েছে। বাস্তুহারাদের প্রতি সরকারী কর্মচারীদের অসদাচরণের খবর আমরা সর্বদা পেয়ে থাকি। বাস্তুহারাদের পুনর্বাসন সম্পর্কে সরকারী নীতি যে ব্যর্থতায় পর্যবসিত হয়েছে, তার যথেষ্ট প্রমাণ পাওয়া গেছে। ১৯৫৭ সালে অক্টোবর মাসে দার্জিলিঙে যে পুনর্বাসন মন্ত্রী-সম্মেলন হয়, তাতে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে পূর্ববঙ্গ হ'তে আগত সমস্ত উদ্বাস্তুদের ক্যাশ ডোল বন্ধ ক'রে দিয়ে, নানা রকম ভীতি-প্রদর্শন ক'রে যেমন ক'রে হোক তাদের দণ্ডকারণ্যে বা বাংলার বাইরে পাঠিয়ে দেওয়া হবে। তাদের এই যে ১০।১১ বছরের নীতি, তার ভালমন্দ এর দ্বারা প্রমাণ ক'রে দিল, তাদের এখানে আর থাকা চলছে না, অন্যত্র যেতে হবে।

১৯৫৮ সালে এপ্রিল মাসে যখন সমস্ত পশ্চিম বাংলায় লক্ষ লক্ষ বাস্তুহারাদের পক্ষ হ'তে এর বিরুদ্ধে প্রতিবাদ উঠল এবং তার বিরুদ্ধে সংগ্রাম আরম্ভ হ'ল তখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বাস্তুহারাদের আশ্বাস দিলেন যে, কারও ইচ্ছার বিরুদ্ধে আর কাউকে বাংলার বাইরে পাঠান হবে না। এই যে একটা সরকারের নীতি ছিল যে, স্যাচুরেশন পয়েন্ট রিচ ক'রে গিয়েছে, এখানে আর উদ্বাস্তুদের রাখা যায় না। সেই স্যাচুরেশন পয়েন্ট থিওরির ব্যর্থতাও প্রমাণ হয়ে গেল, যখন তাঁরা স্বীকার ক'রে নিলেন যে, হ্যাঁ, বাংলার বাইরে তাদের ইচ্ছার বিরুদ্ধে আর পাঠান হবে না। এখন যখন তাদের এখানে রাখা স্থির হ'ল, তখন পুনর্বাসনের জন্য একটা উদ্বাস্তুদের সর্বদলীয় কমিটি গঠন করা প্রয়োজন। তাতে পুনর্বাসনের নীতি সুষ্ঠুভাবে পরিচালিত হ'তে পারে। গভর্নমেন্ট এখনও তাঁদের সে পুরান নীতি অনুসরণ ক'রে চলেছেন, উদ্বাস্তুদের উন্নত জীবনযাত্রা, তাদের কর্মসংস্থানের ব্যবস্থা কিছুই করা হয় নি। তাদের খাদ্য নাই, বাসস্থান নাই, চাকরি নাই, শিক্ষা নাই, স্বাস্থ্য নাই, কিছুই নাই বললেই চলে। তাদের ব্যবসা-বাণিজ্য নাই, তাদের শিল্প-কারখানা নাই যে, সেখানে তারা কাজ করবে। তাদের কুটিরশিল্প নাই, তাদের চাষের জমি নাই। পশ্চিমবাংলায় অন্যান্য হ্যান্ড-ক্রাফ্‌ট ও কুটিরশিল্পে তাদের নিজেদের কাজ-কারবার যে কর্মদক্ষতা ছিল, সেই সকল কাজ করবার জন্য এখানে কোন বন্দোবস্ত নেই। এক কথায় তাদের জন্য কোন কাজ নেই। দীর্ঘকাল বেকারী জীবনের এই দুঃসহ বোঝা তাদের বইতে হচ্ছে। সরকারী ঔদাসীন্যে এই দুরবস্থা আর কতকাল ভোগ করতে হবে, তা তারা জানে না। দশ বছর অতীত হয়ে গেল,

লক্ষ লক্ষ উদ্বাস্তুরা এই দুরবস্থার মধ্যে থাকলে পশ্চিম বাংলার জাতীয় জীবন পঙ্গু হয়ে যাবে। উদ্বাস্তু সমস্যা আজ বাংলার সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে জড়িত। এটা বাংলার জাতীয় সমস্যা, এবং একে সেইভাবে বিচার না করলে, এর সমাধান কখনও হ'তে পারে না।

পশ্চিম বাংলায় ২৩২টি সরকারী কলোনির মধ্যে, আমি বিশেষ ক'রে যেসমস্ত জায়গাগুলি ঘুরে দেখে এসেছি, তার মধ্যে যেগুলি পড়ে, তাদের কথা বলব।

নদিয়া জেলায়, গোকুলপুর, কাটাগঞ্জ কলোনির যে শোচনীয় দুরবস্থা তার কথা উল্লেখ করছি। এই কলোনির পাঁচ হাজার অধিবাসী অতীতে সরকার থেকে কিছু লোন পেয়ে, আর নিজেদের যথাসর্বস্ব অর্থ খরচ ক'রে সেখানে বাড়ি তৈরি ক'রে, স্থায়িভাবে বসবাস করতে আরম্ভ করেন। কিন্তু এখন তারা যে খেয়ে-পরে থাকবে তার কোন ব্যবস্থা নাই। তাদের জমি নাই, তাদের অর্থ উপার্জনের কোন ব্যবস্থা নাই, তাদের কিছু নাই। সেখানে কুটিরশিল্প, কারখানাও নেই যে, সেখানে তারা কাজ ক'রে খাবে। এই দুর্মূল্যের দিনে মডিফায়েড রেশনিংএর কোন ব্যবস্থা নেই। ডিলার্স আছে, কিন্তু তাদের দোকানে চাল নেই। এই কলোনিতে পাঁচ হাজার অধিবাসীর বাস, তারা খাবে কি? বাসস্থান থাকলেও পেট ভরে না? এখানে একটা কুলিয়া বিল আছে, সেখানে মৎস্যচাষ করতে পারলে সেখানকার মৎস্যজীবীরা খেয়ে বাঁচত। ঐ কুলিয়া বিলের দুই পাড়ে যে জমি আছে, সেখানে স্থানীয় উদ্বাস্তু কৃষকগণ ঐ জমি চাষ ক'রে কিছু ফসল সংগ্রহ করতে পারত। কিন্তু তাদের ভাগ্যে সে সুযোগ এল না। শ্রীপ্রতাপ মিত্র নামে এক ব্যক্তি এই বিলে মৎস্যচাষ ও ব্যবসায়ের অধিকার পেয়েছেন, এখানকার জমি তাঁরই হেফাজতে। মৎস্যচাষের জন্য শ্রীপ্রতাপ মিত্র কো-অপারেটিভ সোসাইটি করেছিলেন। প্রতাপ মিত্র মহাশয় ও ঐ সমবায় সমিতির বিরুদ্ধে স্থানীয় উদ্বাস্তুদের অভিযোগের অন্ত নাই।

প্রতাপ মিত্র ধনী লোক। বিশেষত, ডাক্তার রায়ের বাড়ির পাশেই ১৩৫নং প্রিন্সেপ স্ট্রীটএ তাঁর অফিস। গোকুলপুরের লোকেরা শুনেছে যে, তিনি নাকি ডঃ রায়ের আত্মীয়। এটার কতটা সত্যমিথ্যা তা আমি জানি না। সরকারী অনুগ্রহপুষ্ট এই ধনী ব্যক্তির দাপটে ও শোষণে গোকুলপুর, কাটাগঞ্জের অধিবাসীরা সন্ত্রস্ত ও বিক্ষুব্ধ। স্নেহাংশুবাবুর বক্তৃতায় প্রতাপ মিত্রের ১৩৫নং প্রিন্সেপ স্ট্রীটএর অফিস সম্পর্কে অনেক রহস্যজনক কথা শোনা গেল। ইহা কি একটি 'মালটি-পারপাস প্রফিট মঙ্গারিং সেন্টার, সর্বার্থসাধক মুনাফা লুঠ কেন্দ্র? সরকারের নিকট হ'তে আমরা তা জানতে চাই। এই মন্ত্রিমহাশয়দের ও কংগ্রেস বন্ধুদের ব্যবহারে আমাদের বামপন্থীদের জনসাধারণের কাছে টেনে নিয়ে যাচ্ছেন। গোকুলপুর কাটাগঞ্জের সরকারী কলোনির নেতৃস্থানীয় ব্যক্তিরা পূর্বে কংগ্রেস শাসকদের অনুরক্ত ছিলেন। এখন তাঁরা সরকারের দেউলিয়া বাস্তুহারা নীতি এবং তার প্রয়োগ পদ্ধতি দেখে তাদের অবস্থা দেখাবার জন্য বামপন্থীদের ডেকে নিয়ে যান তাঁদের সভা-সমিতিতে। এই অবস্থায় যারা পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে এসেছিল এই গভর্নমেন্টএর উপর ভরসা ক'রে তারা দিনের পর দিন কংগ্রেসবিরোধী হয়ে উঠছে। চাঁদমারিতে আর একটা পি এল ক্যাম্প আছে। ছয় সহস্র অধিবাসী সেখানে তাঁবুর মধ্যে বাস ক'রে আসছে গরমের রাত্রে, বৃষ্টিতে। তাদের আর মানুষের জীবন নেই। তারা সব অমানুষ হয়ে গিয়েছে। তারপর গয়েশপুরে আর-একটি কলোনি আছে। সেখানে ১৬ হাজার মধ্যবিত্ত শ্রেণীর উদ্বাস্তু বাস করে। এখানেও কোনমতে কিছু সমাপ্ত বা অসমাপ্ত এক-একটা বাড়ি নির্মাণ ক'রে সকলে বেকার ব'সে আছে। কোন কাজের ব্যবস্থা নেই, শিল্প নেই। মডিফায়েড রেশনএর ব্যবস্থা নেই, ডিলার আছে, কিন্তু চাল নেই। জলের একান্ত অভাব। টিউবওয়েল কতকগুলি আছে তা অনেক দূরে দূরে এবং বহুদিন আগে করা হয়েছিল ব'লে এর মধ্যে কতকগুলি অকেজো হয়ে পড়ে আছে। কিন্তু এইগুলি মেরামত করার কোন বন্দোবস্ত নেই। অথচ শুনেছি অ্যাডমিনিস্ট্রেটর ৩½ শত টাকা বেতন পান। তিনি শুধু মাঝে মাঝে পায়চারি ক'রে দেখে যান। আর এখানে এই গয়েশপুরে একটি ট্রেনিং-কাম-ওয়ার্ক সেন্টার আছে। বহু ছেলেকে কার্পেন্ট্রি, উইভিং, টেলারিং ইত্যাদি শিক্ষা দেওয়া হয়—খুব ভাল কথা। গভর্নমেন্ট এটা ভালই করেছেন বলা

রেতে পারে। কিন্তু ছয় মাস্ শিক্ষা লাভ করার পর তারা কোথায় দাঁড়াবে, তার কোন পরিকল্পনা সরকারের নেই। তাঁরা শিক্ষা দিয়েই খালাস, কোন পরিকল্পনা নেই যেখানে তাদের কাজ দেওয়া যাবে। এমনকি লোন দেবার কথাও নেই যা নিয়ে তারা নিজেরাই কাজ করবে। তারা এই শিক্ষা নিয়ে বাড়িতে ব'সে আছে। আজকে তারা বেকার হয়ে আছে, তারা কি খাবে। কাজেই এই রকম একটা বিদ্যা শিক্ষা দেওয়া হ'লেও কার্যতঃ কোন লাভ হচ্ছে না। আরও কতকগুলি কলোনি আছে, চাঁদমারি, গয়েশপুর, সগুণা, গোকুলপুর, লিচুতলা প্রভৃতি কলোনিতেও বহু হাজার উদ্বাস্তু বাস করে। তাদের শিক্ষা, স্বাস্থ্য, চাকরি বা কাজের কোন ব্যবস্থা নেই। এমন সরকারী সুব্যবস্থায় তারা যে বেঁচে আছে, মরে যায় নি ইহাই বিস্ময়জনক। যে বাস্তুহারা জনগণ বাংলার সম্পদ, অ্যাসেট, সরকার তাদেরই বাংলার বিপদ বা লায়েবিলিটি ব'লে মনে করছেন। জমি উন্নয়ন, শিল্প-উন্নয়ন ক'রে তাদের পুনর্বাসনের ব্যবস্থা যদি করেন তা হ'লে তারাই হবে বাংলার গৌরব। পুনর্বাসনমন্ত্রী প্রফুল্ল সেন মহাশয় গভর্নমেন্ট কলোনির পাঁচ লক্ষ অধিবাসীর চরম দুর্দশার কথা সেদিন অ্যাসেম্বলিতে স্বীকার করেছেন। ইহা প্রশংসনীয়, যদি এর প্রতিকারের জন্য প্রকৃতপক্ষে কিছু করা হয়। কিন্তু ক্যাম্পএর উদ্বাস্তুদের দুরবস্থার কথা তিনি জানেন না। তিনি মনে করেন তারা ভাল অবস্থায়ই আছে। তাই তাঁরা তাদের ডোলস্ কমাবার প্রস্তাব উত্থাপন করেছেন। এই দুর্মূল্যের বাজারে তারা যে কয়েকটি টাকা সরকার থেকে পায় তা দিয়ে তাদের অতি কষ্টে বেঁচে থাকতে হয়। রোদে, বৃষ্টিতে, শীতে, তাঁবুর তলে তাদের বাস করতে হয়। হাজার হাজার নরনারী বৎসরের পর বৎসর ধ'রে এই অমানুষিক জীবন যাপন করতে বাধ্য হচ্ছে। ডোলস্ কমিয়ে দিলে তাদের জীবন চরম দুর্দশায় নেবে আসবে।

[9-30—9-40 a.m.]

সরকারী কর্মচারীদের আমলাতান্ত্রিক মনোভাব কলোনির অধিবাসীদের অতিষ্ঠ ক'রে তুলেছে। ক্যাম্পএর সুপারিন্টেন্ডেন্টরা তো এক-একজন জেল-দারোগা। ধুবুলিয়া ও চাঁদমারি ক্যাম্পএর কথা জানি যে, সেখানে বাস্তুহারাদের উপর কঠোর ব্যবহার করা হয়।

গয়েশপুরের একজন অ্যাডমিনিস্ট্রেটর আছেন। তাঁর কাজ হ'ল আমেরিকার দুধ বিলি করার তদারক করা। কয়েকজন বাঁধাধরা সরকারী অনুগ্রহপুষ্ট দালালদের তিনি দুধের বাক্সগুলি দেন তার কতকগুলি সত্য সত্য বিতরণ করা হয় আর কতকগুলি এদিক-ওদিক নিঃশব্দে চ'লে যায় তার খোঁজ রাখা তিনি আবশ্যক মনে করেন না। অথচ সাড়ে ন শ' টাকা দিয়া এমন একজন অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করা হয়েছে। উপরওয়ালা বড় অফিসার হ'লে তার তো আমলাতান্ত্রিক দাপটের উপর কথা বলা চলে না। কৃষ্ণনগরে নদিয়ার রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন জোনাল অফিসার শ্রীযুক্ত সি আর দাশ মাসে হাজার দেড়েক টাকা নাকি মাসোহারা পান। তিনি রাজনীতিতে অতি উৎসাহী। তাঁর নিজের দায়িত্বের কাজটা তাঁর কাছে বোধ হয় গৌণ। অরবিন্দবাবু বলেছেন—আঞ্চলিক অফিসারদের ক্ষমতা, কর্তব্য ও দায়িত্ব পরিষ্কার ক'রে বলা হয় নাই, ফলে তাঁরা কোন কাজ করতে পারছেন না। অরবিন্দ বাবুর মতের সমর্থন ক'রে আমি মনে করি যে, আঞ্চলিক অফিসারএর পদ বিলোপ করা হোক। কোন্ কোন্ বাস্তুহারা বিদ্যালয়ে কংগ্রেসী বা সরকারী অনুগত শিক্ষক নেওয়া হ'ল না তিনি তার খোঁজখবর নেন এবং তাঁর মনোনীত শিক্ষক রাখার জন্য বেসরকারী নির্দেশ দিয়ে থাকেন। যথা—চাঁদমারি স্কুলে পাঠ্যবই স্থির করার নির্দেশও তিনি দেন। স্যার, আমি আর একটু ব'লেই শেষ করছি। এত অল্প সময়ে সব বলাও যায় না। গয়েশপুর নেতাজী বিদ্যামন্দির ফর গার্লসএর হেডমিস্ট্রেস, জোনাল অফিসার শ্রী সি আর দাশের নির্দেশ অনুযায়ী তাঁর স্কুলে বই পাঠ্য করেন নাই, তাই দাশ মহাশয় ঐ স্কুলে গিয়ে ঐ অপরাধে হেডমিস্ট্রেসকে চোখ রাঙিয়ে চ'লে আসেন। অথচ এই রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশনএর জোনাল অফিসারটির স্কুলের পাঠ্যবই সম্পর্কে কোন নির্দেশ দিবার অধিকার নাই। স্কুলটি প্রাইভেট, অতীতে তিনি ছোট অফিসার ছিলেন এবং তাঁর বিরুদ্ধে অনেক অভিযোগ ছিল, তাই তাঁকে ১,৫০০ টাকার মনসবদারী পদে উন্নীত করা হয়েছে। এই সব আমলাতান্ত্রিক ঔদ্ধত্যপূর্ণ মনোভাব নিয়ে জোনাল অফিসার, অ্যাডমিনিস্ট্রেটর, সুপারিন্টেন্ডেন্ট প্রভৃতি মোটা বেতন নিয়ে সরকারী চাকুরি করছেন অথচ উদ্বাস্তুদের ভাত-কাপড় জুটে না।

আর একটা কথা বলি—কলকাতায় প্রায় পাঁচ হাজার শঙ্খবণিক পূর্ববঙ্গ থেকে এসেছেন। তাঁরা শঙ্খশিল্প দ্বারা কোনমতে জীবিকানির্বাহ করতেন। এখন মুনাফা লাভের লোভে এক কল তৈরি ক'রে ধনী শঙ্খবণিকেরা শঙ্খশিল্পে পুঁজিবাদ প্রতিষ্ঠার প্রয়াস পাচ্ছে। সরকারী সমর্থনও পেয়েছে এই শঙ্খশিল্পের মালিকেরা। ফলে, বাগবাজার, আমহার্স্ট স্ট্রীট প্রভৃতি জায়গায় ছোট শঙ্খশিল্পীরা বিপদের সম্মুখীন হয়েছে এবং সহস্র সহস্র শঙ্খশিল্পকর্মীরা বেকারির পথে নেমে এসেছে। এর প্রতিকার হওয়া দরকার। দশ বৎসর বাস্তুহারা লক্ষ লক্ষ নরনারীর শোচনীয় জীবনের যত শীঘ্র অবসান হয়, সরকার সেদিকে তৎপর হবেন এই আশা করি।

Sj. Sudhindra Nath Mukherjee: Mr. Chairman, Sir, by now we have heard and read about the speeches delivered by my wise friends on both sides in this House as well as in the Assembly and I do not think, being an humble man myself, I shall overburden the already strained nerves of my friends here. I will just confine myself to a few observations on certain points regarding this Budget.

Sir, the first point I would like to stress on is about the unemployment here. Being a person myself interested in industry, in a small way of corse, I know the difficulty of full employment. It is very difficult for an under-developed country like India to afford full employment. Even China has not yet been able to do it, and I think most of the other under-developed and semi-developed countries have not yet been able to do it. I have a few submissions to make to the Hon'ble Chief Minister. I know he is straining every nerve to solve the problem. I do not believe the Bengalis lack in initiative and intelligence in business and industry but being hard-pressed for funds I know how difficult it is to start business. I know there are few Committees set up, (I am not sure about it,) whose members are industrialists of different communities and whose business it is to suggest ways and means for the Bengalis to go into business. I would appeal to the Chief Minister as well as the Finance Minister to revive these committees. If we look into the history of the few businessmen of the different communities we will find that many of them started as brokers. It does not require any capital; of course, it requires sympathy and support of business communities, but I believe if we can inculcate the habit of this amongst the Bengalee boys we can do a lot. Let us turn out brokers amongst the Bengalee boys. That will go a long way in solving this problem.

My second point, Sir, is about General Administration. As the Chairman of the Hooghly District Board I have to come in contact with the day to day administration on the district level. The District Magistrate, I find, Sir, is overburdened. He has to attend to so many administrative duties, he has to look after also the public relation, and it is wellnigh impossible for a man of average intelligence to do his job properly. Sir, we all know that it happens like this. At the time when the paddy seeds are required they are not available. It is not the fault of the department concerned, but it happens because there is lack of co-ordination. My humble suggestion is this that let the District Magistrate have a number of officers who will just relieve him of the day to day work and let him devote entirely under the direct supervision of the Chief Minister as a co-ordination officer so that any officer who feels any difficulty in the district can go to him direct and get things done. We must get things done.

Now about the Development department. The police-station area which I come from, that is, Balagarh, is unfortunately still now the most neglected area. For geographical reason that particular area as at present situated cannot have the benefit of D.V.C. water nor this area is having

any benefit out of electricity. I have seen lift irrigation system in Madras. Where the canals cannot be put into effect, lift irrigation is being resorted to. In Balagarh area, as I understand, there is no chance of electricity coming through, even during the Third Plan. My appeal to the Chief Minister and the Minister in charge of Development is that if in that particular area or in other areas about which I have no idea, where canal system cannot be put into effect, let electricity be introduced because in most parts of Bengal water level is very high and ordinary system of lift irrigation at reasonable cost can be put into effect.

I had many other points but I believe the time at my disposal is short, and moreover this being my maiden speech I do not feel very happy about talking for a longer time.

The last point is about the district board. You know, Sir, the district board came into being in India with Act X, I believe, of 1871.

[9-40—9-50 a.m.]

Now, Sir, with the revolutionary changes after the independence the District Boards are practically on their last legs, because they will more or less either be wiped out or will die a natural death with the coming of the Panchayat Act. Being a Chairman of a District Board of course, I may be permitted if I indulge in appealing to the Chief Minister and other Ministers that they should think before wiping out them. This district board system in India has played a great part—it has been the training ground for politicians, for future administrators and it has played a part in decentralisation of power. So, Sir, my appeal would be that let the Panchayat system be there but let the district boards also function as the head of the Panchayat. It should not be like this that it should be tolerated as a man tolerates his 6th finger. It should have more important part to play. I do not think I should take much of your time. But before I resume my seat, I should say a few words about the budget itself. Sir, I had the opportunity of visiting China, Hungary, Czechoslovakia and other places. I toured China for 45 days and I saw their great achievements but I think the achievement of Congress in India is equally great if not greater. We are proud of the achievement. With these words, Sir, I support the budget.

Sj. Basanta Kumar Das:

মাননীয় সভাপতি মহাশয়, আজ পরিষদের অধিবেশনের প্রারম্ভে একজন শিক্ষক শিক্ষা সম্বন্ধে তাঁর মন্তব্য প্রকাশ করেছেন। তিনি বলেছেন যে, পশ্চিমবঙ্গে যেসব 'মালটি-পারপাস' স্কুল স্থাপিত হয়েছে তার কার্যকলাপ অনুসন্ধান করবার জন্য একটা অনুসন্ধান কমিটি নিয়োগ করা আবশ্যক। দুদিন পূর্বে আমি আর একজন শিক্ষক প্রতিনিধির বক্তৃতা এখানে শুনেছিলাম। তিনি বলেছেন যে, বাংলাদেশে এই মালটি-পারপাস স্কুলগুলি ব্যর্থ হয়েছে। আমি একটি মালটি-পারপাস স্কুলের পরিচালক। তাঁর বক্তৃতা শোনবার সময় আমার এই কথা মনে হচ্ছিল যে, আমি বুঝি একজন অপরাধী, যাকে অনুসন্ধান কমিটির সম্মুখে উপস্থিত হতে হবে। সরকার অনুসন্ধান কমিটি নিয়োগ করবেন কিনা জানি না। কোন বুদ্ধিমান ব্যক্তির এক বৎসরের মধ্যে এইরকম একটা ব্যাপারে যে ব্যাপারের অনেক দিক আছে যাতে অনেক জটিলতা আছে, তার কার্যের জন্য অনুসন্ধান কমিটি নিয়োগ করা উচিত কিনা জানি না, কিন্তু আমি এই দু'জন শিক্ষক মহাশয়ের কাছে সবিনয়ে অনুরোধ করব—এঁরা তো বহু অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি—তাঁদের নিবেদন করব যে, আমি যে বিদ্যালয়ের পরিচালক সেই বিদ্যালয় তাঁরা পরিদর্শন করতে পারেন, এবং আরও একটা বিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট আছি, তারও কার্যকলাপ পরিদর্শন করতে পারেন। এই দু'টো স্কুলের একটা খেজুরী আদর্শ বিদ্যাপীঠ, মেদিনীপুর জেলার—এটা একটা মালটি-পারপাস স্কুল এবং আমি তার সম্পাদক, অল্পদিন পূর্বে এই স্কুল স্থাপিত হয়েছে। আর একটা মালটি-পারপাস স্কুল মেদিনীপুর

জেলার কাঁথি মহকুমায় স্থাপিত হয়েছে ; কাজেই আমি অনুরোধ করব যে, সেই বিদ্যালয়গুলি পরিদর্শন করতে চাইলে আমি সানন্দে তাঁদের সেখানে নিয়ে যাব ; তাঁরা স্বচক্ষে তার দোষ-ত্রুটি সব দেখতে পাবেন।

৮।৯ বৎসর পূর্বে যখন এইসব স্কুল মালটি-পারপাস স্কুল হয় নি তখন একজন বি এস-সি শিক্ষক পাওয়া আমাদের পক্ষে মুশকিল হ'ত। আমরা জানি মফঃস্বল অঞ্চলে শিক্ষক পাওয়া কি কষ্টকর। গভর্নমেন্টের যে স্কেল, সেই স্কেলের অনেক বেশি বেতন দিয়ে তাঁদের নিতে হ'ত। এম এস-সি শিক্ষক এইসব স্কুলের জন্য পাওয়াই যায় না। প্রাথমিক যেসমস্ত অসুবিধা সেই অসুবিধাগুলিকে পার হবার যদি আমরা চেষ্টা না করি, এর প্রথমে যদি ব্যর্থতার ছাপ দিয়ে এই স্কুলগুলোকে প্রত্যাখ্যান করি তা হ'লে পৃথিবীতে কটা জিনিস আমরা গ্রহণ করতে পারব? শিশু ভূমিষ্ঠ হবার সঙ্গে সঙ্গে সে নিখুঁত হয় না। এম এস-সি শিক্ষক পেতে অনেক স্কুলে দেরি হবে, কিন্তু আমরা একদিন নিশ্চয় পাব এবং এখনই আমরা পেতে আরম্ভ করেছি। এম এস-সি সেকেন্ড ক্লাস গেছে এবং আরও স্কুল জানি, আমাদের যারা বি এস-সি বা বি-কম তাদের একটা সর্ট কোর্স ট্রেনিং দিয়ে অস্থায়ী হিসাবে কাজ চলতে পারে ব'লে মনে হয়। অনেক স্কুলে ক্র্যাফ্‌টএর ব্যবস্থা হয়েছে। একজন শিক্ষক মহাশয় বলেছিলেন যে, ক্র্যাফ্‌টএর শিক্ষক ম্যাট্রিক পাশ ব'লে তাঁকে ছেলেরা 'স্যার' বলবে কিনা সন্দেহ। এই কথা শুনে আমি আশ্চর্য বোধ করছি। আমাদের ক্র্যাফট্‌এর যে কি উদ্দেশ্য তা যাঁরা শিক্ষক তাঁরা বেশি ক'রে জানেন। আমাদের এই মালটি-পারপাস স্কুলএ ক্র্যাফট্‌এর ব্যবস্থা করা হয়েছে কেন? ক্র্যাফট্‌এর ব্যবস্থা করা হয়েছে এজন্য যে, এই ক্র্যাফট্‌এর মধ্য দিয়ে শিক্ষার্থীরা শ্রমের মর্যাদা উপলব্ধি করবে এবং সৃষ্টির আনন্দ উপভোগ করবে। আমাদের যাঁরা ক্র্যাফট্‌এর শিক্ষক তাঁদের প্রতি যদি উপযুক্ত মর্যাদা দেবার মনোবৃত্তি সৃষ্টি না হয় তা হ'লে কি ক'রে ছাত্রদের মধ্যে শ্রমের মর্যাদা প্রসার করাবেন সেটা আমি বুঝতে পারি না। যাই হোক সময় যখন অল্প তখন আমি আর একটা বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি ডিস্ট্রিক্ট বোর্ডগুলির বর্তমান অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি জানি না তাঁরা ডিস্ট্রিক্ট বোর্ডগুলি আর কতদিন পরিচালিত করবেন? ডিস্ট্রিক্ট বোর্ডগুলির আয়ু হয়ত শীঘ্র শেষ হয়ে যাবে এবং সেজন্য তাঁরা অপেক্ষা করছেন। কিন্তু যতদিন ডিস্ট্রিক্ট বোর্ডগুলি জীবিত আছে ততদিন পর্যন্ত তাদের আর্থিক ব্যবস্থা করা উচিত।

মেদিনীপুর জেলার ডিস্ট্রিক্ট বোর্ড সম্বন্ধে আমি এটুকু জানি যে, সেখানে এখনও পর্যন্ত ১৯৫৭-৫৮ সালের সেস বাবত যে টাকা প্রাপ্য—৬ লক্ষ ১৪ হাজার টাকা তার এক পয়সাও তারা পায় নি। এই অবস্থায় ডিস্ট্রিক্ট বোর্ডগুলি চালানো একান্ত অসম্ভব এবং ডিস্ট্রিক্ট বোর্ডের অধীনে যে কাঁচা এবং পাকা রাস্তা আছে, সমগ্র বাংলাদেশে সরকারের অধীনে যে রাস্তা আছে তার প্রায় ৩ গুণ রাস্তা—সেই রাস্তাগুলির অত্যন্ত দুরবস্থা হয়েছে। কাজেই আমি বলব যে, যদি এই অবস্থা চলতে থাকে তা হ'লে আমাদের ডিস্ট্রিক্ট বোর্ডগুলি শেষ হয়ে যাবে কিন্তু তার পূর্বে অন্ততঃ যতদিন তাদের অস্তিত্ব আছে ততদিন তাদের যে প্রাপ্য অর্থ যাকে স্ট্যাটুটরি ইনকাম বলা য'য় সেটুকু তাঁরা যেন দেন—কোন গ্রান্ট দিন বা না দিন, সেটুকু যেন দেন।

আর একটা কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করব। খাদ্য উৎপাদনের উপর খুব জোর দেওয়া হয়েছে। অনেকে বলেছেন আমাদের দুঃখ আছে, অভাব অনটন আছে—কাজেই যদি খাদ্য বেশি উৎপাদন করা যায় তা হ'লে অনেক পরিমাণে সেগুলির নিরসন হবে। আমরা গ্রামাঞ্চলের লোক, সুতরাং এটা আমরা বিশেষভাবে উপলব্ধি করি। আমাদের যে এন ই এস ব্লক, কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক প্রতিষ্ঠিত হয়েছে সেগুগলির মাধ্যমে খাদ্য উৎপাদন যথেষ্ট বেশি পরিমাণে করা হবে একথা অনেকদিন যাবত বলা হচ্ছে এবং সেই চেষ্টাও করা হচ্ছে। কিন্তু জানি না কি কারণে আমি যে ব্লকের অধিবাসী সেই ব্লকের লোক এ বছরের মধ্যে এক ছটাকও সার পায় নি। আমি ব্লক অফিসারকে জিজ্ঞাসা করেছিলাম যে, এ বছর ত' শেষ হয়ে গেল, এরা সার নিতে চায়—সেই ব্লকে অনেকে সার ব্যবহার করেছে, কিন্তু তিনি একথা বলেন যে, সার এমন সময়ে তাঁর কাছে ব্লক অফিসে গিয়ে পেঁছায় যখন সার ব্যবহার করার আর সময় থাকে না। এ বছরে হয়ত শীঘ্রই বৃষ্টি হবে, তার আগে সার ব্যবহার করা উচিত, কিন্তু

এ পর্যন্ত এক ছটাকও সার সেখানে গিয়ে পেঁছাল না। ব্লক অফিসার বলেছিলেন যে, বারবার চেষ্টা ক'রেও তিনি কিছু সুরাহা করতে পারেন নি। এদিকে আমি কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের আর একটা জিনিস করবার চেষ্টা হচ্ছে—টেস্ট রিলিফের মাধ্যমে যাকে জলরক্ষা বাঁধ বলে সেইসব বাঁধ করবার চেষ্টা হচ্ছে। এগুলি ছাড়া এমন অনেক ছোট ছোট বাঁধ আছে সেগুলিকে স্মল ইরিগেশনের মধ্যে ফেলা যায়। সেই সমস্ত বাঁধ যখন খাসমহলের অধীনে ছিল তখন খাসমহল সেগুলির জন্য অর্থ ব্যয় করতেন কিন্তু এখন খাসমহল এবং জমিদারী একত্রে গভর্নমেন্টের হস্তে ন্যস্ত হয়েছে। এই অবস্থায় সেই বাঁধগুলির জন্য তারা বেশি কিছু ব্যয় করছেন না। সেই বাঁধগুলির জন্য অর্থ ব্যয় না করলে চাষের অনেক ক্ষতি হবে। এদিকে আমি কৃষিমন্ত্রী এবং সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[9-50—10 a.m.]

Sj. Devaprasad Chatterjea: Mr. Chairman, Sir, there has been uptil now a long discussion on the Budget as presented this year. I am afraid, I may speak on some points which have already been covered by my friends, but I feel that as a representative from the Local Authorities Constituency I should draw the attention of the Government to the pathetic state of affairs as prevailing in the Municipalities of West Bengal.

Sir, during the First Five-Year Plan period, the Government laid greater emphasis on the development of rural economy and they provided larger sums for improvement of irrigation through river valley projects, drainage, flood control and road communication, etc. It is a happy augury that now the Government have given greater attention to the needs of the urban areas which were so long rather neglected. The Government have been seeing their way to make more provision of funds for building houses for low income group of people, industrial housing, slum clearance, khatal removal from Calcutta and also for supply of drinking water in municipal areas. But, Sir, I make bold to say that still much greater attention is required for municipalities. Sir, from facts and figures which are available from a memorandum published by the West Bengal Municipal Association on February 22 this year, which was presented before the Press representatives in a Press conference, one will easily understand the difficulties under which the West Bengal Municipalities are working. The picture as depicted there is really painful. The 86 municipalities and one Corporation, barring the Calcutta Corporation have a total mileage of roads of about 3,000 and of which 250 miles are tar macadamised, only 800 miles are pucca and the rest are kutcha. There is full sewerage system only in two Municinaplities and partially in three and the balance of the Municipalities are served by Kutcha drainage. Water-supply through water-works arrangement is present only in 32 municipalities and in most cases fall far short of the present requirement. Even in Calcutta, the existing supply is far below the necessity and in Tollygunge area there is water-works arrangement barely in 15 per cent. of the roads in a total area of 83 square miles inhabited by about 3 lacs of people. Electrification arrangement is also very meagre and everywhere it requires augmentation. Electric supply facilities are there only in 60 municipalities. But even there, electric street lighting serves in many cases only portions of the roads and do not cover the whole areas of these municipalities. That is the condition prevailing in the rest of the municipalities in West Bengal outside Calcutta Corporation.

If we now come to Calcutta Corporation, here also you will find that in Tollygunge which has been incorporated within Calcutta Corporation five years back, out of about 80 miles of road one-fourth of the road area is kutcha. There is no underground drainage in the 83 square miles of Tollygunge area and there is a partial water-supply arrangement for only

about 2 square miles. I give these figures in detail only to show the gravity of the situation because in these 87 municipalities and corporations live about a crore of people about 34 per cent. of the total population living in West Bengal as a whole.

Sir, this state of affairs in the municipalities has come upon due to a long period of inattention to the municipalities by our past alien Government. They gave the name to the department which was in charge of the municipalities of "Local Self-Government Department" perhaps to distinguish this from other Government Departments and neglected it because the municipal authorities were mostly elected representatives of the people. The alien rulers had little sympathy for the self governing institutions. But the times have changed; now we are living in a free State and I feel that this old memory associated with the Local Self-Government should be obliterated at the earliest opportunity and "Local Authorities Department" or some suitable name be affixed to this department immediately.

Sir, the state affairs is mainly due to the chronic weakness in the municipal finances. Municipalities have to depend for their finances only on tax on properties and license fees. These sources are too rigid and can hardly have any scope for an increased yield. Sir, the high level of prices has increased the cost of administration and the cost of amenities. Things are worsening due to concentration in towns and cities of people from the neighbouring rural areas who come there for avocation. This has been greatly aggravated by the huge influx of the refugee population who have settled in large numbers in towns on similar grounds for finding better facilities for shelter and employment and also for other reasons. The result is that the population in municipalities has increased many times but the amenities have not kept pace with that, neither the authorities could cope with the situation with their meagre finances.

Sir, a number of grave issues were discussed in conference of the representatives of the West Bengal Municipal Association and the Government which was attended by our L.S.-G. Minister, Shri Jalan in November 1956 in which certain recommendations were made by the representatives and resolutions were passed. Far-reaching resolutions have also been passed and recommendations made in West Bengal Municipal Conference last year at Jiaganj. If the Government give their serious attention to these resolutions, I think the municipalities can have better days in the future.

[10—10-10 a.m.]

As for myself I would suggest the following measures that should be seriously considered by the Government for ending the long existing maladies of the municipalities. Firstly, the name of the Local Self-Government Department should be altered: Secondly, the Bengal Municipal Act and the Calcutta Municipal Act should be suitably amended. Thirdly, immediate arrangement should be made for re-allocation of sources of revenue between the State and the municipalities on the lines suggested by the Local Finance Enquiry Committee and Taxation Enquiry Commission. Fourthly, till more flexible revenue allocation as suggested above there should be more Government non-recurring grants for capital expenditure to the municipalities of urgent nature. Fifthly, the Government should also move the Union Government for suitable subsidy or grant, both recurring and non-recurring for improving, and also for provision of suitable amenities to, the areas which are mainly occupied by refugee population in the municipalities. Sixthly, the Government, Sir, should also take over free primary education which is a State-responsibility and which is now very meagrely administered by the municipalities or at least they should

give sufficient contribution for this for the municipalities so that the municipalities can render effective service to the community in other direction by utilising their fund now earmarked for primary education. Seventhly, the Government should also set up a Planning Board for a general development of the municipalities and also to find out ways and means for augmenting the municipal funds. Eighthly, last but not the least important is the Farakka Barrage Scheme which should be undertaken by the Union Government at an early date. Not only the existence of Calcutta is dependent on this as has been hinted by many people, because the Port of Calcutta which is being rapidly silted up needs a constant volume of water flow that can only be possible by the implementation of this barrage. You will realise, Sir, that the salinity in water content which is now endangering Calcutta's water-supply is also present in the water-supply of the other neighbouring municipalities which draw from the river as their main source of supply. This is due to less sweet water now coming down the river Bhagirathi in summer time for silting up of the bed in the upper stream. Thus, Sir, Farakka Barrage is also necessary for the existence of the municipalities existing on either side of the Bhagirathi up to a long way from Calcutta. These are my humble but urgent suggestions on which the Government should give greater attention for the welfare of the municipalities.

Sir, I would say now a few words about rehabilitation. According to the State Statistical Bureau uptil now, only 50 per cent. of the Government rehabilitation figure of 21 lakhs, have been properly rehabilitated. The Union Government have been placing greater emphasis on the camp refugees. Our Government have rightly put greater emphasis on the rehabilitation of the outside and colony refugees. I would submit that the greatest emphasis should be placed on the squatters colonies and their regularisation should be completed within the second plan period. This problem of squatters' colonies (existing for the last ten years) perhaps is not receiving such greater attention of the public as it should have. The uncertainties in the minds of the large number of squatters' colony dwellers about their future are preventing them to make effective contribution for their economic rehabilitation. Among the land owners of these colonies on the other hand there are many poor men and agriculturists who are feeling a sense of frustration on their assets lying frozen for years and being unable to maintain themselves are becoming a liability to the State. In addition, many of these squatters' colonies being situated in the municipalities are creating additional complexities for the administration. In my computation there would be about 2 lakhs of people now living in the squatters' colonies inside Calcutta Corporation. These breathren of ours are clamouring for municipal amenities in those areas naturally. But the Corporation with the limited resources at hand can hardly do justice to them, nor the Corporation can raise funds by assessing them properly on the grounds of legal complexities. So, for the good of the State, as a whole the squatters' colonies should be regularised as early as possible. Our State Minister of Rehabilitation has put the figure at 60 crores of rupees for completing the rehabilitation work of the refugees. I would only submit that we should raise a united voice in this House demanding upon the Union Government to make provision of the above sum of rupees in the Second Five-Year Plan for the completion of the rehabilitation work within the time-limit of the Second Five-Year Period, because the continuance of the rehabilitation work for a further and prolonged period would only mean an aggravation of the miseries of the people of this State as a whole.

Now, I conclude with one word on financing the Second Five-Year Plan. You will notice with dismay that our Chief Minister in his budget speech has drawn our attention to the fact that the Union Government has been making a systematic lesser contribution than assured for the last three years

and he has put in figures for that. We should make a united demand so that the Union Government must not only not make such lesser contributions as at present but make good the short payments and also make additional contributions for providing 60 crores of rupees for the rehabilitation of the refugees and also for a suitable sum for the implementation of the Farakka Barrage with the Second Five-Year Plan period.

Thank you, Sir.

[10-10—10-20 a.m.]

Sjta. Anila Debi:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের সামনে বহু কোটি টাকার বাজেট উপস্থিত হয়েছে। কিন্তু ব্যবস্থাপনায়ও বহু কোটি ছিদ্র রয়েছে। এর সত্যকার রূপ শুধু সমালোচক বিরোধী-পক্ষের বক্তব্যের মধ্য দিয়ে নয়, সরকারী পক্ষের জনকয়েক বক্তা যে সমালোচনা করেছেন—বিশেষ ক'রে শ্রীঅরবিন্দ বসু মহাশয়, তার মাধ্যমেও প্রকাশ পেয়েছে। শ্রী বসু মহাশয়ের সমালোচনার মধ্যে যে তীব্রতা প্রকাশ পেয়েছে, তারপর আর বলবার দরকার হয় না যে, এই বাজেট কোন কল্যাণধর্মী রাষ্ট্রের কিনা! আমি সময় খুব বেশি হয়ত পাব না, সেইজন্য এই বাজেটের বিভিন্ন ধারা সম্বন্ধে কিছু না ব'লে শুধু শিক্ষাব্যবস্থা প্রসঙ্গের মধ্যে গুটিকয়েক প্রশ্নে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখতে চাই।

এবার মন্ত্রীমণ্ডলীর পক্ষ থেকে একটা বৈশিষ্ট্য দেখা যাচ্ছে যে, তাঁরা যত্রতত্র গৌরব প্রকাশ করবার জন্য পরিসংখ্যানের বন্যা বইয়ে দিয়েছেন—উদ্দেশ্য সাধারণ মানুষকে যেন হকচকিয়ে দেওয়া। শিক্ষাক্ষেত্রে শিক্ষামন্ত্রীও সেই পথ থেকে একবিন্দুও বিচ্যুত হন নাই। তিনি কংগ্রেস আমলে শিক্ষার অগ্রগতির পরিসংখ্যান দেখিয়ে নিজেদের গৌরব পঞ্চমুখে ঘোষণা করেছেন। তিনি দেখিয়েছেন এই এগার বছরে দ্রুতবর্ধমান বিদ্যায়তনের সংখ্যা ও দ্রুতবর্ধমান বিদ্যার্থীর সংখ্যা। এখানে আমার জিজ্ঞাস্য—এই যে পশ্চিম বাংলার দ্রুতবর্ধমান বিদ্যায়তনের সংখ্যা ও বিদ্যার্থীর সংখ্যা—তার জন্য আমাদের পশ্চিম বাংলার শিক্ষামন্ত্রীর গৌরব করবার অধিকার কতটুকু? যে জনসাধারণের প্রতিনিধি হয়ে আজ তাঁরা পরিষদ ভবনে এসেছেন, তাঁরা আজ যে জনসাধারণকে চিনতে পারেন না, দেশের সেই অসংখ্য শিক্ষানুরাগী জনসাধারণের কষ্টে গড়া এই সমস্ত বিদ্যালয়। সরকারী প্রচেষ্টায় ক'টা বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে? তিনি গৌরব করছেন বর্তমানের সংখ্যা নিয়ে। অথচ আমরা দেখছি বিদ্যায়তনগুলিকে সাহায্য দেবার শর্তে তাঁরা চাপ দিচ্ছেন বিদ্যায়তনে ছাত্রসংখ্যা কমাও। অথচ তার সঙ্গে নূতন বিদ্যায়তন গড়বার প্রচেষ্টার পরিকল্পনা নাই। একদিকে সংখ্যা কমাবার চাপ সৃষ্টি করছেন আর একদিকে সংখ্যা বৃদ্ধির গৌরব করছেন। পরিসংখ্যানের প্লাবনে আমাদের যতই ভাসিয়ে দিতে চান না কেন, পশ্চিমবঙ্গের শিক্ষানুরাগী জনসাধারণকে ভাসান সম্ভব নয়। সংখ্যা আর চক্রান্তের ফাঁক ধরা পড়বেই। আজ প্রাথমিক শিক্ষার বিস্তারিত বিশ্লেষণের মধ্যে যাব না। মাত্র দু'-একটি প্রশ্নের জবাব চাইব। মন্ত্রিমহাশয় বলেছেন যে, পরিকল্পনা কমিশন প্ল্যান পিরিয়ডএর মধ্যে প্রাথমিক শিক্ষার্থীর যে সংখ্যাকে শিক্ষালাভের সুযোগ দেবেন বলেছেন তাঁর ব্যবস্থাপনায় নাকি তার সংখ্যা বেড়েছে ইতিমধ্যেই শতকরা ৬৬ ভাগ। এবং প্ল্যান পিরিয়ডএর মধ্যে ৬৬ ভাগই নয়, ৯৬ ভাগ শিশু নাকি এখানে প্রাথমিক শিক্ষার সুযোগ পাবে। ভাল কথা—। কিন্তু আমার জিজ্ঞাস্য এই যে, পরিকল্পনা কমিটি যে অর্থে শিক্ষার সুযোগের কথা বলেছেন, কোথাও সেই শিক্ষার সুযোগ দেবার জন্য পশ্চিমবঙ্গ-সরকার কি এক পা-ও এগিয়েছেন? সংবিধানে উক্ত ৬ থেকে ১৪ বৎসর বয়স্ক অর্থাৎ আট বছরের প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা সম্ভব নয় পরিকল্পনা কমিশন এই কথা বলেছেন। তাঁরা সময় কমিয়ে ৬ থেকে ১১ বৎসর অর্থাৎ ৫ বৎসর প্রাথমিক শিক্ষাকালের কথা বলেছেন। পশ্চিমবঙ্গে যে প্রাথমিক শিক্ষা চলছে তা ৬ থেকে ১০ বৎসর অর্থাৎ চার বৎসরের। পশ্চিম বাংলায় ৬ থেকে ১১ বৎসর প্রাথমিক শিক্ষা প্রবর্তন কোথাও সরকার করতে পারেন নি। সুতরাং এত দীর্ঘদিন যাবার পর পরিকল্পনা কমিশনের পরিকল্পনা সার্থক ক'রে তুলবার জন্য তাঁরা ৬৬ ভাগের জায়গায় ৯৬ ভাগের পরিকল্পনা করছেন যদি বলেন তবে তার চেয়ে অসত্য ভাষণ আর কিছু হ'তে পারে না।

কলেজ সম্পর্কে বলতে গিয়েও আমি বিস্তারিত বিশ্লেষণের মধ্যে যাব না। এখানে তিনি ৭৭টি কলেজের বর্ধিত বেতনের কথা বলেছেন এবং এর জন্য তিনি ৮৩ লক্ষ ২০ হাজার টাকা বরাদ্দ করেছেন। ৭৭টি কলেজেই গ্র্যান্টস কমিশনএর নির্দেশ অনুসারে বর্ধিত বেতন দিতে হ'লে ১৯৫৭ সাল থেকে দিতে হবে। তা হ'লে বৎসরে ১½ কোটি টাকার দরকার হবে। অর্থাৎ প্রতি কলেজ মাসে প্রায় ২০ হাজার টাকা পাবে। সুতরাং এই ৮৩ লক্ষ ২০ হাজার টাকায় শিক্ষামন্ত্রী কথিত ৭৭টি কলেজের মধ্যে কয়টি কলেজের ভাগ্যে উক্ত সুযোগ ঘটবে? তা ছাড়া এই ৭৭টি কলেজ বাদে যে কলেজ আছে, বিশেষত কলিকাতার বিগ কলেজ ব'লে যারা পরিচিত, তাদের অদৃষ্টে কি জুটবে? শিক্ষামন্ত্রী মহাশয় খুব কঠোরভাবে বলেছেন যে, তাঁদের শিক্ষা পরিকল্পনা নাকি বিভিন্ন শিক্ষা কমিশনের সুপারিশ ও কেন্দ্রীয় সরকারের মতে চলছে। কেন্দ্রীয় সরকারের তাঁবেদারী তাঁরা কতখানি কোথায় করছেন সে সম্পর্কে আমার বক্তব্য কিছু নেই। কিন্তু বিভিন্ন শিক্ষা কমিশনের সুপারিশগুলি তাঁরা পালন করেন না, তার গুটিকয়েক উদাহরণ আমি দিতে চাই। কমিশনের সুপারিশ মানবার প্রথম নমুনা হচ্ছে ১১ ক্লাসের মাধ্যমিক বিদ্যালয় প্রবর্তন। শিক্ষামন্ত্রী মহাশয় স্বীকার করুন বা না করুন আমাদের মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায় বৎসরকাল আগে স্বীকার ক'রে গিয়েছেন যে, মাধ্যমিক শিক্ষা পুনর্গঠনে তাঁরা যে ১১ শ্রেণীর বিদ্যালয়ের কথা বলছেন কমিশন সেকথা বলেন নি। একথা যদি আমি বাদও দিই—তা হ'লেও বলব শিক্ষা পুনর্গঠনের পরিকল্পনা করবার জন্য কমিশন থেকে হাই পাওয়ার কমিটির যে সুপারিশ ছিল, সেই সুপারিশ আমাদের শিক্ষামন্ত্রী কতটুকু কি রক্ষা করেছেন? সিলেবাস তৈরি করবার জন্য যে গবেষণা সংস্থার কথা বলা হয়েছিল তার কোন ব্যবস্থা কি আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় করেছেন? তিনি ১০ শ্রেণীর ছাত্রদের আর পরিবর্তিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থার মধ্যে কোন সম্বন্ধ থাকবে না, একথা পরিষ্কার ব'লে দিয়েছেন। '৬০ সালের দিকে দৃষ্টি দিয়েই হয়ত একথা বলেছেন। কারণ আমরা শুনেছি '৬০ সালের পর ১১ শ্রেণীর বিদ্যালয়ে যেসব শিক্ষার্থীরা পড়ছে তাদের প্রথম পরীক্ষা হবে এবং তারাই থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্সএ প্রবেশের অধিকারী হবে। দশম শ্রেণীর ফাইনাল পরীক্ষার পর উত্তীর্ণ ছাত্রেরা কি করবে তার স্পষ্ট স্বীকৃতি নেই। বিশ্ব-বিদ্যালয় সিলেবাস করার জন্য কমিটি করেছেন। কিন্তু ১৯৫৯ সালে যে লক্ষাধিক স্কুল ফাইন্যাল পরীক্ষার্থী হবে, ১০ম শ্রেণীর শেষ পরীক্ষা যারা দেবে তারা থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্সএ যেতে চাইলে একটি বৎসরের যে প্রি-ইউনিভার্সিটি কোর্স তাদের পড়তে হবে সেই এক বছরের কোর্স কোথায় পড়বে তা ত' সরকার বলছেন না? সিলেবাস কে করবে তাও বলেন নি। সিলেবাস কি বোর্ড করবে? বোর্ডের করা সিলেবাস কি বিশ্ববিদ্যালয় মানবে? সিলেবাস কি সংশ্লিষ্ট কলেজগুলি করবে, তাই যদি হয় তা হ'লে তো স্ট্যান্ডার্ডএর দফা রফা হয়ে যাবে। এই ১৯৫৯ সালে উত্তীর্ণ স্কুল ফাইন্যাল পরীক্ষার্থীদের অবস্থা এক কথায় বলতে গেলে চরে খাবার অবস্থা! এমন বিপত্তির সম্ভাবনা থাকতেও ১০ম শ্রেণী পর্যন্ত পড়ে ফাইন্যালে উত্তীর্ণ ছাত্রেরা বিশ্ববিদ্যালয়ে পড়তে গেলে কোন ফাঁকে পড়বে না এমন কথা যদি বলেন তা হ'লে তার চেয়ে ফাঁকি আর দ্বিতীয় কিছু হ'তে পারে না। তারপর হচ্ছে, কমিশনের আর একটা সুপারিশ ছিল বেসরকারী স্কুলগুলির এইডএর ব্যবস্থা —সরকার তার কি কোন সামঞ্জস্যপূর্ণ ব্যবস্থা এ পর্যন্ত করতে পেরেছে? অবশ্য ফেব্রুয়ারি মাসে অনশন ধর্মঘট প্রত্যাহারকালে মুখ্যমন্ত্রীমহাশয়ের সঙ্গে যে আলোচনা হয়েছিল সেখানে তিনি বলেছিলেন যে, আন-এইডেড স্কুলে এইড দেবার একটা পরিকল্পনা তিনি করবেন, সে পরি-কল্পনা করার কাজ কতদূর পর্যন্ত অগ্রসর হয়েছে জানি না। এমনিতে তো স্কুলগুলিতে এইড দেবার সম্বন্ধে হাজার রকমের ত্রুটি-বিচ্যুতি রয়েছে এবং যে ত্রুটির জন্য স্কুলগুলিকে দুর্ভোগ ভোগ করতে হয় সেটা হচ্ছে ডাবল চেকিং—একবার বোর্ড চেক করে, আবার ডিপার্ট-মেন্টাল চেক হয়, এই চেক হবার পর বোর্ডএর কাছে রিপোর্ট আসবে, তারপর স্কুলগুলির ভাগ্য নির্ধারিত হবে। দেখা যাচ্ছে ১৯৫৮ সালের এইডএর প্রথম কিস্তির টাকা স্কুলগুলি এখনও পায় নি। এমনকি ১৯৫৭-৫৮ সালের শেষ কিস্তির টাকাও বহু স্কুল পাচ্ছে না। সুতরাং এই যে দেবার পদ্ধতি এটা পরিবর্তন করার জন্য কমিশন সিদ্ধান্ত নেবার যে সুপারিশ করেছিলেন সে সুপারিশ রক্ষা করার দিকে কতটা মন্ত্রিমহাশয় গিয়েছেন সেটাও আমাদের জানবার দরকার। কারণ বহু বিদ্যালয় সরকারী সাহায্য না পেয়ে নিজেদের অস্তিত্ব টিকিয়ে

রাখবার জন্য ছাত্রদের বেতন বৃদ্ধির কথা ভাবতে বাধ্য হচ্ছে। এখানে মালটি-পারপাস স্কুলএর পরিচালক সমিতির পরিচালক যে সদস্য মহাশয় উপস্থিত রয়েছেন তিনি মালটি-পারপাস স্কুলের সপক্ষে বহু কথা বলতে চেয়েছেন—এমনকি পরিদর্শন করবার জন্যও আহ্বান জানিয়েছেন। জানি না তাঁর পরিচালিত স্কুলে এখনও বেতন বৃদ্ধি করার প্রয়োজন হয়েছে কিনা। কলকাতা শহরে অন্ততঃ বলতে পারি, এমন একটা মালটি-পারপাস স্কুল নাই যেখানে ছাত্রদের বেতন মাসে ১০ থেকে ১৬।১৭ টাকা পর্যন্ত বাড়ে নি। সুতরাং নতুন ক'রে শিক্ষার পথকে এমন অপূর্ব রকমে রুদ্ধ করার অবস্থা সৃষ্টি ক'রে মন্ত্রিমহাশয়রা বলেছেন তাঁর উদ্দেশ্য হচ্ছে শিক্ষায়তনে সাহায্যের সুযোগ সৃষ্টি করা—এর চাইতে বিভ্রান্তিকর ভাষণ আর কি হ'তে পারে সেটা জানি না। কমিশনের সুপারিশ ছিল শিক্ষকদের বেতনের জন্য স্যালারি কমিটি করা, আমাদের পশ্চিমবঙ্গের শিক্ষাবিভাগ কি সেই স্যালারি কমিটি করেছেন? সে কমিশনের সুপারিশমত শিক্ষকদের বেতন বৃদ্ধি করেন নি, এমনকি যে নিউ পে-স্কেলএর কথা সরকার ঘোষণা করেছিলেন সেই নিউ পে-স্কেল কি সমস্ত শিক্ষকরা পেয়েছেন? তাঁদেরই প্রতিশ্রুতি-মত বেতন স্কেল সমস্ত সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়েও প্রবর্তিত এখনও হয় নি।

[10-20—10-30 a.m.]

আমরা জানি কিছু কিছু বিদ্যালয়কে দপ্তর থেকে টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে বর্ধিত বেতন বাবত, কিন্তু সঙ্গে সঙ্গে নির্দেশ গিয়েছে যে, এই টাকা কিভাবে বণ্টন হবে তার তালিকা আমরা পরে জানাচ্ছি। যেসমস্ত বিদ্যালয়ে ঐ প্রাপ্য অর্থ যায় নাই সেই সমস্ত বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে দারুণ হতাশার সৃষ্টি হয়েছে। তাই শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন—বলবেন কি যে, নূতন বেতনহারের জন্য প্রাপ্য টাকা কেন সমস্ত স্কুলে যায় নাই, কেন শিক্ষক-দের সেই বেতন এখনও দিচ্ছেন না?

অবশ্য এর সঙ্গে প্রাসঙ্গিক না হ'লেও শিক্ষকদের জীবনযাত্রার সঙ্গে প্রাসঙ্গিক ব'লে আরও একটা নিবেদন মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। দ্রব্যমূল্য বেড়েছে এবং বাড়ছে; মহার্ঘ ভাতা বৃদ্ধি সম্বন্ধে তিনি কি কিছু সহৃদয়তা সহকারে চিন্তা করেছেন? বিদ্যালয়ের লাই-ব্রেরিয়ান, ক্লার্ক ও অধস্তন কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধির আবেদন নিয়ে দীর্ঘদিন পূর্বে এক প্রতিনিধি দল তাঁর কাছে গিয়েছিল সেখানে যা বলা হয়েছিল—পশ্চিমবাংলার সেকেন্ডারি বিদ্যালয়ের জন্য মহার্ঘ ভাতা খাতে যে টাকা বরাদ্দ রয়েছে তার থেকেই যদি তিনি ব্যবস্থা করেন তা হ'লে ক্লার্কএর লাইব্রেরিয়ানদের দশ টাকার জায়গায় সাড়ে সতের টাকা এবং অধস্তন কর্মচারীদের পাঁচ টাকার জায়গায় দশ টাকা ডি, এ, দেওয়া সম্ভব, বাড়তি টাকা লাগবে না। এ সম্পর্কে তিনি সহানুভূতিসূচক যে মনোভাব দেখিয়েছিলেন তাকে কার্যকরী করা কি এতই অসম্ভব ছিল? শিক্ষকদের জন্য বরাদ্দ অর্থ—লাইব্রেরিয়ান, ক্লার্ক ও অধস্তন কর্মীদের দেওয়া যেতে পারে কিনা সেই প্রশ্নে শিক্ষাসচিব সেন মহাশয় বলেছিলেন যে টেকনিক্যাল ডিফিকাল্টি আছে। আমার স্পষ্ট মনে আছে, শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন ডিফিকাল্টি যা আছে তা আমরা কেবিনেট মিটিংএ ঠিক ক'রে নিতে পারি। শিক্ষা উপ-মন্ত্রিমহাশয়ও সম্মতি জ্ঞাপন করেছিলেন। তাঁদের কেবিনেটের আর কি মিটিং হয় নাই? এটা বিবেচনা করবার আর কি অবসর পান নাই?

মন্ত্রিমহাশয় শিক্ষার উন্নতি সম্পর্কে একটা খুব মূল্যবান কথা বলেছেন, শিক্ষা কি রকম সুন্দর হ'তে পারে সেটা সম্পূর্ণভাবে নির্ভর করবে শিক্ষকদের উপর। তাঁর সঙ্গে এখানে আমরা সমানভাবে একমত। তিনি বলেছেন—শিক্ষাবিভাগ শুধু নীতি নির্ধারণ করবেন, আর শিক্ষার বাহক হয়ে চলবেন শিক্ষকেরা। আমি নিশ্চয় ক'রে বলতে পারি—শিক্ষকেরা তাই চান। তাঁরা দাবি করেন তাঁদের সেই অধিকার প্রতিষ্ঠিত হোক।

তারপর মাননীয় সদস্য রবীন্দ্রলাল সিংহ শিক্ষানীতি নির্ধারণে শিক্ষকদের দাবি স্বীকার করতে বড় নারাজ। তাঁকে এইটুকু বলতে চাই, সংক্ষেপ সময় ব'লে, শিক্ষা এবং শিক্ষক ওতপ্রোতভাবে মিশ্রিত। শিক্ষককে বাদ দিয়ে শিক্ষানীতি নির্ধারণ সম্ভব নয়। তিনি শিক্ষা-নীতি নির্ধারণে শিক্ষকদের দাবি স্বীকারে অরাজী কেন তা আমি বুঝতে পারছি না। শিক্ষকদের ব্যাপারকে তিনি যদি রাজনৈতিক উদ্দেশ্য সাধনের অন্যতম নীতি হিসেবে গ্রহণ

করেন তা হ'লে তাঁর বক্তব্য বুঝতে আমরা অবশ্য অপারগ। (শ্রীযুক্ত রবীন্দ্রলাল সিংহঃ সম্পূর্ণ অপব্যাখ্যা।) ব্যাখ্যাটা হয়েছে এবং প্রয়োগও হয়েছে, সেটা স্বীকার করেন কিনা? (শ্রীযুক্ত রবীন্দ্রলাল সিংহঃ না।) আর একটা কথা মাননীয় সদস্য রবীন্দ্রলাল সিংহ বলেছেন, তাতে তিনি ছাত্রদের উচ্ছৃংখলতার জন্য দায়ী করেছেন শিক্ষকসমাজকে। (শ্রীযুক্ত রবীন্দ্রলাল সিংঃ না, আংশিক।) ওঃ, তিনি আংশিক দায়ী করেছেন। আমার বক্তব্য হচ্ছে—শিক্ষকরা এক অংশ কেন, আধ অংশও দায়ী নয়। বর্তমান ব্যবস্থার মধ্যে যে ত্রুটি, সেই ত্রুটিই ছাত্রসমাজকে উচ্ছৃংখল করছে। তিনি স্বয়ং যে হাওড়া পৌরসভার পৌরপতি, সেই হাওড়ায় শুনেছি স্কুলের একেবারে সামনে একটা সিনেমা হাউস গ'ড়ে উঠেছে স্থানীয় অভিভাবক ও জনসাধারণের প্রতিবাদ স্বত্বেও। সেই সিনেমার গীত কোন বিশেষ গান নিয়ে ছাত্রসমাজ যদি কিছু নাচানাচি করে তার জন্য দায়ী কি শিক্ষকসমাজ? না, তার জন্য দায়ী সেই সরকার বা প্রতিষ্ঠান যাঁরা সেই সিনেমা হাউসের পারমিশন দিয়েছেন? তিনি এখানে উল্লেখ করেছেন, উত্তর কলকাতার একটা বিশেষ ঘটনা। আমরা জানি যখনই ছাত্ররা কোনরকম উচ্ছৃংখলতা দেখায় তীব্রতম ভাষায় তখনই তার নিন্দা শিক্ষকরা করেন। উত্তর কলকাতা পরীক্ষাকেন্দ্রের কাণ্ড ঘটেছে নিখিল বঙ্গ শিক্ষক সমিতির তরফ থেকে তীব্র ভাষায় তার নিন্দা করা হয়েছে এবং সঙ্গে সঙ্গে জানানো হয়েছে এ সম্পর্কে সরকার অবিলম্বে তদন্ত করুন। আমরা মনে করি উত্তর কলকাতার যে ঘটনা তা শিক্ষকসমাজের কুশিক্ষার জন্য ঘটে নি। ঘটেছে সরকারের সেই পুরাতন নীতিতে, যে নীতিতে ১৯৫৪ সালে মাধ্যমিক শিক্ষাবোর্ড বাতিল করবার আগে ছাত্রদের সামনে উচ্ছৃংখলতার পথ উন্মুক্ত ক'রে দেওয়া হয়েছিল প্রশ্নপত্রে জটিলতার সৃষ্টি করে। এবং এই জটিলতার জন্য কার দায়িত্ব ছিল সে সম্পর্কে তদন্ত মাত্র না ক'রে ছাত্রসমাজের উচ্ছৃংখলতাকে অন্যতম অজুহাত হিসাবে দাঁড় করিয়ে বোর্ডকে বাতিল ক'রে দেওয়া হয়েছিল। আমরা মনে করি সরকারের সেই নীতি সম্পর্কে জাগ্রত শিক্ষকসমাজের একাংশও যে অভিমত প্রকাশ করেছিলেন তার জোরালো যুক্তির সামনে সরকার দাঁড়াতে পারেন নি, সুতরাং শিক্ষকসমাজকে অপবাদে জর্জরিত করবার কৌশল খাটাচ্ছেন। উত্তর কলকাতায় যে উচ্ছৃংখলতা দেখা দিয়েছিল তার মধ্যে এই সত্যও কি দেখা যায় নি যে, ছাত্রেরা যখন দেখল যে, গুণ্ডাশ্রেণীর সঙ্গে কিছু লোক ঢুকে তাদের খাতাপত্র ফেরত নিয়ে যাচ্ছে তখন তারা প্রাণপণে আঁকড়ে ধরেছিল তাদের পরীক্ষার খাতা—সেইসব গুণ্ডাদের হাত থেকে বাঁচাবার জন্য? সেখানকার হেডমাস্টার মহাশয় কয়েক শ' হাত দূরের থানায় ফোনের পর ফোন ক'রে ক'রে পুলিসকে সেখানে আনতে পারেন নি? কাজে কাজেই সরকার সেখানে তদন্ত করবেন কি করে? আমরা মনে করি, এই যেসব অ্যান্টি-সোস্যাল এলিমেন্ট যারা নাকি এইরকমভাবে ঘুরে বেড়াচ্ছে—তাদের প্ররোচিত ক'রে শিক্ষকসমাজের উপর অপবাদ দেবার এই চক্রান্তে সরকার স্বয়ং সহযোগিতা না ক'রে থাকলেও তাঁদের প্রসাদপুষ্ট লোকের সহযোগিতা ছিল, এবং সেইজন্য তদন্ত করা হয় নাই। কাজে কাজেই রবীন্দ্রলাল সিংহ মহাশয়কে এবং সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ-সরকারের মন্ত্রীমণ্ডলীর কাছে আমি এই কথা বলতে চাই বিরোধীপক্ষের সদস্যেরা কোন সুন্দর জিনিসকে নাকচ করবার জন্য সমালোচনা করেন না, ভাল জিনিসকে সুন্দরতর করবার আশাতেই সমালোচনা করেন—তা সরকারপক্ষ পছন্দ করুন বা না করুন। সমালোচনাকে সহজ মনে গ্রহণ করতে না পারলে—তার দহন তীব্র ব'লে মনে হয় বইকি! আর সহ্য করতেই হয়!

[10-30—10-40 a.m.]

Sj. Tripurari Chakravarti: Mr. Chairman, Sir, in the discussion that is going on on the floor of the Council, the budget has been discussed from different points of view by different speakers. I have chosen for myself this morning the topic of Refugee, Relief and Rehabilitation-*cum*-Education. We all know, Sir, that the problem of refugee relief and rehabilitation has got a very sad and painful history. For no fault of their own, for reasons unknown, in August, 1947, millions of human beings, men, women and children in East Bengal, found themselves aliens in the land of their birth. They were reduced, so to speak, to the position of helots in their own homelands, and immediately, Sir, there began the great exodus in search of the

Promised Land. Of course there was no Moses to guide them properly towards the Promised Land, yet it was a great exodus, almost unparallelled in human history. I have said Sir, that a homeland was solemnly promised to the Hindus in East Bengal by responsible political leaders. I say this deliberately that they were given the assurance that a national home would be found for the Hindus in West Bengal if they supported the proposal of the partition of Bengal. As you all know, Sir, the partition of Bengal was a later development in the evolution of the Mountbatten Plan of 3rd June, 1947. The proposal for the dismemberment of India was accepted by our leaders but as yet there was no talk of the partition of Bengal or partition of the Punjab. Certain political leaders including the late Dr. Shyamaprasad Mookerjee and some other leaders of Bengal who are alive today—I do not want to name them—proclaimed that the Hindus of East Bengal should have no fear, should have no apprehension as to their proper habitation or rehabilitation—they should support the proposal of partition.

Mr. Chairman: Mr. Chakravarti, you will please consider the time allotted to you.

Sj. Tripurari Chakravarti: Yes Sir, I was given twenty minutes and I shall finish within that time, but I have got to explain how a solemn promise is being violated.

Mr. Chairman: You can go on but it is well known.

Sj. Tripurari Chakravarti: Sir, at this stage Mr. Suhrawardy, the Muslim Premier of Bengal, came out with his proposal of a sovereign, independent, undivided Bengal in a divided India. Mahatma Gandhi blessed this proposal. I have got with me the biography of Mahatma Gandhi by Tendulkar in eight volumes. In the 7th volume of the biography, page 466, we find that Mahatma Gandhi in his prayer meeting at Sodepur on the 8th of May, 1947, supported this proposal. Mahatma Gandhi said "Bengal's case is unique. Bengal is different from the Punjab. I may support the proposal for the division of the Punjab but certainly not the proposal for the division of Bengal. Bengal has got common culture, common traditions and a common language." The late Sarat Chandra Bose, one of the Congress stalwarts, also supported this proposal of Mr. Suhrawardy. For some time the proposal of this Sovereign, Independent and Undivided Bengal remained before the mental vision of the Bengalee people, and we know, Sir, that even after the publication of the Mountbatten Plan, even after the Mountbatten Plan was an accomplished fact, Mahatma Gandhi in one of his prayer meetings at New Delhi, as late as 11th of June, 1947, blamed the people of Bengal for supporting the division of the province. Mahatma Gandhi said—I will read out only one or two sentences from the 8th Volume of Mahatma Gandhi's biography—"He willingly pleaded guilty to the charge of winning a united Bengal. He would not mind standing alone in the defence of such unity if it could be preserved with dignity, honesty and willingness on both sides. For him it was no political game or bargain. What he wanted was a hearty unity. He could confess that with this object in view he has been in correspondence with Sarat Bose and he blessed this proposal."

That is the background, but other counsels and other opinions prevailed. We had not only vivisection of our country, we had also the partition of Bengal. The refugees began to come here in large number and what our Government have done? I do feel, and I want to proclaim from the housetop, that our Government have not done their duty in the matter of refugee

relief and rehabilitation. Instead of doing anything tangible the Government have asked the refugees to go to different parts of India—the Government are asking the refugees to go to the jungle tracts of Dandakaranya and Madhya Pradesh or to the rugged, barren, mountain fastnesses of Mysore or Travancore, or to the dense forests of Champaran or Bettia or even to the damp, insalubrious snake-infested marshy jungles of Assam. This dispersal scheme is, I would characterise it as dispersal scheme intended to undermine the solidarity of Bengalee culture and traditions. I have a shrewd suspicion that the present Ministers, the political leaders, do not want the presence of the East Bengal refugees in West Bengal, and with this object in view they have adopted and they are supporting this dispersal scheme in order to disperse the refugees to the four winds. I feel, Sir, that there are even now remedies for this situation.

[10-40—10-50 a.m.]

As far as I am concerned, I want to say that I shall be no party to such gambling with the destiny of a people and I shall ask my friends opposite—request my friends opposite—to dissociate their connection with such a scheme—a scheme intended to undermine the solidarity of Bengali culture and nationality. The condition of the refugees in the camps of West Bengal, as you all know, is a very dark and dismal one. The people there are living without any good cheer. It is one long vigil for them, endlessly waiting for expectations to be fulfilled, and you know, Sir, that hope deferred maketh the heart sick. In a similar situation in December, 1947, Mahatma Gandhi asked us to adopt the following remedies. I am trying to place before you an incident in the refugee camp at Panipat which Gandhiji visited on 2nd December, 1947. When Gandhiji went there a refugee came before him and Mahatmaji gave the boy a blanket but the boy stripped himself bare and said "I do not want this blanket. My father has been killed, Gandhiji, give me back my father. What is going to happen to my education". Mahatma Gandhi in his prayer meeting next day said "I remained dumb and speechless. I could not speak. My heart was stricken with grief". Such was the condition—typical condition—in most of the refugee camps in West Bengal and in other parts of India—chill penury is repressing a noble rage and freezing the genial current of the souls of the poor refugee boys. Such repression, Sir, I respectfully submit, is tantamount in its enormity to the crime of throttling an embryo in the womb whose fruition might have proved beneficial to the country as a whole. Women—poor, helpless women, innocent women, are suffering most, they cannot speak out, they cannot ventilate their grievances and yet you know, Sir, that Bengali mothers, if conditions of good life can yet be created for them, are still capable of giving birth to remarkable men, but the administration is unmoved, it moves us not, power is too much with us. We have given our hearts away. I find the Refugee Rehabilitation Minister is not here. The remedies suggested by Mahatma Gandhi are—Sir, I am quoting something from a book on the prayer meeting discourses of Gandhiji. Mr. Ratanmoni Chattopadhaya has brought out a Bengali translation of those prayer meeting speeches and our Relief and Rehabilitation Minister, Prafulla Chandra Sen, has contributed an appreciative foreword to that book: Therefore, I would like to draw your attention to some of the passages from this book which our Relief and Rehabilitation Minister has appreciated so much in his foreward. Gandhiji said, "If I were in charge of a refugee camp, if I were the Superintendent of a refugee camp, I would have requisitioned the services of the police and the military. I would have gone forward with *kodal* and *Khonta*—shovel and other instruments—and with a basket in my hand myself to do some of the work that is necessary, and I would have asked the police and military to

help me do the work. Later on, I would have persuaded the inmates of the refugee camp to follow suit." You know, Sir, that Mahatma Gandhi lived only for 5½ months after the transfer of power, but within those 5½ months Mahatma Gandhi became completely disillusioned. In the prayer meeting speech of 26th January, 1948 he said—"There should be no celebration of Independence Day. I have become completely disillusioned". I am not exaggerating anything. He said this only four days before his assassination. Then he said, "The freedom that we are tasting now, the atmosphere of freedom that I breathe is suffocating. There was a time when I was recognised as the leader of the non-violent revolution in India. Most of the people listened to me but today my voice is one of crying in the wilderness. Nobody listens to me." Gandhiji in this context emphasised the need for austerity, economy and sacrifice on the part of the Ministers. Pandit Jawharlal Nehru, our Prime Minister, offered two or three rooms in his house for some refugee families to live in. Let other Ministers come forward and do the same thing. Somebody said "Will this be anything like tangible work?" He said "It may be that only 500 or 1,000 refugees who will be rehabilitated thereby will have comfortable life thereby, but influence of the example will be tremendous. Example is better than precept". Gandhiji also said something about the Ministers. He became completely disillusioned. I shall read out two or three sentences from his prayer speech delivered on the 22nd January, 1948, 8 days before he passed away.

"ক্ষমতালাভের পূর্বে কংগ্রেস দেশবাসীর কাছে সেবার, আত্মত্যাগের ও অনাড়ম্বর জীবনের আদর্শ ধরিয়াছে। তখন এক লক্ষ টাকা সংগ্রহ করা কঠিন ব্যাপার ছিল। এখন কংগ্রেস গভর্নমেন্টের হাতে বহু কোটি কোটি টাকা।"

কি হচ্ছে তাতে?

তারপর আবার বলছেন—

"তাহারা মনে করে, (কংগ্রেসপন্থীরা মনে করে) বিদেশে ভারতের মর্যাদা বজায় রাখিতে হইলে এরকম ব্যয়বাহুল্য প্রয়োজন। আমি তাহা মনে করি না। স্বাধীনতার অর্থ সাজসজ্জা বা আড়ম্বর নহে। আয় বুঝিয়া আমরা ব্যয় করি না। দারিদ্র্য ঢাকিতে চেষ্টা করা কিছু গুণের কাজ নহে। নিষ্ক্রিয় প্রতিরোধের কারণে ভারতবর্ষ যে নৈতিক উৎকর্ষ লাভ করিয়াছে তাহার জন্যই জগতের কাছে তাহার সম্মান। এই ক্ষমতা ভারতের অদ্বিতীয়। কারণ ছোটবড় অপর সকল জাতিই অস্ত্র ও সামরিক বীর্যের গর্বে গর্বিত। তাহাই তাহার মূলধন। ভারতের আছে কেবল নৈতিক মূলধন।"

[10-50—11 a.m.]

Mahatma Gandhi asked us again and again to rely on moral principles and he said one more thing. Sir, I want to quote it also—

"স্বাধীনতার পূর্বে যেসমস্ত কংগ্রেসসেবী একশ' দেড়শ' টাকায় চালাইতেন, আজ তাঁহারা হাজার টাকার কমে চালাইতে পারেন না। ইহা অপেক্ষা দুর্দৈব ও দুর্দশা আর কি হইতে পারে কংগ্রেসশাসিত ভারতবর্ষে?"

This was said by Mahatma Gandhi.

Then there is another remedy which I want to suggest. Our Congress Government have adopted the Ashoka Chakra as the emblem of the State. I would like to remind them that they may adopt some other administrative measures of that great Emperor. When Ashok found that Maurya bureacracy had become inefficient and corrupt, he appointed *Dharmamahamatras* and *Rajukas*—moral censors—to supervise the conduct of the

officials. *Dharma-mahamatras* and *Rajukas*—our Minister of the Education Department is here—I want to place before him this suggestion—appoint *Dharma-mahamatras* and *Rajukas* to check the inefficient and corrupt officials of the Government. A similar step might be taken here—appointment of moral censors—to supervise the conduct of the bureaucracy.

Finally, Sir, I still believe that West Bengal is not overpopulated. The refugees can be properly settled here in West Bengal. If we leave out of account Calcutta, Howrah and some other big cities, we will find enough land, fallow land, waste land, water-logged land. Reclaim them and have a scheme for proper settlement of the refugees there. Only the other day Mr. P. C. Sen said that he had asked the Director of Land Records to make a survey. It is a belated survey. Let this survey be taken up earnestly and energetically. I have no doubt that West Bengal can still provide lands, fallow lands, waste lands and water-logged lands, which by proper reclamation can settle the refugees here and give the East Bengal refugees their promised national home. It is a solemn pledge, Sir. It has got to be redeemed. Let us not be guilty of breach of faith.

Sj. Gopal Chandra Halder:

মাননীয় সভাপতি মহাশয়, বাজেটের আলোচনা আজ প্রায় শেষ হ'তে চলেছে। এখানে আপনার নির্দেশমত যথাসম্ভব সংক্ষেপে আমি আমার বক্তব্য পেশ করছি আপনার কাছে।

দ্বিতীয় কথা, এই বাজেট সম্বন্ধে বলবার আগে এই কথা বলতে হয় সেটা হচ্ছে এখানে অনেক সময় শুনেছি, বার বার মন্ত্রিমহাশয়রা বলেছেন, বাজেটে আমরা এখানকার বিরোধীপক্ষ, কিম্বা অন্য কেউ, অন্য কথাই বলি, গঠনমূলক সমালোচনা করি না। গঠনমূলক সমালোচনা করলে তাঁরা তার উত্তর দেন। আমি সামান্য কয়েকদিন হ'ল এই সভার সভ্য হয়েছি। কিন্তু আমার অন্ততঃ স্মরণ হয় না—এমন একজন সভ্যও সরকারের সমালোচনা করেছেন যাতে গঠনমূলক সমালোচনা কিছু করা হয় নি, যাতে সরকারপক্ষের কাছে আবেদন করা হয় নি, কোন্ কাজ তাঁদের করা দরকার। কিন্তু আমার সামান্য অভিজ্ঞতায় যা দেখেছি তাতে মনে হয় গঠনমূলক সমালোচনা করলে তা কর্তৃপক্ষের কানে পেঁছায় না, এটা আপনার কাছে আমাকে বলতেই হবে। গঠনমূলক সমালোচনায় আমরা কয়েকদিন আগে দেখেছিলাম ফরাক্কা বাঁধের উপর একটা প্রশ্ন উঠেছিল। সেই প্রশ্নের যে জবাব সেচমন্ত্রী মহাশয় দিয়েছিলেন মন্ত্রিমন্ডলীর পক্ষ থেকে তা মোটেই সহানুভূতিপূর্ণ নয়। যেভাবে মন্ত্রিমহাশয় কথা বলেছিলেন তাতে মনে হ'ল যেন ফরাক্কা বাঁধ আমাদের বাংলাদেশের কিছু নয়। বারবার তিনি এই কথা বলেছেন যে, ফরাক্কা বাঁধ কেন্দ্রীয় সরকারের দায়িত্ব, অতএব আমাদের বাংলাদেশের এটা ভাববার বিষয় নয়। এটা সম্পূর্ণই সেন্ট্রাল রেসপনসিবিলিটি। কিন্তু যার সঙ্গে কলিকাতার ভাগ্য জড়িত, বাংলার ভাগ্য জড়িত, সেই বাঁধের জন্য যদি তাঁরা কেন্দ্রের উপর চাপ দেন এবং বিপক্ষের ও সপক্ষের বাংলাদেশের সমস্ত মানুষের শক্তি তাদের পিছনে সংগঠিত করেন, তা হ'লে এই সংগঠিত দাবি উপেক্ষা করবার মত শক্তি কেন্দ্রীয় সরকারের নেই, একথা তাঁরা জানেন। কিন্তু এই জনশক্তি সংগঠিত হোক, মন্ত্রীরা তাতে রাজী নন। দন্ডকারণ্য সম্বন্ধে শ্রী কে পি চট্টোপাধ্যায় গত অধিবেশনে বহু প্রস্তাব দিয়েছেন। সকলেই সেরূপ কথা বলেছেন। এবারও বলা হয়েছে যে, সত্য সত্যই বাংলায় যদি জমি না থাকে, দন্ডকারণ্যে উদ্বাস্তু পুনর্বাসন দরকার হয়, তবে সে চেষ্টা করা হোক। কিন্তু তা করবার আগে সরকারের পক্ষে উদ্বাস্তুদের আস্থাভাজন হওয়া দরকার। দন্ডকারণ্যে কত জায়গা আছে, সেই সব জায়গা দেখে, সরেজমিন তদন্ত ক'রে উদ্বাস্তুদের আস্থা সেই দন্ডকারণ্য প্রস্তাবে আনা উচিত। একবারও বলা হয় না—তা করতে সরকার প্রস্তুত আছেন কিনা। এর পরেও 'গঠনমূলক সমালোচনা করা হয় না' ব'লে দোষ দেওয়া হচ্ছে। এমনকি, সরকারপক্ষের সদস্যরাও কি গঠনমূলক সমালোচনা করেন না? আমি স্পষ্টভাবে শুনেছি আমাদের বন্ধু অরবিন্দ বসু মহাশয় গঠনমূলক সমালোচনা করেছেন, কিন্তু কতটুকু তাঁর বক্তব্য গ্রহণ করা হয়েছে? এইভাবে খাদ্যের ব্যাপারে, সেচের ব্যাপারে, যে সমালোচনা করা হয় তার কতটুকু মন্ত্রিমহাশয়রা গ্রহণ করেন? মাত্র একটা জিনিস সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় সহানুভূতিপূর্ণ কথা বলেছিলেন; সে হচ্ছে এমপ্লয়মেন্ট

এক্সচেঞ্জ সম্বন্ধে। কিন্তু কার্যতঃ সে বিষয়ে কোন ব্যবস্থা হয়েছে কিনা, জানি না। আর কোন মন্ত্রীকে সহানুভূতিপূর্ণ কথা বলতে বা বিবেচনা করতে শুনি নি। হয়ত ব'লে থাকতে পারেন অন্য কোন বিশেষ রকম ভঙ্গিতে যাতে অন্ততঃ আমাদের মনোযোগ তা আকর্ষণ করতে পারে নি। আপনার মনোযোগ আকর্ষণ করেছে কিনা, তা আমি জানি না।

[11—11-10 a.m.]

শিক্ষা বিষয়ে শিক্ষার ব্যাপারে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় যথেষ্ট আগ্রহশীল, এটাই অন্ততঃ তাঁর গত ২৫।৩০ বছরের পরিচয়। এইরূপেই তাঁকে আমরা জানি। কিন্তু এখানে শিক্ষা বিষয়ে অভিযোগ যখনই আসে তিনি অত্যন্ত অসন্তোষ প্রকাশ করেন। যেমন কোন প্রবল প্রতাপান্বিত জমিদার তাঁর নায়েবদের পরিচালনা করেন, কিন্তু নায়েবের বিরুদ্ধে কোন অভিযোগ শুনতে পারেন না, ঠিক তেমনি শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা বিভাগ সম্বন্ধে কোন অভিযোগ শুনতে রাজী নন। এবং তিনি শুনেনও না। দুঃখের বিষয়, যেসব উত্তর তিনি দেন তার কোন অর্থ হয় না। তিনি বরাবরই বলেন যে, দেশের শিক্ষা বেড়েছে, কারণ, শিক্ষার খরচ বেড়েছে। তাঁর কাছ থেকে আমরা উত্তর পেয়েছি—ছাত্রসংখ্যা বেড়েছে, স্কুলের সংখ্যা বেড়েছে, কারণ শিক্ষার খরচ বেড়েছে, কিন্তু কোনকালে তিনি একথা বলেন না যে, শাসনের খরচ সর্ববিভাগেই বাড়ে নি। শাসনের খরচ ক্রমেই খুব বেড়েছে। এমনকি, লোকে যখন খাজনা দিতে পারে না, তখনও শাসকগণ তাঁদের কাছ থেকে যতরকমে পারা যায় খাজনা আদায় উসুল ক'রে থাকেন এবং সে টাকা ব্যয় করেন। কিন্তু তার কতটা সত্যই ব্যয় আর কতটা অপব্যয়, সেটাই জ্ঞাতব্য। আপনার মারফত সভাপতি মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব, তিনি যেসমস্ত তথ্য আমাদের পরিবেশন করেন সেসমস্ত তথ্যের উপর আমরা আস্থা রাখতে পারি না। গত অধিবেশনে আমি আপনার মারফত শিক্ষামন্ত্রী মহাশয়কে সরকারী রিপোর্ট দেখিয়েছিলাম যে, তিনি শিক্ষাবৃদ্ধির যে হিসাব দেন আর ভারত-সরকারের যেসব কাগজপত্র আছে তা থেকে যে হিসাব পাই, তাতে দেখতে পাই ভারত-সরকারের প্রকাশিত কাগজপত্রে পশ্চিম-বঙ্গের শিক্ষা ব্যয়ের অঙ্ক শিক্ষামন্ত্রী প্রদত্ত হিসাবের চেয়ে অনেক কম। কাজেই হিসাবের যে কারচুপি আছে, হিসাবে যে গোলমাল থাকে, তাতে সন্দেহ নাই। সেজন্য মন্ত্রিমহাশয়দের প্রকাশিত পরিসংখ্যানে আমরা কোন আস্থা রাখি না। যেহেতু আমার পরিসংখ্যান নিয়ে কাজ করতে হয়, বিদেশীয়দের সঙ্গেও এসব অঙ্ক নিয়ে কথা বলতে হয়, কিন্তু দুর্ভাগ্যের কথা বলতে হয়, ভারতবর্ষের সরকারপক্ষ যে পরিসংখ্যান দেন তার কোন সন্তোষজনক ব্যাখ্যা বিদেশীয়দের দিতে পারি না। সরকারের দেওয়া একই কালের পরিসংখ্যানে আজকের পরিসংখ্যানের সঙ্গে কালকের পরিসংখ্যানের মিল নাই, এটা কেন হয় কোনভাবেই বোধগম্য হয় না। তা ছাড়া পরিসংখ্যান যেভাবে সংগ্রহ করা হয় এবং পরিবেশন করা হয় তা আমি জানি। কারণ, পরিসংখ্যান বিভাগে ছাত্রস্থানীয় এবং মিত্রস্থানীয় অনেকে আছেন। সুতরাং কি যে করা হয়, তা আমরা জানি। তাই পরিসংখ্যানের উপর কোন আস্থা রাখতে পারি না। সম্প্রতি শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন যে, প্রাথমিক শিক্ষা ২৩,২১,০০০ ছাত্র গ্রহণ করে ও স্কুল ২৫,২৪০ হয়েছে। স্টেটসম্যানএর রিপোর্টে এ কথা দেখছি সেকেন্ডারি এডুকেশন ৭,৬৭,০০০ ছাত্র গ্রহণ করে এবং স্কুলের সংখ্যা ৩,৫০০ বেড়েছে। তা ছাড়া, ভারত সরকারের প্রকাশিত পরিসংখ্যান এবং এই সরকারের প্রদত্ত পরিসংখ্যানে কোন মিল নাই—এটা কেন হয়? ১৯৫৫ সালে দেখান হ'ল যে, হাই স্কুলএর সংখ্যা হ'ল ৫ লক্ষ ৩০ হাজার, ১৯৫৬-৫৭ সালে ছিল ৫ লক্ষ ৫৩ হাজার। কাজেই, মন্ত্রীমহাশয় তা ৭ লক্ষ ৬৫ হাজার, এ কথা কিভাবে বললেন তা বুঝতে পারি না। তারপর স্টেটসম্যানএর রিপোর্টে দেখছি কলকাতার মধ্যে—মন্ত্রিমহাশয় দেখিয়েছেন—গত ৮ বৎসরে ৫৬টি কলেজ বেড়েছে। অথচ কাল পর্যন্ত কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে খবর পেয়েছি—না, তা হয় নি—স্টেটসম্যানএর রিপোর্টএ এটা আছে। স্টেটসম্যানের রিপোর্টে তা আছে যে, সেকেন্ডারি এডুকেশন ও কলেজের এডুকেশন এ হারে বেড়েছে। এজন্যই আমিও বলছি যে, সম্ভবতঃ এটা ভুল রিপোর্ট। সত্যই কতটা বেড়েছে, সে সংখ্যা মন্ত্রীরা স্টেটসম্যানকে বলেছেন কিনা জানি না। কিন্তু কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে মাত্র ১২-১৩টা কলেজ বেড়েছে, এটা কালকের খবর, আমি তা পেয়েছি। কাজেই বলছি—পরিসংখ্যান নিয়ে কারসাজি চলে।

আমি প্রাথমিক শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে আজ না ব'লে শুধুমাত্র কলিকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে বলব। এটা গঠনমূলক সমালোচনা হবে কিনা তা জানি না। মন্ত্রি-মহাশয় বলেছেন—অনেক বৎসর আগে থেকে সেই বিশ্ববিদ্যালয়কে ১৬ লক্ষ টাকা স্ট্যাটুটরি গ্র্যান্ট দেওয়া হচ্ছে। তারপরে ম্যাট্রিকুলেশন হস্তান্তরিত হওয়ায় ৫ লক্ষ ৫২ হাজার টাকা দিয়ে তা বাড়িয়েছেন। কিন্তু যেকালে ঐ ৫ লক্ষ টাকা দেওয়া হয় সেকালে ৩০ হাজারের বেশি ছাত্র বিশ্ববিদ্যালয়ে পড়ত না। আর আজকে ৮৭ হাজার ছাত্র পড়ছে, এই ছাত্রবৃদ্ধির কথা বিবেচনা করবেন।

সরকারী হিসাবমতই দশটা আর্টস কলেজ পরিচালনা করতে বৎসরে ৩৬ লক্ষ টাকা ব্যয় হয়। আর কলিকাতা বিশ্ববিদ্যালয়ে যে ৮৬ হাজার ছাত্র—তাদের জন্য তাঁরা মাত্র ২১ লক্ষ টাকা ব্যয় করবেন, এটা একেবারেই যুক্তিসংগত নয়। মন্ত্রিমহাশয়ের বিশ্ববিদ্যালয়ের সংগে অনেকদিন ধরে সম্পর্ক রয়েছে, তিনি এসব জানেন। বিশেষ ক'রে গত কয়েক বৎসরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের অনেক বিভাগে পুনঃপৌনিক রেকারিং খরচ এত বেড়ে গেছে যে, গ্রান্ট না বাড়ালে বিশ্ববিদ্যালয়ের পক্ষে সেইসব রেকারিং খরচ কুলানো কিছুতেই সম্ভব হবে না। এ ছাড়া 'ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের' প্রতিশ্রুত অনেক টাকা বিশ্ববিদ্যালয়ের প্রাপ্য আছে। সে টাকার জন্য হারাহারিভাবে পশ্চিমবাংলা থেকে সাহায্য দেওয়ার প্রশ্নে সরকার 'হাঁ'ও বলেন না, 'না'ও বলেন না। বিশ্ববিদ্যালয় এখনও জানেন না কোন্ টাকা সত্যই তাঁরা পাবেন, কোন্ টাকা পাবেন না। এসব টাকার জন্য ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন শেষ পর্যন্ত বলেছেন যে, আমরা হারাহারি শর্তেই টাকা দিই। পশ্চিমবাংলা সরকার কত টাকা দিতে পারবেন, তা বিশ্ববিদ্যালয় জানেন না। এই কথা জানেন না ব'লেই বিশ্ববিদ্যালয় অনেক সময় অনেক কাজে অগ্রসর হ'তে পারেন না। মন্ত্রিমহাশয়ের এ সম্বন্ধে আর একটু অবহিত হওয়া উচিত।

আমার তৃতীয় কথা হচ্ছে, মন্ত্রিমহাশয় নিজে বলেছেন ২৮এ মার্চ তারিখে যে প্রাইভেট কলেজগুলির অধ্যাপকদের বেতনের পর্যায় বা 'গ্রেড' ভাগ করেছেন। কিন্তু সে বেতন তাঁরা কবে পাবেন? মার্চ মাসেও তা দেওয়া সম্ভব হয় নি। অথচ বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনএর কথামত সেই প্রাপ্য টাকা সম্প্রতি ৭৭টা কলেজকে দেবেন বলেছেন। কিন্তু কাল পর্যন্ত সে টাকা পৌঁছায় নি—এ খবর জানি। যেসব তথ্য সরকার জানতে চেয়েছিলেন তার সমস্তগুলোই বিশ্ববিদ্যালয় পাঠিয়েছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কালকেও আমাকে বলেছেন যে, তাঁরা যে টাকা পান নি তাতে শুধুমাত্র আমলাতন্ত্রের চক্রান্ত ছাড়া আর কিছু আছে কিনা তা বিশ্ববিদ্যালয় বলতে পারেন না। ৯টা কলেজের প্রিন্সিপ্যালের যে উত্তর সরকার পান নি, সেই উত্তরও দেওয়া হয়েছে—কাজেই সেই কথাও আর বলবার কারণ নেই—তাঁরা সম্পূর্ণ আপনার কথা অস্বীকার করেছেন বা গ্রহণ করেন নি। তাঁরা কম ছাত্র গ্রহণ করতে রিডাকশন অব স্টুডেন্টস করতে, রাজী আছেন এবং কর্তৃপক্ষ তা অবগত আছেন। তবে কেন শিক্ষকরা এই টাকা পান না—একথা শিক্ষকসমাজ জানতে চান। কবে থেকে পাবেন সেটা পরিষ্কার ক'রে মন্ত্রীরা বলুন। ১৯৫৭ সালের এপ্রিল মাস থেকে সেটা রেট্রস্পেক্টিভ এফেক্ট দিয়ে দেবেন কিনা, তাও বলবেন। কথাটা শুধু এই প্রাপ্য না দেওয়ার প্রশ্ন নয়। সমস্ত শিক্ষা ব্যাপারের মধ্যে যা ঘটছে তাতে আমরা শিক্ষা ব্যাপারে কোন নীতির পরিচয় পাচ্ছি না। মন্ত্রিমহাশয়রা সামগ্রিকভাবে শিক্ষা ব্যাপারে আলোচনা করছেন না। দেশের জনসাধারণের সংগে আলোচনা করা দূরের কথা, যাঁরা শিক্ষা বিষয়ে বিশেষজ্ঞ তাঁদের সংগেও আলোচনা করছেন না। হয়ত কোন একটা শিক্ষানীতি তাঁরা গ্রহণ করেছেন, কিন্তু যেভাবে পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য শিক্ষা দেওয়া হবে, সেইভাবে, সেইরূপ নীতিই গ্রহণ করেছেন যদি দেখি, তা হ'লেও সেটা ভাল বলব। কিন্তু সেই নীতির পরিচয় দেশবাসী এখনও দেখতে পায় নি। দেশের জনসাধারণ পরিকল্পনা কমিশনের নিয়ম অনুযায়ী অন্ততঃ সেইটুকুও পাবার অধিকারী। সাধারণ মানদণ্ডে শিক্ষা ও সংস্কৃতি দেশব্যাপী হয়ে বাড়বে—প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, সাধারণ শিক্ষা, টেকনিক্যাল এডুকেশন, সমস্ত দিক দিয়ে পরিকল্পনা কমিশন যতটুকু দেশকে উন্নত করতে চান ততটুকু উন্নয়ন শিক্ষার মধ্য দিয়ে সম্ভব করবেন। কিন্তু তার পরিচয় এখনও পর্যন্ত দেশবাসী পায় নি। আপনারা জনসাধারণের উন্নয়ন ও সংস্কৃতির জন্য কি করেছেন জানি না—গঠনমূলক কাজ ও টেকনিক্যাল এডুকেশনের কতটুকু উপযুক্ত

ব্যবস্থা করেছেন, ফ্যাক্টরি ট্রেনিংএর মধ্য দিয়ে সেরকম ব্যবস্থা করা যায় কিনা, টেকনিক্যাল ট্রেনিং চলতে পারে কিনা, সেরকম কিছু করবেন কিনা—এসব কিছুই জানি না। তা ছাড়া যেরকম কাজের দ্বারা শিক্ষার প্রসার হয়, সায়েন্টিফিক এডুকেশন সুবিস্তৃত হয়, আজ পর্যন্ত সেরকম কাজেরও পরিচয় পাই নি। টাকা ব্যয় করছেন, টাকা অনেক কাজেই ব্যয় হচ্ছে, ইট, কাঠ, চুন, শুরকিতে, জমিদারদের পুরান বাড়ি ক্রয় ক'রে সরকার টাকা ব্যয় করেন। সেভাবেই টাকা ব্যয় করলে যদি শিক্ষার উন্নতি হয় তা হ'লে বলব সেইভাবেই আপনাদের শিক্ষানীতি চলছে। এর বেশি অন্যরূপ শিক্ষানীতি দেশবাসী দেখতে পাচ্ছে না।

এখানেই আমার কথা শেষ হ'ল।

[11-10—11-20 a.m.]

Sj. Krishna Kumar Chatterjee: Mr. Chairman, Sir, I cannot resist the temptation to preface my observations on the Budget proposals before the House by extending my hearty congratulations to Dr. Charu Chandra Sanyal, a gentleman of high integrity and honour, for having mastered courage enough to cast his lot with the much maligned and malice-stricken ruling party in this State. Sir, I am glad that the conflict within him has found at last a truthful expression in this patriotic and courageous decision to fall in line with the forces of democratic socialism which is out to rebuild the country on social and economic justice. Sir, this may be viewed as the homage paid by vice to virtue. I fondly hope, Sir, that a few other sensible and patriotic members in the Opposition will follow suit to strengthen the only national organ capable enough to bring about socio-economic revolution in the country on peaceful lines.

Sir, an eminent writer has said that the greatest tragedy of human life is that the soul of a man shaped in the image of God and imbued with beaming intelligence and high capabilities should grope in the darkness of ignorance and welter in the miro of bestiality without any chance of redemption and all this for want of a proper understanding of the realities of life.

Sir, the above words of wisdom have been penned by one who must have visualised the turn of events in the political life of this unhappy province where reason seems to have easily yielded place to confused and perhaps chaotic thinking.

Sir, I was listening very carefully to the speeches made on the floor of the House by some of the leading members in the Opposition. I stand sadly disappointed to note that no intelligent assessment has been made by any of them of the underlying principles on which the present Budget is framed. Sir, to me the Budget is patently a bold and realistic one and the Finance Minister deserves mouthful of congratulations for having drawn up a budget which could not be assailed seriously even by his worst critic from the point of economic soundness.

Sir, we have been passing through an economy of planned development of the State which due to the tragic partition and other calamities has been lying prostrate for years in utter misery and awful poverty. The problem of refugees is a baffling one. In areas both rural and urban the standard of living of the large masses of the population is, because of their improverished condition, much below the subsistence level. It has to be realised that it is not possible to raise the standard of living of the entire population appreciably all at once or in a very short space of time. That has necessarily to be a gradual process extending over a long term period.

Sir, the low purchasing power of the people and the consequent curtailment in the demand for consumer goods is retarding the progress of industrial development in the State with the result that the unemployment problem has taken a serious turn in the province. Sir, the ugly demonstration in recent months in Calcutta and its neighbourhood and in our mofassil districts and the growing trend of indiscipline and lack of regard for law and order is acting as a detriment to our national Government because industrial expansion can thrive only under peaceful conditions.

Sir, in this context it is refreshing to note that the Budget reveals a great awareness on the part of our Finance Minister with regard to the seriousness of the situation. Our Government is determined to make an all-out effort to tackle the problems of poverty, ill health, ignorance and unemployment along with the colossal problem of the refugees. Sir, in the gigantic and bewildering task our Chief Minister is looking up to every member of this House for his co-operation, goodwill and active help.

Sir, we have witnessed a queer phenomenon in this House. An aristocrat member representing the Communist Party here who is a shining luminary of the local Barristocracy presented here the other day a drain inspector's report in dealing with the State budget. Believe me, I mean no personal reflection on him. It is a pity that such a noble gentleman has thought it fit to level wild and baseless charges of extravagance, wastage, bribery, corruption, etc., against the Chief Minister and the Ministry as a whole.

Sir, I leave it to the Chief Minister and his colleagues to meet the charges in the befitting manner. Sir, it is only natural that an administrative machinery composed of the available human materials is bound to be saddled with defects and deficiencies. It would be an act of sheer malice if that fact is politically utilised by the Opposition to misdirect public opinion. Sir, I will presently refer to the scandalous state of things prevailing in the State run by the Communist Party in India. There is an ominous reference in the press about the Kerala Government. The revelations are shocking to a degree. Corruption is writ large on all spheres of the administration in that State. [Laughter from the Opposition benches.] Don't laugh. Sir, I am quoting from the newspaper..... .....

Mr. Chairman: The honourable member is irrelevant; please confine yourself to the budget.

Sj. Krishna Kumar Chatterjee: Sir, I am quite relevant. This is a general discussion and charges of corruption and bribery have been made in this House.

Dr. Monindra Mohan Chakraborty: We have not discussed Kerala Government's budget.

Sj. Krishna Kumar Chatterjee: Sir, I am reading out what appeared in the *Amrita Bazar Patrika* on the 22nd April, 1958:

"The Kerala Assembly echoed and re-echoed with what had now been called the Andhria Rice Deal. Popular opinion had completely gone against the Government on this affair." [Noise and interruption from Opposition members.]

Mr. Chairman: Do not read all these. Only refer to the matters which are relevant.

Sj. Krishna Kumar Chatterjee: I am just making a passing reference only to prove why the shoe pinches.

Sj. Nagendra Kumar Bhattacharyya: On a point or order. Should a member go on criticising another Government? Can he do it?

Mr. Chairman: He is within his rights.

Sj. Krishna Kumar Chatterjee: An independent source in touch with Communists revealed that if the Kerala Communists continued in power for another year, as it was certainly their aim, they would have enough financial resources to fight general elections in all State [Amidst noise and interruption from the Opposition benches and Mr. Chairman's repeated beating of hammer the member continued to read something.]

Sir, am I not entitled to say to my friends over there, "Physician, heal thyself first." Sir, it will be profitable to refer to the condition prevailing in great countries like China and Russia to enable us to meet irresponsible charges made by the Opposition on the floor of this House about wastage, corruption and bribery. Sir, I will read out what Premier Chou-en-Lai in presenting his report to the First National People's Congress in 1954 on the work of the Government said.....

Mr. Chairman: Please leave controversial matters.

[11-20—11-30 a.m.]

Sj. Krishna Kumar Chatterjee: There is corruption and bribery everywhere and the administrative machinery is trying to control them as far as possible. There are difficulties in the way of controlling the bribery and corruption.....[Noise and interruptions.]

Mr. Chairman: Complaints have been made by several members about the inefficiency of this Government and the honourable member is certainly entitled to reply to that. But I would request Mr. Chatterjee to confine himself only to the budget.

Sj. Gopal Chandra Halder: Sir, he brought in the name of Kerala, Government of China. How these are relevant?

Sj. Satya Priya Roy: Moreover, Sir, can we criticise the action of China or Russia on the floor of this House?

Mr. Chairman: A comparison can be made with their achievements.

Sj. Krishna Kumar Chatterjee: Sir, these interruptions are nothing but an attempt to curtail the time at my disposal which is insufficient. However, Sir, the Opposition members have ridiculed the idea of solving the problem of unemployment through the employment exchanges. Sir, I will presently refer to the speech of our Labour Minister at a conference of employers on the 12th May last. Various circulars have been issued regarding the proposed scheme for giving more employment through the employment exchanges. Their criticism is based more on misunderstanding than on a proper assessment of the position. Sir, it will be evident therefrom how keen he is to tackle the question of unemployment. It will be profitable to refer to the statistics provided there with regard to the employment situation in the State. In March last in all 2,294 people were given jobs as compared to 1,967 of the previous year. In another instance we find that 2,844 people have been given jobs as against 2,459 of the previous year's corresponding period. In another case 9,671 persons have been provided with jobs as against 7,762 of the previous year. Sir, I refer all this to show that the employment exchanges have been doing their useful work in this line. In his last year's budget speech Dr. Roy has painfully

referred to this problem in the following words: "Sir, may I acquaint this House with the opinion expressed by the Study Group of the Planning Commission on this vital question? Unemployment is not a special feature of this country. China has yet to solve this problem."

Sir, it has been said that people go about unemployed and practically the whole of the skilled and unskilled labourers of the industry are being recruited from outside the State. That is not always a fact. In the State, Government take as many good men as they require and many jobs cannot be filled for lack of good men. There is thus a great maladjustment which cannot be rectified so easily. Attempt is being made to remove the difficulties.

Sir, grave charges have been levelled here against the Food Minister for having neglected to take serious note of the shortage of food and the trend of rising food prices in the State. It has been suggested by the Oppositionists that a few starvation deaths have taken place. Sir, how such an assertion can be made by the good gentlemen on the other side when the local authorities declare that there is nothing to prove that the death was actually due to starvation? Low vitality of our people is oftentimes the cause of sudden death. Sir, it will be interesting to note the conditions in Soviet Russia with regard to food, textiles and footwear.

Sir, in this House criticism has been advanced against the standard of living of the people in the State. In any case, Sir, this standard of our living is presumably better than that of China. Who can deny that during planned development of a largely under-developed country a period of hardship is bound to be borne by the people. It has been said that the planning has been defective in many spheres. In a planning which has to bring about economic upliftment of millions of people, shortcomings are bound to exist due to lack of experience and paucity of resources. Planning suffered equally in China and Soviet Russia. The State Government has been accused with regard to the running of State enterprises on uneconomic lines. But in democratic planning profit cannot be the primary motive of State enterprises. Stalin clearly indicated to his countrymen that industrial effort on the part of the State should not be based on profit earning capacity only. Sir, as usual, Sri Satya Priya Roy has vigorously attacked the educational policy of the Government and made a vaunted reference to the victory of the A.B.T.A. candidates. In an embryonic stage of our democracy such successes are only natural and there is nothing to boast about it. Democracy has yet to take a firm root in West Bengal. Before that certain cross sections of our people are erroneously led to think that by sending fire-eating oppositionists in the Legislature as against the ruling party their sectional interest will be safeguarded and well-preserved. It is wrong to assume from this fact that the ruling party has lost the confidence of the teachers. Sir, if we have to take Sri Satya Priya Roy and his friends seriously, then we have to swallow the astounding proposition that the educational policy of the State should be dictated by the teachers, as if the Government and the public specially the guardians of the students have no say in the matter. Sir, education in West Bengal is passing through revolutionary changes to fit in with the requirements of the time and it has to bear the pangs and sufferings of a new birth.

Sir, I confess that I cannot subscribe to the views expressed by my friend Sri Aurobindo Basu on educational and other matters. During a phase of revolution it is imperative that policy making and executing

authority should be in the hands of one single person for the sake of effectiveness and for accelerating the pace of transformation from one stage to the other.

[11-30—11-40 a.m.]

Sir, I am afraid, my friend Sj. Aurobindo Basu has not cared to go deep into the basic principles on which Refugee Rehabilitation Ministry has to function now. The appointment of Zonal Officers is very timely and will help a great deal not only to explore the possibilities of rehabilitating the refugees in West Bengal but also to provide them with gainful employment.

Sir, I will mention only one more thing. We on this side of the House do not fight shy to declare that we hold ourselves responsible for any Governmental policy. It is with our sanction and on our support that the Ministry functions. People have placed the ruling party in power through a process of democratic elections. Democratic verdict of the people has given them the right to formulate policies for the betterment of the people on their behalf. Although the Opposition has got the right to differ on policy issues but democracy does not give them the right to create conditions of unrest and disorder. Let me voice a note of warning to them on the floor of the House that democracy is a hard taskmaster and will avenge itself on those who try to play with it. My friends over there are indulging in a dangerous game to destroy the very foundation of democracy on which rests the magnificent edifice of our national freedom.

Mr. Chairman: There were some references to Kerala in the course of the discussion. It is a sister State within the Indian Union and when a comparison is made the achievement of another State may be mentioned —what has been done in another State—nothing beyond that. There should not be any reflection on other States.

Similarly also in regard to sovereign States with whom we have friendly relations—we might compare our achievements with theirs but all this should be done without any acrimony.

Sj. Annada Prosad Choudhuri: Sir, what will happen to anything which has been said in the House?

Sj. Satya Priya Roy: Sir, those expressions should be expunged.

Mr. Chairman: If there is anything which is unparliamentary, that will be expunged.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir. I feel that I am at a very great disadvantage not only because I happen to be the last speaker on our side but also because I have to follow Mr. Chatterjee who has just now delivered a sweeping oration and also feel that you will be very severely rationing the time, and I do not think that the time at my disposal is what I would need to place my submissions before you this morning.

Sir, nearly all Departments have been covered in course of the discussion and I cannot think of any single Department which I may take up for examination and criticism, but I believe, Sir, at this stage of the discussion of the Budget it would be desirable, within the short time at my disposal, to analyse certain aspects of the Budget in which I feel I am specially interested.

Sir, Gopal Krishna Gokhale while discussing the budget used to do so from four points of view. In the first place, he used to consider whether the budget was properly framed, whether the framer of the budget

had made intelligent anticipations of revenue and expenditure, in the second place, he used to consider if the budget proposed any new taxation, and if so, whether the people were in a position to bear the additional burden imposed upon them; in the third place, he used to consider how far taxation proposals imposed inevitable burdens on different sections of the community; and finally, he used to consider whether there was a deficit, and if so, if the Government was in a position to wipe off the deficit at an early stage.

Sir, before taking up these points one by one, I would tarry for a moment and refer to the budget speech of the Hon'ble Minister for Finance. Sir, the Hon'ble Minister for Finance has drawn a very happy picture of the economic position of West Bengal. The budget speech would be a sort of mirror of the economic situation in the country. I am afraid that it does not reflect correctly the economic position that we, the people of West Bengal, today enjoy in Indian economy.

Sir, in the very first paragraph of the budget speech the Finance Minister discovers a very beautiful picture of the economy progressing at a very high pitch. I am quoting his words. Towards the end of his speech he says, "we are quite advanced on the path of progress and the State machine is firmly set to follow the path of progress with greater speed." He says all this in spite of the fact that the unemployment position in the country is terrible. In 1953, our Statistical Bureau carried out an investigation and they discovered that 38 per cent. of the Bengalee family units were affected by unemployment. They also discovered that 62.6 per cent. of the population were Bengalees but they received only 50.8 per cent. of the available employment. Since 1953 the situation, as it has been admitted by the Government, has worsened. In the University of Calcutta there was carried out a social investigation and the report definitely stated that the Bengalees who constituted 66.5 per cent. of the population were unemployed to the tune of 77.5 per cent. That being the situation we cannot say that the picture is a very happy one.

Look at the Five-Year Plan. Excluding the money that we have to spend on Damodar Valley Corporation we shall be spending during the Second Five-Year Plan 142.1 crores. During the first two years we have been able to spend only 45.5 crores, the balance of 96.6 crores has to be spent within the next three years.

[11-40—11-50 a.m.]

That to my mind, Sir, is an impossibility—it is an impossibility particularly in view of the fact that the Government of India are not in a mood to carry out the promise that they held out to us. They said that 53 per cent. of the expenditure would be supplied by them and 47 per cent. by us, but they have not carried out their promise during the last two years and perhaps won't carry out during the next three years also. Sir, one very gloomy picture in connection with the second five year plan is the scrapping of the Kansabati project. It is a matter of shame that this project had to be scrapped by the Government of India on acount of the default on the part of the Government of West Bengal. My information is that the Government of West Bengal was not fully prepared and on that account this plan has been scrapped. My friend Sj. Jimut Bahan Sen would have been benefitted if this plan had been executed during the Second Five-Year Plan period. He is very complacent about it I see and he congratulated the Finance Minister on his budget speech and on the budget that he has presented. He is not possibly aware that this scheme would have been a great boon to his district of Purulia. This scheme would have benefitted two other districts, namely, Bankura and Midnapore. Bankura is within

the depressed area of West Bengal—I mean economically depressed area. It is a great regret for those who think of the good of the people of West Bengal that this scheme has been scrapped. Nearly, 1,25 lakhs—I am speaking from memory—out of 25 crores of total alloeation for the scheme has already been spent and now all on a sudden due to a default on the part of an inefficient Government this scheme has been scrapped. The Finance Minister is happy about the economic situation in West Bengal and he is happy in spite of the scarcity in West Bengal being a chronic affair, inspite of gratuitous relief, test relief, relief in the shape of agricultural loan and crop loan that have to be advanced to the agricultural population almost every year. That is to say we are fast becoming—particularly the agriculture section—paupers to be kept alive by the doles from the State. Inspite of it our Finance Minister is happy and says "We are quite advanced and the State machinery is firmly set to follow the part of progress with greater speed." Sir, after Mr. P. C. Sen came to assume the charge of the Relief and Rehabilitation we have some home truths from him and we are grateful to him for his frankness when he says that he has not been able to completely rehabilitate the refugees economically. Therefore, Sir, I feel that the Finance Minister's speech gives an unrealistic position of the whole economic situation in West Bengal. The speech, however, is not without some relieving features. In the first place, the Chief Minister has very clearly said about the great injustice that has been done to the people of West Bengal by the Finance Commission whose recommendations have been accepted by the Government of India. We are not going into details with regard to that. I wish I could; but I do not think that I have much time at my disposal to do so. But on a previous occasion I have referred to the injustice that has been done to us in the shape of meagre share out of income-tax, out of excise duty and out of the revenues in lieu of sales tax on three goods which have been taken out of the hands of the State. The Finance Minister has also referred to the injustice that is being done to us inasmuch as the grants which the Government of India promised, have been withheld. All of you who have read the speech of the Finance Minister know about the figures. I will not go into the figures. But it is a matter of shame that the pledged words of the Government of India should have been swallowed by them and we have been left high and dry and we have to spend out of the commitments which have already been made for a large sum of money which we can ill afford to spend.

With regard to another matter we have been, Sir, badly let down by the Government of India and I feel happy that the Finance Minister has referred to it. On the recommendation of the Finance Commission the Government of India at first decided that loans that are outstanding would bear certain rates of interest. Those loans which had interest below three per cent. would be bearing interest at the rate of 2¼ per cent. and the rest 3 per cent. That was the decision that was arrived at by the Government of India. But when the budget was being framed all on a sudden a special telegram came from Delhi that that arrangement will not stand. This is a kind of treachery of the Government of India which we take note of with very great regret. Sir, possibly, the former Finance Minister—I mean of the Central Government—Mr. T.T. Krishnamachari—was much too busy with the famous Mundra deal and in a fit of absent-mindedness he had possibly decided that three per cent. and.....

Mr. Chairman: Mr. Bhattacharyya, 20 minutes have already gone by. How long will you take?

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I will require ten minutes more.

Mr. Chairman: That would not be possible. Anyway, please try to be brief so that you can finish very soon.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I hope that I am not repeating anything. If I do, please remind me. Sir, since the time at my disposal is very short, I will refer to one other matter. I will come to the examination of the budget allocation under the rules of Finance. The Finance Minister looks one year behind and one year ahead. He explains the financial position of the previous year and presents budget for the next year. I will examine the financial statement made by the Finance Minister with regard to 1957-58 in order to establish the proposition that budgeting in West Bengal is very inaccurate.

[11-50—12 noon]

Sir, the budget allocation for 1957-58 was 61 crores 88 lakhs. The revised estimates stand as 69 crores 98 lakhs, or in other words, there was a difference of 8 crores 9 lakhs, i.e., the Budget was not correctly made. I do not say that Budget will be absolutely accurate. It is not possible to attain absolute accuracy, but I do think that a very large difference is indicative of incorrect anticipations.

Looking at the capital expenditure account you will notice that the Budget Estimates amounted to 26 crores 71 lakhs but the revised estimates stand as 33 crores 35 lakhs. The increase is of the order of 6 crores 64 lakhs, or in other words, so far as the capital expenditure is concerned there is also a great inaccuracy.

In the House of Commons, in order to avoid such inaccuracies there is what is called the Estimates Committee. Estimates Committee was created at the Centre in 1950. It is a Committee of 30 members elected by the Lok Sabha. The business of the Estimates Committee is to examine the estimates framed by the different Departments and to make their suggestions and finally report to the Lok Sabha. Sir, this is a salutory check upon irresponsible budgeting. If you demand more money than you need then you have to impose upon the people more tax than it was necessary. It is for this reason that I demand that Estimates Committee be formed in West Bengal also in order to exercise proper check on budgeting which is inaccurate, which is based on unintelligent anticipations. The Estimates Committees were formed some time ago in some of the provinces—in Andhra, in Bombay, in Kerala, in Madhya Pradesh, the former State of Mysore, the former State of PEPSU., Punjab, Rajasthan, the former Shaurastra State and the former Vindhya Pradesh, i.e., it has been accepted by the Centre and accepted by quite a large number of States also. In the interest of proper budgeting it is necessary that Estimates Committee should be formed in West Bengal also.

Sir, there is one other point to which I will refer which is a departmental question. About three months ago a deputation of the College and University Teachers' Association went to meet the Chief Minister. The Chief Minister was busy otherwise and instead the deputation met the Hon'ble Education Minister. The Hon'ble Minister told us three months ago that within seven days the matching grant with regard to the enforcement of salary grade suggested by the University Commission would be reaching the Colleges. Many seven days have passed. I hope that the Education Minister will be good enough to enlighten us on the question, but I am afraid, he will not be able to do so because he is merely a sort of rubber stamp—I wish Dr. Sen would have been here to deliver the goods.

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় সভাপতি মহাশয়, বিগত ৪ দিন ধরে বিধান পরিষদে [illegible]রা বাজেট সমালোচনা শুনেছি। এই বাজেট সমালোচনাকে দুটি ভাগে ভাগ করা যায়। এ[illegible]টা—যাঁরা গঠনতান্ত্রিক উপায়ে কিছু নতুন কথা বলতে চাইছেন, তাঁদের সংখ্যা খুব কম—মাইক্রোস্কোপিক মাইনরিটি বলা যায়। আর একটা ভাগ, যাঁরা অলীক কল্পনাবিলাসী, নিজেদের বক্ষে রয়েছে না পাওয়ার যে জ্বালা ও হতাশার বিক্ষোভ—তাই তাঁরা ব্যক্ত করেছেন—তাঁদের সংখ্যাই বেশি। এই মন্ত্রিসভার বিরুদ্ধে বহু বিক্ষোভ তাঁরা প্রদর্শন করেছেন—বিধানসভা ও পরিষদের ভিতরে এবং বাইরেও। বাইরের প্রশ্ন আমি তুলব না। শুধু ভিতরকার কথা প্রত্যেক দিনের সমালোচনা যদি কেউ অনুশীলন করতে চান, দেখতে পাবেন। ক্ষমতা না পাওয়ার বিক্ষোভ ও জ্বালাই তাঁদের বক্তব্যের মধ্যে দিয়ে ফুটে উঠেছে বেশি—এখানে কেমন ক'রে সরকারী কর্মচারীদের দুর্নীতি বেড়ে যাচ্ছে, সরকারের অপদার্থতা কেমন ক'রে সমস্ত দেশকে দুর্দশার মধ্যে এনে দাঁড় করিয়েছে ইত্যাদি অলীক গালভরা সমালোচনা তাঁরা করেছেন। ভাল কাজ একটুকুও হচ্ছে না, বা যেটুকু ভাল হচ্ছে তার চেয়ে আরও ভাল হওয়া উচিত ছিল। রবীন্দ্রনাথ একটা কথা বলেছেন—সব থেকে ভাল এটা শুধু অক্ষমতার বিক্ষোভ হতাশার মধ্যেই রয়েছে। ভাল যা এর থেকেও ভাল আছে এই রকম যাদের সমালোচনা তাদের যোগ্য উত্তর দেওয়া সম্ভব নয়, উচিতও নয়। তাদের সমালোচনার উত্তর দেওয়া সম্ভব হ'ত যদি এরকম কোন ক্ষমতা আমাদের হাতে থাকত যে, বীজ পোঁতার সঙ্গে সঙ্গে সে ফলবান বৃক্ষ হয়ে উঠবে—সে লোককে আশ্রয় দান করবে—ক্ষুধার অন্ন যোগাবে—এইরকম কোন ক্ষমতা সরকারের হাতে থাকলে তবেই এঁদের মনস্তুষ্টি করা যায় কিন্তু এ ত' আর সম্ভব নয়!! আমাদের সবকিছু ভাল করবার সাধ থাকলেও সাধ্য নাই। দুটো মিলিয়ে দেখতে হয়—সাধ যত ছিল, সাধ্য গভর্নমেন্টের তত ছিল কিনা। এই দুটোর মধ্য দিয়ে বিচার করলে তবেই সরকারের কৃতিত্ব বোঝা যায়।

আমাদের মাননীয় সদস্য স্নেহাংশু আচার্য মহাশয় বিধান পরিষদে নূতন। এতদিন দলের কাণ্ডারী হিসেবে এখানে বিশেষ কেউ ছিল না, এধারে ওধারে কমিউনিস্ট পার্টির সদস্যরা নেতা খুঁজে বেড়িয়েছেন, এতদিনে বোধ হয় সেই শূন্য স্থান পূর্ণ হ'ল। এতদিন যিনি দলের ভাণ্ডারী হয়ে বাইরে ছিলেন তাঁকে কাণ্ডারী ক'রে ঘরে ঢোকানো হয়েছে। তিনি যেসমস্ত কথা বলেছেন, তার মধ্যে সরকারের দুটো তিনটে দিকের সমালোচনা করেছেনঃ সে সমালোচনা হচ্ছে—পশ্চিমবঙ্গ সরকার কোন রকম ভাল কাজ করতে পারেন নি; দরিদ্র জনসাধারণের উপর দিনের পর দিন করের বোঝা চাপানো হয়েছে, সংবিধানে যে অধিকার মানুষকে দেওয়া হয়েছে সে অধিকার তাঁরা মানতে পারেন নি। এবং তিনি কতকগুলি ধারা তুলে দিয়েছেন, যে ধারার মধ্যে সমান সুযোগ, চাকরি ইত্যাদির কথা আছে। সংবিধান অনুযায়ী আমরা কতদূর অগ্রসর হয়েছি, কিম্বা অগ্রসর হ'তে পেরেছি কিনা সেটা বিচার করবার মানদণ্ড কি হবে? নিশ্চয়ই হিংসাবাদী দেশের মানদণ্ড যা, তা নয়। করভার বেশি চাপানো হয়েছে মধ্যবিত্ত সম্প্রদায়ের উপর। আমি একথা অস্বীকার করি না যে, করভার বেড়েছে, কিন্তু নিম্নমধ্যবিত্ত সম্প্রদায়ের অবস্থাটা কি? গ্রামাঞ্চলে ঘুরে দেখুন তাদের জীবন-যাত্রার মান উন্নত হয়েছে। সামনে দাঁড়িয়ে সমালোচনার কোলাহল যতই করা হোক না কেন সাম্যবাদী রাষ্ট্রের যে তথাকথিত সাম্যবাদের ধুয়া এখানে দেখতে পাচ্ছি, তার বিক্ষোভ তিনিই এখানে প্রকাশ করেছেন। চারিদিকে লৌহ যবনিকার অন্তরালে কি ঘটছে সেখানে মানুষ কেমন ক'রে বেঁচে আছে তার কতটুকু খবরের কাগজের মারফত বাইরে এসে পৌঁছায়? সেই জন্য এখানকার অবস্থা সাম্যবাদী রাষ্ট্রের পক্ষ থেকে সমালোচনার সুযোগ তাঁরা গ্রহণ ক'রে থাকেন। আমি একথা অস্বীকার করি না যে, করভার বৃদ্ধি পেয়েছে।

স্নেহাংশুবাবু প্রশ্ন তুলেছেন—টাকা যাচ্ছে কোথায়? বিধান পরিষদে তিনি এখন বেশি থাকেন না, মস্ত বড় ব্যারিস্টার, বাইরে অনেক মক্কেল ব'সে থাকে তাই এক ঘণ্টার বেশি এখানে সময় দিতে পারেন না।

[12—12-10 p.m.]

লালনীল বই যেগুলো বিধানসভায় বাজেটের সঙ্গে বিতরণ করা হয় সেগুলো উল্টেপাল্টে দেখবার সময় ওঁরা পান না। অবশ্য ক'জন আমরা দেখি, সমালোচনা করতে হয় বলেই করি। অর্থাৎ যখন ফ্লোর ক্রস করে এপাশে ট্রেজারী বেঞ্চে এসে বসব তখন বাজেটের বইগুলো ঘাটতে হবে তার আগে আর প্রয়োজন নেই। সরকার পক্ষ থেকে আমি একথা জোরের সঙ্গে বলতে চাই যে করের বোঝা যে চাপান হয়েছে সেটা যথেষ্ট নয়। আমি একের পর এক এখানে ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত যে ট্যাক্স করা হয়েছে তার একটা ছবি তুলে ধরব। মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত সম্প্রদায়ের হয়ে যাঁরা কাদুনী গেয়েছেন তাঁদেরই দেখাব যে ট্যাক্সের বোঝা কতখানি তাদের উপর বেড়েছে। অবশ্য এটা নিশ্চয় সরকারপক্ষ থেকে আমি স্বীকার করব যে বিগত ৩ বছরে যেখানে সরকার পরিকল্পনা গ্রহণ করেছিলেন যে মাত্র ১৫ কোটি টাকা তাঁরা ট্যাক্স তুলবেন সেখানে ইতিমধ্যে ২১ কোটি টাকা উঠে গেছে এবং আগামী ২ বছরে আরো ১৬ কোটি টাকার প্রশ্ন আমাদের সামনে রয়েছে। এটা তুলতে গিয়ে দেখা যাচ্ছে যে আমাদের ট্যাক্সের রেভিন্যু মানে কালেকসানের জন্য যা খরচ হচ্ছে তা ভারতবর্ষের রাজ্যগুলির মধ্যে সবচেয়ে কম। যদি আমরা ফিগার দিই তা হ'লে দেখতে পাবেন যে অন্যান্য রাজ্যে সেখানে ট্যাক্স রেভিন্যু তোলবার জন্য কালেকসনের খাতে কত খরচ হয়। মাননীয় সদস্যরা যদি বিক্ষুব্ধ না হন তা হলে কেরালার কথা বলব যে সেখানে সবশুদ্ধ ৪ আর আমাদের এখানে তোলা হচ্ছে ২·১ অর্থাৎ এই ট্যাক্স কালেকসানে খরচ যেখানে কেরালায় ৪ সেখানে আমাদের ২ :১। সবচেয়ে বড় রাজ্য উত্তরপ্রদেশ যদি দেখি তা হ'লে সেখানে ৩·৭। স্নেহাংশুবাবু এখানে প্রশ্ন তুলেছেন যে এখানে ডাইরেক্ট ডিমান্ড অন রেভিন্যু কি ভাবে বাড়ছে? আমাদের এখানে এই ট্যাক্স কালেকসান করতে গিয়ে যাতে ইনকাম ট্যাক্স ইভেড করতে না পারে তারই অর্গানাইজেসনকে টাইটেন করেও আমাদের ২·১ এর বেশী হয় না। ল্যান্ড রেভিনিউতে ইনকাম বেড়েছে প্রায় ৪ কোটি টাকার মতন এবং এই খাতে আমাদের খরচও বেড়েছে। জমিদারী প্রথা অবলোপ করার নীতি এই বিধানসভা এবং পরিষদে আমরা গ্রহণ করেছিলাম, সেজন্য ক্ষতিপূরণ বাবদ আমাদের কিছু টাকা খরচ করতে হবে এবং আমাদের এ্যাসেসমেন্ট রোল তৈরী প্রায় শেষ হতে চলেছে। সেই জমিদারদের যাঁরা কর্মচারী ছিলেন তাঁদের আমরা সরকারী কর্মচারী হিসাবে নিয়োগ করেছি। অতএব এই খাতে খরচ কেন বাড়ল এই প্রশ্নের উত্তর দিতে আমরা নাচার। পুলিশ খাতে টাকার বাড়ার কথা বলেছেন এবং নানান ছবিও দিয়েছেন। কিন্তু এই বাড়ান টাকার মধ্যে যে ৮০ লক্ষ টাকা শুধু যে তাদের বেতনের জন্য বেড়েছে সেকথা স্নেহাংশু বাবু বলেন নি। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর ব্যাপারে বলব যে ১৯৫৪ সালে যখন এই প্রথম এই ট্যাক্স প্রবর্তন হয় তখন ৩½ হাজার টাকা যাদের আয় ছিল কিম্বা ১০০ বিঘা জমি যাদের ছিল তাদের থেকে ট্যাক্স বাদ দেওয়া হয়েছিল, কিন্তু এখন সেটা কমিয়ে ৩ হাজার টাকা যাদের আয় কিম্বা ৮০ বিঘা জমি আছে তাদের বাদ দেওয়া হয়েছে। কিন্তু এই ৩ হাজার টাকা আয়ের ক'জন কৃষক আমাদের বাংলাদেশে আছে? অতএব এই ট্যাক্সটা বড় লোকদের উপরেই চেপেছে। ১৯৫১ সালে যখন প্রথম মোটর ভিহিকল্‌স ট্যাক্স হয় তখন সেটাতে পয়সা কম আদায় হত, এখন ডিজেল এ্যান্ড পেট্রোল-এর উপর পয়সা আরও বাড়ান হয়েছে। এ্যামিউজমেন্ট ট্যাক্স-এর যাঁরা এক টাকায় সিনেমার টিকিট কাটেন তাঁদের উপর ২৫ পার্সেন্ট বাড়ান হয়েছে এবং যাঁরা ৩ টাকার টিকিট কাটেন তাঁদের উপর ৭৫ পার্সেন্ট বাড়ান হয়েছে। জেনারেল সেলস ট্যাক্স-এর ক্ষেত্রে এসেন্‌সিয়াল কমোডিটিজ অব লাইফ যেগুলো—অর্থাৎ সরষের তেল, গুড়, হ্যান্ডলুম কটন ক্লথ, ভেজিটেবল্‌স, নুন, এবং ফুডস্টাফ-এর উপর কোন সেলস ট্যাক্স হয় নি। আগে সোনা এবং সোনার গহনা বাদ দেওয়া হয়েছিল, এবার সেটাকে এমেন্ড করে তাকেও এর আওতায় আনা হয়েছে। ১৯৫৪ সালে র-জুট-এর উপর ট্যাক্স দুই আনা ছিল, এখন সেটাকে বাড়িয়ে চার আনা করা হয়েছে। ইলেকট্রিসিটি ডিউটি-র বেলায় যাঁরা ১৫ ইউনিট-এর কম কনজাম্পসন করেন তাঁদের—ওটা সম্পূর্ণ একজেম্পট্ করে দেওয়া হয়েছে এবং যাদের ৫০ ইউনিটের কম তাদের যে রেট ধরা হয়েছে সেই রেট অন্যদের তুলনায় আনুপাতিকভাবে কম। আবার যারা ইলেকট্রিসিটি নিয়ে ইন্ডাস্ট্রি করতে চান তাদের জন্য আগে মাত্র এক নয়া পয়সা ধরা হয়েছিল এখন সেটা সামান্য বাড়িয়ে তিন নয়া পয়সা করা হয়েছে। এদিক দিয়ে দেখা যাচ্ছে যে গরীবের উপর সেলস ট্যাক্স না বাড়িয়ে যাতে বড়লোকের

উপর আরও বেশী কর চাপান যায় তার চেষ্টা পশ্চিমবঙ্গ সরকার করছেন। অবশ্য এর সঙ্গে আমি বড়লোকদের ইনকাম ট্যাক্স এবং ওয়েলথ্ ট্যাক্স ধরছি না। উনি বলেছেন যে সুতির কাপড়ের উপর একবার সেলস ট্যাক্স দিয়ে আবার যদি কেউ রেডিমেড গারমেন্টস কিনতে যায় সেখানেও আবার কেন এটা লাগছে? তার মানে গরীব যারা র‍্যাংকেন কিম্বা বড় বড় দর্জির দোকানে গিয়ে সেলাই করতে পারে না শুধু তাদের উপরেই এটা হয়েছে। উনি বোধ হয় র‍্যাংকেন-এর জামা কাপড় পরতে অভ্যস্ত এই রকম সমালোচনা করেছেন। আপনারা জানেন এ্যাডিসনল একসাইজ ডিউটি একবার সোর্স-এ দিতে হচ্ছে। সব থেকে মোটা কাপড় যেটা সেটা কোন মাত্রায় বাড়ে নি, বরং বেসিক একসাইজ ডিউটি যেটা ছিল সেটা নতুন এ্যাডিসনাল ডিউটি-র পরে কমে গেছে। অতএব এ্যাডিসনাল একসাইজ ডিউটি বসে যদি মোটা কাপড়ের দাম কমে থাকে তা হ'লে সরকার এমন কি অপরাধ করেছেন সেটা ভেবে পাচ্ছি না। তারপর যেটা মাঝারি রকমের কাপড় তাতে মাত্র পাঁচ নয়া পয়সা বেড়েছে এবং তার থেকে যেটা ফাইনার ক্লথ সেটার উপর অনেক বেশী ডিউটি বেড়েছে। কিন্তু এতে গরীব লোকেদের কিছু ক্ষতি স্বীকার করতে হচ্ছে বলে আমি মনে করি না। অতএব তাদের উপর চাপিয়ে সরকার কিছু অন্যায় করেছেন কি না সেটা আপনারাই বিবেচনা করবেন। কাপড় যখন কেনা হয়ে গেল যদি দর্জিকে দিয়ে সেই কাপড়ের জামা করাতে চান তা হ'লে সেখানে কোন ট্রানজাকসন হচ্ছে না—সেই কাপড় দিয়ে দর্জি জামা সেলাই করে দিচ্ছে বলে তার মজুরী আপনি দিচ্ছেন। কিন্তু সেটা যদি আপনি রেডিমেড হিসাবে কিনতে চান তা হ'লে পূর্বে তাকে যে দাম দিতে হত সেলস ট্যাক্স হিসাবে এখন তাই দিতে হচ্ছে। উনি বলেছেন যে এই ডাবল ট্যাকসেসন বহু আর্টিকেল-এর উপরে আছে। সুপুরি, গুড়, চিনি, চায়ের পাতা ইত্যাদি জিনিসের সোর্স-এর একসাইজ ডিউটি দিতে হচ্ছে এবং বিক্রির সময় তারা আবার সেলস ট্যাক্স ডিউটি দেন। আজ যদি রেডিমেড গারমেন্টকে একজেম্পট দিতে হয় তা হ'লে সমস্ত আর্টিকল-এর উপরেই এটা করতে হয় এবং তাতে সরকারের রেভিন্যু কমে যাবে। আবার যদি সবগুলোর উপর ছাড়া না হয় তা হ'লে ডিসক্রিমিনেসন-এর চার্জ আবার ওঁরাই আনবেন। স্নেহাংশুবাবু বলেছেন যে আমরা সংবিধান না মেনে পুঁজিপতিদেরই সাহায্য করি।

]12-10—12-20 p.m.]

স্নেহাংশু আচার্য মহাশয় বলেছেন সংবিধান নাকি মোটেই মানা হয় না, এবং পুঁজিপতিদের ব্যক্তিগত মুনাফা বাড়ছে। কেরালার কথা বললে ওঁরা বড্ড চটে যান। এখানে তবুও ব্যক্তিগত পুঁজিপতিদের রেসট্রেন করা হচ্ছে আর সেখানে একেবারে র‍্যাংক চেক লিখে দিয়ে নতুন শিল্প-স্থাপনের প্রয়াস হচ্ছে। এখানে আমরা ট্রেড ইউনিয়ন-এর রাইট স্বীকার করে নিয়েছি, ওখানে সেই অধিকার কিছুই থাকবে না, অবশ্য আমি জানি। একটা ডেভেলপিং ইকনমিতে প্রাইভেট সেকটর এবং সঙ্গে সঙ্গে পাবলিক সেকটর গড়ে তোলা কিছু দিন অবধি নিশ্চয়ই প্রয়োজন হয়। এমন স্টেট রেভিনিউ আমাদের আদায় হয় না যাতে সমস্ত পাবলিক সেকটর-এর কাজকর্ম গুছিয়ে নিয়ে আমরা পাবলিক সেকটর-এর ব্যবসা-বাণিজ্য করে বেকার সমস্যা সমাধানের জন্য চাকরী দিতে পারব—ডেভেলপিং ইকনমির পক্ষে কখনই সেই জিনিষ করা সম্ভব নয়। সেখানে প্রাইভেট ইনডাস্ট্রিয়ালিস্টদের কাজকর্মের সুযোগ দিতে হবে। এই সুযোগ দিতে গিয়ে তার কতখানি মুনাফা করার ক্ষমতা থাকবে সেটা সরকার বেঁধে দেবেন। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মারফতে লোক নেওয়া হবে কিনা এবং না নিলে তাকে শাস্তি দেওয়া হবে কিনা সরকার নিশ্চয়ই তার ব্যবস্থা করবেন। বিধানসভায় এবং বিধান পরিষদে মুখ্যমন্ত্রী এই কথা দৃঢ়তার সঙ্গে বলেছেন। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফতে লোক নেওয়া হয় না একথা উনি শুনলেন কোথা থেকে? আমরা ছোটবেলায় অঙ্ক করতাম—একটা ছোট চৌবাচ্চায় ঘণ্টায় এত গ্যালন ঢুকছে আর এত গ্যালন জল বেরিয়ে যাচ্ছে, তা হ'লে কত জল থাকছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর কথায় তিনি ওয়ানওয়ে ট্রাফিক-এর কথা বলেছেন, কিন্তু আমি তো দেখছি টুওয়ে ট্রাফিক, কারণ সেখানে ভ্যাকুয়াম হচ্ছে না। ভ্যাকুয়াম হবে কি করে? দুই হাজার লোকের যদি লিস্ট থাকে, দেড় হাজার যদি কাজ পায় তা হ'লে ৪।৫ দিনের মধ্যেই সেই ভ্যাকুয়াম ফিলড্ আপ হয়ে যায় নতুন বেকার রেজেস্ট্রী করে। সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠানও

আজকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মারফৎ লোক নিচ্ছে। সেখানে শিক্ষিত এবং যাদের বেশী শিক্ষার সুযোগ হয় নি এমন ধরনের বেকারের সংখ্যাই বেড়ে চলেছে। এটা আজকে একটা জ্বলন্ত এবং শক্ত সমস্যা। কেমন করে এই বেকার সমস্যার সমাধান করা হবে তার পরিকল্পনা অত্যন্ত স্পষ্টভাবে চোখের সামনে থাকা উচিত। কোন সরকারই কেবলমাত্র চাকরী দিয়ে বেকার সমস্যার সমাধান করতে পারে না। তবু এখানকার সরকার সেই চেষ্টা করেছেন। স্টেট ট্রান্সপোর্ট-এ আজকে ৭ হাজার কর্মচারী চাকরী করছেন, প্রভিডেন্ট ফান্ড-এর আওতায় তারা আগে থেকেই এসেছেন। আজকের খবরের কাগজে দেখেছেন আশা করি যে, তাদের শতকরা ৮০ জনকেই স্থায়ী করার পরিকল্পনা সুরকার নিয়েছেন। শিক্ষিত বেকারের মধ্যে ২০ হাজার লোক শিক্ষকের কাজ পেয়েছেন—এতে একদিক দিয়ে বেকার সমস্যার সমাধান হচ্ছে, অন্যদিকে শিক্ষার অভাবও দূর হচ্ছে। তারপর দুর্গাপুর কোক ওভেন প্ল্যান্ট এবং বিভিন্ন স্কীমের পরিকল্পনায় ১৬ হাজার লোকের ডাইরেক্ট চাকরী হবে। এবং এ্যানসিলারি ট্রেড করে আরো ৫।৬ হাজার লোক সেখানে কাজ পাবে। এমন কি, সরকারের যে লোকরঞ্জন শাখা আছে তার নৃত্যগীত হয়তো গ্রামে লোকের আনন্দবর্ধন করছে—সেখানেও বহু নাট্যকার, সংগীত-শিল্পীকে চাকরী দেওয়া হয়েছে। এ ছাড়া রুরাল ইলেকট্রিসিটি স্কিম, কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট এবং এন ভি এফ প্রায় ২০ হাজার লোকের চাকরীর সংস্থান করে দিয়েছে। এ ছাড়াও যারা বেকার আছে তাদের জন্য বিভিন্ন অর্গ্যানাইজেসন, ফ্যাক্টরি, প্রাইভেট সেকটর-এ কাজ দিচ্ছেন এবং সেখানে আমরা দেখছি প্রায় ৭০ হাজার লোক কাজ করছে। এ ছাড়াও সরকার বেকার সমস্যা সমাধানের জন্য আরো যেসব চেষ্টা করছেন সেসম্বন্ধে দু-একটা কথা বলব।

মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন যে বিকৃত একটা শিক্ষাব্যবস্থা উত্তরাধিকার সূত্রে আমরা পেয়েছি। সেই শিক্ষা—জনসাধারণকে শহরমুখী করে স্বাভাবিকভাবেই বেকারের সংখ্যা বাড়িয়েছে। এমন কোন শিক্ষাব্যবস্থা তার মধ্যে ছিল না, যে শিক্ষা পেয়ে তারা স্বাভাবিকভাবে গ্রামে বসে নিজেদের পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে রুজি রোজগারের ব্যবস্থা করতে পারে। একটা নূতন শিক্ষাব্যবস্থা আজকে নিম্ন বুনিয়াদীর ভিত্তিতে এবং উচ্চ-বুনিয়াদীর ভিত্তিতে মাধ্যমিক শিক্ষা স্তরে এসে পৌঁছেচে। যে মুহূর্তে অষ্টম শ্রেণীতে সে এসেছে, তার ঝোঁক, চেষ্টা, পরিবারের পেশা, যেদিকে তার প্রবণতা আছে, সেদিকে লক্ষ্য করে কোন না কোন একটা শিল্প শিক্ষার ব্যবস্থা অষ্টম ও নবম শ্রেণীতে করে দেওয়া হচ্ছে। একাদশ শ্রেণীতে ইন্টারমিডিয়েট ক্লাসের দু-বছরের পাঠ্য তালিকা অনুপ্রবিষ্ট করা হচ্ছে—যাতে সময়ের অপচয়, শিক্ষার অপচয় না হয়, শক্তির অপচয় ও অর্থের অপচয় না হয়। এই নূতন পদ্ধতিতে শিক্ষার ব্যবস্থা করতে পারলে—যে ছাত্রের যে দিকে প্রবণতা, মেধা, যে পরিবার থেকে সে এসেছে—সেই পরিবারের যে পেশা, তা তার বৃত্তি বা রক্তের সঙ্গে মিশে গেছে, তার শহরমুখী প্রবণতাও কমে যাবে। এই ছেলে শিক্ষা শেষে গ্রামে বসে শিল্পকাজ করবে—সমবায়ের ভিত্তিতে—সরকার যদি মূলধন জুগিয়ে দেন। যদি সেই সমবায়ের ভিত্তিতে কাঁচা মাল দিয়ে তৈরী জিনিস বিক্রী করবার ব্যবস্থা করা হয়, তা হ'লে বেকার সমস্যার মূলে আঘাত করা হবে। এই যে সরকারের শিক্ষা প্রচেষ্টা—এটা নিশ্চয়ই প্রশংসার যোগ্য।

স্নেহাংশুবাবু অনেক কথা সমালোচনা করতে গিয়ে বলেছেন—আমাদের এখানে ওয়েল-ফেয়ার ওয়ার্ক কিছুই হচ্ছে না। যে টাকাটা এর জন্য খরচ হয়েছে, তাতে কেবল পুঁজিপতি-দের পুঁজিই বেড়েছে। সরকারের নিজস্ব লোকজন যারা আছে, তাদের পকেটই শুধু পুষ্ট হয়েছে। এই সমস্ত উক্তি ভেগ্, বেসলেস বললে বোধহয় বড় কথা বলা হয় না। তিনি স্নেহাংশু আচার্য মহাশয়ের বক্তৃতা রেফার করেছেন বলে, আমি বলছি। নইলে তাঁর বক্তব্য এখানে উল্লেখ করার কোন প্রশ্ন উঠতো না। একথা বলা একটা ফ্যাসান হয়ে উঠেছে—হাটে বাজারে রাস্তাঘাটে যে মন্ত্রীরা আত্মীয় পোষণ করছেন। আর সরকারী কর্মচারীদের দুর্নীতির জন্য কংগ্রেস বেঞ্চের লোকেরা মহা অপরাধী। কারণ তাঁরা সেই কাজে তাদের সাহায্য এবং সহযোগিতা করছেন।

এখানে তিনি মন্ত্রী থাকা কালীন যে বিবৃতি দিয়েছিলেন, সেকথা স্নেহাংশুবাবু রেফার করে বলেছেন। তার ৮০ পাতার বিদায়কালীন অভিভাষণের মধ্যে ৮০টী কেন ৮টী চার্জ যদি তিনি প্রমাণ করতে পারতেন, তাহলে না হয় কথা উঠতে পারতো। আমার এখানে আর বিশেষ কিছু বলবার নাই।

ব্যক্তিগত যে সব সমালোচনা করেছেন, সেই সমালোচনা করার কথায় আমি বিশেষ কিছু উত্তর দেব না। শুধু সোসাল ওয়েলফেয়ার ওয়ার্ক-এ আমাদের এখানে কেমন টাকা খরচ হচ্ছে, সেটা অন্য রাষ্ট্রের কাছে মুখ তুলে দাঁড়াতে পারে কি না—সেটা দেখাবো।

প্রথম যদি আমি কেরালার সঙ্গে তুলনা করে দেখাই তাহলে আমার বন্ধুরা রেগে যাবেন। কাজেই আমি সে ধার দিয়েও যাব না। (শ্রীযুক্তা অনিলা দেবীঃ অত ছেলেমানুষী করলে লোকে হাসবে!) পশ্চিমবঙ্গে আমাদের স্বাস্থ্য, শিক্ষা এবং পাবলিক হেল্থ এই তিনটি মিলিয়ে যে কাজ হচ্ছে, তাতে দেখা যায় পার ক্যাপিটা এখানে খরচ হচ্ছে ৭·৪, সেটা ভারতের সমস্ত রাজ্যগুলির মধ্যে সবচেয়ে বেশী। তবু শুনি আমরা কিছুই করছি না। শুধু ওঁরা কবে মন্ত্রীসভার আসন দখল করে বসবেন, সেই সুদিনের প্রত্যাশা করলে চলবে না। (এ ভয়েসঃ তা কেউ চায় না।) তারপর আমাদের শিক্ষা সম্বন্ধে সমালোচনা উঠেছে। শিক্ষা-মন্ত্রী মহাশয় নিজে উপস্থিত আছেন, তিনি তার উত্তর দেবেন। সে সম্পর্কে আমি বিশেষ কিছু বলতে চাই না। আমার ধৃষ্টতা মাফ করবেন—এটা হাউস অব এলডার্স। অনিলা দেবী বলেছেন ছেলেমানুষী কথায় লোকে হাসবে। তাঁকে বলবো—সেই ছেলেমানুষী ঝোঁক থাকা সত্বেও গত নির্বাচনে ২০ হাজারের বেশী ভোট পেয়ে এখানে এসেছি।

(শ্রীযুক্তা অনিলা দেবীঃ আমি আশীর্বাদ করি ভবিষ্যতে আরো বেশী ভোট পেয়ে এসো) যে ২৫টী নূতন সিনিয়র বেসিক স্কুল স্যাংকসন করা হয়েছে, তার মধ্যে উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ের সংখ্যা ৭টী। ২৪টী নূতন হাই স্কুলকে নূতন আপ গ্রেড করে একাদশ শ্রেণীতে ওঠান হলো। তাতে সবশুদ্ধ এর সংখ্যা দাঁড়িয়েছে ৩৮২। আর ৪২৫ জন এ্যাডিসনাল টিচার্স এই কাজের জন্য নিযুক্ত করা হয়েছে। তার জন্য সরকারের বাড়তি খরচ হবে ৪·৯৬ লক্ষ টাকা শুধু ১৯৫৭-৫৮ সালে।

তারপর ইউনিভার্সিটি এডুকেশন। এ সম্বন্ধে আমাদের এখানে কয়েকদিন আগে মাননীয় সদস্য শ্রীযুক্ত ক্ষিতিশ চট্টোপাধ্যায় মহাশয় অনেক সমালোচনা করেছেন, তার উত্তর আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় দেবেন। কিন্তু আমি দেখতে পাচ্ছি একটা সংখ্যা ১১ লক্ষ টাকা সেই খাতে ধরা হয়েছে। ৬টা নূতন ডিগ্রি কলেজ হয়েছে, তার মধ্যে ৪টা গবর্নমেন্ট স্পন্সর্ড, আর দুটা হয়েছে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে উদ্বাস্তু বিভাগের টাকা নিয়ে। তারপর টেক্‌নিকাল এডুকেশনের উপর সবচেয়ে বেশী নজর দেওয়া উচিত, কারণ আনএমপ্লয়মেন্ট প্রবলেম সলভ্ করতে হলে, যদি শুধু টেকনিক্যাল এডুকেশন বাড়িয়ে দিতে পারি, তাতেই যথেষ্ট বেশী কাজ হবে বলে আমি মনে করি। আমাদের যে নূতন পে-স্কেল হয়েছে তারজন্য বাড়তি ১১ লক্ষ টাকা শিক্ষকদের দেবার জন্য খরচ করতে হবে। আমাদের এখানে মাননীয় সদস্য শ্রীযুত স্নেহাংশু আচার্য মহাশয় যখন বক্তৃতা দেন, তখন বোধহয় এই প্রশ্নগুলি তাঁর মাথায় আসে নি। পুলিশ এবং প্ল্যানিং নিয়ে তিনি নানাধরনের ইঙ্গিত করেছেন। আমাদের স্বরাষ্ট্র বিভাগের পুলিশ মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি তাঁর জবাবে, তার রিপোর্টের কথা বলবেন। অম্বিকা চক্রবর্তী এবং জে বি সরকারের কেসকে, ওঁর মত একজন ধুরন্ধর ব্যারিস্টার কেমন ক'রে রেফার করলেন, যেটা একটা সাব-জুডিস্ কেস, এবং সেটার এখানে কোন প্রতিবাদ পর্যন্ত উঠলো না। আমি শুধু এই কথা বলতে চাই, উঁনি ব্যারিস্টার হয়ে, আইন জেনে শুনেও ভুল করবেন, তাতে কেউ কিছু বলবেন না, আর আমি আইন না পড়ে যদি আইনের কথা বলি তাহলে নিশ্চয়ই ভাল লাগবে না।

মাননীয় সভাপতি মহাশয়, আমার বিশেষ কিছু এর থেকে আর বলবার নেই। উদ্বাস্তু বিভাগের উপমন্ত্রী মহাশয়া, উদ্বাস্তু খাতে বিভিন্ন ব্যাপারে জবাব দেবেন। অরবিন্দবাবু

তিনি নিজেই বলেছেন, তিনি আর কিছু বুঝুন বা না বুঝুন—পুনর্বাসনের কাজটা ভালই বোঝেন। তিনি যে সমস্ত গঠনমূলক সমালোচনা করেছেন, সেগুলি নিশ্চয়ই কর্মের ভিতর দিয়ে কাজে লাগান হবে। বিধান পরিষদের বিভিন্ন দলের সদস্যগণ, তাঁরা যে গঠনমূলক সমালোচনার ভঙ্গীতে সমালোচনা করেছেন, তারজন্য আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ দিয়ে আমার বক্তৃতা শেষ করছি।

[12-20—12-30 p.m.]

The Hon'ble Abdus Sattar:

মাননীয় সভাপতি মহাশয়, বাজেট বিতর্ককালে কোন কোন সদস্য শ্রম বিভাগের উল্লেখ করেছেন, এবং অভিযোগ করেছেন যে, সরকারী নীতি মালিক ঘেঁষা। এর উত্তরে আমি শুধু এই কথাই বলতে চাই—যেমন সমসাময়িক সাহিত্য থেকে সেই দেশের সমাজ জীবন ও অন্য জীবনের পরিচয় পাওয়া যায়, তেমনি যদি মাননীয় সদস্যগণ শ্রম বিভাগের কার্যাবলী পরীক্ষা করে দেখতেন, তাহলে দেখতে পেতেন যে আমাদের এই নীতি মালিক ঘেঁষা নয়। অবশ্য মালিক ঘেঁষা নীতি বলে যদি তাঁদের বক্তৃতা জমাতে চান তাহলে সেকথা স্বতন্ত্র। কিন্তু এই অপবাদ দিলে আমি বলি সত্যের অপলাপ করা হয়। বাংলাদেশে ছাঁটাই আছে, অস্বীকার করি না, কিন্তু একথা আমি জোরের সঙ্গে বলতে চাই এই ছাঁটাই যখন করা হয়, তখন সরকার দৃঢ়-ভাবে তার বিরুদ্ধে দণ্ডায়মান হন এবং চেষ্টা করেন সেই ছাঁটাই-এর সংখ্যা কত কমান যায়। সাম্প্রতিক কালে কোন প্রতিষ্ঠান, তার নাম করে তার গুরুত্ব বা বৈশিষ্ট্য বাড়াতে চাই না, তবুও বলতে চাই, আপনারা দেখেছেন সম্প্রতি বার্মা সেল কোম্পানী যখন ১৯৫ জন লোককে ছাঁটাই করে তখন শ্রম বিভাগ তার বিরুদ্ধে দণ্ডায়মান হতে এতটুকু দ্বিধাবোধ করে নি। আমি আগেই বলেছি কারও নাম করতে চাই না। কিন্তু এমন কোন ক্ষমতাবান শিল্পপতি নেই যে তিনি তাঁর সামান্য দ্বারোয়ানকে পর্যন্ত ছাঁটাই করতে পারেন। সেই সমস্ত ছাঁটাই আমরা ট্রাইবুনাল-এ পাঠাই তাদের পুনর্বহালের জন্য। এই সমস্ত কার্য যদি আপনারা পর্যালোচনা করে দেখেন তাহলে কোনমতেই এই অপবাদ দিতে পারবেন না। আপনারা জানেন যে সরকারের কাছে যে কোন বিষয় রিপোর্ট আসে, সেই রিপোর্ট অনুযায়ী সেই বিষয় ট্রাইবুনাল-এ পাঠান সরকারের ইচ্ছা বা অনিচ্ছার উপর নির্ভর করে। আইনে কোথাও নেই যে সমস্ত বিষয় ট্রাইবুনাল-এ পাঠাতে হবে। তবুও সরকার পাঠায় কেন? এই জন্য পাঠান কারণ সরকার মনে করেন যে বিচারের অধিকার এই দরিদ্র শ্রমিকদের পাওয়া উচিত। এই নীতি কি মালিক ঘেঁষা নীতি? মালিক কি চায় না যে তার একজন কর্মচারীকে বরখাস্ত করবার অধিকার বা ক্ষমতা থাকুক? শেষ সিদ্ধান্ত তার। সরকার সেই সিদ্ধান্ত মানতে চান না। আমরা অবশ্য কোন প্রদেশের নাম করে কারো মনে উত্তেজনা বৃদ্ধি করতে চাই না, আমরা শিল্পপতিকে বলতে পারি না যে তোমরা তোমাদের শিল্পকে বাড়িয়ে তোলো, আমরা লেবার আনরেস্ট হতে দেবো না একথা আমরা বলতে পারি না। আমরা বারবার বলেছি যে লেবার আনরেস্ট যদি বন্ধ করতে হয় তাহলে মালিক পক্ষকে তার কর্তব্য পালন করতে হবে, আইন সঙ্গত অধিকার শ্রমিককে দিতে হবে। গত ১০ বৎসর ধরে আমরা একের পর এক শ্রমনীতি গ্রহণ করেছি, সেই নীতি কার্যকরী করার সঙ্গে সঙ্গে বাংলা-দেশের অধিকাংশ ক্ষেত্রে লেবার আনরেস্ট কমে এসেছে। এই সঙ্গে সঙ্গে শ্রমিককেও বলতে চাই, একথা ভুললে চলবে না আজকে শ্রমিকের কল্যাণ শিল্পের কল্যাণের সঙ্গে যুক্ত হয়ে আছে। শিল্পের উন্নতি না হলে, অর্থ সমাগম না হলে শ্রমিকের কল্যাণ হতে পারে না। সেইজন্য আমি ব্যক্তিগতভাবে মনে করি পশ্চিমবঙ্গের শিল্পে শান্তি যাতে রক্ষিত হয় সেই কাজ করা উচিত। সেইদিকে লক্ষ্য রেখেই আমরা কাজ করছি। শিল্পের ক্ষেত্রে, অন্যান্য ক্ষেত্রে বিরোধ আছে, বিরোধ থাকবে এবং বিরোধ হবে। সেই বিরোধ আমরা আলাপ আলোচনার দ্বারা নিষ্পত্তি করতে চাই। তাতে যে সুফল ফলে সেটা প্রমাণ করবার জন্য একটা কথা উল্লেখ করতে চাই। এই সভার কোন এক সভ্য আমাকে একটা চিঠি লিখেছিলেন সেই চিঠিটা আমি পড়তে চেয়েছিলাম না কারণ এতে আমার একটু প্রশংসা করা হয়েছে, আমি প্রশংসা চাই না। কিন্তু

এই যে অপবাদ দেওয়া হয় যে আমাদের নীতি মালিক ঘেঁষা নীতি, সেটা যে ভ্রান্ত অর্থাৎ আমাদের নীতি মালিক ঘেঁষা নীতি নয় সেটা প্রতিপন্ন করবার জন্যই আমি এটা পড়ছি—

> Since the assumption of office you have initiated a new policy of settlement of labour disputes by negotiation and personal intervention and the measure of success it has achieved during the last few years is highly encouraging.

এই পত্র কোন কংগ্রেস পক্ষের সভ্য লেখেন নি, ঐ পক্ষের মাননীয় নির্মল ভট্টাচার্য মহাশয় লিখেছেন। এই থেকে বোঝা যায় যে আমাদের নীতি মালিক ঘেঁষা নয়। আমাদের নীতি হচ্ছে—যদি আমরা শ্রমিকের কল্যাণ করতে চাই, যদি আমরা জনকল্যাণ রাষ্ট্র গড়তে চাই তবে সেটা রূপায়ণ করতে যে নীতি নেওয়া উচিত আমরা সেই নীতিই গ্রহণ করেছি। আজকে বার বার এই কথা আপনাদের বলছি যে, আপনারা যদি শ্রম বিভাগের কার্যাবলী দেখেন তাহলে এই কথার উত্তর পাবেন। আজকে অনেক ক্ষেত্রে আমরা শান্তি প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছি। এই কার্যে এই দিকে যারা বসে আছেন, ঐদিকে যারা বসে আছেন আজকে যদি শ্রমিকের কল্যাণ করতে চাই তাহলে তাদের সহযোগিতা আমরা কামনা করি। আজকে বলতে পারেন। কিছু কিছু জায়গায় ছাঁটাই হচ্ছে। বিশেষ করে পাটকলে ও চা বাগানের কোথাও কোথাও। কিন্তু এখানে অন্য প্রদেশের সঙ্গে পশ্চিমবঙ্গের পার্থক্য আছে। পাট এবং চায়ের যে অবস্থা তা নির্ভর করে বিদেশী বাজারের উপর। বম্বেতে আপনার বেশীর ভাগ শ্রমিক কাজ করে কাপড়ের কলে এবং কাপড়ের বাজার ভারতবর্ষ স্বয়ং।

[12-30—12-40 p.m.]

কিন্তু চায়ের বাজার শুধু সমগ্র ভারতবর্ষেই ছড়িয়ে নেই, তা ভারতবর্ষের বাইরেও আছে। একথা বার বার মনে রাখতে হবে যে আমরা কি? আমাদের যদি শিল্পকে উন্নত করতে হয়, যখনই দরকার কাজ করতে দ্বিধাবোধ না করা এবং যদি সাহসের প্রয়োজন হয় সে সাহস আমাদের দেখাতে হবে। আজকে আন্তর্জাতিক ক্ষেত্রে পাট প্রতিযোগিতার সম্মুখীন হয়ে যদি টিকে থাকতে পারে তবেই পাটকল থাকবে নতুবা আজকে দু'লক্ষ ৩০ হাজার শ্রমিক যারা নিযুক্ত আছে তারা বেকার হয়ে যাবে। আজকে যে র‍্যাসনালাইজেসন-এর নীতি আমরা গ্রহণ করেছি সংবাদপত্রেও দেখেছেন যে কেন্দ্রীয় সরকার থেকে বহু টাকা কলগুলিকে মডার্নাইজ করার জন্য দেওয়া হয়েছে—সঙ্গে সঙ্গে মডার্নাইজ করতে গিয়ে কোম্পানীকে একথাও স্বীকার করতে হয়েছে যে ছাঁটাই করা চলবে না, তাদের বিকল্প ব্যবস্থা করতে হবে। যদি একসঙ্গে বসে আলোচনা করে বিকল্প সংস্থানের ব্যবস্থা একান্ত না-ই করতে পারা যায় তাহলে তাদের যে প্রাপ্য হয় সে প্রাপ্য তাদের দিয়ে দেওয়া হয়। কাজেই একথা বল্লে ঠিক হবে না যে পশ্চিমবঙ্গের শ্রমনীতি মালিক ঘেঁষা নীতি। আমার বক্তব্য আর দীর্ঘ করতে চাই না কারণ সদস্য মহাশয়রা বারে বারে ঘড়ির পানে চাইছেন। আরও অনেকে আছেন হয়ত দীর্ঘভাষণ করতে হবে। আমি একথা বলেই আমার বক্তব্য শেষ করবো যে আজকে পশ্চিমবঙ্গে শ্রমনীতিকে এভাবে পরিচালিত করতে চাচ্ছি যাতে শ্রমিকদের কল্যাণ হয় এবং সঙ্গে সঙ্গে দেশেরও কল্যাণ হবে। শ্রমবিভাগ একথা ভুলতে চায় না, ভুলতে পারে না যে জাতীয় জীবন থেকে শ্রমিকদের জীবন বিচ্ছিন্ন করা যায় না। জাতীয় কল্যাণ না করে শ্রমিকদের কল্যাণ করা যায় না। জাতীয় উন্নয়ন, জাতীয় সম্প্রসারণের জন্য এই শ্রমিকদের উন্নতি ও সম্প্রসারণ করা যায় না—সেজন্য আজকে জাতীয় জীবনে সঙ্গতি রেখে শ্রমিক আন্দোলন পরিচালিত করতে হবে—একে শ্রেণী আন্দোলনে পর্যবসিত করলে চলবে না। একথা বলেই আমার বক্তব্য শেষ করছি এবং দৃঢ়তার সঙ্গে ঘোষণা করছি আমাদের নীতি জনকল্যাণের সঙ্গে সঙ্গতি রেখে, কংগ্রেস যে সমাজবাদ প্রতিষ্ঠা করতে চায় তার সঙ্গে সঙ্গতি রেখে এই নীতি নির্ধারণ করা উচিত—তাই আমরা করে চলেছি এবং করবো।

Sj. Satya Priya Roy: Mr. Chairman, Sir, it is more than 12-30 today. There will be many members on the Government side to speak and we want to hear them properly. So I suggest that let another day be fixed for discussion. In this connection I beg to submit that on the last occasion when

the Police Minister, Mr. Kali Pada Mookerjee, asked you to adjourn the House, you adjourned the House even before 12-15. Whenever he pressed, you adjourned the House even without waiting for a second.

Mr. Chairman: Mr. Roy, I was always eager to continue the House till 12-30, but then I felt not only members on this side, members on your side also, were not willing to sit till that hour. Whatever it may be we must finish this debate today.

Sj. Satya Priya Roy:

আমরা ১২-৩০ মিঃ পর থাকতে পারি না, উনি কৈফিয়ত দিন কেন উনি আমাদের রোজ ১২-১৫ মিঃ এর আগেই উঠবার কথা বলতেন।

The Hon'ble Kali Pada Mookerjee:

আমাদের ধৈর্য আছে, ১২-৩০ মিঃ এর পরও ঠিক আলোচনা করতে পারবো।

Sj. Satya Priya Roy:

গত দিনে আমরা ৪৫ মিঃ সময় আরও পেতে পারতাম। তা না করে তাদের খেয়ালখুশীমত —যেমন খুসী তেমনি হাউস চালাবেন—আর আমাদের অপোজিসন-এর রাইট (স্বার্থ) রক্ষা করছেন না—এটা ঠিক নয়। রোজ যেমন ১২-১৫ মিঃ এ বন্ধ করেন আজও তেমনি হোক্।

স্যার, আমাদের বেলায় স্কুল মাস্টারী করলে তো চলবে না?

Mr. Chairman: I am not behaving like a school master. I have got that much sense.

Sj. Satya Priya Roy: Did you not notice that the other day we wanted to continue the meeting but it was adjourned earlier because the Government did not want to?

Mr. Chairman: We are at the fag end of the meeting. There will be two or three short speeches.

Sj. Satya Priya Roy: It is already 12.35.

Mr. Chairman: I know that. Let us continue till 1 o'clock. The usual practice is to sit up to 12.30, but sometimes exceptions do happen. I will request you and appeal to your good sense to finish the debate.

Sj. Nirmal Chandra Bhattacharyya: There is one point to which I would like to draw your attention. You allotted certain time to us and certain time to the other side. We never exceeded that time. Why should they?

Mr. Chairman: When the allocation of time was made we were not sure how many will speak from this side and how many from the other side. It was a sort of approximate arrangement and I would not like to insist upon the pound of flesh in this matter.

Sj. Nirmal Chandra Bhattacharyya: It was decided by the Chief Whip of the Government Party.

Mr. Chairman: I will see that in future this is adhered to more strictly.

Sj. Nirmal Chandra Bhattacharyya: They might have rationed their time. Why did they not? It means that we are not being treated on the same plane as the other side.

Mr. Chairman: Miss Banerjee, please make a short speech.

[12-40—12-50 p.m.]

Sjta. Maya Banerjee:

মাননীয় সভাপতি মহাশয়, এ হাউসে বিরোধী পক্ষ যে রকম উষ্মা প্রকাশ করেছেন তাতে আমি একটু সন্ত্রস্ত হয়ে উঠেছি! যে তাঁদের ধৈর্য থাকবে কি না। যে সব প্রশ্ন তাঁরা করেছেন—বাজেট আলোচনা করতে গিয়ে তার যথাযথ উত্তর তাঁরা চান না বলেই বোধহয় এই উষ্মা। যাই হউক, সরকার পরিচালনার যখন সমস্ত দায়িত্ব আমাদের উপর রয়েছে এবং বিধান পরিষদের সদস্য হিসাবে যখন প্রত্যেকের দায়িত্ব আছে, তথাপি মাঝে মাঝে এমন করা হয় এখানে যাতে মনে হয় এই দায়িত্ববোধ আমাদের নাই। যখন বাজেটের খরচ-খরচা নিয়ে এখানে আলোচনা করা হচ্ছিল, এবং বাজেট মঞ্জুর হওয়ার পূর্বে সরকারী কর্মচারীরা নাকি দুর্নীতি কোরে কল্যাণ রাষ্ট্রের কল্যাণ করতে দেবেন না বোলে প্রায়ই বিরোধী পক্ষের সদস্যেরা বলেন, তখন বলতে হয় জনসাধারণের ট্যাক্সের মধ্য দিয়ে যে অর্থ এখানে আসে এরও কিছু কিছু অংশ বিধান পরিষদের সদস্যেরা কন্‌ট্রিবিউশন করেন, এবং তা কোরে দেশের এই বিরাট সমস্যার কথা আলোচনা করতে যেয়ে, বাজেট পর্যালোচনা করতে যেয়ে, দেশের সমস্যাসমূহের সমাধানের জন্য যে ধৈর্য এবং জ্ঞানের পরিচয় দেওয়া দরকার, মাঝে মাঝে বিধান পরিষদের বা বিধানসভার কাজে তা ব্যাহত হয়। ভবিষ্যতে এগুলি দেশের লোকে ক্ষমা করবেন কি না জানি না। তথাপি গত ৪ দিন বাজেটের যে সাধারণ আলোচনা করেছেন তাতে দেখেছি যে খুব কম সদস্যই বিরোধী দলের এই বাজেট আলোচনায় অংশ গ্রহণ করেছেন। অবশ্য তা নিয়ে দুঃখ করার কিছু নেই। যত দোষ সরকারকে দেওয়া হচ্ছে ১০ বছর রাজত্ব চলবার পরও তাঁরা এখনও রপ্ত কোরে উঠতে পারেন নি। কিন্তু স্বাধীন রাষ্ট্রের বিধান পরিষদের সদস্যেরাও তাঁদের কি দায়িত্ব তা বোধহয় এখনও রপ্ত করতে পারেন নি। কারণ বাজেট আলোচনা করতে বাজেটের প্রতিটি 'আইটেম'-এর সঙ্গে দেশের সমস্যা—কো-রিলেটেড কোরে—আলোচনা করতে এখানে আমরা দেখলাম না।

শ্রদ্ধেয় ত্রিপুরারি চক্রবর্তী মহাশয় ১৯৪৭ সালে গান্ধীজীর একটা প্রার্থনা সভা থেকে একটা কোটেসন তুলে দিয়ে ১৯৫৮ সালের বাজেট সমালোচনায় তাঁর দায়িত্ব শেষ কোরে দিলেন। এমন কি এরকম কথাও বললেন যেন ভারতবর্ষের মাটিতে আমাদের জন্ম হয় নি, যেন ভারতবর্ষের তখনকার আন্দোলনে অংশ গ্রহণ করি নি আর গান্ধীজীকেও সশরীরে দেখি নি। কিন্তু আমি সসম্মানে তাঁকে বলতে চাই যে আজকের ১৯৫৮ সালের বাজেটে সে কথা আসে না। তবুও তিনি যখন বলেছেন তখন উত্তর দিতে হবে। বই পত্র আমরাও একটু ঘাঁটি। তিনি টেন্ডালকারের বই থেকে পিয়ারীলালের লাস্ট পেজটুকু পড়েছেন। যদি বলতেন—কিসের জন্য পার্টিশন হয়েছিল, কিসের জন্য সভারেন বেংগল-এর কথা গ্রহণ করতে পারেন নি—(শ্রীযুক্ত ত্রিপুরারি চক্রবর্তীঃ পিয়ারীলালের লাস্ট পেজ পড়েই বলেছি)।

চেয়ারম্যান মহাশয়! আমি ইন্টারাপসন পছন্দ করি না। এই হাউসের একজন স্বনামধন্য অধ্যাপক হয়ে এই ভুল করা কর্তব্য নয়। যাই হউক মাঝে মাঝে হাউসে এই রকম কথা শুনে মনে হয় যে, কলেজ জীবনে এথিকস্-এর ক্লাসে বসে বসে যেমন কোরে আমাদের নৈতিক চরিত্র, নৈতিক মান কি কোরে রাখতে হবে সেই শিক্ষা দিতেন, সমাজের নৈতিক মান কি কোরে উঁচু রাখতে হবে শেখান হ'ত, আজও যেন সেই পর্যায়ে থেকে গিয়েছি।

Mr. Chairman: Please confine yourself to the Budget.

Sjkta. Maya Banerjee: I am coming to that.

যদি আমাদিগকে সেই পর্যায়ে রেখে দেওয়া হয় তাহলে বাজেটের আলোচনাই হবে না।

তারপর আমাদের শ্রদ্ধেয় সদস্য কে পি চট্টোপাধ্যায় মহাশয় অনেক কথা বলেছেন। দেশে গণতান্ত্রিক রাষ্ট্র গঠন করা সম্বন্ধে এখনও নাকি অনেক সন্দেহ আছে। যে সমস্ত জাতীয় সম্প্রসারণ ব্লক আজ গঠন করা হয়েছে, যে সমস্ত সমষ্টি-উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, কল্যাণ রাষ্ট্রের মানুষের উপকার করবার জন্য, গ্রামের মানুষকে শহরের মানুষের সমান সমান কোরে তৈরী কোরে শিক্ষা, স্বাস্থ্য, উৎপাদন ব্যবস্থা, জলকষ্ট নিবারণ, রাস্তা নির্মাণ করে দিয়ে

তাদের সভ্য সমাজের দিকে টেনে আনবার যা কাজ হয়েছে তা পূর্বের সঙ্গে তুলনা করলে বুঝতে পারবেন যে খুব বেশী কাজ করা হচ্ছে কি না। ওঁদের কথা, সরকার নাকি সেখানেও সমস্ত ক্ষমতা হাতে রেখে দিয়ে সমষ্টি-উন্নয়নের কথা বলছেন এবং গণতন্ত্রের নামে এ এক অদ্ভুত খিচুড়ি ব্যবস্থা হচ্ছে। বিধান পরিষদ কক্ষে সভাপতির আসনের পিছনের দিকে দেখিয়ে বলেছেন যে ব্রিটিশ পরিষদ যখন ছিল, তখন সভাকক্ষে যা ছিল এখনও তার পিছনে দেখছি ঐ যে আমাদের প্রতীক, জাতির ভবিষ্যৎ আশা এবং যে আদর্শ আমরা দেখেছি সেটার নাকি কোনক্রমে রংটা পাল্টে দেওয়া হয়েছে এবং গণতন্ত্রের রূপ দেওয়া হয়েছে। ব্রিটিশ সরকারের বন্ডেজ-এর যে প্রতীক ছিল, তাকে সরিয়ে দিয়ে অশোকচক্র সেখানে বসান হয়েছে এবং তার জন্য বলেছেন সেটা খিচুড়ী সভ্যতার একটা অঙ্গ। কিন্তু আমি তার সঙ্গে একমত নই। তিনি এন ই এস ব্লক দেখলে বুঝবেন যে, সেই বুরোক্র্যাটিক মনোবৃত্তি নিয়ে সেটা করা হয় নি। এই নিয়ে এড্‌ভাইসরি বোর্ড হয়েছে, এবং এই এড্‌ভাইসরি বোর্ডে শিক্ষক প্রতিনিধি থাকেন, সমাজসেবী যাঁরা তাদের প্রতিনিধি—তারাও থাকেন, লোক্যাল এম এল এ-রা এক্স-অফিসিও মেম্বার হিসাবে থাকেন। সেজন্য সরকার কুক্ষিগত করে এমন জিনিস রাখতে পারেন না যার মধ্যে না কি জনসাধারণের প্রতিনিধিদের স্থান দেওয়া হয়েছে। এখানে বাস্তুহারা সমস্যা নিয়ে বলা হয়েছে। বাস্তুহারা সমস্যা যে কত বড় সমস্যা তা বাংলাদেশের প্রতিটি মানুষ শুধু নয়, ভারতের প্রতিটি মানুষ জানে, এবং শুধু ভারতবর্ষের নয়, বিশ্বের বিভিন্ন সাম্যবাদী রাষ্ট্র থেকে পর্যন্ত যাঁরা আসেন তাঁরা দেখে যান যে আজ এটা আমাদের কত বড় সমস্যা। খুব বেশী দূরে যাবো না, কিছুদিন আগে রুমানিয়ার নেতা সোয়েকা এসেছিলেন, তিনি নিজে বলেছিলেন এত বড় একটা সমস্যা, বাংলাদেশের মত একটা ছোট্ট স্টেট—যে দেশে নাকি জমি নেই, যে দেশে পপুলেশন এত বেশী সে দেশ কি করে ৩২ লক্ষ লোককে আলিঙ্গন করে নিল নিজেদের ভাইবোন হিসাবে তাঁদের মনে করে? (বিরোধী পক্ষের বেঞ্চ হইতে হাস্য) মাননীয় সভাপতি মহাশয়, এটাকে হেসে উড়িয়ে দেওয়া যায় না। তাঁরা যখন প্রসেসন নিয়ে আসেন নিজেদের দল বাড়াবার জন্য তখন তো তাঁদের এমন হাসি বেরোয় না। বাংলাদেশের কৃষ্টি আছে, সভ্যতা আছে বলেই তাঁরা এটা করতে পেরেছেন। এবং এই ৩২ লক্ষ লোকের মধ্যে আমরা জানি যে ২॥ লক্ষ লোক আমাদের ক্যাম্পে রয়েছেন। কিছুদিন আগে বাজেট আলোচনার সময় আমাদের পুনর্বাসন বিভাগের শ্রদ্ধেয় মন্ত্রী খুব বোল্ড একটা স্টেটমেন্ট দিয়ে সারা বাংলাদেশে বাস্তুহারা ভাইবোনদের কি অবস্থা এবং সরকার তাঁদের জন্য কি করতে চান এবং কি করলে তাঁদের ভবিষ্যতে উন্নয়নের পথে নিয়ে যাওয়া যাবে, তাঁদের সমস্যার সমাধান করা যাবে সে সম্পর্কে একটা আসল চিত্র তুলে ধরেছেন। দুঃখের বিষয়, সভাপতি মহাশয়, তাতেও আবার রিমার্ক করা হয় যে এতদিনে তাঁরা বাস্তব অবস্থাটা বুঝেছেন। বাস্তব অবস্থা প্রতি বছরই বুঝা হয় কিন্তু অবস্থার পরিবর্তন হয়। এ বছর আগে যেভাবে সমস্যার সমাধান করবেন বলে সরকার মনে করেছিলেন, আজকে হয়ত মনে করছেন তার চেয়ে আরো বেশী করতে পারবেন। সেজন্য ইন্ডিভিজুয়ালী প্রতি পরিবারে পরিবারে ট্যাটিস্টিকস নেওয়া হয়েছে, কেননা আজকে এক্কোডাস নেই, আজকে হঠাৎ ৫০ হাজার লোক এসে পড়ছেন না। সরকারের হাতে সেই সুযোগসুবিধা আছে, সেই মেসিনারী তাঁরা কল্যাণের কাজে লাগিয়েছেন। পুনর্বাসন করবেন বলে আজকে যাঁরা ক্যাম্পের বাইরে আছেন তাঁদের ঘরে ঘরে যাওয়া হয়েছে, এমন কি যাঁরা সরকারের মাধ্যমে পুনর্বাসন পান নি, যাঁরা নিজেরা কলোনী তৈরী করেছেন তাঁদেরও ঘরে ঘরে গিয়ে পরিসংখ্যান আনা হয়েছে এবং সেই পরিসংখ্যানে দেখানো হয়েছে যে—ক্যাম্পের বাইরে যাঁরা আছেন আমি তাঁদের কথা বলছি—৭ টাকা, ৮ টাকা, ৯ টাকা থেকে শুরু করে খুব বেশী যদি হয় তো ১৭।১৮ টাকা পর্যন্ত তাঁদের মাসিক পার ক্যাপিটা ইনকাম। সেজন্য আমরা মনে করেছি যে আমাদের অনেক বড় দায়িত্ব থেকে গেছে। আজকে যাঁরা নিজেরা কলোনীতে জবর দখল করে হোক, কি নিজেরা জমি কিনে হোক, কি পূর্ববঙ্গ থেকে যেভাবে পেরেছেন টাকাপয়সা নিয়ে এসে যেরকমভাবে ব্যবস্থা করেই হোক আছেন, তাঁদের অর্থনৈতিক পুনর্বাসনের কাজে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ৬০ কোটি টাকা ভারত সরকারের কাছে চাওয়া হয়েছে। আমি মনে করি সকলেরই, তাঁরা যে দলেরই সদস্য হোন, তাঁরা যদি বাংলাদেশকে ভালবাসেন, পূর্ববঙ্গের বাস্তুহারা ভাইবোনদের ভালবাসেন—কেবলমাত্র প্রোসেসন এনে যদি তাঁদের দায়িত্ব শেষ না করেন—তাহলে এই যে

৬০ কোটি টাকা ভারত সরকারের কাছে চাওয়া হয়েছে তাতে একমত হয়ে ইউনানিমাসলী তাঁরা এটা সমর্থন করবেন। এই ৬০ কোটি টাকা কিসের জন্য চাওয়া হয়েছে খুব অল্প কথায় সেটা বলে দিচ্ছি।

[12-50—1 p.m.]

এর মধ্যে ধরেছি ৮ লক্ষ ১৩ হাজার লোক তাঁদের হয়ত কেউ চাকরী পেয়েছেন, কেউ হয়ত ট্রেড লোন পেয়েছেন, কেউ হয়ত বিল্ট হাউসে আছেন—এরকম লোকদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য কিছু টাকা আমরা খরচ করবো। ১॥ হাজার টাকা প্রতি পরিবার পিছু খরচ করলে ৯ কোটি টাকা আমরা তাঁদের জন্য দিতে পারি। এ ছাড়া ১ লক্ষ ১৬ হাজার এগ্রিকালচারাল ফ্যামিলি আছেন, তাঁদের মধ্যে কারো কারো পুনর্বাসন হয়েছে, কারো কারো হয় নি ; তাঁদের জন্য আমরা ৩ হাজার টাকা পার ফ্যামিলি ধরে ১৩ কোটি টাকা ধরেছি। এ ছাড়া ৬৪ হাজার নন্ এগ্রিকালচারাল ফ্যামিলি আছে, তাঁদের জন্য আমরা ৩ হাজার টাকা করে ৮·৫ কোটি ধরেছি। এছাড়া ১ লক্ষ ২ হাজার রুরাল নন্ এগ্রিকালচারাল ফ্যামিলি রয়েছে, এর মধ্যে ২৬ হাজার ৪ শো জন পার্সিয়াল রিহ্যাবিলিটেসন পেয়েছে, আর ৭৫ হাজার ৬ শো জন যাঁদের রিহ্যাবিলিটেসন হয় নি তাঁদের ৪ হাজার টাকা পার ফ্যামিলি ধরে আমরা ৩০ কোটি টাকা ধরেছি। অ্যাপ্রোক্সিমেটলী ৬০ কোটি টাকা আমরা এইভাবে চেয়েছি। সেজন্য সভাপতি মহাশয়, যখন দেখি এই বিধান পরিষদে কেউ কেউ মাননীয় সদস্যরা বলেন যে কেন ক্যাম্পকে নেগলেক্ট করে ক্যাম্পের বাইরে যাঁরা আছেন তাঁদের প্রতি দরদ দেখানো হচ্ছে তখন দুঃখ হয়, কেন না এই টাকা ছাড়া আজকে তাঁদের রুজিরোজগারের কোন ব্যবস্থা হোতে পারে না। এর মধ্যে অন্য কোনরকম রাজনৈতিক নয়ই, অমঙ্গলসূচক কোন মনোভাব যে থাকতে পারে তা আমরা অন্ততঃ মনে করি না। আমাদের সম্পূর্ণ দায়িত্ব থেকে গেছে ক্যাম্পের বাইরে যাঁরা রয়েছেন তাঁদের প্রতি। ক্যাম্পের মধ্যে যাঁরা রয়েছেন তাঁদের সম্পর্কে অনেক রকম কথা হচ্ছে, কিছুদিন আগে সত্যাগ্রহ আন্দোলনও হয়েছে যে ক্যাম্পের বাইরে তাঁরা কেউ যাবেন না। আজও সে সম্পর্কে বক্তৃতা হয়েছে। কিন্তু আজকে এসম্পর্কে কি কোন সন্দেহ আছে যে পশ্চিমবাংলায় কোন জমি নেই। পশ্চিমবাংলার জমির স্ট্যাটিসটিকস্ আমরা বহুবার দিয়েছি, তবুও প্রতিবার সেখানে একবার করে কথা উঠে এবং যেহেতু কথাগুলি উঠে সেহেতু আমাদেরও কিছু বলার দায়িত্ব থেকে যায়। আমি আবার বলছি যে পশ্চিমবাংলায় ১৯৫৮ সালে যে সার্ভে হয়েছে তাতে দেখা যাচ্ছে যে ৫·৭৮ লক্ষ একর পোড়ো জমি পড়ে আছে এবং এর মধ্যে সাব মার্জিনাল হচ্ছে ২·৪৭ লক্ষ একর এবং এই ২ লক্ষ একর জমি আমাদের বাস্তুহারাদের কিছু কিছু দখলে আছে। এছাড়া বাস্তুহারাদের দখলে যে কিছু কিছু জমি এসেছে তার একটা হিসাব আমি দাখিল করছি। সরকারের দখলীকৃত যা জমি সেটা হল ৬১ হাজার একর। সরকারী ঋণ নিয়ে যা জমি কিনেছেন সেটা হোল ৯৭ হাজার একর। বাস্তুহারারা নিজেরা কিনেছেন ৫০ হাজার একর। এই হোল ২ লক্ষ ৮ হাজার একর জমির খবর। অন্যদিকে এস্টেটস অ্যাকুইজিসন এ্যাক্ট হওয়ার ফলে আমরা যে জমি সরকারের হস্তগত হবে ভেবেছিলাম সেই জমির কি অবস্থা? সেই জমি আমরা যা পেয়েছি ৪ লক্ষ একর তার কি অবস্থা দেখুন। ৭ লক্ষ বর্গাদার এবং ভূমিহীন কৃষক পশ্চিমবাংলায় গ্রামে গ্রামে আজকে ছড়িয়ে আছে। মাননীয় সদস্য ত্রিপুরারি চক্রবর্তী মহাশয় আজকে বলেছেন যে আমরা তাঁদের বাংলার বাইরে জঙ্গলে ছেড়ে দিচ্ছি কেন, না তাঁরা থাকলে নাকি বাংলার যে সংস্কৃতি, বাংলার যে কৃষ্টি তাতে আমাদের ভাগে কিছু ক্ষতি হয়ে যাবে। এ হয় না, তার জন্য আজ তাঁদের পাঠাবার দরকার হচ্ছে না। দণ্ডকারণ্যের কথা উঠেছে। তারা যদি আজকে গ্রামে গিয়ে স্থানীয় কৃষকদের মত করাতে পারেন—যারা বর্গাদার, যাঁরা ভূমিহীন কৃষক, তাঁরা তাদের জমি ছেড়ে দেবেন বাস্তুহারা ভাইবোনেদের, তাহলে আমাদের কাজ অনেকখানি এগিয়ে যায়। কিন্তু তা সম্ভব নয়। আমি স্ট্যাটিসটিকস্ দিয়ে দেখিয়ে দেব—বেশী দূরে যেতে হবে না, সোনারপুর, আরাপাঁচ বাগজোলা স্কীম। সরকার মনে করেছিলেন যে ২০ হাজার একর জমি আমরা সোনারপুরে পাবো এবং ১০ হাজার একর জমি পাবো বাগজোলায়। কাজ হয়ে যাবার পরে পাওয়া গেল সোনারপুরে ৪ হাজার ২ শো একর জমি, আর বাগজোলায় ১ হাজার ৪ শো একর জমি এবং সেখানে কি অবস্থা? বিধানসভায় আমরা বলেছি যে সেখানে আন্দোলন করা হয়েছে

—বিরোধী দলও তাতে আছেন—স্থানীয় লোকেরা, বিশেষ করে যাদের ৬ বিঘা জমির কম স্বত্ব রয়েছে, তারা—সেই জমি ছাড়তে রাজী নয়। সেজন্য আজও সেখানে গিয়ে দেখতে পাবেন যে ওয়ার্কসাইট ক্যাম্পে বসিয়ে রেখে বাস্তুহারা ভাইবোনদের আমরা সেখানে খাওয়াচ্ছি। সেজন্য আমাদের যে ১৭২টা ক্যাম্প রয়েছে তা আমরা ডিজল্ভ করতে পারি নি, ইচ্ছা থাকা সত্ত্বেও। তার জন্য আমরা মনে করেছিলাম যে পঞ্চবার্ষিক পরিকল্পনায় কোটি কোটি টাকা খরচ করে দণ্ডকারণ্যে ৮০ হাজার বর্গমাইল ধরে পরিকল্পনা করে যে উন্নয়নের কাজ হবে—তার সামান্য কাজ আরম্ভ হয়েছে—তাতে তাকে যদি আমরা উন্নত করতে পারি তাহলে আমরা সেখানে তাঁদের কিছু কিছু পাঠাবো। তাঁদের এখনই যাওয়ার কথা মোটেই হয় নি। আজকে আমাদের ট্রানজিট ক্যাম্প, রিহ্যাবিলিটেসন ক্যাম্প, হোমস্ ইত্যাদিতে যাঁরা রয়েছেন তাঁদের জন্য আমরা এখন মাথাপিছু প্রায় ২১ টাকা করে খরচ করি। এই টাকাটা অপব্যয় বলে আমরা মনে করি কারণ তাতে তাঁরা খুসী নন। কেউ কেউ মেয়েদের কথা বলছিলেন। মেয়েদের অসুখের কথা, লজ্জার কথা সবই আমরা জানি—আমরাও তো মেয়ে। আমি সব ক্যাম্পে যাই, এমন কোন্ ক্যাম্প আছে যে ক্যাম্পে আমি যাই নি, সেখানে মেয়েদের দেখে আসি নি? কিন্তু দেখে দুঃখ হয় সেই সমস্ত মেয়েদের দুর্দশার সুযোগ নিয়ে যখন কোলকাতা মহানগরীর রাজপথে তাঁদের হাটিয়ে নিয়ে এসে আবার ফিরিয়ে দেওয়া হয়।

বেশী দিনের কথা বলব না এই বিধানসভায় যখন বাজেট চলছিল তখন একদিন আমার বাড়িতে সকালবেলায় দেখি দুধকুণ্ডু পি এল ক্যাম্প থেকে আমি তখন কলকাতায় ছিলাম না সকালবেলা ফিরে দেখলুম ৬ জন মেয়ে আমার বাড়ীর নিচে শুয়ে আছে। আমি তখন জিজ্ঞাসা করলাম মা তোমাদের কে আমার কাছে পাঠিয়েছে, কি কোরে আমার বাড়ি চিনে এলে, কার সঙ্গে এলে? পি এল ক্যাম্প-এর মেয়ে, মনে করুন পার্মানেন্ট লায়াবিলিটিজ, তারা কোথায় রাত্রিতে থাকবে, কোথায় না থাকবেন সব দায়িত্ব এদিকে সরকারের, তাদের এরা ক্যাম্প থেকে কি কোরে বের করে নিয়ে এলেন, কি করে পরের বাড়ির উঠানে শুইয়ে দিলেন, এ কেউ হিসেব নিচ্ছে না। ভদ্রকালী ক্যাম্প-এ নির্বাচনের পরে গিয়ে দেখেছিলাম পোস্টার মেরে রাখা হয়েছে মেয়েরা দাবী করছে ৫ হাজার টাকা আমরা এক্ষুনি চাই, আমাদের ডোলের টাকা থেকে মামলা চালাবার জন্য প্রোসেসান করবার জন্য এবং এজন্য চাঁদা তোলা হচ্ছিল।

আমরা ক্যাম্প এই ভাবে রাখতে চাই না জমির সন্ধান আমরা করছি এবং গত নাইন্থ এপ্রিল-এর মিটিং-এ প্রধানমন্ত্রী মহাশয় রিফিউজির যে এ্যাডভাইসরি কমিটি আছে তাতে বলেছেন যে সাবমার্জড ল্যান্ড যেগুলি রয়েছে বাঁকুড়া, বর্ধমান, মেদিনীপুর এই সব জায়গার যেসব জমি-যেগুলি নাকি শক্ত জমি সেখানে গিয়ে গ্রাম করে বাস্তুহারা ভাইবোনদের পুর্নাসনের জন্য চেষ্টা করব। এবং সেই খাতে আমাদের টাকা আছে। সর্বসাকুল্যে এই সমস্ত কাজ পুনর্বাসনের কাজ এবং রিলিফ দিয়ে যেতেই হবে যতক্ষণ না তাদের বসাতে পারছি। সেইজন্য এই ৫৮-৫৯ সনে ১২ কোটি টাকা বরাদ্দ চাওয়া হয়েছে। রিলিফ খাতে যাবে ৫ কোটি ১৫ লক্ষ টাকা, রিহ্যাবিলিটেসন-এ যাবে ২ কোটি ৮১ লক্ষ টাকা, লোন খাতে যাবে ৪ কোটি ৩ লক্ষ টাকা। তারপর ট্রেনিং স্কীমে ইত্যাদি ২৫ লক্ষ, গৃহ নির্মাণে ১২ লক্ষ, প্রাথমিক শিক্ষায় ৬৪ লক্ষ, আনএডাল্ট ওমেন-এর হোম-এর জন্য আছে ১১ লক্ষ ৩৬ হাজার। এবং সরকারী উৎপাদন কেন্দ্রে যাতে কাজ কোরে রোজগার করতে পারে তার জন্য আছে ১৩ লক্ষ। এমনি কোরে আমাদের সমস্ত ব্যয় বরাদ্দ আছে। আমি আশা রাখি এই যে বাজেট আমাদের সামনে এসেছে তার মধ্যে দিয়ে আমাদের উদ্বাস্তু ভাইবোনদের অত্যন্ত উপকার হবে এবং যেহেতু আমরা আজকে আবিষ্কার করতে পেরেছি আমাদের কি কি লায়েবিলিটিজ আছে আমরা আগামী ৫ বছরের মধ্যে তাদের সম্পূর্ণ পুনর্বাসনের সুযোগ দিতে পারব। একজন মাননীয় সদস্য বলেছেন যে বাস্তুহারা-দের স্বাস্থ্যের প্রতি নাকি নজর দেওয়া হয় না। আমি ফিগার দিয়ে বলছি, ৫০৩টি বেড রিজার্ভ আছে বাস্তুহারাদের যাদের টি বি হয়েছে এবং আরো ২২৬টি বেড-এর ব্যবস্থা করা হবে এবং প্রতিটি বেড পিছু আমরা খরচ করি ২,০০০ টাকা। শিক্ষা সম্পর্কে অনেকে বলেছেন। শিক্ষা সম্পর্কে আমি খুব সংক্ষেপে দুই একটি কথা বলে দিচ্ছি, শিক্ষা সম্পর্কে সমস্ত রাজ্যে যে যে ব্যবস্থা আছে তার সঙ্গে সামঞ্জস্য রাখা হচ্ছে। আমাদের প্রাইমারী স্কুল আছে ১,২৪০টি

—এগুলো ক্যাম্পের বাইরে—এবং তাতে শিক্ষা পাচ্ছে ১ লক্ষ ৯০ হাজার ছাত্রছাত্রী। ক্যাম্পের মধ্যে আছে ১৭৫টি প্রাইমারী বিদ্যালয়, তাতে ছাত্রছাত্রী আছে ৫৩,৩১৫ জন। ৫৫ হাজার ছাত্রকে আমরা মাধ্যমিক বিদ্যালয়ে সাহায্য দিচ্ছি। ৫ হাজার ছাত্রকে আমরা কলেজে এবং টেকনিক্যাল ইনস্টিটিউটে স্টাইপেন্ড দিচ্ছি যাতে তারা মানুষ হতে পারে। ৬টি কলেজ আমরা এই দপ্তর থেকে স্থাপন করেছি, ২,৭২৬ জন ছাত্র তাতে আছে। ১৯টি মধ্যবিদ্যালয় আমরা আমাদের দপ্তর থেকে স্থাপন করেছি। যে সব মাধ্যমিক বিদ্যালয় সাহায্য পায় আমাদের থেকে তার সংখ্যা হল ৩০২; আর কলেজ যা সাহায্য পায় তা হলে ২১টি। এছাড়া বয়স্কা মেয়েদের ট্রেনিং-এর জন্য রেসিডেন্সিয়াল অ্যান্ড নন-রেসিডেন্সিয়াল দু' রকম টাইপ আছে তাতে রেসিডেন্সিয়াল টাইপ-এ যারা শিখছেন তাদের সংখ্যা হল ৯,২১৩ আর নন-রেসিডেন্সিয়াল-এ শিখছেন ৬,৬৮৫। ট্রেইন্ড আন্ডার মিনিস্ট্রি অব লেবার যারা ট্রেনিং পেয়েছেন তাদের সংখ্যা হল ৬,৫২৩, ডিপার্টমেন্ট অব এডুকেসন যাদের ট্রেনিং দিয়েছেন তাদের সংখ্যা ৭,১০৫। এ ছাড়াও যারা ট্রেনিং নিচ্ছেন তাদের সংখ্যা ৫,৩১০। এই রকম স্বাস্থ্য, কি শিক্ষা, কি অন্ন সংস্থানের ব্যবস্থা, কি উৎপাদনের ব্যবস্থা, কি কৃষিজীবী এবং যারা কৃষিজীবী নয় তাদের জন্য আমরা এই সমস্ত করেছি। এছাড়া ৩টা আর্বান কলোনি টাউনসিপ আমরা করেছি, তার মধ্যে একজন মাননীয় সদস্য গয়েশপুরের কথা বলছিলেন। গয়েশপুরে স্পিনিং মিল-এর কনস্ট্রাকসন এবং বীরভূমে একটি সুগার মিল-এর কনস্ট্রাকসন চলছে। এর দ্বারা আমরা মনে করি ঐ সমস্ত অঞ্চলের অনেক উপকার হবে। যে বাজেটের সমর্থনে আমি বলতে উঠেছি আমি মনে করি কল্যাণ রাষ্ট্রে এই যে সকলকার সমস্যা বাস্তুহারা সমস্যা তার সমাধান আমরা করতে পারব। এই বলে আমি এই বাজেট সমর্থন করছি।

[1—1-10 p.m.]

Sj. Tripurari Chakravarti: Sir, I rise on a personal explanation. The honourable member over there whom I pity has said that Pyerilal disapproves Tendulkar. I want to say that it is not a fact.....

Mr. Chairman: That is not a personal explanation.

Sj. Tripurari Chakravarti: Tendulkar has also given extracts from the prayer meeting of Gandhiji. I referred to that. I have read both the volumes of Pyerilal's 'Last Phase'.

Mr. Chairman: That is not personal explanation.

Sj. Tripurari Chakravarti: Sir, please allow me to speak. You are the custodian of this House and with your permission I may say this that there is nothing in Pyerilal which disapproves Tendulkar. I have been in correspondence with Pyerilal. I know what I have said and I do not want to parade those things here.

Sj. Satya Priya Roy: It is 12.30 and we must adjourn now.

Mr. Chairman: But the business must be finished before we adjourn.

Sj. Satya Priya Roy:

মিঃ চেয়ারম্যান স্যার, আপনি ওটা বললে শুনবো না। আপনার কাছে ন্যায় বিচার অপোজিসন-এর আছে কি না, আপনি বলুন। আপনি অপোজিসনদের বেলায় বলতে দিলেন না। আপনি টাইম র‍্যাসন করে দিয়েছেন, অথচ উনি আধ ঘণ্টার উপর স্পীচ দিয়ে গেলেন, কিছু বললেন না। আপনি অপোজিসনকে বেশি সময় দেন নি, আর ওঁরা যত খুসী সময় নিয়ে বলে যাবে তা হতে পারে না। এখন যদি শিক্ষামন্ত্রী বা ওঁদের আর কাউকে বলতে দেওয়া হয়, তাহলে তাঁর কথা শুনতে মোটেই রাজী নই, এবং তাহলে আমরা এখান থেকে চলে যাবো। শ্রীযুক্তা ব্যানার্জী কতকগুলো মেঠো কথা বলে গেলেন, তিনি আধ ঘণ্টা সময় নিয়েছেন, অথচ তার জন্য আপনি স্যার, একবার লালবাতিও জ্বাললেন না। আমরা আর বসতে রাজী নই।

Mr. Chairman: *We have to sit a bit late hours to finish today's business.*

Sj. Satya Priya Roy:

মিঃ চেয়ারম্যান স্যার, আমি পুনরায় আপনাকে অনুরোধ করছি বিরোধী পক্ষের প্রতি একটু ন্যায় বিচার করুন, ওঁদের কথা আর শুনতে আমরা রাজী নই।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, আমার ভাগ্যে মাত্র ২০।২৫ মিনিট সময় নির্দিষ্ট হয়েছে বলবার জন্য শিক্ষা বিভাগ সম্বন্ধে। যতগুলি বক্তা বলেছেন আমি তার উত্তর দিতে চেষ্টা করবো।

Sj. Satya Priya Roy:

স্যার, আমি যাবার আগে বলে যাচ্ছি,

we take strong objection to this kind of differential treatment. Whenever Government want you adjourn but you do not pay heed to our request.

[At this stage Sj. Satya Priya Roy withdrew from the Chamber along with some other members].

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সভাপতি মহাশয়, এইটুকু সময়ের মধ্যে এতগুলি প্রশ্নের জবাব দেওয়া সম্ভব নয়, এটা আপনি একটু ভাল করে বুঝে দেখুন।

আমার প্রথম কথা হচ্ছে, আমাদের এখানে বাংলায় বক্তৃতা প্রচলিত হওয়ার পর থেকে দেখতে পাচ্ছি, খুব সুবিধা হয়েছে, আবার কিছু অসুবিধাও আছে। সুবিধা হয়েছে এই বাংলায় আমরা যথেচ্ছা বলতে পারি এবং গালিবর্ষণ করতে পারি। কোনটা পার্লিয়ামেন্টারী টার্ম, কোনটা আনপার্লিয়ামেন্টারী, তার পরিভাষা এখনও পর্যন্ত ঠিক হয় নি। আমাদের সৌভাগ্য-বলে, আপনি আমাদের সভাপতি আছেন। আমি আশা করি আপনি পরিভাষা ঠিক করে দেবেন, নতুবা দুর্নীতি, দুর্নীতি বলে চিৎকার করা হবে, দুর্নীতি আরোপ করা আউট অব অর্ডার হবে না, আর করাপ্ট বললেই আউট অব অর্ডার হবে সেটা সঙ্গত কি না সভাপতি মহাশয়, আপনি বিচার করবেন। কৃষ্ণচন্দ্র চ্যাটার্জী মহাশয় যখন বলছিলেন, আপনি তখন করাপ্ট কথা ব্যবহার না করবার জন্য অর্ডার দেন, এবং বলেন করাপসন আনপার্লিয়ামেন্টারী ওয়ার্ড, ঠিক কথা। কিন্তু দুর্নীতির অর্থ করাপ্ট, সুতরাং এটা কি আনপার্লিয়ামিন্টারী হচ্ছে না?

Mr. Chairman: Please confine yourself to the Budget discussion only.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I am saying so because this has been referred to several times.

দুর্নীতির দু'রকম মানে হতে পারে—একটা অসদাচরণ, আর একটা অসদুপায়। তারপর কতকগুলি অন্যায় অভিযোগ করা হয়েছে, আর কতকগুলি অজ্ঞতামূলক কথা বলা হয়েছে, সকলগুলির জবাব দেবার সময় আমার হবে না। প্রথম অভিযোগ করা হয়েছে শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিব এঁরা অত্যন্ত দুর্নীতিপূর্ণ কাজ করছেন। আমার প্রথম কথা কোন মন্ত্রীর বিরুদ্ধে যদি কোন দুর্নীতির অভিযোগ আনতে হয়, তাহলে সেটা কোন এ্যামেন্ডমেন্ট-এর প্রসঙ্গে আসতে পারে না, তার জন্য একটা পৃথক সেন্সার মোসন আনতে হবে, এটাই হচ্ছে হাউস অব কমনস-এর নীতি। মেজ পার্লিয়ামেন্টারী প্রসিডিওর-এর ২৮০ পাতায় দেখা যায়

> Matters can be dealt with by substantive motion. No charge of personal character can be raised.

কোন কিছু যদি বলতে হয়, তাহলে বলতে হবে—

> No charge of personal character can be raised.

কোন এ্যামেন্ডমেন্ট বা কাট মোসন-এ আসতে পারে না।

আর অভিযোগ করা হয়েছে শিক্ষা সচিবের বিরুদ্ধে তার উত্তর আমি দেব কি না, তা আমি জানতে চাচ্ছি। কারণ আমি যতদূর জানি যে ব্যক্তির উত্তর দিবার অবকাশ নাই ব্যক্তিগতভাবে তাহার বিরুদ্ধে বলা অবৈধ, অশোভন তো বটেই। তাঁর অনুপস্থিতিতে তাঁর সম্পর্কে বলা হয়েছে—তিনি তাঁর আত্মীয় পোষণ করছেন। আমি তার উত্তরে বলবো—তাঁর দ্বারা তাঁর কোন আত্মীয় নিযুক্ত হয় নাই। আর যে সমস্ত লোকের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে তাঁরা সকলেই অনেস্ট লোক। যাঁদের কথা তাঁরা বলছেন—তাঁরা প্রত্যেকেই পাব্লিক সার্ভিস কমিশনের রেকমেন্ডেসন অনুসারে নিযুক্ত হয়েছেন পূর্বেও বলেছি। কাজেই পুনঃ পুনঃ এই সমস্ত কথা উত্থাপন করা অত্যন্ত অশোভন এবং অযৌক্তিকও বটে। কোন পার্লামেন্টের সভায় বা পরিষদে এগুলি উত্থাপিত হতে পারে না। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে এই সমস্ত কথা এখানে উত্থাপিত হয় এবং তার জবাবও দিতে হয়।

তারপর দ্বিতীয় দুর্নীতির কথা বলা হয়েছে—যে মাধ্যমিক শিক্ষা বোর্ড রয়েছে অথচ জুনিয়র মিডল স্কুলকে কেমন করে ডিরেক্টর রেকগনিসন দেন? ১৯৫০ সালে সেকেন্ডারী বোর্ড অব এডুকেসন-এর রিজলিউসন অনুসারে ডিরেক্টর জুনিয়র মিডল স্কুলকে রেকগনিসন দিয়েছেন ও দিচ্ছেন।

তারপর বলা হয়েছে মাল্টিপার্পাস স্কুলকে রেকগনিসন দিচ্ছেন ডাইরেক্টরেট। কিন্তু ডাইরেক্টরেট কোন মাল্টিপার্পাস স্কুলকে রেকগনিসন দেন না, মাল্টিপার্পাস স্কুলগুলি তদন্ত করে ডাইরেক্টরেট অ্যান্ড সেকেন্ডারী বোর্ড-এ রিপোর্ট দেন মাত্র। কিন্তু, সেই মাল্টিপারপাস স্কুলের জন্য আবেদন গ্রাহ্য করা বা অগ্রাহ্য করার অধিকার হচ্ছে সেকেন্ডারি বোর্ড অব এডুকেসন-এর। এখানে অধিকর্তা বা অর্থারাট ডাইরেক্টরেট নয়। কাজেই এই সমস্ত কথা বলে যেমন সময় নষ্ট করা হয়, তেমনি উত্তর দিতেও সময় নষ্ট হয়।

[1-10—1-20 p.m.]

তারপর বলা হয়েছে

syllabus of Bengali as framed by an expert committee set up by the Board সম্বন্ধে। স্কুলের শেষ পরীক্ষায় যারা বাংলা পরীক্ষা দেবে তাদের চর্যাপদ পড়তে হবে, কবি কঙ্কন পড়তে হবে, কি সর্বনাশ, কে এই সিলেবাস ফ্রেম করলো। এই সিলেবাস ফ্রেম যারা শিক্ষাবিদ তারাই করেছে ডাইরেক্টরেট করে নি। সেকেন্ডারি বোর্ড তাঁদের গঠিত এক্সপার্ট কমিটি দ্বারা এই সিলেবাস করিয়েছেন। সেই কমিটিতে ডক্টর কালিদাস নাগ প্রভৃতি বহু সুপণ্ডিত ব্যক্তি ছিলেন। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকও ২।১ জন ছিলেন, তাঁরাই এই সিলেবাস প্রস্তুত করেছেন ডাইরেক্টরেট করে নি। প্রতিপক্ষ বলেন এরা কিছুই বোঝে না। যতকিছু ওঁরাই বোঝেন আর না জেনেশুনে এই রকম সমালোচনা করেন।

তারপর বলা হয়েছে হাইকোর্টের ডিসিসন অমান্য করে শিক্ষক নির্বাচনে অন্যায় অসঙ্গত ব্যবস্থা করা হয়েছে। হাইকোর্ট-এর ডিসিসনটা কি? শুধু 'বে-আইনী করছেন' বে-আইনী করছেন' বললে হবে না, ডিসিসনটা কি? কেউ পড়েছেন কি, সেটি কি কারো দৃষ্টিগোচর হয়েছে? হাইকোর্ট-এর ডিসিসন হচ্ছে—শুনে রাখুন তাতে ভাল হবে—

হাইকোর্ট বলেছেনঃ

> "The only point here is purely a constitutional question. It is unfortunate that such a point should be canvassed to test what normally would be considered to be quite a laudable course of having the suitability of the teachers tested by an independent body like the Public Service Commission".

আর একবার পড়ছি—

এই জন্য এঁরা প্রসেসন করছেন, সত্যাগ্রহ করছেন। অবশ্য সত্যাগ্রহ এটাকে বলা যায় না, সত্যাগ্রহ করতেন মহাত্মা গান্ধী, এরা করছেন যা তাকে মহাত্মার মতে দুরাগ্রহ বলা যায়। হাইকোর্ট বলছে,

"It is unfortunate that such a point should be canvassed to test what normally would be considered to be quite a laudable course of having the suitability of the teachers tested by a body like the Public Service Commission."....."But the only question with which the Court is concerned is not one of policy but of the technicality of law and legal rights. The Constitution does recognise the possibility of extending the functions of the Public Service Commission. Article 321 of the Constitution provides *inter alia* that an Act made by the Legislature of a State may provide for the exercise of additional functions by the State Public Service Commission as respects the services of the State and also as respects the service of any local authority or other body corporate constituted by law or of any public institution. The aided school is a public institution. Here is a provision of Constitution whereby additional functions can be entrusted to the State Public Service Commission but it can only be done by an Act of the State Legislature under Article 321 of the Constitution."

অর্থাৎ টেকনিক্যালি ঠিক হতো যদি একটা আইন পাশ করে নিয়ে পাবলিক সার্ভিস কমিসনকে ভার দেওয়া হতো তা হলে আইনের দিক থেকে আর কিছু বলবার থাকতো না। নতুবা ব্যবস্থা যা করা হয়েছিল তা' লডিবল প্রশংসনীয় অতএব যে দুর্নীতির কথা বলছিলেন সে দুর্নীতি গেল কোথায়? আসল রিপোর্ট তো পড়েন নি, খবরের কাগজে প্রকাশিত যৎকিঞ্চিৎ পড়েছেন, কাজেই সমস্ত বাজে কথা এখানে আলোচনা করা অত্যন্ত অন্যায়, তা'তে সময় নষ্ট করা হয় আর আমাদের মিছে পরিশ্রম ক'রে উত্তর দিতে হয়।

Next question—1,200 teachers are going to lose their services.

কিন্তু বোর্ড কি বলেছে? বোর্ড-এর পক্ষে সংবাদপত্রে প্রকাশিত করেসপন্ডেন্স পড়ে দিচ্ছি—

"Attention of the Board of Secondary Education has been drawn to the comments made in the public press and elsewhere in connection with the alleged dismissal of Matriculate and non-Matriculate teachers with Vernacular Mastership Certificates serving in secondary schools in West Bengal under orders of the Board. These comments as will appear from the statement below do not give a correct picture of the position of the teachers under question.

In the first place it should be noted that the Board of Secondary Education has of late issued no directive to schools under it to dispense with the services of Matriculate and non-Matriculate V.M. teachers by August 31, 1958."

অথচ এখানে দুর্নীতির কথা যাঁরা বলেন তাঁরাই মিথ্যা কথা বাইরে প্রচার ক'রে বেড়াচ্ছেন।

"On the contrary, in July 1952, the Board had directed all the secondary schools under it that non-Matriculate V.M. teachers, whose age was 50 or above, should not be discharged without previous reference to the Board and that a non-Matric V.M. teacher, whose age was below 50 in July 1952 and an un-trained Matriculate with at least 5 years' continuous teaching experience might be retained for a period of three years only from August 1952, in order to enable him to improve his qualifications during that three years, failing which his services would be dispensed with at the end of the period.

In 1954, the Board extended the services of those teachers up to August 31, 1958, by which time they were to improve their qualifications. Relaxation in the case of untrained Matriculate teachers was also made and in their case improvement of qualifications meant passing the Intermediate Examination in the subjects which they taught in their schools. The Board thus gave sufficient time to these teachers to improve their qualifications. Even now, the Board is extending the services of these categories of teachers up to 31-8-59 on the assurance that they would improve their qualifications by that period."

আচ্ছা, আমি জিজ্ঞাসা করি—যদি কোন বোর্ড বলে শিক্ষকরা মাধ্যমিক শিক্ষা দেবার উপযুক্ত নয় যদি তারা ইতিমধ্যে কোয়ালিফিকেসন ইমপ্রুভ না করেন- তাতে অন্যায়টা কি? এতে দুর্নীতি কি থাকতে পারে? যুক্তি কি থাকতে পারে? সময়ের পর সময় দেওয়া হয়েছে পাশ করে নাও। আজকে মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে, মাল্টিপার্পাস স্কুল সম্বন্ধে যে সমালোচনা হচ্ছে সে শিক্ষক কোথায়? শিক্ষকের প্রাচুর্য্য তো নাই! কোয়ালিফাইড শিক্ষক পাওয়া যাচ্ছে না। বিশ্ববিদ্যালয় পাশ কোর্স-এ উত্তীর্ণ বি এ-কে অনার্স পড়বার সুযোগ দিয়েছে—৭-৮টা কলেজ সুযোগ নিয়েছেন। সত্য কথা বলতে কি—মাল্টিপার্পাস স্কুলকে যদি সার্থক করতে হয় তাহলে কোয়ালিফাইড টিচার্স দিয়েই করতে হবে।

[1-20—1-30 p.m.]

কাজেই এত ব্যবস্থা হচ্ছে আর আপনারা মনে করেন কোন ব্যবস্থাই হচ্ছে না পাশ বি এ, অনার্স বি এ, টিচার্স ছাড়াও মাল্টিপারপাস স্কুল-এর পক্ষে কোয়ালিফাইড টিচার্স হবার জন্য বিজ্ঞানের শিক্ষকদের রিফ্রেসার কোর্স-এর পরিকল্পনা করা হয়েছে। তার জন্য অর্থের ব্যবস্থাও করা হচ্ছে। আই এস-সি পাশ করেছেন বি এস-সি পাশ করেছেন বলে আর লেবরেটরিতে আসবেন না—তাহলে চলবে কেন? শিক্ষকেরা যাতে বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট পাওয়ার পর ফার্দার ইনস্ট্রাক্সন অর্থাৎ শিক্ষণ শিক্ষা পেতে পারেন তারও ব্যবস্থা রয়েছে। কাজেই যাঁরা কোন কিছু খবর রাখেন না তাঁরা সব বিষয়েই বক্তৃতা করবেন—এটা অত্যন্ত অশোভন। বিজ্ঞান শিক্ষক যাঁরা পুনঃ চর্চা করতে চান তাঁদের জন্য প্রেসিডেন্সি কলেজে, হুগলি কলেজে রিফ্রেসার কোর্স-এর ব্যবস্থা করার চেষ্টা করছি। শুধু রিফ্রেসার কোর্স নয়, শিক্ষা বিভাগের ভার গ্রহণ করবার পর আমি প্রস্তাব করেছি আমাদের এখানকার ডেভিড হেয়ার বি টি ট্রেইনিং ছাড়াও কনটেন্টস টিচিং-এর ব্যবস্থা করা হ'ক, না হ'লে ট্রেনিংটা ডিফেক্টিভ থেকে যাবে। আমি শুধু সায়েন্স ট্রেনিং-এর কথাই বলছি না, আমার কথা থেকে যদিও তাই মনে হতে পারে শুধু সায়েন্স ট্রেনিং অতিরিক্ত বিষয়বস্তু শেখানো চলবে না আর্টস ট্রেনিংও তা' করতে হবে। এবং এই সব শিক্ষা আপটুডেট লাইন-এ হওয়া উচিত হবে। (এ ভয়েস—অনেকক্ষণ হয়ে গেছে এখন বসুন) থামলে চলবে কেন? আপনাদের পক্ষ থেকে যেসব প্রশ্ন করা হয় তারই উত্তর দেওয়া হচ্ছে শুনুন। ফল প্রতিপক্ষের সমালোচনা কতটা কল্পনা প্রসূত আর কতটা বাস্তব তা সদস্যরা নিজেরাই বিবেচনা করে দেখুন।

আর একটা কথা মনীন্দ্রনাথ চক্রবর্তী মহাশয়ের সুরে রবীন্দ্রলাল সিংহ মহাশয় বলেছেন, মিউনিসিপ্যাল এরিয়াতে প্রাইমারি শিক্ষার ব্যবস্থা আমরা করছি না। ওঁর ধারণা যে আমাদের এ-বিষয় কিছু অগ্রসর হতে হবে। আমি আগেই বলেছি প্রত্যেক মিউনিসিপ্যালিটিকে লেখা হয়েছে প্রাইমারী শিক্ষার ব্যবস্থা যাতে অবৈতনিক ও বাধ্যতামূলক হতে পারে তার জন্য আপনারা স্কীম করে পাঠান আর বলুন কত টাকা সে বাবত আপনারা খরচ করতে পারবেন আর কতটাই বা আপনারা সরকারের কাছে সাহায্য চান। কিন্তু এ যাবত তার উত্তর পাওয়া যায় নাই।

তারপর আর একটা কথা উঠেছে যে প্রাথমিক শিক্ষকদের বেতন তাঁরা সময়মত পান না। সেবিষয়ে অর্থাৎ তাঁরা যাতে সময়মত বেতন পান সেটা করার জন্য আমরা খুব অবহিত আছি। সমস্ত জেলায় ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড থেকে প্রাইমারী শিক্ষকদের যাতে ঠিক মত বেতন দেওয়া হয় তার ব্যবস্থা ঠিক আছে। হতে পারে কোন কোন ক্ষেত্রে কোন কোন গ্রামের টিচার ঠিক

সময়ে পান না, তার কারণ হচ্ছে ডাক বিভাগের অব্যবস্থা। এ নিয়ে ডাক বিভাগের সঙ্গে আমাদের আলোচনা চলছে। আসল ব্যাপারটা হচ্ছে এই যে ডাক বিভাগ দূরবর্তী গ্রামের অফিসে আগে টাকা পাঠান না। এই জন্য ডাক বিভাগকে বলা হচ্ছে ডি এস বি থেকে মানি-অর্ডার যখন পোস্ট করবেন যে যে ডাকখানা থেকে টাকা বিলি হবে সেখানে যাতে সময়মত টাকা পেতে পারে তার ব্যবস্থা করুন—এ বিষয় নিয়ে আলোচনা চলছে। গোপালবাবুর উল্লিখিত বিশ্ববিদ্যালয় স্টেটুটরি গ্রান্ট-এর কথায় আমার মনে পড়ে গেল। সেই ১৯২১-২২ সালের বেঙ্গল কাউন্সিল-এর আমলের কথা এখনো আমার কানে বাজছে—স্যার আশুতোষের সেই কথা—যে স্ট্যাটুটরি গ্র্যান্ট ইউনিভার্সিটিকে দিতে হবে। সেই স্ট্যাটুটরি গ্র্যান্ট-এর কথা ১৯২১ থেকে শুনে আসলেও ইউনিভার্সিটি বহুদিন তা' পান নি এবং এ কথা অন্ততঃ আমি জানি, তার জন্য ইউনিভার্সিটিকে অনেকদিন ধরে অনেক অসুবিধা ভোগ করতে হয়েছে। মন্টেগু চেম্‌স্‌ফোর্ড শাসন সংস্কার আমলে সমস্ত ডায়ারচির আমলে পান নাই, সরকারী যা কিছু গ্র্যান্ট পেতেন তাও সময় মত পেতেন না। ১৯৩৫ সালের ভারত শাসন এ্যাক্ট অনুসারে মুসলীম লীগ গভর্নমেন্টের সময়ও পান নাই। স্বাধীনতার পরে কংগ্রেস সরকারই প্রথম স্ট্যাটুটরি গ্র্যান্ট ইউনিভার্সিটিকে দেবার ব্যবস্থা করেন। ১৯৫১ সালের আইনে সেটা যখন আমি করতে পেরেছিলাম তখন আমার মনে হয়েছিল যে আমি দেখে যেতে পারব ইউনিভার্সিটির বাজেট ব্যালান্সড হয়েছে। গোপালবাবু বলেছেন যে টাকার মূল্য বেড়েছে ইনফ্লেসন-এ। আমি তাঁকে জিজ্ঞাসা করি—ইনফ্লেসন অনুসারে কি সব গ্র্যান্ট বেড়েছে? ইনফ্লেসন অনুসারে সকলের বেতন কি বেড়েছে? তা হয় নি। কিন্তু তাই বলে কি আমরা নিশ্চেষ্ট আছি? ইউনিভার্সিটি যখনই যা প্রয়োজন আমাদের কাছে লিখেছেন, আমরা তা পূরণ করবার জন্য যথাসাধ্য চেষ্টা করে আসছি। ইউ জি সি গ্র্যান্ট এর ম্যাচিং গ্র্যান্ট দেবার বিষয়েও আমরা উদাসীন থাকি নি। ফলে ইউনিভার্সিটি তাঁদের প্রয়োজন জানালে আমরা যে নিশ্চেষ্ট হয়ে বসে থাকি তা যেন কেউ মনে করবেন না। এ বিষয়ে আমার বাজেট বক্তৃতায় আমি এ্যাসেম্বলিতে যা বলেছি তা হয়ত আপনারা দেখেছেন সুতরাং আমি আর বেশী বলব না তবে এখানে একটা নূতন বিষয়ের উল্লেখ করতে পারি—ইউনিভার্সিটি যে হিসেব দিয়েছেন সেই হিসেব অনুসারে ৭৭টা কলেজকে ম্যাচিং গ্র্যান্ট দেওয়া হচ্ছে।

[1-30—1-40 p.m.]

কিন্তু আপনাদের মতন পণ্ডিত লোকের বুঝতে দেরী হওয়া উচিত নয় যে এডুকেশন ডিপার্টমেন্ট ছাড়া আমাদের ফাইনান্স ডিপার্টমেন্ট বলে একটা ডিপার্টমেন্ট আছে। সেখানে তাঁরা পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা না করে কোন টাকাই মঞ্জুর দেন না। আপনারা খুসী হবেন কিনা জানি না যে, আমি অন্ততঃ শুনে খুসী যে কাল বা পরশু ইউ জি সি-র ম্যাচিং গ্র্যান্ট রিলিজড হয়েছে। গোপালবাবু ভুলে যাবেন না যে ইউনিভার্সিটি এখনও কলেজগুলিকে দেয় ইউ জি সি-র গ্র্যান্ট ড্র করে নি। কেন এখন ড্র করা হয় নি সেটার জন্য সিনেটের যাঁরা মেম্বার আছেন তাঁরা গিয়ে সেটা জানুন। ইউ জি সি-র গ্র্যান্ট দেওয়া হবে ইউনিভার্সিটির মারফৎ। কিন্তু আমরা যতদূর জানি ইউনিভার্সিটি এখনও পর্যন্ত ইউ জি সি গ্র্যান্ট আদায় করেন নি বা করতে পারেন নি অথচ আমাদের গ্র্যান্ট আগে চলে গেছে। যেখানে আমাদের গ্র্যান্ট পরে যাবার কথা। কারণ আমরা তো দেব ম্যাচিং গ্র্যান্ট তার আগে তো ইউ জি সি দেবেন। ইউ জি সি গ্র্যান্ট যা বিভিন্ন কলেজকে নিতে হবে থ্রু দি ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি কি সেটা আনিয়েছেন? আপনি কি সে খবর রাখেন? আপনারা সেসব খবর না রেখে শুধু এখানে আমাদের সরকারেরই সমালোচনা করবেন। এটা সঙ্গত নয় বলা ব্যতীত আমার আর কিছু বলবার নেই।

Sj. Tripurari Chakravarti: We have been told that without the matching grant to be made by the West Bengal Government U.G.C. would not release that money.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: That I do not know. I can only assure you of the grant that we pay as matching grant, but why should the U.G.C. withhold its grant?

Dr. Monindra Mohan Chakravarty: That is conditional—after the matching grant has been made available.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is rather opposite. We could have waited for the grants of the U.G.C.

Sj. Gopal Chandra Halder: Not to disturb you. I can tell you that I met the Treasurer of the University just about this hour yesterday. All that I said is after consultation with the Treasurer.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Please do not dispute my facts. As you have your facts I have my facts. The grant has been released, that is the information given to me by my Department.

The Hon'ble Kali Pada Mookerjee:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ ৪ দিন ধরে যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী বাবত আলোচনা চলছে তার পরিসমাপ্তির পর্যায়ে আমরা উপস্থিত হয়েছি। আমাদের অনেক মাননীয় বিরোধী-দলের বন্ধু নানা বিষয়ে আলোচনা করেছেন, সমালোচনা করেছেন কোন কোন বন্ধু গঠনমুখী মনোভাবের পরিচয়ও দিয়েছেন, কেউ কেউ আবার অবাস্তব, অবান্তর বিষয়বস্তুর অবতারণা করে জনচিত্তে বিভ্রান্তি সৃষ্টি করবার চেষ্টা করেছেন। দুঃখের কথা তাঁদের বক্তৃতা, ভাষণ আমরা মনোনিবেশ-সহকারে শোনবার ধৈর্য্য রেখেছিলাম কিন্তু তাঁরা তার জবাব শোনবার সহিষ্ণুতা না দেখিয়ে আজ পরিষদ ভবন পরিত্যাগ করে গেলেন- এটা দুঃখের এবং পরিতাপের বিষয়। আমি আজকের বিতর্কে কোন অংশ গ্রহণ করবো না মনে করেছিলাম কিন্তু সেদিন আমাদের পুরাতন সাথী বিরোধীদলের অন্যতম মাননীয় সদস্য শশাঙ্ক সান্যাল মহাশয়—আজ তিনি এখানে উপস্থিত নেই—তিনি তাঁর বক্তৃতা প্রসঙ্গে পাকসীমান্তবর্ত্তীস্থানে হানাদার-দের যে অভিযান চলেছে সে সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। সংবাদপত্রে এ সম্বন্ধে অনেক চাঞ্চল্যকর কাহিনী উদ্ধৃত হয়েছে। কাজেই সত্যের খাতিরে সে সম্বন্ধে ২।৪টা কথা আজ পরিষদ ভবনে নিবেদন করার কর্তব্যবোধে আমি উঠেছি। অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে পাকিস্তানের সঙ্গে পশ্চিমবাংলার সীমান্ত রেখা প্রায় ১৩ শো মাইল। সেই ১৩ শো মাইলের প্রতিটি মাইলে পুলিস বাহিনী বা কনষ্ট্যাবুলারী ফোর্স রাখা সম্ভবপর হয় নি। বাংলাদেশে ১৫৪টা সীমান্তবর্তী পুলিসের ঘাঁটি, বর্ডার আউট পোস্ট আমরা রেখেছি ; এর প্রতিটি বর্ডার আউট পোস্টে সশস্ত্র বাহিনী, রাখবার ব্যবস্থা করা হয়েছে যার ফলে পাকিস্তানী হানাদারেরা যাঁরা আগে হানা দিতেন, তাঁরা আজ তাঁদের সেই হানা দেওয়া থেকে নিবৃত্ত হয়েছেন। তবে ছোটখাট চুরি, বিশেষ করে গরু চুরি আজও চলেছে। কিন্তু দুঃখের বিষয় অনেক ক্ষেত্রে যে স্মাগলিং চলে, চোরা কারবারী চলে বর্ডারে, সেই স্থানে পাকিস্তানের নাগরিকদের উপর আমরা সম্পূর্ণ দোষারোপ করি—সেটা সত্য নয়, সেটা যুক্তিসহ নয়। অনেক ক্ষেত্রে আমাদের বর্ডারের সীমান্তবর্তী নাগরিক যাঁরা এই সমস্ত কাজ কারবার করেন তাঁদের প্রিভেনটিভ ডিটেনসন এ্যাক্টে আটক রেখে আমরা দেখেছি যে সেখানে স্মাগলিং বন্ধ হয়ে গেছে। ১৫৪টা আউট পোস্ট আমরা রেখেছি এবং সম্প্রতি আমাদের ডি আই জি, সেন্ট্রাল রেঞ্জ, ইন্সপেক্টর-জেনারেল অব পুলিস, মুর্শিদাবাদ, নদীয়া এবং অন্যান্য জেলায় এবং সীমান্তবর্তী অঞ্চলে যেসব ঘাঁটী আছে, সেইসব ঘাঁটী তাঁরা পরিদর্শন করেছেন—তার শক্তিও বৃদ্ধি করা হয়েছে। শুধু তাই নয় ১৫৪টা আউট-পোস্টের মধ্যে প্রায় একশোটা ঘাঁটীতে রেডিও মারফত সংবাদাদি যাতে চালনা করা সম্ভবপর হয় তার ব্যবস্থা করা হয়েছে ওয়ারলেস সেটা রাখা হয়েছে এবং এর জন্য প্রচুর অর্থ ব্যয় হয়। তেরশো মাইল বর্ডার যদি পাহারা দিতে হয় তাহলে বহু সহস্র লোকের প্রয়োজন এবং সে ব্যবস্থা করা হয়েছে।

এছাড়া অধ্যক্ষ মহোদয়, আমি আরো ২।১টা কথা আপনার কাছে নিবেদন করতে চাই। বিতর্কের সময় আমাদের কোন কোন বন্ধু সংবাদ জেনে সমালোচনা করেন বটে কিন্তু অনেক ক্ষেত্রে অনেক শিক্ষিত পণ্ডিত, অভিজ্ঞ ব্যক্তি, অধ্যাপকরাও অজ্ঞতাপ্রসূত কতকগুলি উক্তি করেন। সমালোচনা করবার অধিকার তাঁদের আছে, কিন্তু সমালোচনা করবার পূর্বে যদি সেই তথ্য সম্বন্ধে অনুসন্ধান করে, তদন্ত করে ওয়াকিবহাল হয়ে পরিষদকক্ষে তাঁদের বক্তব্য বা মন্তব্য পেশ করেন তাহলে আমরা তাঁদের সেই মন্তব্য গ্রহণ করি এবং সেই মন্তব্য অনুযায়ী কাজ

করবার চেষ্টা করি। কিন্তু অনেকক্ষেত্রে তাঁরা যে অজ্ঞতাপ্রসূত সমালোচনা করেন সে সম্বন্ধে ২-১টা কথা না বললে আমাদের কর্তব্যচ্যুতির অপরাধ দেবে জনতা। একটু আগে শ্রদ্ধেয় অধ্যাপক নির্মল ভট্টাচার্য্য মহাশয়, তিনি বলে গেলেন—আজ তাঁর ভাষণের কোন উত্তর দেবার আছে কি না সরকার পক্ষের সেটুকু শুনে যাবার ধৈর্য্য রইল না অধ্যাপক মহাশয়ের—তিনি বল্লেন যে কংসাবতী প্রোজেক্ট বাংলা গবর্নমেন্ট বর্জন করে দিয়েছেন।

[1-40—1-50 p.m.]

এতবড় সত্যের অপলাপ আমি খুব কমই শুনেছি। কংসাবতী প্রোজেক্টে আজ পর্যন্ত বাংলা গবর্নমেন্ট সেন্ট্রাল গবর্নমেন্টের কাছে টাকা না পেয়েও প্রায় সোয়া কোটি টাকা খরচ করেছেন সেটাকে কার্যকরী করবার জন্য এবং তার সমস্ত সার্ভে করা হয়ে গেছে, ব্যারেজ তৈরী শুরু হয়ে গেছে কোন কোন জায়গায়। কিন্তু সামগ্রিক পরিকল্পনার জন্য ২১ কোটি টাকা লাগবে এবং আমাদের যে অভিজ্ঞ উপদেষ্টারা রয়েছেন তাঁদের যে প্ল্যান, সেই প্ল্যান আমরা প্ল্যানিং কমিশনের কাছে পাঠিয়েছি কিন্তু সে সম্বন্ধে তাঁরা এখনও শেষ সিদ্ধান্তে উপনীত হন নি। অথচ বন্ধুবর নির্মলবাবু বলে গেলেন যে বাংলাদেশ সেটা বর্জন করে দিয়েছে। শীলাবতী এবং কংসাবতী এই দুটো নদীর উপর ড্যাম তৈরী হচ্ছে এবং সেখান থেকে অনেক খাল কাটবার ব্যবস্থা হচ্ছে। এই পরিকল্পনাকে রূপ দেয়ার জন্য সোয়া কোটি টাকা বাংলাদেশ এ পর্যন্ত খরচ করেছে।

দ্বিতীয়তঃ আজ এখানে মহারাজ কুমার স্নেহাংশু আচার্য চৌধুরী মহাশয় উপস্থিত নেই। প্রথম দিনে তিনি তাঁর পার্লামেন্টারী জীবনে যে বক্তৃতা দিয়েছেন সেই বক্তৃতার মধ্যে কিছুটা উষ্মা ছিল। তিনি যে সংগঠনের সমর্থনে এখানে এসেছেন, তাঁর ভাষণের মধ্য দিয়ে সেই সংগঠনের যে কার্যসূচী মাঝে মাঝে তার অভিব্যক্তির প্রয়াস করেছিলেন। কিন্তু আমাদের বাজেটে ব্যয় বরাদ্দের যে ব্যবস্থা হয়েছে—সেই লাল কেতাব বা সবুজ কেতাব পড়বার ধৈর্য্য নেই মহারাজ কুমারের, কারণ মক্কেলের তাগিদ আছে।

Sj. Gopal Chandra Halder: Is it relevant Sir?

Mr. Chairman: It is not relevant.

The Hon'ble Kali Pada Mookerjee: I am not casting any reflection on any one,

আমি ওঁকে খারাপ কিছু বলি নি, স্যার।

Sj. Tripurari Chakravarti: I never referred to Sj. Snehangshu Acharya as 'Maharaja Kumar'.

Mr. Chairman: No. Sj. Snehangsu Acharya also does not want to be known as such.

The Hon'ble Kali Pada Mookerjee:

যাই হোক, আমি নেক্সট পয়েন্ট-এ যাচ্ছি। তিনি একথাও বলেছেন এবং আরো কোন কোন বন্ধু বলেছেন বাজেটের মধ্যে দিয়ে যে চিত্র প্রকাশিত হয়েছে সেই চিত্র নাকি কল্যাণ রাষ্ট্রের বিকাশের পথের কোন সন্ধান দেয় না। পুলিস বাজেট সম্বন্ধে তাঁরা এইরকম সমালোচনা করেছেন। আজকে যে বাজেটের বরাদ্দের টাকা বেশী চাওয়া হয়েছে তার কারণ পুলিস কনস্টেবল, হাবিলদার, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর, ইন্সপেক্টরদের পে-স্কেল বৃদ্ধির জনাই হয়েছে এটা আমাদের বন্ধুরা দেখেও দেখছেন না। তাঁরা শুধু সমালোচনার জনাই সমালোচনা করেন। আজকে বাজেটে যে সমস্ত বই বিলি করা হয়েছে তা যদি তাঁরা মনোযোগসহকারে একটু অনুধাবন করতেন তাহলে তাঁদের এই অনর্থক বিতর্কের মধ্যে দিয়ে সময় নষ্ট হত না। বিরোধীপক্ষের বন্ধুগণ—যখন যেরকম সুবিধা সেইরকম উক্তি করেন। ও পক্ষের অনেক বন্ধু বলে থাকেন যে, তাঁরা নিম্নবেতনভুক কর্মচারীদের বেতনের হার কিছু বাড়ান প্রয়োজন। আমরা আমাদের বাজেটে আমাদের আয়ের সঙ্গে সঙ্গতি রক্ষা করে—যতদূর পর্যন্ত সম্ভবপর—সেদিকে অগ্রসর হচ্ছি এবং তার ফলে প্রায় এক কোটি টাকা তাদের দুর্মূল্য ভাতা এবং নিউ পে-স্কেল দেবার ফলে বেড়েছে। যার ফলে ৫ কোটি ৯৬ লক্ষ

টাকা থেকে ক্রমশঃ ক্রমশঃ ৭ কোটি ৮২ লক্ষ টাকায় এসে দাঁড়িয়েছে। শুধু তাই নয়—এর মধ্যে আমাদের বর্ডার আউট-পোস্ট-এর জন্য আজকে যে সমস্ত অস্ত্রশস্ত্র ও সাজসরঞ্জাম করতে হচ্ছে—তাতে বেশী পয়সা খরচ হচ্ছে। আমি এই সঙ্গে সঙ্গে একথা বলতে চাই—পুলিস বাজেট বেড়েছে। আজ পুলিস সমাজ-জীবনের অপরিহার্য অঙ্গ হয়ে পড়েছে। শুধু আজ শান্তিরক্ষা ও দুষ্টের দমন, শিষ্টের পালন ও নিরাপত্তা রক্ষা করা পুলিসের কাজ নয়, তাদের আজ বহু ক্ষেত্রে সমাজ সেবকরূপে আত্মপ্রকাশ করতে হয়েছে। আমরা দেখি খেলার মাঠেও পুলিসের সাহায্যের দরকার হয়। আমরা একবার পুলিস দিতে পারি নাই বলে আই এফ এ-র খেলা বন্ধ রাখা হয়েছিল। হাজার বারশো লোক সেখানে মোতায়েন করতে হয়। খেলোয়াড়ের মনোভাব নিয়ে সেখানে বহু লোক সমবেত হয়। কিন্তু দুঃখের বিষয় সেই খেলোয়াড়ী মনোভাব সেখানে তাঁরা দেখাতে পারেন না। কাজেই পুলিসকে সেখানে সাহায্য করতে হয়। পুলিস আজ তাই সমাজ-জীবনের অপরিহার্য অঙ্গ।

আপনারা জানেন বড় বড় পূজা পার্বণ ও দুর্গাপূজা যখন হয়, কলকাতার সার্বজনীন দুর্গাপূজার সময় লক্ষ লক্ষ লোকের সমাবেশ হয়, সেই সময় পুলিস জনতার পাশে দাঁড়িয়ে সমন্বয় কমিটি করে, কোঅর্ডিনেসন কমিটি করে, লক্ষ লক্ষ লোককে সেবা করে। তার ফলে আপনারা জানেন গত বৎসর সেই সমস্ত দুষ্কৃতকারী, যারা এখানে এসে অব্যবস্থার সুযোগ নিয়ে চুরি ডাকাতি করে, তাদের নানাভাবে নিয়ন্ত্রণ করা হয়েছে। গত পূজার সময় আমি বহু বন্ধুর কাছ থেকে চিঠি পেয়েছি, অনেক বিরোধীদলের সদস্য মহোদয়ের কাছ থেকেও প্রশংসাসূচক ও প্রশস্তিবাচক চিঠি পেয়েছি—পুলিস কোঅর্ডিনেসন কমিটির মাধ্যমে যেভাবে সেবাকার্য করেছে, তার জন্য। আজ যদি কোথাও আগুন লাগে পুলিস ছুটে গিয়ে সেই আগুন নেভায়। তারপর মিসিং স্কোয়াড রয়েছে। অনেকের শিশু সন্তান হারিয়ে গেলে পর পুলিস তাদের খুঁজে বের করে তাদের মাতৃক্রোড়ে গিয়ে দিয়ে আসে। কাজেই আজ পুলিসের সম্বন্ধে ব্যয় বাড়ছে—একথা স্বীকার করে নিয়ে আমি বলবো যে, এডুকেসন খাতে বা অন্যান্য কল্যাণরাষ্ট্রের গঠনমূলক কাজেও সরকারের ব্যয় বরাদ্দ কিভাবে বাড়ছে তা দেখলে বুঝতে পারবেন।

[1-50—1-55 p.m.]

এই পুলিসের ব্যয় বেড়েছে যেখানে শতকরা ৩১ ভাগ, এডুকেসন-এর ব্যয় সেখানে বেড়েছে ৯৭ পার্সেন্ট, মেডিকেল এবং পাবলিক হেল্থে ব্যয় বেড়েছে শতকরা ৪৫ পার্সেন্ট, এগ্রিকালচার—ফিসারীতে ব্যয় বেড়েছে শতকরা ৪৫ পার্সেন্ট, ইন্ডাস্ট্রিতে বেড়েছে ১৬৩ পার্সেন্ট।

আমার বক্তব্য হচ্ছে যে বাজেট এখানে উপস্থিত করা হয়েছে, সেই বাজেটের মাধ্যমে আমরা কল্যাণ রাষ্ট্রের ভিত্তি সংস্থাপনের সূচনার ইঙ্গিত দিয়েছি কিনা সেটা স্পষ্টই প্রমাণ হচ্ছে। পুলিস বাজেট বাড়তে বাধ্য। বর্ডার আউট পোস্ট মেনটেন করতে হবে। আপনারা অনেক বিরোধীদলের বন্ধুরাও সেকথা বলেছেন। আমার সহকর্মী বন্ধু, রবীন্দ্রলাল বাবু সেদিন বলেছিলেন আপনারা কুম্ভীরাশ্রু তথা রাজনৈতিক অশ্রু বর্ষণ করেন এই বলে নিম্ন বেতনভুক কর্মচারীদের বেতন বাড়বে না কেন? যখন বেতন বাড়ান হয়, তখন তাঁর সমালোচনা করা হয় যে, পুলিস খাতে ব্যয় বাড়ান হয়েছে।

এ ছাড়া আর একটা কথা অনেক বন্ধু বলে থাকেন আজ চুরি, ডাকাতি, নরহত্যা ইত্যাদি যে সমস্ত ঘটনা ঘটে, তা গণতন্ত্রেই ঘটে থাকে। আমি গণতন্ত্র মন্ত্রতন্ত্র বুঝি না সমাজতন্ত্রই বলেন, সাম্যবাদের পীঠস্থানই বলেন একাধিনায়কত্বের শাসনব্যবস্থাই বলেন—সর্বত্রই আজ পুলিস সমাজ-জীবনে অপরিহার্য অঙ্গরূপে প্রতিভাত হয়েছে। আমি কয়েকদিন আগে লন্ডন টাইমসে সোভিয়েট শাসনব্যবস্থার উপর একটা কমেন্ট দেখলাম সেটা এখানে পড়ে শোনাচ্ছি—

> "The Soviet Union and other Communist countries for long refused to admit that social and economic evils such as violence, fraud, prostitution, and unemployment could exist under their system. All news tending to discredit this fallacy was excluded from the

press. Gradually, however", writes Times Special Correspondent, "it became necessary to relax this ban in order to conduct campaigns against hooliganism, drunkenness, and bribery and corruption in State enterprises, and eventually, after Stalin's death, news about crime began to be published fairly, freely and regularly and crime of all kinds are as common under Communism as they are elsewhere."

এই কথাকটি বলে বাজেট সম্বন্ধে আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Chairman: The debate is over. The House stands adjourned till 9 a.m. on Wednesday, the 2nd July, 1958.

Adjournment.

The Council was then adjourned at 1-55 p.m. till 9 a.m. on Wednesday, the 2nd July, 1958, at the Legislative Buildings, Calcutta.

Members absent.

Bandopadhyay, Sj. Upendra.
Basu, Sj. Gurugobinda.
Bhuwalka, Sj. Ram Kumar.
Chattopadhyay, Sj. K. P.
Dutt, Sjkta. Labanyaprova.
Hazra, Sj. Gajendra.
Maliah, Sj. Pashupati Nath.
Muhammad Jan, Janab Shaikh.
Nausher Ali, Janab Syed.
Roy, Sj. Surendra Kumar.
Sanyal, Sj. Sasanka Sekhar.
Saraogi, Sj. Pannalal.
Sarkar, Sj. Pranabeswar.
Singh, Sj. Ram Lagan.

COUNCIL DEBATES

Wednesday, the 2nd July, 1958

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 2nd July, 1958, at 9 a.m. being the Fifth day of the Fifteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[9—9-10 a.m.]

Mr. Chairman: There will be no questions today. The House will take up non-official business on State Language. The questions will be reserved for some other day.

Messages

Secretary to the Council (Sj. A. R. Mukherjea): The following messages have been received from the West Bengal Legislative Assembly:

(1)

"The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 25th June, 1958, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

S. BANERJI,
Speaker,
West Bengal Legislative Assembly."

CALCUTTA:
The 26th June, 1958.

(2)

"The West Bengal Appropriation (No. 2) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 26th June, 1958, has been duly signed and certified as a Money Bill by me and is transmitted herewith to the West Bengal Legislative Council under Article 198, clause (2) of the Constitution of India.

S. BANERJI,
Speaker,
West Bengal Legislative Assembly"

CALCUTTA:
The 27th June, 1958.

Sir, I beg to lay the copies on the table.

LAYING OF PAPERS RELATING TO THE WEST BENGAL STATE ELECTRICITY BOARD

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to lay before the Council the Statements of Estimated Capital and Revenue Receipts and Expenditure of the West Bengal State Electricity Board for the years 1957-58 and 1958-59.

NON-OFFICIAL RESOLUTION ON STATE LANGUAGE

Dr. Manindra Mohan Chakrabarty:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে আলোচনা শুরু হবার আগে আমি একটা কথা বলতে চাই। আমি আপনাকে অনুরোধ করছি যে আজকে এই যে জাতীয় ভাষা সম্পর্কিত যে প্রস্তাব আলোচনা হবে তাতে আপনি সভাপতি হিসাবে কার্য পরিচালনা না করে এতে অংশ গ্রহণ করলে আমার মনে হয় আপনার অভিজ্ঞতা এবং মত আমরা শুনতে পাব এবং তাতে আমাদেরও অংশ গ্রহণ করবার পক্ষে সুবিধা হবে। সুতরাং আজকের মতন আমার অনুরোধ যে আপনি ব্যক্তিগতভাবে অন্যান্য পরিষদের সভ্যদের মতন আপনার মত জ্ঞাপন করুন।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
ডাঃ মনীন্দ্র চক্রবর্তী মহাশয় বললেন যে, জাতীয় ভাষা সম্বন্ধে আলোচনা এখানে হচ্ছে না সরকারী ভাষা সম্বন্ধে আলোচনা হচ্ছে।

Mr. Chairman: I thank you, Dr. Chakravorty, for your good intentions, but I do not think that will be feasible. There is no precedent for that. As for my own opinions, they have been clearly and categorically expressed in the Note of Dissent to the Official Language Commission's Report and also in the Sanskrit Commission's Report and the recommendations have been made public. So that will not be proper.

Sj. Sasanka Sekhar Sanyal: May I find a way out? You can resign from the Chair without resigning from the membership and you take part in the debate and then you can get elected. [Laughter.]

Sj. Snehangsu Kanta Acharya: Mr. Chairman, I think there are precedents of the Chairman or the Speaker participating to that extent in the debate. If the newspaper reports are correct, then Mr. Mavlankar had expressed his own opinion on the subjects discussed in the House and I say from good authority that even Mr. Anantasayanam Ayenger had occasionally done so. In these circumstances, Mr. Chairman, you may sum up the debate or express your opinion and I think that would be very valuable for today's debate.

Dr. Manindra Mohan Chakrabarty:
অন্ততঃপক্ষে আমার অনুরোধ যে তাহলে আমাদের ভোটগ্রহণের আগে আপনি আমাদের আপনার মত জানিয়ে দেবেন।

Mr. Chairman: In America they do it of course but I think the matter just referred to by Mr. Acharya is a matter for clarification on the part of the Speaker of certain points raised by honourable members.

Sj. Snehangsu Kanta Acharya: Sir, I think, in this matter you will clarify our position

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, we shall be happy if you would kindly express your views. But if you think that you will feel embarrassed by doing so, we will refrain from pressing you.

Sj. Tripurari Chakravarti: Sir may I respectfully submit one thing? There are many precedents in the history of the Indian Legislature where the Chairman for the time being temporarily vacated the chair and took part in the debates. You know, Sir, very well the history of the Calcutta University Senate. On many occasions the Vice-Chancellor vacated the chair, took part in the debate, sponsored resolutions and then afterwards occupied the chair. I think you can do the same thing here on this occasion

Mr. Chairman: But this is a legislature and that is the difference. I think we need not have any discussion on this matter any further and let us proceed with the business. I would now request Sj. Rabindralal Sinha to move his motion.

Sj. Rabindralal Sinha: Sir, I beg to move that whereas the question of the official language of India is now being examined by the Parliament; and

Whereas this Council cannot agree with the recommendations made in this regard by the Official Language Commission; and

Whereas this Council feels that for the unity and progress of India, the whole question of official language demands fresh examination;

This Council is of opinion that—

(1) Sanskrit should be used for such ceremonial purposes as the Government of India may from time to time specify;

(2) Parliament should by law provide for the continuance of English as the official language until such time as Hindi and some other Indian languages are accepted as the official languages of the Union;

(3) Communication between this State and another and between Union and this State should be on a bilingual basis, one of the languages being the State Language Bengali and the other an official language of the Union as it may be at the time;

and the Constitution be amended accordingly.

(4) Early steps should be taken to enact a law in this State adopting Bengali to be used for all official purposes and providing for the use of English wherever essential and for such purposes as the State Government may determine from time to time; and attempts be made to give effect to this clause before December, 1960;

(5) The pattern or patterns of language or languages to be used for educational purposes at the Primary, Secondary and University stages of education should be settled by the State Government after consultation with a body of educational experts to be appointed by them;

(6) The medium of instruction and examination in the State shall be Bengali:

Provided that the claims of linguistic minority of the State to have the medium of instruction and examination in their own language till the end of the Secondary stage shall be recognised.

মাননীয় পরিষদপাল মহাশয়, বহু ভাষাভাষী মানুষের দেশ এই বিরাট ভারতবর্ষে সরকারী ভাষা নির্ধারণের সমস্যা জটিল। বিশেষভাবে বিবেচনা না করে এসমস্যার সমাধান করতে গেলে জটিলতা বৃদ্ধি পাবে ছাড়া কমবে না। বহুদিন পরাধীন থাকার ফলে বিজেতা-জাতীয়ভাষা ইংরাজী একান্ত প্রাথমিক বা নিম্নস্তর বাদে প্রায় সকল স্তরে সরকারী কার্যে ব্যবহৃত হয়ে এসেছে দীর্ঘদিন। অবশ্য এটাকে আমি অবিমিশ্র অভিশাপ বলে মনে করি না। কারণ ইংরাজী আজকে অন্ততঃ একথা স্বীকার করতে হবে যে সভ্যতার অন্যতম আন্তর্জাতিক ভাষা এবং একথাও স্বীকার করতে হবে যে বিশ্বের প্রগতিশীল এবং অগ্রণী ভাষাগোষ্ঠীর মধ্যে ইংরাজীর বিশেষ আসন আছে। আজকে একথা স্বীকার করতে হবে যে, আমাদের পূর্ব সূরীগণ ইংরাজীভাষার মাধ্যমে পশ্চিমী বিজ্ঞান এবং নানাবিধ শিক্ষার সঙ্গে পরিচিত হয়ে

স্ব স্ব মাতৃভাষাকে উন্নত করবার জন্য সবিশেষ চেষ্টা করেছেন এবং ভারতীয় বিভিন্ন ভাষার ঋণ আছে ইংরাজী ভাষার কাছে।

[9-10—9-20 a.m.]

তাছাড়া ইংরাজি আমাদের মধ্যে শিক্ষাকে সংস্কারমুক্ত করেছে। ইংরাজিভাষা আমাদের কাছে বিশ্বের জ্ঞানবিজ্ঞানের জ্ঞানভাণ্ডারের দ্বার উন্মুক্ত করে দিয়েছে। সারা ভারতবর্ষের শিক্ষিত সমাজের মধ্যে ঐক্যবিধানের সহায়তা করে আমাদের স্বাধীনতাসংগ্রাম এগিয়ে দিয়েছে একথা অস্বীকার করি না। কিন্তু তার সঙ্গে সঙ্গে একথাও স্মরণ রাখতে হবে যে, ইংরাজি ভারতের মাত্র মুষ্টিমেয় লোকের কথ্যভাষা। বিগত আদমসুমারী অনুসারে ইংরাজিশিক্ষিত জনসংখ্যা ৭৪ লক্ষের বেশী হবে না। সুতরাং যেভাষা দেশের জনসাধারণের ভাষা নয় সেই ভাষা কখনো চিরকালের জন্য আমাদের স্বাধীনতাপ্রাপ্ত ও জাগ্রত ভারতের সরকারী ভাষা হতে পারে না—একথাও আমাদের চিন্তা করতে হবে। প্রশ্ন হল হিন্দির। ভারতবর্ষের সবচেয়ে বিপদ হল, ভারতবর্ষের কোন এক ভাষাভাষীগোষ্ঠী সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেনি। বিগত আদমসুমারীতে দেখা যায়, ৩৫॥ কোটি ভারতবাসীর মধ্যে ১৫ কোটি হিন্দীভাষী—তাও আবার তার উপভাষা ও সহভাষা নিয়ে। আজ যদি হিন্দিকে চাপিয়ে দেওয়া হয় সরকারীভাষা হিসাবে তবে সংখ্যালঘিষ্ঠের ভাষা সংখ্যাগরিষ্ঠের উপর চাপিয়ে দেওয়া হবে। একথাও আমাদের চিন্তা করতে হবে। এবং আমার মনে হয় আমাদের সংবিধান রচয়িতাগণও এই সমস্যার সম্মুখীন হয়েছিলেন। এই সমস্যার সম্মুখীন হয়েই তাঁরা যদিও সর্ববৃহৎ একভাষাভাষী গোষ্ঠীর ভাষা হিন্দিকে ভারতে সংঘরাষ্ট্রের সরকারীভাষা নির্ধারিত করেছিলেন, কিন্তু একথাও তাঁরা দেখেছিলেন যে, ভাষার অগ্রসরতা ও উৎকর্ষের দিক থেকে, ভারতবর্ষের প্রশাসনিক সর্বকার্যে, এবং শিক্ষাদীক্ষার সর্বস্তরে, এবং আইন আদালত, এবং বিধানমণ্ডলী কার্যকলাপ নির্বাহ করার দিক থেকে এখনো পর্যন্ত সেই স্তরে উপনীত হতে পারিনি যাতে করে হিন্দীকে সরকারীভাষা করা যেতে পারে। একমাত্র বৃহত্তম কথ্যভাষা হিসাবে তারা হিন্দীকে সরকারী ভাষা করলেও এই ব্যবস্থা রেখেছিলেন যে, ১৫ বৎসরের জন্য ইংরাজি তার বর্তমান আসনেই অধিষ্ঠিত থাকবে। তখন তাঁরা এই আশা করেছিলেন যে, ১৫ বৎসরের মধ্যে হিন্দি ভাষা হিসাবে উৎকর্ষ প্রাপ্ত হবে যাতে করে সর্বপ্রকার প্রশাসনিক কার্যের যোগ্য মাধ্যম হতে পারে। অহিন্দিভাষীরাও হিন্দিকে গ্রহণ করবে এই ধারণা নিয়েই তাঁরা সংবিধানে এই বিধান রেখেছিলেন। ১৫ বৎসর প্রায় অতিক্রান্ত হয়েছে, কিন্তু আজো এই দুটো আশার কোনটাই ফলবতী হয়নি বা ফলবতী হবার দিকে বিশেষ এগিয়েছে বলেও মনে হয় না। সংবিধানে ব্যবস্থা করেছিলেন যে, তপশীলের অন্যান্য ভারতীয় ভাষা হতে এবং অধিকাংশ ভারতীয় ভাষার জননী সংস্কৃতের বিপুল শব্দ সম্ভার থেকে চয়ন করে হিন্দি গড়ে তোলা হবে, কিন্তু একথা স্বীকার করতে হবে যে, হিন্দি সেই আসনেও উপবিষ্ট হতে পারে নি। সুতরাং হিন্দিকে যদি রাষ্ট্রের সরকারী ভাষা করা হয় তাহলে আমি বলব, প্রশাসনিক উৎকর্ষতা বাধাপ্রাপ্ত হবে এবং অহিন্দিভাষাভাষীর উপর অবিচার করা হবে। আজকে হিন্দি ভারতের অঞ্চলবিশেষের মাত্র ভাষা এই ভাষা যদি আজ সারা ভারতবর্ষের সর্বকার্যে সরকারী ভাষারূপে গ্রহণ করা হয় তাহলে অহিন্দিভাষী জনসাধারণ চাকরী ও প্রতিযোগিতার ক্ষেত্রে বিশেষ বাধাপ্রাপ্ত হবে এবং দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হবে। তাছাড়া, হিন্দি ছাড়াও আরো অন্যান্য যেসমস্ত আঞ্চলিক ভাষা আছে তা পৃথিবীর কোন কোন স্বাধীনদেশের ভাষাগোষ্ঠীর সমতুল্য। ঐ অঞ্চলের অন্যান্য ভাষাও অগ্রসরতার দিক থেকে বিচার করলে দেখা যাবে যে, হিন্দির চেয়ে কোন অংশেই ন্যূন নয়। বরং হিন্দির চেয়েও অগ্রণী একথা বল্লেও অত্যুক্তি হবে না। ভাষার প্রতি মানুষের একটা স্বাভাবিক আবেগ আছে, আকর্ষণ আছে, সেটা স্বতঃস্ফূর্ত। ভারতবর্ষ বিচিত্র দেশ। এই বৈচিত্র্যের মধ্যে ঐক্য সাধনই যদি ল্যাঙ্গোয়েজ কমিশনের উদ্দেশ্য হয়ে থাকে তাহলে আমি বলব, এইভাবে হিন্দির প্রসারের চেষ্টা করলে ভারতীয় ঐক্যও ভারতীয় সংহতিকে দারুণ আঘাত করা হবে। এটা অন্যান্য আঞ্চলিক ভাষার দিক থেকে বিপজ্জনক হবে। কিছু কাল আগে রাজ্য পুনর্গঠনের ব্যাপারে ভাষাকে কেন্দ্র করে মানুষের আবেগ উদ্বুদ্ধ হয়েছিল এবং যে রূপ পরিগ্রহ করেছিল তা দুঃখের কথা, লজ্জার কথা। তাই আজকে আমাদের সাবধান হতে হবে, যাতে তার পুনরাবৃত্তি না ঘটে। আমরা জানি পূর্বপাকিস্থানের মানুষকে কিভাবে উদ্বুদ্ধ করেছিল এই ভাষার প্রশ্ন। সুতরাং সাবধানতা অবলম্বন আবশ্যক।

তারপর, সংস্কৃত। সংস্কৃতকে ভারতবর্ষের রাষ্ট্রভাষা করার জন্য কিছু মানুষ প্রচেষ্টা করছে। সংস্কৃত অধিকাংশ ভারতীয় ভাষার জননী। সংস্কৃতের ঐতিহ্য এবং জ্ঞানভাণ্ডার আমাদের প্রাচীনকালের সংগে যোগাযোগ স্থাপনের ঐক্যসূত্র। সংস্কৃতের দ্বারপথে আমাদের অতীতকে জানতে হয়। সুতরাং সংস্কৃতের দামও কম নয়। তবে এটা স্মরণ রাখতে হবে যে, সারা ভারতবর্ষে সংস্কৃত কারুর কথ্য ভাষা নয়। সারা ভারতে সংস্কৃতে মনোভাব প্রকাশ করতে পারে এমন মানুষের সংখ্যা ইংরাজীর চেয়েও কম। এবং যে ভাষা কোন মানুষেরই কথ্যভাষা নয় তা বর্তমান গণতন্ত্রের যুগে কখনো সরকারী ভাষা হতে পারে না। "ল্যাটিন" একদিন সমগ্র য়ুরোপে প্রভাব বিস্তার করেছিল, সরকারী ভাষা হিসাবে, শিক্ষার ভাষা হিসাবে; কিন্তু তাকেও স্থান ছেড়ে দিতে হয়েছে বিভিন্ন দেশের কথ্যভাষাকে। সুতরাং সংস্কৃতের প্রতি শ্রদ্ধা থাকলেও সংস্কৃতকে আজ সরকারীভাষা করা যায় না। তা সাধারণ নিয়মেই হতে পারে না। তবে একথা মানতে হবে যে সংস্কৃতকে অবহেলা করা ভারতবর্ষের পক্ষে চরম অন্যায় হবে এবং ভুল হবে। তাই আমার প্রস্তাবে আমি একথা বলেছি যে, শুধুমাত্র অলংকরণ ও আনুষ্ঠানিক ক্ষেত্রে, এবং সার্বিক রাষ্ট্রীয় ক্ষেত্রে সংস্কৃতকে যদি রক্ষা করতে পারি তাহলেই আমাদের সংস্কৃতের সংগে যোগসূত্র থাকবে। সংস্কৃতকে আমাদের জীবন থেকে নির্বাসিত করার যে ভুল সেই ভুল তাহলে হবে না। তাই আমি বলেছি, অলংকরণ, আনুষ্ঠানিক ক্ষেত্রে বা যেন কোন রাষ্ট্রীয় ক্ষেত্রেই কেবলমাত্র সংস্কৃতকে আমরা গ্রহণ করতে পারি। এবং ভারত সরকারকে এই বিষয় অবহিত হতে বলা হয়েছে।

তারপরের প্রশ্ন হল, সংবিধানে যদিও ১৫ বৎসর বাদে হিন্দি সরকারী ভাষা হবে বলে বলা হয়েছে তাহলেও সংবিধান রচয়িতাগণের মনে এই সন্দেহ ছিল যে, ১৫ বৎসরের মধ্যে তা হবে না। তাই তাঁরা এই বিধানও রেখেছেন যে, ১৫ বৎসর বাদেও ভারতীয় সংসদে আইন প্রণয়ন দ্বারা ইংরাজী যে যে কাজে বর্তমানে ব্যবহৃত হচ্ছে সেই কাজে ইচ্ছা করলে রাখতে পারবেন, কারণ তাঁরা নিজেরাই ভেবেছিলেন যে ১৫ বৎসরের সময় দেওয়া হচ্ছে বটে, কিন্তু সেটা অত্যন্ত আশাবাদী হচ্ছে।

[9-20—9-30 a.m.]

আজকে সংবিধান পরিবর্তন না করে অন্ততঃ যদি এই কাজটুকু করা যায়—সংসদে আইন প্রণয়ন করে আমরা ইংরেজী ভাষাকে বর্তমান অবস্থায় চালু রাখতে পারি এবং বর্তমান এই পরিস্থিতিতে ইংরেজীর কোন রকম সংকোচন ও বিলোপসাধন আমাদের পক্ষে ভুল হবে এবং ভারতবর্ষের ঐক্যের পক্ষে ও সংস্কৃতির পক্ষে ক্ষতিকর হবে বলে আমরা মনে করি।

আরো একটা কথা আছে। বহু ভাষাভাষী দেশে, যদি বিভিন্ন আঞ্চলিক ভাষাভাষী অঞ্চলে হিন্দিকে গ্রহণ না করে সরকারী ভাষা হিসেবে স্বেচ্ছায়, তাহলে হিন্দিকে তাদের উপর জোর করে চাপিয়ে দেওয়া ভুল হবে। সুতরাং এত বড় দেশে, এত বৈচিত্র্য যেখানে ভাষাগত, আচারগত, সেখানে একাধিক ভাষা রাখা প্রয়োজন হতে পারে। এ জন্য সময়মত সংবিধান সংশোধন আবশ্যক হলেও তা করতে হবে। অতএব যত দিন পর্যন্ত না হিন্দী বা অন্য কোন ভারতীয় ভাষা উৎকর্ষে ইংরেজীর সেই স্তরে উপনীত হয়—যা আমাদের সকল প্রশাসনিক কাজে ব্যবহার করা যাবে, আইন প্রণয়নের কাজে ব্যবহার করা যাবে, মহাধিকরণের কাজে ব্যবহার করা যাবে—শিক্ষার বিভিন্ন স্তরে ব্যবহার করা যাবে, ততদিন পর্যন্ত ইংরেজীকে বর্তমান স্থান থেকে বিচ্যুত করলে ভুল করা হবে বলে আমরা মনে করি।

এর সংগে আমি আর একটী সাবধান বাণী উচ্চারণ করা প্রয়োজন বলে মনে করি। নব জাগ্রত স্বাধীন ভারতবর্ষে সরকারী ভাষা হিসেবে ইংরেজী কখনো চিরদিনের জন্য থাকতে পারবে না। হিন্দী ভাষান্ধতা (লিঙ্গুইজম) আজকে আমাদের মনকে সংক্রামিত করেছে—যার জন্য ইংরেজীকে চিরকাল রাখবার জন্য আমরা চীৎকার করে উঠছি। আমার মনে হয় সেটা ভুল করা হবে। তা ছাড়া বিভিন্ন রাজ্যের সংগে কেন্দ্রের যোগাযোগ, বিভিন্ন রাজ্যের মধ্যে পরস্পরের যোগাযোগ—সরকারী ভাষার মাধ্যমে হবে—এটা সংবিধানের নীতি। এ ক্ষেত্রে হিন্দী যদি সংঘরাষ্ট্রের সরকারী ভাষা হয়, তাহলে হিন্দীর মাধ্যমে তা করতে হয়। কিন্তু সেটা সুবিধাজনক হবে না। আমার মনে হয় তাতে বিভিন্ন রাজ্যে যে ভাষা আছে, সেই ভাষায়

কেন পরস্পরের সঙ্গে যোগাযোগ করা যাবে না, সরকারী ভাষার সঙ্গেও যোগাযোগ করা যাবে না? তাহলে দ্বি-ভাষিক কেন হবে না? এর জন্য আমার মনে হয় আবশ্যক সংবিধানের সংশোধন। বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রের মধ্যে, রাজ্য এবং রাজ্যের মধ্যে যোগাযোগের ভাষা দ্বি-ভাষিক হওয়া উচিত। রাজ্যের ভাষা এবং কেন্দ্রের সরকারী ভাষা দ্বি-ভাষিক হবে।

তা ছাড়া আজকে সরকারী ভাষা সমস্যা সমাধান করবার জন্য যে ভাষা কমিশন গঠিত হয়েছিল, সেই ভাষা কমিশন যে রিপোর্ট পেশ করেছেন, তা ভারতীয় সংসদে বিচারাধীন আছে। ভাষা কমিশনের যে সুপারিশ তার সঙ্গে বাংলার জনসাধারণ কিছুতেই একমত হতে পারবেন না। অনতিবিলম্বে ইংরেজীর স্থান হিন্দী গ্রহণ করবে এই সুপারিশ তাঁরা করেছেন। বাংলাদেশের ও অন্যান্য অহিন্দী ভাষাভাষী অঞ্চলের মানুষ কিছুতেই তাকে গ্রহণ করতে পারছে না। আমি একথা বুঝতে পারি না—যদিও শিক্ষার বাহন ও মাধ্যম স্থির করার দায়িত্ব তাঁদের উপর অর্পণ করা হয় নাই,—তবুও তাঁরা এ সম্বন্ধে সুপারিশ করেছেন। আমি বলবো এতে করে তাঁরা তাঁদের দায়িত্ব ও অধিকারের সীমা লংঘন করেছেন। সেদিক থেকে আমরা তাঁদের সঙ্গে কিছুতেই একমত হতে পারি না। তা ছাড়া উচ্চশিক্ষার একমাত্র মাধ্যম হবে হিন্দী, একথা তাঁরা কেমন করে বলেন বর্তমান হিন্দীর উৎকর্ষতা বিচার করে? তা বুঝতে পারি না। তাঁরা মহাধর্মাধিকরণে ও বিভিন্ন ভাষাভাষী অঞ্চলে আইন প্রণয়ন প্রভৃতি ব্যাপারে রাষ্ট্রভাষা হবে হিন্দী এটা কি যুক্তিতে বলতে পারেন তা জানি না। আমার মনে হয় তাদের যুক্তি "যুক্তি" শব্দের অপপ্রয়োগ।

তা ছাড়া বিভিন্ন আঞ্চলিক রাজ্য বিধানমণ্ডলীর আইন প্রণয়ন হবে হিন্দীভাষায় এটা তাঁরা কোন্ যুক্তিতে বলতে পারেন, তা আমাদের বুদ্ধির অগম্য। অতএব কিছুতেই ভাষা কমিশনের সুপারিশ আমরা গ্রহণ করতে পারছি না।

এর পরে পশ্চিমবঙ্গ রাজ্যের সরকারী ভাষা। সারা ভারতবর্ষে বহু ভাষা প্রচলিত থাকলেও পশ্চিমবঙ্গ মূলতঃ এক ভাষাভাষী—উত্তরাঞ্চলে ভাষাগত সংখ্যালঘু বাদে। বিভিন্ন রাজ্যাগত, প্রদেশাগত যারা, তারা কিছু ভিন্ন ভাষাভাষী আছে জানি। কিন্তু তাহলেও মূলতঃ পশ্চিমবঙ্গ এক ভাষাভাষী। অন্ততঃ বিরাট বিপুল সংখ্যা—এক ভাষাভাষী, যাতে করে বলা যায়—প্রায় সমগ্র প্রদেশই—এক বাংলা ভাষাভাষী। সুতরাং সংঘরাষ্ট্রে হিন্দিকে সরকারী ভাষা করার যে বাধা দেখা যাচ্ছে, এখানে বাংলাকে সরকারী ভাষা করায় সে বাধা নেই। তাছাড়া বাংলা ভাষা বিগত যুগের মনীষীদের সাধনায়, আজকে যে স্তরে উপনিত হয়েছে, তাতে আমি মনে করি প্রশাসনিক বহু কার্য বাংলা ভাষায় চলতে পারে। বাংলা ভাষার মাধ্যমে বহু কাজ সম্পন্ন করা সম্ভব। বাংলা ভাষাকে আমরা ভালবাসি, শ্রদ্ধা করি, আমরা সে কথা মুক্তকণ্ঠে বলি, তবে একথা স্বীকার করতে আমাদের লজ্জা নেই যে, সর্ব কাজে, সর্ব স্তরে বাংলা ভাষা ইংরাজীর আসন গ্রহণ করতে এখনও পারে না। সেইজন্য আজকে আমাদের প্রস্তাবে সরকারের উপর এই ভার অর্পণ করছি যে, সাধারণতঃ মূলগতঃ বাংলা হবে এ রাজ্যের সরকারী ভাষা। তবে ক্ষেত্র বিশেষে ব্যতিক্রম থাকতে পারে, যার জন্য একটা নির্দিষ্ট সময় করে দেওয়া হচ্ছে, সেখানে উৎকর্ষ ও সংখ্যালঘুর প্রশ্ন নেই। ১৯৬০ সালের ডিসেম্বর মাসের মধ্যে এ বিষয় আইন করে যেন চালু করা হয়। বাংলা ভাষার বর্তমান উন্নতির জন্য পূর্বসূধীরা ইংরাজীর সঙ্গে যোগসূত্র স্থাপন করে, যেভাবে তাঁরা বাংলা ভাষাকে বর্তমান অবস্থায় নিয়ে এসেছেন, তাতে মনে করি বাংলা ভাষার সাহায্যে প্রশাসনিক কার্য চালু করা দুরূহ হবে না।

তারপর শিক্ষার কথা। আজকে বহু ভাষাভাষী ভারতবর্ষে একাধিক ভাষা শিক্ষা করতে হবে; পশ্চিমের জ্ঞানবিজ্ঞানে উন্নত চিন্তাধারার সঙ্গে যোগাযোগ রক্ষা করবার জন্য বিদেশী ভাষা শেখার প্রয়োজন আছে। ভারতবর্ষের অতীত ঐতিহ্যমণ্ডিত সংস্কৃতিকে জানবার জন্য, তার জ্ঞানভাণ্ডারের সঙ্গে কিছুটা সংযোগ স্থাপন করবার জন্য সংস্কৃতিকে অবহেলা করা যাবে না। ভারতবর্ষ বিচিত্র দেশ, তার বিভিন্ন অঞ্চলে শুধু বিভিন্ন ভাষাভাষী নয়, তার আচার ব্যবহারে তাদের বহু বৈচিত্র্য আছে, তবুও তার মধ্যে একটা চিরন্তন মূলগত ঐক্য আছে নিশ্চয়ই দেখা যায়। সুতরাং আজকে সরকারের উপর ভার দিতে হবে, তবে যাঁরা শিক্ষাবিদ, যাঁরা শিক্ষা বিষয়ে অভিজ্ঞ তাঁদের সঙ্গে পরামর্শ করে শিক্ষার বিভিন্ন স্তরে কোন্ ভাষা কখন শেখান হবে,

কোন ভাষা কতটুকু শিখতে হবে, কোন স্তরে বাধ্যতামূলক হবে আর কোন স্তরে বাধ্যতামূলক হবে না এর ভার বিভিন্ন রাজ্যের উপর দিয়ে দেওয়া উচিত ছিল। তবে বৈচিত্র্যের মধ্যে যে ঐক্য ভারতবর্ষে চিরন্তনী, তা বজায় থাকবে। কিন্তু একীকরণের চেষ্টা করলে তা হবে না। আর একটা কথা বলছি—এখানে শিক্ষা এবং পরীক্ষার বাহন হবে বাংলা, এ তো স্বাভাবিক। শিক্ষার এবং পরীক্ষার বাহন মাতৃভাষা হওয়া উচিত। আমি মনে করি এ সম্বন্ধে বক্তৃতা করে কিছু বলবার আবশ্যকতা নেই। তবে আমাদের ভাষাগত সংখ্যালঘু যাঁরা আছেন, তাঁদেরও তেমনি অধিকার আছে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা গ্রহণ করবার, অন্ততঃ মাধ্যমিক স্তর পর্যন্ত। সুতরাং সেটা স্বীকার করতেই হবে। সরকারের উপর আজ ভার অর্পিত করতে হবে বাংলা ভাষাকে চালু করবার জন্য। ব্যতিক্রম হিসাবে যেটুকু অধিকার দেওয়া হচ্ছে তার মধ্যে ভাষাগত সংখ্যালঘুদের কথা আমরা স্মরণে রেখেছি।

সুতরাং আজকে আমার এই প্রস্তাব উত্থাপন করে পরিশেষে এই কথা বলবো, আজকে বিশেষভাবে সমস্ত কিছু চিন্তা করে পদক্ষেপ করতে হবে। আমরা জানি ভাষা মানুষের মনে মর্মের মত আবেগ সৃষ্টি করে। যে ভাষায় প্রথম কথা বলতে শুরু করেছিলাম, সেই ভাষার প্রতি মানুষের আবেগ সহজাত। সেইজন্য আজকে একদিকে ভাষান্ধতা দেখা যায়। অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি হিন্দি ভাষাভাষী অঞ্চলে একটা ভাষান্ধতা দেখা দিয়েছে। কিন্তু ভারতবর্ষের স্থিতধি নায়করা এখনও সরকার পরিচালনা করছেন। সুতরাং এখনও ভরসা রাখি এই ভাষান্ধতা ভারতবর্ষের স্থিতধি নায়কদের গ্রাস করতে পারবে না। তাদের গ্রাস করতে কখনও পারে নি এবং এখনও পারবে না, এ কথা স্মরণ রাখতে হবে। [হাস্য।] এটা হাসির কথা নয়। এটা কোন লঘু কথা নয়। আজ সারা ভারতবর্ষের সামগ্রিক ঐক্য বিপন্ন, এ কথা স্মরণ রেখে, সকল বিষয়ে বিশেষ অনুধাবন করে আমাদের সিদ্ধান্তে উপনীত হতে হবে। লঘুতার সঙ্গে সিদ্ধান্তে উপনীত হলে আমরা চরম ভুল করবো এবং ভারতবর্ষের ঐক্যকে বিঘ্নিত করবো। বৈচিত্র্যের মধ্যে ভারতবর্ষের যে ঐক্য চিরন্তনী, তাকে ব্যাহত করবো। সুতরাং আজকে আমাদের পশ্চিমবঙ্গের মানুষ আমরা গণতন্ত্রে বিশ্বাস করি, নিজেদের অনগ্রসর বলে মনে করি না। আজকে আমাদের এই বিষয়ে বিশেষ সাবধান হতে হবে যে অন্ততঃ কোন জায়গায় ভাষান্ধতা আমাদের মধ্যে সংক্রামিত না হয়ে উঠে। আমরা যা মন্দ তাকে মন্দই বলবো কিন্তু মন্দের জবাব দিতে গিয়ে মন্দকে অনুকরণ করবো না। এই কথা আমি বিশেষ করে অনুধাবন করতে অনুরোধ করলো সকলকে। এবং সংস্কৃতির যোগসূত্র বাঁচিয়ে রাখতে হবে ভারতবর্ষের চিরন্তন ঐক্যের প্রতীক হিসাবে, ভারতবর্ষের অতীত ঐতিহ্য এবং সংস্কৃতির স্বীকৃতি হিসাবে। সুতরাং এই প্রস্তাব আপনার সম্মুখে উপস্থাপিত করছি গ্রহণ করার জন্য।

[9-30—9-40 a.m.]

Sj. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, I beg to move that after the word "that" and for the words beginning with "whereas the question" and ending with "shall be recognised" the following be substituted, viz.:

> "While expressing itself unequivocally that Bengali should be the State language, this Council is of opinion that the Government of West Bengal should take immediate and adequate steps for spread and popularisation of Sanskrit with a view to making it another State Language."

Mr. Chairman, Sir, I would request you to hear the speeches, because we all expect that you will sum up.

Mr. Chairman: I do not know that, as it is my duty only to hear.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, I must make it clear that I do not want to raise any controversy in any section of the House or in any section outside the House. I must make it clear that, although we are discussing

this subject within the limits or limitations of our State of West Bengal, we desire that all our discussions be assessed and, if possible, made applicable to the greater country that is ours.

Sir, in determining a common language we have to be guided, in the first place, by the principle and method of discovering the highest common factor of all current languages, and, in the second place, we have to try to avoid as far as possible the necessity of raising regional and sectional conflicts. Tested by these two touchstones Sanskrit is bound to hold the sovereign position. I am quite aware, Sir, that Arabic, Persian and Urdu and allied tongues will not owe allegiance to Sanskrit because of their different origin and divergent climate, but there is no mentionable claim or case on their behalf. But all other forms of expression within India are either direct offshoot or near echoes of this great ancient language of pre-historic origin and development and productive of the highest literary and spiritual wealth.

Scratch the skin of all Indian languages and in the midst of their apparent diversity you will find in each case the blue blood of Sanskrit. But it is not ancestry alone that recommends this language to recognition. The more real credential is the richness of its literary, scientific, spiritual and other acquisitions. The epic imagination, the lyrical sweetness, the massive comprehensiveness of outlook and the profound depth of concept - all these and other qualities have made Sanskrit a bank of endless resources from and upon which all the languages and literature of our continent have freely drawn for their strength, for their beauty and for their development. Who knows that the inspiration behind the rocket moving round the globe within a few hours did not come from the story of Narad surveying the universe for the daily round of inspection of the different parts of the universe, that conquest of air and warfare from behind the clouds were not induced by the proposition of possibility enunciated in the *Mahabharata* and that atom bombs and death rays of the coming warfare did not receive its semination from the filed of Kurukshetra?

Sir, it is a matter of great regret and still greater despair that while educated Indians and Bengalees have been feeling pride in having been able to run away from their heritage of Sanskrit, scientists and scholars from the West have been undertaking arduous pilgrimage into our scriptures with a view to finding live materials for new discovery and invention. Should we remain unmindful of this?

Sir, my next point is about regionalism and its attendant acrimony. The imperialists of the Indian Republic are trying to pour down our throats that as the State language No. 1 which claims to have produced one ancient classic in Hindi, namely Tulsidas's *Ramayana*,—but this again is in *Thet* which is different from Hindi—and it has produced another classic recently, viz., All-India Railway Time-table in Hindi—these rulers, riding high horses, have neither respect nor affection for that language which has given the whole of India its only two national songs. This unreasonable attitude, as my friend preceding has already stated, has generated righteous indignation and has invited unavoidable resistance from the length and breadth of the country. Brothers and sisters have fallen out amongst themselves and they are unable to solve the tangle. Who will settle it? Referendum must go to the paterfamilias who alone can resolve that deadlock and here is that supreme paterfamilias of Sanskrit and nothing else.

It is argued that Sanskrit is a glory of the past—my friend also has spoken in that vein—and it would be a waste of national energy to try its revival. Well, for centuries freedom of the country and the liberty of our

people were also matters of the past and what have we not done for getting back these lost treasures? If recovery of independence has to be hoisted on the Ashoka Chakra, renaissance of Indian culture has to be footed on that culture which produced Ashoka the Great and that greatness is inseparable from the organ of this expression. Return of independence has not been a return to monarchy, similarly revival of Sanskrit can be done without going through the complicated grammar, which can be very much simplified. You know, Sir, as my old professor Caedmon, the father of English poetry, sprang from an ignorant and illiterate shepherd's unauthorised sleep in an orthodox village monastery and in the height of ecstatic frenzy he produced verses reminiscent of the holy scriptures. England never made the mistake of forgetting this great event and throughout the ages English authors and Englishmen of letters and their educational institutions and universities have religiously stuck to their classics as the basis of all-round activities in the world of cultural achievements. We Bengalees are rightly proud of our language and literature but we must have the eyes to see that those master minds who have given life and expansiveness to them were drenched in our classics of the Sanskrit variety. The unmistakable diction which has made Bengal and Bengalees what they are reflects in our language and literature that unconcealed Sanskrit rhythm which has earned the position which is now occupied by our art and by our philosophy.

Rabindranath projected himself to the camps of the modern world and before that he got his full depth of bathing in Sanskrit. Swami Vivekananda could not have been the full-fledged oracle of the East but for his thorough penetration into the Veda, Upanisad and Puran.

Shri Aurobindo who had his normal nursing, erudition and high culture in England and in English had later on had to dive deep into Sanskrit and it, immeasurable lore before he had his rebirth as the prophet of humanity.

Let us read now the warning on the wall that recent trends in our language and literature and also in other fine arts are showing signs of decay due to drying up of the fount of energy. Dredging has to be taken up and that forthwith. Farakka Barrage is the desideratum in the economic life of West Bengal. Without this we go to decay and only salinity is left to us. But more than that is needed the barrage of Sanskrit learning without which all our character and culture would lose sweetness and diction and would be drowned in the arid desert of sterility.

With these words I move my amendment.

[9-40—9-50 a.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I beg to move that—

(i) in paragraph (2), line 2, the words "Hindi and" be omitted;

(ii) in paragraph (2), line 3, after the word "accepted", the words "by three-fourths of the Legislatures of the States in the Union" be inserted;

(iii) in paragraph (5), line 2, after the word "Primary", the word "and" be inserted, and the words "and University" be omitted;

(iv) in paragraph (5), the following be added, viz.,—

"and the pattern and patterns of language or languages to be used for educational purposes at the University stage be determined by the Universities concerned".

সভাপাল মহাশয়! শ্রীযুক্ত রবীন্দ্রলাল সিংহ যেরূপ যোগ্যতার সঙ্গে এই প্রস্তাব উত্থাপন করেছেন তার পরে দীর্ঘ বক্তৃতা দেওয়া নিষ্প্রয়োজন ব'লে মনে করি। কিন্তু প্রস্তাবের ভিতর কতকগুলি অসঙ্গতি আছে, সেজন্য বাধ্য হয়ে সংশোধন প্রস্তাব উত্থাপন করতে হয়েছে। আমার প্রথম সংশোধন প্রস্তাব হচ্ছে ২নং অনুচ্ছেদে যেখানে আরম্ভ করা হচ্ছে—

"Parliament by law should provide".

এখানে "হিন্দি এ্যান্ড" এই কথাটাকে বলেছেন—সেখানে হিন্দির বিশেষ উল্লেখ কেন করেছেন আমি বুঝতে পারছি না।

প্রথমতঃ দ্বিতীয় যে অনুচ্ছেদ তাতে স্পষ্টভাবে বলছেন যে সেই যে সুপারিশ করেছেন ভাষা কমিশন তার সঙ্গে একমত নন।

তৃতীয় অনুচ্ছেদে বলছেন যে আমরা নূতন ভাবে এর আলোচনা এবং পরীক্ষা চাইছি। তথাপি হিন্দির নামটা কেন এখানে করা হয়েছে সেটা বুঝতে পারছি না। সেজন্য আমার মনে হয়েছে যে, এই "হিন্দি এ্যান্ড" দেওয়াতে প্রস্তাবটা স্ববিরোধী হয়ে পড়েছে এবং সামঞ্জস্য রক্ষা করা হয় নি। যদি আমরা নূতনভাবে পরীক্ষা এবং নূতন ভাবে আলোচনা চাই তাহলে সঙ্গে সঙ্গে আমরা হিন্দী যাকে উচ্চস্থানে অধিষ্ঠিত করা হয়েছে ভাষা কমিশনের দ্বারা—তাকে আমরা স্বীকার করে নিতে পারি না। সুতরাং এটা স্ববিরোধী হয়েছে এবং তাছাড়া স্পষ্ট কোরে বলা হচ্ছে যে আমরা সুপারিশ গ্রহণ করছি না, সুপারিশের সঙ্গে আমরা একমত নই। সেইজন্য "হিন্দি এ্যান্ড" কথাটা বাদ দেওয়া প্রয়োজন।

সভাপাল মহাশয়! "হিন্দি এ্যান্ড" কথাটা বাদ দিতে চাইছি এই কারণে যে, হিন্দির যদি উল্লেখ থাকে প্রস্তাবের ভিতর, তাহলে যারা হিন্দি সাম্রাজ্যবাদী তাদের পক্ষে খুব সুবিধা হবে, এবং এই হিন্দীভাষা জোর কোরে চাপিয়ে দেবার সুযোগ তারা লাভ করবে। আমরা হিন্দী-ভাষাকে সম্মান করি, হিন্দীভাষা সমৃদ্ধ হউক এ কামনা করি, কিন্তু তথাপি হিন্দী ভাষাভাষীরা সাম্রাজ্যবাদী মনোভাব নিয়ে এইভাবে যে ভাষা একটা সংখ্যালঘুর ভাষা, যে ভাষা সমস্ত জনতার ভাষা নয়, সেই ভাষাটা অন্য অঞ্চলের লোকের উপর চাপিয়ে দেবেন, তা আমরা পছন্দ করি না। আমি মনে করি হিন্দীর যদি উল্লেখ থাকে তাহলে হিন্দী সাম্রাজ্যবাদীদের শক্তিশালী কোরে তোলা হবে।

সভাপাল মহাশয়! আপনি জানেন যে গণপরিষদে যখন সরকারী ভাষা সম্বন্ধে আলোচনা হচ্ছিল তখন সেখানে যাঁরা হিন্দী ভাষার পক্ষে ছিলেন সেই গণপরিষদে তাঁদের মনোভাবকে প্রধানমন্ত্রী পর্যন্ত নিন্দা করেছেন। আমি এই সঙ্গে উল্লেখ করতে পারি যে, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ভাষাতত্ত্ববিদ অধ্যাপক সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয় বলেছেন যে, হিন্দী সাম্রাজ্যবাদ একটা রয়েছে, এবং সেটা ভারতীয় জাতীয়তাবোধের বিরোধী নয়। ঠিক সেই কথাটা উল্লেখ করেছিলেন আমাদের প্রধানমন্ত্রী গণপরিষদের যে আলোচনার বিবরণী সেটা আমি পড়ছি। নবম ভলুম-এর ১৪১৪ পাতায় প্রধানমন্ত্রী এ কথা প্রকাশ্যভাবে বলেছেন যে—

"Hindi-speaking people are the centre of things in India, the centre of gravity and others being just the fringes of India".

অর্থাৎ হিন্দীভাষাতে যারা বক্তৃতা করেছেন তাদের মনোভাব হচ্ছে এই যে যাঁরা হিন্দী বলেন তাঁরাই হচ্ছেন প্রধান, তাঁরাই ভারতের এবং ভারতীয় সভ্যতার কেন্দ্রস্থলে রয়েছেন, এবং অন্যান্য অঞ্চলের যাঁরা মানুষ তারা এক কোনায় পড়ে রয়েছেন। এই মনোভাবের আভাস পেয়েছিলাম হিন্দীভাষীদের বক্তৃতায় গণপরিষদে এবং প্রধানমন্ত্রী মহাশয় সেই মনোভাবের তীব্র নিন্দা করেছিলেন। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পণ্ডিত অধ্যাপক সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয় আরও বলেছেন যে "হিন্দু, হিন্দ, হিন্দী" এই কথাটা এক রকম চলতি হয়ে উঠেছে, এবং তার পশ্চাতে রয়েছে হিন্দী সাম্রাজ্যবাদী মনোভাব। এই কথা স্পষ্টভাবে তাঁর যে মত ভাষা কমিশনের বিবরণীর ভিতর প্রকাশিত হয়েছে তার ভিতর রয়েছে।

এই প্রস্তাবে হিন্দী কথাটা বিশেষভাবে উল্লেখ করা হলে এটাতে হিন্দী সাম্রাজ্যবাদীকে শক্তিশালী করবে, এবং ভারতীয় একতাকে বিপন্ন করবে। একথাটা বলা উচিত নয় এই জন্য যে গণপরিষদেও অত্যন্ত অন্যায়ভাবে সেই প্রস্তাবটা গৃহীত হয়েছিল। একথা যাঁরা গণপরিষদের আলোচনা বিবরণী পড়েছেন তাঁরা জানেন। তিনশ-এর বেশী সংশোধন প্রস্তাব দেওয়া হয়েছিল এবং অতি কম সংখ্যক সংশোধন প্রস্তাব আলোচিত হয়েছিল এবং শেষ পর্যন্ত হিন্দী ভাষাভাষী-দের চীৎকারের জন্য ক্লোজার-এর নীতি অনুসারে এই প্রস্তাব গৃহীত হয়েছে। এমন কি যাঁরা বিশিষ্ট কংগ্রেসসেবী—শ্রীযুক্ত গোপালস্বামী আয়েঙ্গার, শ্রীযুক্ত ত্যাগী—তাঁরাও বলেছিলেন যে, গণপরিষদ সত্যকারের গণতান্ত্রিকভাবে নির্বাচিত হয় নি। সর্বসাধারণের ভোটের ভিত্তিতে নির্বাচিত হয় নি। সুতরাং এ বিষয়ে তাদের সিদ্ধান্তে উপনিত হওয়া ঠিক হবে না একথা তাঁরা উল্লেখ করেছেন। এই কারণেই হিন্দী কথাটা ব্যবহার করবার বিরোধী। আশাকরি রবীন্দ্রলাল সিংহ মহাশয় আমার যুক্তি মেনে নেবেন।

আমার দ্বিতীয় সংশোধন প্রস্তাবে "পার্লিয়ামেন্ট সুড" যাতে আছে তার তৃতীয় ছত্রে "এক্সেপ্টেড" কথার পরে আমি দাবী করেছি—

by ⅔ths of the State Legislature.

নূতনভাবে আলোচনা করা হউক। আলোচনার পরে ইংরাজী ভাষা না হয় অন্য ভারতীয় ভাষা কি করা যেতে পারে সরকারী ভাষা হিসাবে সেটা পরে আমরা ঠিক করব। আমি বলছি বিভিন্ন অঞ্চলে যে বিধানমণ্ডলী রয়েছে তাদের তিন-চারটি যদি সেটা গ্রহণ করে তাহলেই সেটা গৃহীত হবে। এই ভাষার প্রশ্ন এত সুদূরপ্রসারী, এর সঙ্গে শুধু যে প্রশাসনিক ব্যাপার যুক্ত রয়েছে তা নয়, এর সঙ্গে যুক্ত রয়েছে সাংস্কৃতিক ব্যাপার, শিক্ষার ব্যাপার। সুতরাং এটাকে যে কোন ভাবে গ্রহণ করা ঠিক হবে না।

[9-50—10 a.m.]

আমার অন্য প্রস্তাবগুলো ৫নং অনুচ্ছেদ সম্পর্কে। ৫নং অনুচ্ছেদে বলা হয়েছে যে প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কি কি ভাষায় হবে সে সম্বন্ধে বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করে রাজ্যসরকার সিদ্ধান্তে উপনীত হবেন। অর্থাৎ রাজ্য সরকারকে ক্ষমতা দেওয়া হয়েছে যে তাঁরা কেবল অভিজ্ঞ ব্যক্তিদের সঙ্গে আলাপ আলোচনা করবেন। আমার কথা হচ্ছে যে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সরকারের ক্ষমতা থাকা উচিৎ। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষার ক্ষেত্রে কি ভাষা ব্যবহার করা উচিত সেবিষয়ে বিশ্ব-বিদ্যালয়ের উপরেই ভার দেওয়া উচিত। সভাপতি মহাশয়, আপনি জানেন যে, বিশ্ববিদ্যালয়ের আইন অনুসারে বিশ্ববিদ্যালয় একটা স্বয়ংশাসিত বা অটোনোমাস প্রতিষ্ঠান। আমাদের মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী বার বার বলেছেন যে, বিশ্ববিদ্যালয় একটা স্বয়ংশাসিত প্রতিষ্ঠান এবং এদের যে নীতি সে নীতি তাঁরাই নির্ধারণ করবে সেই নীতির উপরে সরকারের হস্তক্ষেপ করা উচিত নয়। আমি সেজন্য বলছি যে বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে একটা অন্য রকম ব্যবস্থা করা উচিত—অর্থাৎ সেখানে বিশ্ববিদ্যালয়কেই ভার দেওয়া উচিত। আমি তাই প্রস্তাব করছি প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে অভিজ্ঞ ব্যক্তিদের সঙ্গে পরামর্শ করে সরকারই এ বিষয়ে সিদ্ধান্তে উপনীত হবেন, কিন্তু বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে তাঁরাই এটা ঠিক করবেন। সভাপতি মহাশয়, আমি আর দুটো কথা বলব। একটা হচ্ছে যে, এই প্রস্তাবে আমাদের কন্‌স্টিটিউশন পরিবর্তনের দাবী করা হয়েছে। এটা খুব প্রয়োজন। কংগ্রেস দল স্বাধীনতার পূর্বে বহুবার বলেছিলেন যে যখন দেশ স্বাধীন হবে তখন সংবিধান প্রস্তুত হবে গণপরিষদের দ্বারা এবং যে গণপরিষদ সর্বসাধারণের দ্বারা নির্বাচিত হবে। কিন্তু যখন তাঁরা ক্ষমতা লাভ করলেন তখন তাঁরা সেকথা ভুলে গেলেন। আর যে গণপরিষদে হিন্দী সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল এবং যে সিদ্ধান্ত আমাদের সংবিধানে রয়েছে সেটা অগণতান্ত্রিকভাবে নেওয়া হয়েছে বলে আমি বিশ্বাস করি। সুতরাং কন্‌স্টিটিউশন পরিবর্তনের যে দাবী রয়েছে সেটা আমি সর্বান্তকরণে সমর্থন করি। তারপর পঞ্চম এবং ষষ্ঠ অনুচ্ছেদে একটা অসংগতি রয়েছে বলে আমি মনে করি। সেখানে বলা হচ্ছে যে প্রাথমিক, মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে কি

ভাষা ব্যবহার হবে সেটা বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করে ঠিক করা হবে, আবার ষষ্ঠ অনুচ্ছেদে বলা হয়েছে—

The medium of instruction in the State shall be Bengali.

সুতরাং এর ভেতরে একটা অসঙ্গতি থেকে যাচ্ছে এবং এই রকম একটা অসামঞ্জস্যপূর্ণ প্রস্তাব কেন্দ্রে পাঠান হবে কি না সেটা রবীন্দ্রলাল সিংহ মহাশয় বিবেচনা করবেন এবং অন্যান্য সকলে বিবেচনা করবেন। শেষে বলব যে আমার নামে যে সংশোধনী প্রস্তাব রয়েছে তা সমর্থন করবার জন্য আমি সকলের কাছে আবেদন করছি।

Sj. Gopal Chandra Halder: Sir, I beg to move that—

(i) for paragraph (1), the following be substituted, viz.,—

"(1) All the modern languages of Indian origin in the Schedule 8 of the Constitution be accorded the status of the National Languages of India, and Sanskrit should be used for such ceremonial purposes as the Government of India may from time to time specify, and English be regarded as the Chief International Language to be used for such purposes as the Government of India consider necessary.";

(ii) in paragraph (2), lines 2 and 3, for the words "some other Indian languages", the words "other National Languages of India" be substituted, and in line 3, after the words "accepted", the words "by the State Legislatures" be inserted;

(iii) after paragraph (4), the following be added, viz.,—

"an Advisory Body with representatives of the different parties in the State Legislatures be constituted for the purpose.";

(iv) in paragraph (5), line 5, after the words "appointed by them" the words "subject to the approval of the State Legislatures" be added.

শ্রদ্ধাস্পদ সভাপতি মহাশয়, অত্যন্ত আনন্দের সঙ্গে আজকে আমরা এই প্রস্তাব আলোচনা করতে অগ্রসর হচ্ছি। আনন্দের এখন কারণ এই যে, আপনার মত ভারতবর্ষের সর্বশ্রেষ্ঠ একজন ভাষাবৈজ্ঞানিক এই সভা পরিচালনা করছেন। ভারতবর্ষের অন্য কোনো আইনসভায় এই সৌভাগ্য হবে না। আনন্দের দ্বিতীয় কারণ হচ্ছে এই যে, এই প্রস্তাবটা কংগ্রেসপক্ষ থেকে উত্থাপিত হয়েছে। এবং এতে বাংলাদেশের কংগ্রেস সদস্যদের মনোভাবের পরিবর্তন হয়েছে এবং তাঁদের নূতনভাবে চিন্তা করবার শক্তির উদ্রেক হয়েছে, বলে আমি মনে করি তার জন্য আমি আরও আনন্দিত। আমি বিশেষ করে অভিনন্দন জানাই এই প্রস্তাব যিনি উত্থাপন করেছেন সেই শ্রীযুক্ত রবীন্দ্রলাল সিংহকে। তাঁর দৃষ্টিভঙ্গির সঙ্গে সাধারণভাবে আমরা সকলেই একমত। এই আলোচনা নিম্ন আইনসভায় যেভাবে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে সেইভাবে আজকে আমরাও একটা সর্বসম্মতিক্রমে প্রস্তাব গ্রহণ করতে পারবো, এটাও আশা করি। একথা আমি বলবো যে, যিনি এই প্রস্তাব উত্থাপন করেছেন তাঁরও সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির এতটা মিল থাকাতে আমি আবেদন করবো আমাদের যতটুকু সংশোধনী আছে সেটুকু গ্রহণ করতে পারেন কি না সেই কথাও একবার তিনি যেন বিবেচনা করে দেখেন। প্রথমতঃ, এটা খুব আনন্দের কথা যে একটা কথা তাঁরা প্রকারান্তরে স্বীকার করেছেন—সকল বাঙ্গালীই প্রায় স্পষ্টতঃ তা স্বীকার করেন। আপনি জানেন, সভাপতি মহাশয়, যে প্রধানতঃ সংবিধানে যে ৭৩ বনাম ৭২ ভোটে একটা প্রস্তাব গৃহীত হয়েছিল দেবনাগরীতে লেখা হিন্দী ভারতবর্ষে কেন্দ্রের ভাষা হবে সেই প্রস্তাবটা একটা ভ্রান্ত রাজনীতিপ্রসূত, সেটা সুচিন্তা-প্রসূত নয়। দ্বিতীয়তঃ সেই ভ্রান্ত রাজনীতিকে অবলম্বন করে ভাষা কমিশন যেভাবে আজকে অগ্রসর হয়েছেন তাতে মনে হয় সে ভ্রান্তি শুধু বাড়ে নি, সেই ভ্রান্তিকে আজকে বিপর্যয়ে পরিণত করার উদ্যোগ হয়েছে। আমাদের বন্ধুরা যখন এ বিষয়ে নূতনভাবে ভাবতে চেষ্টা করছেন তখন আমি বিশেষ আনন্দিত। সভাপতি মহাশয়, আপনি জানেন যে, আপনার

উপদেশ অনুসারে আমরা বহুকাল যাবৎ এবিষয়ে আলোচনা করে আসছি, কাজেই এত সংক্ষিপ্ত সময়ের মধ্যে—১০ মিনিটের মধ্যে—আপনার কাছ থেকে যা শিক্ষা লাভ করেছি সেই শিক্ষার সঙ্গে সঙ্গতি রেখে—এ বিষয়ে আলোচনা করা অসম্ভব। কাজেই সম্ভব হোলে আপনাকে আরো ২।৪ মিনিট সময় বাড়িয়ে দিতে বলবো। ফলে অন্য কারো আলোচনা যাতে সংক্ষিপ্ত না করতে হয় তার জন্য আমি নিজের আলোচনাকে যথাসম্ভব সংক্ষিপ্ত করবার চেষ্টা করবো। এখন প্রথম ভাবা দরকার যে ভাষা কমিশন বলেছিলেন প্রশ্নটা শুধুমাত্র হিন্দী বনাম ইংরাজী প্রশ্ন নয়, এবং হিন্দী বনাম ভারবর্ষের অন্য ভাষার প্রশ্নও নয়। এবং আমাদের অনেক তামিল বন্ধু, বিশেষকরে জ্ঞানী লোক তাঁরা, এখন যা করছেন, ইংরাজী এবং হিন্দী বনাম ভারতবর্ষের অন্য ভাষার প্রশ্ন, সত্যই তাও নয়। প্রশ্নটা, প্রস্তাবক যা বলেছেন, সত্যই তাই। প্রধানতঃ এ হচ্ছে ভারতবর্ষে বৈচিত্রের মধ্যে ঐক্য প্রতিষ্ঠার প্রশ্ন; এবং বিশেষ করে ভাষার ক্ষেত্রে ভারতের বহু বৎসরের সাধনা,—চিরদিনকার সাধনাও বলতে পারি—আবিষ্কার করা ও প্রয়োগ করার প্রশ্ন। যেদিক থেকে এ প্রশ্ন হচ্ছে—আসলে ভারতবর্ষের সকল ভাষায় যাতে বিচিত্র ভারতীয় সংস্কৃতির বাহন হয় তার প্রশ্ন। সেদিক থেকে কোন ভাষাকেই অন্য কোন ভাষার দ্বারা আমরা আচ্ছন্ন হতে দিতে পারি না, কোন ভাষাকে অন্য কোন ভাষার থেকে ক্ষুদ্র বলে মনে করতে পারি না। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে স্বাধীন গণতান্ত্রিক রাষ্ট্রে কিভাবে রাষ্ট্রভাষা ঠিক হবে, তার প্রশ্ন। একথাটার উপর আমাদের প্রস্তাবক বন্ধু ততটা গুরুত্ব আরোপ করতে চান নি। এই প্রস্তাবের সঙ্গে একটা প্রশ্ন ওঠে গণতান্ত্রিক রাষ্ট্রে রাজ্যভাষা কি পদ্ধতিতে স্থিরীকৃত হবে। প্রথমতঃ গণতান্ত্রিক রাষ্ট্রে রাজভাষা জনগণের ভাষা হবে, ২।৪ জনের জানা ভাষা তা হতে পারে না। যাঁরা আজকে আধুনিক রাষ্ট্রের স্বরূপ জানেন, তাঁরা জানেন যে, আধুনিক রাষ্ট্র জীবনের সকল বিভাগের সঙ্গে হস্ত বিস্তার করে, এবং সঙ্গে সঙ্গে প্রজাসাধারণের জীবনের সঙ্গে ওতপ্রোত-ভাবে জড়িত হয়ে যায়, প্রজাসাধারণের উপরই নির্ভর করে। প্রজাসাধারণ রাষ্ট্রের কাজে সর্বদাই যোগদান করে। আমাদের এই গণতান্ত্রিক রাষ্ট্রে আমরা তো সর্বদাই বলি, প্রজা-সাধারণ উদ্যোগী হোন, কাজে অগ্রসর হোন। এই রাজ্যে প্রজাসাধারণই 'সভারেন' চরম কর্তা, আমরা একথা বলি। অর্থাৎ প্রজাই রাজা। তাই যদি হয় তাহলে রাজ্যের রাজ্যভাষা হবে প্রজার ভাষা, এ বিষয়ে সন্দেহমাত্র নেই।

[10—10-10 a.m.]

এখন প্রশ্ন উঠবে রাজ্যের রাজভাষা যখন প্রজার ভাষা, তখন বহুভাষিক দেশে, বহুজাতিক দেশে কোন ভাষা সংঘরাষ্ট্রের রাজভাষা হবে। পশ্চিমবাংলায় যে বাংলাভাষা রাজভাষা হবে, আসামে যে অসমীয়া রাজভাষা হবে, মহারাষ্ট্র দেশে যে মারাঠী রাজভাষা হবে, তামিলদেশে যে তামিল রাজভাষা হবে, উড়িষ্যায় যে উড়িয়া রাজভাষা হবে, এবিষয়ে সন্দেহমাত্র নাই। এখন প্রশ্ন হচ্ছে, কেন্দ্রে তাহলে আমরা কোন্ ভাষা প্রচলিত করব? আমরা যদি লক্ষ্য করি তাহলে এরও উত্তর—বৈচিত্র্যের মধ্যে যে ঐক্য সেই নীতিরই মধ্যে এর সমাধান পাব। এতদিন পর্যন্ত ইংরাজ যা ভারত শাসনে করে যাচ্ছিল তাও লক্ষ্য করলে দেখতে পাব সেখানেও এই সমাধানের সূত্র স্বীকৃত রয়ে গিয়েছে। তাঁরা অবশ্য সাম্রাজ্যবাদী পদ্ধতিতে সমস্ত ভারতবর্ষের কাজকর্ম একমাত্র সাম্রাজ্যবাদী ইংরাজী ভাষায় নির্বাহিত করার প্রচেষ্টা করেছিল। কিন্তু কার্যতঃ তাঁরা কি তা পেরেছেন? বিরাট ভারতবর্ষ শাসন করতে গিয়ে প্রত্যেকটি বড় আইন, প্রত্যেকটি উল্লেখযোগ্য হুকুম, ইংরেজশাসকদের বিবিধ ভারতীয় ভাষায় অনুবাদিত করে দিতে হয়েছিল। প্রজাসাধারণের ভাষাকে রাষ্ট্রের ভাষা বলে কার্যতঃ অনেকক্ষেত্রেই তাদেরও স্বীকার করতে হয়েছে, যদিও দপ্তরের ভাষা, সেরেস্তার ভাষা, "এড্‌মিনিষ্ট্রেটিভ ল্যাংগুয়েজ" বলে যাকে পণ্ডিত নেহরু বলেছেন, তা ছিল তখন ইংরাজী তথাপি কার্যতঃ ভারতের অন্যান্য ভাষাগুলিকে তাঁদের মানতে হয়েছে। সেই নীতি অনুসরণ করে আমরা দেখতে পাই, কেন্দ্রে সর্বপ্রথম স্বীকার্য হচ্ছে যে, ভারতবর্ষ বহু ভাষাভাষিক রাজ্য, ভারতবর্ষ বহু জাতিক রাষ্ট্র এবং তার প্রধান প্রধান ভাষাগুলিকে স্পষ্টতঃ জাতীয় ভাষা—ন্যাশনাল ল্যাংগুয়েজ—এই স্বীকৃতিদান করা প্রয়োজন। বিশেষ করে এজন্যই আমি 'প্রয়োজন' বলতে বাধ্য হব, বিদেশে গত দশ বৎসরের মধ্যে ভারতবর্ষের "রাষ্ট্রভাষা" শব্দটির এবং "ন্যাশনাল ল্যাংগুয়েজ" শব্দটির এমন অপপ্রয়োগ ঘটেছে যাতে বাঙ্গালী এবং অন্যান্য ভাষাভাষীরা নিজেদের স্বভাষা বলতে গিয়ে

বিদেশে বহু সময়ে অপ্রস্তুত হয়ে গিয়েছেন এবং বিদেশীরাও বলেছেন "হিন্দীই তোমাদের ন্যাশনাল ল্যাংগুয়েজ"। সেজন্য বিদেশীর সামনে এই কথা পরিষ্কার করা দরকার যে, আমাদের "ন্যাশনাল ল্যাংগুয়েজ" বলতে শুধু হিন্দি নয় অনেকগুলি ভাষা, যেগুলি ৮ম সিডিউল-এ উল্লেখ করা হয়েছে, তার সবগুলি। এই প্রসংগে আমি বলব, আপনারা সেখান থেকে জিজ্ঞাসা করতে পারেন, কেন্দ্রের ভাষা কি, ১৩।১৪টি যা সিডিল-এ আছে তাই হবে? সেখানে অতি পরিষ্কার আমার বক্তব্য, প্রথমতঃ আজকের দিনে কেন্দ্রকে এই ১৩।১৪টি ভাষাকে আনুষ্ঠানিকভাবে স্বীকার করতে হবে,—যখন ইংরাজীতে কার্য পরিচালিত হচ্ছে, তখনও। তারপর কোন পদ্ধতিতে কেন্দ্রের ভাষা ভবিষ্যতে নির্বাচিত হবে তা অনেকটা নির্ভর করবে এই পর্যায়ের পরে যখন রাজ্যে রাজ্যে প্রত্যেক ভাষা আপনার রাজ্যভাষারূপে স্বীকৃত হয়ে রাজকার্য নির্বাহিত করছে। সেই পর্যায়েই তখন আমরা দেখতে পাব, কোন ভাষা যোগ্য থেকে যোগ্যতর হয়ে উঠছে, কোন ভাষা যোগ্যতর থেকে যোগ্যতম হয়ে উঠছে। এরূপে রাজ্যভাষার ব্যাপারে নীচ থেকে উপরে উঠে আমরা জানতে পারব কেন্দ্রের জন্য কোন্ ভাষা বিশেষ উপযোগিতা অর্জন করেছে। তার পূর্বে উপর থেকে—

[At this stage the red light was lit.]

সভাপতি মহাশয়, আপনি আলো দেখালে আজকে অন্ততঃ আমার পক্ষে বক্তব্য বলা অসম্ভব, তাহলে আমাকে বসে পড়তে হয়। কারণ, আপনি জানেন, আপনার চরণতলে বসে আমি বার বৎসর এ বিষয়ে শিক্ষালাভ করেছি। সেই শিক্ষালাভ করে আমি পাঁচ বৎসর ধরে আমার লেখনী চালনা করে যাচ্ছি এবং সেজন্য আজকে নির্বাক হয়ে থাকতে পারব না। কি পদ্ধতিতে তাহলে কেন্দ্রের ভাষা স্থির হবে আমি প্রথমেই বলেছি—তার পদ্ধতি হবে, রাজ্য থেকে শুরু করে আমাদের নীচ থেকে উপরে উঠতে হবে—প্রত্যেক রাজ্যে রাজ্যভাষাগুলি প্রবর্তিত হবার পরেই বোঝা যাবে কোন্ ভাষা যোগ্যতম ভাষা হিসাবে কেন্দ্রে গৃহীত হতে পারে। দ্বিতীয়তঃ আমরা দেখতে পাব সেরূপ গৃহীত হবার পূর্বে প্রত্যেকটি রাজ্যের লেজিস্লেচার অর্থাৎ আইন সভার মধ্যে দিয়ে সেই প্রস্তাবের আলোচনা করে তবেই কেন্দ্রের ভাষা নির্ধারিত করা ঠিক হবে, গ্রহণ করা ঠিক হবে, এর পূর্বে নয়। কেন্দ্রীয় ভাষা ঠিক করার বিষয়ে এই দুইটি সর্ত আমার মনে হয় শ্রীযুক্ত রবীন্দ্রলাল সিংহ মহাশয়ও একমত হবেন এবং তাঁর প্রস্তাবে গ্রহণ করতে পারলে ভাল হবে। তৃতীয়তঃ, আমি আরেকটি কথা বলব, লেজিসলেটারের মতামত গ্রহণ করা সম্বন্ধে। আমাদের বন্ধু শ্রীযুক্ত নির্মলচন্দ্র ভট্টাচার্য মহাশয় যা বলেছেন—"সভার ⅔ অংশ সভোর মত হলে তবেই তা কেন্দ্রের ভাষা বলে গৃহীত হবে" আমি এটা সমর্থন করতে পারি না। কেন? আমাদের ভবিষ্যৎ বংশধরদের এভাবে ব্যাহত করবার কোন্ অধিকার আমাদের আছে? আমরা যে বর্তমানে ইংরাজিকে স্বাধীন হওয়ার পরও গ্রহণ করেছি, একি আমরা আইন সভার ⅔ অংশের মত নিয়ে করেছি? কিন্তু তার জায়গায় বা ইংরেজির সঙ্গে, ভারতীয় যে কোন ভাষাকে গ্রহণ করতে হলে কেন এই নিয়ম করতে হবে যে, আইন সভার ⅔ অংশের মত গ্রহণ করতে হবে? যেভাবে আমরা ইংরাজিকে প্রতিষ্ঠিত করিনি অন্য ভারতীয় ভাষাকে প্রতিষ্ঠিত করবার জন্য সেই অসম্ভব পদ্ধতি আমরা কেন গ্রহণ করব? ভারতীয় ভাষার এমন কি অপরাধ?

আমার আর একটি কথা সংস্কৃত সম্বন্ধে। আপনারা যে বলেছেন আনুষ্ঠানিকভাবে একে সীমাবদ্ধ ক্ষেত্রে গ্রহণ করার কথা—তাতে আমরা রাজী আছি। কিন্তু তার বেশী করতে গেলে,—যেমন শ্রীযুক্ত শশাংকশেখর সান্যাল মহাশয় যেকথা বলেছেন তাতে,—আমাদের আপত্তি আছে। হয়তো তিনি আমার সঙ্গে একমত হবেন যে, অশোকের শাসনেও সংস্কৃতের দ্বারা পরিচালিত হয় নি। অশোকের 'প্রাকৃত' ভাষা সংস্কৃত নয়। সভাপতিমহাশয়, আপনার কাছে যা শিক্ষালাভ করেছি তাতে জানি সারা ভারতে অশোক অনুশাসনে এক প্রাকৃতও লিখিত হয় নি, অঞ্চল বিশেষে যে প্রাকৃত চলত, সেই প্রাকৃত দ্বারাই অশোকের অনুশাসন লিখিত হয়েছে। অতএব, অশোকের নাম করে সংস্কৃতকে ঐভাবে প্রতিষ্ঠিত করা চলে না। আমার শেষ কথা সময় অভাবের জন্য বলছি, হিন্দিকে যেভাবে প্রতিষ্ঠিত করবার চেষ্টা হচ্ছে আমি তার সম্পূর্ণ বিরোধী। সঙ্গে সঙ্গে একথাও আমি আমার বাংলাদেশের বন্ধুদের মনে করতে বলব, ভারতবর্ষের নানা রাজ্যে হিন্দীর প্রতিষ্ঠার মধ্যে দিয়ে ভারতবর্ষের শিল্প বিস্তার প্রভৃতি নানা

কার্যকারণের মধ্যে দিয়ে, জনগণের যোগাযোগের ফলে নানাভাবে যেভাবে হিন্দী ভাষা অগ্রসর হয়ে চলেছে তাতে ভারতবর্ষের অধিকাংশের ভাষা না হোক, স্বাভাবিকভাবে হিন্দীর বিস্তারই অধিক হচ্ছে। অন্ততঃ অল্প কষ্ট করে সবচেয়ে বেশী লোক যেভাষা শিখতে পারবে সেটাই ভবিষ্যৎকালের সর্বভারতীয় ও কেন্দ্রীয় ভাষা হবার সম্ভাবনা। এবং সেই ভাষাও হিন্দি হবারই সম্ভাবনা। শেষ কথা লেজিসলেচার-এর সদস্যদের নিয়ে আমি একটা কমিটি করা বাঞ্ছনীয় মনে করি। কেন না আজকে বাংলাভাষা যেভাবে বাংলাদেশের রাজকার্যে ব্যবহৃত হচ্ছে তাতে আমরা উৎসাহিত বোধ করি না। বর্তমান গেজেট-এও যত লাইন বাংলা লেখা আছে, যদি গেজেট এ ধারাতেই চলে, তাহলে ১৯৫৮ সাল থেকে ১৯ হাজার ৫৮ সাল হলেও বাংলায় বাংলাভাষা রাজকার্যে চালু হবে না। এজন্য আমি চাই, এখানকার লেজিসলেচার-এর যেন একটি কমিটি থাকে যারা এই ভাষার নীতি পরিচালনা দেখবার অধিকারী হন- এটাই আমার প্রস্তাবে বলেছি। শিক্ষা ব্যাপারে শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের বা শিক্ষাবিভাগের লোকদের অধিকার থাকবে, এস্তিয়ার থাকবে, এটাও আমি স্বীকার করি না। বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতা আমার আছে; সভাপতি মহাশয়, আপনারও আছে। সেখানে বাংলাভাষার প্রসার করতে গিয়ে আমাকে কত বাধার সম্মুখীন হতে হয়েছে তা বারান্তরে বলতে পারলে খুসী হবো। এখানেও আমি বলতে বাধ্য, শুধু বিশ্ববিদ্যালয়ের হাতে শিক্ষার ব্যাপার কিম্বা উচ্চশিক্ষার ব্যাপারটা আমি ছেড়ে দিতে প্রস্তুত নই—সেখানেও লেজিসলেচার-এর সভ্যদের কিছুটা ক্ষমতা থাকা বাঞ্ছনীয় মনে করি। আমার বক্তব্য শেষ করে বলব,—আমরা যেন সকলে আজ একমত হয়ে বাংলাদেশের এই সভা থেকে প্রস্তাব গ্রহণ করতে পারি এবং সেজন্য যেন চেষ্টা করি।

[10-10—10-20 a.m.]

Sj. Satyapriya Roy: Sir, I beg to move that—

(i) in paragraph (2), line 2, the words "Hindi" and "other" be omitted;

(ii) in paragraph (3), line 2, for the words "on a bilingual basis", the following be substituted, viz.—

"in the State Language Bengali on and from a date to be specified by the State Government in consultation with the Central Government.";

(iii) in paragraph (3), line 2, the words beginning with "one of the languages" and ending with "at the time" be omitted;

(iv) in proviso to paragraph (6), the following be added, viz.,—

"and that for the development of the minority languages, national minority Institutes, one for Nepalese in Darjeeling and the other for Santhali in Birbhum be established";

(v) the following be added at the end of the resolutions, viz.,—

"(7) The media of examination for all examinations for recruitments to all All-India Services be the different national languages as given in the relevant schedule in the Constitution of India.

(8) Hindi be popularized as a common medium of exchange of ideas for everyday purposes of life, all over India and for that purpose a Basic Hindi, in the line of the Basic English as prevalent in the continental countries of Europe, with simplified conjugations of verbs and naturalized genders of nouns and noun-equivalents and a vocabulary collected from the different languages of India, be developed and propagated at the cost of the Union Government".

মাননীয় সভাপতি মহাশয়, প্রস্তাব উত্থাপক এখানে নেই, তবু তাঁকে আমি সাদর অভিনন্দন জানাচ্ছি এই প্রস্তাব উত্থাপন করার জন্য। এই বে-সরকারী প্রস্তাবে দেখা যাচ্ছে যে, আমাদের

মধ্যে একটা মস্ত বড় বিরোধের দেওয়াল থাকত, সেটা যাতে ভেঙ্গে যায়, এবং সরকারী গদীর আকর্ষণ থেকে চ্যুত হলে পর দেখা যাবে ব্যক্তিগতভাবে কংগ্রেস সদস্যগণ জনসাধারণের চিন্তার সঙ্গে তাঁদের চিন্তাধারা মিলিয়ে নিতে পারবেন। সরকারী গদীর আকর্ষণ থেকে মুক্ত হতে পারলে, আমরা জনসাধারণের মাঝখানে দাঁড়াতে পারি একসঙ্গে।

ভাষার প্রস্তাব করতে গিয়ে যে জিনিসটাকে রবীন্দ্রলাল সিংহ মহাশয় সম্পূর্ণ দ্বিধামুক্ত করতে পারেন নি, সেটা হচ্ছে হিন্দীর কি স্থান হবে।

আমরা জানি কংগ্রেস যাঁরা পরিচালনা করছেন, তাঁদের মধ্যে সংখ্যাগরিষ্ঠ হচ্ছে হিন্দি ভাষাভাষী। তাঁদের সঙ্গে আমাদের বিরোধ নেই, ভারতের ঐক্যের জন্য তাঁরা চিন্তা করছেন, আমরাও চিন্তা করছি। সারা ভারতবর্ষের ঐক্যের দিকে তাকিয়ে, তার কল্যাণের জন্য যেটা করা দরকার, সেটা অপ্রীতিকর হলেও আমরা জানাচ্ছি। রবীন্দ্রলাল সিংহ মহাশয় ৩ নম্বর অনুচ্ছেদে বলেছেন—

Hindi and some others languages.

সেখানে হিন্দিকে তুলে দেবার জন্য সংশোধনী নির্মলবাবু এনেছেন, আমি সে সম্বন্ধে বলে আমার মূল্যবান সময় নষ্ট করতে চাই না। এখানে একটা জিনিস আমি পরিষ্কার করে বলতে চাই, সেটা হচ্ছে—এ সম্বন্ধে কোন দ্বিধা বা সংকোচ আমাদের মনে থাকা উচিত নয়। কেন্দ্রের সরকারী ভাষা কি হবে, এ সম্বন্ধে দেখছি অনেকেই ভাবতে আরম্ভ করেছেন। কেন্দ্রে একটা সরকারী ভাষা থাকা নিশ্চয়ই জাতিগতভাবে প্রয়োজন আছে। কিন্তু বর্তমান ইতিহাস, যে এই ধারণা ভুল সেটা প্রমাণ করে দিয়েছে। আজকে আমাদের এইটা নূতন করে ভাবতে হবে—এক জাতি, এক ধর্ম, এক জনপদ, এই নিয়ে একটা জাতিপুঞ্জ গড়ে উঠেছে। এখন জাতীয়তাবাদের দিন আর নেই। যখন সমস্ত পৃথিবী এক জাতিতে পরিণত হবার একটা স্বপ্ন, একেবারে অলীক বলে মনে হচ্ছে না, সেই সংশয়কে আমরা গ্রহণ করতে পারি নি। আজকের দিনে ভারতবর্ষ একটা মহাজাতি এবং যেখানে বহু ভাষাভাষী লোক বাস করছে, সেখানে প্রত্যেকটি মানুষের মনোভাব বিকাশের সুযোগ দিতে হবে, একথা যদি স্পষ্টভাবে স্বীকার না করেন তাহলে ভবিষ্যতে অকল্যাণ সৃষ্টি করা হবে। এদিক থেকে আমি পরিষ্কার করে বলতে চাই যে ১৪টি ভাষা আঞ্চলিক ভাষা হিসাবে সংবিধানে গৃহীত হয়েছে, সেই ১৪টি ভাষা আমাদের রাষ্ট্রে সরকারী ভাষা হিসাবে গ্রহণ করবার প্রয়োজনীয়তা আছে; এবং পশ্চিমবাংলার বিধান সভায় আমাদের মতামত বাংলাভাষায় প্রকাশ করবো। সুতরাং আমাদের পশ্চিমবাংলার যে দাবী, সেই দাবীকে আমরা স্পষ্টভাবে স্বীকার করে নেব, এইটাই আমরা আশা করতে পারি। সেই জন্য প্রশ্ন হচ্ছে "হিন্দি এ্যান্ড আদার ল্যাংগুয়েজ" সম্বন্ধে যা বলা হয়েছে, তেমনি করে হিন্দিকে রাখলে, অন্য ভাষারও কথা ওঠে।

তারপর চতুর্থ অনুচ্ছেদে বলা হয়েছে কেন্দ্রের সঙ্গে এবং অন্যান্য রাষ্ট্রের সঙ্গে আমরা দু-ভাষায় মতামত জানাবো, ভাবের আদান প্রদান করবো, সেখানে আমার যথেষ্ট আপত্তি আছে। দুটা ভাষা, হিন্দি হোক বা ইংরাজী হোক, সেটা যদি চালু রাখি, তাহলে বাংলা ভাষার যে বিকাশ আমরা চাই, সমগ্র বাঙ্গালী জনসাধারণকে সমস্ত প্রশাসনিক কার্যে যুক্ত করবার জন্য যে স্বপ্ন দেখি, তা কখনই পূর্ণ হতে পারে না। সেই স্বপ্নকে সার্থক করবার জন্য যে আশা ও সাধ, তারই এখানে একটা দ্বিধাগ্রস্ত মনোভাবের পরিচয় পাওয়া যাচ্ছে—যেখানে তাঁরা বলছেন আন্তঃরাজ্য বা কেন্দ্রের সঙ্গে কমিউনিকেশন-এর জন্য দুটো ভাষা করা হোক। আমাদের সমস্ত কাজ, সেটা আমাদের রাজ্যের ভিতরেই হোক, বা অন্য রাজ্যের সঙ্গে পত্রালাপের দ্বারাই হোক, বা কেন্দ্রের সঙ্গে ভাবের আদানপ্রদানের জন্যই হোক, আমাদের মাতৃভাষা বাংলাকে গ্রহণ করে নিয়ে করবো। আমাদের বাংলা ভাষা অনুবাদ করবার যে দায়িত্ব, সেটা থাকবে কেন্দ্রীয় সরকারের কাছে।

কেন্দ্রীয় সরকার সমস্ত পত্র বাংলাভাষায় পাবেন। সেই সমস্ত পত্রকে বাংলাভাষা থেকে হিন্দি বা অন্য ভাষায় অনুবাদ করবার দায়িত্ব থাকবে তাদের। সমস্ত রাজ্যের জন্য এই দাবী করা উচিত। সমস্ত রাজ্য থেকে শিক্ষিত লোক—সেই কেন্দ্রে থাকা উচিত। যার ফলে এই

অনুবাদ করবার জন্য বিশেষ কোন অসুবিধা হবে না। বিশেষ করে এখন দেখতে পাচ্ছি—হিন্দি সরকারী ভাষা হিসেবে প্রচলিত হবার আগে দিল্লীতে যে ২০ হাজার কেন্দ্রীয় সরকারের কর্মচারী আছে, তার মধ্যে ১৬ হাজার কর্মচারী হচ্ছে হিন্দী ভাষাভাষী, আর সারা ভারতবর্ষের মাত্র ৪ হাজার কর্মচারী নিয়োগ করা হয়েছে কেন্দ্রীয় সরকারের সেক্রেটারিয়েটে। এই যে অবস্থা চলছে, তার উপর হিন্দিকে যদি রাষ্ট্রভাষা হিসেবে চালু করা যায়, তাহলে এই অবস্থার আরো অবনতি ঘটবে। তখন ঐ ২০ হাজার কর্মচারীর মধ্যে—১৬ হাজার কেন, ২০ হাজারের মধ্যে ২০ হাজারই নিয়োগ হবে হিন্দী ভাষাভাষী অঞ্চল থেকে। সেই জন্য পরিষ্কার আজ দাবী করা উচিত বাংলাকে বর্তমানে আমরা সমস্ত কাজেকর্মে ব্যবহার করবো। নির্মলবাবু বলেছেন—৫ম ও ৮ম অনুচ্ছেদ—পরস্পরের মধ্যে অসংগতি আছে। তা ঠিক নয়—শুধু ভাষা পরিষ্কার হয় নাই। এই ভাষা হওয়া উচিত ছিল—

The scheme of languages in the curriculum at different stages of education.

এটা না বলে,

The pattern or patterns of language or languages—

এ কথাটা পরিষ্কার হয় নাই। এই স্কীম কি হবে—সেই সম্পর্কে অন্ততঃ কেন্দ্রীয় শিক্ষা দপ্তর থেকে বিবেচনা করা হয়েছিল এবং সাধারণভাবে কেন্দ্রীয় সরকার তা গ্রহণ করেছিলেন। যেমন অহিন্দি ভাষাভাষী অঞ্চলের লোকেরা হিন্দি কিছু কিছু শিখবে, তেমনি হিন্দি ভাষা-ভাষী অঞ্চলের লোকেরাও হিন্দি ছাড়া কিছু কিছু ভারতবর্ষের অন্য আর একটি ভাষা শিখবে। কিন্তু দুঃখের কথা—ল্যাংগুয়েজ কমিশন এই সম্পর্কে পরিষ্কার ঘোষণা করেছেন অহিন্দি ভাষাভাষী অঞ্চলের লোকেদের হিন্দি শেখা বাধ্যতামূলক হবে মাধ্যমিক স্তর পর্যন্ত। আর হিন্দি ভাষাভাষী লোকেরা হিন্দি ছাড়া অন্য কোন ভাষা পড়তে বাধ্য হবে না। এই রকম প্রতিক্রিয়াশীল সুপারিশ কি করে ল্যাংগুয়েজ কমিশন করলেন তা আমরা ভেবে উঠতে পারি না।

তারপর—

Pattern of languages or scheme of languages in the curriculum

বদল হলে পর ভারতবর্ষের কল্যাণ হবে, উপকার হবে। তাতে যেমন তারা বাংলা ও অন্যান্য ভাষাভাষী লোকের সংগে নিজেদের মধ্যে একটা যোগাযোগ স্থাপন করতে পারবে, তেমনি হিন্দি ভাষাভাষী অঞ্চলের অধিবাসীরাও সারা ভারতবর্ষের সংগে পরিচিত হবার সুযোগ পাবে এবং এই যে ভাষান্ধতা তাদের মধ্যে গড়ে উঠেছে, সেই ভাষান্ধতার হাত থেকেও তারা অব্যাহতি পেতে পারবে। এই যে ব্যবস্থা 'অল্-ইন্ডিয়া কাউন্সিল অব সেকেন্ডারী এডুকেশন' ও 'এ্যাডভাইসরী বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন' গ্রহণ করেছিলেন, সেই ব্যবস্থা ল্যাংগোয়েজ কমিশন বাতিল করে দিয়েছেন দেখে খুব দুঃখিত।

কাজেই এখানে এটা বলছি যে, হিন্দি ভাষাভাষী অঞ্চলের লোকের অন্য ভারতীয় ভাষা শেখা উচিত। আর অহিন্দি ভাষাভাষী অঞ্চলের লোকেরও হিন্দিভাষা কিছুটা শেখা উচিত। সেই ভাষা আঞ্চলিক ভাষা হিসেবে ক্রমশঃ সমৃদ্ধ হয়ে উঠবে—এবং নিজের গতি পথে এগিয়ে চলবে সারা ভারতবর্ষে। নিজেদের প্রাত্যহিক দৈনন্দিন জীবনে বিভিন্ন অঞ্চলের লোকের সংগে কথাবার্তা বলবার জন্য যে হিন্দিভাষা সারা ভারতবর্ষে শিখবে, সেই হিন্দিভাষা কখনো আঞ্চলিক ভাষা হবে না। যে আঞ্চলিক ভাষা নিজের গতিতে ক্রমশঃ সমৃদ্ধির দিকে এগিয়ে চলতে পারবে না, সেই আঞ্চলিক ভাষা যদি সারা ভারতবর্ষের ভাষা হয়, তাহলে হিন্দিভাষার অগ্রগতি ব্যাহত হবে, ক্ষতিগ্রস্ত হবে।

আর একটা প্রস্তাব আছে—হিন্দিভাষাকে কথ্যভাষা করা। হিন্দিকে সরকারী ভাষা হিসেবে চালানোর প্রয়োজন নাই—যে ভাষাকে বলতে পারি বুনিয়াদী হিন্দিভাষা, ইংরেজীতে যাকে বলে বেসিক ইংলিস। মাত্র পাঁচশোটী শব্দ নিয়ে ইংরেজী ভাষা প্রকাশ করবার জন্য বেসিক ইংলিস তৈরী হয়েছে এবং তা সমস্ত ইউরোপ কন্টিনেনটাল কান্ট্রিজ-এর সর্বত্র প্রচলিত। তেমনি আমাদেরও ঐরকম একটি বেসিক হিন্দি তৈরী করা হোক। বিশেষ করে আমি

এই যে হিন্দী ল্যাংগুয়েজ-এর অদ্ভুত রকম ব্যবস্থা আছে শব্দের যেমন—পুলিশ পর্যন্ত স্ত্রীলিংগে ব্যবহৃত হচ্ছে। সেখানে লিংগকে প্রাকৃতিক বিভাগ করে ন্যাচুরালাইজ করে নিতে হবে। হিন্দিতে ক্রিয়াপদে লিংগভেদ হচ্ছে।

[10-20—10-30 a.m.]

সেইজন্য এমন একটা ভাষা দিতে হবে যেটাকে চলতি বাজারী ভাষা বলে। যেমন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে 'বম্বে পানীমে ডুব গিয়া'—এইরকম হিন্দি সমস্ত ভারতবর্ষে আদানপ্রদানের উদ্দেশ্যে করা যেতে পারে। হিন্দীতে সরকারী পরীক্ষা প্রশ্ন হবে কিনা। অর্থাৎ অল-ইন্ডিয়া সার্ভিস-এর যে পরীক্ষা হবে সেই পরীক্ষার বাহন কি হবে, মিডিয়াম অব এক্‌জামিনেসন কি হবে। ইতিমধ্যে আমাদের ল্যাংগুয়েজ কমিশন প্রস্তাব দিয়েছেন যে হিন্দিতেই এই পরীক্ষা হবে। অবশ্য ইংরাজী যদি চলতে থাকে তাহলে আমাদের আপত্তি করার কিছু নেই। কিন্তু বেশী দিন ইংরাজী চলবে না তা আমরা জানি। সেই জন্য আমি মনে করি, আমাদের যে ১৪টি আঞ্চলিক ভাষা আছে সেই ১৪টি আঞ্চলিক ভাষাতেই এই অল-ইন্ডিয়া সার্ভিস-এর সমস্ত পরীক্ষা গৃহীত হওয়া উচিত। তার জন্য এখানে বলতে পারেন যে পরীক্ষার মানের সমতা রক্ষা করার অসুবিধা হবে। এই পরীক্ষা এখন এত উন্নততর বৈজ্ঞানিক প্রণালীতে প্রণয়ন হচ্ছে বিভিন্ন ভাষায় এবং এর মানের সমতা রক্ষা করার জন্য—শিক্ষক হিসাবে, আমার কাছে যদি পরামর্শ চান তাহলে দেখাতে পারি যে বিভিন্ন ভাষায় পরীক্ষা দেওয়ার মানের সমতা রক্ষা করার জন্য নানারকম বিশেষ ব্যবস্থা হয়েছে। বাংলাদেশের মধ্যে আরো সমস্যা আছে। বাংলাদেশের সাধারণ ভাষা বাংলা, তাছাড়া উপভাষা আছে। এর মধ্যে প্রধানতঃ দুইটি প্রধান উপভাষা আছে তার মধ্যে একটা হচ্ছে নেপালী আর একটা সাওতালী। আমার মনে হয় এই সমস্ত উপভাষাগুলিকে বিকশিত করবার জন্য বিশেষ ব্যবস্থা আমাদের রাজ্যসরকারের করা উচিত। আমি চীনে গিয়ে দেখেছি এবং সোভিয়েৎ ইউনিয়নেও বিভিন্ন উপজাতির ভাষা রয়েছে এবং তারা সর্বত্র এই উপভাষার বিকাশ করার জন্য প্রাণপন চেষ্টা করছে। এখানেও যদি তা করা হয় তাহলে জাতির অখন্ডতা প্রতিষ্ঠিত হবে। তা না হলে নাগা বিদ্রোহের মত পার্বত্য অঞ্চলে উপজাতির মধ্যে আরো বিদ্রোহ দেখা দেবে। উপজাতির স্বার্থের প্রতি আমাদের সম্পূর্ণ সচেতন থাকা উচিত। এ কথা আগেও বলেছি যে, দুইটি ন্যাশনাল মাইনরিটি ইনস্টিটিউটস করা হোক। একটা নেপালী ভাষার জন্য আর একটা বীরভূমের সাওতালী ভাষার জন্য।

তারপর মিডিয়াম অব ইনস্ট্রাকসন বাংলা ভাষাতেই হবে এই তথ্য রবীন্দ্রনাথ, মহাত্মা গান্ধী থেকে আরম্ভ করে যারা মনীষী তাঁরা একবাক্যে স্বীকার করেছেন যে, জাতির মাতৃভাষাই শিক্ষার বাহন হওয়া উচিত। মাতৃভাষাকে শিক্ষার বাহন করা হলেও ইংরাজীতে অফিসিয়াল পজিসন দেবার জন্য অল-ইন্ডিয়া সার্ভিস-এর বেলায় ইংরাজীই পরীক্ষার বাহন ছিল। তারপর ইন্ডিয়া গবর্নমেন্ট এটা মেনে নিয়েছেন এবং এইটা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো। ইন্ডিয়া গবর্নমেন্ট ১৯৫৪ সালে যে সিদ্ধান্ত গ্রহণ করেন সেই সিদ্ধান্ত হচ্ছে,

Progressively examinations for All-India Services should be held in Hindi, English and in principal regional languages.

কাজেই এই ১৪টি ভাষায় গ্রহণ করার সিদ্ধান্তই ১৯৫৪ সালে গৃহীত হয়েছিল। এবং এই ১৪টি ভাষায় সর্বভারতীয় চাকরীতে পরীক্ষা গৃহীত হোক একথা কেন্দ্রীয় সরকার স্বীকার করে নিয়েছিলেন। সেই জন্য এই সংশোধনী প্রস্তাব রবীন্দ্রলাল সিংহ মহাশয়কে ভেবে দেখতে বলি। এই পক্ষ থেকে বলতে পারি যে, এই ভাষা জাতির একটি বিরাট গুরুত্বপূর্ণ সমস্যা এবং এই সমস্যা সম্পর্কে সরকারী শাসনমুক্ত হয়ে আমরা বিরোধী পক্ষ ও কংগ্রেস পক্ষ নিশ্চয়ই একমত হয়ে এই প্রস্তাব গ্রহণের সহায়তা করবার জন্য রবীন্দ্রলাল সিংহ মহাশয়কে ভাবতে বলছি যে, এই সংশোধনীগুলি গ্রহণ করতে পারেন কি না।

Mr. Chairman: We have just thirty minutes at our disposal and there are seven more speakers including the mover of the resolution. Therefore,

I must ration time drastically—not more than five minutes to each speaker—otherwise we shall have to encroach upon the next item and take about twenty minutes or so from that.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, may I suggest one thing? This is a matter of outstanding importance; you can carry on the whole day with this and take another day from Government for the non-official resolution.

Mr. Chairman: That can be placed before the House—the Leader of the House is here—but I do not know whether that would be feasible.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, through you we are making an appeal to the Leader of the House to consider that because we are not sitting very frequently—there are so many gap days.

Mr. Chairman: Let the work go on and in the meantime let the Hon'ble Minister think about it.

Sj. Tripurari Chakravarti will please speak now. Sj. Chakravarti, make your speech as brief as possible.

Sj. Tripurari Chakravarti:

মাননীয় সভাপতি মহাশয়, বহু যুগ ধরে ভারতের ভৌগোলিক ঐক্য, রাষ্ট্রীয় ঐক্য ও সাংস্কৃতিক ঐক্য আমাদের সাহিত্যে স্বীকৃত হয়েছে। ভারতের জনচিত্ত যুগ যুগ ধরে এই ঐক্য মেনে নিয়েছে। বিচিত্র ভারতের মধ্যে আমরা এক ভারতের বা মহাভারতের সন্ধান পেয়েছিলাম। বিষ্ণুপুরাণে এই ঐক্য সম্বন্ধে একটা অতি সুন্দর শ্লোক আছে। বিষ্ণুপুরাণ বা পুরাণ লিখিত হয়েছিল বোধ হয় খ্রীস্টীয় প্রথম বা দ্বিতীয় শতাব্দীর দিকে। সেই বিষ্ণু-পুরাণে আছে—

উত্তরং যৎ সমুদ্রস্য
হিমাদ্রেশ্চৈব দক্ষিণম্।
বর্ষং তৎ ভারতং নাম
ভারতী যত্র সন্ততিঃ॥

হিমালয় পর্বতের দক্ষিণ-পূর্বে ভারত মহাসাগরের উত্তরে যে প্রকাণ্ড ভূভাগ তার নাম ভারতবর্ষ এবং সেই দেশের মানুষের নাম ভারতী সন্ততি। ভারতবর্ষ সম্বন্ধে সুস্পষ্ট ধারণা বহুদিনের, ভারতের ভৌগোলিক আয়তন সম্বন্ধেও এই সুস্পষ্ট ধারণা, তার পরের ধারণাও বদ্ধমূল হয়েছিল, সুস্পষ্ট হয়েছিল যে এদেশের, মানুষকে ভারতী সন্ততি বলা যায়। কিন্তু এই ভারতবর্ষের একটা জাতীয় ভাষা, সকলের ভাষা, সকল জনপ্রাণীর ভাষা বোধহয় কোনদিন গড়ে উঠে নি, আপনারা জানেন। খ্রীস্টপূর্ব তৃতীয় শতাব্দীতে অশোকের শাসনকালে যে ভাষা ভারতের সর্বত্র পরিব্যাপ্ত হয়েছিল ও লিখিত হয়েছে সেটা হচ্ছে অশোকযুগের প্রাকৃত ভাষা সেটা অনেক পণ্ডিতেরা ব'লে থাকেন, হয়ত আপনিও বলবেন, সেটা একটা ইন্ডো-এরিয়ান ল্যাঙ্গুয়েজ।

[10-30—10-40 a.m.]

ভারতের বিভিন্ন স্থানে যে ভাষা লিখিত হয়েছিল এবং প্রচারিত হয়েছিল সে ভাষা সরকারী ভাষা—রাষ্ট্রভাষা। এবং সে ভাষা বোধ হয় সকলের বোধগম্য হবে—এই আশা নিয়ে সরকারী দপ্তর থেকে সেই ভাষায় আশোকের অনুশাসন লিখিত হয়েছিল ও বিধিবদ্ধ হয়েছিল। মনে হয় সে সরকারী ভাষা জাতীয় ভাষা হ'তে পেরেছিল না। তার কয়েক শতাব্দী পরে দেখছি, ভারতের রাজগণের অনুশাসন লিখিত হচ্ছে—সংস্কৃত ভাষায়, আর প্রাকৃতে নয়। সংস্কৃত ভাষায়ই সেগুলি লিখিত হচ্ছে এবং প্রচারিত হচ্ছে—কয়েক শতাব্দী ধরে। তথাপি একথা স্বীকার করতেই হবে সংস্কৃত জাতীয় ভাষা হ'তে পারে নাই, সর্বজন বোধগম্য হ'তে পারে নাই, কেননা সেই সঙ্গে সঙ্গে দেখছি ভারতের বিভিন্ন অঞ্চলে আঞ্চলিক ভাষাগুলি গ'ড়ে উঠছে।

তারপরে মুসলমান যুগে দেখা যাক। সেখানে দেখছি মুসলমান যুগে বা ভারতীয় মধ্য-যুগের ইতিহাসে দেখছি—আবার এক নূতন রাষ্ট্রভাষা এল, পার্সিয়ান বা ফার্সী। সে ভাষার যথেষ্ট ভাবসম্পদ আছে, তার পিছনে গৌরবময় সাহিত্য আছে। সে ভাষাও অন্তত ২০০ বৎসর প্রচারিত হয়েছিল ভারতবর্ষে, এবং একথাও আমরা জানি মধ্যযুগে এবং মধ্যযুগে কেন, ইংরেজ শাসন আরম্ভ হবার প্রথম ৫০।৬০ বৎসর ফার্সীই রাষ্ট্রভাষারূপে প্রচলিত ছিল, কিন্তু তথাপি একথা বলতে হবে সেই রাষ্ট্রভাষা ফার্সী ভারতের জাতীয় ভাষা হ'তে পারে নি। অনেকে সে ভাষা বুঝতেন, রাষ্ট্রের কাজকর্ম সেই ভাষায় চলত কিন্তু ভারতের জাতীয় ভাষা সে হ'তে পারে নাই। ইংরেজ শাসনে দেখছি, ইংরেজের সঙ্গে ইংরেজী এল। কিন্তু প্রথম থেকেই ইংরেজ গভর্নমেন্ট ইংরেজী আমাদের দেশে প্রচলিত করবার জন্য যথাসাধ্য চেষ্টা করে নি। আমার বন্ধু রবীন্দ্রলাল সিংহ বলেছেন—ইংরেজী ভাষা বিদেশী শাসনের সঙ্গে এসেছে, ইংরেজ এসে আমাদের উপর ইংরেজী ভাষা চাপিয়েছে। তিনি বলেছেন—ইম্পোজিশন, কিন্তু আমি বলব—ইম্পো-জিশন নয় ইংরেজী। কেননা আমাদের দেশের একজন সর্বজনশ্রদ্ধেয় সর্বজনবরেণ্য ভারতের পথিকৃৎ রামমোহন রায়, যাঁকে রবীন্দ্রনাথ বলেছেন—বর্তমান ভারতের জনক, তিনি ১৮২৩ সালে লর্ড আমহার্স্টের কাছে, তাঁর বিখ্যাত আবেদন পাঠিয়েছিলেন, তাতে এই কথা লিখেছিলেন—রক্ষা কর আমাদের সংস্কৃতের হাত থেকে, ফার্সীর হাত থেকে—প্রাচীন ভাষাগুলির হাত থেকে। আমরা ইংরেজী শিখতে চাই। ইংরেজীর মাধ্যমে পাশ্চাত্ত্য বিজ্ঞান, সাহিত্য, দর্শন, পাশ্চাত্ত্য চিকিৎসাবিদ্যার সঙ্গে আমরা পরিচিত হ'তে চাই। একথা বার বার রামমোহন রায় লিখেছিলেন এবং বলেছিলেন। এবং এই হচ্ছে তাঁর ১৮২৩ সালের বিখ্যাত মেমোরান্ডামের কথা। এই-ভাবে ইংরেজী শিক্ষা ভারতবর্ষে প্রচলিত হয়েছে। ইংরেজী ১৫০ বৎসর বা তার কিছু উপর আমাদের রাষ্ট্রভাষা হয়েছিল। এখনও ইংরেজী আমাদের রাষ্ট্রভাষা, সেই ভাষার মাধ্যমেই আমাদের সরকারী সমস্ত কাজকর্ম চলছে। আমি নিজে এই কথাটা বলতে চাই—যতদিন পর্যন্ত না সর্বজনস্বীকৃত, সর্বজনগ্রহণযোগ্য, সর্বজন আদৃত একটা জাতীয় ভাষা গ'ড়ে না ওঠে ততদিন ইংরেজীকে স্থানচ্যুত করবার কোন কারণ নাই। আমরা জানি ইংলন্ডের ইতিহাস। ইংলন্ডও ত' এক সময় বহু ভাষাভাষী দেশ ছিল। ইংরেজ পলি-গ্লাডেড নানা জাতি। সমস্ত ঐতিহাসিকগণ বলেছেন খ্রীস্টীয় ১৪ শতাব্দীর ইংলন্ড বহু ভাষাভাষী দেশ। কিন্তু তখন আইন-আদালতে ও ধর্মের ক্ষেত্রে ফ্রেঞ্চ, অ্যাংগলো নরম্যান ফ্রেঞ্চ প্রচলিত ছিল। এই ছিল জর্জ দি থার্ডএর রাজত্বের প্রথম দিকে। ভারতে চীফ জাস্টিস স্যার মরিস গাইয়ার সঙ্গে ১৯৪৭ সালের ডিসেম্বরে এ নিয়ে দিল্লীতে আমার আলোচনা হয়েছিল। তিনি বলেছিলেন—তুমি ত' জান কতদিন পর্যন্ত অ্যাংগলো নরম্যান ফ্রেঞ্চ ইংলন্ডের আইন-আদালতে প্রচলিত ছিল। এক-দিনে পরিভাষা সৃষ্টি করা যায় না এবং একদিনেই তা চালিয়ে দেওয়া যায় না। ইংরেজী নির্বাসিত হ'লেই কি অমনি হিন্দী চলবে? সুতরাং হিন্দী প্রীতি যত কাম্য হোক, জোর ক'রে হিন্দী চাপান যাবে ভারতবর্ষে তা আমি মনে করি না। ইংরেজীই চলুক যতদিন, সেই সর্বজনগ্রহণযোগ্য জাতীয় ভাষা গ'ড়ে না ওঠে।

আর একটা কথা ব'লেই আমি শেষ করছি। শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, ভারতের বিভিন্ন রাজ্যের আঞ্চলিক ভাষা সম্বন্ধে যে কথা সবাই বলেছেন আমি তার সঙ্গে একমত। বাংলাদেশে বাংলাভাষা, উড়িষ্যায় ওড়িয়া ইত্যাদি যেখানকার যে ভাষা সেই ভাষাই সেখানে চলুক। আমার শ্রদ্ধেয় বন্ধু রবীন্দ্রলাল সিংহ মহাশয়ের যে রেজলিউশন তার একটা জায়গায় বলা আছে—সেটা তাঁর মন্তব্যের ৬ ধারা, সেখানে তিনি বলেছেন—

"The medium of instruction and examination in the State shall be Bengali."

তখন জিজ্ঞাসা করবার ইচ্ছা ছিল, বাধা দিই নি তাঁকে। কোন্ ইনস্ট্রাকশন'? প্রাথমিক মাধ্যমিক এবং উচ্চশিক্ষা সবই কি? আমার মনে হয় উচ্চশিক্ষা বাংলাভাষায় হবার সময় এখনও আসে নি। আমি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে এই কাজই করছি। বাংলায় আমি ক্লাসে পড়িয়েও থাকি, কিন্তু তবু মনে হয় না যে, এখনই ইংরেজীকে নির্বাসিত ক'রে উচ্চশিক্ষা বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিচালিত করা যেতে পারে না। আমি বলি—এটা বাদ দিলে মন্দ হয় না। আমরা ত' সরকারকেই বিশ্বাস করছি, তাঁদের উপরই এটার ভার দেওয়া যাক, তাঁরাই যথাবিহিত বিধান করবেন। প্রাথমিক শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষা বাংলা ভাষাতেই

চলুক। এ নিয়ে আমি আর কিছু বলতে চাই না। ইংরেজী এখন যেমন আছে থাকুক, যতক্ষণ পর্যন্ত না একটা সর্বভারতীয় ভাষা সর্বজনগ্রহণযোগ্য ভাষা হয়। এখন সংস্কৃত সম্বন্ধে একটা কথা আমি বলতে চাই। সংস্কৃতের প্রতি আমার অনুরাগ সুগভীর—একথা আমি স্বীকার করি এবং একথা মনে করতেও আমার ভাল লাগে। যে ভাষা হচ্ছে সকল ভারতীয় ভাষার জননী সেটা হচ্ছে মহাদ্রুম যার মূল হচ্ছে সংস্কৃত। সেই মূল থেকেই ভারতের বিভিন্ন ভাষা এসেছে এবং সেই বিভিন্ন শাখা-প্রশাখা পত্র-পল্লব পুষ্পশোভিত যে মহাদ্রুম তাকে নিশ্চয়ই রাখব, আমরা তার মূলে জলসিঞ্চন করব, যাতে সেই বৃক্ষ আরও সমৃদ্ধ হয়ে ওঠে তার জন্য যথোচিত ব্যবস্থা আমরা করব। কিন্তু সেটা সরকারী ভাষা বা রাষ্ট্রভাষা হতে পারে না। এই আমার মত। আমি জানি না--আপনি ত' সংস্কৃত কমিশনের সভাপতি ছিলেন তাতে আপনি কি কি বলেছেন। কিন্তু একথা মনে করতে পারি যে, কমিশন নিশ্চয়ই সংস্কৃত ভাষাকে যথাযোগ্য স্থান দেবার কথা বলেছেন।

Mr. Chairman: He has already made it clear in this resolution that it should be for ceremonial purposes. You need not wax eloquent over that.

Sj. Tripurari Chakravarti:

খালি সেরিমনিয়াল উদ্দেশ্যেই চলবে—তার চেয়ে আর কিছু বলতে চাই না। এই কথা ব'লে আমি উপসংহার করলাম।

[10-40—10-50 a.m.]

Dr. Monindra Mohan Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ব্যক্তিগতভাবে খুশি হতাম যদি পরিষদের কাজ শুরু হবার আরম্ভে আমি আপনাকে অনুরোধ করেছিলাম যে আপনি নিজে ভাষাতাত্ত্বিক হিসাবে এই প্রশ্নটার উপর কি ধারণা তা যদি বলতেন তা হ'লে আমাদের সকলের পক্ষে এটা স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া সহজ হ'ত। যাই হোক আমি ব্যক্তিগতভাবে মনে করি যে, সরকারী ভাষা কমিশনের সদস্যরূপে আপনি যে বিরোধী মত দিয়েছিলেন সেটা মোটামুটিভাবে এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁদের সকলেই সেই মতের অনুকূল হবেন। সেজন্য আপনি যে মত সরকারী ভাষা কমিশনে দিয়েছিলেন এবং বিখ্যাত ভাষাতাত্ত্বিক হিসাবে যে মত সেখানে দিয়েছিলেন তা থেকে আমি কিছু উদ্ধৃত করতে চাই। সরকারী ভাষা কমিশনের যে রিপোর্ট সেটা সংখ্যাগুরুর রিপোর্ট এবং তার ফলে ভারতবর্ষে দুই শ্রেণীর নাগরিক সৃষ্টি হবে কিনা সেটাই প্রথম প্রশ্ন। দ্বিতীয়ত সর্বভারতীয় ক্ষেত্রে চাকরির ব্যাপারে হিন্দী যাদের মাতৃভাষা তারা অহিন্দীভাষীদের চেয়ে কোন সুবিধা পাবে কিনা সেটাও একটা গুরুতর প্রশ্ন। তৃতীয়ত, সমস্ত দিক দিয়ে আমাদের রাষ্ট্রভাষা বা সরকারী ভাষা হবার যোগ্য কোন্ ভাষা? ভাষা সম্পর্কিত প্রশ্ন যখন আলোচনা হচ্ছে তখন এই তিনটি প্রশ্ন আমাদের সামনে আসে। কিন্তু সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে যে, বিভিন্ন স্তরে শিক্ষার বাহন কোন্ ভাষা হবে? আমাদের মাননীয় বন্ধু রবীন্দ্রলাল সিংহ মহাশয় যে প্রস্তাব এনেছেন তার বহুলাংশের সঙ্গে আমরা একমত হতে পারি, যদি কতকগুলির তিনি সংশোধন ক'রে নেন। বিশেষ ক'রে আমি অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয় যে সংশোধনী এখানে রেখেছেন তার কথাটাই উল্লেখ করছি। আমি মনে করি শ্রী সিংহ মহাশয়ের উদ্দেশ্য সাধিত হবে যদি ও'র দুই অনুচ্ছেদের দুই নম্বর লাইনে 'হিন্দী অ্যান্ড' কথাটা ওমিট করেন—এতে এর ব্যাপকতা কমে যায় না বরং প্রসারিত হয় এবং তাতে প্রস্তাবেরও কোন ক্ষতি হয় না। দ্বিতীয়ত যেখানে বিভিন্ন স্তরের শিক্ষা-ব্যবস্থা সম্বন্ধে তিনি উল্লেখ করেছেন সেখানে আমার মনে হয় বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষা-ব্যবস্থার, বিশেষ ক'রে বৈজ্ঞানিক এবং কারিগরি শিক্ষা, আমাদের সামনে রাখা দরকার। আপনারা সকলেই স্বীকার করবেন এই সমস্ত বিশেষ বিশেষ ধরণের শিক্ষাব্যবস্থা এখনও ইংরেজীতে রাখার প্রয়োজন আছে। কিন্তু এটা স্থির করার ভার রাষ্ট্রের উপর না দিয়ে বিশ্ববিদ্যালয় ইত্যাদির মতন সংস্থাদের অর্থাৎ যাদের প্রত্যক্ষভাবে কাজ চালাতে হয় তাদেরই উপর এটার ভার দেওয়া সুবিধাজনক ব'লে মনে করি। অতএব এই কথাগুলি মাননীয় বন্ধু রবীন্দ্রলাল সিংহ মহাশয়কে ভেবে দেখবার জন্য অনুরোধ জানাব।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের এখান থেকে যে মত যাবে পার্লামেন্টের কাছে এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার কাছে তাতে এটা বিশেষভাবে জানিয়ে দেওয়া প্রয়োজন যে, আমরা মনে করি যে, সরকারের পৃষ্ঠপোষকতা কেবলমাত্র হিন্দীর প্রতি দেওয়া হচ্ছে, অন্যান্য আঞ্চলিক ভাষাকে উপেক্ষা ক'রে আমরা এর তীব্র সমালোচনা এবং বিরোধিতা করি। কেন্দ্রীয় সরকার থেকে হিন্দীকে অত্যধিক প্রাধান্য দেবার জন্য বেশি টাকা খরচ করা উচিত নয়। তাঁরা পৃষ্ঠপোষকতা করা দরকার ব'লে যদি মনে করেন তা হ'লে আমি বলব সমস্ত আঞ্চলিক ভাষাকে সমানভাবে পৃষ্ঠপোষকতা করা উচিত। বিশেষ একটা কেন্দ্রীয় সংস্থার মাধ্যমে তাঁরা এ সম্পর্কে যে টাকা খরচ করেন হিন্দীর প্রসারের জন্য তাতে অনেক অসুবিধার সৃষ্টি হয়। অতএব সেই টাকা যদি তাঁরা খরচ করতে চান তা হ'লে আমার মনে হয় বিভিন্ন রাজ্যসরকারের মাধ্যমে বা রাজ্যের সুপারিশ যেসমস্ত সংস্থা পেয়েছেন তাদের মাধ্যমে সেই টাকা খরচ করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৩ সালে ভারতীয় ভাষা বিকাশ পরিষদ ইন্ডিয়ান ল্যাংগুয়েজেস ডেভেলপমেন্ট কনফারেন্সে মত গ্রহণ করা হয়েছিল যাতে বোম্বাই বিশ্ব-বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর শ্রী পি বি কানি সভাপতিত্ব করেছিলেন এবং আপনিও মত পোষণ করেছিলেন যে, হিন্দীকে সুযোগ দিতে হবে—ভারতবর্ষের বিভিন্ন ভাষা থেকে সম্পদ আহরণ ক'রে একটা সমন্বয়ী ভাষারূপে যখন হিন্দীর প্রভাব ঘটবে তখনই হিন্দীকে আমাদের সরকারী ভাষা হিসাবে গ্রহণ করা উচিত কি অনুচিত সেটা বিবেচনা করা যেতে পারে—ততদিন পর্যন্ত ইংরেজী ভাষাকে চালিয়ে যাওয়া উচিত এবং সেজন্য শাসনতান্ত্রিক বাধা যদি কিছু থাকে তা দূরীভূত করা উচিত। এই প্রসঙ্গে আমার আরও স্মরণ করিয়ে দেওয়া প্রয়োজন—আপনার যে মত তাতে রেখেছিলেন কিভাবে হিন্দী আমাদের গঠনতন্ত্রে এল সেটা পরিষ্কারভাবে বলা আছে—

Hindi was selected out of the 14 main languages of the country as enunciated in the 8th Schedule of the Constitution by the Constituent Assembly of India and not by a Parliament consisting of properly elected representatives of the people.

পার্লামেন্ট থেকে গ্রহণ করা হয় নি। তখনকার যে বিশেষ অবস্থায় গণপরিষদ বসেছিল সেই বিশেষ অবস্থার চাপে এবং সম্ভবতঃ তখন ক্ষমতা হস্তান্তরিত হওয়ার জন্য যাঁরা গণপরিষদের সভ্য ছিলেন এ বিষয় সম্পর্কে তাঁরা খুব তলিয়ে আলোচনা করার সুযোগ পান নি। তাঁরা ভেবেছিলেন প্রথম জাতীয় সরকার হচ্ছে, অতএব জাতীয় ভাষাকে জাতীয় ভাষা হিসাবে গ্রহণ করা উচিত। কিন্তু তার সুযোগ নিয়ে হিন্দী ভাষাভাষী প্রদেশের প্রতিনিধি পার্লামেন্টে বেশি সংখ্যা হওয়ার ফলে তাঁরা অন্যায়ের সুযোগ নিয়েছেন এবং নানাভাবে হিন্দীর যোগ্যতা না থাকা সত্ত্বেও সেটা চাপিয়ে দেওয়ার একটা অশোভন অপপ্রয়াস দেখা যাচ্ছে।

[10-50—11 a.m.]

কাজেই সেই প্রয়াসের বিরুদ্ধে আমাদের মাথা তুলে দাঁড়ান উচিত এবং আমাদের মতামত ব্যক্ত করা উচিত। তা ছাড়া আমি বলব, যদি কখনও সেই সমন্বয়ী ভাষা অর্থাৎ সর্বজন আদৃত ও গৃহীত সমন্বয়ী ভাষারূপে হিন্দীর আবির্ভাব ঘটে তা হ'লেও অন্ততঃ সকলের সুবিধার জন্য রোমান স্ক্রিপ্ট্এ অর্থাৎ যে স্ক্রিপ্টএ ইংরেজী ভাষা আছে সেই রোম্যান স্ক্রিপ্টএ যেন হয়, তাতে বিভিন্ন রাজ্যের ও প্রদেশের পক্ষে এই ভাষা প্রয়োগ ও শিক্ষা করার অনেক সুবিধা হবে। আমি এই প্রসঙ্গে সম্প্রতি চীনদেশে যা ঘটেছে তার উল্লেখ করতে চাই—মাননীয় সভাপতি মহাশয়, চীনদেশে সম্প্রতি এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সেই দেশের সংখ্যালঘুদের যাদের কোন লিখিত ভাষা নাই, তাদের ভাষা রোম্যান স্ক্রিপ্টএ চীনাভাষায় লিখিত হবে। যে দেশে হিন্দীই শুধু নয়, আমাদের সব ভাষাই সরকারী ভাষা হবে এবং যখন বিশেষ বিশেষ কাজে তার ব্যবহৃত হবারও সম্ভাবনা রয়েছে তখন অন্ততপক্ষে রোম্যান স্ক্রিপ্টএ লেখার ব্যবস্থা করতে হবে। ব্রিটিশ শাসনকালে সৈন্যদলে যা প্রচলিত ছিল—রোম্যান উর্দু স্ক্রিপ্টএ সৈন্যদের তখন শিক্ষাদান করা হ'ত এবং এইভাবে বিভিন্ন রাজ্য থেকে আগত সৈন্যেরা বিভিন্ন শিক্ষায় শিক্ষিত হ'তে পারত—একথা আমি আজকে এখানে সকলের কাছে উপস্থাপিত করতে চাই। অতএব মোটামুটিভাবে, শ্রীরবীন্দ্রলাল সিংহ কর্তৃক উত্থাপিত প্রস্তাবের মূলগত সমর্থন ক'রে তাঁকে আমি একথাও বলব, তিনি যেন এই কথাটা তাঁর প্রস্তাবের মধ্যে সন্নিবেশিত ক'রে তাঁর

প্রস্তাব দেন যে, যতদিন না এই সমন্বয়ী ভাষার উদ্ভব হবে ততদিন ইংরেজীকে চলতে দেওয়া হবে সরকারী ভাষা হিসাবে, সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে, চাকরির ক্ষেত্রে, আইন-আদালতের ক্ষেত্রে ইংরেজীকে চলতে দেওয়া হবে এবং এমন ব্যবস্থা করা হবে, যে প্রদেশেরই ছাত্র হোক না কেন, সকলের উপরই এটা সমানভাবে প্রযোজ্য হবে। হিন্দীভাষীরা যেন কোন বিশেষ সুবিধা না পান। পরীক্ষার ক্ষেত্রে যারা হিন্দীভাষী তাদের অপর একটি ভাষা গ্রহণ করা উচিত—অর্থাৎ বোঝাটা যেন সমান হয়। এবং শিক্ষার ক্ষেত্রে, উচ্চশিক্ষার ক্ষেত্রে, কারিগরি শিক্ষার ক্ষেত্রে, বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে, শিক্ষার মাধ্যম কি হবে তা নির্ধারণের ভার দেওয়া উচিত বিশ্ববিদ্যালয়ের উপর।

আমাদের সরকারী ভাষা যখন গৃহীত হবে সেটা যেন রোমান স্ক্রিপ্টএ হয়। এজন্য আমি তাঁকে এটা তাঁর প্রস্তাবের মধ্যে সন্নিবন্ধ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

Sj. Janaki Ballabha Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পরম সৌভাগ্য, ভাষা নিয়ে আজকে এখানে যে আলোচনা হচ্ছে তাতে আপনাকেও আমরা পেয়েছি, কারণ আপনি অফিসিয়্যাল ল্যাংগুয়েজ কমিশনেরও একজন সভ্য ছিলেন এবং ভারতবর্ষের মধ্যে যাঁরা বহু ভাষাভাষী ব্যক্তি তাঁদের মধ্যে শ্রেষ্ঠ পুরুষ। তাই আমাদের মধ্যে আজকে আপনাকে পেয়ে আমরা গৌরব অনুভব করছি। আমাদের গণতান্ত্রিক দেশে কোন কিছুই জোর ক'রে চাপান হবে না, কোন ভাষারই অধিকার হরণ করা হবে না, এই প্রতিশ্রুতি সরকার সকলকে দিয়েছেন এবং সেই প্রতিশ্রুতিই আমরা আমাদের গণতান্ত্রিক সংবিধান থেকে আমাদের নিজস্ব অধিকার হিসাবে দাবি করতে পারি। আজকে হিন্দীকে যদি আমাদের একমাত্র সরকারী ভাষা হিসাবে স্বীকার করা এবং সেই হিন্দীকে আমাদের ইচ্ছার বিরুদ্ধে চাপান হয় তা হ'লে আমাদের মৌলিক গণতান্ত্রিক যে অধিকার সেই অধিকার ক্ষুণ্ন করা হবে। সুতরাং আজকে আমাদের রাষ্ট্রে যতগুলি ভাষা আছে—যেগুলি নাকি প্রধান ভাষা ব'লে স্বীকৃত হয়েছে সেইসমস্ত ভাষাই যাতে ভারতবর্ষে সমান অধিকার পায় এবং সেদিকে কেন্দ্রীয় সরকার যাতে পূর্ণ দৃষ্টি রাখেন সেজন্য আমি প্রথম অনুরোধ জানাব। এবং একটা ভাষার প্রতি পক্ষপাতিত্ব দেখান হয় তা হ'লে অন্যান্য ভাষাগুলির উন্নতি ক্ষুণ্ন হবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। এবং তারা বিকশিত হবার কোন সুযোগ পাবে না আজকে কি হয়েছে ল্যাঙ্গুয়েজ কমিশনের যখন সভা হয়, প্রথম দিনের সভাতে তাঁরা কোন কিছু সিদ্ধান্তে উপনীত হন নি। দ্বিতীয় দিনে যখন সভা হয় তখন একটিমাত্র ভোটে হিন্দী জয়লাভ ক'রে আজকে হিন্দী অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ ব'লে স্বীকৃত হয় কনস্টিটুয়েন্ট এসেম্বলিতে। যখন হিন্দী রাষ্ট্রভাষা হবে কিনা আলোচনা হচ্ছে ৭ই জুন তারিখে ১৯৫৫ খ্রীস্টাব্দে, সেই সময় রাষ্ট্রপতি ১০ই জুন আমাদের কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী মাননীয় শ্রীযুক্ত গোবিন্দবল্লভ পন্থজীকে এক পত্র লিখলেন। পত্রটা বড় চমৎকার। তাতে লিখলেন, তিন বছরের মধ্যে যাঁরা কেন্দ্রীয় কর্মচারী আছেন তাঁরা যদি হিন্দী ভাষায় পাশ করতে না পারেন তাদের সরাসরি যেন বরখাস্ত করা হয়। এইরকমভাবে হিন্দী প্রচারের দ্বারা তাঁরা হিন্দীকে এমনভাবে চাপাবার চেষ্টা করছেন যাতে আমাদের মনে একটা সংশয়ের উদয় হয়েছে যে, এ কি হিন্দী সাম্রাজ্যবাদ প্রতিষ্ঠিত হ'তে চলেছে? আজকে হিন্দীর কতখানি ন্যায্য পাওনা আছে? ৫টি স্টেটএ হিন্দী মাতৃভাষা বললেই চলে—এটাই হিন্দীর ন্যায্য দাবি ভারতের সরকারী ভাষা হবার। কিন্তু এঁরা যেভাবে হিন্দীকে চাপাবার চেষ্টা করছেন তাতে আমাদের সংশয় হচ্ছে হিন্দী যদি রাষ্ট্রভাষা থাকে তা হ'লে বোধহয় হিন্দী সাম্রাজ্যবাদ প্রতিষ্ঠিত হবে। আজ দেখুন কলকাতাতেই ৫০টি হিন্দী শেখাবার কেন্দ্র আছে —ঐ ৫০টি শিক্ষাকেন্দ্রের মধ্যে কয়টি বাংলা বা অন্য প্রদেশের লোক হিন্দী শিক্ষা দিচ্ছেন। শিক্ষকদের মধ্যে মাত্র তিন জন আছেন অহিন্দী শিক্ষক আর বাকি সকলেই আছেন যাঁদের মাতৃভাষা হিন্দী। তা হ'লে আজ যদি ৩৪ হাজার নূতন শিক্ষক নিযুক্ত হয় সারা ভারতবর্ষে হিন্দী শিক্ষা দেবার জন্য তা হ'লে কতজন হিন্দীভাষাভাষী শিক্ষক নিযুক্ত হবেন? তা হ'লে আজকে যেসমস্ত দেশের মাতৃভাষা হচ্ছে হিন্দী তাদের অনেকটা বেকারি সমস্যার সমাধান হবে, অন্য দেশ হাঁ ক'রে চেয়ে থাকবে। তাদের আর শিক্ষাক্ষেত্রে শিক্ষক নিযুক্ত হওয়ার কোন সুযোগ-সুবিধা থাকবে না। তারপরে দেখুন আই-এ-এস এক্সামিনেশন ক্ষেত্রে সেখানেতে যাদের

হিন্দী মাতৃভাষা তাঁদের ৫টি বিষয় নিয়ে পরীক্ষা দিতে হচ্ছে—আর যাঁরা অহিন্দীভাষী তাঁদের ৬টি বিষয় নিয়ে পরীক্ষা দিতে হচ্ছে। সুতরাং এদের যে গোড়ার দিকে অসুবিধা রয়েছে এবং আরও একটি বিষয়ে প্রস্তুত হ'তে হচ্ছে—আর যাঁরা হিন্দীভাষাভাষী তাঁদের ৫টি বিষয়ে প্রস্তুত হ'তে হচ্ছে। সুতরাং সরকারী পরীক্ষায় এমনি সাধারণ নিয়মেই খানিকটা সুযোগ-সুবিধা পাচ্ছে—যে সুযোগ-সুবিধা থেকে অহিন্দী ভাষাভাষীরা বঞ্চিত হচ্ছে। সুতরাং আজকে সেন্ট্রাল সার্ভিসএ হিন্দী ভাষাভাষী যাঁরা তাঁদেরই মেজরিটি। এবং অন্য ভাষাভাষী যাঁরা তাঁদের সংখ্যা ক্রমশঃ ক'মে যাচ্ছে। এই ভয়টা, এই সংশয়টা আমাদের মনের মধ্যে গাঢ়তর হচ্ছে।

[11—11-10 a.m.]

সুতরাং হিন্দীকে সরকারী রাষ্ট্রভাষা করতে গেলে যে পদ্ধতি নেওয়া উচিত ছিল সেই পদ্ধতি হিন্দীর যাঁরা প্রচারক, তাঁর নেন নি। সুতরাং আমাদের মনে সংশয় ও সন্দেহ অত্যন্ত গভীর হয়ে উঠছে এবং যাতে হিন্দী রাষ্ট্রভাষা না হয়, তার জন্য সাধারণ লোক বদ্ধপরিকর হয়ে উঠেছে। হিন্দী প্রচারক যাঁরা তাঁদের একটু অপেক্ষা করতে বলব। তাঁরা জোর ক'রে হিন্দী চাপাবার চেষ্টা করবেন না। সাধারণ নিয়মে যদি তাঁরা হিন্দী প্রচার করতেন তা হ'লে বুঝতাম তাঁরা ঠিকই করছেন। কিন্তু এখানে দেখুন, আজকে পাঁচটা স্টেটএ হিন্দী হচ্ছে তাদের মাতৃভাষা। পাঁচটা স্টেটএ হিন্দীর জন্য অর্থ ব্যয় করছেন, কিন্তু তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার হিন্দী প্রচারের জন্য কত অধিক টাকা ব্যয় করবার জন্য বরাদ্দ করেছেন? এই সমস্ত বিষয় দেখেশুনে আমাদের মনে সন্দেহ অত্যন্ত গাঢ় হয়ে উঠছে। এইভাবে হিন্দী যদি রাষ্ট্রভাষা হয়, তা হ'লে বলতে হবে তাঁরা নিশ্চয়ই হিন্দী সাম্রাজ্যবাদ প্রচার ও প্রতিষ্ঠা করতে চলেছেন। সুতরাং আজকে সরকারকে সংযত হতে হবে, তাঁদের হিন্দী পক্ষপাতিত্ব করা ভুল হবে। হিন্দী সাধারণ নিয়মে যদি রাষ্ট্রভাষা হ'ত সকলের মন জয় ক'রে তা হ'লে আমাদের কোন কথা বলবার থাকত না। কিন্তু আজকে যেভাবে হিন্দী আমাদের ঘাড়ে চাপান হচ্ছে তাতে আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। তারপর দেখুন আজকে আমাদের বাংলাদেশেতে হিন্দী মিডিয়ামএ প্রাইমারি স্কুলে শিক্ষা দেওয়া হচ্ছে এবং সেকেন্ডারি স্কুলেও নানা জায়গার নানা ভাষায় শিক্ষা দেওয়া হচ্ছে, সেই উদারতা আমাদের পশ্চিমবাংলায় আছে। কিন্তু আপনারা যদি অন্য দেশে যান, আমরা এমনকি বলছি, সেখানে বেনারসে বেঙ্গলী মিডিয়ামএ সেকেন্ডারি স্টেজএ পড়ানোর কোন ব্যবস্থা নেই, তাদের জোর ক'রে হিন্দী পড়ানো হচ্ছে। তারা তাদের মাতৃভাষা বাংলা নিয়ে পড়বার সুযোগ পাচ্ছে না। ঠিক যেমন হিন্দী ভাষাভাষীরা জোর ক'রে আমাদের ঘাড়ের উপর হিন্দী চাপাবার চেষ্টা করছেন, তা দেখেশুনে আমাদের মনে হচ্ছে আমাদের রাষ্ট্রপতি থেকে আরম্ভ ক'রে আরও যাঁরা ঊর্ধ্বতন রাজপুরুষ আছেন, তাঁরা যেভাবে চেষ্টা করছেন, তাতে আমাদের মনে হচ্ছে যে, বৈষ্ণবের বাড়িতে চোর ঢুকে চুরি করার মত। অর্থাৎ এক বৈষ্ণব রাত্রিবেলায় তাঁর বাড়িতে ব'সে মালা জপ করছিলেন, এমন সময় এক চোর সেখানে প্রবেশ করে এবং তিনি শুনতে পান বাড়িতে 'চোর পড়েছে', 'চোর পড়েছে' ব'লে চীৎকার এবং দেখেন ছেলেরা ঐ চোরকে ধ'রে ভীষণ মারপিট করছে, তখন তিনি বলেন, ওহে ওকে অত নির্দয়ভাবে মারছ কেন? একথা শুনে ছেলেরা আশ্চর্য হয়ে গেল। বলল, চোর ধরা পড়েছে মারব না? তিনি বললেন, ঐরকম ক'রে মের না, তার চেয়ে একটা থলির মধ্যে ওকে পুরে নিয়ে গিয়ে নদীর জলের মধ্যে ডুবিয়ে দাও, তা হ'লে তার কোন কষ্ট হবে না। ঠিক তেমনি এখানেও অহিংস নীতিতে হিন্দীকে আমাদের ঘাড়ে চাপান হচ্ছে। সেইজন্য আমাদের মনে সন্দেহ এত উৎকট হয়ে উঠছে এবং হিন্দীর বিরুদ্ধে আমরা মত প্রকাশ করছি।

তারপর আমাদের সামনে যে প্রস্তাব এনেছেন মাননীয় বন্ধু রবীন্দ্রলাল সিংহ মহাশয়, তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। তিনি বর্তমানের আবহাওয়া বিবেচনা ক'রে এই প্রস্তাব এনেছেন। সুতরাং আমাদের যে সংশয় ছিল, সেই সংশয়কে লক্ষ্য ক'রে তিনি এই প্রস্তাব এনেছেন। কিন্তু তার উপর যেসকল অ্যামেন্ডমেন্ট করা হয়েছে, তার মধ্যে একটা, মাননীয় শশাঙ্কশেখর সান্যাল মহাশয়ের যে অ্যামেন্ডমেন্ট, তাতে সংস্কৃত সম্বন্ধে বলা হয়েছে। আমি সাংস্কৃট কনফারেন্সএ গিয়ে দেখেছি, সংস্কৃতে বক্তৃতা দিলে কেউ কিছু বুঝতে পারেন না। দু-একজন মাত্র যাঁরা সংস্কৃত চর্চা করেন, তাঁরাই বুঝতে পারেন। সুতরাং সংস্কৃতকে প্রচার করতে গেলে একটা জিনিসের প্রতি লক্ষ্য রাখা দরকার। আজকে বাংলায়, আসামে, উড়িষ্যায়, মধ্যপ্রদেশে,

মাদ্রাজে, যদি সকল রাষ্ট্রে স্যাংস্কৃট শিক্ষার ব্যবস্থা করেন তা হ'লে স্যাংস্কৃট একটা স্টেট ল্যাংগুয়েজ হিসাবে স্বীকৃতি লাভ করতে পারে। সংস্কৃতের সংগে আমাদের অতীতের যোগ রয়েছে, আমাদের নাড়ির টান রয়েছে, তা সত্ত্বেও আমি বলছি সংস্কৃতকে জোর ক'রে চাপান চলবে না, সংস্কৃতের জন্য পথ প্রস্তুত করতে হবে, তারপর দেখতে হবে।

তারপর আজকে যাতে প্রত্যেক রাষ্ট্র°তাদের মাতৃভাষার উন্নতির ভাল ক'রে সুযোগ-সুবিধা পান তার দিকে লক্ষ্য রাখতে হবে। আজকে প্রত্যেক রাষ্ট্রই তার মাতৃভাষার উন্নতি করতে চায়। সুতরাং প্রত্যেক রাষ্ট্রের মাতৃভাষার উন্নতি করবার জন্য আজকে যাতে কেন্দ্রীয় সরকার অপক্ষপাতমূলক ব্যবহার করেন, তার জন্য আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. K. P. Chattopadhyay:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে আমাদের সামনে বন্ধুবর রবীন্দ্রলাল সিংহ মহাশয় যে প্রস্তাব পেশ করেছেন, সাধারণতঃ আমি সে বিষয়ে একমত। এই কথা বলেও তবু দু-একটি কথা বলবার আবশ্যকতা আছে ব'লে মনে করি।

প্রথমে আমাদের এই ভাষা কমিশনের একটি উক্তি পেশ করব। তাঁরা বলেছেন, ভাষা সম্বন্ধে আলোচনায় এত উষ্মা ও উত্তেজনার কারণ কি? যাঁরা একথা লিখেছিলেন, অবশ্য সভাপতি মহাশয়, তাঁদের সংগে আপনার মতভেদ ছিল, আরও একজনেরও ছিল। যাঁরা একথা লিখেছিলেন তাঁদের সকলেরই সংস্কৃতি ও ভাষাজ্ঞান যথেষ্ট ছিল। সাধারণ মানুষের প্রাণের অভিব্যক্তি ভাষাকে নষ্ট করলে মানুষকেই নষ্ট করা হ'ল। সুতরাং এজন্য এত কথা এত লোকের বলার দরকার আছে। নিজের ভাষার উপর আঘাত করলে মানুষ কি পরিমাণ আঘাত পায় সিংহমহাশয় তা উল্লেখ করেছেন, আমিও আমার লেখায় অন্যত্র সেকথা উল্লেখ করেছি।

আজ আমাদের পূর্ববাংলা বিচ্ছিন্ন হয়ে গেছে। কিন্তু ভাষার প্রীতির সবচেয়ে বেশি প্রমাণ সেখানকার মানুষ দিয়েছিল বাংলা ভাষা রক্ষা করার দাবি ক'রে। এজন্য তারা বন্দুকের গুলীর সামনে দাঁড়াতেও দ্বিধাবোধ করে নাই। তারা ভাষার জন্য মৃত্যুবরণ করেছিল। আরও দু-একটি জিনিস আপনাদের সামনে পেশ করতে চাই। বাংলাভাষা সম্বন্ধে খুব বেশি কথা আজকে বলা হ'ল না। বাংলাভাষা আমাদের মাতৃভাষা—খুব ভাল সেটা—সবাই বলেছেন। কিন্তু এখনই আমাদের প্রাথমিক শিক্ষায়তনে ও মাধ্যমিক শিক্ষায়তনে এই বাংলা ভাষার উপর আঘাত দেওয়া হচ্ছে ও তার ফলে শিক্ষার বনিয়াদ জখম হয়ে যাচ্ছে, এ সম্বন্ধে কারও দৃষ্টি পড়ছে না। অনেকে নিশ্চয়ই জানেন, এখন সমস্ত মাধ্যমিক শিক্ষায়তনের পঞ্চম শ্রেণী হ'তে কিছুটা হিন্দী বাধ্যতামূলকভাবে সব ছেলেকে পড়তে হয়। এটার আবশ্যকতা কি? শুধু স্কুলে পড়ে পাশ ক'রে বেরুবে, তাদেরও এই ভাষা শিখতে হয়। গ্রামাঞ্চলে শতকরা ৭৫ জন লোক যারা বাস করে, তাদের এই হিন্দী জানবার প্রয়োজনীয়তা কি? সকলেই তারা কি কেন্দ্রীয় সরকারে কাজ করবে? মাধ্যমিক শিক্ষায়তনে হিন্দী শেখানোর কোনই মানে হয় না। যে সামান্য কয়েকজন লোক—যারা কেন্দ্রে চাকরি করতে যাবে, তারা বিশ্ববিদ্যালয়ে হিন্দী প'ড়ে পাশ করতে পারে। এই বিজ্ঞানের যুগে, যন্ত্রশিল্পের যুগে আমাদের গণিত ও বিজ্ঞান ভাল ক'রে শেখা উচিত। মহেঞ্জোদারো সংস্কৃতি যখন এদেশে এসেছিল ও গ'ড়ে উঠেছিল, সে সময়ে এদেশে বহু লোক খাদ্য সংগ্রাহক ছিল। তারা বনের ফলমূল সংগ্রহ ক'রে ও পশু মেরে জীবনযাপন করত। বর্তমান উন্নত সংস্কৃতিসম্পন্ন জাতিদের তুলনায় আমরা বিজ্ঞান শিক্ষা প্রসারের অভাবে ঐরকম স্তরে নেমে যাব। দেশের সমস্ত ছোট ছেলেরা আমাদের দেশে আজ ঠিকমত বিজ্ঞানচর্চা না ক'রে শিখবে তিনটি ভাষার তিন রকমের বর্ণমালা। তারপর তিনটি ভাষা তাদের শিখতে হচ্ছে। ছোট ছেলেরা কখনও এভাবে এ বয়সে তিনটি ভাষা অন্যান্য পড়ার সংগে শিখতে পারে না। তাদের মন দুমড়ে মুচড়ে ভেংগে দেওয়া হচ্ছে। বাংলা-দেশের উপর উৎপাত আরও বেশি হচ্ছে। হিন্দীভাষাভাষী অঞ্চলে প্রশ্ন তত বেশি উঠছে না। কারণ তাদের লিপি দেবনাগরী, কিন্তু আমাদের উপর যে জুলুম হচ্ছে সেদিকে আমাদের শিক্ষাবিভাগ, ও সরকার বাহাদুর কি কিছু নজর দেবেন?

দ্বিতীয় কথা হচ্ছে বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয় সম্বন্ধে আমার মনে হয়, আমার বন্ধুদের অনেকের কিছু কিছু বিভ্রান্তি আছে। তাঁরা বলেন বাংলাভাষায় বিজ্ঞান শিক্ষা

দেওয়া যায় না। একথা অত্যন্ত ভুল। আমি ৪০ বছর আগে পদার্থবিজ্ঞান পড়েছিলাম, চর্চা করেছিলাম, কিছু গবেষণাও করেছিলাম, অধ্যাপক রমন ও স্যার জে জে থমসনের অধীনে। সেই সময় পদার্থ বিজ্ঞানের কিছু কিছু প্রবন্ধ অনুবাদ ক'রে বাংলাভাষায় প্রকাশও করেছিলাম।

[11-10—11-20 a.m.]

এবং যিনি এখন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রধান, শ্রীত্রিগুণা সেন, তিনিও ছাত্রাবস্থায় কিছু অনুবাদ ক'রে প্রকাশ করেছিলেন। সে যুগের 'প্রবাসী' ও 'ভারতবর্ষে'র পাতা উলটালে দেখতে পাবেন আমরা কিছু লেখার চেষ্টা করেছিলাম। ৪০ বৎসর আগে যেটা সম্ভব হয়েছিল ৪০ বৎসর পরে হঠাৎ সেটা সব নাকচ হয়ে গেল এটা আমি বিশ্বাস করতে পারি না। আমার নিজের বিজ্ঞান যেটা নৃতত্ত্ব সেটা যখন দেখি যে ক্লাসএর সমস্ত ছেলেরা বাংলা বোঝে তখন আমি সহজেই বাংলায় বুঝিয়ে দিই তারপর ইংরেজীতে সেটা সংক্ষেপ ক'রে বলি এইজন্যে যে তাদের ইংরেজীতে উত্তর দিতে হয়। এখনও স্নাতকোত্তর পরীক্ষায় বাংলায় উত্তর লিখতে দেওয়া হয় না। কিন্তু যেটার অভাব হচ্ছে সেটা অন্য জিনিস, সেটা হচ্ছে যথেষ্ট পরিমাণে বই। উচ্চ মানের পড়বার উপযুক্ত বই লেখা দরকার এবং বাংলায় অনুবাদ করা দরকার। কিন্তু বাংলায় হবে না, বাংলায় পরে করব। হিন্দী চাই না বললেই হবে না। এই সমস্ত বই লিখে ছাপতে গেলে যে পয়সার দরকার সেটা কোন অধ্যাপকের ব্যক্তিগতভাবে সম্ভব হয় না। আর যারা ছাপাওয়ালা, বই যাঁরা প্রকাশ করেন তাঁদের উপর যদি ভার দেওয়া যায় তা হ'লে ভাল বই বেরোবে না। এক্ষেত্রে বাংলা ভাষার উন্নতির জন্য সরকারপক্ষ থেকে একটা টাকা দেবার ব্যবস্থা করা উচিত। বহু ছেলে আছে যাদের অতি সামান্য পয়সা দিলেই ভাল বিজ্ঞানের বই —ভূগোল, পদার্থ বিজ্ঞানের বই ইংরেজী হ'তে বাংলায় অনুবাদ ক'রে দিতে পারে। আমি বিভিন্ন কলেজের সঙ্গে সংশ্লিষ্ট আছি, জানি সেইরকম তরুণ অধ্যাপক অনেক আছেন যাঁদের বাংলাভাষায় দখল আছে, বিজ্ঞানেও দখল আছে। সুতরাং এ বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার। কিন্তু শুধু কথায় চিড়ে ভেজে না, কাজ করা দরকার। বাংলাভাষার উন্নতি করার জন্য এই কাজ এখনই করা দরকার এবং সরকার থেকে সাহায্য দেওয়া দরকার। আপনারা ভুলে যাবেন না যে, ভাষা কমিশন যেটা বলেছে সেটা অন্যভাবে করা হচ্ছে। ভাষা কমিশন বলেছে অহিন্দী-ভাষী অঞ্চলেতে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় করা উচিত যেখানে হিন্দীতে শিক্ষা দেওয়া হবে এবং ভবিষ্যতে যাতে অন্য বিশ্ববিদ্যালয়ে হিন্দীতে শিক্ষা দেওয়া হয় তার চেষ্টা করা উচিত। এ আমার মনে হচ্ছে তিন হাজার বৎসর আগে মগধ সম্রাট জরাসন্ধ অন্য রাজাদের ঘরে বন্ধ ক'রে রেখে ভেবেছিলেন যে, তিনি একছত্র সম্রাট হবেন সেই কথা! তাঁরও পতন ঘটেছিল। কাজেই এইরকম চেষ্টাও যে ধ্বংস পাবে তা বলা বাহুল্য। কিন্তু আমাদের এই বিষয়ে একটুখানি ভাবা দরকার। একজন বন্ধু বলছেন ইংরেজীকে রাখতে হবে, ইংরেজী না হ'লে চলবে না, ত্রিপুরারিবাবু রাজা রামমোহন রায়ের কথা উল্লেখ করেছেন। ১৮২৩ সালে রামমোহন কি বলেছেন তার উদ্ধৃতি দিয়েছেন। একথা সত্যি যে, ১৮২৩ সালে বিদেশী হাওয়াটা আসবার জন্য জানালা পুরো খোলা দরকার হয়েছিল। কিন্তু আজ ১৩৫ বৎসর পরেও কি আমরা সেই অবস্থায় পড়ে আছি। যে প্রাচীন, সনাতন জমাট বাধা ছিল সেটা ভাঙবার জন্য রাম-মোহন ছিলেন অগ্রদূত। তিনি দেশকে নতুনের পথে এগিয়ে নিয়ে গিয়েছিলেন। তাঁর নাম ক'রে প্রাচীনকে এখনও বজায় রাখার কথা উল্লেখ করা আমার মনে হয় বড়ই অশোভন। অন্তত আমার কানে এটা লাগে। হিন্দীভাষার উপর আমার কোন রাগ নেই। কিন্তু হিন্দী ভাষায় যে সাহিত্য আছে তা এখনও যথেষ্ট সমৃদ্ধশালী নয়। সম্প্রতি দিল্লীতে আমাদের জাতীয় ঐক্য কিভাবে আসতে পারে, তার কি বাধা আছে সেই আলোচনার একটা বড় সভা হয়েছিল ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের পক্ষ থেকে। আমাকে সেই সভায় বক্তা হিসাবে আমন্ত্রণ করা হয়েছিল এবং আমি আলোচনায় যোগ দিয়েছিলাম। সেখানে অন্যান্য প্রদেশ থেকে যাঁরা এসেছিলেন তার মধ্যে হিন্দীভাষী অঞ্চলের অধ্যাপকও কিছু এসেছিলেন। আমি নাম করব না, কারণ তাঁদের হয়ত সেই নিয়ে কেউ তাড়া দেবে। তাঁদের মধ্যে বড় দুইজন অধ্যাপক, বিহারের একজন ও উত্তরপ্রদেশের একজন, এই কথাই বললেন যে, হিন্দীর মাধ্যমে ইংরেজীকে একেবারে বাদ দিয়ে উত্তর দেবার অধিকার দেওয়ায়, উত্তরের মান নেবে যাবার

সম্ভাবনা দেখা দিয়েছে। তার কারণ হিন্দীতে উপযুক্ত উচ্চমানের বই নাই। ছেলেরা ইংরেজী বই পড়ছে না। একথা সত্য হ'লেও ইংরেজীকে আটকে রাখতে হবে বাংলা বা হিন্দী বা আঞ্চলিক ভাষাকে বাদ দিয়ে এই সিদ্ধান্ত দাঁড়ায় না। এ কথায় দাঁড়ায় কি, না, এখন আমাদের ছেলেরা যারা স্নাতক পরীক্ষা দেবে, সম্মানের সঙ্গে পাশ করতে চায়, তাদের এই বিদেশী ভাষাটা জানা দরকার। কিন্তু এটা তো বরাবরই আছে, আমরা যখন পদার্থ বিজ্ঞান, (আমি অবশ্য এখন নৃতত্ত্ববিদ), পড়েছিলাম তখন আমার শুধু ইংরেজী পড়তে হয় নি, গবেষণার জন্য ফরাসী ও জার্মান শিখতে হয়েছিল। এই আবশ্যকতার কথা মণীন্দ্রনাথ চক্রবর্তী মহাশয় বিশেষভাবে জানেন ও উল্লেখ করেছেন। বিজ্ঞানচর্চার জন্য এই দুইটি ভাষারও বড় দরকার। বর্তমানে রুশ ভাষা জানাও আবশ্যক হয়ে উঠেছে একই কারণে। অতএব গবেষকের নানা ভাষা জানা দরকার। যারা জ্ঞানের রাস্তায় নতুন ক'রে পথ প্রদর্শন করবে, যারা গবেষণা করবে, তাদেরই বিভিন্ন ভাষা শিখতে হয়। অতএব এইসব ভাষাকে শিক্ষার মাধ্যম করতে হবে —এ প্রশ্ন উঠে না। বর্তমান যুগে ইংরেজ, ফরাসী, জার্মানী পণ্ডিতেরা নিজ নিজ ভাষায় নিজদের ছাত্রদের শিক্ষা দিয়ে থাকেন। রুশদেশে যখন বিপ্লব ঘটল, তখন মাত্র শতকরা ১৮ জনের অক্ষর পরিচয় ছিল—আমি খাস রুশদেশের কথাই বলছি। আজকে তারা শিল্পে যতটা উন্নত, তখন তার দশমাংশও উন্নত ছিল না। সেখানে তার পূর্বে দেড়শত বৎসর রুশ-ভাষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা হয়ে এসেছিল। সে ভাষার মাধ্যমে শিক্ষালাভ করে বড় বড় বৈজ্ঞানিক রুশদেশে হয়েছে, লোমোনোসভ, মেন্ডেলিয়েভ, পাভলভ, ভাভিলভ, মেচনিকফ —এঁদের নাম করা যেতে পারে। আরও বহু এমন আছে এবং এদের মধ্যে অনেকে জীবিত আছেন—বিজ্ঞান এবং অন্যান্য ক্ষেত্রে তাঁরা নিজ ভাষায় পড়ছেন এবং পড়াচ্ছেন। আর এই যন্ত্রশিল্পের ক্রমোন্নতির যুগে রুশদেশে যে কত উন্নতি ঘটেছে সেটা তো তাঁরা মার্কিনের সঙ্গে পাল্লা দিয়ে মহাশূন্যে স্পুটনিক ক্ষেপণ ক'রে দেখিয়ে দিয়েছেন। আমরা বাঙ্গালীরা এই বাংলাভাষায় বিশ্ববিদ্যালয়ে কিজন্য পড়াতে পারব না? শুধু তার জন্য একটা প্রস্তুতি দরকার, সরকারের সাহায্য দরকার—সেটা সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

ভাষা কমিশন হিন্দীর উপর অন্যায় জোর দিয়েছেন। তাঁরা বলেছেন যে, সর্বভারতীয় পরীক্ষা হিন্দী ভাষায় করতে হবে, হাইকোর্টে এবং আমাদের সর্বোচ্চ আদালতে হিন্দীর প্রচলন করতে হবে। এই সব হচ্ছে অন্যায় আবদার, যাকে বাংলাভাষায় একটা যে কথা আছে—মামাবাড়ির আবদার—সেই জিনিস। এ জিনিস গ্রহণ করতে পারি না। নিজেদের আঞ্চলিক ভাষায় সমস্ত কাজ করতে হবে শুধু কেন্দ্রীয় সরকারের কাজের জন্য, বা কোন আদালতের কাজের জন্য হিন্দীতে কেন্দ্রীয় সরকারের কাছে অনুবাদ ক'রে পাঠিয়ে দিতে হবে; তা হ'লেই যথেষ্ট হবে, এর বেশি কোনও দরকার নাই। সংস্কৃত সম্বন্ধে কথা হচ্ছে সেটা সংস্কৃতির জন্য দরকার—সেটা রাষ্ট্র পরিচালনার জন্য নয়। আধুনিক বিজ্ঞান শিক্ষার জন্য নয়। এই কথা কয়েকটি ব'লে আমি রবীন্দ্রলাল সিংহ মহাশয়ের আনীত প্রস্তাব সাধারণভাবে সমর্থন জানাচ্ছি।

Sj. Mohitosh Rai Choudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, রবীন্দ্রলাল সিংহ মহাশয় যে প্রস্তাব এই সভায় উপস্থাপিত করেছেন তার পেছনে অনেক আলোচনা এবং চিন্তা ও বিবেচনা রয়েছে। আমাদের এ পক্ষ থেকে—কংগ্রেস পার্লিয়ামেন্টারি পক্ষ থেকে ভাষা সম্বন্ধে কি প্রস্তাব করা যায় তা নিয়ে আমরা অনেক আলোচনা করেছিলাম। সেই আলোচনার ফলে একটা প্রস্তাব প্রস্তুত হয়েছিল। তারপরে লোয়ার হাউসএ সে প্রস্তাব বিবেচনা করার সময় বিভিন্ন পক্ষীয় নেতাদের সঙ্গে পরামর্শ ক'রে একটা আপোষ হয়। ফলে সেই প্রস্তাবটি অন্য হাউসএ গ্রহণ করা হয়েছিল। সেই প্রস্তাবটিই বোধ হয় সামগ্রিকভাবে কিছুমাত্র পরিবর্তন না ক'রে এই হাউসএ উপস্থাপিত করা হয়েছে। সুতরাং এই প্রস্তাবের বিরুদ্ধে কিছু বলার থাকলেও এখন ভোটের সময় সেকথা উপস্থিত না করাই ভাল। প্রস্তাবটি কোনপ্রকার বিভিন্ন অভিমত প্রকাশ না ক'রে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের পাঠানোই উচিত। সুতরাং সেই হিসাবে রবীন্দ্রবাবু যে প্রস্তাব উপস্থাপিত করেছেন তার কতকগুলি বিষয়ের সঙ্গে মতভেদ থাকলেও সমগ্রভাবে সেটা গ্রহণ করার জন্য আমি আমার বন্ধুদের অনুরোধ করব। আজকে এতক্ষণ পর্যন্ত যে আলোচনা হয়েছে তা থেকে বুঝা যায় যে, মোটের উপর মতান্তর থাকলেও এই প্রস্তাব গ্রহণ করার পক্ষে

সকলেরই অভিমত আছে। সুতরাং আমি আশা করি ভোটের প্রাক্কালে তাঁরা যে অ্যামেন্ড-মেন্ট নিয়ে এসেছেন সেটা তাঁরা উইথড্র করবেন। সভাপতি মহাশয়, আজ আমাদের প্রাদেশিক ভাষা এবং সংস্কৃতির ক্ষেত্রে একটা দারুণ সংকট উপস্থিত হয়েছে। এই সংকট যে এরকমভাবে উপস্থিত হবে, এটা আমরা পূর্বে ভাবি নি।

[11-20—11-30 a.m.]

যেদিন কনস্টিটুয়েন্ট এসেম্বলি থেকে ভাষা সম্বন্ধীয় প্রস্তাব প্রথম গৃহীত হয়, অত্যন্ত দুঃখ এবং লজ্জার কথা সমগ্র দেশের লোক এ বিষয়ে সেদিন অবহিত ছিলেন না। লজ্জা এবং দুঃখের কথা এই যে, একমাত্র বর্ধমানের যিনি প্রতিনিধি ছিলেন তিনি হিন্দু না মুসলমান সে বিচারের দরকার নেই—তিনি বোধ হয় এখন ভারতবর্ষ থেকে গিয়ে পাকিস্তানে বসবাস আরম্ভ করেছেন—তিনিই এ বিষয় সম্বন্ধে বিশদরূপে আলোচনা করেন। তাঁর এ বিষয়ে যে বক্তৃতা এবং আলোচনা—আমার মনে হয় তা কনস্টিটুয়েন্ট এসেম্বলির ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। তিনি হিন্দীর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করেছিলেন, হিন্দীকে সমগ্র ভারতের একমাত্র কেন্দ্রীয় ভাষা হিসাবে গ্রহণের বিরুদ্ধে যুক্তি দিয়েছিলেন। আমরা সকলে তখন নিদ্রিত ছিলাম, এ বিষয়ে কেহই আমরা তখন অবহিত হই নি। আমরা মনে করেছিলাম প্রস্তাবটি এটা কথার কথা হয়ে থাকবে, "বাইশ মণ তেলও পুড়বে না, রাধাও নাচবে না"। কোনদিনই এমন সময় আসবে না যেদিন হিন্দীকে সমস্ত ভারতের একমাত্র ভাষারূপে গ্রহণ করবার জন্য এরকমভাবে পীড়াপীড়ি করা হবে। কিন্তু আমরা দেখছি যা আমরা ভাবি নি, যাকে আমরা কোনদিন সত্য ব'লে মনে করি নি, সেটা একেবারে নিদারুণ সত্য হয়ে আমাদের কাছে আজ এসেছে। তাই আজ আমি বলছি যে আমাদের প্রাদেশিক ভাষা এবং সংস্কৃতি বিপন্ন হয়েছে। প্রাদেশিক ভাষা কি ক'রে বিপন্ন হয়েছে? আপনারা সকলেই বুঝতে পারবেন যে, যদি হিন্দীকে একমাত্র রাষ্ট্রীয় ভাষা করা হয়, যা ভাষা কমিশনের প্রস্তাবে রয়েছে, হিন্দীকে যদি সর্বক্ষেত্রে প্রাধান্য দেওয়া হয়, যদি একমাত্র হিন্দীকেই গ্রহণ করা হবে ব'লে সিদ্ধান্ত করা হয়, যদি হাইকোর্টে এবং অন্যান্য আদালতে হিন্দীভাষাতেই কাজকর্ম হয়, তা হ'লে কালক্রমে হিন্দীই একমাত্র প্রধান ভাষারূপে গৃহীত হবে। ফলে আমাদের প্রত্যেক প্রদেশে প্রাদেশিক ভাষার উপরে মনোযোগ দেওয়া সম্ভব হবে না। ইতিমধ্যেই দেখুন আমাদের বাংলাদেশে কি অবস্থা হয়েছে। হিন্দীকে কেন্দ্রীয় ভাষা করা হবে এবং হিন্দীতে সমস্ত কাজকর্ম পরিচালিত হবে ব'লে হিন্দীতেই কম্পিটিটিভ প্রতিযোগিতামূলক পরীক্ষা গৃহীত হবে ব'লে স্থির হচ্ছে। ইতিমধ্যে আমাদের সরকার হিন্দীকে একেবারে স্কুলে নিম্নশ্রেণী থেকে প্রচলন করার ব্যবস্থা করেছেন। আমি অত্যন্ত আনন্দিত হলাম যে, অধ্যাপক ক্ষিতীশচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়—এ বিষয়ে প্রতিবাদ করেছেন। আমি কিছুতেই বুঝতে পারি না যে, হিন্দী আমাদের নিচের ক্লাসের ছেলেদের—৫ম বা ৬ষ্ঠ শ্রেণীর ছেলেদের পড়বার কি প্রয়োজন আছে যদি হিন্দী কেন্দ্রীয় সরকারী ভাষারূপেই ব্যবহৃত হয়, তা হ'লেও হিন্দীশিক্ষার দরকার হবে শুধু তাদের যারা অন্যান্য প্রদেশের সঙ্গে বা কেন্দ্রের সঙ্গে কাজকর্ম করবে। সমস্ত দেশের উপর, সমস্ত লোকের উপর তরুণ বয়স থেকে হিন্দী চাপিয়ে কিছু লাভ হবে না। তাতে শিক্ষার ব্যাঘাতই ঘটবে। সুতরাং যদি হিন্দী কেন্দ্রীয় ভাষারূপে, রাষ্ট্রীয় ভাষারূপে গৃহীত হয়, তা হ'লেও পঞ্চম শ্রেণী থেকে হিন্দী গ্রহণ করার কোন প্রয়োজন বোধ করি না। কিন্তু বর্তমানে যে প্রস্তাব আমরা পেশ করেছি সেটা আরও গুরুত্বপূর্ণ, আমরা হিন্দী যে কেন্দ্রীয় ভাষারূপে গৃহীত হবে তার বিরুদ্ধে সুস্পষ্ট অভিমত প্রকাশ করছি। সমস্ত দেশের লোক আমাদের পশ্চাতে আছে। তারা সকলেই দাবি করছে হিন্দী কেন্দ্রীয়, রাষ্ট্রীয় ভাষারূপে গ্রহণ করা যেতে পারে না। শেষ পর্যন্ত হিন্দীই, বোধ হয় আমার বন্ধু সত্যপ্রিয়বাবু যা বলেছেন যে, একরকম 'লিঙ্গুয়া ফ্রাঙ্কা' হ'তে পারে। অনেক জায়গায় আমরা খানিকটা এই ধরনের হিন্দী বলি, যেমন—

"চা'ল লেও, ডা'ল লেও
আমতলামে রে'ধে খাও"—

এ রকম হিন্দী আমরা সকলেই বলতে পারব, এই রকমভাবে যদি হিন্দীকে লিঙ্গুয়া ফ্রাঙ্কা করা হয়, তাতে আপত্তি নেই। কিন্তু হিন্দীর বর্তমানে যে প্রকার রূপ এবং অনুন্নত অবস্থা

তাতে হিন্দীকেই একমাত্র কেন্দ্রীয় ভাষারূপে কখনই গ্রহণ করা যেতে পারে না। তা ছাড়া রাজগোপাল আচারিয়া মহাশয় স্পষ্ট ভাষায় বলেছেন—যাঁরা দাবি করছেন যে, হিন্দী ভারতবর্ষের অধিকাংশ লোকের ভাষা তাঁরা ভুল করছেন। অবশ্য হিন্দী একটা বিরাট ভূখণ্ডের ভাষা সে বিষয়ে সন্দেহ নেই; কিন্তু বাংলাদেশের, আসামের, উড়িষ্যার এবং সমস্ত দক্ষিণাঞ্চলের ভাষা হিন্দী নয়। আমরা যাঁরা দক্ষিণাঞ্চলে ভ্রমণ করেছি, আমরা দেখেছি যে, সেখানে কেউ হিন্দী বুঝতে পারে না, বরং ইংরেজী বোঝে। আমার ত্রিবান্দ্রামে গিয়ে একবার কয়লা কেনবার দরকার হয়েছিল, কিন্তু হিন্দীতে বলতে কেউ বুঝতে পারে নি, 'চারকোল' বলতেই বেশ বুঝতে পারল। সুতরাং হিন্দীকেই সর্বভারতের অধিকাংশের ভাষা ব'লে চাপিয়ে দেবার মধ্যে কোন যুক্তি থাকতে পারে না। কেন্দ্রীয় ভাষারূপে হিন্দীকে ব্যবহার করার বিরুদ্ধে যদি এই আপত্তি থাকে তা হ'লে প্রাদেশিক কাজকর্মে হিন্দী প্রবর্তনের ত' প্রশ্নই ওঠে না। সুতরাং হিন্দীকে সর্বভারতীয় রাষ্ট্রীয় ভাষা করবার যে প্রচেষ্টা হচ্ছে এবং এই উদ্দেশ্যে হিন্দীকে সর্বপ্রকারে জোরজবরদস্তি ক'রে উন্নত করবার জন্য যে রকম লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে, প্রাদেশিক ভাষার উন্নতির বিশেষ কিছু চেষ্টা না ক'রে অথবা যে অনুপাতে প্রাদেশিক ভাষার উন্নতির জন্য ব্যয় করা হচ্ছে তার চেয়ে ঢের বেশি টাকা হিন্দীর জন্য ব্যয় ক'রে তার বিরুদ্ধে আমাদের তীব্র প্রতিবাদ করবার সময় এসেছে। আমি জানি না আমাদের প্রস্তাব কতদূর গৃহীত হবে। কারণ ইতিমধ্যেই খবর পাওয়া গেছে যে, ভাষা কমিশনের রিপোর্ট বিবেচনা করবার জন্য যে কমিটি নিযুক্ত হয়েছে সেই কমিটি কোন সিদ্ধান্তে উপস্থিত হবার পূর্বেই আমাদের প্রেসিডেন্ট মহাশয় কংগ্রেস প্রদেশগুলির উপর নির্দেশ দিয়েছেন—গুপ্ত কি প্রকাশ্য জানি না—যে, তাঁরা যেন প্রস্তুত থাকেন হিন্দীই কেন্দ্রীয় ভাষারূপে গৃহীত হবে, সুতরাং হিন্দী যাতে দেশের সমস্ত রাজকর্মচারীরা শেখেন এবং হিন্দী যাতে প্রত্যেক প্রদেশে বিশেষভাবে প্রচলিত হয় তার জন্য তাঁরা যেন সর্বরকমে চেষ্টা করেন। অতএব এক রকম ঠিক ক'রেই নেওয়া হয়েছে যে, হিন্দীই কেন্দ্রীয় ভাষা হবে এবং হিন্দীতেই সমস্ত কাজকর্ম পরিচালিত হবে। বাস্তবিক যদি শেষ পর্যন্ত তাঁদের এই বিশ্বাসই সত্যে পরিণত হয় তা হ'লে আমরা মনে করি যে, প্রাদেশিক ভাষা এবং সংস্কৃতির ঘোরতর সংকট উপস্থিত হবে। সুতরাং আমাদের প্রস্তাব সময়োপযোগীই হয়েছে। অবশ্য আগেই বলেছি প্রস্তাবটি বিশেষ বিবেচনা ক'রে করা হ'লেও এর ভিতর কিছু কিছু অসংগতি আছে। সেই অসংগতি কতিপয় বন্ধু প্রদর্শনও করেছেন। বন্ধু নির্মল ভট্টাচার্য যেকথা বলেছেন, আমি প্রথমে সভায় এসেই সেই কথা বলেছিলাম—প্রস্তাবের পঞ্চম ও ষষ্ঠ প্যারার মধ্যে অসংগতি রয়েছে। যদি প্যাটার্ন অব এডুকেশন ঠিক করার ভার দেওয়া হয় এডুকেশনাল এক্সপার্টদের উপর তা হ'লে মিডিয়াম অফ ইনস্ট্রাকশন অ্যান্ড এক্সামিনেশনকে বাংলা করতে হবে এই সুস্পষ্ট অভিমত এই হাউস থেকে প্রকাশ করলে ইনকন্সিস্টেন্সি হয়। তারপর, এই মিডিয়াম অফ ইনস্ট্রাকশন অ্যান্ড এক্সামিনেশন যদি প্রাইমারি অ্যান্ড সেকেন্ডারি স্টেজএ বাংলা হয় তা হ'লেও তেমন আপত্তি নাই। যিনি এই প্রস্তাব উত্থাপন করেছেন তাঁরও বোধ হয় সেই অভিপ্রায়। কারণ আমার বন্ধু ক্ষিতীশবাবু যাই বলুন না কেন, বিজ্ঞান সম্বন্ধে আমি জানি না, কিন্তু আর্টস সম্বন্ধে ফিলজফি অ্যান্ড ইকনমিকস ইত্যাদি সম্বন্ধে যতদূর জানি তাতে ইউনিভার্সিটি স্টেজএ উচ্চশিক্ষার ক্ষেত্রে বাংলায় পঠনপাঠন বর্তমানে সম্পূর্ণ অসম্ভব। তার কারণ এ নয় যে, বাংলাভাষা অপরিণত। তার প্রধান কারণ ক্ষিতীশবাবু নিজেই উল্লেখ করেছেন, বাংলায় আমাদের এখনও উপযুক্ত বই হয় নি।

[11-30—11-40 a.m.]

যাঁরা মনে করেন কয়েকখানা টেক্সট্ বুক বাংলায় লেখা হয়ে গেলেই আমাদের সমস্ত কিছু হয়ে যাবে, ছেলেরা তাই পড়ে বি-এ, এম-এ, পরীক্ষা দিতে পারবে, তাদের কথা স্বতন্ত্র। তাঁরা মনে করেন যে, টেক্সট্ বুক কয়খানি ছাড়া আর কিছুই পড়ার দরকার নেই। তাঁদের সাথে তর্ক করা অনর্থক। কিন্তু যাঁরা তা মনে করেন না তাঁরা ইকনমিকস, ফিলজফি এবং অন্যান্য আর্টস সাবজেক্টসএ যে বিরাট সাহিত্য গড়ে উঠেছে সেটা যে ইংরেজীতেই হয়েছে তা জানেন এবং বাংলায় যে তার প্রায় কিছুই নেই তাও অস্বীকার করবেন না। সুতরাং দীর্ঘকাল-পর্যন্ত বাংলাতে উচ্চ শিক্ষা পরিচালনা করা কিছুতেই বর্তমানে অসম্ভব হবে না। যাহোক,

এই ইনকনসিসটেন্সি সম্বন্ধে আর আলোচনা ক'রে লাভ নেই। একটু আগেই রাজস্বমন্ত্রী শ্রীবিমল সিংহ মহাশয় বলছিলেন যে, আলোচ্য প্রস্তাবটি 'তিলোত্তমা' প্রস্তাব। অর্থাৎ বিভিন্ন মতাবলম্বীদের বিভিন্ন প্রস্তাব থেকে খানিকটা খানিকটা গ্রহণ ক'রে তিলোত্তমার মত এই প্রস্তাবটি তৈরি করা হয়েছে। সুতরাং সম্মিলিত মতৈক্যের খাতিরে এই তিলোত্তমার প্রস্তাব আমাদের গ্রহণ করা ছাড়া উপায় নেই। কিন্তু একথা মনে রাখতেই হবে যে, যদি কেউ মনে ক'রে থাকেন যে, উচ্চ শিক্ষা এখনই বাংলাভাষার মাধ্যমে পরিচালিত হবে তা হ'লে তিনি ভুল করছেন। আর একটা কথা ব'লে আমি শেষ করব। যাঁরা বলছেন ইংরাজীর কোন প্রয়োজন নেই, তাঁদের সঙ্গে আমি একমত নই। ভারতের ইতিহাস অন্যরূপ হ'লে হয়তো ইংরাজীর প্রয়োজন আমাদের হ'ত না। কিন্তু গত ২০০ বৎসরের ইতিহাস আমাদের ভুললে চলবে না। এই ২০০ বৎসরে ইংরাজীভাষাকে অবলম্বন ক'রে আমাদের সরকারী, বেসরকারী মুদ্রিত, অমুদ্রিত পুঁথিপত্র দলিল-দস্তাবেজের যে বিরাট 'সাহিত্য' গড়ে উঠেছে তাকে আমরা ত্যাগ করতে পারি না। রাশিয়ায় বা ফ্রান্সে বা অন্য দেশে ইংরাজী ছাড়া কিভাবে কাজ চ'লে সেটা আমাদের মনে করবার কিছু নেই। আমাদের দেশে যে বিরাট সাহিত্য গড়ে উঠেছে, আদালতে যেসমস্ত নজীর ও নথিপত্র ইংরাজীতে লিপিবদ্ধ রয়েছে, ইংরাজীতে যেসব বড় বড় জাজমেন্ট লেখা রয়েছে তা আমরা ডিসকার্ড করতে পারি না। আজকে বাংলা বা হিন্দী—যাই বলুন তাতে জাজমেন্ট লেখা হ'তে পারে না। অতএব ইংরাজীকে বর্তমানে আমরা ত্যাগ করতে পারি না এবং ভবিষ্যতেও কবে যে ত্যাগ করতে পারব সেটাও বলা সহজ নয়। এজন্যই এই আলোচ্য প্রস্তাবে ইংরাজীকে রাখার কথা বিশেষভাবে বলা হয়েছে। তারপর কম্যুনিকেশন বিটুইন দি স্টেটসএর জন্যও ইংরাজী রাখা দরকার।

[At this stage the blue light was lit]

আমার আর ২।৩ মিনিট সময় চাই।

Mr. Chairman: Mr. Rai Chaudhuri, you have spoken for more than 15 minutes. There are several other speakers. Kindly try to finish.

SJ. Mohitosh Rai Choudhuri: I am soon finishing, Sir.

এই ইন্টার-স্টেট কম্যুনিকেশন অন্তত বাই-লিঙ্গুয়াল বেসিসএ আমাদের হওয়া দরকার। বাই-লিঙ্গুয়াল বেসিসএ যদি না হয় তা হ'লে আমাদের পক্ষে এক প্রদেশের সঙ্গে অন্য প্রদেশের যোগাযোগ রাখা সম্ভব হবে না। আমি প্রায় সমস্ত ভারত বেড়িয়েছি। রাজপুতনায় দেখেছি সেখানে ইংরাজীর কোন বালাই নেই। সুতরাং সেখানে অন্য ভাষা-ভাষীদের পথচলা মুস্কিল হয়। গুজরাটে গিয়ে দেখেছি যে, সেখানে গুজরাটি অক্ষরে সমস্ত কিছু লেখা। পুনায় গিয়েও তাই দেখলাম। শুধু দাক্ষিণাত্য, বিশেষ ক'রে, ত্রিবান্দ্রামে তা নেই। সুতরাং প্রাদেশিক ভাষায় যদি প্রদেশের সব কাজকর্ম হয় তা হ'লে সেই প্রদেশের সুবিধা হ'তে পারে। কিন্তু এক প্রদেশের সঙ্গে অন্য প্রদেশের যদি যোগসূত্র স্থাপন করতে চান, অন্য প্রদেশের কথা যদি জানতে চান, তা হ'লে প্রাদেশিক ভাষা ছাড়া আর একটা ভাষার দরকার যাকে কেন্দ্রীয় ভাষা বলতে হবে—যে ভাষাতে প্রাদেশিক ভাষায় লিখিত সমস্ত জিনিসের অনুবাদ থাকবে। সেই অনুবাদ কে করবে সে বিষয়ে আমাদের মতভেদ থাকতে পারে। কিন্তু অনুবাদ থাকা যে প্রয়োজন সে বিষয়ে কোনও মতভেদ নেই। ধরুন, আজকে কেরালা এডুকেশন বিল সম্বন্ধে আমরা কিছু জানতে চাই। সেটা যদি সেখানকার ভাষাতেই শুধু লিপিবদ্ধ থাকতো তা হ'লে সেই বিল নিয়ে এসে আমরা কি করতাম? ঐ বিল নিয়ে ওখানে যে ডিসকাশন হয়েছে যদি তা শুধু তাদের ভাষাতেই লেখা থাকতো তা হ'লে সেই প্রসিডিংস দেখে আমরা কিছুই বুঝতে পারব না। সুতরাং প্রাদেশিক ভাষার সঙ্গে সঙ্গে একটা কেন্দ্রীয় ভাষা থাকা নিতান্ত দরকার। সেই কেন্দ্রীয় ভাষা কি হবে তাই আমাদের প্রশ্ন। আলোচ্য প্রস্তাবে বলা হয়েছে, যতদিন ভারতীয় কোনও ভাষা এই কেন্দ্রীয় ভাষার উপযুক্ত হয়ে গ'ড়ে না উঠবে ততদিন এই কেন্দ্রীয় ভাষা থাকবে ইংরাজী। আমি মনে করি সমস্ত দিক দিয়ে বিবেচনা ক'রে রবীনবাবুর প্রস্তাব আমাদের সর্বান্তকরণে গ্রহণ করা উচিত।

Dr. Pratap Chandra Guha Roy:

মাননীয় সভাপতি মহাশয়, ভাষার আলোচনায় প্রথমেই মনে হয় যে ভাষা মনোভাব বিকাশের জন্য এবং সেটা স্বত-উৎসারিত মায়ের স্তন্যদুগ্ধের সঙ্গে. মায়ের কোলে তার ভাষার প্রথম পরিচয় হয়। কাজেই মায়ের ভাষা যেটা সেটা স্বভাবতই আপনা থেকে স্ফুরিত হয়, আর বাকি ভাষা শিক্ষণীয় অর্থাৎ শিখতে হয়। অতএব এটা অতি পরিষ্কার এবং স্বতসিদ্ধ যে, মানুষ তার নিজের জীবনের সমস্ত কার্য নির্বাহের জন্য যে ভাষা ব্যবহার করবে সেটাই তার মাতৃভাষা। মাতৃভাষায় সমস্ত কার্য করবার শক্তিসামর্থ যখন তার আসবে তখনই সে সহজ ও সরলভাবে নিজের জীবন পরিচালিত করতে পারবে। আজ ভাষার সমস্যা নিয়ে যে প্রশ্ন উত্থাপিত হচ্ছে তাতে বাংলাদেশ যে তার মাতৃভাষায় সমস্ত কাজ পরিচালিত করবে তাতে কোন সন্দেহ নেই। অবশ্য এর মধ্যে যদি কোন সংবিধানগত কোন বাধা থাকে তা হ'লে সংবিধান পরিবর্তন করতে হবে। যেখানে যে আঞ্চলিক ভাষা আছে সেই অঞ্চলের কার্য সেই ভাষায় যে পরিচালিত হবে তাতে প্রশ্ন করা নিরর্থক। বাঙালী ছাত্রদের শিক্ষা দিতে হ'লে বাংলাভাষা ছাড়া ধার করা অন্য কোন ভাষা যে আনতে হবে এর কোন কারণ নেই। চিন্তাশীল ব্যক্তিদের মনে এ বিষয়ে পরিষ্কারভাবে ধারণা থাকা উচিত যে আজকে বাঙালী অন্য ভাষাকে তার নিজের ভাষায় ট্র্যানস্লেট ক'রে নিয়ে বুঝতে হবে। ইংরাজী কিংবা বাংলাকে ট্র্যানস্লেট ক'রে তাকে হিন্দীতে বলতে হবে এটা একেবারে অত্যন্ত অন্যায়ভাবে চাপিয়ে দিয়ে মানুষকে চেপে রাখা ছাড়া আর কিছুই হ'তে পারে না। কাজেই বাংলার বাঙালী তার কাজকর্ম যে নিজের ভাষায় করবে এতে সন্দেহ নেই। আমার এক বন্ধু বললেন যে, আদালতে কাজকর্ম বাংলায় হতে পারে না। আদালতে অধিকাংশ কাজকর্ম এখনও বাংলায়ই হয়। সেশান কোর্টে যত বড় ব্যারিস্টারই হন না কেন তিনি, বাংলায় জুরীদের কাছে বক্তৃতা দেন ও আর্গুমেন্ট করেন। কাজেই বাংলায় কোর্টের কাজ চলতে পারবে না একথার কোনও মূল্য নেই। সুপ্রীম কোর্টে আপীল বা হাইকোর্টে জাজমেন্ট সেটা ইংরাজীতে হোক। কিন্তু এ ছাড়া অন্য জায়গায় আর সমস্ত জাজমেন্ট, সেখানকার সমস্ত কার্য যে বাংলায় অনায়াসে চলতে পারে বলে আমি মনে করি। ভারতীয় ভাষার ভিতরে বাংলাভাষার উৎকর্ষতা কেউ অস্বীকার করবে না। অধিকাংশ লোকের ভাষায় যে একমাত্র ভাষা, এটা ঠিক নয়, এটাই যে একমাত্র ক্রাইটেরিয়ন সেটা আমি বিশ্বাস করি না। ভাষার ঐশ্বর্যেরও প্রয়োজন আছে। কাজেই ভাষার ঐশ্বর্যের যে কোন প্রয়োজন নেই এটা আমি কোন সময়ে মনে করি না। এদিক দিয়ে হিন্দীভাষা এখনও অসম্পূর্ণ। এটা আমি পরিষ্কারভাবে ব'লে যেতে চাই যে স্বাধীন দেশে ইংরেজী অনন্তকাল-ব্যাপী রাষ্ট্রীয় ভাষা থাকবে এটা আমি সমর্থন করি না। আমাদের দেশে একটা রাষ্ট্রীয় ভাষা থাকবে যে ভাষা দ্বারা সর্বত্র সহজে সমস্ত কাজ করা সম্ভব হবে। এইরূপ ব্যবস্থা আমাদের দেশে করতে হবে। কিন্তু যে হিন্দীভাষা রাষ্ট্রভাষা ব'লে আমাদের এখানে হাজির ক'রে দেওয়া হচ্ছে ঐশ্বর্যের দিক দিয়ে তার ভেতরের জিনিস এত কম যে, সেই ভাষা ইংরাজীকে সরিয়ে রাষ্ট্রভাষা হিসাবে স্থান নিতে পারবে এইরকম শক্তি তার নেই। কাজেই যতক্ষণ পর্যন্ত সেই ভাষাকে শক্ত ও সাবলীল ক'রে তোলা না যায় ততক্ষণ পর্যন্ত ডিফারেন্ট স্টেটএ ইংরাজী যেটা এক্সচেঞ্জএর ভাষা হিসাবে আছে সেটা সরিয়ে দেবার প্রশ্ন অবান্তর। আজকে হিন্দী-ভাষাকে যদি জাতীয় ভাষা করা যায় তা হ'লে আমি আগেই বলেছি অধিকাংশের ভাষা হিসাবে একমাত্র ক্রাইটেরিয়ন নয়, ভাষার ঐশ্বর্য, এবং তার স্থিতিশীলতা তৈরি করতে হবে। কাজেই সেদিক দিয়ে হিন্দীর সে সামর্থ্য আজও তৈরি হয় নি। আজকে আমি যখন হিন্দী এবং বাংলাভাষার তুলনা করি তখন আমি একটা কথা অবান্তর হলেও বলছি যে যেখানে 'নেক-টাই'-কথার হিন্দী করেছেন "কণ্ঠ লেঙ্গুটি"—একে বাংলাভাষায় বলছে "গলবন্ধ"। তারপর ভ্যানিটি ব্যাগ যেটাকে আমরা প্রসাধনথলি বলি সেটাকে হিন্দীভাষায় তাঁরা বলছেন—"ফুটানিকা বটুয়া"—এই অদ্ভুতরকমের ট্র্যানস্লেশনএর মধ্য দিয়েই হিন্দী ও বাংলার তারতম্য পরিষ্কার-ভাবে ফুটে উঠেছে।

[11-40—11-50 a.m.]

এটা রাষ্ট্রভাষা ব'লে চালিয়ে দিতে হবে এবং সমস্ত জাতি তা মেনে নেবে; এইরকম ভাষা, এই ঐশ্বর্যবান ভাষা, রাষ্ট্রীয় ভাষা হ'তে পারে না। হিন্দীকে রাষ্ট্রভাষা করতে হ'লে তার ব্যাকরণের আমূল পরিবর্তন করতে হবে। কাজেই আজকে যদি তাকে রাষ্ট্রভাষা করতে হয়

তা হ'লে তাকে সমস্ত ঢেলে সাজতে হবে। বাংলাভাষার ঐশ্বর্যের কথা সর্বজনবিদিত—তথাপি বাংলাভাষা সমগ্র রাষ্ট্রের ভাষা হোক এই কথা আমি বলি না। অনেক দেশে রাষ্ট্রভাষা হিসাবে মালটি ল্যাংগুয়েজ প্রচলিত আছে—যেমন সুইডেনে একাধিক ভাষা রাষ্ট্রভাষা হিসাবে আছে। কাজেই আজকে যে ১৪টা ভাষা ভারতবর্ষে স্বীকৃত হয়েছে সেগুলি রাষ্ট্রীয় ভাষা হিসাবে বর্তমানে চলতে পারে। এক্সচেঞ্জএর ভাষা হিসাবে ইংরাজী থাকতে পারে, তাতে কোন অসুবিধা হবে না। তবে আমি এটা আগাগোড়াই বলেছি এবং প্রথমেই বলে নিয়েছি ইংরাজী একটা স্বাধীনদেশের রাষ্ট্রভাষা থাকবে, অনন্তকাল ধ'রে চলবে, এটা আমি কোনদিনই সমর্থন করি না। কাজেই আজকে যদি হিন্দিকে রাষ্ট্রীয় ভাষা করতে হয় তা হ'লে বিশেষ এক্সপার্ট পণ্ডিত লোক দ্বারা সেই ভাষার উৎকর্ষসাধন করতে হবে। এই হ'ল আমার নিজের ভাষা সম্বন্ধে মোটামুটি কথা। তারপর, বাংলার অ্যাসেম্বলী ও বাংলার প্রশাসনিক ব্যবস্থা, বাংলার আদালত, বাংলার শিক্ষা বাংলাভাষায় চলতে পারবে না তা আমি স্বীকার করি না—এটা আমি বুঝি না কেন চলতে পারবে না। বাঙ্গালীকে বাংলাভাষায় উচ্চশিক্ষা দেওয়া যায় না এটা আমি মানি না। আমার কথা, ফিলোসফির উচ্চশিক্ষা বাংলায় দেওয়া যায় না, বিজ্ঞানের কথা বাংলায় বোঝানো যায় না—এ কথার কোন মূল্য নেই। বিজ্ঞানের সমস্ত টার্মস হয়তো বাংলায় না আসতে পারে—কিন্তু তার জন্য চিন্তিত হবার কারণ নাই। বিজ্ঞানের ইংরাজী টার্মস বাংলাবিজ্ঞানের মধ্যেও রেখে দেওয়া যেতে পারে—আজকে স্পাইনাল কর্ডকে 'কশেরুকা মজ্জা' বলে চালাবার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। বাংলাভাষা ঐশ্বর্যবতী হয়েছে যদিও পরাধীনতার ছাপ তার বুকে আছে, কিন্তু বাংলাভাষা সে বিদেশী শব্দগুলিকে সম্পূর্ণ নিজস্ব ক'রে নিয়েছে। আজকে যে আমরা কালিকলম, আদালত, হাকিমহুকুম, আইন-কানুন, পেয়াদা যা কিছু বলি তা একটাও সংস্কৃত থেকে আসে নি, এগুলি ফার্সিভাষা থেকে এসেছে—কিন্তু আজকে সাধারণ কৃষক পর্যন্ত এগুলিকে বাংলা ব'লে ধ'রে নিয়েছে। আজকে জমিদারীর সব টার্ম সেই মোগল আমল থেকে চলছে এবং সেগুলি আজকে নিরক্ষর কৃষক পর্যন্ত তার সঙ্গে পরিচিত হয়ে গিয়েছে বাংলাভাষার মাধ্যমে। কাজেই আজকে ইংরাজী 'গ্লাস'কে 'জলাধার' করতে হবে, 'টেবিল'এর কি বাংলা হবে আমি জানি না, 'অ্যালমিরা' আলমারি হয়েছে—তার বাংলা কি আমি জানি না। এমনি করে আজ যদি বাংলায় টেবল, অ্যালমিরা, গ্লাস ঢুকতে পারে, তবে ম্যাজিস্ট্রেট, আদালত এগুলো বাংলায় ঢুকতে পারবে না এর কারণ আমি বুঝতে পারি না। হয়তো পরিভাষার প্রয়োজন আছে, প্রশাসনিক কাজে ভালো ভালো ভাষা ব্যবহার করা চলে, কিন্তু যে ভাষা সকলে বোঝে, যে ভাষায় সকল জিনিস সকল মানুষ বোঝে সেটাই তো ভাষা হবে। এতে যদি ইংরাজী ঢুকে ঢুকুক, আজকে সেজন্য যদি বৈজ্ঞানিক টার্মস ইংরাজী থেকে নিয়ে বাংলাভাষা তৈরি হয়, তা হ'লে কিছুমাত্র অসুবিধা হবে ব'লে আমি মনে করি না। আমি ডাক্তারী টার্মস সম্বন্ধে বলতে পারি, ডাক্তারী টার্মস যদি বাংলা করা যায় তা হ'লে দুর্বোধ্য হয়ে দাঁড়াবে। কাজেই সেগুলো বাংলাভাষাতে ঢুকিয়ে দিলে চলবে না কেন আমি বুঝি না—কারণ ফার্সী ল্যাংগোয়েজ-এর বহু শব্দ বাংলা হয়ে গেছে, আজ ইংরাজীর বহু জিনিস বাংলায় আমরা করে নিয়েছি। সকল মানুষ যেটা বোঝে সেটা বাংলায় রাখা কেন চলবে না? বাংলাভাষার উৎকর্ষ আজ যে জায়গায় এসে দাঁড়িয়েছে সে বাংলাভাষার জন্য গৌরব করা চলে। সমগ্র দেশের কাছে বাংলার স্বীকৃতি পেয়েছে। কাজেই বাংলাভাষায় বাংলার কাজ চলবে, বাংলার সমস্ত শিক্ষা, বাংলার আইনআদালতের কাজ, বাংলার সমস্ত ব্যবস্থা, বাংলার আইনসভাও বাংলায়ই চলবে—এবং সমস্ত প্রশাসনিক ব্যবস্থা বাংলায় চলতে পারে—খালি ইন্টার ল্যাংগোয়েজএর জন্য যতদিন হিন্দী ডেভেলপড না হয় ততদিন ইংরাজীতে চলবে—এটাই তো হওয়া উচিত। এটা স্বাভাবিক বলেই আমি বিশ্বাস করি। আর তার সমর্থন করার দাবি সমস্ত জাতিরই আছে। সংস্কৃত সম্বন্ধে আমি বলতে পারি, সংস্কৃত একটা অফুরন্ত ঐশ্বর্যবতী ভাষা, আমাদের দেশের সমস্ত ভাষার উৎস। কিন্তু গোমুখীর মুখ থেকে যে গঙ্গার উৎপত্তি হয়েছে, কলকাতার নিচে যে ভাগীরথী বা হুগলি সেই গঙ্গা থেকে উৎপন্ন হ'লেও নতুন জলের আবিলতায় হোক, ময়লাই হোক, নতুন জলের সংস্পর্শে তার যে প্রসার ও বৃদ্ধি হয়েছে তা কি আর গোমুখীতে ফিরে নেওয়া যাবে না? কাজেই গোমুখীর সঙ্গে সম্পর্ক থাকবে বটে, কিন্তু তার নিজেরও একটা সত্ত্বা তৈরি হয়েছে। বাংলাভাষা তেমনি সংস্কৃত থেকে বের

হ'লেও আজকে তার একটা নিজস্ব ঐশ্বর্য তৈরি হয়েছে। কাজেই সংস্কৃতকে রাষ্ট্রীয় ভাষা করবার জন্য যে যোগ্যতা থাকা দরকার তা আজ আর তার নেই। কিন্তু সংস্কৃতকেও বাদ দিলে চলবে না—এই ঐশ্বর্যের দুয়ার আমরা বন্ধ করতে চাই না। গোমুখীর মুখ বন্ধ ক'রে দিলে গঙ্গা শুকিয়ে যাবে। কাজেই সংস্কৃতের সঙ্গেও আমাদের পরিপূর্ণ যোগ থাকা উচিত। আজকে যে সাজেসশন এসেছে সেটা সেরিমোনিয়াল ল্যাঙ্গোয়েজ হিসাবে আমাদের মন্ত্র, আমাদের উৎসবাদির সমস্ত কিছু সংস্কৃতে পরিবেশিত হচ্ছে ও হবে। আমার মনে হয়, সংস্কৃতের মধ্যে এমন একটা প্রাণশক্তি আছে সেই প্রাণশক্তিতে আমি যেন সঞ্জীবিত হয়ে উঠি যখন সেই মন্ত্র উচ্চারণ করি। কাজেই সেরিমোনিয়াল ল্যাঙ্গোয়েজ হিসাবে সংস্কৃত থাকবে এটা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। সংস্কৃতকে যাঁরা স্টেট ল্যাঙ্গোয়েজ করার কথা চিন্তা করেন আমি তাঁদের সঙ্গে একমত নই। সভাপতি মহাশয়, আপনি বিশিষ্ট ভাষাবিদ, সমস্ত ভারতবর্ষই নয়, সমগ্র পৃথিবীর মধ্যে আপনার আসন সুপ্রতিষ্ঠিত। ভাষা সম্বন্ধে আপনার সাধনা ও ধারণা সম্বন্ধে আমাদের কিছু বলবার নাই। আমি খালি এটুকু বলি, রবীন্দ্রলাল সিংহ মহাশয় যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি তাই সমর্থন করে বলছি, বাংলার ভাষায় বাংলাদেশের কাজ চলবে, বাংলাভাষায় পঠনপাঠন চলবে, পরীক্ষা হবে, বাংলায় আইনসভার কাজ বাংলাতে পরিচালিত হবে, বাংলায় প্রশাসনিক ব্যবস্থা, বাংলায় সমস্ত আদালত বাংলা-ভাষায় পরিচালিত হবে—একমাত্র হাইকোর্টে যদি প্রয়োজন হয়—এবং যেক্ষেত্রে সুপ্রীম কোর্টে আপীলএর প্রয়োজন হবে, সেক্ষেত্রেই ইংরাজীতে জাজমেন্ট হতে পারবে। আর সমস্ত জিনিস বাংলায় হবে। এই হিসাবে যতদিন হিন্দী ডেভেলপড না হয় ততদিন ইংরাজী তার স্থান দখল করে থাকবে। ইংরাজী অনন্তকাল ধরে একটা স্বাধীন দেশের রাষ্ট্রভাষা হিসাবে থাকবে এটা আমি মোটেই সমর্থন করি না। হিন্দী রাষ্ট্রভাষা যদি হয় হোক, কিন্তু তার ডেভেলপমেন্ট করতে হবে। আজকে তার যে ঐশ্বর্য আছে তাতে সে রাষ্ট্রভাষা হতে পারে না। কাজেই এক্সপার্ট বসিয়ে, তার সমস্ত অন্ধিসন্ধি দেখে, তার গলদ ভেঙ্গে চুরে নতুন করে গড়ে তারপর যদি হিন্দী রাষ্ট্রভাষা হয় তবে হোক। যতদিন হিন্দী রাষ্ট্রভাষা না হয়, ততদিন ইংরাজী ইন্টার-স্টেট ল্যাঙ্গোয়েজ ও ইন্টারন্যাশনাল ল্যাঙ্গোয়েজ হিসাবে চলতে থাকবে। পড়াশুনার দিক দিয়ে ইংরাজীকে বাদ দিলে চলবে না, এ আমি বিশ্বাস করি না যে ইংরাজী ভাষা আমাদের কাছে বিশ্বের ঐশ্বর্যের দুয়ার খুলে দিয়েছে সে দরজা আমরা বন্ধ করে দেব না। কাজেই যারা পোস্ট-গ্রাজুয়েট শিক্ষা ও রিসার্চএর জন্য যাবে, যারা ইন্টারন্যাশনাল ব্যাপারের সঙ্গে যুক্ত থাকবেন তাঁদের ইংরাজীকে ভাল ক'রে শিখতে হবে—ইংরাজীকে সাট আউট করার কথা চিন্তা করাও উন্মত্ততা। এখনকার রাষ্ট্রভাষা যদি কোন-দিন হিন্দীও হয় তবে এখান থেকে ইংরাজীকে তুলে দিতে হবে এটা আমার কাম্য নয়। ইংরাজী থাকবে ইন্টারন্যাশনাল কানেকশন এবং উচ্চশিক্ষার জন্য এবং বিদেশে যাওয়ার জন্য ইংরাজীকে আমাদের রাখতে হবে—এটাই আমার নিজের ধারণা। বাঙ্গলার সমস্ত কাজ বাংলার ভাষার দ্বারা পরিচালিত হবে, এবং সমগ্র ভারতের সঙ্গে যোগাযোগ করার জন্য যতদিন হিন্দী ডেভেলপড না হয়, ততদিন ইংরাজী তার বাহন থাকবে—এইকথা বলে আমি মূল প্রস্তাব সমর্থন করছি।

Janab Abdul Halim:

শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য রবীন্দ্রলাল সিংহ মহাশয় ভাষার উপরে যে বেসরকারী প্রস্তাব এনেছেন তার আমি মূলতঃ সমর্থন জানিয়ে কয়েকটা কথা বলতে চাই। সময় খুব সংক্ষেপ—কাজেই আমি আমার বক্তব্য খুবই সংক্ষেপে বলব। সরকারী ভাষা কমিশন সম্পর্কে আমি আমার মন্তব্য না করে পারি না, সরকারী ভাষা কমিশনের সুপারিশের সঙ্গে আমরা আদৌ একমত হতে পারি না। ভাষা কমিশনের মূল দৃষ্টিভঙ্গী বিশেষ করে বিভেদমূলক বলে আমি মনে করি। ভারতবর্ষ একটা বহুভাষাভাষী দেশ, এখানে বহু সমৃদ্ধ ভাষা রয়েছে—যে ভাষায় কোটি কোটি লোক কথা বলে, কিন্তু কমিশন সেদিকে সামান্য দৃষ্টি দিয়েছেন, কমিশন শুধু একটা মাত্র উদ্দেশ্যের দ্বারা চালিত হয়েছেন—তা হচ্ছে—কি ভাবে দেবনাগরী হরফে হিন্দীকে তাড়াতাড়ি সরকারী ভাষা রূপে পরিণত করা যায়। এদিকের উপরেই জোর দিয়েছেন। কমিশন বিভিন্ন রাজ্যের ভাষার উপরে যেভাবে বিচার করেছেন তা শুধু বিদ্বেষ এবং ঘৃণাই জাগ্রত করবে এবং তাহা জাতীয় ঐক্যকে দুর্বল করতে বাধ্য।

কমিশনের এই দৃষ্টিভঙ্গী ও সুপারিশকে আমরা সমর্থন করতে পারি না। ইংরাজী ভাষার দ্বারা আমরা অনেক শিক্ষা পেয়েছি—এখানে জ্ঞানবিজ্ঞান এবং সাহিত্য আমরা ইংরাজীর মাধ্যমেই পেয়েছি। যেসমস্ত ইংরাজরা এখানে ছিল তারা চলে গেছে। আমাদের দেশ এখন স্বাধীন হয়েছে, কাজেই আমরা চিরকালই ইংরাজীকে আঁকড়ে ধরে থাকব তা আমরা কখনই পারি না। কাজেই যতদিন আমরা একটা কেন্দ্রীয় ভাষা স্থির না করছি ততদিন ইংরাজী আমরা চালিয়ে যেতে পারি। কিন্তু চিরকাল ইংরাজী আমাদের সরকারী ভাষা হবে এ নীতি আমরা গ্রহণ করতে পারি না।

[11-50—12 noon.]

ইংরেজী মুষ্টিমেয় লোকের ভাষা আমাদের দেশে। কাজেই ইংরেজী চিরকাল যে সরকারী ভাষা থাকবে, সে নীতি পরিত্যাগ করতে হবে। ভাষা কমিশনের এই সিদ্ধান্ত এবং গত দশ বছরে কেন্দ্রীয় ও রাজ্যসরকার যে নীতি গ্রহণ ও অনুসরণ করে চলেছেন তার ফলে কিছু লোক এমন পথ গ্রহণ করেছেন যা কার্যতঃ আমাদের রাজনৈতিক ও সাংস্কৃতিক জীবনে ইংরেজীর স্থানকে দীর্ঘস্থায়ী করে তুলবে। কিন্তু আমরা এইরকম একটা সিদ্ধান্ত গ্রহণ করতে পারি না।

কেন্দ্রীয় গভর্নমেন্টের কার্যপরিচালনার জন্য বিভিন্ন রাজ্যসমূহের মধ্যে যোগাযোগের ও আদানপ্রদানের জন্য এবং বিভিন্ন রাজ্যের অধিবাসীদের সঙ্গে যোগাযোগ ও জাতীয় ঐক্য-বন্ধনকে শক্তিশালী করবার জন্য একটা ভারতীয় ভাষাকে জাতীয় ভাষা হিসেবে গ্রহণ করতে হবে, সেটা সত্যি। কিন্তু আমাদের উপর হিন্দীকে যেভাবে জোর করে চাপানো হচ্ছে, তাতে সেটা আমরা গ্রহণ করতে পারি না। হিন্দী ছাড়াও হিন্দীর মধ্যে নানারকম ভাষা রয়েছে, বিরোধ রয়েছে, অন্তর্দ্বন্দ রয়েছে, নানা সংকীর্ণতা রয়েছে। হিন্দীর প্রতি আমার কোন বিদ্বেষ নাই। তবে বর্তমান হিন্দীভাষাকে সংস্কৃত করে, উন্নত করে, যাতে সেটা একটা সর্ব-ভারতীয় ভাষায় পরিণত হতে পারে তার চেষ্টা করা উচিত—তাতে কারও আপত্তি নাই। উত্তর প্রদেশের পশ্চিম-উত্তর অংশে রোহিলাখণ্ডে যে হিন্দী বলা হয় তা হিন্দী নয়, প্রকৃতপক্ষে হিন্দুস্থানী—অর্থাৎ উর্দু, আরবী-ফারসী মিশ্রিত। আর রাজস্থানে যে ভাষা চলে, সেও হিন্দী নয়। তবে হিন্দীকে মেজে-ঘষে, উন্নত করে যখন ভারতের একটা শক্তিশালী ভাষা হিসেবে গড়ে তুলতে পারব, তখন হিন্দী রাষ্ট্রভাষা হবার দাবী করতে পারবে। কিন্তু যতদিন পর্যন্ত না এইরকম হচ্ছে, ততদন ইংরেজীর দ্বারা কাজকর্ম চালাতে হবে।

জনসাধারণের সাংস্কৃতিক মানের উন্নতির জন্য, তাদের চেতনাবৃদ্ধির জন্য এবং গণতন্ত্রের বিকাশের জন্য প্রত্যেক অঞ্চলের লোকের মাতৃভাষাকে নায্য স্থান ও মর্যাদা দিতে হবে। সেই-সব ভাষাকে আরও সমৃদ্ধ করবার প্রয়োজন রয়েছে। প্রত্যেক রাজ্যের গভর্নমেন্ট ও জন-সাধারণের চেষ্টা ছাড়া ও কেন্দ্রীয় সরকারকেও এ বিষয়ে সক্রিয় ও আর্থিক সাহায্য দিতে হবে। সেইদিক থেকে বাংলাভাষাকে সরকারী ভাষা হিসেবে প্রবর্তনের দাবিও আমরা তুলছি। ১৯৬০ সালের মধ্যে পশ্চিমবঙ্গে আইন ক'রে সরকারী কাজকর্ম পরিচালনার জন্য বাংলাভাষা চালু করতে হবে। বাংলা একটি সমৃদ্ধিশালী ভাষা—সাহিত্য, কাব্য, ইতিহাস, দর্শন, সংস্কৃতি ও কৃষ্টির দিক হতে বাংলাভাষা খুবই শক্তিশালী ও সমৃদ্ধ। মাইকেল মধুসূদন দত্ত, সাহিত্য-সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, কবিগুরু রবীন্দ্রনাথ, কথাশিল্পী শরৎচন্দ্র থেকে আধুনিককালের লেখক ও বিদগ্ধ সাহিত্যিক পর্যন্ত সকলেই বাংলাভাষাকে সমৃদ্ধ করে তুলেছেন। বিশ্ব-বিদ্যালয়, সরকারী অফিস, আদালত, শিক্ষায়তন, সর্বত্র এই বাংলাভাষার প্রবর্তন চাই। একটা ফেজড প্রোগ্রাম মারফত বাংলাভাষাকে চালু করতে হবে। বিধানসভায় ও পরিষদে বাংলা-ভাষায় আইন, বিল ইত্যাদি প্রণয়ন করতে হবে এবং সার্কুলার, নোটিস ইত্যাদিও বাংলাতে চালু করতে হবে। তবে প্রয়োজনবোধে তা ইংরেজী ও হিন্দীতে অনুবাদ করবার ব্যবস্থা করতে হবে। যতদিন পর্যন্ত ইংরেজীতে কাজ চালু থাকবে, ততদিন বাংলা-তর্জমার ব্যবস্থা করতে হবে। প্রশাসনিক, আইনসভাবিষয়ক, বিচারবিষয়ক কাজও বাংলাভাষায় পরিচালনা করতে হবে। হাইকোর্টের রায়ও বাংলাভাষায় দিতে হবে এবং দরকার হ'লে তার ইংরেজী তর্জমা করে দিতে হবে।

অনেকে আপত্তি তুলেছেন যে বাংলাভাষায় বিজ্ঞান শিক্ষা প্রচলিত করা যাবে না; বাংলাভাষা সেইরকম সমৃদ্ধ হয় নাই। বিজ্ঞানের জন্য কোন বাংলা পুস্তক নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সেদিন প্রফেসর সত্যেন্দ্রনাথ বসু মহাশয় বলেছেন সায়েন্টিফিক এডুকেশন নিম্নস্তর থেকে উচ্চস্তর পর্যন্ত বাংলাভাষায় দেওয়া যায়। রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও অক্ষয়কুমার বাংলাভাষায় বিজ্ঞানের অনেক বই লিখেছেন, তর্জমা করেছেন, বিজ্ঞানের চর্চা করেছেন। কাজেই বাংলাভাষায় যাতে বিজ্ঞান শিক্ষা প্রচলিত হতে পারে, তার জন্য চেষ্টা করতে হবে। আরও যাতে বাংলাভাষায় বিজ্ঞানের বই রচিত হতে পারে সেদিকে জোর দিতে হবে এবং তার জন্য টাকা খরচ করতে হবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তার জন্য সাহায্য গ্রহণ করতে হবে। সুতরাং পশ্চিমবঙ্গ সরকার এ বিষয়ে বাংলাভাষার উপর যথেষ্ট জোর দেবেন বলে বিশ্বাস করি। বাংলাভাষা যেরকম সমৃদ্ধ ভাষা তাতে বাংলাদেশের সর্ব কাজে বাংলাভাষা ব্যবহার করতে হবে এবং বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ে বাংলাভাষার মাধ্যমে শিক্ষা দেওয়ার ব্যবস্থা করতে হবে। মহীতোষবাবু বললেন বাংলাভাষায় শিক্ষা দেওয়া চলতে পারে না—এটা তার ভুল ধারণা। বাংলাভাষা যেরকম সমৃদ্ধশালী ভাষা, তাতে বাংলাভাষা সর্বস্তরে চালু হতে কোন বাধা নাই।

Sj. Monoranjan Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্ধু শ্রীশশাংকশেখর সান্যাল মহাশয় যে প্রস্তাব এনেছেন তার সমর্থনে কিছু বলতে চাই।

আমার মনে হয়, সংস্কৃত ভাষার চর্চা আমরা এমনভাবে করতে পারি যার ফলে ইহাকে রাষ্ট্রভাষায় উন্নীত করা যেতে পারে। বর্তমানে সংস্কৃত ভাষার যে বিশেষ উপকারিতা এবং উপযোগিতা আছে, তাহা সকলেই স্বীকার করেছেন। আমাদের সংস্কৃতভাষা সমগ্র ভারতীয় ভাষার জননী। এ সম্বন্ধে মাননীয় সদস্য অধ্যাপক ত্রিপুরারি চক্রবর্তী মহাশয় বিশদভাবে বলে গিয়েছেন যে, সংস্কৃতভাষা হতে সমস্ত ইন্ডিয়ান ডায়ালেক্টস উদ্ভূত হয়েছে। সেই সংস্কৃতভাষার আমাদের জাতীয় জীবনে কি উপকারিতা তাহা সকলেই একবাক্যে স্বীকার করেছেন। আমরা যদি সেই মৃত ভাষাকে সঞ্জীবিত করতে পারি এমনভাবে, যে তা রাষ্ট্রীয়-ভাষায় পরিণত করা যায়, তা হ'লে আজ ভাষা নিয়ে যে বাদবিসম্বাদ চলছে, হিন্দী রাষ্ট্রভাষা হবে, কি হবে না, এই নিয়ে হিন্দীর উপর আক্রমণ চলেছে—এই সমস্তর সমাধান সুষ্ঠুভাবে হতে পারে। সংস্কৃতকে ভারতীয় ভাষাসম্পদের জননী বলা হয়। আমরা সেই আদি জননীকে যদি সঞ্জীবিত করে, কথ্যভাষায় এনে সকলের সামনে তুলে ধরতে পারি এবং অমূল্য সংস্কৃত গ্রন্থ যেসব রয়েছে তাদের চর্চা করে, অনুশীলন করে যদি আমরা সংস্কৃতভাষাকে সকলের সামনে তুলে ধরতে পারি তা হ'লে এই ভাষাকে অনায়াসে রাষ্ট্রভাষায় পরিণত করা যেতে পারে বলে আমি মনে করি। এ বিষয়ে আমি আমার ব্যক্তিগত অভিমত বলছি না। পূর্বে যিনি আমাদের গভর্নর ছিলেন, ডাঃ কাটজু সাহেব, তিনি প্রথম এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন—সংস্কৃত ভাষাকে রাষ্ট্রভাষা করবার জন্য। সেদিন ডাঃ জ্যোতিন্দ্রবিমল চৌধুরী মহাশয় বলে গিয়েছেন যে সংস্কৃতকে রাষ্ট্রভাষায় পরিণত করা যেতে পারে। সম্প্রতি আবার ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে যে সভা হয়ে গিয়েছে, সেখানেও সংস্কৃতকে রাষ্ট্রীয় ভাষা করবার জন্য দাবি উত্থাপন করা হয়েছে। সুতরাং আমাদের আজ ভাবতে হবে সংস্কৃত ভাষাকে সঞ্জীবিত করে তুলতে পারি কি না, পুনর্জ্জীবিত করে রাষ্ট্রভাষায় পরিণত করতে পারি কি না? পণ্ডিত মহাশয়রা যেরকমভাবে সংস্কৃত পড়ান বা বলেন তাতে একটা বিভীষিকা সৃষ্টি হয়। কাজেই এই সংস্কৃতকে যাহাতে সিম্পল করে সাধারণের বোধগম্য গ্রহণযোগ্য ভাষায় পরিণত করতে পারা যায় তার চেষ্টা করা উচিত। একজন অধ্যাপক এখানে বলেছেন যে সংস্কৃত ভাষায় যখন বক্তৃতা করা হয়, তখন সকলে বুঝতে পারেন না। অবশ্য ইহা সত্য যে পণ্ডিত মহাশয়রা যেরকমভাবে সংস্কৃতভাষায় পাঠ্যপুস্তক লিখেছেন তাতে সংস্কৃত শেখা কঠিন হয়ে দাঁড়িয়েছে। কিন্তু সংস্কৃত ব্যাকরণে আমার যা সামান্য জ্ঞান আছে তা থেকে বলতে পারি সংস্কৃত ভাষাকে সহজ করে, অনায়াসে সাধারণের বোধগম্য করা যায়। আমরা শুদ্ধ বাংলা ভাষা যা ব্যবহার করি, তাতে কেবল অনুস্বর, বিসর্গ যোগ করলেই তাহা প্রায় সংস্কৃত ভাষায় পরিণত হয়। আজকে যে দাবি উঠেছে সংস্কৃতকে রাষ্ট্রভাষা করার জন্য, সেই দাবিকে

সরাসরি অগ্রাহ্য না করে, তাকে যাতে রাষ্ট্রীয় ভাষায় পরিণত করা যায় সে বিষয়ে সকলের সচেষ্ট হওয়া উচিত। আর হিন্দী ভাষাকে যদি উন্নত করতে পারা যায়, যে হিন্দী ভাষা বাস্তবিকই খুবই সাধারণ ভাষা বলে পরিচিত, তাকে উন্নত করার চেষ্টা হচ্ছে—সেই ভাষাকে যদি উন্নত করতে পারা যায় তা হ'লে সংস্কৃত ভাষা, যে ভাষা সমৃদ্ধ এবং অনন্ত রত্নের খনি, বহু স্বাধীন নূতন চিন্তাধারা যে ভাষা থেকে এসেছে, যা থেকে আমরা এখনও চিন্তার উপকরণ ও খোরাক আহরণ করছি, আমাদের কৃষ্টি, ঐতিহ্য বজায় রাখবার জন্য যে ভাষা'র প্রয়োজনীয়তা সকলে স্বীকার করে নিয়েছেন সেই ভাষাকে একটু সহজ করে রাষ্ট্রীয়ভাষা বলে গণ্য করায় কোন বাধা আছে বলে আমি মনে করতে পারি না। সংস্কৃত ভাষাকে অগ্রাহ্য করতে পারা যায় না বলেই প্রস্তাবক মহাশয় সেরিমোনিয়াল ভাষা হিসাবে রাখতে চেয়েছেন। আমি বলি, সংস্কৃত সেরিমোনিয়াল ভাষা হিসাবে বর্তমানে থাকুক, কিন্তু পরিণামে যাতে একে সর্বক্ষেত্রে প্রয়োগ করতে পারা যায় এবং রাষ্ট্রভাষায় পরিণত করা যায় সেই বিষয়ে রাষ্ট্রীয় কর্ণধাররা চেষ্টা করবেন এই অনুরোধ জানাই। এই ভাষাকে যাতে পুনর্জীবিত করতে পারা যায়, সাধারণের বোধগম্য ভাষায় পরিণত হয়ে রাষ্ট্রীয় ভাষারূপে গৃহীত হয় সে বিষয়ে আপনাদের সহানুভূতিসূচক দৃষ্টি আকর্ষণ করেই আমার বক্তব্য শেষ করছি।

[12—12-10 p.m.]

Sj. Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহাশয়, আজকে এই প্রস্তাবকে উপলক্ষ্য করে যেসমস্ত সংশোধনী প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং যে বিতর্ক এতক্ষণ ধরে এই পরিষদকক্ষে চললো আমি মনোযোগের সঙ্গে তা শ্রবণ করেছি। প্রথমেই আমি আমার আনন্দ প্রকাশ করি যে, এই পরিষদে দলমত নির্বিশেষে সমস্ত সদস্য এই প্রস্তাবের মূল নীতিকে সমর্থন করেছেন এবং আরও একটা আনন্দের কথা হচ্ছে এই যে, আজকে যদিও এটা বেসরকারী প্রস্তাব কিন্তু এই প্রস্তাব এমন একটা বিষয়ে যার গুরুত্ব সমগ্র ভারতের পক্ষে কতখানি সে সম্বন্ধে আমরা সকলে সম্যক অবহিত হয়ে এই আলোচনা করেছি এটাও অত্যন্ত আনন্দের কথা। আমরা একথা সবসময় স্মরণ রেখেছি যে সমগ্র ভারতবর্ষের ঐক্য এবং সংহতি বিপন্ন হতে পারে যদি আজকে আমরা এই গুরুতর প্রশ্নে সঠিক পথে না চলি। এ সম্বন্ধেও বিভিন্ন সদস্যরা দলমত নির্বিশেষে সকলেই এর গুরুত্ব সম্পর্কে সম্পূর্ণ সচেতন। আজকে এই যে প্রস্তাব আমি উত্থাপন করেছি এই প্রস্তাব প্রস্তুত করা হয়েছিল, বিভিন্ন দল এবং মতের সঙ্গে পরামর্শ করে যাতে আমরা খানিকটা সর্ববাদীসম্মতিক্রমে একটা প্রস্তাব গ্রহণ করতে পারি। সুতরাং আমি এই কথাই আশা করব যে আমার বন্ধুরা, যারা সংশোধন প্রস্তাব উত্থাপন করেছেন তাঁরা তা প্রত্যাহার করবেন। বাংলাদেশ ভারতবর্ষের চিন্তাজগতে একটা অগ্রণী স্থল অধিকার করে আছে বহুদিন থেকে। ভারতবর্ষের নবজাগরণের সময় বাংলা আলোকবর্তিকা জ্বালিয়ে পথ দেখিয়েছিল একথা স্বীকার করলে, একথা বললে আমি মনে করি না যে আমার প্রাদেশিকতার অহমিকা হবে। এটা সত্যি কথাই। সুতরাং আজকে ভারতবর্ষের এই ভাষা সমস্যার এই বিপুল ও জটিল সমস্যাতেও বাংলা সর্ববাদীসম্মতিক্রমে সর্বজনগ্রহণযোগ্য এক প্রস্তাব গ্রহণ করবে একথা আশা করা বোধ হয় আমার পক্ষে খুব অন্যায় হবে না। আজকে বন্ধুবর শশাঙ্কশেখর সান্যাল মহাশয় যে প্রস্তাব করেছেন, সংস্কৃতকে আমি তুচ্ছ করি নি, আমার প্রস্তাবের মধ্যে সংস্কৃতকে যথাযোগ্য আসন দেওয়া হয়েছে কিন্তু আমি মনে করি তিনি নিশ্চয়ই একথা স্বীকার করবেন যে, যে ভাষা কোন মানুষের কথ্য ভাষা নয়, সে গণতন্ত্রের যুগে কখনই সরকারী ভাষা হতে পারে না। তবে সংস্কৃতের কাছে আমাদের ঋণের সীমা নেই, এখনও বহু ঋণ গ্রহণ করতে হবে, অতএব সংস্কৃতকে তার যোগ্য আসন দেওয়া হোক এই কথাই আমি আমার প্রস্তাবে বলেছি। বন্ধুবর অধ্যাপক নির্মলচন্দ্র ভট্টাচার্য মহাশয়ও কতকগুলি সংশোধনী এনেছেন; তার আগে তিনি একটা অসঙ্গতির কথা বলেছেন আমার প্রস্তাবের পঞ্চম এবং ষষ্ঠ অনুচ্ছেদে। আমি মনে করি এর মধ্যে কোন অসঙ্গতি নেই। পঞ্চম অনুচ্ছেদে বলা হচ্ছে আজকে বহু ভাষাভাষিক দেশ এই ভারতবর্ষ এবং বিদেশের সঙ্গে আন্তর্জাতিক সম্পর্ক রক্ষা করতে এবং বিদেশের জ্ঞানভাণ্ডার থেকে আহরণ করতে বৈদেশিক ভাষা ইংরাজীকেও আমাদের শিক্ষার স্তরের মধ্যে রাখতে হবে। তা ছাড়া ভারতবর্ষে বিভিন্ন ভাষা

আছে, আমাদের অধিকাংশ ভাষার জননী সংস্কৃত আছে প্রাচীন সংস্কৃতির ঐতিহ্য এবং প্রতীক হিসাবে। সুতরাং পঞ্চম অনুচ্ছেদে একথা বলা হচ্ছে শিক্ষার কোন্ স্তরে কোন্ ভাষা হবে, কোনটি বাধ্যতামূলক হবে, কোনটি ঐচ্ছিক হবে, কোন্ অবস্থায় কোনটি হবে, প্রাথমিক অবস্থায় কি হবে, মাধ্যমিকে কি হবে, বিশ্ববিদ্যালয়ে কি হবে এবং স্নাতকোত্তরে কি হবে বিভিন্ন সময়ে, কখন কোন্ সময়ে কোন্ ভাষা হবে—

The pattern or patterns of language or languages to be used for educational purposes.

এই প্যাটার্ন ঠিক করবার ভার দেওয়া হয়েছে পঞ্চম অনুচ্ছেদে। শিক্ষার বাহন কি হবে, পরীক্ষার বাহন কি হবে, তার সঙ্গে কোন সম্পর্ক নাই। শিক্ষার বাহন, পরীক্ষার বাহন সর্বসময় সাধারণের ভাষা বাংলা ভাষা রাখতে হবে। সুতরাং শিক্ষার বাহন—শিক্ষার বিভিন্ন স্তরে কোন্ ভাষা কখন শিখবে—এই দু'টির মধ্যে অসামঞ্জস্য বা অসঙ্গতি দেখি না। অতএব মনে করি না এ দু'টি অসঙ্গতিপূর্ণ। তা ছাড়া আর একটা বলছি আমার দ্বিতীয় অনুচ্ছেদ থেকে হিন্দী কথাটা বাদ দিতে বলা হয়েছে। অবশ্য কেবলমাত্র হিন্দী এখানে রাখা হয় নি। হিন্দীর সঙ্গে অন্য ভারতীয় ভাষাগুলি এখানে বলা হয়েছে। আজকে দ্বিতীয় অনুচ্ছেদ-মত কার্য করতে গেলে সংবিধানের সংশোধনী প্রয়োজন হবে না। কেন্দ্রীয় ভারতীয় সংসদে আইন বিধিবদ্ধ করে আমরা বর্তমান অবস্থায় ইংরেজী চালু রেখে যেতে পারব। সংবিধানে ইতিপূর্বে হিন্দী সমগ্র ভারতবর্ষের জন্য, সঙ্ঘরাষ্ট্রের সরকারী ভাষা হিসাবে গৃহীত হয়েছে। এবং একথা অনস্বীকার্য সর্ববৃহৎ ভাষাভাষী গোষ্ঠীর ভাষা হচ্ছে হিন্দী। ভারতবর্ষের ভাষা-গুলির মধ্যে বিচার করলে প্রথম আসন যে হিন্দীর একথা উৎসাহের আতিশয্যে ভুলে গেলে চলবে না। সুতরাং সেজন্য হিন্দীর কথা লেখা হয়েছে এবং তার সঙ্গে অন্য ভাষার কথাও রাখা হয়েছে কেবলমাত্র হিন্দী নয়। অতএব মনে করি না এতে কিছু অসুবিধা হতে পারবে। আর একটা কথা হচ্ছে যেটা উনি বলেছেন যে বিশ্ববিদ্যালয়ের স্তরে শিক্ষার ভাষা সম্বন্ধে সম্পূর্ণ ভার বিশ্ববিদ্যালয়ের থাকবে। এক এক রাজ্যে একাধিক বিশ্ববিদ্যালয় আছে। এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ভাষা সম্বন্ধে বিভিন্নরকম সিদ্ধান্ত নিতে পারে। তা ছাড়া, আমাদের প্রস্তাবে যা বলা হয়েছে রাজ্যসরকার স্থির করবেন কিছু শিক্ষা বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ-ক্রমে। এটাই গণতন্ত্রসম্মত হবে। আমাদের গণতন্ত্রে আমার মনে হয়, শেষ ক্ষমতা সাধারণ মানুষের হাতেই থাকা উচিত এবং সাধারণ মানুষের প্রতিনিধি ও প্রতীক হচ্ছে সরকার। অতএব সাধারণ মানুষকে পরামর্শ দেবার জন্য বিশেষজ্ঞের প্রয়োজন, সেই বিশেষজ্ঞদের পরামর্শ নিয়েই সরকার স্থির করবেন। বন্ধুবর গোপালবাবু জাতীয় ভাষার কথা বলেছেন। আমার মনে হয় আজকে সঙ্ঘরাষ্ট্রের ভাষাকে রাষ্ট্রভাষা বলে চীৎকার করার ফলে কিছুটা গোলমাল হয়েছে। হিন্দী রাষ্ট্রভাষা বলতে আমরা কি বুঝি? সেটা হ'ত যদি হিন্দী একমাত্র জাতীয় ভাষা হিসাবে রাষ্ট্রভাষা হিসাবে ব্যবহৃত হ'ত।

[12-10—12-20 p.m.]

সুতরাং সেদিক থেকে জাতীয় ভাষার কোন প্রশ্ন উঠছে না। তবে কেউ কেউ হিন্দী ভাষার অন্ধ অনুরাগের কবলে পড়ে হিন্দীকে রাষ্ট্রভাষা ব'লে চালাবার যে চেষ্টা করছেন হয়তো তাঁদের ভাষার জন্য এই জাতীয় ভাষার প্রশ্নটা উঠে পড়েছে। সত্যপ্রিয়বাবু যেকথা বলেছেন তার মধ্যে প্রদেশের সঙ্গে কেন্দ্রের যোগাযোগের ভাষা, প্রদেশের সঙ্গে প্রদেশের যোগাযোগের ভাষা, এতে অন্ততঃ বিভিন্ন প্রদেশের ভাষা থাকা উচিত। অতএব আমি মনে করি—আমার প্রস্তাবে সেই কথাই বলা আছে—যে প্রাদেশিক ভাষার সঙ্গে কেন্দ্রীয় ভাষাও থাকবে; সুতরাং সেটা গ্রহণ করতে অসুবিধাও কিছু নাই। আর নেপালী বা সাঁওতালী বা এইসমস্ত উপজাতীয় ভাষা সম্বন্ধে যা বলেছেন, আমার মনে হয় যে সরকারী ভাষার প্রস্তাবে এর বিশেষ কোন জায়গা নাই। একথা স্বীকার করি যে, এই উপজাতীয় ভাষার উৎকর্ষের জন্য, শ্রীবৃদ্ধির জন্য চেষ্টা করা হচ্ছে, এবং তার জন্য উপজাতি কল্যাণ বিভাগ আছে। সরকারের সেই উপজাতি কল্যাণ বিভাগ তার জন্য নিশ্চয়ই সচেষ্ট আছেন এবং সচেষ্ট হবেন এ বিষয়ে সন্দেহ নাই। এ জন্য মনে হয় না যে সরকারী ভাষার প্রশ্নর সঙ্গে একথা কিছু বলার আবশ্যকতা আছে।

একথা আমি আমার প্রস্তাবে বলেছি—সংখ্যালঘুর যে মাতৃভাষা—তাকে মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষার বাহন করতে হবে। সুতরাং সেদিক থেকে অসুবিধা নাই এবং এই সংখ্যালঘু থাকার ফলে বাংলাকে অবিলম্বে সর্ব কাজে চালু করা সম্ভব নয়। সেইজন্য সরকারের হাতে কিছু কিছু রক্ষাকবচ দেওয়া হয়েছে। আমার প্রস্তাবে বলা হয়েছে যে তাদের স্বার্থটা সরকারকে দেখতে হবে বাংলা ভাষা চালু করার সঙ্গে সঙ্গে।

বন্ধুবর মণীন্দ্রবাবু রোমক লিপিতে লিপিবদ্ধ করার কথা বলেছেন সারা ভারতবর্ষে। যদি সর্বত্র সর্ব ভাষা একটিমাত্র লিপিতে লিপিবদ্ধ করা যেত তা হ'লে ভাল ছিল। কিন্তু সারা ভারতবর্ষে একটিমাত্র লিপি যদি নিতে হয়, তা হ'লে একমাত্র লিপি হ'ল রোমক লিপি, এবং তার দাবীই যে অগ্রগণ্য সে বিষয়ে সন্দেহ নেই। তা যদি করা না যায় এবং বন্ধু যদি বাংলাভাষার হরফ পরিবর্তন করতে রাজী না হন তা হ'লে রোমক লিপি চলবে না।

আমি আশা করব এইরকম গুরুত্বপূর্ণ প্রস্তাব যা বিধানসভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে সেইরকম গুরুত্বপূর্ণ প্রস্তাবে আমরাও যেন সর্বসম্মতভাবে আমাদের মতামত প্রকাশ করতে পারি—এই আবেদন আমার বন্ধুদের কাছে করব।

তা ছাড়া, আজকে বাংলাভাষায় আমরা প্রাদেশিক সরকারের প্রশাসনিক কার্য পরিচালনা এবং অন্যান্য কার্যের জন্য ১৯৬০ সালের মধ্যে বাংলা চালু করার জন্য আমরা প্রস্তাব করেছি। ভাষায় নব নব সৃষ্টির প্রয়োজন আছে এবং ভাষা কখন সরকারী আইনের গণ্ডী ধ'রে উৎকর্ষ লাভ করে না। তা যদি করত তা হ'লে হিন্দীর ৮ বছরেও এই অবস্থা থাকত না। বাংলা-ভাষা যে এই অবস্থায় উপনীত হয়েছে সে অনেক প্রতিকূলতার মধ্য দিয়ে হয়েছে, ঐকান্তিক চেষ্টা ও যত্নে তা হয়েছে। তা না হ'লে কখন ভাষার উন্নতি হয় না। এর কোন সীমা রেখা টেনে দেওয়া অসম্ভব।

সভাপতি মহাশয়, আমি পরিষদের সামনে আমার প্রস্তাব রেখেছি; আমি আশা করব যে সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব গৃহীত হবে।

আজ চতুর্দিকে ভাষাকে কেন্দ্র ক'রে একটা অস্বাভাবিক আবেগ সঞ্চারের প্রচেষ্টা আছে। সুতরাং তার মধ্য দিয়ে আমরা যখন জাতির সেবক হিসাবে, নির্বাচিত প্রতিনিধি হিসাবে এখানে এসে উপস্থিত হয়েছি তখন এই আবেগের উষ্মাকে পরিহার ক'রে, সমগ্র বাংলাদেশের এবং তার সঙ্গে সমগ্র ভারতবর্ষের কল্যাণ চিন্তা ক'রে একটিমাত্র প্রস্তাব আমাদের গ্রহণ করতে হবে। আমি সকলকে ধন্যবাদ দিচ্ছি যে আজ বিতর্কের স্তর এমন ঊর্ধ্বে রেখেছেন যে আমরা যে আলোচনা করেছি সে বিষয়ে তাঁরা সকলেই সজাগ আছেন যে এ বিষয়ের গুরুত্ব আছে ভবিষ্যৎ ভারতবর্ষের জন্য।

Mr. Chairman: Mr. Sinha, I would like to draw your attention to the wording of the resolution in the last paragraph—proviso to clause—"Provided that the claims of linguistic minority.....". Should it not be "minorities"?

Sj. Rabindralal Sinha: Yes, Sir, that should be "minorities". This may be corrected accordingly.

Mr. Chairman: I was given to understand that the members who brought in amendments would not press them.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, for the sake of unanimity I ask leave of the House to withdraw my motion.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
যাতে করে প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় সেই জন্য আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি, তা প্রত্যাহার করছি।

[The motion of Sj. Sasanka Sekhar Sanyal and Sj. Nirmal Chandra Bhattacharyya were then by the leave of the House withdrawn.]

Sj. Gopal Chandra Halder:
এই সম্বন্ধে আমিও নির্মলবাবুর সাথে একমত।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
আমাদের বন্ধু শ্রীযুত সত্যপ্রিয় রায় তার সংশোধনী প্রস্তাব প্রত্যাহার করতে রাজি আছেন।

Mr. Chairman: Yes, he has told me so.

The motion of Sj. Rabindralal Sinha that whereas the question of the official language of India is now being examined by the Parliament; and

Whereas this Council cannot agree with the recommendations made in this regard by the Official Language Commission; and

Whereas this Council feels that for the unity and progress of India, the whole question of official language demands fresh examination;

This Council is of opinion that—

(1) Sanskrit should be used for such ceremonial purposes as the Government of India may from time to time specify;

(2) Parliament should by law provide for the continuance of English as the official language until such time as Hindi and some other Indian languages are accepted as the official languages of the Union;

(3) Communication between this State and another and between Union and this State should be on a bilingual basis, one of the languages being the State Language Bengali and the other an official language of the Union as it may be at the time;

and the Constitution be amended accordingly.

(4) Early steps should be taken to enact a law in this State adopting Bengali to be used for all official purposes and providing for the use of English wherever essential and for such purposes as the State Government may determine from time to time; and attempts be made to give effect to this clause before December, 1960;

(5) The pattern or patterns of language or languages to be used for educational purposes at the Primary, Secondary and University stages of education should be settled by the State Government after consultation with a body of educational experts to be appointed by them;

(6) The medium of instruction and examination in the State shall be Bengali:

Provided that the claims of linguistic minorities of the State to have the medium of instruction and examination in their own language till the end of the secondary stage shall be recognised,

was then put and agreed to.

Mr. Chairman: Before I adjourn the House I like to mention one matter because I was requested by some of the honourable members of this House that I should take part in this debate and I could not see eye to eye with them and I had to refuse. I would like to give reasons. Both constitutionally and otherwise and as I have been provided with certain facts with regard to developments of constitutional practice in England and in India too—the first thing is that the Chair cannot take part in a debate. I would remind the House the saying of Speaker Lenthal of the House of Commons as early as 1642. Addressing the members he said

"Sir, I have neither eyes to see nor tongue to speak in this place but as this House is pleased to direct me, whose servant I am here." "I cannot give any opinion on any particular matter as my own." He has been given the power of a casting vote. This demands of Speaker the highest degree of impartiality. This is, in a way, now legally guaranteed. A surer guarantee is the Speaker's personal integrity. Back in 1604 it had to be "agreed for a rule that if any doubt arises upon the Bill, the Speaker is to explain but not to sway the House with argument or dispute." This is the fundamental principle which guides Presiding Officers. But there had been a few occasions where Speakers both in U. K. and in India have expressed some sort of opinion on a measure purely from a non-partisan spirit in order to help the House in its proper deliberation.

Then there was a proposal for the Deputy Chairman to preside and the Chairman to come down and sit in the House. This is untenable in view of Article 184 of the Constitution. It would not be proper for me even to comment or give my non-partisan opinion in this case as the Report of the Language Commission is before a Committee of the Indian Parliament. In this Language Commission I have expressed my full views being a member of the Commission. I cannot take part in the debate within the House where my views, as expressed in my Note of Dissent as a sort of a minority, which has been before the public for nearly a year, will also be discussed.

The House stands adjourned till 10 a.m. tomorrow, the 3rd July, 1958.

Adjournment

The Council was then adjourned at 12-20 p.m. till 10 a.m. on Thursday, the 3rd July, 1958, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra,
Banerjee, Dr. Sambhu Nath,
Banerjee, Sj. Tara Sankar,
Bhuwalka, Sj. Ram Kumar,
Choudhury, Sj. Birendra Nath,
Mohammad Jan, Janab Shaikh,
Naushey Ali, Janab Syed,
Prodhan, Sj. Lakshman,
Roy, Sj. Surendra Kumar,
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Thursday, the 3rd July, 1958

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 3rd July, 1958, at 10 a.m. being the sixth day of the Fifteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[10—10-10 a.m.]

Mr. Chairman: Some of the members have proposed to me that questions be postponed today. If the House agrees the questions will be held over.

[There was no opposition.]

The questions are held over. Appropriation Bill.

GOVERNMENT BILL

The West Bengal Appropriation (No. 2) Bill, 1958

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the West Bengal Legislative Council for its recommendations be taken into consideration by the Council and returned to the West Bengal Legislative Assembly with its recommendations, if any.

Sir, under section 266(3) of the Constitution of India, no money out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law passed under Article 204.

The West Bengal Appropriation (Vote on Account) Act, 1958, authorises the payment and appropriation of certain sums from and out of the Consolidated Fund of West Bengal towards defraying the charges which came or will come in the course of payment during a part of the current financial year. The West Bengal Legislative Assembly has passed the present Bill to authorise the payment and appropriation of certain further sums from and out of the Consolidated Fund of West Bengal towards defraying the charges which will come in course of payment during the remaining part of the current year. The Bill has been transmitted to this House by the Legislative Assembly for its recommendations, if any, under the provisions of Article 198(2) of the Constitution of India.

The details of the proposed appropriation will appear from the Schedule to the Bill. The House had ample opportunities of discussing the various items of the Bill while discussing the Budget. Replies were given to the points raised by the honourable members in course of the general discussion. Therefore I do not think that I need detain the House any longer on this motion.

Sir, with these words I move that the Bill be accepted.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1958.

Sir, the Hon'ble Chief Minister is laughing at my helplessness knowing that the Constitution is a bar to my amendment but I am making the best of a bad job and I have introduced the amendment which technically least offends the provisions of the Constitution.

Now, the purpose of my amendment is to point out to the members of the Treasury Bench and to my friends opposite particularly how the Government is making a free gift of frustration to the municipalities and the district boards and other local self-governing institutions in our State. Bestowal of more power and larger responsibility to the municipalities and district boards instead of withdrawal of their existing functions in the matter of putting into operation urgent projects as set forth in the Five-Year Plans and in other local plans is badly needed, but instead of that you are cutting away all the existing usefulness of the local self-governing institutions and I want to raise a plea in this behalf. Sir, my friends several times have vaunted and legitimately that they enjoy majority of votes. We may kindly put this question "Does the Government become democratic only by getting majority of votes?" The test of democracy is in its gravitation towards the people, principally the people in the villages which constitute the bulk of the population of the State. Inauguration of a socialistic pattern moves—if it moves at all—in a blind alley until and unless the furthest village and its lowliest common man gets its taste through a decentralised form of administration. But where is the means and the machinery for achieving this objective? Glittering plans are adorning the air-conditioned rooms in the Writers' Buildings but they have not touched the soil.....(Sj. BISWANATH MUKHERJEE: You have air condition here also.....this air-condition is of a coal storage nature. Now, Sir, they have not touched the soil for which they are meant. Money allotted for the projects is either unspent or half-spent; rural house-building scheme are hanging in the air; seedlings for agricultural projects remain undistributed. Public Health commitments are not implemented in the mofussil in spite of their urgency. On the eve of the middle of the Second Five-Year Plan we are sandwiched between withdrawal of major industrial pursuits for want of finance on the one hand and non-execution of other commitments for inadequacy and unsuitability of the existing administrative machinery on the other. The void thus found between pious promise and honest fulfilment can be successfully and effectively filled up by making use of the existing self-governing institutions like municipalities and district boards, but instead of activising them with more power and larger responsibility in the matter of fast expanding nation-building purposes, the hands of the clock have been turned back and they have gradually been reduced to the position of uselessness—position of a barren widow who exists but does not produce. Times without number grievances have been aired on the floor of this House and the other House that District Boards and municipalities have been robbed of their big ferry income, that Government's burden of free primary education has still been kept as a load on municipalities in violation of the terms of the Constitution, that water-supply in the mofussil towns and villages has become shy and municipalities and District Boards are not given the subvention that is due and that when it is given it is already too late, and the situation is in a precarious position. As a matter of fact these hoary-headed popular elective organisations have, notwithstanding their long tradition and proved and potential usefulness, been stifled into suffocation. Either make them dynamic or wind up the whole show. Our Ministers and their party overlords swear that they want co-operation from the different sections of the people in the matter of constructing the nation's future, but in actuality they believe in making everything administration-ridden and in not summoning the common man to take his rightful share in the governance of the country. There must be a halt to this and things should be recast. Heads of administration, even if they are honest and efficient, are not people's men and work at the base cannot look up unless they are entrusted to the people whose primary concern it is. I would therefore request that in the principal questions of food and employment

Government do forthwith invest our municipalities and district boards with the responsibility of executing the numerous plans and projects which are going by default. There cannot be cultivation of essential foodgrains, far less increase in such cultivation, without guaranteed supply of water.

[10-10—10-20 a.m.]

Rivers have become poor, chronic shyness in rainfall has become the normal feature and we have to find water from below the surface of the earth. I hope my friends will consider. We have to call upon the District Boards to undertake resuscitating old water tracks by sinking tube wells at key and strategic points on or near their beds so that the natural irrigation facilities are revived. If Agriculture and Irrigation Departments integrate and pilot their schemes through these bodies, and if electricity can be harnessed for pumping from these tube-wells along the beds of dead and dying rivers and other existing channels, failure of crops due to drought can be easily counteracted. I hope it is worth considering.

In the matter of storage and distribution of foodstuff also we can make use of these institutions. Mills and merchants have been tried but this experiment has failed to alleviate distress and it has even added to misery. After all, their primary concern is their own profit and it does not matter if such profit means starvation to the people. Permits which are experimented by the Hon'ble Food Minister have been freely sold in the black-market and may I tell him that even a permit issued in the name of an MLA of his party has crawled into the pocket of a greedy merchant and the result of all this has been concentration of privileges in the hands of a coterie of merchants, and Dr. Roy, the Hon'ble Chief Minister, has had the candour of admitting that the Essential Commodities Act and other legislations have been powerless in the matter of arresting prices. Authorise these municipalities to preserve one year's foodstuff ahead and then make further stock as the season comes and goes. Entrust them and the other local bodies in the matter of distribution in the different areas according to needs. Rationalise prices and give these municipalities and the other local bodies the authority to check departure from it.

Remember, Sir, that these numerous members and commissioners are the nearest elected representatives of the people and they do and will work for the delight of service to their constituents, and up till now they have had the supreme qualification of not being generally party-ridden and their work will be under the direct supervision of the people at the intended pace, and you know that public opinion is exacting and legitimately critical.

In the matter of unemployment and under-employment it is almost agreed among the various schools of opinion that the quick establishment and spread of small and cottage industries over the length and breadth of urban, suburban and rural areas outside Calcutta is the desideratum, and plainly speaking the official administration has completely failed to take up the cause with any degree of mentionable pace. Things are in the cold storage of frustration yet. Statistics are the main things and officials have gone by default in this direction. For reliable facts and figures finding out overemployed, unemployed and under-employed families, we ought to run to our district Boards, union boards and municipalities and ask them to prepare and collect materials, for we have to begin at the right point. Other things being equal, families already having properly employed members ought to wait till unemployed and under-employed families are covered. A Welfare State on socialistic pattern must distribute patronage in such a way as to ensure greatest good to the largest number. These base institutions have to be conscripted for starting

and piloting suitable industries at suitable sites according to the availability of raw materials and needs of manpower. They must also function as Employment Exchanges. My friend, the Labour Minister, was good enough to tell me the other day that there is Employment Exchange only here and not in the rural Bengal and he can give statistics only of the unemployed which are registered in the Exchange, but what about the bigger volume of unemployment which is never registered?

Electricity has penetrated into the country. Let it be more extensively and intensively availed of—let the people at the base, in the field, undertake the renaissance of the country in their own localities. If things are pushed in this spirit and pursued in the perspective the dark gloom overtaking and possessing the face of rural Bengal will disappear and Bengal and Bengalis will brighten up with a feeling of confidence. After all decentralise yourself if you want their support. You make them look up and tell them that here again you are just as you want yourselves to be posed as their men. Let the Secretariat function as the heart of the body corporate but the limbs and organs at the extremities function all the same otherwise the bulk of the people will move only as the lizard's tail which is cut off from the body and which moves but does not survive.

May I, Sir, before I conclude, appeal to my friends on the other side to remember and go by the slogan of Shri Subhas Chandra Bose that after all "All powers must remain with the people and go ultimately to the people.".

Sj. Snehangsu Kanta Acharya: Mr. Chairman, Sir, rising on a discussion of the Appropriation Bill it would be well to remember that this is out the last act of the Budget. There have been long discussions, long debates, explanations and counter-explanations, charges and counter-charges on the Budget and now we have ultimately come to the Appropriation Bill. It seems, Sir, that once this is passed our main duty to our people for this year will have been completed. We can then go ahead very happily to the various learned societies or the various Committees and conferences and meetings and carry on our work for the benefit of our country. In the long discussions and debates that had taken place on the Budget it seems that this Government has stated over and over again a few of the fundamental things which had been challenged and it is really odd that even in spite of pointing out the various matters and bringing them to the notice of our Government the Ministers have kindly stuck to their point instead of having budged one inch.

Now, Sir, in the Appropriation Bill (The Hon'ble Dr. B. C. Roy—Is he speaking on the Bill?) I find that the Hon'ble Chief Minister is querrying whether I am going to speak on the Appropriation Bill or not. I can assure him that I will do so, but before I come to that point I will only say this: It seemed in the discussions that had been held on the Budget, the Hon'ble Chief Minister had frequently remarked that he does not want to say very much on the Appropriation Bill as the items of the Budget had already been discussed. But let us recount what had been said all this time to support this Appropriation Bill. It has been said, Sir, that expenditure though it has increased, has been by taxing the richer section of the people. It has been said that general benefit of the people of Bengal has been brought about by this Government. It has been also said that unemployment problems are being solved. It has been further said that this expenditure which is being asked for is for the purpose of nation-building jobs, for giving more employment to the people of this particular State, for giving better conditions of living.

As the time is short I will only highlight the points on the Appropriation Bill. Let us take the position of employment in the State. If you look at the "Indian Labour Gazette" of 1958, Sir, you will find that only one item—the factory employment in West Bengal in 1956 was 667,626, whereas in 1957 (first half) it has become 629,567, i.e., a decrease of 38,059. On top of this, one should remember that even only the other day, on the 26th of June, 1958, the "Statesman" had reported that 14 West Bengal factories have closed down. What is the result on employment?

[10-20—10-30 a.m.]

After these figures, Sir, it is very easy, I think, for us to understand. If you look at the register maintained in the Employment Exchange—my honourable friend Mr. Sanyal has just said that the employment exchange figures are only maintained here and not all over West Bengal—but even if we look at the employment register what is known as the Live Register for persons seeking employment, you will find, Sir, that in 1951, 55,000 persons registered themselves for work; in 1955 it had become 113,000; in 1957 November it had risen to 160,000 and in February this year, 1958, it has become 173,000. This is, Sir, the position of employment in my country. You have heard no doubt from our Hon'ble Labour Minister that this Government has neither the law nor the power to increase employment in this State. (Sj. SASANKA SEKHAR SANYAL: Nor the intention.) I certainly accept the position—neither the intention of doing so. They cannot do anything even when the factories are closing down one after another in my State. Even in Assam a Bill is being sought to be introduced whereby the Government is going to come forward and take over those tea gardens which are closing down for want of funds; no such measure is even contemplated in my State. On the contrary, Sir, we find that in the so-called socialistic pattern or on the way to socialistic pattern anything that is profitable in my State the Government do not hesitate to take it over. For instance, our Bus Service here. It was making a lot of profit. Government took it over and, of course, later on we found that now we are running at a loss, but when factories are closing down they won't intervene. As you know, Sir, after the recent Supreme Court judgment if factories do close for want of funds the workers do not even get the benefit under the Industrial Disputes Act as retrenchment benefit. So, Sir, the Government should have at least come forward when the factories and industrial establishments are closing down. No steps are taken and as the Hon'ble Minister has said, he has neither the power to do so. This is one aspect of unemployment in this State.

Then looking at the figures of annual income of an ordinary factory labour—if you look at the "Indian Labour Gazette" again—you will find that in 1956 the all-India average of a factory worker earning less than Rs. 200 was Rs. 1,212.7 per annum, whereas in West Bengal it was only Rs. 1,141.7 per annum—much below the standard level. In a State like Assam the average earning of a factory worker was Rs. 1,525.9. We know that Assam is certainly much more backward than highly industrialised West Bengal, and that is the position today as far as employment of an ordinary factory worker is concerned.

Then if you look at the Reserve Bank Bulletin you will find what is the rise of prices of commodities between June, 1956 and April, 1957. The wholesale price index for all commodities went up by 24.3 per cent.—food index by 48.8 per cent. and rice index by 56.3 per cent. This was the figure in 1957. You know what is the position of price today. As a matter of fact, within two weeks, apart from the fact that prices were already much higher than they were in 1957, there has been a rise of

prices of essential commodities in my city of Calcutta. There has been rise in price of rice by at least 6 nP. per seer, pulse by 6 annas per seer, potato by 3 annas per seer and even fish by 4 annas average per seer. This is the position and we are told that this Government at this moment cannot do anything in this matter.

On top of that it has been stated over and over again, as a matter of fact even in this House, that the taxation which has been undertaken by the Government is mostly for the benefit of the people and all direct taxation is hitting that class which can afford the taxation.

Sir, it is interesting to see in today's paper that Sj. Morarji Desai, Finance Minister of India, who has come to Calcutta, while speaking before the Bengal National Chamber of Commerce, castigated the socalled business men by saying "what are you talking about taxation? Don't you see that the taxation is much more on the people who are below even the poverty line?" That is exactly the position. Now, Sir, I will give you the percentage about direct and indirect taxation in my State. In 1955-56 the total tax revenue was Rs. 27,91,28,000, whereas in 1957-58 it has risen to Rs. 34,31,00,000. Now, Sir, in 1955-56 direct taxes accounted for Rs. 8,98,39,000 and in 1957-58 it has become Rs. 9,92,00,000, but, Sir, indirect taxation which in 1955-56 was Rs. 18,92,89,000 became in 1957-58 Rs. 24,39,00,000. That is to say, whereas in 1955-56 direct taxes were only 30 per cent. of the total tax revenue it has gone down in 1957-58 to 26 per cent. and the indirect tax which was 70 per cent. of the total tax revenue in 1955-56 in 1957-58 has become 74 per cent. of the total tax revenue. Sir, I am not an economist at all but it is obvious that while the percentage of direct taxes is decreasing in my State, the percentage of indirect taxes is increasing and what is the position—which class of people are being hit by this indirect taxation? It is only the poorer sections which are being hit.

[At this stage the honourable member reached the time-limit]. I see, Sir, that the light is on. I would crave your indulgence to speak for a few minutes more, because we started a little late today and I hope you will kindly consider that.

Mr. Chairman: The time is rationed. However, you may go on.

Sj. Snehangsu Kanta Acharya: Thank you, Sir. However, Sir, in 1957-58 Government has given certain development expenditure. I will show you, Sir, how development expenditures are being curtailed. In 1957-58 the development expenditure was Rs. 38 crores 8 lakhs and in the revised estimate it had fallen down to Rs. 37 crores 55 lakhs, i.e., a decrease, Rs. 53 lakhs. Whereas in non-development expenditure it has increased from Rs. 33 crores 13 lakhs in the Budget Estimates to Rs. 34 crores 11 lakhs in the Revised Estimates, i.e., an increase of 98 lakhs. What are the items from which funds have been knocked out, I will give you, Sir, details. There is a decrease in Medical and Public Health of Rs. 37 lakhs; in Agriculture and Veterinary and Co-operative movement—54 lakhs; decrease under Industries 7 lakhs; under Community Development Projects Rs. 26 lakhs; Irrigation 8 lakhs—these, Sir, we think to be important for nation-building purposes. And what are the increases—49 lakhs have increased under Police, Jails and similar subjects, i.e., on items from which no benefit will come to the people, or to the country or to the State or to anybody. Sir, this is how everything goes on. Sir, even where budget estimates have made provisions for nation-building jobs they are not spent. In 1956-57 under Budget Estimates 70 lakhs had been kept apart for Industrial housing scheme, but the actual amount spent was only Rs. 22.66

lakhs. Similarly, Sir, in 1957-58 Rs. 75 lakhs were allotted for this purpose and, Sir, in the Revised Estimates it has come down to Rs. 30.20 lakhs.

[10-30—10-40 a.m.]

Is it for the benefit of the people that the amount is being knocked out? Now, Sir, you know about the Kangsabati Reservoir Project. You know, Sir, that had it been completed, it would have irrigated and supported 8 lakh acres of land in Midnapore and Bankura. The West Bengal Government up till today—1957-58—had already spent about 1.50 crores. But now we understand that that scheme is shelved; it has gone into cold storage. Sir, we are surprised when we see all these. After all, this is amazing when the Congress is in power here as well as there in the Central Government. How is it, Sir, that such a valuable project for which so much money has already been spent has been excluded and I may say, Sir, that the money which has been spent was spent for the staff quarters, including quarters for officers which are fully air-conditioned. Now, Sir, what is happening? We saw the other day a complete entente between the Centre and the State in the Subodh Mullick Square, but what has happened to this project which is for the benefit of our country and why is this being thrown out? The other day we listened to a very brilliant speech delivered by one of my friends, Mr. Chatterjee, castigating the Kerala Ministry here in this West Bengal Legislative Council. I felt, Sir, the proper forum of castigating the Ministry would have been the Kerala State Legislative Assembly by the colleagues of Mr. Chatterjee belonging to Congress Party. It may be, Sir, after the brilliant performance at the Devicolon election the Congress in Kerala had merged itself with the Muslim League and therefore as of necessity Mr. Chatterjee has got to make us listen to his outpouring and give vent to his most bitter feelings here. It has been said that everything will be all right after a good deal of Community Development Projects have been introduced in the country. We have been told after Tom Toming that community development projects had been ushered in, by Pandit Jawaharlal Nehru, Prime Minister of India, who has stated that this is a method of silent revolution which will bring socialism in India and which will better the condition of my country and which will usher in a great day of socialism. I only want to quote from the Evaluation Report of the Community Project made by the Planning Commission, a body created by the Government itself. It has been said—"The major portion among the under-privileged groups is constituted by the agricultural labourers and no improvement is noticed in their economic or social condition. There has been no activity in the Community Development Project movement for the specific benefit of these people. On the contrary, the gradual rise in the prices of essential commodities has aggravated the economic condition and they feel also that some rich people who got the project contracts, and the big cultivators have become richer as a result of making profits in contracts and the increase in the yield of agricultural produce due to the availability of irrigation water from the Mayurakshi Project and the rise in agricultural prices." Sir, the Planning Commisison was a very wise body because they did not venture to go into any other community development projects, because in that case their comments might have been a little more pungent. That is what has happened. Money has gone into the pockets of the contractors; money has been put into the pockets of the richer section of the people. We have gone on repeating these things in this House and other places but no notice has been taken. Our Hon'ble Chief Minister

the other day mentioned in the Lower House in support of his policy of land acquisition that even my land has been acquired and therefore it was a necessary corollary that the Government had not taken any undue steps.

Sir, I can say only one thing. I will correct the Chief Minister that there is no land personally in my name which was acquired by the State Government. It is true that land belonging to my father and on his death which belonged to my family—to my mother, to my other two brothers and also to myself—had been acquired, and certainly, the Chief Minister was correct in saying that it was acquired at a much lesser price than available in the market. But that is no excuse. The allegations were quite clear and I thought this reply of the Chief Minister was really drawing of a red herring so that the debate might go on and flounder in something else. The point is not that generally Government does acquire properties for specific purposes, the allegations were specific instances of acquisition done for no specific purposes, or done for ulterior purposes. That was the idea. We have gone on repeating and repeating our criticism. Sir, I am glad my honourable friends sitting on the other side—last time I did appeal to them—I am sure they also wish the same about our country as we do—have criticised certain methods of the Government. I do not know, Sir, what has happened to their criticisms. Were they silenced or have those criticisms borne any fruit and we will see that certain things are done? It is agreed, Sir, that sometimes we do make criticisms, sometimes hostile criticisms, but here are concrete examples. I know the reaction of the Government on the points raised by us in our criticism on the Appropriation Bill will never be made known to us. Sir, it would have been proper to call it a "Misappropriation Bill"—"Appropriation" is a misnomer.

Lastly, Sir, as you are sitting here as the Chairman, at times I feel like quoting Schiller—"mit dem Dummheit kampfan die Götter selbst vergebens"—translated into our journalist English it means "Against stupidity the Gods themselves battle in vain".

[10-40—10-50 a.m.]

Dr. Monindra Mohan Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বন্ধু স্নেহাংশু আচার্য মহাশয় ঠিকই বলেছেন যে, এই পরিষদে বাজেট বিতর্ক প্রসঙ্গে বা আলোচনার সময় যেসমস্ত আলোচনা করা হয় বা অভিযোগ করা হয় তার উত্তর দেওয়ার প্রয়োজনীয়তা আমাদের মন্ত্রিমহাশয়রা সব সময় অনুভব করেন না। এ বিষয়ে আমার মাননীয় বন্ধু হরেন্দ্রনাথ রায়চৌধুরী মহাশয়ের দপ্তর নিয়ে আলোচনা করলেই তার যথেষ্ট প্রমাণ পাওয়া যাবে। এসব কেবলমাত্র বিরোধীপক্ষ থেকে নয় সরকারপক্ষ থেকে শ্রীঅরবিন্দ বসু মহাশয় প্রশ্ন করেছিলেন—'শিক্ষা-দপ্তরের সচিব এবং ডি-পি-আই কেন এক ব্যক্তি থাকবেন?' কিন্তু তারও কোন সদুত্তর দেওয়ার প্রয়োজনীয়তা আমাদের শিক্ষামন্ত্রী অনুভব করেন নি। সেজন্য বলছি যে, আপনি ভাল ক'রে উত্তর দিন যে, ঐ দুটো পদের প্রয়োজনীয়তা আছে কিনা এবং যদি না থাকে তা হ'লে ঐ একটা পদ বাদ দিয়ে দিন। শিক্ষামন্ত্রী মহাশয় তার উত্তর দেন নি। আমার বন্ধু সন্তোষ ভট্টাচার্য মহাশয় প্রাথমিক শিক্ষকদের সম্পর্কে বিভিন্ন প্রশ্ন উত্থাপন করেছিলেন, আমাদের মন্ত্রিমহাশয় সেই প্রসঙ্গে কিছু উল্লেখ না ক'রে উক্তি করলেন যে, আজকে ছেলেরা যে ফেল করছে শতকরা ৫০ ভাগ তার জন্য দেশের শিক্ষকরা দায়ী। এ সম্বন্ধে বিশদভাবে আলোচনা করা প্রয়োজন নেই কারণ শিক্ষকদের দায়িত্ব কতখানি তা বুঝবার মত বুদ্ধি আমাদের শিক্ষামন্ত্রীর আছে ব'লে আমি মনে করি। তিনি যখন কথা বলেন তখন উদ্দেশ্য হবে কতকগুলি জিনিস ঢাকবার জন্য এসব কথা বলেন। যা হোক মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রাথমিক শিক্ষাব্যবস্থা সম্পর্কে কয়েকটি বিষয়ের প্রতি আমি পুনরায় তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি দেখিয়ে দিতে চাই যে, কেবলমাত্র আমি বা আমার মত বিরোধীপক্ষের সদস্যরা নন, তাঁদের পক্ষে যাঁরা আছেন,

যাঁরা তাঁদের সমর্থক তাঁরাও অনুরূপ মত পোষণ করেন। তাঁদের সমর্থক এবং অনুরূপ মত পোষণ করেন বহুদিন থেকে তাঁরাও বহুদিন থেকে এই অভিযোগ ক'রে এসেছেন, কিন্তু কোনরকম প্রতিকার করা হয় নি। আমরা বহুবার স্মারকলিপির মারফত মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছে, শিক্ষামন্ত্রীর কাছে প্রাথমিক শিক্ষাব্যবস্থার যেসব প্রধান ত্রুটি আছে তার কথা জানিয়েছি —তার মধ্যে একটা হ'ল প্রাথমিক শিক্ষা আইন সংশোধন। কিন্তু তিনি তা প্রয়োজন মনে করেন না। আমরা অনেকবার বলেছি যে, পৌর অঞ্চলের শিক্ষাব্যবস্থায় অন্য কোনরকম ব্যবস্থা হওয়া দরকার এবং প্রয়োজন হ'লে তার আইনের সংশোধন করা দরকার। তিনি বলেছেন তিনি তদন্ত করছেন, বিভিন্ন মিউনিসিপ্যালিটির কাছে প্রশ্নাবলী পাঠিয়েছেন এবং তাদের বলেছেন কিভাবে ঐ অঞ্চলের শিক্ষাব্যবস্থার সংস্কার করতে হবে। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই —কয়টা মিউনিসিপ্যালিটি থেকে ৩০এ জুনের মধ্যে এর উত্তর এসেছে—আমি তাঁকে জিজ্ঞাসা করি তাঁদের মধ্যে কতজন তাদের আর্থিক সামর্থ্য জ্ঞাপন করেছে—আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই কি কারণে এতদিন পর্যন্ত কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। ইচ্ছা থাকলে—উপায়ের অভাব হয় না। আমি অন্ধ্র-সরকারের একটা দৃষ্টান্ত এখানে দেব। আমি কোন বামপন্থী পত্রিকা থেকে বলব না—মহীতোষবাবুর সম্পাদিত পত্রিকা 'শিক্ষক' থেকেই আমি পড়ে শোনাচ্ছি। তিনি তাতে বলেছেন, অন্ধ্রপ্রদেশের রাজ্যসরকার কিভাবে বেতন বৃদ্ধি করেছেন। তার উল্লেখযোগ্য বিষয় হিসাবে তিনি উল্লেখ করেছেন—"বেসরকারী এবং সরকারী সাহায্য-প্রাপ্ত ও স্বায়ত্তশাসন আইনে শিক্ষকদের মধ্যে কোন পার্থক্য করা হয় নি, কিন্তু মিউনিসিপ্যালিটি এলেকায় শিক্ষকদের বেলায় পশ্চিমবঙ্গ-সরকারের আইন সম্পূর্ণ পৃথক এবং সরকার মিউনিসিপ্যালিটি এলেকায় শিক্ষকদের দুর্মূল্য ভাতা বাড়ান ও বেতনবৃদ্ধির দায়িত্ব নিতে স্বীকৃত হন নি, এই দায়িত্ব মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের একথা তাঁরা ব'লে থাকেন। বর্তমান আইনে এই যুক্তি অকাট্য, কিন্তু এই আইনের পরিবর্তন ক'রে রাষ্ট্রের প্রাথমিক শিক্ষা এক প্রণালীতে পরিচালনার কোন ব্যবস্থা করেন নি।"—এই অভিযোগ আমার নয়। এই অভিযোগ আমার বন্ধু মহীতোষবাবু করেছেন। আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি তিনি এই ধরনের সমালোচনা করেছেন বলে।

তারপর স্কুল বোর্ডএর কথা। আমরা বারবার নিবেদন করেছি সরকারের কাছে যে, স্কুল বোর্ডগুলি যে প্রণালীতে পরিচালিত হয় তাতে তাদের পক্ষে কোন কিছু করা সম্ভব নয় এবং সম্ভব করতেও সরকার নারাজ। প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি এবং প্রাথমিক শিক্ষকদের নিরাপত্তার কথা বহুবার বলা হয়েছে। এঁরা বলেন এগুলি স্কুল বোর্ডএর দায়িত্ব। এগুলির দায়িত্ব কে নেবে? এ সম্বন্ধে আমার বন্ধু মহীতোষবাবু প্রাকস্বাধীনতা কাল থেকে আন্দোলন ক'রে আসছেন,—এই ব্যাপার নিয়ে অনেক আন্দোলন হয়েছে। মহীতোষবাবু বলেছেন জেলা স্কুল বোর্ডগুলিকে এই ব্যবস্থা কার্যকরী করার ভার দিয়ে সরকার তাদের খুড়োকর্তা ক'রে রেখে দিয়েছেন। এভাবে সরকার যে-কোন দায়িত্বই এড়িয়ে যাচ্ছেন। এবং পৌর অঞ্চলের শিক্ষা-ব্যবস্থার অসুবিধার কথা আমাদের বন্ধুবর রবীন্দ্রলাল সিংহ মহাশয়ও উল্লেখ করেছেন। এভাবে যাঁরা কল্যাণরাষ্ট্রের দাবি করেন তাঁরা সরকারের প্রাথমিক কর্তব্য ও করণীয় শিক্ষা-ব্যবস্থা উপেক্ষা ও অবহেলা ক'রে যাচ্ছেন। এ বিষয় তাঁদের বলা হ'লে তাঁরা বলেন, মিউনিসিপ্যালিটি যদি না করে তা হ'লে আমরা কি করতে পারি।

তারপর যদি শিক্ষাবাজেট দেখেন তা হ'লে দেখতে পাবেন এই বছর সবশুদ্ধ প্রাথমিক শিক্ষা খাতে ১৭ লক্ষ ৬১ হাজার টাকা ধরা হয়েছে এবং তার সঙ্গে সঙ্গে ডাইরেকশন, ইন্সপেকশন ইত্যাদিও রয়েছে। আমি জানি না কতজন লোক নিয়ে আপনার শিক্ষা ডাইরেক্টরেট ও ইন্সপেকশন দপ্তর গঠিত। ৭ হাজার প্রাথমিক শিক্ষক যেখানে আছেন সেখানে তাঁদের কনটিনজেন্সি ইত্যাদির জন্য যে টাকা ধরা হয়েছে তা মহীতোষবাবুর কাগজেই হাস্যোদ্দীপক ব'লে বলা হয়েছে—তিনি হিসাব দেখিয়েছেন যে, কোন স্কুলকে আট আনা থেকে এক টাকা বেশি এতে দেওয়া যেতে পারে না। কিন্তু তা সত্ত্বেও রিভাইজ্‌ড বাজেটএ কেন টাকা খরচ কম হ'ল তার ব্যাখ্যা ক'রে মন্ত্রিমহাশয় বলেছেন—

Smaller requirement for the Scheme for increasing emoluments of primary school teachers.

৯ লক্ষ ৩৮ হাজার টাকা কম হয়েছে। যে টাকা বরাদ্দ ছিল তার থেকেও কিছু করা যেত, কিন্তু এই ৯ লক্ষ ৩৮ হাজার টাকাও খরচ করতে পারেন নি। এ বছরও লোককে ধোঁকা দেওয়া হয়েছে—১১ লক্ষ ৬৮ হাজার টাকা

longer provision for the Scheme of increasing emoluments of primary school teachers.

একবার ৯ লক্ষ ৩৮ হাজার টাকা খরচ না ক'রে এবং তারপর ২ লক্ষ টাকা—

larger provision for the scheme of introduction and expansion of basic education.

অর্থাৎ ১১ লক্ষ ৪৫ হাজার টাকা খরচ করা হয় নি। এর কোন মানে বা অর্থ হয়?

তারপর ২৯এ জুন তারিখে পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষকেরা শোভাযাত্রা ক'রে দাবি জানাবার জন্য এসেছিলেন মুখ্যমন্ত্রীর কাছে। এ সম্বন্ধে খবরের কাগজগুলি যে মন্তব্য প্রকাশ করেছে তা আমি আপনাকে সংক্ষেপে প'ড়ে শোনাচ্ছি। আনন্দবাজার পত্রিকা বলেছে, প্রাথমিক শিক্ষকদের উপর গুরুদায়িত্ব ন্যস্ত, তাঁদের অভাব অভিযোগ ও প্রয়োজন মেটানোর দিকে রাষ্ট্র ও সমাজের দৃষ্টি রাখা উচিত। কিন্তু যে সংবাদ পাই তাতে মনে হয় তাঁদের প্রতি উপযুক্ত ব্যবস্থা করা হয় না। যুগান্তর পত্রিকা বলেছে—

[At this stage the red light was lit.]

যাক, আমি আর পড়ব না। আমি শুধু বলব, প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবিগুলি যাতে পেশ হয় এবং তাঁদের সামাজিক নিরাপত্তার ব্যবস্থা হয় সেদিকে আমাদের সরকারের দৃষ্টি নিবদ্ধ হওয়া দরকার যাতে ক'রে তাঁরা শুধু দিনযাপন ও প্রাণধারণের গ্লানি থেকে মুক্তি পান। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এ বিষয়ে সচেতন ও যত্নবান হওয়ার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[10-50—11 a.m.]

Sj. Mohitosh Rai Choudhuri:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অ্যাপ্রোপ্রিয়েশন বিল আলোচনাকালে আমার বিরোধীপক্ষের বন্ধুরা আরেকবার সুযোগ পেয়েছেন সরকারকে নিন্দা করার—এই সরকার রসাতলে গিয়েছে—এই সরকার রসাতলে নিয়ে যাচ্ছে দেশকে এইসমস্ত নিন্দাসূচক উক্তি করার। আমি এ সম্বন্ধে বিশেষ কিছু বলতে চাই না। আমাদের বর্তমান সরকার দেশকে রসাতলে নিয়ে যাচ্ছে কিনা, ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে কিনা সেটা নিরপেক্ষ ব্যক্তিরা বিচার কবতে পারেন। অনেকে বলেছেন এই সমস্যাসঙ্কুল পশ্চিমবঙ্গের সমৃদ্ধি বৃদ্ধি করা সম্ভব নয় যতক্ষণ না কর্তৃপক্ষ সেইসব সমাধান করতে পারছেন—এখানে আমি একটা কথাই মাত্র বলব—আমাদের ধৈর্যের সঙ্গে অল্পদিনের জন্য অপেক্ষা করতে হবে, তবে আমরা দেখতে পাব সরকার আমাদের ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে কিনা। সেদিক থেকে দেখতে গেলে আমরা দেখতে পাই যে, গত দশ বৎসরের ভিতর এই সরকার যেসমস্ত পরিকল্পনা গ্রহণ করেছেন সেই সমস্ত পরিকল্পনা যদি সুন্দরভাবে কার্যে পরিণত করা হয় তা হ'লে দেশের অবস্থা নিশ্চিত ভাল হবে। সরকার যেসমস্ত পরিকল্পনা করেছেন সেই সমস্ত পরিকল্পনা যদি সুন্দরভাবে কার্যে পরিণত করা যায়, তা হ'লে দেশের অবস্থা ফিরবে। দেশের দারিদ্র্য প্রচুর সে বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। কিন্তু দারিদ্র্য দূর করবার একমাত্র উপায় হচ্ছে দেশের সম্পদ বৃদ্ধি, দেশের বাণিজ্য বৃদ্ধি ও দেশের ইন্ডাস্ট্রির উন্নতি করা। কিন্তু যদি ইন্ডাস্ট্রির উন্নতি করতে হয়, দারিদ্র্য দূর করতে হয়, তা হ'লে দেশে শান্তি রাখা দরকার। এজন্য ক্যাপিটালিস্ট, ইন্ডাস্ট্রিয়ালিস্টস, এদের সঙ্গে অনবরত ঝগড়া সৃষ্টি করে অশান্তি সৃষ্টি করলে এটা হবে না। এ পথ সমৃদ্ধির পথ নয়। এই কিছুদিন আগে বেঙ্গল কেমিক্যালে যে ধর্মঘট হয়ে গেল, সেই ধর্মঘটের ফলে লক্ষ লক্ষ টাকা তাদের ক্ষতি হয়েছে। আজ অবাঙ্গালী কতকগুলি ব্যবসায়ীর চেষ্টাতে এই ধর্মঘট দীর্ঘকাল স্থায়ী হয় এবং সঙ্গে সঙ্গে বিরোধীপক্ষও তাতে ইন্ধন জুগিয়ে ধর্মঘট বেশিদিন স্থায়ী করে। এই রকম ধর্মঘট সকল সময় ক'রে যদি ইন্ডাস্ট্রির উন্নতির পথে বাধা দেওয়া যায়, তা হ'লে দেশের কখনও সমৃদ্ধি হবে না। আমার বন্ধুরা সেকথা কিছুই বুঝতে পারেন না। ইতিমধ্যে বাংলাদেশে

বাঙ্গালীর আনএমপ্লয়মেন্ট প্রবলেম ক্রমে অত্যন্ত জটিল হয়ে আসছে, গুরুত্বপূর্ণ হয়ে আসছে সে বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। এর জন্য আমরাও যে খানিকটা দায়ী সে বিষয়েও কোন সন্দেহ নাই। যাঁরা ব্যবসা-বাণিজ্য করেন, যাঁরা ইন্ডাস্ট্রিয়ালিস্টস তাঁদের সকলের ভেতর কেন জানি না বাঙ্গালীদের কাজ দেওয়ার বিরুদ্ধে তাঁদের একটা বিরূপ মনোভাব চ'লে আসছে। বহু প্রতিষ্ঠান, বহু ইন্ডাস্ট্রিয়ালিস্টসএর সঙ্গে আমার আলোচনা হয়ে থাকে, তাঁরা সহজে বাঙ্গালীকে চাকরি দিতে চান না, তাঁদের ফ্যাক্টরিতে নিতে চান না। শুধু ইন্ডাস্ট্রিয়ালিস্টদের কথা নয়, কলিকাতায় বাড়িভাড়ার ব্যাপারেও দেখতে পাওয়া যায়, যাঁদের কলিকাতায় বাড়ি আছে তাঁরা বাঙ্গালী টেন্যান্টকে বাড়িভাড়া দিতে চান না। তাঁদের ধারণা বাঙ্গালী টেন্যান্ট নিলে বড্ড ঝামেলায় পড়তে হয়। এ বিষয়ে আমাদের সতর্ক হতে হবে। আমাদের দেখতে হবে, আমাদের একটু ধীর, শান্ত হতে হবে। এটা যদি না হয়, তা হ'লে সর্ববিষয়ে সরকারকে দায়ী করা মানে হয় না। আমাদের নিজেদের দায়িত্বের কথা যদি ভুলে যাই, তা হ'লে কখনও আমাদের দেশে সমৃদ্ধি স্থাপিত হবে না। আমরা বলি, করাপশন হচ্ছে এবং এই করাপশনএর জন্য সরকারই একমাত্র দায়ী। এই করাপশনএর জন্য একমাত্র সরকারই দায়ী নয় সেকথা আমরা ভুলে যাই। আমাদের চরিত্রবল কি সেরকম আছে? সকলে বুকে হাত দিয়ে বলুন। আমরা সম্পূর্ণ নিজেরা যদি করাপশন থেকে দূরে না থাকি, করাপশনএর ঊর্ধ্বে উঠতে না পারি, তা হ'লে করাপশন দেশ থেকে দূর হ'তে পারে না। যে ঘুষ দেয়, সে যেমন দায়ী, আর যে ঘুষ নেয় সেও তেমনি সমপরিমাণে দায়ী। কাজেই জাতীয় চরিত্র যতদিন না উন্নত হচ্ছে, ততদিন পর্যন্ত আমরা যতই চিৎকার করি না কেন, আমাদের শাসনব্যবস্থা খুব বেশি ভাল হবে না। একথা স্বতঃসিদ্ধ, আমরা যেমন হব—আমাদের সরকারও তেমনি হ'তে বাধ্য। আর সরকারে যাঁরা কাজ করেন, তাঁরাও আমাদের মত লোক। আমরা আশা করতে পারি না যে, এইসব সরকারী কর্মচারীরা আমাদের চেয়ে ভাল হবে। সুতরাং এ সম্বন্ধে পরস্পরকে গালাগালি দিয়ে লাভ নাই। তবে দেখতে হবে সরকার আজ কাজের পদ্ধতিকে ভাল পথে নিয়ে যাচ্ছেন কিনা! এ বিষয়ে বিরোধীপক্ষের সঙ্গে আমাদের বরাবরই মতপার্থক্য থাকবে। আপনারা সকল সময় মনে করেন যে, সরকার খারাপ পথে চলেছে, ধ্বংসের পথে দেশকে নিয়ে যাচ্ছেন তা নয়; তারও বিরোধিতা করতে হবে ব'লে তাঁদের অনেক সময় এইসব কথা বলতে হয়। দৃষ্টান্তস্বরূপ বলতে পারি আমার বন্ধু মণীন্দ্রনাথ দ্রুবর্তী ও আমার বন্ধু সত্যপ্রিয় রায় অনেকেই শিক্ষা সম্বন্ধে বিশেষ আলোচনা ক'রে থাকেন, শিক্ষার যাতে উন্নতি হয় এটা সকলেই চান। আমি বলতে চাই বাস্তবে কতদূর আমরা এটাকে বিশ্বাস করি। গত ১০ বৎসর শিক্ষার কোন উন্নতি হয় নি এই কথা আমার বন্ধু মণীন্দ্রবাবু বলতে গিয়ে আমাকে সালিশী মেনেছেন। আমি সরকারের প্রাথমিক শিক্ষা বিষয়ে সমালোচনা করি। এই সরকার যে দশ বৎসরের মধ্যে ভাল কাজ করেছেন। একথা সাহসের সঙ্গে মুক্তকণ্ঠে আমার মত আর কেউ বলতে পারবে না। যদিও আমি কংগ্রেসপক্ষে আছি, এই শিক্ষাবিভাগের প্রত্যেকের সঙ্গে আমার অতিশয় ঘনিষ্ঠ সম্বন্ধ তবু আমি যত তীব্রভাবে ব'লে থাকি তা আর কেউ বলে না। এখানে একটা কথা ব'লে থাকেন মিউনিসিপ্যাল এলাকার শিক্ষকদের বেতনবৃদ্ধি হয় নি। এটাও আমি তীব্রভাবে বলছি যে, মিউনিসিপ্যালিটি এই বিষয়ে অবহেলা বহুদিন ধ'রে ক'রে আসছে, তারা এটাকে তাদের কর্তব্য ব'লে মনে করে না। রুরাল এরিয়াতে শিক্ষাকর আদায় হয়। মিউনিসিপ্যাল এরিয়াতে রুরাল এরিয়ার চেয়ে অনেক বেশি ধনী লোক বাস করে, সেখানে কেন আদায় হয় না এই শিক্ষাকর। রুরাল এরিয়ার সাধারণ লোক যদি শিক্ষাকর দিতে পারে তা হ'লে মিউনিসিপ্যাল এরিয়াতে কেন আদায় হয় না। সুতরাং মিউনিসিপ্যালিটির প্রাথমিক শিক্ষার উন্নতি হয় না। তার জন্য মিউনিসিপ্যালিটিই বিশেষভাবে দায়ী। তবু আমি সরকারকে বলছি এই কথা যে, সরকার দেখুন মিউনিসিপ্যালিটি যখন কিছু কাজ করছে না—মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে একমাত্র বহরমপুর মিউনিসিপ্যালিটি করেছে, আর কেউ করতে সাহস করে নি—তারা যদি না করে তা হ'লে সরকারের চুপ ক'রে ব'সে থাকা উচিত নয়। মিউনিসিপ্যালিটিকে সাপ্রেস ক'রে রুরাল এরিয়া এবং মিউনিসিপ্যাল এরিয়ার সমস্ত শিক্ষা সরকারের আওতায় নিয়ে আসুন। প্রাথমিক শিক্ষা ও মাধ্যমিক শিক্ষার সম্পূর্ণ নিয়ন্ত্রণের ভার সরকারের থাকবে, আমি এই কথা বরাবর ব'লে এসেছি। কিছুদিন আগে কেরলের যে শিক্ষা বিল তার একটা কপি বহু চেষ্টা ক'রে পেয়েছি। তাতে দেখলাম মাধ্যমিক

শিক্ষা নিয়ন্ত্রণের যে ক্ষমতা সরকার নিয়েছেন তা আমাদের পশ্চিমবঙ্গ-সরকারের যে সেকেন্ডারি এডুকেশন বিল যেটুকু ক্ষমতা নিয়েছেন তার চেয়ে অনেক বেশি। এখানে কেরল সরকারের নিন্দা করি না। সেই বিলের দু'-একটি অংশ ছাড়া কেরলের শিক্ষাক্ষেত্রে সেই বিল সমর্থনযোগ্য আমি এই কথা বলতে চাই বিরোধীপক্ষের বন্ধুদের যে, কেরলের বিরুদ্ধে তাদের কিছু বলতে শুনি নি, তা হ'লে পশ্চিমবঙ্গের মাধ্যমিক শিক্ষা সরকার গ্রহণ করছেন ব'লে তাদের অভিযোগ করার কারণ কি। বরং প্রাথমিক শিক্ষা ও মাধ্যমিক শিক্ষার সম্পূর্ণ ভার সরকার গ্রহণ করুন এই কথা বলা উচিত এবং যা কিছু শিক্ষাকর তা তোলার জন্য সরকারকে বাধা দেবেন না।

প্রভিডেন্ট ফান্ড সম্বন্ধে স্কুল বোর্ডএর কর্তব্য কি তা আমার অন্যান্য বন্ধুরা পড়ে শুনিয়েছেন। আমি তাঁদের বলব যে, যদি ভালভাবে দেখেন তা হ'লে দেখবেন স্কুল বোর্ডএর তীব্র নিন্দা আমি করেছি। স্কুল বোর্ড, তাদের কি ক্ষমতা তা তারা জানে না। তারা মনে করে কতকগুলি শিক্ষককে বেতন দিলেই তাদের কর্তব্য শেষ হয়ে গেল। সরকার করছেন না কিন্তু তাঁরা কি প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডএর স্কীম আজ পর্যন্ত দিয়েছেন? স্কীম দেবার ক্ষমতা ত' তাঁদের আছে। তা যদি না থাকত তা হ'লে সরকারকে দায়ী করতে পারতেন এবং সরকারকেও এই কথা বলছি যে, তাঁরা যদি এই স্কীম দেন তা হ'লে সেই স্কীম কার্যে যাতে পরিণত করা হয় সেই ব্যবস্থা যেন তাঁরা করে।

[11—11-10 a.m.]

Sj. Nagendra Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, আমি যেকথা বলব মনে ক'রে এসেছিলাম সেকথা বলবার আগে মাননীয় বন্ধু মহীতোষ রায়চৌধুরী মহাশয় যে একটা কথা বলেছেন আমি তাঁর কথার প্রতিবাদ করব। তিনি বলেছেন যে, কোন মিউনিসিপ্যালিটির মধ্যে শিক্ষা সেস দেওয়া হয় না। একথা সম্পূর্ণ সত্য নয়।

(Sj. Mohitosh Rai Choudhuri:

বহরমপুর মিউনিসিপ্যালিটি এক্সেপশন সে কথা ত' বলেছি।)

তা হ'লে জিজ্ঞাসা করব বহরমপুর মিউনিসিপ্যালিটির মধ্যে বাধ্যতামূলক প্রাইমারি এডুকেশন দেবার কি ব্যবস্থা করেছেন সরকার? শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন, আমি তাঁকে জিজ্ঞাসা করব এই আশা নিয়ে যে, তিনি উত্তর দেবেন—আমি আগেও বলেছিলাম, পুনরায় বলছি, আমি বলবার পর বেশ স্মরণ আছে একটা সার্কুলার গিয়েছে, কি খরচ হবে, মিউনিসিপ্যালিটি কি দেবে। আমি তাঁকে জিজ্ঞাসা করব আমাদের সংবিধানে ৪৫ অনুচ্ছেদে যে বিধান আছে তাতে এখানে প্রাইমারি শিক্ষা দেবার ভার কার উপর দায়িত্ব দেওয়া হয়েছে? ভার মিউনিসিপ্যালিটির উপর দেওয়া হয় নি, ভার দেওয়া হয়েছে রাজ্যসরকারের উপর। সুতরাং রাজ্যসরকার কি তাঁর কর্তব্য পালন করেছেন আজ পর্যন্ত? কোন্ পৌরসভা এলেকায় প্রাথমিক শিক্ষাবিস্তারের জন্য কি ব্যবস্থা করেছেন সেটা আমি জানতে চাই। আমি জানতে চাই প্রকৃত প্রস্তাবে সে সম্বন্ধে তাঁরা কতদূর গিয়েছেন এবং কতদিন পরে এখানে বাধ্যতামূলক প্রাইমারি শিক্ষা প্রচলিত হবে।

এখন আমি নিজে যে দু'-চারটি কথা বলব ব'লে মনে করেছিলাম তাই বলছি, ফেনিয়ে কিছু বলব না। আমরা দেখছি যে, অ্যাপ্রোপ্রিয়েসন বিলএ বহু টাকা তুলে দেওয়া হয়েছে। তাতে কিভাবে উপকার হচ্ছে তার আমি একটা উদাহরণ দেব। আপনারা সকলেই জানেন যে, এখন সাধারণ লোক খেতে পাচ্ছে না এবং তার জন্য টেস্ট রিলিফ, গ্রাচুইটাস রিলিফ দেওয়া হচ্ছে কিন্তু আমি বিশেষ জোর ক'রে বলছি যে, মুর্শিদাবাদ জেলায় গম যাচ্ছে না, না যাবার ফলে সপ্তাহে একদিন কিংবা জোর দু'দিনের বেশি টেস্ট রিলিফএর কাজ হচ্ছে না, বাকি পাঁচদিন কি ক'রে তারা খাচ্ছে একথা কি সরকার চিন্তা করেছেন? মাননীয় মন্ত্রিমহাশয় কি সে সম্বন্ধে উত্তর দেবেন? আমি এ বিষয়ে বলি, প্রকৃত প্রস্তাবে দু'দিনের বেশি টেস্ট রিলিফ যদি না হয় তা হ'লে লোকে বাঁচবে কি করে? তারপরে আসি সাধারণ মধ্যবিত্ত লোকের কথায়। আমার বন্ধু শ্রীযুত আচার্য মহাশয় যে কথা বলেছেন, সেটা বাস্তবিকই ক্রমবর্ধমান প্রাইসএর জন্য জিনিসপত্রের মূল্যবৃদ্ধি প্রতিরোধের জন্য সরকার কি করেছেন? আমার যদি ঠিক মনে থেকে

থাকে তবে আমি দেখেছি যে, পশ্চিমবঙ্গ-সরকার বিধান সভায় একথা বলেছেন যে, এই যে মূল্যবৃদ্ধি সে সম্পর্কে পশ্চিমবঙ্গ-সরকারের কিছু করণীয় নাই। তারপর আমি, যদিও আগে পড়েছিলাম পুনরায় এসেন্সিয়াল কমোডিটিজ অ্যাক্ট পড়েছি, সেই অ্যাক্টএর ৩ ধারায় একথা স্পষ্ট ক'রে দেওয়া আছে যে, কেন্দ্রীয় গভর্নমেন্ট মূল্যবৃদ্ধি প্রতিরোধ করার জন্য অর্ডার দিতে পারেন কিংবা ৫ ধারায় একথা স্পষ্ট ক'রে ব'লে দিয়েছেন যে, রাজ্যসরকারকে সে ক্ষমতা দিয়ে দিতে পারেন। এটা করবার জন্য আমি জিজ্ঞাসা করব যে, আমাদের রাজ্যসরকার পশ্চিমবঙ্গ রাজ্যসরকার কি কেন্দ্রীয় গভর্নমেন্টকে বুঝাতে পারেন নি যে বাস্তবিক কলকাতা এবং মফঃস্বলের সর্বত্র দ্রব্যমূল্য রোধ করতে না পারলে মূল্য চড়ে যাবে, এটা প্রতিরোধ করার আবশ্যকতা কি বুঝাতে পারেন নি? সেজন্য জিজ্ঞাসা করব ৩ ধারা বিধিমতে বাস্তবিক রাজ্যসরকার কিছু করেন নি কেন? আর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্যসরকার কি কোন ক্ষমতা চেয়েছিলেন? আমার যতদূর মনে আছে আমরা তো কিছু জানি না এবং তাঁরা শুধু মধ্যবিত্ত লোকের কষ্ট নিবারণ করার জন্য কোন প্রতিকারই করেন নি। সুতরাং এখনও সময় যায় নি। এখনও বাংলায় ব্যথিত এবং দুঃস্থ লোক আছে। আমি বলব যে, সত্বর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ক্ষমতা গ্রহণ ক'রে পশ্চিমবঙ্গ-সরকারের দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করা অত্যাবশ্যক; আমরা দেখব প্রকৃত প্রস্তাবে তাঁরা কিছু করেন কিনা। যদি না করেন তা হ'লে আমরা বলব যে, তাঁরা ইচ্ছা ক'রে করছেন না; তাঁরা মুনাফাখোরদের সাহায্য করবার জন্য করছেন না। এ ছাড়া সাধারণ লোকের অন্য কোন মনোভাব হ'তে পারে না।

তারপর আর একটি কথা বলব। আমরা পুনঃপুনঃ বলেছিলাম বিচার বিভাগ এবং শাসন বিভাগকে পৃথক করার জন্য। একথা আমি এখানে বহুবার বলেছি এবং আমি যতদিন থাকব এবং যতদিন সে কাজ না হবে ততদিন আমি বলব। একথার কোন সদুত্তর আমরা পাই নি। মাত্র বিধানসভায় মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, আমরা কেবল একটা কাজ করেছি, যাঁরা বিচার করেন সেই সব ম্যাজিস্ট্রেটদের শুধু সেই কাজেই নিযুক্ত করেছি। কিন্তু ম্যাজিস্ট্রেটের সংখ্যা অত্যন্ত কম, সেজন্য আমরা শাসন বিভাগকে বিচার বিভাগ থেকে তফাত করতে পারি নি। একথা একেবারেই মূলাহীন। আমরা বিশেষ ক'রে জানি এই ম্যাজিস্ট্রেটরা শুধু বিচারের কাজ করছেন তাঁদের সংখ্যা কম থাকুক কি বেশি থাকুক সে কথা নয়, কথা হচ্ছে বিচার বিভাগ পৃথক যদি ক'রে দেন তা হ'লে তার জন্য ফৌজদারী কার্যবিধি আইন সংশোধন করা আবশ্যক। এজন্য তাঁরা কি কোন বিল উত্থাপন করেছেন, বা অদূরভবিষ্যতে তাঁরা কোন বিল উত্থাপন করবেন কিনা আমরা জানতে চাই মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রীর কাছ থেকে। দুঃখের বিষয়, তিনি এখানে নাই কাজেই আমি কোন উত্তর পাব না। তা সত্ত্বেও আমি একথা পুনঃপুনঃ ব'লে যাব।

তারপর সমবায় বিভাগ। মাননীয় বন্ধু শ্রী আচার্য বলেছেন যে, যেগুলি নেশন বিল্ডিং ডিপার্টমেন্ট তার মধ্যে কো-অপারেটিভ ডিপার্টমেন্ট হচ্ছে একটি নেশন বিল্ডিং ডিপার্টমেন্ট। আমি তাঁর সঙ্গে একমত। কিন্তু আমরা যদি ১৯৫৭।৫৮ সালের বাজেটের এক্সপ্লানেটরি নোটএর মধ্যে দেখি তো দেখতে পাই যে, ২২,৬৩,০০০ টাকা কো-অপারেটিভ ডেভেলপমেন্ট এক্সপেনসেস ব'লে ধরা ছিল। যেখানে বাজেটে বরাদ্দ ছিল ২২,৬৩,০০০ টাকা, সেখানে খরচ হয়েছে ১১,৬৭,০০০ টাকা। বাকি টাকা খরচ হ'ল না। আমি একথা এক বৎসরের উপর থেকে ব'লে আসছি যে, বাস্তবিক আপনারা যদি খাদ্যসমস্যার সমাধান করতে চান, তা হ'লে সেটা করতে হবে সমবায় কৃষি সমিতি ক'রে। কিছুদিন পূর্বে স্টেটসম্যান কাগজে আমরা পড়েছি যে, সারা ভারতবর্ষে মাত্র ১,৬০০ কো-অপারেটিভ ফার্মিং সোসাইটিজ আছে এবং ঐ সঙ্গে উল্লেখ করা আছে যে, তার মধ্যে মাত্র ৫০টা ভালভাবে কাজ করছে। আমরা যদি চীনের ইতিহাস দেখি তা হ'লে দেখতে পাই কি ক'রে তারা খাদ্যসমস্যার সমাধান করেছে। ১৯৫০ সালে মাত্র ১৯টা কো-অপারেটিভ ফার্মিং সোসাইটিজ ছিল, আর, আজ সেখানে এক মিলিয়নের উপরে। সেখানে খাদ্যসমস্যার সমাধান হবে না তো কোথায় হবে? আর আমাদের অভাগা দেশে কি খাদ্যসমস্যার সমাধান হবে? আমি জিজ্ঞাসা করেছিলাম মালদহ, নদিয়া, মুর্শিদাবাদ এবং পশ্চিম দিনাজপুর—এই চারটা জেলায় সেচ সম্বন্ধে কোন পরিকল্পনা আছে?

কি উত্তর পেয়েছি?—কোন পরিকল্পনা নাই। তারপর আমি জানতে চেয়েছিলাম প্রকৃত প্রস্তাবে অদূরভবিষ্যতে সেচ পরিকল্পনা নেওয়া হবে কি না? সে সম্বন্ধেও কিছু জানতে পারি নি।

[At this stage the blue light was lit.]

খাদ্যসমস্যার সমাধান হবে কি করে? পশ্চিমবঙ্গে জমি তো বাড়বে না, যে জমি আছে তাই থাকবে। তা হ'লে ঐখানে জমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি করতে হবে। সেজন্য উন্নত প্রণালীতে চাষ করতে হবে, এবং সেচ ও সারের ব্যবস্থা করতে হবে। তারপর আমাদের যে ক্ষুদ্র ক্ষুদ্র জমি তা একত্রীকরণ ক'রে ট্রাক্টর দিয়ে ভাল ক'রে যদি চাষ করেত পারা যায়, তবেই ফসল বৃদ্ধি হবে। এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ রাজ্যসরকার কি করেছেন? কিছুই করেন নি। আমি জিজ্ঞাসা করছি এখানে কটা কো-অপারেটিভ ফার্মিং সোসাইটি আছে? আমার যা খবর তাতে একশ'র বেশি নাই। তার মধ্যে আবার ৫টা ছাড়া অন্যগুলোতে ঠিকভাবে কাজ হচ্ছে না। আমি আশা করি পশ্চিমবঙ্গ সরকার সমবায়ের মাধ্যমে খাদ্যসমস্যার সমাধান করতে চেষ্টা করবেন। ৩।৪ বছর আগেও ডাঃ বিধানচন্দ্র রায় সমবায় বিভাগ নেবার আগে কিছুই খরচ হয় নি কো-অপারেটিভ ডেভেলপমেন্টের জন্য। আর তিনি আসায় অন্তত গত বছর ১১ লাখ ৬৩ হাজার টাকা খরচ হয়েছে এবং এবারে ১৫ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে। আমি বলব যে, এই ১৫ লাখ টাকা যেন খরচ হয় এবং যেন কো-অপারেটিভের ডেভেলপমেন্টের জন্যই খরচ হয়।

তারপর একটা কথা বুঝতে পারি নি। সেটা বুঝবার জন্য আমি অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করছি। আমি বইএর ৮১ পাতায় এক্সপ্লানেটরি মেমোরান্ডামতে দেখতে পাই পশ্চিমবঙ্গ-সরকার ৫ কোটি টাকা ঋণ নেবেন ৪ টাকা হার সুদে। বাস্তবিক পশ্চিমবঙ্গ-সরকারের যদি সেই অভিপ্রায়—তা হ'লে ৮১ পাতায় বলা হ'ল না কেন যে ৪।০ সুদ হিসাবে ধার করা হচ্ছে? এ আমি বুঝতে পারলাম না; এ অল্পদিনের ব্যাপার। ৫।৭ দিন আগে বিজ্ঞাপন বেরিয়েছে। কাজেই যেকথা পশ্চিমবঙ্গ বিধানসভায় এবং বিধান পরিষদে বলা হয়েছে, তা অন্য রকমে কেন করা হ'ল তা বুঝতে পারি না।

[At this stage the member reached the time-limit.]

I would like to speak for a few minutes more. You have noticed, Sir, that I am not expatiating on one point.

Mr. Chairman: Try to finish as quickly as possible.

Sj. Nagendra Kumar Bhattacharyya: All right, Sir,

আর একটা কথা ব'লে শেষ করব। সেটা স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রীকে জিজ্ঞাসা করি। যদি কোন মন্ত্রী বা উপমন্ত্রী কোন স্বায়ত্তশাসন বিভাগের কোন প্রতিষ্ঠানের সভাপতি থাকেন, যদি তিনি উপমন্ত্রী নিযুক্ত হন তা হ'লে কেন তিনি সেখানে সভাপতিত্ব করেন? এখানে আইনের বাধা না থাকতে পারে কিন্তু আমি বলব ন্যায়ের কথা তো আছে। সেরকম জিনিস হ'তে দেওয়া সরকারের পক্ষে উচিত নয়। আমি যখন একথা বলছি তখন একথাও বলছি যে, মুর্শিদাবাদ স্কুল বোর্ডের সভাপতি ছিলেন কাজেম আলি মির্জা সাহেব—তিনি এখন ডেপুটি মিনিস্টার হয়েছেন, কিন্তু এখনও তিনি সেখানে সভাপতিত্ব করছেন। এক্ষেত্রে গণতন্ত্রের খাতিরে সরকার তাঁকে সেখান থেকে রিজাইন দিতে বলবেন।

শেষ কথা হচ্ছে যে, পঞ্চায়েত অ্যাক্ট অনুসারে এখন সব পঞ্চায়েত নমিনেট করা হচ্ছে। আমি এর প্রতিবাদ জানাই। এখানে নমিনেশনের প্রয়োজন নাই, এখন ইলেকশন ক'রে করা উচিত ছিল এবং সেইটাই গণতান্ত্রিক। এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ হচ্ছে। এই ব'লেই আমি শেষ করছি।

Dr. Charu Chandra Sanyal:

মাননীয় সভাপতি মহাশয়, অ্যাপ্রোপ্রিয়েশন বিলএ খরচ করবার হুকুম দেবার ভেতরে বক্তৃতা দেবার যে কোন অবকাশ আছে ব'লে মনে হয় না। যাই হোক আমি দু'-চারটা কথা বলব।

সবচেয়ে বড় কথা হচ্ছে যে, আজ মানুষের চাহিদাও বেশি হয়েছে, প্রতিবাদও বেশি হয়েছে। আমার মনে হয় বর্তমান সরকারের সবচেয়ে বড় কৃতকার্যতা হচ্ছে মানুষের ভেতরে চাহিদা জাগিয়ে তোলা যেটা ১৫০ বছরের ভেতর সম্ভব হয় নি। আচার্য মহাশয় বললেন যে, কতকগুলি চা-বাগান অর্থাভাবে বন্ধ হয়ে গেছে, কিন্তু আমার কাছে যা খবর আছে তাতে পশ্চিম বাংলার একটাও চা-বাগান আজ অর্থাভাবে বন্ধ হয় নি। ইরিগেশনের ব্যাপারে কংসাবতী প্রোজেক্ট বন্ধ হবার জন্য তিনি সরকারকে দোষারোপ করেছেন, কিন্তু তিনি জানেন না যে, কংসাবতী প্রোজেক্ট সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চলছে এবং তাঁরা টাকা দিলে তো এটা হবে। আমি কিছুক্ষণ আগে এ আই সি সির গত মাসের ইকনমিক রিভিউ পড়ছিলাম তাতে দেখলাম যে, ১,৬০০ বর্গমাইলে (১০ লক্ষ একর) জমিতে যদি চাষ দিতে হয় তা হ'লে ২,৫০০ মাইল বড় নালা করতে হবে এবং ১০,০০০ হাজার মাইল ছোট নালা করতে হবে। এই সমস্ত ছোট ছোট নালা, এগুলি, গ্রামের লোকেরই করণীয়, কারণ দেশকে গড়ার কাজে জনসমাজেরও অনেক কর্তব্য আছে। গভর্নমেন্ট যে সব করবেন এটা সব সময় আশা করা ভুল। ২,৫০০ মাইল বড় নালা করার কাজ গভর্নমেন্টের অবশ্য যদি কোনদিন সুযোগ হয় তা হ'লে সরকার নিশ্চয় ছোট ছোট নালা করবেন। কারণ সরকার যদি শস্য উৎপাদন ক'রে ভাত রাঁধিয়ে খাইয়ে দেন তা হ'লে তো কোনদিন কোন কাজই হবে না।

তারপর গ্রামে যেসমস্ত শিক্ষক নিয়োগ করা হয়েছে তা শুধু বেকার সমস্যা সমাধান হিসাবেই করা হয় নি, শিক্ষা প্রসারের জন্য করা হয়েছে। আমি দেখেছি গ্রামে অনেক শিক্ষক আছেন তাঁদের মাহিনা যদিও কম তবুও তাঁরা রীতিমত মনোযোগ দিয়ে পড়ান। আমি আশা করি যাতে তাঁদের বেতনবৃদ্ধি হয় সেদিকে সরকার নিশ্চয় চেষ্টা করবেন এবং তাঁরা যাতে আরও মনোযোগ দিয়ে পড়ান সেজন্য সরকারের আরও একটু ভাল ক'রে তদ্বির করা উচিত।

গতকাল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডএর কার্যাবলী সম্বন্ধে যে বই দেওয়া হয়েছে তাতে দেখা গেল যে, পশ্চিম বাংলার অধিকাংশ গ্রামের ভেতর দিয়ে বৈদ্যুতিক শক্তি নিয়ে যাওয়া হচ্ছে। বহু পূর্বের একটা কথা যেটা লেনিন বলেছিলেন সেটা মনে পড়ে গেল—

Communism in Russia is electrification of Russia.

অর্থাৎ গ্রামের ভেতর দিয়ে যদি বৈদ্যুতিক শক্তি নিয়ে যাওয়া যায় তা হ'লে গ্রামের লোক তা নানাভাবে কাজে লাগিয়ে তবে সচেতন হয়ে উঠবে। কিন্তু এই ইলেকট্রিক চার্জ যদি আর একটু কমাতে পারা যায় তা হ'লে মনে হয় গ্রামের লোক আরও বেশি ক'রে বৈদ্যুতিক শক্তি ব্যবহার করবে।

(Sj. K. P. CHATTOPADHYAY.—electrocution

হবে।) তারপর স্টেট ইলেকট্রিসিটি বোর্ডএর যে হিসাব দেখলাম তাতে দেখা গেল যে, প্রথম ২ বছর যদিও লোকসান হয়েছে, কিন্তু এই লোকসানের মাত্রা ক্রমেই কমে আসছে।

[11-20—11-30 a.m.]

হয়ত দু' বছর পরে আর লোসকান নাও হ'তে পারে—যদি লোকসান হয় তবুও আমি বলব যে, কাজের প্রসার দরকার, আরও এগিয়ে যাওয়া দরকার। সমস্ত গ্রামে গ্রামে যদি ইলেকট্রিসিটি ছড়িয়ে যায়, তা হ'লে আজকে সেটা কাজে না লাগুক, ভবিষ্যতে সেটা যথেষ্ট কাজে লাগবে। এখানে একটা বই দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে যে, রাস্তাঘাটের প্রসার অনেক বেশি হচ্ছে, গ্রামের ভেতর রাস্তা চলছে এবং বহু রাস্তা করা হয়েছে। আমরা জানি যে, আমাদের রাস্তার দরকার কেবল দেশের উন্নতির জন্য, ব্যবসা-বাণিজ্যের জন্য, জিনিসপত্র বিক্রির সুবিধার জন্য রাস্তা দরকার। সেদিন আমি একটা রোড ট্রান্সপোর্ট জার্নালে পড়ছিলাম যে, এক মাইল রাস্তা হওয়া মানে দেশের একশ' টাকা আয়। সেই হিসাবে আমাদের কাছে কম হয় নি। যদি কেউ বলেন যে, এই সরকার ব্যর্থ হয়েছেন তা হ'লে আমি বলব যে, শুধু রাস্তাঘাট দেখলেই বুঝা যাবে যে, তাঁরা ব্যর্থ হন নি। তারপর কতকগুলি বিশেষ চাষের কথা আমি বলব যেগুলি সম্বন্ধে আমি নিজেও কিছু আলোচনা

করেছি এবং কিছুদিন আগে অনেক কিছু বলেছি। উত্তর বাংলায় রেমী, পশ্চিম বাংলায় শিশল—সারা বাংলার বিভিন্ন স্থানে যথেষ্ট আখের চাষ হচ্ছে। কালকে একটা হিসাবে দেখছিলাম যে, শুধু কলকাতার উপর শিশল দড়ির চাহিদা হচ্ছে বছরে এক লক্ষ মণ। কলকাতায় এই এক লক্ষ মণ শিশলের যদি চাহিদা মেটাতে হয় তা হ'লে ২০ হাজার একর জমিতে শিশল কাল্টিভেশন করা দরকার এবং তাতে আমাদের প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে দশ হাজার লোকের সংস্থান হবে, তারা দৈনিক তিন থেকে চার টাকা উপার্জন করতে পারবে। এখন পর্যন্ত মাত্র এক হাজার একর জমিতে শিশলের আবাদ হয়, আরও উনিশ হাজার একরে শিশলের আবাদ করতে হবে। রেমীর আবাদ কিছু কিছু হচ্ছে, সেটাও যদি আরও খানিকটা হয় তা হ'লে অন্তত আরও দশ হাজার লোকের সংস্থান হবে। চিনিরও উৎপাদন বাড়াবার জন্য যে চেষ্টা হচ্ছে সেই চেষ্টা ফলবতী হ'লে আরও ৪০।৫০ হাজার লোকের সংস্থান হবে। (ডাঃ মণীন্দ্রমোহন চক্রবর্তীঃ তাতে বাঙ্গালী কি কাজ পাবে?) সমস্তই বাঙ্গালী কাজ পাবে বলে আশা করা যায়, যদি না হয় সেটা আমাদের দুর্ভাগ্য। ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্স কর্পোরেশন থেকে ছোট ছোট ব্যবসাকে টাকা দেবার ব্যবস্থা হয়েছে —অল্পদিন হ'ল লেবার হাউজিং বোর্ড হয়েছে, দু' হাজার লেবার হাউস হবে। যাঁরা বলেন যে, লেবার হাউজিংএর জন্য কিছু করা হয় নি, আমার মনে হয় তাঁরা এই সংবাদটা ভাল ক'রে রাখেন না। এইভাবে দেশ ক্রমশ উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। আমি আগেও বলেছি, এখনও বলছি যে, যতটা উন্নতির আশা আমরা করেছি ততটা হচ্ছে না—সেটা না হওয়ার যথেষ্ট কারণও আছে। আমরা সবাই মিলে যদি চেষ্টা করি তা হ'লে আরও উন্নতি হ'তে পারে, আরও আমরা এগিয়ে যেতে পারব। খাদ্য সম্বন্ধে বহু আলোচনা হয়েছে—প্রাকৃতিক দুর্যোগের জন্য আমরা অনেক সময় সুবিধা করতে পারি না। এ বছর চার হাজার আট শ' টন সালফেট অব অ্যামোনিয়া এবং অন্যান্য সার দেওয়া হবে। সার দিলে যে কিছু উপকার হয়, শস্য বাড়ে আমরা সম্প্রতি তার একটা প্রমাণ পেয়েছি। ইউনিয়ন এগ্রিকালচারিস্ট অ্যাসোসিয়েশন থেকে কতগুলি হিসাব নিয়েছিলাম তাতে দেখা গিয়েছিল যে, সার দিয়ে জমির শস্য দেড়গুণ থেকে দু'গুণ করা সম্ভব হয়েছে, অবশ্য সব জায়গায় তা হয় নি। সরকার যদি ভাল ক'রে পরীক্ষা ক'রে জমির উন্নতি করতে পারেন তা হ'লে বাংলাদেশে খাদ্যসমস্যার সমাধান হ'তে পারে।

Sj. Annada Prosad Choudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে কিছু বলবার আগে মনে হচ্ছে বাজেট বা তারপরে অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে আমাদের সমালোচনা করার সুযোগ দেওয়ার ইচ্ছা সরকারের আছে কিনা। আমরা সবসময়ই শুনি আমাদের টাইম অত্যন্ত কম, আমাদের খাদ্যশস্যের মতো টাইমও রেশন করতে হবে—তার মধ্যে যদি কিছু বলতে পার বল, না পার তো চ'লে যাও। বাতির পর বাতি জ্বালান হচ্ছে, হাতুড়ি পেটান হচ্ছে, যাঁরা বলতে যাচ্ছেন তাঁদের বলা শেষ হচ্ছে না, তাঁদের বসিয়ে দেওয়া হচ্ছে। আমি প্রথমে ভেবেছিলাম আমার সময়টা অন্য কেউ বলুক তা হ'লে বোধ হয় টাইম রেশনএর সুবিধা হবে। আমার বন্ধুরা বললেন, না হয় সংক্ষেপে কিছু বলুন। আপনি জানেন, স্যার, আমি বেশি সময় কথা বলি না, যা বলি টু দি পয়েন্ট বলি এবং এজন্য কংগ্রেসের তরফ থেকে এবং মন্ত্রিসভার পক্ষ থেকে আমাকে সার্টিফিকেট দেওয়া হয়েছে যে, আমি প্র্যাকটিক্যাল কথা বলি। আমার প্রথম বক্তব্য কমিউনিটি ডেভেলপমেন্ট সম্বন্ধে। এ সম্বন্ধে অনেক কথাই বলা হয়েছে, আমি সেসব পুনরাবৃত্তি করতে চাই না। আমরা যে লোন হিসাবে প্রায় ৯২ লক্ষ টাকা এবং প্রায় ১ কোটি টাকা বৎসরের পর বৎসর খরচ ক'রে আসছি তার ফল কি হচ্ছে? আমি যে থানার অধিবাসী সেখানে দু'টো ব্লক হয়েছে—তার উদ্বোধনের দিন আমি বলেছিলাম কর্মচারী আসবে, জীপ আসবে, কর্মচারীর ভিড়ই দেখব, কিন্তু জনসাধারণের সেবা তার মধ্যে আমরা কখনও দেখতে পাই না। এক বৎসরের উপর উত্তীর্ণ হয়ে গিয়েছে, আমি সেখানে যা দেখেছি তার সারমর্ম হ'ল,

Scheme for the study of Community Projects and National Extension Service, Vol. I.

তাতে বিভিন্ন বিষয় বলা আছে—কৃষির কি হবে, স্বাস্থ্যর কি হবে, ট্রাইবানাল ওয়েলফেয়ারএর কি হবে। কিন্তু বলবন্ত রায় মেহতা কমিটি সারা ভারতবর্ষের এবং আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যের অবস্থা দেখে বলছেন

the current child welfare programme is vague and often unimaginative. Most of the work in this line has centered round what is known as the Balwadi in rural areas is nearly always an anaemic creche, an unscientific Kindergarten and jumble of different age groups.....

যদি আমাদের লক্ষ লক্ষ টাকা এই কাজের জন্য খরচ করা হয় এবং তার পরিণতি ওরূপ হয় তা হ'লে বুঝতে হবে আর এইভাবে আমাদের টাকা খরচ করা উচিত কিনা। তারপর, মেয়েদের সম্বন্ধে।

[11-30—11-40 a.m.]

স্যার, আমাদের দেশের ভবিষ্যৎ বংশধরদের উন্নতির জন্য কি করা হচ্ছে সে সম্বন্ধে ঐ কমিটি যে রিপোর্ট দিয়েছেন মেয়েদের সম্বন্ধে আমি সে সম্পর্কে সংক্ষেপে দু'-একটা কথাই মাত্র বলব। কমিটি বলছেন,

Increasingly and very rightly, the stress is shifting from providing amenities to creating work that brings more income. A few prosaic items like the care of the cow, the kitchen-garden and poultry-keeping, are in the opinion of the Team, the most effective development works for the rural women. The development work will then be tangible and therefore truly lasting and will lead to welfare.

এই এন-ই-এস ব্লক এমনই অবস্থা যে, যদি ডেয়ারি করব ব'লে টাকা চান তা হ'লে টাকা পাবেন না। এখানে আপনাকে মিথ্যা কথা বলতে হবে, কারণ যদি বলেন ছেলেকে দুধ খাওয়াব ব'লে গরু কিনবার জন্য ধার চাই তা হ'লে টাকা পাবেন না। আপনাকে বলতে হবে ডেয়ারি ইন্ডাস্ট্রি করব ফর দি কেয়ার অব দি কাউ। যদি বলেন ছানা মাখন তৈরি ক'রে বিক্রি করব তা হ'লে টাকা পাবেন। আমাদের মুখ্যমন্ত্রী ডেভেলপমেন্ট-মন্ত্রী—আমি তাঁকে অনুরোধ জানাচ্ছি এই জিনিসটা বদলে দিন, তা না হ'লে গ্রামের লোককে প্রথম থেকেই শিক্ষা দিতে হবে মিথ্যা কথা ব'লে টাকার জন্য দরখাস্ত কর। আর-একটা কথা বলব –

After this come cottage industries which cannot always be easily interwoven into the daily pattern of the rural women's life. Only those women who have a certain amount of leisure can be persuaded to take up one or more of them. Knitting, embroidery and tailoring are taught these days by the Gram Sebikas. As a matter of course, these particular items appear to have been taken up mainly because of the success of the rural centres run by foreign Christian Missionaries. But we forget that such industries were limited in number. The teachers are very well qualified. On the other hand, what is necessary is to teach most of them the elementary use of thread and needle so that they can mend clothes for the family.

কিন্তু আমি

Community Development Project Minister

শ্রী এস কে দের কাছে শুনেছি গ্রামসেবক এবং গ্রামসেবিকা ও অন্যান্য অফিসার যাঁরা এই কাজে আসেন তাঁরা সরকারের বিভিন্ন বিভাগ থেকে আসেন– তাঁর ভাষায়

they will pump in the activities of the different departments in these areas.

তাঁরা যদি একটা নির্দিষ্ট ঘণ্টা ধ'রে গ্রামের লোককে

tailoring, embroidery and knitting

না শিখান তা হ'লে ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট থেকে কোন সাহায্য পাবেন না। এখানেও মিথ্যার আশ্রয় নিতে হচ্ছে। তারা না এলে হাজিরা খাতায় প্রেজেন্ট লিখতে পারে, কিন্তু নিয়মমত যদি তারা

for mending their clothes and for handling the needle

বা অন্য কোন কাজের জন্য আসে তা হ'লে এন-ই-এস ব্লক থেকে কোন সাহায্য পাবেন না। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, এই এন-ই-এস ব্লক যে উদ্দেশ্য নিয়ে স্থাপিত

হয়েছে তা যদি সার্থক করতে হয় তা হ'লে লোককে যে এইভাবে মিথ্যার পথ অবলম্বন ক'রে দরখাস্ত করতে বলা হচ্ছে সেই মিথ্যার পথ থেকে তাদের অবিলম্বে বিরত করতে হবে। আর-একটা কথা ব'লেই আমার বক্তব্য শেষ করব। আমাদের টেস্ট রিলিফএর জন্য বহু টাকা খরচ হয়। টেস্ট রিলিফএ আমাদের সরকারপক্ষ থেকে গম দেওয়া হয়। সেই আড়াই সের গম ছয় আনা কয় পয়সা হবে। খাদ্য বিভাগ ও রিলিফ বিভাগের বড় উচ্চপদস্থ ব্যক্তির কাছ থেকে শুনেছি যে, সেই গম গ্রামের লোক খায় না। তারা তিন আনা সের দরে সেটা বিক্রি ক'রে দেয়। ছয় আনা কয় পয়সায় কিনে তিন আনায় বিক্রি ক'রে দেয়। জিজ্ঞাসা করুন খাদ্য বিভাগের, রিলিফ বিভাগের কোন লোকই না বলবেন না: বাঁকুড়া জেলায় বিক্রি হয়। গ্রামের লোকে গম খায় না। অথচ গম নিলেও আড়াই সের, আটা নিলেও আড়াই সের। তারা গম ভেঙ্গে খাবে, তার জন্য মজুরি হিসেবে চার আনা পায়। প্রফুল্লবাবুকেও জিজ্ঞাসা করলে এটা জানতে পারবেন বাঁকুড়ায় ছয় আনার গম তিন আনায় বিক্রি হচ্ছে। এই যে ছয় আনার গম তিন আনায় বিক্রি ক'রে মানুষকে যদি খাওয়ার অভ্যাস করতে হয়, তা হ'লে কি পরিমাণ টাকা এতে তাঁরা সাবসিডি দিচ্ছেন? আমাদের দেশের লোক ভাত খেতে অভ্যস্ত। সরকার যদি চাষ করবার জন্য তাদের মজুরি হিসেবে সেই টাকার কতকাংশ সাবসিডি হিসেবে দেন, তা হ'লে এই গ্রামের কৃষিমজুররা কাজ ক'রে ইকনমিক ওয়েজ পেতে পারে এবং তাতে ক'রে চাষের আগ্রহ তাদের বাড়তে পারে, বেশি ফসল সে ফলাতে পারে। আমি বাঁকুড়ার কয়েকজন বন্ধুর কাছে লিখেছি যাঁরা ব্যবসায় করেন, তিন আনা দরে কিছু গম আমাকে কিনে দেবার জন্য। কিন্তু আমি পাব না, গ্রামের লোকও পাবে না, পাবে ব্যবসাদারেরা। তারা তিন আনা দরে কিনে বেশি দরে বিক্রি ক'রে লাভ করে। হয়ত তাদের লাভের কিছু অংশ কোন প্রতিষ্ঠানও পেতে পারে। আমি পাব না। কারণ ১৬ টাকা ১৭ টাকা গমের দাম। আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

রিলিফের জন্য যে টাকা দিচ্ছেন সরকার, সেই টাকা যদি সরকার তাদের ফসল উৎপাদনের সাবসিডি আকারে দেন, তা হ'লে গ্রামের কৃষক আরও বেশি ধান ফলাতে পারে। আমাদের দেশের কৃষিমজুর যারা, তারাও খেতে পাবে। সরকার এই যে রিলিফ দিচ্ছেন এর অর্ধেক টাকা রিলিফে খরচ ক'রে, বাকি অর্ধেক এইজন্য খরচ করা ভাল।

Sj. Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহাশয়, আজকে এই বিতর্ক শুনে প্রথম একটা কথা বলবার বাসনা এসেছে, সেটা হচ্ছে এই, আজ আমাদের বন্ধুদের ভাষণ শুনে আমার এই কথা মনে হ'ল যে, তাঁরা মনে করেন সব কিছু না হ'লে বোধ হয় কোন কিছু হ'ল না। আজ ও ভবিষ্যতে যে করবার অনেক কিছু আছে একথা অনস্বীকার্য এবং দলমত নির্বিশেষে সর্ব শ্রেণীর মানুষ আজ একথা স্বীকার করে। আজকে দেখতে হবে যে আমাদের সীমাবদ্ধ সংগতির মধ্য দিয়ে আমরা যে অগ্রসর হয়েছি তা যথাযথ হয়েছে কি না, আমাদের সংগতি যথাযথ ব্যবহার করতে পেরেছি কি না, এটা বিচার করতে হবে। আমি একথা বলব আজকে দেখতে পাচ্ছি, পশ্চিম বাংলার বিভিন্ন দিকে যথেষ্ট অগ্রগমন হয়েছে। একথা স্বীকার করি আরও অনেক কিছু বাকি আছে। কিন্তু দীর্ঘদিন পরাধীনতার পর প্রায় শূন্য থেকে যে রাষ্ট্রের শুরু করতে হয়, তার যাত্রাপথে বহু বাধাবিঘ্ন অতিক্রম করতে হবে, একথা বন্ধুদের স্মরণ রাখা উচিত।

আজকের বিতর্কে দেখছি শুধু গদীনসীন হবার স্বপ্নে সমালোচনা করবার যে প্রবণতা পূর্বে দেখেছি, সেটা আজকে হ্রাস পেয়েছে দেখে সত্যিই খুব আনন্দিত হয়েছি।

(Sj. SATYA PRIYA ROY:

বলুন নিশ্চিন্ত হয়েছি!)

না নিশ্চিন্ত কোনদিন হয় নি। আমি জানি এটা আপনাদের রণক্লান্তি অপনোদনের জন্য কিছু বিশ্রামমাত্র। সংসদীয় গণতন্ত্র যেদিন মনেপ্রাণে গ্রহণ করবেন, তখন নিশ্চিন্ত হ'তে পারব। আমি বিশ্বাস করি বন্ধুরা এখনও তা গ্রহণ করতে পারেন নি। রণক্লান্ত হয়ে তাঁরা আজ নূতন শক্তি সংগ্রহের জন্য একটু বিশ্রাম করছেন।

[11-40—11-50 a.m.]

তারপর তাদের আর একটা অভিযোগ হচ্ছে যে এই আয়ব্যয়ক সংক্রান্ত যে বিতর্ক হয় তাতে সব প্রশ্নের উত্তর না কি মন্ত্রিমহোদয়রা দিতে পারেন না। কিন্তু একটা কথা তাদের স্মরণ রাখতে হবে হঠাৎ এসে পরিষদকক্ষে একটা অভিযোগ করলে বিনা তদন্তে তার কেমন ক'রে উত্তর দেওয়া যায়, এটাও বিশেষ বিবেচনার কথা। আজকে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, জাতীয় সম্প্রসারণ পরিকল্পনা, স্থানীয় উন্নয়ন পরিকল্পনা, এইসব সম্বন্ধেও জনসাধারণের সহযোগিতা যে পাওয়া যাচ্ছে না তা নয়, কিন্তু সেই সহযোগিতা আরও বেশি পাওয়া প্রয়োজন। আমার বন্ধুরা যেকথা বলেন আমি সেকথা মানি। কিন্তু শুধু তাঁদের কাছে এইটুকু করজোড়ে নিবেদন করব তারা সাধারণ মানুষকে সহযোগিতা করার জন্য তাঁদের যে সম্মুখীন করার চেষ্টা করছেন সে থেকে যেন একটু বিরত হন, তা হ'লে আমার মনে হয় এই সহযোগিতা ও দেশের কল্যাণ আরও দ্রুত হবে। আর একটি কথা বলব বন্ধুবর ডাক্তার মণীন্দ্রমোহন চক্রবর্তী আমার নাম উল্লেখ করেছেন প্রাথমিক শিক্ষার সম্বন্ধে। শহরাঞ্চলের প্রাথমিক শিক্ষার কথাই আমি বলব এবং সে কথায় মণীন্দ্রবাবুর সঙ্গে আমি একমত যে পৌর প্রতিষ্ঠানের উপর এর ভার দিলে এ কখনও সম্ভব হবে না। এ তাদের সংগতি নেই, এ তারা করতে পারে না এবং সংবিধানের নির্দেশাত্মক বিধান অনুযায়ী সরকারকে তা করতে হবেই। আমাকে যেমন মাননীয় শিক্ষামন্ত্রীর বিভাগ থেকে বিভিন্ন পৌরসভার কাছে কতকগুলি সংখ্যাতথ্য চেয়ে পাঠানো হয়েছে, যেমন ধরুন আমি হাওড়ার কথা উল্লেখ করি, হাওড়া পৌরসভার পক্ষে এ আদমশুমারী করা সম্ভব নয় যে কোন বয়সের কত ছেলে সেখানে আছে, কারণ আজকে সেখানকার লোক-সংখ্যা প্রায় ৬ লক্ষর কাছাকাছি গিয়ে পৌঁছেছে, সুতরাং এই আদমশুমারী পৌরসভা করতে পারবে না, করা সম্ভব নয়—এ আদমশুমারীর রিপোর্ট দেখেই করতে হবে। যাই হোক, তা সত্ত্বেও শিক্ষা বিভাগ সচেতন হয়ে উঠেছেন, বিশেষ ক'রে শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা প্রবর্তন করার জন্য, এটার প্রমাণ পাওয়া যাচ্ছে এবং তারা পৌরসভার সঙ্গে এ নিয়ে লেখালেখি করছেন। তবে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে ১৯১৯ সালের প্রাথমিক শিক্ষার আইনের কথাও বলব যে বোধ হয় সেটা সংশোধন করার প্রয়োজন আছে। শহরেও প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করবার প্রয়োজন আছে এবং সরকারের যে সঙ্গতি সেই সঙ্গতির দ্বারাই তা করতে হবে। গ্রামাঞ্চল ও শহরাঞ্চল, উভয়ই একসঙ্গে করতে হবে যাতে কারও প্রতি অবিচার করা না হয়। আমাদের সরকার যে গ্রামাঞ্চলকে অগ্রাধিকার দিয়েছেন তার জন্য তাঁদের অভিনন্দন জানাই কিন্তু এবার শহরাঞ্চলেও তাঁদের হাত দিতে হবে এই কথাই তাদের কাছে নিবেদন করছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরাঞ্চলের অসুবিধার কথা ইতিপূর্বে আমি আয়-ব্যয়ের প্রাথমিক বিতর্কের সময় উল্লেখ করেছি। জলাভাব এই ঘন বসতিপূর্ণ শিল্পাঞ্চলে, কলিকাতা শহরতলীতে যে কি নিদারুণ এই কথা এইসমস্ত এলাকা সম্বন্ধে যাদের কিছুমাত্র জ্ঞান আছে তাঁরা জানেন। আমি হাওড়ার কথা বলেছি গতবারে। হাওড়া পৌরসভার পরিচালনার ভার হাওড়ার জনসাধারণ তাদের সেবকরূপে আমার উপর ন্যস্ত করেছেন, সুতরাং আমার কিছুটা জ্ঞান আছে, অতএব একথা আমি আগেও বলেছি কিন্তু এবার আমি আমার স্থানীয় এলাকার কথা ব'লে শেষ করব—সেটা হচ্ছে হাওড়া পৌরসভা পরিচালনার ব্যবস্থা। সেখানে আজকে হাওড়া পৌরসভা পরিচালিত হয় ১৯২৩ সালের কলিকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টএর কতকগুলি ধারা নিয়ে এবং বঙ্গীয় মিউনিসিপ্যাল অ্যাক্টএর কতকগুলি ধারা নিয়ে। তার ফলে, নানা অসুবিধার সৃষ্টি হয় এবং বেঙ্গল মিউনিসিপ্যাল আইন, যে আইনের দ্বারা বাংলা দেশের ক্ষুদ্রতম মিউনিসিপ্যালিটি পরিচালিত হয় সেটা ঠিক হাওড়ার পক্ষে প্রযোজ্য নয়। এবং কলকাতা মিউনিসিপ্যাল আইন সরাসরি হাওড়ায় প্রযোজ্য হওয়ার একটা অসুবিধা আছে। সুতরাং হাওড়ার জন্য একটা স্বতন্ত্র আইন প্রণয়নের জন্য সরকারের কাছে নিবেদন করছি, আমি আশা করি সরকার এ বিষয়ে বিবেচনা করবেন। একটা প্রস্তাব হয়েছিল হাওড়ার সন্নিহিত শিল্পাঞ্চলে একটা নূতন কর্পোরেশন সৃষ্টি করার জন্য, সে বিষয়ে হাওড়ার লোক বিশেষ উৎসাহিত হয়ে উঠেছিল, আমি জানি না সেটা এখন কেন স্তব্ধ। আমি সরকারের কাছে আবেদন জানাবো এ বিষয়ে বিবেচনা ক'রে তিনি যেন হাওড়ার জন্য আইন সৃষ্টি করেন।

পরিশেষে মাননীয় সভাপতি মহাশয় আমি শুধু এটা নিবেদন করব আজকে যে বিপদসঙ্কুল অবস্থার মধ্যে, যে দরিদ্র অবস্থায় পশ্চিমবঙ্গ ধীরে ধীরে অগ্রগমন করছে, রাজনৈতিক মনোভাব

আমাদের যাই হোক না কেন সেই অগ্রগমনের দিকে সাহায্য করার জন্য সকলে সমবেতভাবে সাহায্য করুন। গদি দখল করার স্বপ্ন সাময়িকভাবে হ'লেও তাঁদের চোখের সামনে থেকে তা বিলুপ্ত হোক।

Janab Abdul Halim:

মাননীয় চেয়ারম্যান, স্যার, অ্যাপ্রোপ্রিয়েশন বিলের মঞ্জুরীর জন্য যে বিল এখানে রাখা হয়েছে, বাজেট আলোচনার সময় আমার বক্তব্য বিশেষভাবে বলেছি। আমরা যেসমস্ত কথা বলি তার কোন জবাব আমরা পাই না, হয়তো মামুলি জবাব পাই কিন্তু আসল জবাব কিছু দেন না, আর বলেন বিরোধীপক্ষ আক্রমণ করে শুধু ঝাল মেটাবার জন্য, অথচ আমাদের কথার জবাব, গঠনমূলক সমালোচনার জবাব দেওয়া হয় না।

তারপর দেশের খাদ্যাবস্থা খাদ্যের দাম বাড়ছে, প্রত্যেকের খরচ বেড়ে যাচ্ছে। তেল, ডাল, চিনি পেঁয়াজ প্রত্যেকটি জিনিসের দর বাড়ছে—চিনির দর তো এক টাকা এক আনা হয়ে গেছে। এগুলি কি বাস্তব ঘটনা নয়? তারা বলেন প্রতিকার করা সম্ভব নয়। এগুলি সমালোচনা করা হয়েছে। আজকে খাদ্যের দাম বাড়ছে, খাদ্যসংকট দেখা দিয়েছে, এটা কি বাস্তব ঘটনা নয়? বিরোধীপক্ষ সমালোচনা শুধু আক্রমণ করার জন্য করে না, বাস্তব ঘটনা তারা তুলে ধরে, গঠনমূলক সমালোচনা করে। তাঁরা বলেন গদী দখল করার জন্য তারা এসব করে। আমি বলতে চাই জনগণ যখন সচেতন হবে তখন আপনা থেকেই ক্ষমতা জনগণের হাতে আসবে, তার জন্য এখানে চীৎকার করার প্রয়োজন নাই।

সংক্ষেপে আমি আর একটি কথা বলব, চেয়ারম্যান, স্যার, কারণ আমার সময় সংক্ষেপ। এদিকে মানুষ খেতে পায় না, চরম সংকটের সম্মুখীন, অথচ ওদিকে রাইটার্স বিল্ডিংএ রোটান্ডা হলে ক্যাবিনেট মিটিং করার জন্য, তার ব্যবস্থা করার জন্য ৮০ হাজার টাকা খরচ করা হচ্ছে, সেখানে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে আরাম ক'রে তারা বসবেন—আর এদিকে দেখুন—পাত্রাসায়ার, বাঁকুড়াতে ফণীভূষণ বন্দ্যোপাধ্যায় একজন ভেটারিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্টএর কাছে কাজ করে, তার মাসিক মাইনে মাত্র চল্লিশ টাকা। ন্যাশনাল এক্সটেনশন ব্লকএ কাজ করেন, আর একজন তার নাম হচ্ছে বিশ্বনাথ ঘোষ, সেখানে
Artificial Insemination, Animal Husbandry
তে কাজ করেন। তারও মাইনে চল্লিশ টাকা, কিন্তু মার্চমাস থেকে তারা মাইনে পায় না, আর এদিকে মন্ত্রিমহাশয়রা কিনা আরামে বৃহস্পতিবারে মিটিং করবার জন্য রোটান্ডাতে আশি হাজার টাকা খরচ করছেন। এই যে দুজন কর্মচারী অল্প মাইনের, চল্লিশ টাকায় ছেলেপিলে নিয়ে এই দুর্দিনে কি ক'রে চলে—তাও আবার মার্চ মাস থেকে মাইনে পান না এটা কি ভেবে দেখেছেন? এটা কি বাস্তব ঘটনা নয়? শ্রমিকদের একই অবস্থা। কলকারখানায় তারা তো কাজ করে, কিন্তু কি দেখছি, দিনের পর দিন বেকারী বেড়েই চলেছে। শ্রমিকমন্ত্রী জানেন যে ট্রাইব্যুনাল সেট আপ হয়েছিল ফর অ্যাডজুডিকেশন ১৯৫৬ সালে, সেপ্টেম্বর মাসে, সেই ট্রাইব্যুনালএর কাজ শেষ হ'ল ১৯৫৮ সালে। এই এমপ্লয়ীজ অব কেশোরাম কটন মিলস, ডানবার কটন মিলস, বুরিয়া কটন মিলস, তারা অ্যাপ্লিকেশন করেছে, কিন্তু শ্রমমন্ত্রী যাসব মুখেই বলেন কাজে কিছু করেন না।

[11-50—12 noon.]

আর এই মাসের মধ্যে ৩০০ জনের যে কি অবস্থা হবে তারা ছাঁটাই হয়ে যাবে, তার সম্বন্ধে কোন ব্যবস্থা হচ্ছে না, সেখানকার তিনি কোন ব্যবস্থা করেছেন কি না জানি না। তাঁর কাছে আবেদন করা হয়েছে কিন্তু তাঁর কাছ থেকে কোন অ্যাসুওরেন্স পাওয়া যায় নাই।

এর পরে শিক্ষার ব্যাপারে বলব। পুরুলিয়া বাংলার অন্তর্ভুক্ত হয়েছে, তারা আমাদের মধ্যে এসেছে। তারা দাবি জানিয়েছিল মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে—তিনি ১৯৫৬ সালের ডিসেম্বর মাসে সেখানে গিয়েছিলেন—সে দাবি হ'ল, পুরুলিয়ার শিক্ষাব্যবস্থা এখানকার শিক্ষা বিভাগের আন্ডারে যখন এসে গেছে, তখন বাংলাদেশের মিউনিসিপ্যাল এলেকায় শিক্ষকদের বেতনের

যে হার ও যে যে ব্যবস্থা আছে তাদের সেখানকার শিক্ষকদের জন্য বেতনের সেই হার ও সেই সেই সুবিধা-সুযোগ দেওয়া হোক, কিন্তু সে সম্পর্কে কোন ব্যবস্থা আজ পর্যন্ত করা হয় নাই। তেমনি আর একটা কথা উল্লেখ করতে চাই। পুরুলিয়া ডিস্ট্রিক্ট বোর্ড আগে মানভূম ডিস্ট্রিক্ট বোর্ডের অন্তর্ভুক্ত ছিল। দেশ বিভাগের পর পুরুলিয়া জেলা এখানে এসেছে। মানভূম ডিস্ট্রিক্ট বোর্ড গোটা মানভূম নিয়ে একটা বিরাট ডিস্ট্রিক্ট বোর্ড ছিল। পুরুলিয়ার সঙ্গে যেসমস্ত কর্মচারী আছে, সারপ্লাস স্টাফ হিসেবে কাজ তাদের চলে গেছে। সাতজনের নাম আমার কাছে আছেঃ অজিত মুখার্জি, অমিয় দাশগুপ্ত, হরিচরণ চ্যাটার্জি, প্রশান্তকুমার মুখার্জি, মনোরঞ্জন মুখার্জি, যামিনীরঞ্জন রায়, অলকরঞ্জন মুখার্জি। এখানে আসবার পর তাদের মাইনে কুড়ি থেকে পঁচিশ টাকা কমে গেছে। তারা অন্য ডিপার্টমেন্টএ কাজ করছে। তারা আগে যে মাইনে পেত এবং পারমানেন্ট হিসেবে ছিল এখন তারা সে মাইনে পায় না এবং কাজও টেম্পোরারী হিসেবে করছে। তাদের সম্বন্ধে কি বিবেচনা করেছেন। আমি আর বেশি কিছু বলতে চাই না। ওঁরা যে বলেন আমরা সমালোচনার জন্যই সমালোচনা করি—সেটা বুঝতে পারবেন এইসমস্ত ঘটনা তদন্ত ক'রে দেখলে পর যে এসমস্ত কথা সত্য কি না।

রাইটার্স বিল্ডিংএ মন্ত্রীদের কক্ষ এয়ার কন্ডিশন করার জন্য যে টাকা খরচ করছেন সে খরচটা না ক'রে যেসব লোকের কথা বললাম তাদের ঠিক মত মাইনে দেবার ব্যবস্থা করুন।

Sj. Naren Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে যে আপ্রোপ্রিয়েশন বিল তার সম্বন্ধে আলোচনায় শুধু একটি বিষয়ের উপর আমি আমাকে সীমাবদ্ধ রাখব—তা হচ্ছে পুলিস। কিছুদিন যাবৎ আমরা শুনতে পাচ্ছি পুলিসের অনেক পরিবর্তন হয়েছে, ইংরেজের সময় যে পুলিস ছিল সে পুলিস আর নাই। এখন তাদের কোয়ালিটেটিভ চেঞ্জ হয়েছে, তারা সমাজ-সেবক হয়েছে, কিন্তু বাস্তবিক আমরা ঠিক তার উলটো দেখি। আমরা সেরকম পুলিস অল্পই দেখতে পাচ্ছি। বাস্তবিক যদি এ পরিবর্তন সম্বন্ধে প্রমাণ পাওয়া যেত তা হ'লে আমরা তা স্বীকার করে নিতাম। পুলিসের দুর্নীতি বা বিচ্যুতি ইংরেজের সময় যা ছিল তার চেয়ে আরও অবনতি হয়েছে। এখানে আমি একটা সামান্য দৃষ্টান্ত দেব এবং সেই সামান্য দৃষ্টান্তের মাধ্যমে দেখাতে প্রয়াস পাব পুলিস দুর্নীতিকে এখনও লালন করছে এবং দুর্নীতিকে জীইয়ে রেখেছে। রাইটার্স বিল্ডিংস্ থেকে এক মিনিটের পথে এক ফার্লংএর ভিতর একটা কাটনীর বাজার বলে বাজার আছে—যেটাকে ফাটকা বাজার বলা হয়। তা সম্পূর্ণভাবে বেআইনী জিনিস। সেখানে লাখ লাখ টাকার ব্যবসা হয়, বেআইনী বিনিময় হয়, সব কিছুই সেখানে বেআইনীভাবে হয়। আমি জিজ্ঞাসা করব, দিনের পর দিন এই ব্যবসাটা—এমনি বেআইনী ব্যবসার জুয়া খেলাটা—কেমন করে চলছে? পুলিস কি এ সম্বন্ধে কিছুই জানে না? পুলিস সব জানে, পুলিসমন্ত্রীও সব কিছু জানেন। পুলিস কমিশনার, ডেপুটি কমিশনার সবাই জানেন। তাঁরা এর সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। আমি চারটি লোকের নাম বলছি আপনি অনুসন্ধান করে দেখবেন, একজন হ'ল সত্যনারায়ণ ভিয়েনীওয়ালা, আর তিনজন চন্দ্রকুমার ভিয়েনীওয়ালা, মাধোলাল ভিয়েনীওয়ালা, নারানদাস কেডিয়া। এই চারটি মানুষ ঐ কাটনী-বাজার জীইয়ে রেখেছে! সেখান থেকে এই বেআইনী কারবারের জন্য যে চাঁদা আদায় করে তার অংশ পুলিসের কাছে যে লোকটি বহন করে নেয় তার নাম নৃসিংহদাস কোঠারী। পুলিস যারা নাকি জুয়া খেলে তাদের অভয় দিয়ে বলে দেয়—"তোমাদের কোন ভয় নাই"। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব, আপনি গিয়ে দেখুন কি অবস্থা সেখানে। সেখানে ঐ চারটি মানুষের হাতে জুয়া খেলার চাবিকাঠি রয়েছে এবং পুলিসের সাক্ষাৎ ও পরোক্ষ প্রশ্রয়ে নির্বিবাদে জুয়া খেলা চলছে এবং জুয়া খেলাটা নির্বিবাদে যারা চালাচ্ছে তারা হচ্ছে রামদাস ভাওলকা, রামকুমার ভিয়েনীওয়ালা, সাগরমল যোশী, চিরঞ্জীলাল রামশোশীরিয়া ও রামেশ্বর ধানুকা।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, we are discussing the Appropriation Bill.

Sj. Naren Das: I am discussing police about what they are doing. পুলিস সেখানে দাঁড়িয়ে এই জুয়াখেলা দেখে এবং তাদের অংশীদারও হচ্ছে।

স্যার, আমরা সব সময় শুনতে পাই যে আমাদের এটা কল্যাণ রাষ্ট্র, কল্যাণ রাষ্ট্রে পুলিসের খাতে খরচ দিনের পর দিন বেড়ে যাচ্ছে, সাধারণে পুলিসকে জানে একটা অত্যাচারের যন্ত্র-হিসেবে। সেই পুলিস খাতে দিনের পর দিন খরচ বেড়েই যাচ্ছে! কিন্তু আমাদের এটা যদি কল্যাণ রাষ্ট্রই হয় তবে পুলিসের খাতে দিনের পর দিন খরচ বেড়ে যাচ্ছে কেন? সেই খরচের নিকাশে মন্ত্রিমহাশয় বলবেন মাগ্গী ভাতার জন্য বাড়ছে। তিনি যদি পরিষ্কার ক'রে বলেন মাগ্গী ভাতার জন্য কত খরচ বাড়ছে, আর প্রশাসনিক ব্যাপারে, বিল্ডিং কনস্ট্রাকশনে কিভাবে খরচ হচ্ছে তা যদি জানান তা হ'লে বাধিত হব। আমি আর একটা দৃষ্টান্ত দেবঃ সাত নম্বর ডায়মন্ড হারবার রোডে একটি আর্মড পুলিসের অফিস আছে। সেটা একটা নূতন আর্মড পুলিসের অফিস, সেখানে আর্মড পুলিসের শুধু একটা অফিস তৈরি করতে সাত লক্ষ টাকা খরচ করেছেন এবং তারপর চুয়াল্লিশজন হাবিলদারের জন্য কোয়ার্টার তো আছে। সেই কোয়ার্টারের জন্য তাঁদের বরাদ্দ হচ্ছে পাঁচ লাখ টাকা। কিন্তু চূড়ান্ত বরাদ্দ হয়তো ছয় লাখ টাকার কাছাকাছি যাবে। তারপর দশটা সার্জেন্ট কোয়ার্টারস করা হয়েছে, একটা বিল্ডিংএ ছয়জন আর একটায় চারজন। এই সার্জেন্ট কোয়ার্টার্সের জন্য এক লক্ষ আশি হাজার টাকা খরচ হয়েছে। মনে হয় ভারতবর্ষের বাইরে কোন দেশের মন্ত্রীর কোয়ার্টার এর চেয়ে ভাল নয়। স্যার, আপনি শুনে আশ্চর্য হবেন সেই কোয়ার্টার্সের যে বাথরুম মোজাইক করা হয়েছে তাতে যে দরজা করা হয়েছে সে বার্মা টীকের। সার্সিও ফিট করা হয়েছে আর সবরকম পালিশের ব্যবস্থা তো আছেই। এই অর্ধশিক্ষিত পুলিসের জন্য এই ধরনের খরচ হচ্ছে, অথচ এটি নাকি কল্যাণমূলক রাষ্ট্র। তারপর তাদের রিক্রিয়েশন ক্লাব হয়েছে, সেই ক্লাব তৈরি করতে ১৬৩ হাজার টাকা দুইজন কন্ট্রাক্টরকে দেওয়া হয়েছে।

[At this stage the blue light was lit.]

Mr. Chairman: Some of the members on this side have taken much more than what was allotted to them. So you must make some sacrifice.

[12-12-10 p.m.]

Sj. Naren Das:

সেখানে তার খানিকটা কনস্ট্রাকশন একটা কোম্পানি করেছে এবং এর ছাদ কনস্ট্রাকশন করছে শালিমার কোম্পানি। একটা রিক্রিয়েশন ক্লাব, যেখানে থিয়েটার হবে এর ইনডোর গেমসএর জন্য তারা এক লাখ তেত্রিশ হাজার টাকা খরচ করেছে। আমার বন্ধু মহীতোষবাবু বলেছেন যে ইন্ডাস্ট্রি হবে। কিন্তু সমস্ত টাকা যদি এইভাবে খরচ হয় তা হ'লে ইন্ডাস্ট্রি কোথা থেকে হবে? তারপর পুলিসের জন্যও আপনারা খরচ বাড়িয়েছেন। অথচ আমরা জানি যে পুলিসের ভেতরেও যথেষ্ট অসন্তোষ রয়েছে। এই অসন্তোষ আগে নিম্ন কর্মচারী কনেস্টবলদের ভেতরে সীমাবদ্ধ ছিল, এখন সেটা অ্যাসিস্টান্ট কমিশনারদের পর্যন্ত ছড়িয়ে গিয়েছে। সেজন্য মুখ্যমন্ত্রিকে আমার অনুরোধ যে তিনি খোঁজখবর নিন যে অ্যাসিস্টান্ট কমিশনারদের মধ্যে কেন এই অসন্তোষ দেখা দিচ্ছে? দেখা দিচ্ছে এজন্য যে সেখানে স্বজন পোষণ, ইন্সপেক্টরএর প্রমোশনের বেলায় ফেভারিটিজমএর প্রশ্ন উঠেছে। এই প্রমোশন দেবার বেলায় কোন আইন মানা হয় না। এ বিষয়ে একটা উদাহরণ দিচ্ছি। একজন অ্যাসিস্টান্ট কমিশনার, বিভূতি চক্রবর্তীর উপর তিনটা থানার—জোড়াসাঁকো, বড়বাজার এবং হেয়ার স্ট্রীট—ভার দেওয়া হয়েছে। প্রায় ১৫ জন সিনিয়র অফিসারকে ডিঙিয়ে একে অ্যাসিস্টান্ট কমিশনার করা হয়েছে। ইংরেজের আমলে সিনিয়রটি অনুযায়ী পদোন্নতি করা হ'ত, এখন আর এসবের বালাই নেই। পুলিস কমিশনারের বাড়ির ছেলেকে পড়ান, বাজার করেন, ভেট পাঠান।

এস বি, ডি ডি, বা এদের স্পেসাল অ্যালাওয়েন্স পাইয়ে দেওয়া হয়। কিন্তু যাঁরা একান্তভাবে থানায় কাজ করে, সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ রাখে, তাঁদের কোন স্পেসাল গ্র্যান্ট নেই। এই স্পেসাল গ্রান্ট ডিটেকটিভ ডিপার্টমেন্ট এনফোর্সমেন্ট ব্রাঞ্চে আছে। এজন্যই তাঁদের ভেতরে আজ অসন্তোষ দেখা দিচ্ছে। অতএব অ্যাসিস্টান্ট কমিশনার ইত্যাদি-দের ভেতরে যে অসন্তোষ ধূমায়িত হয়ে উঠেছে তার গুরুতর পরিণতি যে কি হবে সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয়কে সাবধানতা জানিয়ে আমি আমার আসন গ্রহণ করছি।

Sj. Santosh Kumar Bhattacharyya:

মাননীয় সভাপাল মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে মাননীয় বন্ধুবর স্নেহাংশু আচার্য মহাশয় বলেছেন যে এটা অ্যাপ্রোপ্রিয়েশন নয়, মিস-অ্যাপ্রোপ্রিয়েশন, সে সম্বন্ধে আমি একমত। আমি শুধু ২।১টা উদাহরণ রেখে আপনার সামনে আমার বক্তৃতা রাখব। দুর্ভিক্ষ খাতে আমাদের দুই কোটি চোদ্দ লক্ষ তৈর হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। আমি মুর্শিদাবাদ জেলার অধিবাসী হিসাবে এটা বলতে পারি যে, সেখানে দুর্ভিক্ষ নিবারণে সরকার কি করেছেন জানি না। কারণ, যে পন্থায় তাঁরা অগ্রসর হচ্ছেন তাতে এ সম্ভব নয়। অর্থাৎ তারা জনসাধারণের সহযোগিতা সম্পূর্ণরূপে বাদ দিয়ে মুষ্টিমেয় কর্মচারী এবং আমলাতান্ত্রিক অফিসারদের মারফত তাঁরা দুর্ভিক্ষ নিবারণের চেষ্টা করছেন। সমাজতান্ত্রিক, কল্যাণকামী রাষ্ট্রে জনসাধারণকে বাদ দিয়ে দুর্ভিক্ষ দমন করা বা খাদ্যসমস্যার সমাধান করা যাবে না। তাঁরা অনাহারে মৃত্যুর খবর স্বীকার করেন না এবং সবসময় বলেন যে রোগে মৃত্যু হয়েছে। খাদ্যমন্ত্রী মহাশয় যদি চান তো আমি তাঁকে এ বিষয়ে অসংখ্য উদাহরণ দিতে পারি। আমাদের জেলায় ৬নং ইউনিয়নে একটা গ্রামে ময়ূর ব'লে একজন লোক যে না খেতে পেয়ে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে। এ সম্বন্ধে সাগরদীঘি থানার ভারপ্রাপ্ত অফিসার তদন্ত করে রিপোর্ট দিয়েছিলেন যে এটা অনাহারজনিত আত্মহত্যা। কিন্তু কোন রহস্যময় কারণে জানি না, মন্ত্রিমহাশয় জানেন তো জানাবেন, ঐ রিপোর্ট ফাইলের তলায় চাপা পড়ে আছে। এর কারণ হয়তো তাঁরা বলবেন যে এটা অনাহারজনিত আত্মহত্যা নয়। আমাদের ওখানে ধান, চাল, ভাত, ডাল চুরি হতে আরম্ভ করেছে। মহানন্দী গ্রামে, নূতন গ্রামে কাঁদি মহকুমায় ভাত চুরি হয়েছে। রাত্রির অন্ধকারে সিঁদকাঠি নিয়ে ভাত চুরি করে নিয়ে যাচ্ছে। এইসব কথা মন্ত্রিমহাশয়কে রাইটার্স বিল্ডিংসএর শীততাপ নিয়ন্ত্রিত রোটোন্ডা কক্ষে থেকে ভেবে দেখার প্রয়োজনীয়তা আছে কি না জানি না। তারপর টেস্ট রিলিফে কি রকম কাজ হচ্ছে তার একটা উদাহরণ দেব। মুর্শিদাবাদ জেলায় বহরমপুর সদর মহকুমার হরিহরপাড়া থানার ভজরামপুর-কেদারতলা রাস্তা যা টেস্ট রিলিফের মাধ্যমে হয়েছে সে সম্বন্ধে কিছু বলব। সেই রাস্তা যেসমস্ত অফিসার তৈরি করেছেন তারা আর্থ-ওয়ার্কের হিসাবও এর মধ্যে ধরে এর অঙ্ক বাড়িয়ে দিয়েছেন। এইরকম সমস্ত দুর্নীতি-মূলক পন্থা সেইসব ব্যাপারে গ্রহণ করা হচ্ছে। আমি একটা সর্বৈব সত্য রিপোর্ট যা পেয়েছি সেটা সম্বন্ধে বলব—তবে আমি কারুর নাম করব না, কেন না তা হ'লে সেই সরকারী কর্মচারীর উপর মন্ত্রীমহাশয়ের কৃপা ভালভাবে বর্ষিত হবে। সেখানে রাস্তার আংকচুয়াল মেজারমেন্টের যে রিপোর্ট আমার কাছে আছে সেটা হচ্ছে, ৬ লক্ষ ৫৩ হাজার ৯ শত কিউবিক ফুট, কিন্তু সেটাকে বাড়িয়ে যে রিপোর্ট দেওয়া হয়েছে তা হচ্ছে ৭ লক্ষ ৮৫ হাজার ৭৬০ কিউবিক ফুট- ১ লক্ষ ৩১ হাজার ৮৬০ কিউবিক ফুট বেশি ক'রে দেওয়া হয়েছে। আমি সেই হিসাব দাখিল করতে পারি। এ সম্বন্ধে যদি একটা তদন্ত করা হয় তা হ'লে আমার কথার সত্যতা সম্পূর্ণভাবে প্রমাণিত হবে ব'লে আমার দৃঢ় বিশ্বাস। তারপরে অফিসারেরা যেরকম দুর্ব্যবহার করেন তার কথা সব বলতে গেলে একটা মহাভারত রচনা করা হয়ে যাবে-কাজেই আমি সেকথা বলতে চাই না। তারপর ইন্ড্রাস্ট্রিয়ালিজেশনএর অনেক কথা বলা হচ্ছে। বেলডাঙ্গায় চিনির কল আমাদের জেলায় দীর্ঘ দিন ধ'রে অকেজো হয়ে পড়েছিল। এ সম্বন্ধে বারবার বাংলা সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে সেই চিনির কলের কলকব্জা সমস্ত পড়ে আছে, সেগুলি মরচে পড়ে যাচ্ছে, অথচ ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের মন্ত্রীর সে বিষয়ে কোন খেয়াল নেই। শুনছি নাকি সম্প্রতি রিজার্ভ ব্যাঙ্ক মারফত সেটাকে চালু করবার ব্যবস্থা হয়েছে, কিন্তু যে পদ্ধতিতে সেটা চালু করা হচ্ছে সেটা কতদূর কার্যকরী হবে জানি না, অর্থাৎ ৭৫০ টাকার শেয়ার ক'রে সেটা চালু করার ব্যবস্থা হচ্ছে। আমি জানি না সাধারণ লোকের আর্থিক অবস্থা ভাল হয়েছে কি না, কিন্তু আমি বলব এইরকম ক'রে চালু করতে গেলে সেখানে চিনির কল কোনদিনই চালু হবে না।

তারপরে আমি পাবলিক হেলথ সম্পর্কিত একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করব। বহরমপুর সদর হাসপাতালে টি বি ওয়ার্ড এক্সটেনশনের জন্য এক লক্ষ টাকা এ বছরের প্রথম দিকে পাঠানো হয়েছিল, কিন্তু কি রহস্যময় কারণে, আমি জানি না, সেই

এক লক্ষ টাকা আবার না কি সরকারী দপ্তরে ফিরে চলে এসেছে—যেন বহরমপুরে যক্ষ্মা-রোগগ্রস্ত লোকের সংখ্যা কমে গেছে। আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এ সম্বন্ধে একটা হিসাব এখানে দিতে পারেন কি? আর একটা কথা বলি, মুখ্যমন্ত্রী মহাশয় এখানে নেই, থাকলে ভাল হ'ত—সেটা হচ্ছে বহরমপুর সদর হাসপাতালের কথা। ১৯৫৪ স'ল থেকে ডিস্ট্রিক্ট মেডিকেল অ্যাসোসিয়েশন সেখানে একটা ব্লাড ব্যাঙ্কের জন্য চেষ্টা ক'রে এসেছেন, আট হাজার টাকা তারা সাবস্ক্রিপশন তুলেছেন, দু' আনা, চার আনা, ছ' আনা, এক টাকা করে। রেড্‌ক্রস তার জন্য এক হাজার টাকা স্যাংশন করে রেখেছেন, বহরমপুর মিউনিসিপ্যালিটি এক হাজার টাকা স্যাংশন করেছেন এবং সেটা গভর্নমেন্ট অ্যাপ্রুভ করেছেন—দশ হ'জার টাকা আছে। গভর্নমেন্টের স্কীমে কুড়ি হাজার টাকা হ'লে একটা ব্লাড ব্যাঙ্ক হ'তে পারে। সম্প্রতি একজন এফ আর সি এস, (সার্জারী) ডাক্তারকে সেখানে পাঠানো হয়েছে—খুব ভ'ল কথা। কিন্তু ব্লাড ব্যাঙ্ক না হ'লে সেখানে কোন অপারেশনের কাজ চলতে পারে না। মুখ্যমন্ত্রী মহাশয় গত বছর যখন গিয়েছিলেন তখন তিনি বলে এসেছিলেন যে ব্লাড ব্যাঙ্ক হবে, কিন্তু কাকস্য পরিবেদনা—এই হচ্ছে সরকারী ডিপার্টমেন্টের কার্যপদ্ধতির নমুনা। জনসাধারণের সহযোগিতা ওঁরা চান, কিন্তু যেখানে জনসাধারণ দশ হাজার টাকা, অর্ধেক টাকা তুলে তাঁদের দিয়েছেন তবুও কিছুই হ'ল না। এমন কি আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় মুর্শিদাবাদ অ্যাসোসিয়েশন, যেটা মুর্শিদাবাদের সর্বাপেক্ষা সুবৃহৎ প্রতিষ্ঠান তাদের চিঠির জবাব দেওয়া প্রয়োজন বলে মনে করেন না।

[12-10—12-20 p.m.]

পরিশেষে একটা কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করব। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বিধানসভায় অ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর জবাব দিতে গিয়ে বলেছিলেন যে ভোটের জোরে আমরা এখানে এসেছি। ১৯৫২ সালের নির্বাচনে কংগ্রেসের কি অবস্থা ছিল এবং ১৯৫৭ সালের নির্বাচনে তাদের কি অবস্থা হয়েছে সেটা একটু আত্মানুসন্ধান ক'রে দেখবার জন্য আমি অনুরোধ করছি। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন এবং সেটা কাগজেও বেরিয়েছিল যে আমাদের দেশের লোকেরা সিগারেট বেশি খায়, সিনেমা বেশি দেখে। আমি শুধু একটা সরকারী হিসাব তাঁদের কাছে তুলে ধরছি যে ভারতবর্ষে ৩৬ কোটি লোক—বছরে ৭২ কোটি লোক সিনেমায় যাচ্ছে, তার মানে, গড়ে বছরে ২ দিন তারা সিনেমা দেখে। আমি চায়না, রাশিয়ার কথা উল্লেখ করব না, যদিও তারা মিত্ররাষ্ট্র, কিন্তু তবুও তাদের কথা বললে আমার ওদিকের বন্ধুরা হয়তো নাসিকাকুঞ্চন করবেন সেখানে প্রত্যহ রিক্রিয়েশনের ব্যবস্থা আছে। কাজেই মুখ্যমন্ত্রীর একথা বলে উপহাস ক'রে লাভ নেই। তারপরে বর্ষার অর্ধেক চ'লে গেল, আষাঢ় মাসে এখনও বৃষ্টি নেই। আমাদের জেলায় আজকে সকলে হাহাকার করছে, সেখানে প্রায় দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়েছে। টেস্ট রিলিফের কাজের জন্য লোকে প্রত্যহ ধর্ণা দিচ্ছে। রাইটার্স বিল্ডিংসএর শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বসে তাঁরা এসব কিছুই জানতে পারেন না। আজকে সংকটকে ভাল ক'রে উপলব্ধি করা প্রয়োজন। আমি অনুরোধ করব যে দেশের সত্যিকারের কল্যাণের জন্য গ্রামাঞ্চলের দিকে আপনারা তাকিয়ে দেখুন এবং সাহসের সঙ্গে প্রকৃত পন্থা অবলম্বন করুন যাতে ক'রে এখানে সত্যিকার সমাজতান্ত্রিক কল্যাণরাষ্ট্র গড়ে উঠতে পারে।

Sj. Kali Charan Ghose:

মাননীয় সভাপতি মহাশয়, অ্যাপ্রোপ্রিয়েশন বিলে আমি প্রথমেই এটা বলতে চাই যে প্রশাসনিক খাতে ব্যয়সংকোচ করা দরকার। ইউ পি,র মত আমাদের এখানেও ইকনমিক কমিটি ক'রে যাতে ব্যয়সংকোচ করা হয় সেরকম ব্যবস্থা করা দরকার। এ সম্পর্কে আমি বলতে চাই যে, আমাদের শাসনব্যবস্থায় উপর তলার অফিসারদের জন্য যেরকম আরামের ব্যবস্থা আছে নিচের তলায় তার কিছুমাত্রও নাই—নিচের তলায় গাদাগাদি করে কাজ করতে হয়—এই বৈষম্য দূর করা উচিত। আরাম হারাম হ্যায়, এটা কি নিচের তলার কর্মচারীদের জন্য, উপর তলার কর্মচারীদের জন্য নয়? এই জিনিসটা আমাদের কাছে বড়ই অদ্ভুত লাগে, এই বৈষম্য দূর করা উচিত। তারপর দুর্ভিক্ষ নিবারণ সম্বন্ধে আমাদের মন্ত্রীরা যেসমস্ত প্রতিশ্রুতি দিয়েছেন তা গ্রামে আদৌ পালন করা হয় না। আজকেই খবর পাওয়া গিয়েছে মালদহতে

তিন হাজার চাষী দুর্ভিক্ষগ্রস্ত হয়ে কৃষি ঋণ ও গ্র্যাচুইটাস রিলিফ ইত্যাদির জন্য স্থানীয় বি. ডি. অফিসারএর সঙ্গে দেখা ক'রে অনশন আরম্ভ করেছে। কুচবিহারের সংবাদে দেখছি এই কৃষি-ঋণ ও গ্র্যাচুইটাস রিলিফএর ব্যাপার নিয়ে সেখানকার চাষীরা এস. ডি. ওর কাছে গিয়েছে, কিন্তু তার কোন ব্যবস্থা না করে তাদের নেতাদের ধরপাকড় করে জেলে পুরে দিয়েছে। এভাবে যদি প্রতিশ্রুতি পালন করা হয় তা হ'লে কিভাবে দুর্ভিক্ষ নিরোধ করা হবে বুঝতে পারি না। তারপর পুলিসের ব্যাপারে আমি একটা কথা বলব। স্বাধীন রাষ্ট্রে কেন পুলিসকে শ্রমিকমালিক বিরোধে শ্রমিকের বিরুদ্ধে লাগান হয় বুঝতে পারি না। শ্রমিকদের ধর্মঘট করার যে অধিকার আছে সেই অধিকার খর্ব করার জন্য পুলিসের লাঠি কেন নেমে আসে সেটা আমি শ্রমমন্ত্রীর কাছে জানতে চাই। তিনি বলেন আমরা সকলকে সমানভাবে দেখি। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি, যেসমস্ত মালিক তাঁদের কথা লঙ্ঘন করেন তাদের উপর সমানভাবে পুলিসের লাঠি নেমে আসে কি না। আমি জিজ্ঞাসা করি শ্রমমন্ত্রীকে তাঁর সঙ্গে পরামর্শ ক'রে ছাঁটাই করা হয় কি না। তিনি জানেন ভিক্টোরিয়া জুট মিলে ৮০ জন নারী শ্রমিক ছাঁটাই করা হয়েছে—এ ক্ষেত্রে তিনি মালিকের বিরুদ্ধে কি স্টেপ নিয়েছেন? এই যে অশোভন ব্যবহার এটা দূর না করতে পারলে আমাদের সংবিধানকেই অমান্য করা হবে। আমাদের সংবিধানে নারীপুরুষকে সমান অধিকার দেওয়া হয়েছে। এই নারী শ্রমিকদের রক্ষার ব্যাপারে এগিয়ে যাওয়া দরকার, কিন্তু সেখানে কোনরকম ব্যবস্থা করা হয় নি। আজকে সরকার গণিকাবৃত্তি নিরোধের ব্যবস্থা করছেন। কিন্তু যেসমস্ত নারী আজকে নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করছে তাদের বিপর্যয়ের মুখে ফেলবার চেষ্টা করা হচ্ছে কি না আমি শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই। তারপর, আমাদের বিবিধ সাহায্য খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে তা অত্যন্ত কম। আজকে ৮৬টি মিউনিসিপ্যালিটি দুর্গতির দিকে এগিয়ে যাচ্ছে—এগুলিতে যদি অবিলম্বে জল সরবরাহের ব্যবস্থা না করা হয় তা হ'লে মানুষের দুর্গতির সীমা থাকবে না। আমি বুঝতে পারি না আসানসোলে এবং পুরুলিয়ায় ওয়াটার-সাপ্লাইএর জন্য স্কীম সাবমিট করা সত্ত্বেও কেন এখনও ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। অর্থাভাবের কথা বলা হয়-কিন্তু ভাটপাড়া মিউনিসিপ্যালিটি টাকা দেওয়া সত্ত্বেও সেখানে আজ পর্যন্ত জল সরবরাহের ব্যবস্থা করা হয় নি। টাকা দিয়েও চন্দননগর মিউনিসিপ্যালিটির একই অবস্থা—গভর্নমেন্ট নিযুক্ত অ্যাডমিনিস্ট্রেটর স্কীম সাবমিট করেছেন, টাকাও কিছু খরচ হয়ে গিয়েছে এবং শুধু তাই নয়, চন্দননগরের নাগরিকদের তোলা ৩০ হাজার টাকা ওয়েলফেয়ার ফান্ডে রয়েছে, এঁরা শুধু স্যাংশন দেবেন, কিন্তু আমাদের মন্ত্রিমণ্ডলী এই স্যাংশন দেবার মত সময়টুকুও করে উঠতে পারছেন না। আমাদের সরকার কল্যাণরাষ্ট্রের গর্ব করেন, কিন্তু এই কল্যাণরাষ্ট্র গড়তে হলে এঁদের অযোগ্যতা ও দরদহীনতা অবিলম্বে দূর হওয়া দরকার।

[12-20—12-30 p.m.]

Sj. Satya Priya Roy:

মাননীয় সভাপতি মহাশয়, সর্বপ্রথমে বলতে চাই যে আমি আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে উপলব্ধি করছি যে কাউন্সিল রুম নূতন করে তৈরি হওয়া উচিত। বাজেটের এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্পর্কে আলোচনার জন্য দীর্ঘ সময় দেওয়া উচিত। গভর্নমেন্টকে যদি এত পয়সা খরচ ক'রে কাউন্সিল রাখতে হয় এবং আলোচনার জন্য যদি সদস্যদের দু' মিনিট চার মিনিট বলবার অধিকার দেওয়া হয়, তা হ'লে একে বলবার প্রহসন বলাই যুক্তিসঙ্গত বলে মনে করি। এই সম্পর্কে সভাপতি মহাশয়কেও বিবেচনা করতে বলি এবং সরকারপক্ষকেও বিবেচনা করে দেখতে বলব যাতে সার্থকভাবে আমরা আলোচনায় যোগ দিতে পারি তার একটা সুব্যবস্থা করা যায় কি না!

আমার সময় সংক্ষেপ। আমি কেবল কতকগুলি পয়েন্ট বলে যাব। প্রথম কথা হচ্ছে, শিক্ষা অধিকর্তা ও শিক্ষা সচিব একই থাকবেন কি না, শিক্ষামন্ত্রী এ বিষয়ে এখনও মন স্থির করতে পারেন নি। তার প্রমাণ হচ্ছে ১৯৫৭-৫৮ সালের রিভাইজড বাজেটে ঐ খাতে দেখা

যায় এক পয়সাও ধরা হয় নাই। ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশনএর জন্য খরচ ১৯৫৮-৫৯ সালের বাজেটে দেখা যায় ২১ হাজার টাকা ধরা হয়েছে। শিক্ষা সচিব থেকে শিক্ষা অধিকর্তার পদ আলাদা করবেন কি না—এই সম্পর্কে তিনি উত্তর দেবেন আশা করি।

দ্বিতীয় হচ্ছে সেকেন্ডারী এডুকেশন বোর্ডকে আইন অনুযায়ী ৩০ লক্ষ টাকা স্টেট গ্র্যান্ট দিতে হয় এবং অন্যান্য বাবত আরও ১৬ লক্ষ টাকা দেওয়া হয় শিক্ষকদের বেতনবৃদ্ধির জন্য এবং ৪ লক্ষ টাকা শিক্ষকদের সন্ততিদের এই দুর্দিনে পড়বার সুযোগ দেবার জন্য। সব শুদ্ধ ৫০ লক্ষ টাকা ১৯৫৭-৫৮ সালের বাবদ মধ্যশিক্ষা পর্ষদের যে পাওনা ছিল, সেই টাকা আজ পর্যন্তও দেওয়া হয় নাই। তার ফলে মধ্যশিক্ষা পর্ষদ থেকে বিদ্যালয়কে যে সাহায্য দেওয়া হচ্ছিল সময়মত এবং ১৯৫৭-৫৮ সালে বিদ্যালয়গুলির সাহায্য বাবদ যে পাওনা ছিল তা জুলাই মাস পর্যন্ত বিদ্যালয়গুলি পায় নি। যে টাকা পাওনা ছিল সেই সম্পর্কে কোন হিসেবপত্র আজও বোর্ড থেকে যায় নি। তার একমাত্র কারণ, মধ্যশিক্ষা পর্ষদ থেকে শুনেছি, তারা গত বছর ৫০ লক্ষ টাকা সরকারের কাছ থেকে পায় নি। মধ্যশিক্ষা পর্ষদের বাজেট—১৯৫৭-৫৮ সালের বাজেট—এই শিক্ষাদপ্তর থেকে মঞ্জুর হয়ে সেটা মধ্যশিক্ষা পর্ষদে পৌঁছায় না। তার ফলে প্রথমিক শিক্ষকরা তিন-চার মাস বেতন পান না। বিশেষ ক'রে সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়—যেখানে সাহায্যের টাকা না পাবার দরুন দুই-তিন-চার মাস শিক্ষকদের বেতন দেওয়া সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের পক্ষে সম্ভবপর হচ্ছে না। শিক্ষা দপ্তরের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে গ্রামাঞ্চলের মেয়েদের ক্লাস ফাইভ থেকে ক্লাস এইট পর্যন্ত বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা করেছেন। এমন সুন্দরভাবে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে যে কোন কোন পত্রিকা এ নিয়ে সুন্দর সম্পাদকীয় স্তম্ভে দীর্ঘ মন্তব্য করে সরকারকে অভিনন্দন জানিয়েছেন। কিন্তু সেই বাবদ দেখছি, যে টাকা বরাদ্দ করা হয়েছে তার পরিমাণ হচ্ছে ৫০ হাজার টাকা। তাতে দেখছি পাঁচশো থেকে ছয়শো মেয়ে বিনা পয়সায় পড়বার সুযোগ পেতে পারে। অথচ ইতিমধ্যে সরকার থেকে বিরাটভাবে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে সমস্ত গ্রামের মেয়েদের শিক্ষা পর্যন্ত অবৈতনিক করে ফেলেছি (এ ভয়েসঃ দরকার হ'লে পরে আরও দেওয়া হবে।)

তারপর ৪টি সিনিয়র বেসিক স্কুল আছে বাংলাদেশে, প্রথমে ৫টি ছিল। এর একটি না কি হারাধনের দশটি ছেলের মত—একটি কোথায় হারিয়ে গেছে। সরকার সেটি রাখবার প্রয়োজনীয়তা অনুভব করেন নাই। সেই সিনিয়র বেসিক স্কুলের জায়গায় মালটিপারপাস স্কুল হয়ে গেছে। সেখানে ৮ লক্ষ ৭৮ হাজার টাকা বরাদ্দ হয়েছিল। ১৯৫৭-৫৮ সালে সেই টাকার কি হ'ল তাঁরা মস্ত বড় একটা পরিকল্পনা নিয়েছেন; ৮ লক্ষ ৭৮ হাজার টাকা ৪টি সিনিয়র বেসিক স্কুলের জন্য যেখানে বরাদ্দ হয়েছে, সেখানে এই পরিকল্পিত স্কুলের জন্য বরাদ্দ হয়েছে ২৩ লক্ষ ৮০ হাজার টাকা অর্থাৎ প্রায় তিন গুণ টাকা। সরকার কি পরিকল্পনা করেছেন, সিনিয়র বেসিক স্কুল কোথায় কোথায় হবে, সেখানে কি কি পাঠ্য হবে, সে বিষয়ে আজ পর্যন্ত শিক্ষা দপ্তর জানান নাই। এমন কি সে সম্বন্ধে পশ্চিম বাংলার কোন শিক্ষাবিদ বা শিক্ষা প্রতিষ্ঠান কোন খোঁজখবর রাখেন না। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে এই প্রশ্ন করেছিলাম যে তাদের এই ডেভেলপমেন্টের প্ল্যানে পরিষ্কার দেখা যাচ্ছে যে সিনিয়র বেসিক স্কুলগুলি হচ্ছে সেকেন্ডারি স্কুল এবং আমাদের আইন হচ্ছে সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট অব ১৯৫০ যার দ্বারা আমাদের দেশে মাধ্যমিক শিক্ষা নিয়ন্ত্রিত হচ্ছে, তাই যদি হয়, তা হ'লে এই সিনিয়র বেসিকএর জন্য যে বরাদ্দ টাকা, ২৩ লক্ষ টাকা, সেই টাকা শিক্ষা দপ্তরের পক্ষ থেকে কি ক'রে খরচ করা হচ্ছে সেই সম্পর্কে শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের উত্তর দেবেন বলে আমরা আশা করি। শিক্ষা দপ্তরের সাম্রাজ্য এত বেড়েছে তা একটা অঙ্ক থেকেই বোঝা যাবে যে আমাদের শিক্ষা ব্যবস্থার জন্য বাজেটে বরাদ্দ হচ্ছে ১২ কোটি টাকা এবং সেই ১২ কোটি টাকার মধ্যে ৮ কোটি ৮০ লক্ষ টাকাই হচ্ছে শুধু উন্নয়নের জন্যে। এই উন্নয়নের সম্পূর্ণ কর্তৃত্ব এবং এই টাকা ব্যয় করবার সম্পূর্ণ অধিকার শিক্ষা বিভাগ এবং শিক্ষা সচিব কুক্ষিগত করে রেখেছেন। কাজেই তার অনুগ্রহ বিতরণের সাম্রাজ্য প্রচুর বিস্তৃতি লাভ করেছে এবং দেশের শিক্ষা সম্পর্কে যে আইন আছে সে আইনকেও তিনি উপেক্ষা করে বরাদ্দ যে টাকা সে টাকা তিনি কোন আইনে খরচ করে যাচ্ছেন সে সম্পর্কে শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের ওয়াকেফহাল

করবেন আশা করি। তারপর এখানে ডাক্তার সান্যাল, হঠাৎ তাঁর দিবাদৃষ্টি ফিরে এসেছে পার্শ্ব পরিবর্তন করবার পর এবং তার জন্য দেখতে পাচ্ছি সরকার কি কি কাজ খুব ভাল ক'রে করেছেন সেদিকে আজকে তাঁর নতুন ক'রে দৃষ্টি পড়েছে, তার জন্য তাঁকে আমরা এ পক্ষ থেকে ধন্যবাদ জানাই। কিন্তু এই যে স্পেসাল কেডার শিক্ষকদের কথা বলছেন, আমি বলি না যে সেই শিক্ষকরা কাজ করছেন না, সেকথা কেউ এ পক্ষ থেকে বলে নি, কিন্তু কথা হচ্ছে যে তাদের অস্থায়ী নিয়োগ করা হয়েছে। অথচ এ বাবত দেখা যাচ্ছে রাজ্যসরকার ও কেন্দ্রীয় সরকারের অর্থ মিলিতভাবে ১ কোটি ৫৪ লক্ষ টাকা, বরাদ্দ রাখা হয়েছে, কিন্তু এই স্পেশ্যাল কেডার শিক্ষকদের কারা নিয়োগ করেন, কি যোগ্যতা দেখে নেওয়া হয় এ সমস্তই শিক্ষা দপ্তরের হাতে রয়েছে। শুধু তাই নয়, তাদের নিয়োগ সাময়িক হয়ে রয়েছে, তিন বৎসরের জন্য তাঁদের নেওয়া হয়েছে, তাদের নিয়োগ এত সাময়িক যে তারা কখনই মনপ্রাণ দিয়ে কাজে আত্মনিয়োগ করতে পারে না। এই যে এত সংখ্যক শিক্ষক যাদের শিক্ষকতার ভিত্তিতেই পাঠিয়ে দেওয়া হয়েছে, যদিও সেটা বেকারী দূর করবার জন্য, কিন্তু তা সত্ত্বেও আমরা তাদের অভিনন্দন জানাই এবং মন্ত্রিমহাশয়ের কাছে এইকথাই বলতে চাই যে তাদের যে সাময়িক নিয়োগ সেটা বদলে স্থায়ী নিয়োগ তাদের করা হোক। যেসমস্ত বিদ্যালয়ে তাদের পাঠিয়ে দেওয়া হচ্ছে সেইসমস্ত বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের চাকরি করতে হয় যে সর্তে, স্পেসাল কেডার শিক্ষকদের সেই সর্তেই নিয়োগ করা হোক এবং এ করা হলে তারা মনেপ্রাণে কাজ করতে পারবেন এবং শিক্ষকতার কাজে তাদের যোগ্যতার প্রমাণ দিতে পারবেন। এখানে শিক্ষা দপ্তরের ব্যয়ের মধ্যে দেখছি জেনারেলএ আদার চার্জেসএ ১০ লক্ষ ৩২ হাজার ৫০০ টাকা, এই আদার চার্জেসএর মধ্যে ১০ লক্ষ ৩২ হাজার ৫০০ টাকা যে রাখা হয়েছে সেটা যে শিক্ষা সচিবের খেয়ালের উপর দেওয়া হয় তার পরিষ্কার প্রমাণ হচ্ছে পাবলিক সার্ভিস কমিশন এর রেকমেন্ডেশন যেটা সম্পূর্ণ বেআইনী বলে হাইকোর্ট ঘোষণা করেছেন। যে জাজমেন্টটা আমাদের শিক্ষামন্ত্রী না কি এখানে পড়ে শুনিয়েছিলেন, কিন্তু তিনি সেই জাজমেন্টএর একটা লাইন মাত্র পড়ে শুনিয়েছিলেন এবং এক জায়গায় না কি বলা হয়েছে যে হাঁ এর উদ্দেশ্যটা না কি শুভ ছিল কিন্তু সেখানে এই পাবলিক সার্ভিস কমিশন তার অধিকারের সীমা লংঘন করেছে, এক্সট্রা কনস্টিটিউশনাল আসপিরেশন যেটা আমি হাইকোর্টএর ভাষায় বলছি, এখানে হাইকোর্ট থেকে এই স্ট্রিকচার দেওয়া হয়েছে। শুধু তাই নয়, যেখানে মধ্যশিক্ষা পর্ষদ রয়েছে এবং যেখানে সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট রয়েছে তা সত্ত্বেও সেখানে এদের মাধ্যমে শিক্ষক নির্বাচন না করে কেন পাবলিক সার্ভিস কমিশনএর কাছে দেওয়া হ'ল সে সম্বন্ধেও হাইকোর্ট প্রশ্ন করেছেন। আমার প্রশ্ন হচ্ছে পাবলিক সার্ভিস কমিশনএর ব্যাপারে যে লক্ষাধিক টাকা খরচ হয়েছে সরকারের বে-আইনীভাবে, সেই টাকা খরচের জন্য কে দায়ী হবে? কার উপর এটা সারচার্জ করা হবে এর উত্তর শিক্ষামন্ত্রী মহাশয় দেবেন বলে আমরা মনে করি। আর একটা হচ্ছে

promotion of education among educationally backward classes,

কেউ এ পর্যন্ত জানে না এই যে ১১ লক্ষ টাকা বরাদ্দ করা হয় এটা কিভাবে ব্যয় করা হয়, কাদের ভিতর দিয়ে ব্যয় করা হয়? শিক্ষা সচিব এখানেও সমস্ত টাকা নিজের হাতে রেখেছেন এবং তার অনুগ্রহে এটা বিতরণ করা হচ্ছে। এইজন্য আমার একটা গঠনমূলক সুপারিশ হচ্ছে, যে ব্যাকওয়ার্ড ক্লাসেস কারা তা আজ পর্যন্ত নির্ধারিত হয় নি এবং এই টাকাটার জন্য অন্ততঃ একটা কমিটি বা কমিশন বসানো উচিত। সরকারের অন্ততঃ একটা অ্যাডভাইসরি বোর্ড করা উচিত যারা সরকারকে নির্দেশ দিতে পারে এই টাকা কি ক'রে ব্যয় করা যাবে।

আমি মোটামুটি আর একটা কথা বলেই আমার কথা শেষ করব—সেটা হচ্ছে আমাদের, দিল্লীতে, কেন্দ্রে, এই বিধান আছে প্রত্যেক বিভাগে একটা কনসালটেটিভ কমিটি আছে, সে কমিটি প্রতিদিন যোগাযোগ রাখে বিভিন্ন বিভাগের সঙ্গে, সেই বিভাগকে পরামর্শ তারা দেয়। এই বিভাগে শিক্ষামন্ত্রী মহাশয় নিজের হাতে ১২ কোটির মধ্যে ৯ কোটি টাকা ব্যয় করবার জন্য ক্ষমতা নিয়েছেন। শিক্ষা সচিবের সঙ্গে অনুগ্রহভাজনদের যাতে এই টাকা বিতরণ করা না হয়, এই বিধানসভার সদস্য নিয়ে একটা কনসালটেটিভ কমিটি এখানে তিনি করুন এই ব'লেই আমার বক্তব্য শেষ করছি।

[12-30—12-40 p.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, as the last speaker on this side it is my duty perhaps to summarise our arguments but before I do so, I would like to place before the Council for its consideration an item to which I had occasion to refer very briefly in course of my discussion on the budget. Sir, when we are discussing appropriation we are to consider if the total appropriations are quite adequate for the demands upon the funds of the State. I must admit that so far as that is concerned, the Government have been very careful and the Government have imposed sufficiently remunerative taxes upon the people in order to ensure that what they have demanded may be met by way of revenue.

The second question that presents itself to me is—has the distribution of the total appropriations between the different heads of expenditure been just and fair? With regard to this, submissions have been made to you, Sir, from this side of the House by Sj. Snehangsu Acharya. He has argued and I have no desire to repeat the figures that he has presented to you. He has argued that in a social service State much more ought to be spent on social services than on mere administration. What the Government have done is to spend much more on departments other than what are called nation-building departments. This is a charge that I level against the Government. Up till now we have not received any reply from any of the members of the opposition to this question of ours.

In the third place, Sir, I would consider the appropriation from another point of view. Is the total appropriation in excess of what the Government is normally able to spend? There is the story of large amounts not being spent in almost all the departments. There is also the story that at the end of the financial year there is a certain extravagance on the part of the different departments. The result is that the money that is spent during the close or at the close of the financial year is not allocated judiciously. In this connection I would repeat my demand for the creation of an Estimates Committee in West Bengal. I argue, Sir, that appropriations have been far in excess of what the Government is in a position to spend. The Comptroller and Auditor General in his report for the year 1950-51 pointed out that the voted grants—I am thinking of the voted grants only, not of the charged grants—were 18.2 per cent. in excess of the actuals. In 1952-53 according to the same authority voted grants for voted items were 23.8 per cent. in excess of the actuals. In 1954-55 the voted grants were in excess to the extent of 12 per cent. in relation to the actuals. Sir, the same picture is repeated so far as the charged items are concerned. The position, therefore, definitely is that Government have been appropriating year after year money that they are not in a position to spend. That is to say, they have no schemes for it or they have not been able to set up a sufficiently efficient administrative machinery in order to spend the money that they take out of the pockets of the people. It is in this connection that I have raised the demand for the establishment of Estimates Committee. This device has been accepted by the British Parliament and right back in 1950 Lok Sabha established an Estimates Committee. The function that has been allocated to the Lok Sabha Estimates Committee seems to be—I am not reading from the official report but from what I have taken from the official report—as follows:—to report what economy and improvements in the organisation, efficiency or administrative reform consistent with the policy underlying the estimates may be effected; to suggest alternative policies in order to bring about efficiency and economy in administration; to examine whether the money is well laid out within the limits of the policy implied in the estimates; to suggest the forms in which estimates shall be presented in the Parliament. Sir, late Dr. V. Mavalankar, whose death we shall ever

mourn, on April 1, 1950, emphasised that the main objectives of these Committees should be as follows:—

(1) to associate with the Government as large a number of members as possible not only in the ways in which the administration is carried on but also to make them conversant with the various problems that Government have to meet from day to day;

(2) to exercise control on the Executive so that they do not become oppresive or arbitrary;

(3) to influence the policies of the Government;

(4) to act as a liaison between the Government and the general public.

Sir, not only the Lok Sabha but a number of States have come, I should say definitely came to the decision long before that there should be Estimates Committees—in Andhra, in Bombay, in Kerala, in Madhya Pradesh, Madras, Mysore, in the former PEPSU, Punjab, Rajasthan, the former Shaurastra and the former Vindhya Pradesh—there are or ought to be the Estimates Committees. I see that the Finance Minister has been good enough to come and be present here. I would request him to consider it. I know, "this Estimates Committee may serve as a sort of bottle-neck"—that is an argument that is advanced by the Government here. But the experience of some of the State Governments, the experience of Lok Sabha goes to prove that it has become a success; otherwise they would have abandoned it. Sir, this control on the Finance Department is absolutely necessary.

Sir, I will now summarise very briefly our charges against the Government and in this connection I would, in the first place, refer to the counter-charges that Shri R. L. Sinha levelled against us. He said that we do not want co-operation. Sir, in 1952 we from this side suggested that with regard to education, with regard to community development and with regard to question of food, all the parties ought to go together and Government ought to seek co-operation of the members of the Opposition. They did not listen to us at all. Shri R. L. Sinha has said that we are opposed to all sorts of co-operation. Sir, we have also argued that with regard to development schemes, particularly community development, the progress is not as satisfactory as it should have been. Sir, with regard to community development our charge is that the Government have not been able to enthuse the people in the countryside, they have not been able to harness the moral and the material support of the common man. This has been admitted by Mr. Sinha. Sir, I would suggest, let the Government invite co-operation of the members of the Opposition. I do rely upon community development for the future progress of the country and I hope, Sir, that the Chief Minister will consider this aspect of the question.

[At this stage the red light was lit.]

One or two minutes more, Sir.

[12-40—12-50 p.m.]

Sir, as a remedy against this evil I would suggest that the Government invite the co-operation of the members of the Opposition. I do realise the importance of the Community Development for the future progress of the country and I hope that the Chief Minister will consider this aspect of the question.

Sir, our position with regard to industry is this. Industries after industries are being closed by the owners. Why don't the Government recommend to the Government of India that steps should be taken under

the Control of Industries Act? Do I understand that the Minister of Industry and the Chief Minister are not capable of running this institution so well? Sir, they will get at their disposal the workers including the Managers of some of these institutions.

Sir, one word more and I will finish, that is with regard to making cholera inoculation compulsory in West Bengal. On the 3rd of July, just one year ago, I put a question to which a very funny answer was given by the Chief Minister. The Minister of Health also spoke. My question was as follows—it was by way of supplementary—"Will the Government consider the desirability of making anti-cholera inoculation compulsory and for that purpose introduce appropriate legislation?" The Health Minister said that the Government would consider that but the Chief Minister all on a sudden stood up and enunciated a theory which belongs perhaps to the 19th century. He said, "The honourable member knows that even in England there are conscientous objectors who do not get vaccinated. If we make anti-cholera inoculation compulsory and force people to get inoculated there would be a tremendous outcry. So it is much better that this is done voluntarily and we do not force them to do it." To this, Sir, my humble reply was this. "Does not the Chief Minister think that the reply he has given smacks of 19th century social ideas only?" I hope, Sir, the Chief Minister has revised his opinion with regard to this question and he will before long bring forward legislation so that in West Bengal cholera inoculation may be made compulsory in the discretion of the Government

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Chairman, Sir, it appears to be a growing practice of this House to repeat things ad nauseum not only once but thrice. The first point that I was asked by the member of the Opposition was, why the post of Director and Secretary had been united. Sir, thrice I had replied to that question and I am not going to waste the time of the House by repeating my answer again.

The next question that was raised is that we are doing nothing to remove the grievances of the primary teachers. My friend Sj. Monindra Chakravarty appears to be playing a double game. He went to me on deputation some time ago and raised this question before me and got the answer from me and I thought he was satisfied with the answer given to him, but after all he has got to keep himself in the position of a leader of a group of primary teachers and therefore he must ventilate those grievances again here on the floor of the House. But, Sir, what are the grievances—is it about provident fund for the teachers? There is provident fund for teachers in Bihar but in spite of that they are now quite prepared to accept the scales of pay current in West Bengal. Sir, during the last 10 years the salary of the primary teachers has been revised thrice—once in 1948-49, then in 1950-51 and then in 1956-57. The pay of the primary teachers of category A in 1946-47—just before independence—was Rs. 32.50 naye paise and now it is Rs. 67.50 nP. for the A category. B category teachers were getting Rs. 24.50 nP. in 1946-47 and now their pay is Rs. 62.50 nP. and the pay of the C category was Rs. 20.50 nP. in 1946-47 and now it is Rs. 52.50 nP. So far as Basic trained teachers were concerned in 1949-50 an Assistant Teacher's salary was Rs. 45.94 and now it is Rs. 72.19. A Head teacher in 1949-50 was getting Rs. 65.62 and now his pay is Rs. 91.87. Compare these with the scales of a more prosperous and populous State like Bombay where there are three scales—Rs. 35—40, Rs. 40—65 and Rs. 60—80. Sir, we know our duties and we are anxious to do our duties by the primary teachers. If. Dr. Monindra Chakravarty goes on ventilating their grievances there won't be any new salvation for them. He cannot bring remedies by his pleading. After all he is a newcomer to the Legislature.

The next question is about the extension of primary education in the municipalities. Sir, we are quite anxious that primary education should be universal and compulsory in the municipalities, and because we are anxious we have addressed letters to them asking what they propose to do in the matter of the introduction of compulsory primary education there.

[12-50—1 p.m.]

It is, after all, the duty of the municipalities to initiate or to formulate their programme in the first instance under the law. In Part III of the Bengal Primary Education Act, 1919, if you read you will find what is stated there. Section 6(1) of the Act says: "If after complying with the directions of the Provincial Government the Commissioners are of opinion that primary education of all boys, not being less than six or more than ten years of age, should be made compulsory within the municipality, or in part thereof, they may apply to the Provincial Government in such a manner as may be prescribed by rules made by the Provincial Government for permission to introduce compulsory primary education for such boys." We have drawn the attention of all the municipalities to this matter of extending primary education in the municipal areas and we have asked them to formulate their schemes and to submit them as early as practicable. Only one municipality has so far replied, five or six municipalities have taken time but all other municipalities have kept mum. This is the position. [Noise and interruption from the Opposition benches.] There is no use in making noise. Extension of primary education is one of the most important duties of local authorities in most advanced countries. Local bodies should initiate their programmes and it is their endeavour which is to be supplemented and helped by the State. Let us see the present position in our country. The expenditure on primary education is made from different funds. In Bombay from Government funds they spend 62.9 per cent., from District Board funds they spend 4.4 per cent., and from municipal funds they spend 18.1 per cent. In Madras they spend 76.2 per cent. from Government funds, from district board funds they spend 12.4 per cent. and from municipal funds they spend so low as 6.6 per cent. In U.P. they spend 68.6 per cent. from Government funds, from district board funds they spend as much as 15.2 per cent. and from municipal funds 9.6 per cent. In West Bengal, Sir, the Government spend 77.7 per cent., the highest percentage amongst the go-ahead States in India, and the District Boards spend 7.7 per cent. What do the municipalities spend here? They spend 6.4 per cent.—the lowest percentage. Is it the contention of those persons who come from municipal areas that the extension of primary education should not be a joint enterprise at all—joint enterprise of the municipalities and the State? After all, Government will make their best endeavour to promote free and compulsory education for the benefit of the people up to a certain stage because the Constitution so directs. Will the municipalities therefore take moral holidays? Is that the idea? That idea cannot be supported. Even people of the rural areas who have much less resources, i.e., who are poorer people contribute towards the primary education fund. They are contributing in the shape of education cess and tax. True. Education cess and tax do not yield more than 50 lakhs of rupees and it is true again, that the Government spends the balance of 5 crores and odd. Just at the beginning of our independence the expenditure from the State fund on primary education in West Bengal was one crore and a half. Now it is 5 crores and 51 lakhs. Poorer people in the rural areas are contributing to the expenditure on primary education in the shape of education cess and taxes, but should the richer people of the municipalities go scot-free and not contribute? Or is it because the Commissioners do not dare impose education tax lest they are not returned in the next elections?

There is another question that has been raised about the judgment of the High Court and the wasteful expenditure incurred in the matter of selection of the teachers by the Public Service Commission. I do appreciate that persons who did not wait to hear my reply the other day have ventured to raise the question. What was the High Court's judgment, Sir? Let me quote the actual words: "The only point here is purely a constitutional one. It is unfortunate that such a question should be canvassed to test what normally would be considered to be quite a laudable course of having the suitability of teachers tested by an independent body like the Public Service Commission. But the only question with which the Court is concerned is not one of policy but of law and legal rights." They further said.....

Dr. Monindra Mohan Chakrabarty: Read out the whole judgment.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I am prepared to read out the whole judgment only if I can get time to show what mischief some of the members of this House were doing by raising a false cry before the public and deluding the teachers.

The High Court further said towards the end of the judgment: "The Constitution does recognise the possibility of extending the functions of the Public Service Commission. Article 321 of the Constitution provides *inter alia* that an Act made by the Legislature of a State may provide for the exercise of additional functions by the State Public Service Commission as respects the services of the State and also as respects the service of any local authority constituted by law or of any public institution. Aided school is a public institution. Here is a provision of Constitution whereby additional functions can be entrusted to the State Public Service Commission but it can only be done by an Act of the State Legislature under Article 321 of the Constitution."

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I rise on a point of order. The point is this. The Minister has forgotten so much that he used the expression "false cry and deluding the people". This is very unfair. I would like your ruling on the point.

Mr. Chairman: It is not unparliamentary. He is quite in order.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, we should pass such an Act and we are contemplating to bring forward such a Bill.

As the time is short and the Chief Minister has got to give his reply I resume my seat.

[1—1-10 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am glad that Mr. Acharya has raised the question that why our industries are closing down, and if we can do something in this respect or not. Sir, I can tell him that industries are closing down because they are not finding it worthwhile to continue in Bengal.

Because friends of the Opposition create so much row in the streets of Calcutta, they create so much row in the different industrial concerns that many of them have come and told me that they want to move away from here to some other place. On the one hand you cry and shout that there is unemployment, on the other hand you do just the thing that will create more unemployment in this province, and why is that?

Sir, during the last few months there have been two or three occasions where people were moved by the different unions recruiting for their activities on food front and the refugee front. I was aghast, I was surprised at the callous way in which the members of the different unions were proceeding. They did not bother whether food was coming at all or not. What they wanted to show was that one party must show that they are more capable of controlling the public or the refugee or the food-affected persons than the other. Sir, what happens is this. A letter came from one party and I gave an answer. Immediately the other party telephoned to me, "You have given one answer to this party; you have not sent one answer to us; or you have given two letters to this party, you have not given two letters to us." Sir, it is very awkward for us to place this matter to the public and they will not say that this party is being favoured and not the other party. These unions are playing ducks and drakes with their employees which they are supposed to control in our State. Sir, we read in the old times in the "Paradise Lost" description of Hell as "hot, cold, moist and dry—four champions strive for mastery". These different groups remind me of that. They are striving for mastery and not for relieving the distress, as far as I can see.

That brings me to the question of co-operation raised by Shri Nirmal Bhattacharyya. Often enough I have discussed this matter. Just now you have heard my friend Shri Rai Chaudhuri. He said that he has discussed with the representative of the primary teachers and he thought he was satisfied, but was he satisfied? No, because he had to make a speech here in order to keep up his position before the primary teachers. That is the whole difficulty, the unreality of the whole situation. Let Professor Nirmal Bhattacharya come to my room; it is not the place where I can discuss the thing in detail. I can assure him that times without number when people seemed to be quite satisfied with the discussion that took place, immediately after coming in the Legislature, when the Legislature is in session, they do just the reverse. Often enough we have met in committees. Sir, as far as I understand public affair, it means that you have to strike a balance between people belonging to different ideas. We yield somewhere, we give in somewhere, we exchange ideas and so on until we come to some compromise formula. The compromise formula is not probably satisfactory to some people. You cannot have satisfaction everywhere. A compromise formula was placed before the House. Twenty amendments came from those very persons who were party to the compromise. They will argue, "yes, there was a formula like that but I was in a minority; therefore, I have every right to move that." Is that the way you begin to co-operate? Co-operation necessarily means one thing, namely, first of all you trust one another and then discuss and bring about a sort of compromise from different points of view. I quite see in common human affairs there are certain points of view. I do not say one is more correct than the other. In human affairs there is bound to be some difference of opinion in certain matters. But, Sir, where is the end? How are you going to solve the problem—the problem can only be solved by a method of give and take. Once this is done—once you have confidence in this give and take policy it will open up new avenues of solution. Simply crying 'co-operate', 'co-operate' won't lead us anywhere. If things are done in this fashion there is bound to be misunderstanding afterwards. So you must adopt this give and take method.

Another question has been raised and it is about the Community Development block. This also is an item of co-operation. Attempt has been made and is being made to ascertain the direction of the Central Community Development Department. As you know, Sir, this is being directed by

the Centre. We are trying our level best to get the people in the villages included in it. I ask my friends in the opposite side to have patience. People are not yet accustomed to do a thing in co-operation and you cannot expect to do so overnight simply by a fiat from Government. We have not yet learnt to work together.

Sir, there are certain points raised by Sj. Annada Prosad Choudhuri about rules and regulations about the Burdwan Community Development blocks. These matters can be discussed by the department concerned. I am referring to the general principle. Community Development Block movement was started about 5 or 6 years ago in order to bring about a sort of compromise arrangement co-working between the different groups of people either in the villages or in the towns. As a matter of fact I was thinking whether this can be extended to the rural areas. I am hoping to start some such movement to extend this to the rural areas very soon.

Now, Sir, about the discussion of the Appropriation Bill. The remarks and the criticisms of most of the speakers were so much out of picture of the realities of the situation that it is very difficult for me to give any answer to the issues raised. Whether a thing is correct or incorrect they want to put everything against the Government and want to place it on record by saying those things here in this House. Sir, I wish them well and I wish them luck and I ask them—the members of the House—to pass the Appropriation Bill today.

The motion of Sj. Sasanka Sekhar Sanyal that the West Bengal Appropriation (No. 2), Bill, 1958, as passed by the Assembly, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July 1958, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Appropriation (No. 2) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the Council for its recommendations, be taken into consideration, was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 1-10 p.m., till 9 a.m. on Tuesday, the 8th July, 1958, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra.
Banerjee, Sj. Tara Sankar.
Basu, Sj. Gurugobinda.
Bhuwalka, Sj. Ram Kumar.
Nausher Ali, Janab Syed.
Prodhan, Sj. Lakshman.
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Tuesday, the 8th July 1958.

bustee-dwellers live. Only the "service" type of latrine was found in the sample, each of which was used by 21.1 persons on the average. Sir, to comment on this position is superfluous. The Hon'ble Minister did not in fact give us a correct figure—possibly he did it deliberately because the financial allocation that has been made by his Government is extremely meagre.

[11-30—11-40 a.m.]

Sir, I do not want to anticipate the amendments of which I have given notice, but I believe I can just refer to them. I do not know if the Hon'ble Minister will be good enough to accept some of those amendments but I fell that if these amendments are not accepted, the Bill will remain more or less a useless instrument in the hands of the Government. Sir, Mr. Sanyal has referred to the financial aspect of slum clearance in detail. I do not want to enter into it. But I feel, Sir, that some beginning has to be made somewhere and it is for this reason that we welcome the principles behind the Bill, hoping at the same time that some of the amendments of which notice has been given will be accepted by him. There is one very great deficiency in the Bill. It has been pointed out that some slums which admit of being improved will be improved but the methods of improvement or the lines of improvement have not been indicated. In the previous Calcutta Slum Clearance Act there was a provision and it was clearly indicated in the Act itself that certain steps have to be taken towards improvement. He has done nothing of the kind and this, Sir, appears to me to be a very serious difficulty. Then, Sir, in the name of improvement Government might take it into their head to maintain bustees. Possibly, the Minister confessed in the Lower House that most of the bustees would hardly admit of any improvement whatsoever and it would be necessary to demolish them and rebuild them. The provision for improvement is there and hence I argue that some details at any rate ought to have been mentioned. Sir, the most serious problem that faces us is that Government is not willing to spend much. I know that they are financially handicapped. I also know that the money that they are getting from the Government of India is meagre. I also know that a good deal of funds which might have flowed into our treasury today, have flown into the Central treasury and we do not get an adequate, just and equitable share of what we ought to get but in spite of that the pathetic complacency of the Government is really very much disturbing. We accept the principle behind the Bill and we hope that when a new set-up comes into existence on the other side the Bill will be considerably improved. We are hoping that the people in West Bengal will sweep out of power the people who are in power today and who are occupying the other side and we may provisionally accept the Bill with the hope that we shall bring about a widespread and drastic improvement of the Bill in order to do real good to the people of bustees. That is, Sir, all my submission in connection with this Bill.

Sj. Devaprasad Chatterjea: Mr Chairman, Sir, I am really glad that at least two of my friends from the Opposition have come forward to congratulate the L.S.G. Minister for bringing out this Bill. My esteemed friend, Mr. Sanyal, who is a pastmaster in oration, has gone to attack the Minister that he was fundamentally wrong in bringing this Bill of Slum Clearance unless he could solve the problem of proverty, and unemployment was rid out from this unhappy land of ours. It is like that you won't build anything unless you build a Tajmahal. When everybody in the House and, as a matter of fact, everybody outside this House knows the appalling condition of the people who are living in the bustees inside this

big city as also in other important towns of West Bengal, I find no reason why the Government should not bring any Bill for the clearance of the plague-spots in the City. Anybody who ever cares to visit any bustee area will only find the people making out a miserable existence in their hutments where practically the living condition is non-existent. There is no water and no light. From our experience as municipal councillors we have had occasion to visit our brethren living in the bustees and we are simply shocked.

Sir, it is no wonder that our Prime Minister Pandit Jawaharlal Nehru should be declaring the bustees as our national shame and he would bring out some measures at least to see that there is a beginning to solve this national problem. Sir, if we have to listen to learned arguments put forward by them then we have to wait for years before we could do something to solve this problem. So I would welcome the measure that at least small beginning is better than no work done. Sir, even my friends Mr. Sanyal and Mr. Snehangsu Acharya have been found to be contradictory in their statements. Mr. Sanyal wants this Bill to have within its jurisdiction the whole of West Bengal—in fact the Bill has in view all the towns and cities of West Bengal—but I wonder how the Government can simultaneously take up the question of slum clearance in all towns and cities of West Bengal. Mr. Acharya has given out figures of about 80 crores for only clearing the slums in Calcutta. He has perhaps lost sight of the figure of compensation that the Government will have to pay in addition to the building up of the tenements of 132,000 for accommodation of the bustee dwellers. Sir, you can think of the huge cost of slum clearance for the city of Calcutta alone that it will exceed at least one hundred crores of rupees. So, if the work is taken up simultaneously in all the cities and towns of West Bengal the work can never be well commenced. Therefore, to be methodical and systematic a beginning should be made in a particular place and if its operation is successful the area of operation can certainly be extended.

Sir, the Bill of course has some lacuna. That is another point and that can be discussed when the clauses come up for discussion and I would suggest that the Minister in charge of the Bill may suggest some improvement in future date, but that does not mean that we cannot take up the Bill for discussion in this Session and should shelve it for some future date.

Sir, I find that there are some difficulties in prior acquisition of lands—bustees, bustee lands and structures—we are to find out alternative accommodation for the bustee dwellers because we have a condition that the bustees can be acquired only after we find out alternative accommodation for the bustee dwellers and this definitely means that we should find out some alternative sites for building up alternative accommodation for these bustee dwellers. Secondly, the Act obviously would have its area of operation the whole of Calcutta or extend it to other towns, i.e., bustees which are beyond the operation of this Act and which are under the operation of Calcutta Municipal Act or the Calcutta Improvement Trust Act. You know, Sir, Calcutta Improvement Trust has been acquiring in its normal course of work some bustees and there the ordinary Land Acquisition Act is coming in the matter of compensation and also for the Calcutta Corporation these things are done under the Land Acquisition Act. Sir, there may be difficulties and there may be incongruities if under the Slum Clearance Act Government acquires bustee lands under certain principles and the Calcutta Improvement Trust or the Calcutta Corporation acquire bustee land under certain other principles. I would like the Minister in charge of the Bill to look into this aspect of the question.

[11-40—11-50 a.m.]

Then, Sir, there is no provision in the Bill for giving all amenities to the bustees. This cannot be just now brought under the operation of this Act. Sir, it is natural that we cannot afford such fabulous sum of Rs. 100 crores overnight for the doing away with insanitary conditions of the bustees. Bustees will be there for a long time. It is necessary that the bustee people should be properly rehoused during this interim period. There should be some provision, with the help of the local authorities, that the bustees should have minimum civic amenities in the shape of water-supply, lighting, roads and other sanitary measures which are practically nin-existent in bustees, not to speak of mofussil towns, but within the heart of the city proper.

I find that this Bill is a very welcome measure at least it shows that the Government is going in the right direction. Some of our learned friends have hinted that this is for saving the aristocracy of Calcutta. I would say it is not for saving the aristocrats, but it is going to liquidate them. It is for saving the down-trodden millions of Calcutta. I welcome the measure in the words of our poet—

"শুধু দিন যাপনের, শুধু প্রাণধারণের গ্লানি
সরমের ডালি,
নিশি নিশি রুদ্ধ ঘরে ক্ষুদ্র শিখা স্তিমিত দীপের
ধূমাঙ্কিত কালী।"

and I thought when our poet wrote these favourite lines he had these bustee people in his mind. I would congratulate the Minister that he has at least brought a measure to end the কলঙ্কের কাহিনী for all time.

Sj. Manoranjan Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটার উদ্দেশ্য হচ্ছে—

with a view to the removal of insanitary and unhygienic conditions prevailing therein, the provision of better accommodation and improved living conditions for the slum-dwellers, and the promotion of public health generally, and for certain other matters connected therewith.

এই উদ্দেশ্য এ্যাপারেন্টলি সাধু মনে হচ্ছে, কিন্তু এঁরা যে ব্যবস্থা করেছেন, যেখানে বস্তির সংখ্যা চার হাজার এবং লোকসংখ্যা সাড়ে পাঁচ লক্ষ এবং ফ্যামিলির সংখ্যা প্রায় দেড় লক্ষ, সেখানে এ সমস্তের সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে এটা ওভারনাইট করা যাবে না, দীর্ঘ সময় লাগবে, কিন্তু পরিকল্পনা যা করেছেন তাতে মনে হচ্ছে এটা এক রকম ইমপ্র্যাকটি-কেবল স্কীম। কেননা, চার হাজার বস্তিকে এবং সাড়ে পাঁচ লক্ষ লোককে ও দেড় লক্ষ ফ্যামিলিকে রিহ্যাবিলিটেশন করতে কত সময় লাগবে এবং কতটা স্থান লাগবে এটা হিসাব কোরে যদি দেখাতেন তাহলে জিনিসটা স্পষ্ট এবং বোধগম্য হত। সেগুলি সম্বন্ধে তিনি একেবারে নিস্তব্ধ হয়ে গেছেন। আমরা দেখতে পাচ্ছি যে চার হাজার বস্তির ৫০টা কোরেও যদি বছরে নেওয়া যায় তাহলেও কত বছর লাগে, আর ৫০টা কোরেও পারবেন কি জানি না। আর কুড়িটা কোরে নিলে ত দুশ বৎসর লাগবে।

তারপরে যে অলটারনেটিভ একোমডেশনএর ব্যবস্থা করছেন তাও হবে

within a radius of one mile from the slum area—

এবং প্রত্যেককে বাসস্থান দেবেন। এই যে দেবেন—এটা কি কোরে প্রতিপালন করবেন এ আমরা বুঝতে পারি না। কেননা আমরা জানি কলিকাতায় বাসস্থানের সংখ্যা এত কম যে একজন যদি একটা বাড়ী থেকে উঠে যায় তাহলে আর একটা বাড়ী পাওয়া কঠিন। সেক্ষেত্রে কি কোরে এদের

স্থানচ্যুত করবেন, তাদের এক মাইলের মধ্যে বাসস্থান ঠিক কোরে দেবেন—একথা সাধারণ বুদ্ধিতে ত আসে না। সেটা যদি খুলে বলতেন তাহলে আমাদের পক্ষে বুঝবার সুবিধা হত। আগে যে একটা বাড়ী কোরে তারপরে উঠিয়ে দেবেন—সে কোথায় করবেন?

কলিকাতায় কি বাড়ী আছে, যেখানে সাড়ে পাঁচ লক্ষ লোকের রিহ্যাবিলিটেশন করবেন, সে রকম স্থান কলিকাতায় কোথায় আছে—

within a radius of one mile.

যদি বলতেন কলিকাতায় বাহিরে যাব, সুবার্বে যাব তাহলে বুঝতাম। কিন্তু বলে দিচ্ছেন—

within a radius of one mile—

তাহলে এটা কি কোরে সম্ভব হবে? এই কারণে আমার মনে হয় জিনিসটা একেবারে ইম্‌প্র্যাকটিকেবল। সুতরাং বিলটা যিনি ড্রাফ্‌ট করেছেন তাঁর সুস্থ মস্তিষ্ক আছে বলে মনে করতে পারি না। তিনি হয় কল্পনাবিলাসী, না হয় তাঁর সুস্থ জ্ঞানের অভাব আছে।

তারপরে স্লামএর অবস্থা এত শোচনীয় এবারের কলেরা এপিডেমিক সম্বন্ধে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, তা থেকে জানি, কারণ আমি এমন একটি এরিয়াতে বাস করি যেখানে স্লামএর সংখ্যা খুব বেশী এবং গত কলেরায় আক্রমণের সময় ব্যক্তিগতভাবে যেসমস্ত স্লাম নিয়ে কাজ করেছি তাতে দেখেছি সেখানে হাইজেনিক কনডিশনের এমন শোচনীয় অবস্থা যে তা সহ্য করতে পারা যায় না।

It cannot brooke a day's delay.

কলিকাতা ইম্‌প্রুভমেন্ট ট্রাস্টের সঙ্গে তুলনা করে বলছি যে কলিকাতা ইম্‌প্রুভমেন্ট ট্রাস্ট ১৯১১ সালে স্থাপিত হয়েছিল, এখনও তার কাজ চলছে, এবং আরও অনেক কাল চলবে। কিন্তু তার কাজের সঙ্গে এ কাজের বিশেষ পার্থক্য আছে। এখানে স্বাস্থ্যের প্রশ্ন, এখানে মানুষের জীবনমরণের প্রশ্ন। কাজেই ইম্‌প্রুভমেন্ট ট্রাস্টের যে সময় লেগেছে তারচেয়ে বেশী সময় লাগবে এবং মন্ত্রী মহাশয় কমপ্লেসেন্টলি বলছেন

It will take one hundred years.

তা যদি হয় তাহলে এরকম বিলের প্রয়োজন আছে বলে মনে করি না। কলেরার আক্রমণ এখনও চলছে দেখছি, দৈনিক ১০০-১২০টা করে কলেরার আক্রমণ হচ্ছে। অথচ সেখানে সমস্ত বস্তি-বাসীদের তুলে দিয়ে বিল্ডিং তৈরী করে তাদের বাসস্থান করে দেবেন।

তারপরে বাসস্থানের ডিফিকালটিজ যে রয়েছে, একোমোডেশন যে দেবেন—একখানা বা দুখানা ঘর দেবেন—এবং তার রেন্ট কি হবে, তারা দিতে পারবে কিনা তা এই বিলে বলা হয় নাই; বস্তীবাসীদের ভিতর অনেক রকম ক্লাস আছে, অত্যন্ত দুঃস্থও আছে। তারা কিভাবে বাস করবে, কি পরিমাণ রেন্ট দেবে সে সম্বন্ধে বিশেষ কিছু মন্ত্রী মহাশয় বলেন নি। তাদের ব্যক্তিগত অভিজ্ঞতার অভাব আছে বলেই এইরকম একটা স্বপ্নবিলাসী স্কীম তৈরি করেছেন। সেজন্য বলছি যদি বাস্তবিক দরিদ্র বস্তিবাসীদের দুঃখে হৃদয় কাঁদত তাহলে সর্ট টার্ম এবং লং টার্মএর ব্যবস্থা করা উচিত ছিল। এ ছাড়া হাইজিনিক কন্ডিসনএর যাতে অবশ্য উন্নতি হয় তার ব্যবস্থা করা উচিত ছিল। সেখানকার যারা জমিদার তারা এইসব উন্নতির পরিপন্থী। সেজন্য সেখানে জমিদারের যে স্বত্ব আছে সে স্বত্ব গ্রহণ করে নিয়ে বস্তিবাসী যারা আছে তাদের যদি অর্থ সাহায্য করার দিকে অগ্রসর হতেন তাহলে অল্প সময়ে অনেক কাজ করা যেতে পারত। কিন্তু তা না করে এই যে বিল আনলেন তাতে বহু অর্থ ব্যয় হয়, বহু লোকের দুঃখ দুর্দশা বাড়বে। পূর্ববঙ্গ থেকে যারা আগত তাদেরই তো আপনারা যেখানে এখনও রিহ্যাবলিটেশন করতে পারলেন না, সেখানে এদের করবেন কি করে? আপনারা মেজরিটির জোরে সব করতে পারেন, কিন্তু ভবিষ্যৎ বংশধর আপনাদের ক্ষমা করবে না। সুতরাং মনে করব যে বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে বাস্তবিক যারা বস্তিবাসী আছে তাদের জন্য উন্নতির ব্যবস্থা করবেন। সেদিক থেকে এই বিলে বাস্তব দৃষ্টিভঙ্গি নেই বলে এটা দি বিল ইজ মোস্ট ইম্‌প্র্যাকটিকেবল। এটা আরও ইম্‌প্র্যাকটিকেবল কেননা উইদিন দি রেডিয়াস অব ওয়ান মাইল আপনারা তাদের কিছুতেই বাসস্থান দিতে পারবেন না। সেজন্য এই বিলকে সার্কুলেশনএ দেবার যে প্রস্তাব আছে তা আপনাদের গ্রহণ করা উচিত।

[11-50—12 noon.]

Janab Abdul Halim:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় মন্ত্রী জালান সাহেব, আমাদের সামনে যে বস্তি অপসারণ বিল এনেছেন সেই বিল পড়ে আমার মনে হয় যে বস্তি অপসারণ করে তাতে পুনর্বাসনের যে কথা আছে তা মোটেই কার্যকরী হবে না। এই বিলের দ্বারা কোলকাতাকে সুন্দরময় করবার যদি কথা থাকত তাহলে আপত্তি থাকত না, কিন্তু এই বিলের দ্বারা বস্তীবাসীর স্বার্থরক্ষা না হয়ে স্বার্থবাদী জমিদারদেরই স্বার্থ পুরাপুরি রক্ষিত হবে। দরিদ্র কেরানী, দোকানী, মিস্ত্রি, শিক্ষক, মজুর ইত্যাদি সমস্ত সাধারণ লোক এইসব বস্তিতে বাস করে। বস্তি অপসারণ হলে পর তারা কোথায় যাবে, তাদের জীবিকার কি হবে সেসব কথা এই বিলের মধ্যে নেই। ১৯৫৬ সালে কোলকাতা বস্তি সম্বন্ধে যে অনুসন্ধান হয়েছিল তাতে জানা যায় যে, বস্তির মোট লোকসংখ্যা পাঁচ লক্ষ একত্রিশ হাজার পাঁচশত, পরিবারের সংখ্যা এক লক্ষ বত্রিশ হাজার চারশত এবং চার হাজার বস্তি কোলকাতায় আছে। ১৯৪৯ সালের রিপোর্টে জানা যায় যে এই সংখ্যা আরও বেশী ছিল—৬ লক্ষ ৭৮ হাজার ১০০ এবং পরিবারের সংখ্যা ছিল এক লক্ষ ৭৫ হাজার ২০০। অর্থাৎ ৮-৯ বছরের ভেতরে প্রায় তিন-চার লক্ষ লোককে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বস্তি থেকে অপসারিত করেছে। কিন্তু এই সমস্ত লোক বস্তি ভাঙ্গার পর যে কোথায় গেল সেটা আর কেউ জানে না। তারা হয়ত বজবজ, হাওড়া ইত্যাদি সমস্ত জায়গায় গিয়ে আরও পূতিগন্ধময় বস্তিতে বাস করছে এবং হয়ত সেখানে বেকার হয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বস্তি ভেঙ্গে যে জায়গা ইমপ্রুভ করেছে সেখানে বড় বড় বাড়ী হয়েছে, কোলকাতা সুন্দর হয়েছে সত্য কথা, কিন্তু সেখানে যারা ছিল তারা আজ কোথায় যে কিভাবে থাকছে তা কেউ চিন্তা করে না। তারপর বস্তি উন্নয়নের ব্যাপারে গভর্নমেন্ট বলছেন যে আড়াই কোটি টাকা খরচ করে বিল্ডিং তৈরী করে সেখানে তাঁরা তাদের ব্যবস্থা করবেন। কিন্তু সঙ্গে সঙ্গে দেখতে হবে আজকে কোলকাতায় যেসমস্ত লোক বস্তিতে বাস করে তাদের শতকরা ৫৮·৭৮ ভাগের মাসিক আয় এক হতে একশত টাকা, শতকরা ৩২·৮২ ভাগের মাসিক আয় হচ্ছে ১০১ হতে দুইশো টাকা, শতকরা ৬·৪৯ ভাগের মাসিক আয় হচ্ছে ২০১ থেকে ৩৫০ টাকা, শতকরা ১·৫৩ ভাগের মাসিক আয় হচ্ছে ৩৫১ থেকে ৭০০ টাকা, শতকরা ০·৩৮ ভাগের মাসিক আয় হচ্ছে ৭০০ টাকার উপর। ১৯৪৯ সালে তাদের আয় আরও কম ছিল। তারপরে ভাড়াটিয়াদের কথা আমরা জানি তাদের আয় খুব কম, ৫০ থেকে ১০০ টাকার মধ্যে। কোলকাতায় বস্তিবাসীদের মধ্যে শতকরা ৭৭·৮৬ ভাগ একটা কামরায় বাস করে, ১৫·২৭ ভাগ দুটো কামরায় বাস করে, ৪·৯৬ ভাগ তিনটা কামরায় বাস করে এবং ১.১৫ ভাগ চারটি কামরায় বাস করে এবং এই সমস্ত বস্তি অধিবাসীদের মধ্যে শতকরা ১৫·৪২ ভাগ পরিবার নিজেদের বাড়ীতে বাস করে এবং ৮৪·৫৮ ভাগ ভাড়াটিয়া হিসাবে বাস করে, বর্তমানে যারা বস্তিতে বাস করে তারা ভাড়া দেয় ১০ টাকা পর্যন্ত এবং আমরা জানি সে প্রায় ৫৬ হাজার মানুষ ১৪ হাজার পরিবার ৫ টাকা ভাড়া দেয়, দুই লক্ষ ৫৮ হাজার মানুষ ৬ টাকা থেকে ১০ টাকা ভাড়া দেয় তারপরে বহু লোক ১৬ থেকে ২০ টাকা ভাড়া দেয় এবং কেউ কেউ হয়ত ২১ থেকে ৫০ টাকা পর্যন্ত ভাড়া দেয়। আজকে বস্তিতে যেসমস্ত মিস্ত্রী, কারিগর প্রভৃতি লোক বাস করে সেসমস্ত লোক আশেপাশে ছোটখাট শিল্প, ব্যবসা করে জীবিকার্জন করে কেউ হয়ত ছোটখাট লোহার কারখানা, মৃৎশিল্পের কারখানা করে জীবিকার্জন করে এইভাবে নানা উপায়ে জীবিকার্জন করে। আজ যদি বস্তি ভেঙ্গে দেওয়া হয় এবং ভেঙ্গে দিয়ে এই সমস্ত লোককে অপসারণ করা হয় তাহলে তাদের জীবিকার্জনের কি ব্যবস্থা হবে এই বিলে তার কিছুই দেখতে পাচ্ছি না। এরকম ৫ লক্ষ লোক তারা স্ত্রী-পুরুষ নিয়ে সেখানে বাস করছে, তাদের মধ্যে অনেকেই নিজেরা বাড়ী তৈরী করেছে। কাজেই আপনারা এই সমস্ত লোককে বস্তি ভেঙ্গে দিয়ে আজ তাদের ছিন্নবিচ্ছিন্ন করে দিয়ে উদ্বাস্তুতে পরিণত করতে যাচ্ছেন। তা ছাড়া আর একটা কথা আমাদের বিবেচনা করতে হবে যে, এই সমস্ত বাড়ী তৈরি হওয়ার পর যদি বাড়ী ভাড়া বেশী হয় তাহলে সেখানে সেই সমস্ত লোক এসে থাকতে পারবে কিনা। আমরা মনে করি যে কোলকাতায় যদি বাড়ী ভাড়া ১০ টাকার বেশী হয় তাহলে সেই সমস্ত লোক কোলকাতা ছেড়ে চলে যেতে বাধ্য হবে। তাঁরা বলছেন যে এক মাইলের মধ্যে অল্টারনেটিভ য়্যাকমডেশনের ব্যবস্থা করবেন, কিন্তু কিরকম অল্টারনেটিভ য়্যাকমডেশন ব্যবস্থা করবেন? শুধু

সেখানে একটা করে কামরা আপনারা দেবেন কিন্তু তাতে তাদের জীবিকার্জনের কোন সুবিধা হবে না। কাজেই সেখানে তারা কি করবে, কি খাবে, তার কোন ব্যবস্থা আমরা দেখছি না। কাজেই আমি মনে করি যে মন্ত্রী মহাশয় এই যে বিল এনেছেন বাস্তব দৃষ্টিভঙ্গি দিয়ে তিনি এই বিল আনেন নি। আমরা সত্যই কলকাতাকে সৌন্দর্যময়ী করতে চাই, পরিচ্ছন্ন করতে চাই —এর বিরোধিতা কেউ করে না, আমিও করি না। বস্তীবাসীরা যে আবর্জনাময়, পূতিগন্ধময় পরিবেশের মধ্যে বাস করে সেটা আমরা দূর করতে চাই এবং তার জন্য আমরা ঠিক করেছি আড়াই কোটি টাকা খরচ করবো। কিন্তু এই সমস্ত জিনিস সম্পূর্ণ করতে আমাদের একশো বছর লাগবে, সেই একশো বছর সেই সমস্ত মানুষ কোথায় বাস করবে। কোথায় তারা যাবে?

[12—12-7 p.m.]

কাজেই আমরা মনে করি মন্ত্রী মহাশয় এই বিল বাস্তব দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করে আনেন নি। তিনি যদি সত্যিই কলকাতাকে সৌন্দর্যময়ী ও পরিষ্কারপরিচ্ছন্ন করতে চান তাতে কারুর আপত্তি হতে পারে না। বস্তির আবর্জনা দূর হোক, পূতিগন্ধময় অবস্থা অপসারিত হোক এটা আমরাও চাই। কিন্তু বস্তিগুলি ভেঙ্গে তা করতে গেলে ১০০ বৎসর লেগে যাবে। এই ১০০ বৎসর তারা কোথায় বাস করবে। এজন্য ঋণ করতে হবে, এবং ঋণের উপর আবার সুদ দিতে হবে। তারপর, আবার কমপেন্সেশনএর প্রশ্নও আছে। কারণ কলিকাতা থেকে জমিদারী উচ্ছেদ করা হয় নি। বর্তমানে যেসমস্ত মালিক আছেন জমিদার আছেন তাঁদের যদি সুবিধা দেওয়া হোত তাহলে তাঁরাও বাড়ী করতে পারতেন। বর্তমানে যে স্কীম আছে সেই স্কীম অনুযায়ী যদি কার্যকরীভাবে বস্তিগুলি রিমডেলিং করার জন্য, রাস্তাঘাট করার জন্য, টিউবওয়েল্ করার জন্য কুটিরের মালিকদের ঋণ দেওয়া হোত তাহলেও অনেক কাজ হোত। কিন্তু কলিকাতা পৌর প্রতিষ্ঠানের সেরকম কিছু পরিকল্পনা নাই। কলিকাতা পৌর প্রতিষ্ঠান বস্তিগুলি থেকেই বেশী ট্যাক্স আদায় করে। জমিদারী প্রথা উচ্ছেদ করে এবং ঠিকা প্রজা আইন বদলিয়ে এবং মিউনিসিপ্যাল অ্যাক্ট বদলিয়ে বস্তিগুলির উন্নতি করবার জন্য যদি কুটিরের মালিকদের উপযুক্ত পরিমাণ ঋণ ও ইট শুরকি ইত্যাদি দেওয়া হয় তাহলেও বস্তিগুলির উন্নতি করা যায়। কলকাতায় প্রতি বৎসর হাজার হাজার লোক কলেরা, বসন্ত প্রভৃতি সংক্রামক ব্যাধিতে মারা যায় অথচ যেসমস্ত মালিক আছে তারা বস্তির কোন উন্নতি করতে পারে না। এই অবস্থায় যদি কলকাতাকে উন্নত করতে হয় তাহলে কিছু টাকা সরকারকে খরচ করতে হবে। কলিকাতার বস্তিগুলির রিমডেলিং করে সেইসব বস্তিবাসীদের থাকবার ও খাবার ব্যবস্থা যদি সুনিশ্চিত করতে হয় তাহলে একটা স্কীম অনুযায়ী কাজ করতে হবে, কিন্তু এই বিলে তার কিছুই আমরা দেখতে পাই না। আমাদের মনে হচ্ছে, গত সাধারণ নির্বাচনে কংগ্রেস কলিকাতায় হেরে গিয়েছে বলেই প্রতিশোধমূলক ব্যবস্থা হিসাবে এই বস্তি অপসারণ বিল আনতে উদ্যত হয়েছেন। কবে বস্তি তৈরী হবে তার কিছু ঠিক নাই। কিন্তু ইতিমধ্যে যেসব স্বার্থপর জমিদার ও স্বার্থান্বেষী লোক রাজনীতি করে হয়তো এই বস্তির অপসারণ নিয়ে রাজনীতি করছে তাদের সুবিধা হবে। কিন্তু বস্তিবাসীদের জীবিকার কি ব্যবস্থা হবে সেদিকে লক্ষ্য রেখে এই মন্ত্রী-মণ্ডলী কাজ করছেন না। কলিকাতার দুষ্টক্ষতস্বরূপ বস্তিগুলি অপসারিত হয়ে কলকাতা সৌন্দর্যময়ী হয়ে উঠুক এটা অন্যান্য সকলের মত আমরাও কামনা করি, কিন্তু তা করতে হলে যে বাস্তব দৃষ্টিভঙ্গির দরকার তা এই বিলের মধ্যে কোথাও নেই এবং যেভাবে এই বিলটা ড্রাফটেড হয়েছে তাতে বস্তিবাসীদের সত্যিকারে কোন উপকারই হবে না। বরং বস্তির অবস্থা বর্তমানের চেয়েও আরো বিপজ্জনক হয়ে উঠবে। বর্তমানে বস্তির যে অবস্থা তা নরকেরও অধম মনে করা যায়—এক-একটা কামরার ভিতরে লোকে কিভাবে বাস করে তা আমরা কল্পনাও করতে পারি না। এই কংগ্রেস দশ বৎসর রাজত্ব হাতে পেয়েও এবং কলিকাতা কর্পোরেশনে গত ২৫ বৎসর থেকেও বস্তির মানুষদের কোনরকম সুবিধা দিতে পারেন নি। মানুষের জীবনে বরং তারা আরো অভিশাপ নামিয়ে এনেছেন। আজকে তাঁদের মধ্যে কিছুটা হিউম্যানিটেরিয়ান আউটলুক এসেছে। কিন্তু এই হিউম্যানিটেরিয়ান আউটলুক যদি কার্যে রূপায়িত করতে হয় তাহলে পূর্বোক্ত সমস্ত রকম ব্যবস্থা অবলম্বন করতে হবে এবং প্রধান কথা, জনসাধারণের সহযোগিতা নিতে হবে। এই বলেই আমি এই বিলটা সার্কুলেশন দেওয়ার প্রস্তাব সমর্থন করছি।

Adjournment

The Council was then adjourned at 12.7 p.m. till 9 a.m. on Monday, the 21st July 1958, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra.
Banerjee, Sj. Tara Sankar.
Bhuwalka, Sj. Ram Kumar.
Choudhuri, Sj. Annada Prosad.
Choudhury, Sj. Birendra Nath.
Dutt, Sjta. Labanyaprova.
Halder, Sj. Gopal Chandra.
Sanyal, Dr. Charu Chandra.
Saraogi, Sj. Pannalal.
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Monday, the 21st July, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday, the 21st July, 1958, at 9 a.m., being the Eleventh day of the Fifteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

QUESTIONS

(to which oral answers were given)

[9—9-10 a.m.]

Refugees within Raiganj Municipal areas and the relief measures for them

13. Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister in charge of the Regugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) the number of refugees within the Municipal areas of Raiganj and the proportion of such refugees to the total population in that area; and

(b) the steps taken in the financial year 1957-58 for—

(i) advancing—

(1) agricultural loan,

(2) cattle-purchase loan,

(3) artisans' loans, and

(4) other loans

to these refugees,

(ii) giving gratuitous relief to them,

(iii) test relief works,

(iv) helping old and invalid persons among those refugees, and

(v) students of poor refugee families?

The Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'ble Prafulla Chandra Sen): (a) Twenty-seven thousand and 60 per cent. approximately.

(b)(i) (1) to (3) Nil.

(4) House-building loan (urban)—Rs. 1,35,200.

Small trade loan—Rs. 61,000.

(ii) Cash dole—Rs. 1,375.

T. B. Grant—Rs. 10,396.

Marriage grant—Rs. 2,400.

(iii) Nil.

(iv) Cash dole—Rs. 1,175.

(v) Number of students—650.

Amount of stipend given to them—Rs. 42,355.

Sj. Sasanka Sekhar Sanyal: With reference to the Hon'ble Minister's answer to (b)(i) (1) to (3), may I know, so far as the loans are concerned, why agricultural loan and cattle purchase loan were not granted to these refugees referred to?

The Hon'ble Prafulla Chandra Sen: In urban areas we do not give either agricultural loan or cattle purchase loan.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether it is not the policy of the Government to allot agricultural land to refugees even if they reside in urban areas?

The Hon'ble Prafulla Chandra Sen: That, Sir, is a hypothetical question.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state with reference to (b) (1) and (2) what is the occupation of these refugees who live in the urban area, and why are they not granted agricultural loans or cattle purchase loans?

The Hon'ble Prafulla Chandra Sen: I would ask for notice but I may tell my honourable friend that most of them are engaged in small trades.

Sj. Sasanka Sekhar Sanyal: Since the Hon'ble Minister has stated that most of them are engaged in small trades, may I know why in reference to (b) (3) the answer is that artisans' loans were not advanced to any of them?

The Hon'ble Prafulla Chandra Sen: There are no artisans in that area. You know that small traders mean those who deal in small trades.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state that these refugees have been given loans for small trades but not loans as artisans?

The Hon'ble Prafulla Chandra Sen: So they have been given loans for small trades.

Sj. Sasanka Sekhar Sanyal: What is the nature of the small trades for which such loans are said to have been advanced?

The Hon'ble Prafulla Chandra Sen: I cannot give the honourable member a detailed list, but it is in the nature of small shops generally.

Sj. Sasanka Sekhar Sanyal: What is the nature of the shops—tea shop or pan-biri shop?

The Honble Prafulla Chandra Sen: Might be a tea shop or a pan-biri shop.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether there is any allotment for rehabilitating them on the basis of artisans' occupation?

The Hon'ble Prafulla Chandra Sen: This is dealt with by the Refugee Businessmens' Rehabilitation Board. They deal with such cases and not the Government directly.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Will the Hon'ble Minister be pleased to state the number of persons who are suffering from T. B.?

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, I would ask for notice.

Number of villages in Birbhum district under Model Village Scheme

18. Janab Abdul Halim: Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(a) how many villages in Birbhum district have come under the Model Village Scheme;

(b) how many villages in the flood-affected areas have been built in Birbhum district under this Scheme; and

(c) how much money has been allotted for Birbhum district under this Scheme?

The Chief Minister and Minister for Development (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): (a) Four.

(b) None.

(c) No special allotment was made in respect of Model Village Scheme. Allotment made for construction of houses under the "Build Your Own House" Scheme covered the houses in the Model Villages.

Janab Abdul Halim: Will the Hon'ble Chief Minister kindly state what is the number of places in the district where model villages can be built?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information.

Janab Abdul Halim: Will the Hon'ble Chief Minister kindly state why only four villages have been taken?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I may explain to my friend the exact position. When after the flood of 1956 the question arose as to whether we could give them building grant for repairing houses or rebuilding their houses, the question arose as to whether we should rebuild any other houses with mud as previously or whether we could make some other provision. On that "Build You Own House" scheme came and the total cost of a house of 12′ × 10′ comes to more or less Rs. 300. The rule of the Government of India was that in cases of destruction of houses due to flood etc., they will give up to Rs. 300 for repair of the houses. Now what we asked the Government of India is that instead of giving them Rs. 300 to have their kutcha houses rebuilt why should not they themselves do some work and also get pucca houses? From this two things necessarily follow. One is that the men got pucca houses and secondly, that they begin to take a little more interest in what they actually built. In course of doing this work, as I have said before, about 15 crores of bricks have been burnt and about 14,000 or 15,000 houses have been built up till now. In course of doing that work we found that some areas where the land was so low that it would not be possible or useful to have houses built in that land and in areas where such conditions prevailed we approached the villagers whether they would be prepared to go over to new places and rebuild their houses, and in the case of Birbhum district we have got four areas where we have been able to do this. The villages are, Muluk Kalitola, Panchasoa, Sarisa and Thiba, of which houses are under construction in three of the above four villages and the houses in Panchasoa have not yet been completed. In order to build these villages it was necessary to have land, it was necessary to have roads, tanks and community hall apart from the building of the houses. The arrangement was that we collected money from donors—not Government money—who would give the land necessary for having model village and also to construct roads and tanks and community hall. The rest of the expenditure in these villages are from the "Build Your Own House" scheme each individual house being governed by the rules that operate in the course of the scheme. This is the present position.

Janab Abdul Halim: Will the Hon'ble Chief Minister kindly state what amount of money has been allotted to "Build Your Own House" scheme?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There is no money allotted to "Build Your Own House" scheme. We are spending it. We approached the Government of India. They promised to give us something but no money has been granted yet.

Janab Abdul Halim: Is the Hon'ble Chief Minister aware that in village Thiba there is a scheme for 54 houses, only 22 houses have been built, but 19 of them are without any roof?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The question here is not of "Build Your Own House" scheme, but the question is of "Model Village" scheme.

Janab Abdul Halim: My question is that in the village Thiba there is a scheme for 54 houses, only 22 houses have been built and 19 of them are without any roof.

[9-10—9-20 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no figures for that. You asked for Village Scheme and I have got the figures for that.

Sj. Sasanka Sekhar Sanyal: Since the Hon'ble Minister was good enough to say that the Government of India promised some money—and he has asked for money but he has not yet got it—may I know whether the Government of India while they made the promise gave an idea of the amount that will be available for the West Bengal Government?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: In talks they have agreed to the principle but they have not actually allotted the money.

Dr. Monindra Mohan Chakrabarty: May I know from the Chief Minister whether in all the flood-affected areas such schemes are operating?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There are two parties to it. One is our willingness to give them help and the other is people's willingness to do the work. Wherever the people have asked for it or the Magistrates or S. D. Os. have gone to the villages and asked them to take up the work, we have given them help. For instance, in the district of Birbhum, I find the total number of people is 1424, but there may be more—I do not know. Therefore, we have got to feel our way and to find out how far the people are interested in building their own houses.

Dr. Monindra Mohan Chakrabarty: My point was to elicit information from the Chief Minister if, as he says, the District Magistrate or the officer concerned approaches them and finds that the money intended is not covered by the scheme, people come forward whether their scheme will be considered.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It will be considered. The present scheme is to consider the cases of flood-affected areas, but I may tell you I have approached the Government of India recently. The Housing Department Minister, Mr. Reddy, came here and I told him that this scheme, if people want it, should not be limited to the flood-affected areas; there are other villagers who want to do it and we should help them. He said he would consider it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Will the Hon'ble Minister please state the financial year in which the Government of India held out the hope that they would be assisting us financially in respect of this scheme?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Last year we discussed that and we hope they will consider that. As a matter of information I may tell you that the Government of India have their own scheme of building their own villages, not our scheme, that is to say, not affecting flood-affected areas. I have asked them whether they cannot take this scheme into that. They have said they will consider.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Will the Hon'ble Minister please state if all the schemes mentioned by him in the district of Birbhum are situated in the Community Development areas?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It has nothing to do with the Community Development Project at all. It was applicable to the flood-affected area.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I know that. Will the Hon'ble Minister please state if these areas are situated within the development areas?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Some may be and some are not. As I have said before, 14,000 houses have been built; some of them are in Community Project areas, some are not. As a matter of fact the scheme of the Community Project is quite different from this scheme. It applies to every place where there was flood and the people are willing to help building their own houses.

Committee on Petitions

Mr. Chairman: In accordance with the provision of rule 86 of the West Bengal Legislative Council Procedure Rules, I nominate the following seven members of the Council to form a Committee on Petitions with the Deputy Chairman as presiding officer:

(1) Sj. K. P. Chattopadhyay,
(2) Sj. Nirmal Chandra Bhattacharyya,
(3) Dr. Monindra Mohan Chakrabarty,
(4) Janab Shaikh Md. Jan,
(5) Sj. Rabindralal Sinha,
(6) Sjkta. Santi Das, and
(7) Sj. Surendra Kumar Roy.

GOVERNMENT BILL

The Calcutta Slum Clearance and Rehabilitation of Slum-Dwellers Bill, 1958, as passed by the Assembly.

Mr. Chairman: We shall now resume the discussion of the Slum Clearance Bill. I would ask the honourable members to exercise a little restraint in the matter of time, because we have only two days left. I gather that in the other House they took only 5 days, and considering the strength of our House we should not take more than 3 days.

Dr. Monindra Mohan Chakrabarty: As most of the members have come from the local bodies we would take a little more time.

Mr. Chairman: I hope you will co-operate in the matter.

Sj. Sasanka Sekhar Sanyal: You, Sir, we hope, will co-operate with us in giving us a reasonable time.

[9-20—9-30 a.m.]

Sjkta. Anila Debi:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে বিল উপস্থিত করেছেন,

"Calcutta Slum Clearance and Rehabilitation of Slum-Dwellers Bill,

সে সম্বন্ধে আমি কয়েকটা কথা বলতে চাই। সাধারণত কলকাতায় বস্তিবাসীদের দুঃসহ জীবনযাত্রা এবং অবর্ণনীয় দুঃখ দূর করবার জন্য সরকার পক্ষ আইন করে যদি কোন ব্যবস্থা নেন তাহলে যেকোন চিন্তাশীল মানুষ সে ব্যবস্থার প্রতি নিশ্চয় অভিনন্দন জানাবেন। কিন্তু দুঃখের সঙ্গে এখানে স্বীকার করতে হচ্ছে যে, যে উদ্দেশ্যের কথা মন্ত্রী মহাশয় এখানে বলেছেন এবং বিলের মধ্যে যেসমস্ত তথ্য আমরা পেয়েছি তাতে মনে হয় সে উদ্দেশ্য এবং কার্যকরী পন্থার মধ্যে একটা নিদারুণ প্রভেদ রয়েছে। আমরা জানি যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২ কোটি ৮০ লক্ষ টাকা বস্তি উন্নয়নের জন্য ভারত সরকার কর্তৃক নির্দিষ্ট হয়েছে। কিন্তু এই অর্থ যৎসামান্য এবং এ দিয়ে কলকাতার বস্তি উন্নয়ন করা কোন ক্রমেই সম্ভব নয়। পঞ্চবার্ষিকী পরিকল্পনার তিন বছর কেটে যাবার পর হঠাৎ সরকার বিল উত্থাপন করছেন সেই অর্থ কাজে লাগানোর জন্য। কিন্তু সমস্যা যেখানে গভীরতম, ব্যাপকতর, অর্থ যেখানে সংকীর্ণ সেখানে এই বিলের মধ্যে এমন কিছু পরিকল্পনা দেখছি না যাতে সেই স্বল্প অর্থে সরকার প্রকৃত বস্তির উন্নয়ন করতে পারেন। বিলটার রন্ধ্রে রন্ধ্রে দেখা যাচ্ছে উন্নয়নের কোন পরিকল্পনার পরিবর্তে যেন সরকারী ক্ষমতা সমস্ত বস্তিবাসীদের জীবনের উপর ন্যস্ত করে দেবার এক ষড়যন্ত্র রয়েছে। মন্ত্রী মহাশয় এই বিলটা উত্থাপন করবার সময় বললেন যে কায়েমী স্বার্থকে আঘাত করবার জন্য এই বিল তিনি উপস্থিত করছেন। কিন্তু বিলের চেহারা এবং তাঁর বক্তব্যের মধ্য দিয়ে একথা স্পষ্টতর হয়েছে—যে কায়েমী স্বার্থের কথা তিনি উল্লেখ করেছেন সেই কায়েমী স্বার্থদের স্বার্থহানির সম্ভাবনা ঘটাচ্ছেন না, বরং দুঃসহ কষ্টে পীড়িত বস্তি-বাসীদের সামান্য বাসস্থানের যে নিরাপত্তা ছিল, সেই নিরাপত্তাকে তিনি বিপন্ন করে দিচ্ছেন। স্বার্থ রক্ষিত হচ্ছে কায়েমী স্বার্থদের আর স্বার্থ বিপন্ন হচ্ছে তাদেরই যাদের কল্যাণকল্পে এই বিলকে উপস্থিত করতে চান, সেই কলকাতার পীড়িত বস্তিবাসীদের। বস্তিবাসীদের কল্যাণ কি কোরে হতে পারে—সরকার পক্ষ থেকে নিশ্চয় চিন্তা করে দেখবার অধিকার আছে। কিন্তু আমার বক্তব্য কি বিলের কোথায় তো দেখছি না সেই বস্তিবাসীদের দুঃখের কোন কথা শুনবার কোন সুযোগের? যাদের কল্যাণে কাজ করবেন তাদের বক্তব্য, শোনবার, তাদের সঙ্গে একটু পরামর্শ করবার কোন সুযোগ যদি থাকত তাহলে বুঝতে পারতাম মন্ত্রী মহাশয় এই বিল উত্থাপন করবার সময় যে উদ্দেশ্যের কথা বর্ণনা করেছেন সে উদ্দেশ্য হয়ত বা রক্ষিত হতে পারে। কলকাতার বস্তিগুলি প্রতিষ্ঠিত হয়েছিল যখন তখন এই বস্তির যাঁরা মালিক ছিলেন, বর্তমানে তাঁরা শুধু ট্যাক্স আদায় করেন বস্তি থেকে, মালিকানা আর নাই। অথচ এই বস্তি উন্নয়ন বিলের মধ্যে দিয়ে সেই চলে যাওয়া মালিকদের ডেকে এনে একটা ক্ষতিপূরণের ব্যবস্থা করা হয়েছে। এবং এই ক্ষতিপূরণের পরিমাণ দেখে মনে হয় যেন তাঁদেরই মঙ্গল করার উদ্দেশ্যে এই বিল। এক কথায় বলা যায় সেই ক্ষতিপূরণ অত্যন্ত বেশী মাত্রায় দেবার ব্যবস্থা করা হয়েছে। জমির দাম নির্দিষ্ট করা হয়েছে, বিলে ১৯৪৬ সালের দাম অনুযায়ী, কিন্তু বস্তিগুলি তো এই ১৯৪৬ সালের অনেক আগে থেকে। কাজেকাজেই এই যে দাম তাঁরা নির্দিষ্ট করছেন এই দাম সম্বন্ধে বিবেচনা করবার প্রয়োজন রয়েছে। আমি মনে করি এই বস্তির মালিক যারা তারা যে পরিমাণে খাজনা আদায় করে সেই হারে অন্তত এই ক্ষতিপূরণের সীমারেখা নির্দিষ্ট করা উচিত। সেইভাবে করলে শতকরা পাঁচ থেকে পনের ভাগের বেশী ক্ষতিপূরণের হার ঠিক করা উচিত নয়। কম্পেনসেশন দিচ্ছেন, এর ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে কারা—ক্ষতিগ্রস্ত হচ্ছে বস্তিবাসীরা। যারা সব চাইতে দরিদ্র এবং যারা ভাড়াটিয়া তারা। কারণ আমরা দেখতে পাচ্ছি টাকার ক্ষতিপূরণ বাবত বস্তির যারা মালিক তাদের দেওয়া হচ্ছে তার দরে লেসীদের দেওয়া হচ্ছে তারপরে সাব-লেসীদের দেওয়া হচ্ছে। কিন্তু যে বস্তিবাসীর উন্নয়নকল্পে উচ্ছেদ করা হচ্ছে সেই বস্তিবাসীদের প্রাপ্য কি? তাদের মাত্র চলে যাবার খরচটুকু প্রাপ্য ধার্য করা হচ্ছে। যারা সামান্য শিল্প কাজ করেন স্থানচ্যুত করার সময় তাদের সেই শিল্প কলকারখানা স্থাপন করবার জন্য মাত্র সেইটুকু খরচের ব্যবস্থা করা হচ্ছে। আর কম্পেনসেশন যেটা লস অব

য়্যাকোমোডেশন-এর জন্যে তা অতি সামান্য পরিমাণে বরাদ্দ করছেন। অবস্থা যখন এই কিকরে তখন বুঝব যে সরকারের বিলের উদ্দেশ্য কলকাতার এই বস্তিবাসীদের উন্নয়নকল্পে? তাদের জন্য সামান্যতম ব্যবস্থা করতেও যেখানে কুণ্ঠা তার বদলে কায়েমী স্বার্থকে আরও কায়েমী করবার জন্যে যেখানে ব্যবস্থা সেখানে এই বিলটার উদ্দেশ্যকে বাক্যে যতখানি পল্লবিত করে বলা হউক না কেন সেই উদ্দেশ্য সম্বন্ধে আমরা আশংকা প্রকাশ করেই ক্ষান্ত হতে পারি না, আমরা তার প্রতিবাদ জানাতেও বাধ্য। 'স্লাম ক্লিয়ারেন্স' এই কথাটার মধ্যে যেন সম্পূর্ণ তাৎপর্য নিহিত রয়েছে। উচ্ছেদ অর্থাৎ পরিষ্কার করে দিচ্ছেন, উন্নত করে দিচ্ছেন না। আমার মনে হয় শুধু উচ্ছেদের মাধ্যমে কলকাতা মহানগরীকে হয়ত কিছু পরিষ্কৃত করবার উদ্দেশ্য থাকতে পারে, বাইরের কাছে সেটা হয়ত প্রশংসার কাজ হতে পারে, কিন্তু এই যে প্রায় ছয় লক্ষ বস্তিবাসী রয়েছে তাদের জীবন একেবারেই যে ক্লিয়ার করে দেবার ব্যবস্থা করছেন, এ কোন মঙ্গলজনক উদ্দেশ্য থেকে তা আমরা বুঝতে পারছি না। বস্তিবাসীদের উন্নয়নের নাম করে বস্তিবাসীদের উচ্ছেদ করে যেন সান্ত্বনা পেতে চান। কানা ছেলে জন্ম গ্রহণ করলে তার চক্ষের চিকিৎসার জন্য বৈজ্ঞানিক পন্থা অবলম্বন না করে পিতামাতা যদি তার নাম পদ্মলোচন রাখেন, তাহলে তাদের হয়ত মানসিক শান্তি হতে পারে কিন্তু সেই ছেলের ভবিষ্যতে পদ্মলোচন হবার কোনো সম্ভাবনা থাকে না। কাজেকাজেই মন্ত্রী মহাশয়—এই বিলের যে উন্নয়নমূলক নাম দিয়েছেন, সেটা ঐ কানা ছেলের পদ্মলোচন নাম দেবার মত। সরকার তাতে সান্ত্বনা পেতে পারেন। কিন্তু আমাদের বস্তিবাসীদের জীবনের ব্যাপকতর দুঃখ ব্যাপকতমই হয়ে দাঁড়াবে, কোন উন্নয়নের ব্যবস্থা হবে না।

তারপর আর একটা ত্রুটি খুব বড় বলে আমার মনে হয়েছে, এই ব্যবস্থার সমস্ত অধিকার সরকার রেখেছেন নিজের হাতে। বিলে বর্ণিত উন্নয়ন ব্যবস্থা পরিচালনার জন্য কেন কোন প্রতিনিধিত্বমূলক বোর্ড তৈরি হবে না? এই বোর্ডের মধ্যে অন্যান্য সদস্যদের সঙ্গে বস্তি-বাসীদের পক্ষের প্রতিনিধিও সদস্য হিসাবে কেন থাকবেন না? সুতরাং আমার নিজের সুপারিশ মন্ত্রী মহাশয়ের কাছে বিনীতভাবে রাখবো—সমস্ত ক্ষমতা সরকারী দপ্তরের করায়ত্ত যেন তিনি না করেন। কারণ সরকারী দপ্তরের কার্যকলাপ আমরা সবই জানি, সেখানে স্বেচ্ছাচার চলে। সুতরাং প্রকৃত কল্যাণ সাধন যদি করবার ইচ্ছা থাকে, তাহলে এমন একটা বোর্ড তাঁরা তৈরি করুন, যে বোর্ডের পরিচালনাধীনে সামান্যতম উন্নয়নের ব্যবস্থা হতে পারে। আর ব্যাপকভাবে পরিকল্পনা গ্রহণ না করে বস্তিবাসীদের উচ্ছেদ না করে, তাদের জন্য পাকা বাড়ী তৈরি করে তার উপর ভাড়া নির্দিষ্ট করে তাদের ফিরিয়ে আনবার জন্য পরিকল্পনা করুন। যে অর্থ তাঁরা পেয়েছেন এতে তার সদ্ব্যয়ই হবে। হয়ত মন্ত্রী মহাশয় বলবেন, বস্তিবাসীদের উন্নয়নের দায়িত্ব কর্পোরেশনের উপরও রয়েছে। এখানে আমার বক্তব্য হচ্ছে 'ভাগের মা গঙ্গা পায় না'। এই দুর্ভাগ্য বস্তিবাসীদের উপর না চাপিয়ে দিয়ে যে স্বল্প অর্থ রয়েছে, তা দিয়ে বস্তির যথার্থ উন্নয়নের কাজে হাত দিন। মালিকের ক্ষতিপূরণে যে টাকার অঙ্ক বরাদ্দ করেছেন, তাই দিয়ে অল্প অর্থই থাকবে, সুতরাং সামগ্রিকতার স্বপ্ন ছেড়ে বস্তিবাসীদের জীবনযাত্রার মান কিছুটা উন্নত করবার জন্য অর্থাৎ আলো, পথঘাটের ব্যবস্থা জলের ব্যবস্থা, বৈজ্ঞানিক শৌচাগারের ব্যবস্থা ইত্যাদি, আশু প্রয়োজনীয় প্রকৃত উন্নয়নমূলক কাজ করবার জন্য তারা মনোনিবেশ করুন। তাহলে একই সময় সমস্ত বস্তিবাসীর কিছু কিছু উন্নয়নের কাজ তাঁরা করতে পারবেন। সেই দৃষ্টিভঙ্গী থেকে এই বিল পুনর্বিবেচনা করে পুনর্রচিত করবার দাবী আমি মন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করছি।

তাঁরা মনে করেন তাঁদের যে কোন উদ্দেশ্যকে আমরা সমালোচনা করি তাঁদের যেকোন কার্যপন্থাতে বুঝি আমরা বাধা সৃষ্টি করতে চাই; কিন্তু তা মোটেই নয়। যেখানে দেখি লক্ষ্য ও কার্যপন্থার মধ্যে আকাশপাতাল ব্যবধান আছে, সেখানে সমালোচনার কষাঘাত করতে চাই। মন্ত্রী মহাশয়কে অসম্মান জানাবার জন্য নয়, বরঞ্চ জাতীয় সরকারের মর্যাদাকে উঁচুতে তুলে ধরবার আশায় আমাদের সমালোচনা। তাঁরা জনকল্যাণের জন্য একটা কার্যকরী পন্থা নিয়ে বিলকে সামঞ্জস্যমূলক, ব্যাপকতর করুন। এটা জানি সমস্ত দুঃখকষ্টকে একদিনে দূর করা যাবে না। কিন্তু পন্থা এমনভাবে গ্রহণ করতে হবে যাতে সমস্ত মানুষ বুঝতে পারে, তাদের কল্যাণে কাজ শুরু। যেন অনুভব করতে পারবে অল্প হলেও প্রকৃত কল্যাণের জন্য পরিকল্পনা

গ্রহণ করা হচ্ছে। আমি মনে করি বর্তমানে এই বিলের আকার, এই বিলের প্রকার ও মন্ত্রী মহাশয়ের উক্তির মধ্যে কোন সামঞ্জস্য নাই। এই বিলকে পুনর্বিবেচনা করে পুনঃ রচিত করা উচিত।

[9-30—9-40 a.m.]

Sj. Naren Das:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের প্রারম্ভিক বক্তৃতা শুনে আমার এই ধারণা হয়েছে যে, বস্তি সমস্যা, যে সমস্যা শতাব্দী যাবৎ কলকাতা মহানগরীর বুকের উপর গড়ে উঠেছে, তার কারণ তিনি আবিষ্কার করতে পারেন নি। এর কারণ যদি সামাজিক বা সমাজ দর্শন সম্পর্কিত হয় তাহলে তার যে প্রেসক্রিপশন বা তার যে সমাধান তাও সমাজ দর্শন সম্পর্কিত, আর একে যদি শুধু গৃহনির্মাণের সমস্যায় ভাবি তাহলে গৃহনির্মাণ সঠিক হবে।

মন্ত্রী মহাশয় তার প্রারম্ভিক বক্তৃতায় যে কথা বলেছেন তাতে আমার এই ধারণা হয়েছে—এই বস্তি সমস্যাকে কেবল একটা কনস্ট্রাকশন অব হাউস বিল্ডিংএর সমস্যার দিক দিয়ে এই সমস্যাকে দেখছেন। কিন্তু তাঁকে জিজ্ঞাসা করি—১৮০১ সালে কলিকাতা মহানগরীর জনসংখ্যা এক লক্ষ ৪০ হাজার ছিল, এবং ক্রমশ বেড়ে ১৯৫১ সালে ২৫ লক্ষ ৩৮ হাজার ৬৩৭এ এসে দাড়িয়েছে এবং তার যে পরিধি ছিল সেটা বেড়ে ১৮ হাজার একশো, ৬৩ একরে এসে দাঁড়িয়েছে। এই যে বিরাট পরিবর্তন এবং কলিকাতার আর্থিক পরিবর্তনের সঙ্গে কিভাবে বস্তি গড়ে উঠেছে, এর সামাজিক দিকটা তিনি দেখেন নি এবং দেখতেও ব্যর্থ হয়েছেন, এবং তারজন্য খুব সহজভাবে সমস্যা সমাধান করতে অগ্রসর হয়েছেন।

প্ল্যানিং কমিশনের একটা এনকোয়ারী কমিটি বসেছিল স্লাম ক্লিয়ারেন্সের উপর, তাঁরা যেভাবে জিনিসটা দেখেছেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয়ের গোচরে উপস্থিত করছি। প্রথম হচ্ছে—

> remedies suggested by the team for the slum prevention are disbursement of the population by shifting the industries from overcrowded cities to villages;

দ্বিতীয় হচ্ছে—

> a firm decision to remove employment extension in congested areas;

তৃতীয় হচ্ছে—

> establishment of self-sufficient and self-contained industrial cities and satellite towns;

এবং চতুর্থটায় আরও সাংঘাতিক কথা বলেছেন—

> improvement of living conditions in villages by providing improvements of the amenities obtaining in the city.

এটা সামাজিক দৃষ্টিভঙ্গী দিয়ে নিশ্চয়ই দেখা উচিত যে কোন গ্রামাঞ্চল থেকে শহরে মানুষ চলে আসে, কেন শহরেতে এই ইন্সেনটিভ দেখা দেয় এবং সেই ইন্সেনটিভ দূর করা এবং গ্রামীণ শিল্পকে সরিয়ে দেওয়া। সেই নীতি সম্বন্ধে প্ল্যানিং কমিশনের যে এনকোয়ারী কমিটি বসেছিল স্লাম ক্লিয়ারেন্স সম্বন্ধে, তাদের রিপোর্টে আছে। কিন্তু মন্ত্রী মহাশয় সেই রিপোর্টের দিকে ভ্রূক্ষেপ করেন নি। তিনি সাধারণভাবে জিনিসটা দেখেছেন, সেইজন্য এই প্রশ্ন হচ্ছে বস্তির জনসংখ্যা কত, এই নিয়ে বহু বিরোধ আছে। ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এক রকম দিয়েছেন, আমাদের আদমসুমারিতে এক রকম এবং সরকার যে কাগজগুলি বিলি করেছেন সেগুলিও অন্য রকম। ১৯৫১ সালের সেন্সাস্ রিপোর্ট থেকে যে হিসাব পেয়েছি, তাতে দেখতে পাই বস্তিবাসীর জনসংখ্যা হচ্ছে—৬,১৭,৩৭৪ আর বস্তির সংখ্যা হচ্ছে প্রায় চার হাজারের কাছাকাছি। তা যদি হয় তাহলে মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য—ভারত সরকার একটা বিল পাশ করেছিলেন ১৯৫৬ সালে তার নাম হচ্ছে স্লাম ক্লিয়ারেন্স এ্যাক্ট, সেই এ্যাক্ট অনুযায়ী কিভাবে কি ধরণের গৃহ নির্মাণ হবে সে সম্বন্ধে কতকগুলি স্পেসিফিকেশন দিয়েছেন। সেই যে স্পেসিফিকেশন দিয়েছেন, তাতে বলা হয়েছে এক একটা বাড়ী যে তৈরী হবে এক একরের

জমির উপর এবং মাল্টি স্টোরিড বিল্ডিং হবে, এবং তাতে ৬০টি করে এক ঘরের কামরা থাকবে এবং তাতে ২৫০ জন লোকের পুনর্বাসন হবে। ২৫০ জন লোকের সেখানে পুনর্বাসন করার জন্য যদি ১ একর জমির প্রয়োজন হয় তা হলে এই ছয় লক্ষের বেশী মানুষের পুনর্বাসনের জন্য ২,৪৭০ একর জমির প্রয়োজন, অর্থাৎ ৭,৩১০ বিঘা জমির প্রয়োজন। মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি এই স্লাম বা বস্তি যদি পরিষ্কার হয় তাহলে ৭,৩১০ বিঘা জমি কি পাওয়া যাবে। তাহলে আপনার ভারত সরকারের যে স্পেশিফিকেশন সেই স্পেসিফিকেশনএ যদি বাড়ী তৈরী করেন তাহলে দেখতে হবে যে জমি আপনারা পাবেন এদের উচ্ছেদ করে তাতে সেখানে তাদের পুনর্বাসন হবে কিনা। এই বিল শুধু স্লাম ক্লিয়ারেন্স নয় এর মধ্যে রিহ্যাবিলিটেশন-এর প্রশ্ন আছে, পুনর্বাসনের প্রশ্ন আছে। পুনর্বাসন না করা হলে এই বিল ব্যর্থ হবে। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এর ব্যয় বরাদ্দ। ব্যয় বরাদ্দ সম্বন্ধে নানা কথা আছে। ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট যে হিসাব দিয়েছেন সেইভাবে কাজ করতে গেলে এভারেজ এক ঘর টেনেমেন্ট তৈরী করতে গেলে ৪,৫০০ টাকা খরচ হয়। ৪,৫০০ টাকা একটা বাড়ীর জন্য যদি খরচ করেন তাহলে সেখানে যত বস্তি আছে সেই বস্তির জন্য যে টাকা খরচ হবে সে টাকার অঙ্ক দাঁড়াবে প্রায় ৮৫ কোটি টাকা। এবং এখানে কম্পেনসেশনএর প্রশ্ন আছে। এখানে পরিবার প্রতি, দুই-তিন খাতে কম্পেনসেশন দেবার কথা আছে, তাহলেও দিতে হবে দুই হাজার টাকা। তাহলে ৩৮ কোটি টাকা দরকার। এই ৩৮ কোটি টাকা আর ৫৮ কোটি টাকা মোট ১১৯ কোটি টাকার আপনার সংস্থান কোথায়। আপনি পাচ্ছেন ২ কোটি ৮০ লক্ষ টাকা। এটা নিঝুক দিয়ে সমুদ্র ছেঁচার অবস্থা। আপনারা বস্তি ধ্বংস করতে চাচ্ছেন, সকলকে পাকা বাড়ীতে রাখতে চেষ্টা করবেন কিন্তু কয়টি বাড়ী এই পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সমাপ্ত হবে জানি না। কিভাবে এটা শেষ করবেন তা যদি ঠিক না থাকে তাহলে এই পরিকল্পনা সম্পূর্ণভাবে ব্যর্থ হবে। আমি জিজ্ঞাসা করি ভারত সরকারের বিল আপনার সামনে থাকতেও আপনারা এই ধরনের দায়িত্বহীন কাজ করছেন কি করে? আজ এই বস্তি অপসারণের ফলে কলিকাতা সহরের নাগরিক জীবনই যে আহত হবে তা নয় অর্থনৈতিক অবস্থাও আহত হবে, এইসব বস্তিতে লোকে অনেক ছোট ছোট ইন্ডাস্ট্রি গড়ে তুলেছে, বস্তিতে ছোট ছোট ব্যবসাবাণিজ্য আছে। এই দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করি। ধরুন একজন ডাক্তার বস্তিতে ডাক্তারী করে, তাকে এন্টালী থেকে তুলে এক মাইলের মধ্যে তালতলায় থাকতে দিলেন। কিন্তু সেখানে যে সংখ্যায় রোগী পেতো সেই সংখ্যায় আর পাবে না। হয়ত তার কম্পেনসেশনএর কথা আছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি একজন সাধারণ জিনিষপত্র যে তৈরি করে যেমন ঘড়া তৈরি করে, হাড়ি কলসি তৈরি করে, কুমারটুলীতে প্রতিমা গড়ায়, তাদের পাকা বাড়ীতে দিতে গেলে তারা কেমন করে ব্যবসা করবে। বস্তি যতই খারাপ হোক সেখানে সে একটু জায়গা পেতো, সেখানে যে খোলা জায়গা পেতো সেখানে সে কাজ করতে পারতো। আপনাদের ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টএর স্ট্যাটিস্টিকাল ব্যুরো যে হিসাব দিয়েছে তা আমার সামনে আছে, তাতে আমি দেখছি কত ধরণের ছোট ছোট ট্রেড সেখানে আছে। তারা বলছে যে ডেয়ারী ফার্ম আছে। এই ডেয়ারী ফার্ম তিন তলায় নিয়ে গেলে তার কি করে চলবে। কেউ রুটির ব্যবসা করে, কেউ কেন-ওয়ার্ক বেতের কাজ করে।

[9-40—9-50 a.m.]

বেকারী আছে, রুটির কারখানা আছে, ছোট ছোট কত কারখানা আছে। চিক তৈরি করে কেন-ওয়ার্ক করে, বেতের কাজ করে, ডেয়ারী ফার্ম আছে, সেসব তারা তিনতলা ব চারতলা বাড়ীতে কেমন করে করবে? তারপর

carpenter, labourers moulder, manufacturer of bidi, manufacturer of glass-works, painter, shoe-maker, duftry, welding

এর কাজ জানা লোক আছে, তাঁত আছে এক ঘরে মানুষ বাস করে অন্য ঘরে তাঁত চালায় দেখেছি, এ ছাড়া ছোট ছোট ব্যবসা যেমন ফুয়েল আছে, একজন সাধারণ বিধবা ৫০-৬০ টাকা রোজগার করে ঘুঁটে তৈরি করে—গোবরের টাকা লাগে না কোন রকম করে দেওয়ালে দিয়ে ৫০-৬০ টাকা রোজগার করে—কেমন করে করবে সেটা যদি বড় অট্টালিকার এক কামরার ঘর পায়?

grocery shop sweetmeat shop, leather business, manufacturing of steel boxes

সমাজজীবনের এতগুলি অর্থনৈতিক ব্যবস্থা বানচাল করে দিয়ে তাদের রাস্তায় বসিয়ে দিয়ে বি পুনর্বাসন আপনারা করবেন? আমরা বুঝতে পাচ্ছি না—এত বড় দায়িত্বপূর্ণ কাজে হাত দেবার আগে ভারত সরকারের বিল অনুযায়ী কেন চলেন না। ভারত সরকার এমন সাবধানতার সঙ্গে চলেছেন যে তাঁরা কোথাও বলছেন না যে তাঁরা বাড়ী তৈরি করবেন—৩নং চাপটারএ প্রথম কথা হচ্ছে স্লাম ইম্প্রুভমেন্ট, তাঁরা পরিদর্শন করে দেখবেন ক'টা বাড়ি খারাপ আছে, মানুষের বাসের অযোগ্য আছে তার উপর কম্পিটেন্ট অথরিটি নোটিস দেবেন যেখানে বিভিন্ন ধারায় তাঁরা বলেছেন ল্যান্ড ওনারকে সেগুলি রিপেয়ার করতে হবে, নতুন করে রিমডেলিং করতে হবে। এবং তার খরচ বহন করবে ল্যান্ড ওনার অব মর্টগেজী বা লেসী, সরকার সেটা করবেন না—বা যদি তা না করে তাহলে সরকার এসে সেখানে পদার্পণ করবে, তারা রিমডেলিং করে সেই টাকা তাদের কাছ থেকে আদায় করবেন। তাদের যে রেভিনিউ—যে বাড়ি ভাড়া পায় সেই টাকা থেকে তার ব্যবস্থা করবেন। তাঁরা সর্বসাকুল্যে ২০ কোটি টাকার বন্দোবস্ত করেছেন এবং স্লাম ক্লিয়ারেন্সএর প্রশ্ন আছে—তারা পারবেন না জেনেই ২০ কোটি টাকা বরাদ্দ করেছেন, তাঁরা পরের ধনে পোদ্দারী করেন নি। কিন্তু পশ্চিমবাংলা সরকার যা করছে, তারা কেমন করে করবে? কাজেই ইমপ্রুভমেন্ট সম্ভব নয়। সেখানে তারা সাবধানতার সঙ্গে এগিয়েছে সমস্ত দায়িত্ব দিয়েছে ল্যান্ড ওনারদের উপর। সেখানে প্রবলেম অব দি হাউসিং ইন ইন্ডিয়া যে বিতরণ করেছে তাতে ভারত সরকার সম্বন্ধে বলা হয়েছে—

> The Government of India introduced a slum clearance scheme in 1956. It is based on two principles. The first principle is that there should be a minimum dislocation of slumdwellers and efforts will be made to rehabilitate them as far as possible as near the sites of the slum.

দ্বিতীয়ত হচ্ছে রেন্ট। এ দুটি দিক তাদের সামনে রেখে তারা এগিয়েছে। তারপর আমরা যদি বাইরে দেখি, ইংল্যান্ডএ লন্ডনএর স্লাম বিখ্যাত স্লাম সেখানে কি করেছে? কথা আছে দেবদূত যেখানে সাহস করে না, অবিবেচক সেখানে ছুটে যায়। তারা সেখানে ১৯৩৬ সালে এই স্লাম ক্লিয়ারেন্সএর কাজে হাত দিয়েছে আর আজকে এই ১৯৫৭ সাল পর্যন্ত সম্পূর্ণ করতে পারে নি। ১৯৫৭ সালে এক মিলিয়ন স্লাম আছে তারা কিভাবে করেছে? তারা সামাজিক দৃষ্টিভঙ্গি থেকে দেখেছে। তাঁরা প্রথমে কতকগুলি ছোট বাড়ী তৈরি করেছেন। সম্পূর্ণভাবে বস্তিবাসীর সেখানে বসবাসের বন্দোবস্ত করা যায় তার জন্য সেখানে বাড়ী করেছেন, এইভাবে তাঁরা ধীরে ধীরে এগিয়ে ১৯৫৬-৫৭ সালে যে পরিকল্পনা নিয়েছেন সেই পরিকল্পনা আপনারা সামনে রাখুন, সেখানে ঐ রকম যে বাঘা মন্ত্রী তিনি কিরকমভাবে স্লাম পরিষ্কার করে দরদী মানুষের মত কাজ করেছিলেন। ১৯৫৬-৫৭ সালে সেখানে ৭৬৬২৯টি বস্তির উচ্ছেদ করেছেন এবং প্ল্যান নিয়েছেন যে তাঁরা বছরে দুই লক্ষ মানুষের পুনর্বাসন করবেন। সেই পরিকল্পনার জন্য তাঁরা নিজেরা দায়িত্ব নেন নি, সমস্তই লন্ডন কাউন্টি কাউন্সিলের উপর ভার দিয়েছেন এই কাজ করতে। তাঁরা সেরকমভাবে সাহস করেন নি যে দুই কোটি ৮০ লক্ষ টাকা দিয়ে এই কাজ করবেন—যেমন আপনারা করবেন—এ রকম নির্বোধের মত পরিকল্পনা তাঁরা নেন নি। তাঁরা হাউসিং স্কীমে লন্ডন কাউন্টি কাউন্সিলকে ৬০ বছরের জন্য সাবসিডি করেছেন। একখানা টেনেমেন্টএর জন্য ২২ পাউন্ড এক শিলিং কোরে দিয়েছেন এবং সেখানকার লন্ডন কাউন্টি কাউন্সিল বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে টাকা ধার করে এই উন্নতি করেছেন। তাঁরা এ দুঃসাহস করেন নি যে তাঁরা নিজেরাই করবেন। তাঁরা একসঙ্গে সমস্ত স্লাম ধ্বংস না করে যাতে রিমডেলিং করা যায়, যেখানে প্যাচিং করা যায় রিপেয়ার করা যায় সেই দিকে এগিয়েছেন। কিন্তু আমরা একেবারে অল অর নাথিং? এইভাবে করতে যাচ্ছি। আর ভারত সরকারের যে নীতি তাঁরা প্রাইভেট সেক্টরকে সর্বদা পরিপুষ্ট করতে চেষ্টা করেন। এবারকার যে পরিকল্পনা তার জন্য ত প্রাইভেট সেক্টরের কাছে বহু টাকা ত রয়েছে। সেখানে সেই প্রাইভেট সেক্টরের কাছ থেকে কিছু টাকা টেনে নেবার চেষ্টা করলেন না। আপনারা যে পরিসংখ্যান দিয়েছেন তাতে দেখা যায় যে দু হাজার টাকার উপর আয় এমন অধিবাসী এবং ৩৫০ টাকার উপর আয় বিশিষ্ট যাঁরা ইনকাম ট্যাক্স দেন সেরকম লোকও বস্তিতে আছে। যদি তাঁদের বলতেন রিমডেল করতে বা যদি লেন্ডহোল্ডার বা লেসীহোল্ডার বা ঠিকা প্রজাকে বলতেন তোমরা এতদিনের ভিতর রিমডেল কর তাহলে তাঁরা তা করতেন। কিন্তু আপনারা সে রাস্তায়

যান নি। আজকে কতকগুলি বস্তি পরিষ্কার করে জমিদারের জায়গা ঠিক করে দিচ্ছেন যাতে তারা বেশী দামে যাঁরা তাঁদের পৃষ্ঠপোষক বা তাঁদের সম্পর্কিত বা বন্ধুবান্ধব আছেন তাঁদের সাহায্য করার চেষ্টা করছেন। এখানে সাধারণ মানুষের কথা আমরা দেখতে পাচ্ছি না। আমি এজন্যই বিরোধিতা করছি। আমাদের প্রথম জোর দেওয়া উচিত ইমপ্রুভমেন্টএর জন্য রিমডেলিং-এর জন্য। আমাদের হাতে টাকা নাই, কাজেই আমরা যদি বড় বড় পরিকল্পনা করি তাতে হবে না। এখানে কিছুদিন আগে ১৯৫৪ সালে

Regional Conference of International Federation of House and Town Planning

বসেছিল তাঁরা বলেছিলেন প্যাচ ওয়ার্ক করতে হবে, এবং তাঁরা বলেছিলেন—

short term palliative measures are indispensable.

কিন্তু আপনারা তা করছেন না। আপনারা সরাসরি পরিষ্কার করার কথা বলছেন, টি, টি, কৃষ্ণমাচারি যে কথা বলেছিলেন পার্লামেন্টে সেই কথাই বলছি—

Government do intend a flexible approach in regard to slum clearance.....

[At this stage the red light was lit.]

Mr. Chairman: You have spoken for fifteen minutes.

Sj. Naren Das: I am not repeating any argument.

Sj. Sasanka Sekhar Sanyal: He is offering very helpful arguments.

[9-50—10 a.m.]

Sj. Naren Das:

স্যার, সেখানে এই ফ্লেকসিবিল এপ্রোচ না নিয়ে ভারত সরকারকে আমরা অনুসরণ করব না। যাদের কাছ থেকে টাকা নেব তাদের স্পেসিফিকেশন ও পলিসি অনুযায়ী চলব না বা অন্যান্য দেশের কোন দৃষ্টান্ত আমরা নেব না। আমরা একেবারে সর্বেসর্বা ডাইভেস্টিং অব ভেস্টেড্ ইন্টারেস্ট। আমরা এবিষয়ে ড্রাস্টিক এ্যাকশন নিচ্ছি। এইসব জিনিস আমরা প্রারম্ভিক বক্তৃতায় শুনলাম এবং মনে হচ্ছে যেন কোন সোস্যালিস্ট জাগরণ শুনছি ট্রেজারী বেঞ্চের কাছ থেকে। কর্পোরেশনকে কোন ভার দেওয়া হল না, তারা কোন ড্রাস্টিক এ্যাকশন নিতে পারেন না। এই ড্রাস্টিক এ্যাকশন ওঁরা নেবেন। আপনারা এইভাবে কোটি কোটি টাকা খরচ করেও কংসাবতী প্রোজেক্ট চালু রাখতে পারছেন না। তাই আমার নিবেদন যে এই বিলকে আবার সেজে ঢালা দরকার, যেমন করে এতে ইমপ্রুভমেন্টের প্রশ্ন আসে। অতএব এই দৃষ্টিভঙ্গী দিয়ে দেখতে হবে যাতে করে কোলকাতা শহরে মানুষ না এসে বাহিরে স্যাটেলাইট টাউন গ্রো করে। তারপর বস্তিবাসীদের উপর এটার ভার দিতে হবে। কৃষ্ণমাচারী বলেছিলেন যে একশো কোটি টাকা প্রাইভেট সেক্টরের কাছ থেকে নেওয়া করবেন হাউস বিল্ডিংএর দরুন। সেই রাস্তায় না গিয়ে সরকার যদি কর্পোরেশনকে বা লোকাল সেলফ গভর্নমেন্টকে বিশ্বাস না করেন তাহলে সরকারের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সম্বন্ধে আমাদের সন্দেহ থাকবে। স্লাম ক্লিয়ারেন্স তাদের রিহ্যাবিলিটেশনের জন্য, স্লাম ক্লিয়ারেন্স যাঁরা ওখানে থাকে তাদের পুনর্বসতি দেওয়ার জন্য —স্লাম ক্লিয়ারেন্স কেবল স্লামকে ধ্বংস করার জন্য নয়, কিন্তু যারা জমিদার, মহাজন, যারা আপনাদের পৃষ্ঠপোষক তাদের সুবিধা করার জন্য, তাদের বেশী দামে জায়গা বিক্রী করার রাস্তা আপনারা করে দিচ্ছেন এই আমার বক্তব্য।

Sj. Jogindralal Saha: Mr. Chairman, Sir, if for any measure our Government has to be congratulated, I think the Government must be congratulated for having introduced this Bill. As a Welfare State it is the duty of this Government to improve the living conditions of the poor dwellers in bustees in most insanitary and unhygienic conditions.

Sir, while discussing this Bill in the Joint Committee of this House as well as of the Lower House, we had got many suggestions from members forming the Select Committee and we got the impression that none of these

members had any objection to the aims and objects of this Bill. We have been quarrelling here as we quarrelled there about methods and procedures which have been provided in this Bill. Nobody in this House would like that the slums in Calcutta should be perpetuated and these poor bustee-dwellers should be made to live like cattle and beasts in the bustees. I think I shall not be misunderstood by my opposition friends here if I say that so long they have been condemning this Government for their inaction in not improving the lots of these bustee-dwellers and now when a very good measure has been introduced for improving the conditions of the slum-dwellers, our friends have been criticising the Government in all possible ways. Sir, I shall certainly conclude that our friends have so long been shedding crocodile tears for the woes of bustee-dwellers. Their only object is to make a political game by exploiting the miseries of these people. One of our friends the other day said that Calcutta was a lost city to the Government. I have doubts about his sincerity. You know very well that if these bustees are improved, if the bustee-dwellers are housed in better tenements, they will thank the Government and they will become supporters of the Government. After the bustees are gone—it will mean Paradise lost to my friends in the Opposition. Sir, some of our friends have also expressed doubts whether this measure can be made practicable to achieve the desired objective. Sir, is it very difficult for a big Government like ours to find a vacant plot and construct tenements there? I say it is not. After having first constructed one building with tenements and after complying with the provisions of this Bill the bustee-dwellers will be shifted by the Government in these tenements. Of course, the process might take some time. But that does not mean it is an impracticable proposition. It is quite a practicable proposition. You cannot build the entire bustees into tenements in one day. The process must be a gradual one and in this way we shall be able to improve the conditions of the bustees. Sir, some friend in this House has said that before removing these slums, you should, first of all, remove the poverty of our people. Sir, an absurd argument like this I have not heard before. Sir, you know when a patient becomes ill, it is the duty of the physician to treat him for his illness first and then try to find out what are the causes for which he has been ill. Instead of treating the patient if he goes to find out the cause first why the patient is ill, surely the patient will die. These are the ways how the Opposition want to oppose this Bill. These are most unconvincing arguments bereft of any practical utility. Some of our friends have suggested to withdraw this measure altogether. I should say that if there be any real friends of the bustee-dwellers, they should come forward and support this Bill as it is—wholeheartedly. They can say afterwards what other improvements and what other amendments should be brought about so that we can accelerate the process of eliminating the bustees. Instead of doing that they are drawing analogies from England and France and other places where they say there are millions of slum dwellers. So it will be hazardous on the part of the Government to try anything to remove the slums. They also say why should the Government take the responsibility of improving the lots of the bustee-dwellers and why not let it be done by the Calcutta Corporation or by the Calcutta Improvement Trust. Sir, the reasons why the Calcutta Corporation could not or cannot undertake such a scheme to improve the lot of the bustee-dwellers are these. In the Calcutta Municipal Act of 1951 there is a provision that the Calcutta Corporation has got to prepare a standard plan for the improvement of the bustees. The owners of the bustees will be required to implement that plan and if that be not possible, then the Corporation should step in and carry the improvements according to the standard plan and realise the cost from the owners of the bustees. Sir, I ask my friends on the Opposite—is it at all a practicable proposition that you will have

new constructions in the bustees or remodel them first according to your desire and then go and collect the cost from the bustee owners?

[10—10-10 a.m.]

It will be very difficult for the Government or the Corporation to realise money afterwards. I feel the measure that has been introduced is quite workable. I will just solicit my friend to have patience. Let the Bill be worked out for some time and then see if any amendment is necessary. If it is found that amendments are necessary Government will certainly bring forward such amendments. Sir, no Bill is fool-proof. The defects and the loopholes can be detected only when a Bill is worked out for some time. Whenever a measure of this type is brought by a welfare State, I think it is the duty of everyone in this House to support such a measure and see that Calcutta is not really a lost city. It is really a matter of shame as my friend had said the other day to see human beings live in the conditions as they do in the Calcutta bustees. That is why our Prime Minister out of anguish said let these bustees be burnt. We have set before us this high objective namely to improve the lot of human beings living in the slums. So we must work wholeheartedly for this.

With these words I support this measure.

Sj. Santosh Kumar Bhattacharya:

মাননীয় সভাপতি মহাশয়, বস্তি অপসারণ বিল নিয়ে অনেক আলোচনা ইতিমধ্যে এখানে হয়ে গিয়েছে। আমি অতি সংক্ষেপে দুই একটা বলব। আসল সমস্যা যেটা এই বিল আলোচনার সময়েতে সে দিকে আমাদের সকলের দৃষ্টি যদি আমরা নিবন্ধ রাখতে পারি, এবং সেই দৃষ্টিভঙ্গী নিয়ে যদি বিলকে বিচার করতে পারি তবেই এই আলোচনা সার্থক হতে পারে। আসল কথা হচ্ছে কি এখানে এই বিলের ভিতরেতে যে জিনিসটা নেই সেটা হচ্ছে আসলে বস্তি অপসারণের কথা বলা হয়েছে, কিন্তু বস্তিবাসীর জীবনকে উন্নত করবার জন্য সত্যকার বস্তিবাসীদের কল্যাণসাধনের জন্যে যে দৃষ্টিভঙ্গীর প্রয়োজন তা নেই। এটাই আমি লক্ষ্য করেছি। একটু আগে আমার পূর্ববর্তী বক্তা মাননীয় যোগীন্দ্রনাথ সাহা মহাশয় এই বিলের সমর্থন প্রসঙ্গে কয়েকটা কথা বলে গেলেন। তিনি অভিযোগ করলেন যে বিরোধী পক্ষের বন্ধুরা তারা নাকি এই বিলের মধ্যে একটা রাজনীতির গন্ধ আবিষ্কার করেছেন। এটা আবিষ্কার করার কোন প্রয়োজন হয় না। যেভাবে এই কলকাতা শহরের সাড়ে পাঁচ লক্ষ বস্তিবাসীকে যে দৃষ্টিভঙ্গী নিয়ে যে ধারা এই বিলগুলির ভিতরে আছে সে ধারাগুলির ভিতর দিয়ে তাদের ভাগ্য নির্ণয় করবার যে প্রচেষ্টা চলছে তাতে একথা অত্যন্ত পরিষ্কার যে আসল সমস্যা সরকারের কাছে হয়ে দাঁড়িয়েছে যে, কলকাতার এই সাধারণ বস্তিবাসীদের কি করে কলকাতা শহর থেকে বাইরে পাঠিয়ে দেওয়া যাবে। সেইজন্য বিরোধী পক্ষের সদস্যরা যেসমস্ত তথ্যপূর্ণ যুক্তি দিয়েছেন এবং যেসমস্ত সাজেশন সরকারের কাছে পেশ করেছেন তাতে এইটুকু বলা হয়েছে যেভাবেতে আপনারা এই বিল নিয়ে কার্যে অগ্রসর হবার চেষ্টা করছেন তাতে ১০০ বছরের মধ্যেতেও এই বস্তিবাসীর সমস্যার সমাধান হবে না। আপনারা বস্তি সংস্কারের আশু যে প্রয়োজন সেদিকে আপনারা দৃষ্টি দিন। তাদের জীবনকে উন্নত করবার চেষ্টা করুন। যেখানে আমরা দেখতে পাচ্ছি শতকরা ৬১ ভাগ বস্তিতে কোন রকম জলের ব্যবস্থা নেই, যেখানে শতকরা ১৫ ভাগ বস্তিতে রান্নাঘর বলে কোন পদার্থ নেই—শোবার ঘর এবং রান্নাঘর একই। যেখানে শতকরা ৪২টা বস্তিতে সারফেস ওয়াটার বা জমাজল বের করে দেবার জন্য কোন ড্রেনের ব্যবস্থা নাই। যেখানে দেখছি শতকরা ১৫·৪টা বস্তিতে শৌচাগারের কোন ব্যবস্থা নাই। আজকে সেখানে প্রয়োজন হচ্ছে সাধারণভাবে সমস্ত বস্তি উন্নয়নের জন্য অবিলম্বে জরুরী ব্যবস্থা অবলম্বন করা। সঙ্গে সঙ্গে আরও প্রয়োজন হচ্ছে একটির পর একটি বস্তিকে ধরে সেগুলি রিমডেল করে নতুন সংস্কার করে সেই বস্তীর চেহারার পরিবর্তন করে দেওয়া। সেদিকে সরকারের দৃষ্টিভঙ্গী নাই। তাঁরা যে টাকা বরাদ্দ করেছেন, এমন কি দেখছি কেন্দ্রীয় সরকার দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে আড়াই কোটি টাকা বরাদ্দ করেছেন, তার মধ্যে আমাদের পশ্চিমবঙ্গ

সরকারের এতই তৎপরতা যে আজ পর্যন্ত মাত্র ৯ লক্ষ টাকা খরচ করতে পেরেছেন। স্বভাবতঃ ১ লক্ষ ৩২ হাজার ৪ শো পরিবার যারা বস্তিতে বাস করে তাদের উন্নয়নের কাজ করতে শতাব্দীব্যাপী সময়ের প্রয়োজন হবে। এতদিন পর্যন্ত এই কলকাতা শহর একটা জীবন্ত নরকে পরিণত হয়ে যাবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। দুর্ভাগ্যবশত এই সদাশয় ও কল্যাণকামী এই সরকার ততদিন পর্যন্ত থাকবেন না।

(এ ভয়েসঃ হিয়ার, হিয়ার!)

মাননীয় সভাপতি মহাশয়, বর্তমান সরকারের একটা অদ্ভুত কর্মপন্থা লক্ষ্য করছি, যে আজ জাতীয় জীবনের সমস্ত অংশে যেসমস্ত জরুরী সমস্যা উদ্ভূত হচ্ছে, সেই জরুরী সমস্যার জন্য জনসাধারণের আন্দোলন তীব্র থেকে তীব্রতর হচ্ছে, জনসাধারণের দাবী দিনের পর দিন আরও দুর্নিবার হয়ে উঠছে। আর এই সরকার একটার পর একটা বিল আনছেন সেই বিক্ষোভকে, সেই অসন্তোষকে চাপা দেবার জন্য। এটা তাদের অপপ্রয়াস ছাড়া আর কিছুই নয়। তাঁরা মিষ্টি মিষ্টি কথা বলছেন। এই বিলের নাম হচ্ছে—

Slum clearance and Rehabilitation of Slum-Dwellers Bill.

এই বিলে আসলে রিহ্যাবিলিটেশনের কোন ব্যবস্থা নাই। প্রতিটা ক্ষেত্রে এই সরকারের কার্যকলাপ লক্ষ্য করলে এই কল্যাণকামী রূপ সম্বন্ধে সন্দেহ ও সংশয় জাগে। বিরোধী সদস্যরা শুধু নয়, ট্রেজারী বেঞ্চের সদস্য যাঁরা বসে আছেন, তাঁরা জনতার মাঝে গিয়ে দেখুন, কলকাতার ট্রামে বাসে রেস্তোরায় মাঠেঘাটে লোকে কি করছে। চোখ থাকে তো দেখবেন এবং কর্ণ থাকে তো শুনতে পাবেন। সত্যিকারের মানুষে তাঁদের কি বলছেন, যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন বিরোধী পক্ষ যে সমালোচনা করছেন, তা ধ্বংসাত্মক সমালোচনার জন্য নয়, সে সমালোচনা সত্যিকারের জাতীয় জীবনকে সর্বাঙ্গীণ সুন্দর করে তোলবার জন্য আমরা সমালোচনা করছি। তাঁরা ক্ষমতা মদমত্ত হয়ে এখানে ব্রুট মেজরিটি ভোটে বলীয়ান হয়ে ভাবছেন আমরা যা কিছু করবো জনসাধারণকে ধোঁকা দেবার জন্য, আর জনসাধারণকে তা মেনে নিতে হবে। আমরা জনসাধারণের যে যে অংশের পক্ষ থেকে পরিষদে এসেছি, আমরা তাই তাদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে সরকারের মুখোস খুলে দেব, জনকল্যাণের নাম করে যে একটা অপচেষ্টা এই বিলের মধ্যে করা হচ্ছে আমরা তাঁদের স্বরূপ প্রকাশ করবার দায়িত্ব নিয়ে এখানে এসেছি। সেটা আমরা করছি।

মাননীয় সভাপতি মহাশয়, আমার শেষ বক্তব্যটা বলছি, মাননীয় বন্ধু যোগেনবাবু যে কথা বলেছেন—

Calcutta is a lost city to the Government.

আজকে যে কথা আমি এক্ষুণি বললাম—

Calcutta is a lost city to the Government.

সেটাকে গত সাধারণ নির্বাচনের মধ্য দিয়ে প্রমাণ করা হয়েছে। আজ আর বক্তৃতা দিয়ে তা প্রমাণ করবার প্রয়োজন নাই।

Calcutta is a lost city to the Government,

কলকাতার সাধারণ মানুষ আর একবার আগামী ২৪এ অগাস্ট তার উত্তর দেবে ভবানীপুর কেন্দ্রে, তারা সে কথা প্রমাণ করে দেবে, সেদিনের বড় বেশী দেরী নেই। একথা বলার প্রয়োজন নাই। কলকাতার গলিতে গলিতে বস্তিতে বস্তিতে যদি যান, তাহলে বস্তিবাসীর কাছে সেই জবাব তাঁরা পাবেন। তাদের কথা শুনবার মত ধৈর্য আপনাদের নাই, সেই চোখে দেখবার মত ধৈর্যও আপনাদের নাই। সে দৃষ্টিভঙ্গীও নাই। সেটা তাঁরা হারিয়ে ফেলেছেন—গদী আসীন হবার পরে।

[10-10—10-20 a.m.]

মাননীয় সভাপতি মহাশয়, আমি যে কথা বলছিলাম—আমি শুধু এই কথা বলতে চাই, মূল কথাটা হচ্ছে, এই বিলের ভিতর রিহ্যাবিলিটেটেড করবার কোন ব্যবস্থা নেই। উদ্বাস্তুদের জীবনের মান উন্নত করবার জন্য কোন কথা এই বিলে বলা হয় নি। কতকগুলি ধূম্রজাল সৃষ্টি করে আসল সমস্যাকে ধামাচাপা দেবার জন্য অপ-প্রচেষ্টা হয়েছে মাত্র।

আমি যে কথা একটু আগে বলেছি, সে সম্বন্ধে আর একটু বলে আমার বক্তব্য শেষ করবো। দীর্ঘ বক্তব্য আমি আজ এখানে উপস্থিত করতে চাই না। সরকারের কাছে যখনই কোন সমস্যা এসে হাজির হয়, তাকে ধামাচাপা দেবার জন্য তাঁরা আপ্রাণ চেষ্টা করেন। যে কথা আমি একটু আগে উল্লেখ করেছি, সে সম্বন্ধে আমি দু-একটা উদাহরণ দিয়ে আবার বলতে চাই। আমি দেখতে পেলাম গত ৭ই জুলাই তারিখে বিধানসভায় একটি প্রশ্নোত্তরকালে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় তরুণকান্তি ঘোষ বলেছিলেন, তাঁকে প্রশ্ন করা হয়েছিল যে গত বন্যায় কত ঘরবাড়ি ধ্বংসপ্রাপ্ত হয়; তাতে তিনি বলেছিলেন দুই লাখ বাড়ী ধ্বংস হয়ে গিয়েছিল। তিনি স্বীকার করেছেন যে গত বন্যায় দুই লাখ বাড়ী পশ্চিম বাংলায় ধ্বংস হয়ে গিয়েছে। কিন্তু আজ পর্যন্ত এই সমাজতান্ত্রিক আদর্শে বিশ্বাসী আমাদের সদাশয় গভর্নমেন্ট কোথায় কতগুলি বাড়ী তৈরি করেছেন? মাননীয় মন্ত্রী তরুণকান্তি মহাশয় বলেছিলেন ২২,৪৭৪টি বাড়ী তৈরি করতে পেরেছেন বন্যার পরে। আমি যে জেলায় বাস করি, সেই জেলার কাঁদি মহকুমা অঞ্চল সর্বগ্রাসী বন্যায় বিধ্বস্ত হয়ে গেল। তারপর মুখ্যমন্ত্রী মহাশয়ের রাইটার্স বিল্ডিং থেকে আদর্শ গ্রামের পরিকল্পনা করে জয়ঢঙ্কার বাণী সংবাদপত্রে প্রকাশিত হল। আসল কথা ছিল কি? না, বন্যাবিধ্বস্ত দেশবাসী গৃহ চাচ্ছে, বস্ত্র চাচ্ছে, তাদের এই বিক্ষোভটা ধামাচাপা দেওয়া হল। তাঁরা বললেন আমরা সব ব্যবস্থা করছি। কেন্দ্রের মন্ত্রী শ্রীঅজিতপ্রসাদ জৈন কাঁদিতে গিয়েছিলেন এবং আমাদের খাদ্যমন্ত্রী শ্রীযুত প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ও সেখানে গিয়ে বক্তৃতা দিয়ে এসেছিলেন, এই বলে যে আমরা সব ব্যবস্থা করে দেবো, তোমরা এত ব্যস্ত, অস্থির হয়ো না। বিক্ষুব্ধ জনসাধারণকে তিনি যে আশ্বাস দিয়েছিলেন, সেই আশ্বাস আজকে কথার কথায় পরিণত হয়েছে, একটুও কাজ সেদিক দিয়ে হয় নি। আজকে আবার বস্তিবাসীর সমস্যা নিয়ে তাঁরা সেই একই খেলার ব্যবস্থা করছেন। আমরা দেখতে পাচ্ছি—প্রতিটি ক্ষেত্রে সেই একই খেলা, একটা আশ্বাস, স্তোকবাক্য চলে, একই গালভরা মিষ্টি কথা দিয়ে বিলের ধারাগুলি রচনা করা হয়েছে। কিন্তু আসল যে কাজ করা দরকার, সেই কাজ কি করে হবে, সেটা তাঁরা বলছেন না। সেইজন্য আমি বলছি আপনি একটা ফেজড প্রোগ্রাম নিন, একটা স্তর ঠিক করুন, এবং দেখুন বস্তিজীবন উন্নয়নের জন্য এখনও যে কাজ করা দরকার সেই কাজ আরম্ভ করুন। যদি কলিকাতা শহর ও বাংলাদেশকে বাঁচাতে হয় তাহলে অত্যন্ত জরুরী কনস্ট্রাকশন হিসাবে যে কাজ করা দরকার, সেই কাজ এক্ষুণি আরম্ভ করুন এবং তার সাথে সাথে একটা ভাল পরিকল্পনা গ্রহণ করে ধীরে ধীরে একটার পর একটা বস্তি নিয়ে উন্নয়নের কাজ করে চলে যান।

আজকে যে ঠিকাপ্রজা আইন আছে, তার দ্বারা বস্তিবাসীদের মনে উৎসাহ সঞ্চার করা যেতে পারে, যদি সেখানে ছোট ছোট বস্তির মালিক, যারা বস্তির অধিবাসী, তাদের স্থায়ী স্বত্ব দেওয়া যায়। তাঁরা যদি দেখতে পান যে স্থায়ী স্বত্ব লাভ করছি, তাহলে তাঁরা নিজেরাই উৎসাহী হয়ে বস্তি সংস্কারের কাজে সরকারের প্রচেষ্টার সঙ্গে সহযোগিতা করবেন। কিন্তু সেদিকে সরকারের নজর নেই। সুতরাং যে বাড়ী তৈরী হবে, তার ভাড়া কি হবে, সেটা ঠিক করে না বলে একটা কম্পেয়ারেবল রেটস করা হবে, এই কথা তিনি বললেন। কিন্তু যে কম্পেয়ারেবল রেটসএর কথা বলা হয়েছে, তাতে অনেক অসুবিধা আছে। এটা তাদের নাগালের ভিতর হবে, কি বাইরে হবে, সে সম্বন্ধে পরিষ্কার কিছু বলা নেই। যদি দশ টাকা ভাড়া দিতে হয়, তাহলে বর্তমানে দেখতে পাচ্ছি এই দশ টাকা ভাড়া দিতে গেলে দুই লক্ষ বস্তিবাসীকে কলিকাতা শহর ছেড়ে বাইরে চলে যেতে হবে, আর যদি পাঁচ টাকা ভাড়া দিতে হয়, তাহলে ৫৬ হাজার বস্তিবাসীকে কলিকাতা পরিত্যাগ করে চলে যেতে হবে। সুতরাং আজকে যখন সাধারণ বস্তিবাসীর পাঁচ টাকা, দশ টাকা ভাড়া দেবার ক্ষমতা নেই, তখন সেখানে কত ভাড়া হবে, সে সম্বন্ধে কোন কথা পরিষ্কারভাবে এই বিলের ভিতর বলা নেই। আমি সেটা মাননীয় মন্ত্রী মহাশয়কে বিবেচনা করবার জন্য অনুরোধ করছি। অপর পক্ষের কংগ্রেসী বন্ধুরা আমাদের সংশোধনী প্রস্তাবগুলি যদি একটু দয়া করে ভালভাবে পড়ে দেখেন, তাহলে দেখতে পাবেন যে আমাদের প্রত্যেকটি সংশোধনী প্রস্তাবের মধ্য দিয়ে সত্যিকারের যাতে বস্তিবাসীর কল্যাণ হয়, তাদের জীবনযাত্রার মান উন্নত করা যায়, অর্থাৎ তাদের স্বার্থের প্রতি লক্ষ্য রেখে এই বিলকে উন্নত করবার চেষ্টা করা হয়েছে।

এটা বিধানসভায় দেখেছি, এই পরিষদেও সেই উদ্দেশ্যের পুনরাভিনয় হবে যে, গভর্নমেন্ট তাদের ব্রুট মেজরিটির জোরে আমাদের এই প্রতিটি সংশোধনী প্রস্তাব অগ্রাহ্য করে, একটা ধুম্রজাল সৃষ্টি করে একটা বস্তিবাসীদের তথাকথিত কল্যাণ করার নাম নিয়ে এই বিল তাঁরা গায়ের জোরে পাশ করাবেন। কিন্তু এই কথাই আমরা বিরোধী পক্ষ থেকে সরকারকে বলে দিয়ে যাচ্ছি যে আজকে এটা ভবিষ্যতবাণী করার কোন প্রয়োজন করে না, দিবালোকের মত এটা সুস্পষ্ট যে এই বস্তি বিল বস্তিবাসীর জীবনে কল্যাণ আনবে না, এই বস্তি বিল বস্তিবাসিদের জীবনে নিয়ে আসবে একটা বিপর্যয়। এই বস্তি বিল কলিকাতা শহরকে উন্নত করার কোন প্রচেষ্টা এর ভিতর দিয়ে সম্ভব হবে না। কলিকাতা শহরকে দীর্ঘস্থায়ী আবর্জনার স্তূপে পরিণত করে রাখাই হবে এই বিলের একমাত্র পরিণতি। মাননীয় সভাপতি মহাশয়, আমি এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

Janab Sayed Shahedullah:

মাননীয় সভাপতি মহাশয়, এই ধারের একজন মাননীয় সদস্য মন্ত্রী মহাশয়কে অভিনন্দন দিয়েছিলেন, যাইহোক অনেক দিন পরে আমরা মন্ত্রী মহাশয়ের সাক্ষাৎ পাচ্ছি। কিন্তু তাঁর এখানে একটু বলতে বাকী ছিল সেইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করবো। জ্যাক ইন দি বক্সএর মত মন্ত্রী মহাশয় উদ্ভব হন তখন তার মুখ খুলতে না খুলতে একবার করে বাংলা দেশের এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত স্থানীয় মিউনিসিপ্যালিটি ও স্বায়ত্তশাসনের কর্তৃপক্ষের ব্যর্থতা, তাদের অপদার্থতার কথা না বলে তাঁরা পারেন না। এই ঘরে প্রায় এক-তৃতীয়াংশই হচ্ছে স্বায়ত্তশাসনের সভ্যদের প্রতিনিধি। দুঃখের বিষয় আমরা দেখলাম না যে সেই পরিমাণ প্রতিবাদ এখানে ধ্বনিত হয়েছে। সুতরাং যখন কলিকাতা কর্পোরেশনের এককালীন মেয়র ডাক্তার রায়কে বর্তমান ডাক্তার রায়ের স্পোকসম্যান যখন এখানে নিন্দা করতে বসেন তখন কলিকাতা কর্পোরেশনের বিশেষ একটা দলের কর্তৃপক্ষের সম্বন্ধে তিনি যদি একটু সমালোচনা করেন তাহলে আমার বলার কিছু নেই, প্রতিবাদ করার কিছু নেই। কারণ তখন আমি কংগ্রেসের সমর্থক ছিলাম। দুই-তিনবার কর্পোরেশনের ভোটার হিসাবে ভোট দিয়ে, এসেছি কংগ্রেসের সদস্যদের। তবুও সকলেই জানেন কংগ্রেসের সাধারণ সমর্থক তাদের তখনও কংগ্রেসের কর্তৃপক্ষের আচরণ কলিকাতা কর্পোরেশনে খুব ভাল চোখে তাঁরা দেখতেন না। বরং সমালোচনা করতেন। এবং এইসব সমালোচনার অতি কম বয়স ছিল, নানা রকম সমালোচনা জমা হতে হতে আজকে দেখতে পাচ্ছেন এখানে এসে উপস্থিত হয়েছে। যাই হোক, কিন্তু যখন স্থানীয় স্বায়ত্তশাসন হিসাবে বলার ব্যবস্থা এখানে থাকে, তাদের সম্বন্ধে যেভাবে এখানে নিন্দা করেন সেটা বিশেষ কোন কর্তৃপক্ষকে করেন না। তারা যখন কলিকাতা কর্পোরেশনের অপদার্থতার কথা মন্ত্রী মহাশয় এসে এখানে বলেন তখন বিশেষত কলিকাতার বিশেষ কর্তৃপক্ষের কথা তাঁরা ভুলে যান এবং ভুলে যেয়ে সাধারণ চরিত্র হিসাবে স্থানীয় স্বায়ত্তশাসন সারা বাংলায় যা ঘটছে তারই নিন্দা তাঁরা করে থাকেন। সেখানে আমার নিশ্চয়ই প্রতিবাদ করবার যথেষ্ট আছে। আজকে এই বিলের উল্লেখ করেই প্রথমে আমি বলে যাবো যে মন্ত্রী মহাশয় কতকগুলি জিনিস দেখিয়েছেন যে কলিকাতা কর্পোরেশনের এই এই পাওয়ার ছিল এবং এই এই পাওয়ারএ এ কাজ হয় নি। এখন সত্যি কথা বলতে গেলে যদি আজকে আমরা আমাদের গঠনতন্ত্রের লিস্ট দেখি এবং সেখানে রাজ্যসরকারের ক্ষমতার তালিকা যদি দেখি এবং সেই তালিকা যদি আমরা সম্পূর্ণ পাঠ করে দেখি, বিচার করে দেখি তাতে যে ক্ষমতা আছে সেই ক্ষমতায় মঙ্গলের পরিমাণই আমরা দেশে দেখতে পাবো। লাইব্রেরীর কথা আছে, প্রতি গ্রামে একটা করে লাইব্রেরী হয়ে গিয়েছে দেখতে পাবো কিন্তু তা পাই না। কারণ শুধু ক্ষমতা দিলে আমরাও স্বীকার করি, সব জিনিস হয়ে যাবে এমন কথা নয়। ক্ষমতা ছাড়া আর একটা পদার্থের দরকার।

[10-20—10-30 a.m.]

বস্তুতঃ আজকে যে এই বিল এনেছেন—কলকাতা জনসাধারণের, কলকাতা বস্তিবাসীদের যে অবস্থা তার জন্য যে ব্যথা উঠেছে এবং সেই ব্যথায় উদ্বিগ্ন হৃদয়ে কলকাতার একটা স্বপ্ন দেখতে পেয়েছে বলেই যে এ বিল এনেছেন তা নয়। সেটা অত্যন্ত জড় পদার্থ এই যে দু কোটি ৮০ লক্ষ টাকা দিল্লী থেকে বিক্ষিপ্ত হয়েছে হঠাৎ কলকাতায়, পাছে সেটা তলিয়ে যায়, পাছে সেটা স্থানীয় স্বায়ত্তশাসনের হাতে যেয়ে পেঁছায়, পরে সেটা বস্তির লোকদের কল-পায়খানার

উন্নতিতে লাগে সেজন্য তাড়াতাড়ি লুফে সে টাকাটাকে কবলযাত করার জন্যই এই বিল নিয়ে এসেছেন। এবং তার জন্য অত্যন্ত যান্ত্রিকভাবে এই বিলটি এসে হাজির হয়েছে। এখন এই বাড়ীর কথায় সত্যই একটা কবিতা মনে পড়ে গেল—

The lie of authority who buildings grope the sky. No one could reside in that.

আজকে বোলপুরে যান, বর্ধমান জেলায় বাড়ী তৈরি হয়েছে, টাউনশিপ তৈরি হয়েছে যে কোন লোক থাকতে পারে সেখানে যেয়ে, কত টাকা সেখানে খরচ হয়েছে দেখুন, গিয়ে। মহম্মদবাজারে দেখুন গিয়ে কত টাকা খরচ হয়েছে, রাস্তাঘাট ও বিল্ডিংসএ কত খরচ হয়েছে দেখুন গিয়ে, সেই অঙ্ক কোথায় কোন্ গলিতে গলিতে ঘুরে ঘুরে শেষে চৌরঙ্গীতে জমা হয়েছে, সে হিসাব দেখুন গিয়ে। তারই মত আবার যদি একটা পরিকল্পনা নিয়ে ২,৮০,০০,০০০ টাকা দিয়ে একটা কিছু উন্নতি করে ফেলবেন বলেন আর তাতে আমরা হঠাৎ আনন্দিত হয়ে যাবো এই যদি যোগেন্দ্রনাথ সাহা মহাশয় আশা করেন তাহলে সত্যিই আমি দুঃখিত। তাতে আমার মন উৎফুল্ল হবে না। মুখ্যমন্ত্রী মহাশয় স্বপ্নে অনেক কিছু দেখেন—কলকাতার চারিদিকে রেল লাইন হয়ে গেল, তারপর তিনি ঢুকলেন আন্ডার গ্রাউন্ডএ—পাতালে গেলেন—তর জন্য ফরাসী দেশে দৌড়ালেন এরকমের অনেক কিছু পরিকল্পনা মনে হয়—তিনি একটা সদিচ্ছা নিয়ে পরিকল্পনা করেন, বহু টাকাও খরচ হয়, যাক। দেশের সামনে যে দুঃখ রয়েছে তারা সিনেমা দেখে আনন্দ পায়, খবরের কাগজ পড়েও আনন্দ হয়। কিন্তু দুস্বপ্ন নানা রকমে আসে। আমরা ছোটবেলায় যে গল্প পড়েছি আকাশ কুসুম ভাবনার সেটা মনে পড়ে যায়। এক কুম্ভকার আকাশ কুসুম স্বপ্ন দেখে চলেছে, দেখছে রাজপ্রসাদ তৈরী করেছে, অনেক কিছু করেছে, এমন সময় তার বৌ এসে বলল—সে ভাবছে কল্পনায়—খেতে চল, তারপর লাথি মেরেছিল, আর তাতে সমস্ত পাত্র ভেঙ্গে গেছল—

(শ্রীযুত শশাঙ্কশেখর সান্যালঃ মন্ত্রীদের অনেকের বৌ নাই।)

ঠিক সেই রকমভাবে সে কল্পনা করছেন—যে সমস্ত বস্তিকে নষ্ট করে দিয়ে রাজপ্রাসাদ গড়ে উঠবে কিনা সেটা পরের কথা—আজকে যেমন ক্যানাল তৈরী হবে, কিন্তু জল যাবে না—সেই রকম আতঙ্ক আসে মনে। হয়ত ঘর তৈরি হবে কিন্তু থাকার ব্যবস্থা হবে না—এই আতঙ্ক রয়েছে বলেই আপত্তি। একটা কথা আমি বলবো যে লোক্যাল অথরিটি সম্বন্ধে বলে গিয়েছেন অনেক উন্নতি করা দরকার তা যদি না পারেন রবীন্দ্রলাল সিংহ মহাশয় তা হলে সে অসমর্থতা উনি যা বলেছেন তার জন্য নয়, আমি আর একটা কথা বলে যাব—সময় নাই—এটাই বলে যাব এত বড় বিল এনেছেন সরকারের অন্ততঃ উচিত ছিল একটা কমিটি অব এনকোয়ারী করা। এত হিউম্যানিটেরিয়ান আছেন, সমাজসেবক আছেন, বড় ইউনিভারসিটির সোস্যাল ওয়ার্কার আছেন—যাঁরা বিজ্ঞানের সাধনা করেন—সেই সমস্ত লোককে নিয়ে একটা কমিটি করা উচিত ছিল —ইংলন্ডে যেমন রয়েল হাউসিং কমিশন হয়েছিল সেই রকম এত লোকের মঙ্গলহস্ত এসে যদি স্পর্শ করত তাহলে গোড়া থেকে সে সমস্ত সমৃদ্ধ হয়ে উঠত। সেই কমিশন যেমন করে জাতির সামনে সমাধানের পথ তুলে ধরেছিল তেমন করে এটা তুলে ধরে নি। এখানে দেখা যায় যে এই হাউস-বিল্ডিং স্কীম যেটা আছে তাতে কলিকাতা স্লাম-ডুয়েলার্সরা যদি থাকতে না পায় তাহলে তার কিছুই অর্থ হল না। আর পারমিসিভ শব্দের—কলিকাতা কর্পোরেশন কথায় বলেছেন ১৮৫০ সাল থেকে ফ্রান্সে পারমিসিভ জিনিসটা আছে। সুতরাং পারমিসিভ থাকলেই হয় না। প্র্যাকটিক্যালি যখন ১৯১৯ সাল থেকে কেন্দ্রীয় গভর্নমেন্ট সাবসিডি বহন করবার কথা বলেছেন তখন থেকে লোক্যাল গভর্নমেন্ট কাজ করতে পেরেছে এবং আজকে যদি লোক্যাল গভর্নমেন্টের হাতে বস্তি উন্নয়নের জন্য সাবসিডি দেবার সরকারী ব্যবস্থা থাকত তাহলে আজকে ১০ পারসেন্ট যা লোক্যাল গভর্নমেন্টের খাতে যাবে এ রকম দুর্নীতি যে আসবে তা নয়, মিউনিসিপ্যালিটির মধ্যেও আজকে দেখছি প্রাপ্তবয়স্কের ভোটকে আটকে রেখে দিয়েছেন। আজকে হাওড়ায় বস্তি এলাকায় যে ২২ হাজার বিল্ডিং, যার নাকি উন্নতি করা দরকার তা রবীন্দ্রলাল সিংহ মহাশয় যদি সরকারী সাহায্যের অভাবে না পারেন তাহলে তাতে আশ্চর্যান্বিত হওয়ার নয়। আমার এখানে অনেক কিছু বক্তব্য ছিল, কিন্তু সময়ের অভাব।

তবু আর একটা কথা বলতে চাই। এই রকম একটা বিল যখন সরকার এনেছেন, তখন তাঁরা যদি অন্ততঃ একটা কমিশনের মত করে বা একটা এনকোয়ারী কমিটি করে যাতে সমস্ত রকমের মানুষ যারা সমাজসেবী আছেন, যাঁরা বড় বড় ইউনিভার্সিটির সোস্যালিস্টিক বিজ্ঞানের আলোচনা করে থাকেন—এই রকম লোকের সহযোগিতা নিয়ে করতেন তাহলে ভাল হ'ত। ১৮৮৫ সালে ইংলন্ডে যে হাউসিং কমিশন—যে তদন্ত কমিশন চলেছিল তখন তারা সেখানকার এত লোকের মঙ্গলের কথাই চিন্তা করেছিলেন। গোড়া থেকে এ বিষয়ে জ্ঞান সমৃদ্ধ হয়ে এ জিনিস আনেন নি। এইরকম ভাবের তদন্ত কমিশন যদি হত তাহলে সমস্ত জিনিসটা ঠিক হয়ে যেত। কিন্তু এঁরা আজকে যান্ত্রিক এবং অগণতান্ত্রিকভাবে এই জিনিসটা রাখছেন। এটা একটা বারবারিক সিস্টেম, আমার তাই কথা যে এত বড় একটা সামাজিক সমস্যার সমাধান যখন করতে চাইছেন তখন বিদগ্ধগণের সহযোগিতা গ্রহণ করা উচিত ছিল। এই কয়টি কথা বলে আমি সার্কুলেশন মোশন সমর্থন করি।

[10-30—10-40 a.m.]

Sj. Satish Chandra Pakrashi:

মাননীয় সভাপতি মহাশয়! এই বিল বস্তিবাসীদের দুর্গতি অপসারণ করতে পারবে না, এই ধারণা আছে বলেই আমি এই বিলকে সমর্থন করি না। সেজন্য আমি এই সার্কুলেশনের প্রস্তাব সমর্থন করি।

এত বৎসর এখানে কংগ্রেস রাজত্ব চলছে, এখনও কলিকাতায় বস্তিবাসীর দুর্গতির কথা শুনতে হয়। কলিকাতার বস্তিবাসীরা যে কি কষ্টে কি রকম নোংরা জীবনযাপন করে তা সকলেই জানেন। কলেরা, বসন্ত প্রভৃতি রোগ কি করে সেখান থেকে বিস্তৃতি লাভ করে তা সর্বজনবিদিত। অথচ এই সংস্কারের ব্যবস্থা তারাই করতে পারত যদি বস্তির মালিকদের উপর নির্দেশ দিতে পারতেন এবং তার জন্য যদি আইন তৈরী করতে পারতেন। সেইভাবের আইন হলে সেখানকার রাস্তাঘাটের ব্যবস্থা, ড্রেনের ব্যবস্থা, জলকলের ব্যবস্থা, যা যা করা দরকার তা করতে পারতেন। এইভাবে ধীরে ধীরে বস্তির উন্নতি করা উচিত। কিন্তু সেদিক দিয়ে না গিয়ে তাঁরা সব ঝাঁটিয়ে পরিষ্কার করবার জন্য ক্লিয়ারেন্স বিল আনলেন। এঁরা কলিকাতার কনস্ট্রাকশন করতে গিয়ে যে বিল এনেছেন তাতে কনস্ট্রাকশন হবে না, ডেস্ট্রাকশনই হবে। সেইজন্য বলছি যে এই স্লাম ক্লিয়ারেন্স বিল বস্তিকে ঝাঁটিয়ে পরিষ্কার করার কাজ হবে। এখানে চার হাজার বস্তি আছে এবং এখানে প্রায় দুই লক্ষ পরিবার আছে। এই পরিবারগুলির জন্য আলাদা আলাদা বাড়ী তৈরী করতে গভর্নমেন্টের হিসাব অনুযায়ী ছয় হাজার টাকা খরচ হবে। এই টাকা খরচ করায় যার যে বাড়ী তৈরী হবে এবং তার যে ভাড়া হবে তা দিয়ে তারা যদি সেখানে থাকতে না পারে তখন গভর্নমেন্ট বলবেন যে কম ভাড়ায় দেওয়া যায় না এবং যারা দিতে পারবে তারাই সেখানে থাকবে। অর্থাৎ অধিক সংখ্যক বস্তিবাসী তা দিতে না পারার জন্য তারা পথে পথে ঘুরবে এবং দুর্গত জীবনযাপন করবে। এই যে বিল তৈরী হয়েছে এর মধ্যে সেই ব্যবস্থাই রয়েছে। এই বিল যদি পাশ হয় তাহলে আমরা দেখব যে এক-একটা জায়গাকে কন্ডেম করে এক মাসের নোটিস আসবে এবং তাদের সেখান থেকে চলে যেতে হবে। এরপর আমরা দেখব যে তারা যদি না যায় তাহলে তাদের বস্তি ঘেরাও করে বন্দুক দিয়ে তাদের সেখান থেকে তাড়ান হবে। এই বিলের মধ্যে যে সেই পরিকল্পনাই আছে সে বিষয়ে সন্দেহ নেই। কংগ্রেস পক্ষ থেকে কেউ কেউ বলেছেন যে এর উদ্দেশ্য ভাল এবং সরকার সাধু উদ্দেশ্য নিয়েই এই বিল করছেন। কিন্তু আকাঙ্ক্ষা শুভ থাকলেই সবসময় কাজ ভাল হয় না। একজন বক্তা ওদিক থেকে বলেছেন যে এই বিলের অবজেকটিভ সম্পর্কে সন্দেহ থাকতে পারে না, ইত্যাদি। কিন্তু এই বিল দেখলে সেই সমস্ত কথা মনে হয় না। স্লামের দুর্গতি দূর করবার জন্য এই আন্দোলন কোলকাতা শহরে নতুন নয়। লক্ষ লক্ষ লোক এই স্লামে বাস করে। সেখানে জলাভাব আছে, পায়খানা পরিষ্কার হয় না, রাস্তাঘাট নেই, ড্রেন পরিষ্কার হয় না, ইত্যাদি। সেখানে বহু রোগের যে বীজ আছে সে বিষয়ে সন্দেহ নেই। এইসব বস্তি সংস্কার করার জন্য ইম্প্রুভ্‌ড করার ব্যাপারে মালিকের উপর নির্দেশ দিয়া আইন জারী করার ব্যবস্থা না করে এত বছর পরে এই বিল আসল। সুতরাং এটা সহজেই মনে হয় যে এই বিলের উদ্দেশ্য মোটেই সাধু ও সৎ নয়। তাদের উন্নতির ব্যবস্থা কি হবে? ছয় হাজার টাকা দিয়া এক-একটা বাড়ী নিয়ে যখন সেই বাড়ী ভাড়া তারা দিতে পারবে না তখন তাদের

বলা হবে উঠে যাও। কাজেই সংক্ষেপে আমার বক্তব্য স্লাম ইমপ্রুভমেন্টের নাম করে, স্লাম ক্লিয়ারেন্সের নাম করে আপনারা স্লামগুলিকে ঝেঁটিয়ে তাড়িয়ে দেবার ব্যবস্থা করছেন। সবই পুলিসী ব্যবস্থা, পুলিস ছাড়া কিছু হবে না। তারা ভাড়া দিতে না পারলে নোটিস দিয়ে তাদের তাড়িয়ে দেবেন। তারপরে তাদের কি অবস্থা হবে, তা অনেক বক্তা অনেক যুক্তি, অনেক ফিগার্স দিয়ে বলেছেন—কাজেই সে বিষয়ে আমার আর বলবার কিছু নেই। মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি যে জনমত নেবার চেষ্টা করুন। আমরা দেখেছি যে লোয়ার হাউসে শতশত সংশোধনী প্রস্তাব এসেছে, কিন্তু সরকার পক্ষ থেকে একটাও প্রস্তাব গ্রহণ করা হয় নি—একবারে আমরা যা করেছি, সেটাই একমাত্র সত্য, এইরকম মনোভাব সরকার পোষণ করেন। কোলকাতা শহরের জনসাধারণের, তার আশেপাশের লক্ষ লক্ষ নিম্নমধ্যবিত্ত শ্রেণীর দুর্গতির দিকে তাদের কোন দৃষ্টি নেই। এই মর্মে এ্যাসেম্বলীতে যেসমস্ত সংশোধনী এসেছিল তার একটাও সরকার গ্রহণ করেন নি। আমরা যা বলবো সব বেদবাক্য—এইভাবে যদি আইন করতে থাকেন তাহলে সংবিধানের উপর লোকের আর কয়দিন বিশ্বাস থাকবে? লোকের বিশ্বাস যখন একেবারে ভেঙ্গে যাবে তখন আর তাদের সামলাতে পারবেন না, তখন অনেক বেগ আপনাদের পেতে হবে এবং তখন বামপন্থীদের দোষ দেবেন যে বামপন্থী দলগুলো এদের সব উসকিয়ে দিচ্ছে। অন্যান্য দেশে, বাগদাদ গভর্নমেন্ট ২০ বছর যাবৎ ন্যায়পরায়ণ গভর্নমেন্ট ছিল এবং তার এই পরিণতি হয়েছে। যদি আপনারা ভাল করে না চলেন তাহলে আপনাদেরও সেই পরিণতি হবে। কাজেই আমি বলবো যে এই বিলের আমূল পরিবর্তন হওয়া দরকার এবং তারজন্য এই বিলটাকে সার্কুলেসনে দেওয়া হোক, দিয়ে জনসাধারণের প্রতিনিধিদের নিয়ে, তাঁদের সঙ্গে পরামর্শ করে, নতুন বোর্ড তৈরী করে একটা নতুন বিল আনা হোক এই আমার বক্তব্য।

Sj. Mohitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, I thought I would take no part in the debate. As a matter of fact, only half an hour ago I decided to speak a few words, not that for the pleasure of hearing my own voice but because most of the speeches which we have been listening to with patience for the last two days have shocked me. Yes, some of the sentiments and remarks made by my friends Opposite, I repeat, are shocking. This Bill—a simple Bill—has a very laudable object, namely, the clearance of the slums. With a view to improve the slums and with a view to rehabilitate the unfortunate people who are living like cattle in the bustee this Bill has been brought. I am very glad to see that there are some in the Opposition who have very clearly recognised this laudable object in the Bill. While going through the note of the Select Committee I saw with pleasure that none of the gentlemen who appended their minority notes to the report has questioned the sincerety of this object of the Bill. They have recognised the laudable object behind the Bill. My friend Prof. Nirmal Chandra Bhattacharyya the other day even congratulated the Government for bringing forward this Bill. But Sir, I was very sorry to find that my esteemed friend whom I consider like my younger brother Sj. Sasanka Sekhar Sanyal and others expressed very grave doubt about the object of the Bill. I listened to Shri Sanyal's speech with great attention. I could not understand why he considers the Bill to have been brought with a political motive. But I will not say anything more on it.

[10-40—10-50 a.m.]

Sir, one of our friends has said that, unless the poverty of the people can be removed, no attempt should be made to improve the condition of the people. I do not think I need waste my time over that argument.

Sj. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, I want to draw your attention to the fact that the Minister in charge of the Bill should be there. This is the decorum which has been observed throughout in all Parliamentary countries.

Mr. Chairman: He was so long here. Just a short while ago he has left.

Sj. Mohitosh Rai Choudhuri: Sir, I also join in the protest raised by Mr. Sanyal on the other side. The Minister in charge of the Bill should have been here. But I think something very urgent has prevented his presence here. However, I hope he will be coming soon. If the Minister in charge of the Bill is not here, it is useless to discuss the Bill. Knowing Shri Jalan as I do I am sure that only some urgent reason has compelled him to leave the chamber.

Sir, some points have emerged in course of the discussion. One is what I was pointing out, namely, the sincere object of the Bill. I won't waste any more of my time over that point. If this distrust is sincere I would only say—God help those who have been expressing such distrusts. But I would assure them that if their criticisms are found to be helpful and if any lacuna is found in the Bill, the Minister in charge will take note of them and try to remove them, of course, if he considers those criticisms reasonable. Sir, those who have doubted the sincerity of the Bill have failed to understand the meaning and implication of clause 6 of the Bill. One of the friends on the other side has referred to sub-clause (5) of this clause 6 which says—

> "Where the acquired land is unsuitable for the construction of any building as aforesaid on the ground that the area is small, or on any other ground, the State Government may use it for such public purposes as it thinks fit."

He reads it and at once smells rat in it. He says that this provision has been brought in with a very base motive, because the Government after acquiring the land want to hand it over to some other people for objects which would not be honest! Now, Sir, I would again say that if this sort of suspicion is entertained about the Government then the position would be hopeless. There must be some agreement between the Opposition and the Government about the motives and objects of the Government. If the Opposition always thinks that whatever is done by the Government is bad, and arises from base motive, then it would be useless to argue with them. If they start with the supposition that patriotism is their monopoly they are absolutely wrong. There is some patriotism at least on this side as well. (Sj. SASANKA SEKHAR SANYAL: We never say that.) But your criticism belies what you say. What you are saying now and what you were saying all along are contradictory. You say nothing in the Bill is there to show that Government want to improve the conditions of the bustees. If that be your attitude it will be difficult to remove that idea from your mind. I am going to draw the attention of the House to another sub-clause of this 6th clause of the Bill. Some have said that there is nothing in the Bill to suggest that Government really means business, there is nothing in the Bill which shows that after acquiring the land Government would sincerely try to improve the conditions of the bustees. But if you look at sub-clause (6) of clause 6 you will find that whatever is necessary to say on this point has been said there. The sub-clause runs thus:—"The State Government may, instead of demolishing huts and other structures and erecting buildings, take measures to remodel the slum in such manner and subject to such conditions as may be prescribed". So what you want is already there. If the Government thinks that a building or a structure would be very costly, that its demolition and complete rebuilding would not be paying in the long run, then they would take measures to remodel, mark the word "remodel", the slum in such a manner and subject to such conditions as may be prescribed! Of course if you say that this point should have been more elaborately stated, that point of view can be understood as my friend Mr. Bhattacharyya in his minority note has suggested. That is one thing, but when you say that there is nothing in this Bill which

shows that the Government is actuated by the slightest desire to improve the conditions of the bustees, that means something quite different: that means that they have no patriotism, no one belonging to the Government, no one sitting on this side of the House has an iota of partiotism. Sir, I would repeat that sort of attitude should not be adopted by anybody, by any reasonable person, and I hope my friends on the other side are also reasonable people. I would, with due deference to my friends on the other side, only observe that if democracy means coming to the legislature of such people who suffer from chronic suspicion, who fail to look at any measure with sufficient amount of detachment and impartiality, who would impute bad motive to every measure which is brought from the side of the Government, then democracy cannot function. What will function, if such a state of thing continues, should be left to imagination—I will not take the trouble of pointing that out.

With these words, Sir, although I have not been able to convince my friends on the other side, I think I should wholeheartedly support the measure and oppose the motion for sending the Bill to Select Committee which means delay. It is useless waste of time and money of the Government.

[10-50—11 a.m.]

Sj. Satya Priya Roy:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের সামনে এই বস্তি উচ্ছেদ বিল এনে উপস্থিত করেছেন স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী। স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী এই বিল উপস্থাপিত করেছেন দেখে আমি বিস্মিত হই নি। তবে এই কথা বলতে পারি--এই যে শহর পরিচ্ছন্ন করে রাখবার দায়িত্ব স্বায়ত্তশাসন বিভাগের ছিল, সেই স্বায়ত্তশাসন বিভাগ সেদিকে তাদের কর্তব্য পালন করতে পারেন নি। এবং তার দায়িত্ব কর্পোরেশনের থাকলেও, মন্ত্রী মহাশয় যে সেই সম্পর্কে সম্পূর্ণ দায়িত্বমুক্ত ও তার যে বিন্দুমাত্র দায়িত্ব তাতে নাই, এ কথাও তিনি বলতে পারেন নি। তিনি তাঁর এই স্বায়ত্তশাসন বিভাগের দ্বারা এই শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন করতে পারেন নি। এই যে বিল তিনি আমাদের সামনে উপস্থাপিত করেছেন, সেই বিলের দ্বারা তিনি বস্তির কোন উন্নয়ন করতে পারবেন না, সে বিষয়ে আমরা নিঃসন্দেহ। বিশেষ করে মন্ত্রী মহাশয়ের সম্পর্কে আমাদের আর একটু সন্দেহের কারণ আছে, যার জন্য আমি এই বিলকে সন্দেহের দৃষ্টি দিয়ে দেখছি বাঙ্গালী হিসাবে। মন্ত্রী মহাশয় শিলিগুড়িতে বছর খানেক আগে, তিনি তাঁর স্বজাতিদের সঙ্গে মিলিত হয়েছিলেন অর্থাৎ মাড়োয়ারী পুঁজীপতিদের সঙ্গে এবং সেখানে দাঁড়িয়ে বলেছিলেন, আমরা রাজস্থানে এক সময় থেকে, সারা ভারতবর্ষকে জয় করেছিলাম, আবার ভারতবর্ষ জয়ের কাজে আমাদের নামতে হবে। এই খবর আমি তৈরি করে বলছি না, এটা শিলিগুড়ি পত্রিকায় প্রকাশিত হয়েছিল।

Mr. Chairman: Has that any connection with the amendment?

Sj. Satya Priya Roy: Yes, Sir; I say that the Bill has a *mala fide* intention.

Sj. Nirmal Chandra Bhattacharyya: There is no *bona fide* attempt on the part of the Minister.

Sj. Satya Priya Roy:

তিনি বলেছিলেন বাংলাদেশ ও কলকাতা শহর আমরা জয় করে নেব।

The Hon'ble Iswar Das Jalan: This is false. Can you substantiate what you say? It is not my Bill; it is the Bill of the Government of West Bengal.

Sj. Satya Priya Roy:

আপনি তার প্রতিবাদ করেন নি এবং আমার কথা হচ্ছে এই ছয় লক্ষ বাস্তিবাসীদের তাড়িয়ে দিয়ে সেখানে সমস্ত জায়গা দখল করে নেবার একটা অভিসন্ধি এই বিলের মধ্যে পরিষ্কার রয়েছে, এইটাই আমার প্রতিবাদ্য। আমি রাস্তায় দাঁড়িয়ে জোরের সংগে ঘোষণা করে যাবো যে বাঙ্গালীর বিরুদ্ধে কি বিরাট ষড়যন্ত্র মাড়োয়ারী কমিউনিটি করছেন, তাদের অভিসন্ধি এই বিলের মধ্যে পরিষ্কার রয়েছে।

The Hon'ble Iswar Das Jalan: On a point of order. You sit down. I am rising on a point of order.

Sj. Satya Priya Roy: I seek your protection, Sir. Is not the Minister behaving improperly?

Mr. Chairman: Mr. Roy, don't lose your temper.

The Hon'ble Iswar Das Jalan: My point of order firstly is, has it got any relevancy? Secondly, when he attacks a person personally and attributes motives to him, what guarantee has he that these words have been uttered? He has not produced any document. He is abusing the privilege of the House.

Sj. Satya Priya Roy: Sir, I have nothing to do with the personality of Sj. Jalan and I do not care to know him. But I know that this policy of the Government is being dictated by the Marwaris.

Mr. Chairman: No personal reference please, against any community or against any person. Please go on.

Sj. Satya Priya Roy:

স্যার, আপনি যে রুলিং দিলেন তাতে আমি এই কথাই বলছি, যে এখানে আমি মন্ত্রী মহাশয়ের নীতির সমালোচনা করছি।

The Hon'ble Iswar Das Jalan: It is a Bill of the West Bengal Government.

Sj. Satya Priya Roy:

আমি একটা কথা বলবো, আমি চেয়ারম্যানকে জিজ্ঞাসা করছি এই বিলের নীতি সমালোচনা করতে এই বিলের পেছনে যে দুরভিসন্ধিমূলক মনোভাব আছে সেটা উৎঘাটন করার অধিকার আমার আছে কিনা। একজন সদস্য হিসাবে এই কথা এই সভায় জানতে চাই।

Mr. Chairman: You have every right to analyse the Bill. You need not refer to a private opinion whoever he might be.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, so far as the question of susceptibility of a member is concerned, it is entirely a matter as to whether he has said something which another member objects to. When a member says something against a member he takes the responsibility in the matter. Arising out of your observation that if Sj. Iswar Das Jalan said anything today he said that in his individual capacity. I submit, Sir, a Minister is always a Minister. When a Minister speaks anything he cannot be divested of the position of the Minister and therefore if he says something then certainly other members are entitled to refer to that.

Mr. Chairman: The Hon'ble Minister denies that he has said anything.

Sj. Sasanka Sekhar Sanyal: Well, Sir, one member says that the Minister has said something and when the Minister says he did not say anything—when he denies it—there ends the matter. But certainly the Minister cannot say anything in his individual capacity.

Sj. Devaprasad Chatterjea: Sir, can an honourable member refer to some speeches of another Minister or another member without producing the necessary evidence for that supposed speech of the Minister or of the member of the House?

Mr. Chairman: If it is relevant to the subject in hand then of course he can—the point is whether it is relevant.

Janab Syed Nausher Ali: Sir, may I ask your ruling on the point whether a member of this House is entitled to criticize a Bill by saying that it is prompted by Marwari millionaire?

Mr. Chairman: That is a different matter.

Sj. Satya Priya Roy:

প্রথমে এই কথা আপনাকে বলছি, সভাপতি মহাশয়, বাই ওয়ে অফ পার্সোনাল এক্সপ্লানেশন, একথা আমি সম্পূর্ণ সম্প্রদায়কে বলি নি। আমি বলেছি তাদের মধ্যে যেসব পুঁজিপতি আছেন যারা বাস্তবিক আজকে ক্ষমতা দখল করে বসে আছেন তাঁদের কথা বলছি। এখানে এই প্রমাণিত হচ্ছে তিনি যদি এইকথা অস্বীকার করেন, এই কথা শিলিগুড়ি পত্রিকায় প্রকাশিত হয়েছিল, এটা তিনি নিশ্চয়ই জানেন, এবং সেটার তিনি প্রতিবাদ করেন নি। কাজেই স্বাভাবিকভাবে যে লোক যুক্তিপ্রবণ সে এটা বিশ্বাস করতে পারে। সেই কাগজে যে সংবাদ প্রকাশিত হয়েছিল তার প্রতিবাদ মন্ত্রী মহাশয়ের পক্ষ থেকে আসে নি, এখন নিশ্চয়ই এই সম্বন্ধে এর সত্যতা যুক্তিপ্রবণ ব্যক্তিরা বিশ্বাস করতে পারেন।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I have never seen that Patrika. If he imputes motive, I strongly oppose it.

Sj. Satya Priya Roy:

এই পত্রিকা যদি তিনি না দেখে থাকেন তাহলে এই শিলিগুড়ি পত্রিকা আপনার সামনে কালকে উপস্থিত করে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের সামনে এই কাগজ পাঠিয়ে দেবো।

Mr. Chairman: He has not seen the report that appeared in the paper and he denies that.

[11—11-10 a.m.]

Sj. Satya Priya Roy:

আমার কিছু বলবার নাই, কিন্তু তিনি এতদিন কোন প্রতিবাদ করেন নি।

Sj. Mohitosh Rai Choudhuri: On a point of order, Sir,

উনি যেটা বললেন মিনিস্টার সম্বন্ধে—এখন একজন যদি তার প্রাইভেট ওপিনিয়ন তিনি মিনিস্টারও যদি হন—এক জায়গায় বলে থাকেন তাহলে সেটা কি তিনি বলতে পারেন না?

Mr. Chairman: Will you please sit down, Mr. Rai Choudhuri? The matter does not arise. There was a wrong statement made and it was denied. You please sit down. Mr. Satya Priya Ray, you kindly carry on with your speech.

Sj. Satya Priya Roy:

স্যার, যতটা দেখছি, সেটা হচ্ছে কোন পরিকল্পনা না নিয়ে হঠাৎ একটা বিল এনে হাজির করেছেন। রাম না জন্মাইতে আগেই রামায়ণ লিখবার একটা অদ্ভুত ক্ষমতা এই সরকারের আছে। এই বিলে পরিষ্কার বুঝা যায়, জানি না সরকার কি করতে যাচ্ছেন—এটা শুধু জানেন ২,৮০,০০,০০০ টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ পাওয়া যাচ্ছে। পাঁচ বছর প্রায় শেষ হতে যাচ্ছে, তিন বৎসর চলে গেল যে করেই হোক, এই টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋন নিয়ে অপব্যয় করার প্রয়োজন হয়ে পড়েছে। সেজন্য এই বিল হাজির করেছেন, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ ধাপে এই কথাই আমি বলবো। এই বিলের উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে বস্তিবাসীদের দুঃখের জন্য অনেক অশ্রু বিসর্জন করেছেন এবং আমরা নাকি কুম্ভীরাশ্রু ফেলছি সেবিষয়ে অনেকে অভিযোগ করেছেন। কিন্তু আমি একটা কথা জিজ্ঞাসা

করতে চাই মন্ত্রী মহাশয়কে এখানে বস্তিবাসীদের কথা-এ বিলের কোথায় আছে? এখানে পরিষ্কার দেখাতে চাইছেন যে বস্তি উচ্ছেদ করাই হচ্ছে সরকারের উদ্দেশ্য, বস্তি উচ্ছেদ দরকার, বস্তি উচ্ছেদ করলে শহর পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে উঠবে, শহরাঞ্চলে বড় লোকের বাসস্থান হয়ে উঠবে, এই উদ্দেশ্য নিয়ে যদি সরকার এই বিল এনে থাকেন—যে শহরে দরিদ্র যারা করে খাচ্ছে তাদের জায়গা থাকবে না তাদের ঝেঁটিয়ে বিদায় করতে হবে সে উদ্দেশ্যে যদি এই বিল এনে থাকেন তাহলে মানতে পারি। কিন্তু যাঁরা বলছেন আমরা কুম্ভীরাশ্রু বিসর্জন করছি আর তাঁরা বস্তিবাসীর দুঃখে অভিভূত হয়ে পড়েছেন, তাদের জিজ্ঞাসা করতে চাই—যে এই বিলের কতটা অংশে বস্তিবাসীর পুনর্বাসনের কথা রয়েছে? এমন কি দেখতে পাচ্ছি যে বসতি তৈরি করবেন তাতে সরকার কত ভাড়া করবেন তার সুনির্দিষ্ট কথা পর্যন্ত এই বিলের মধ্যে নেই। সোজা কথা এই বিলের পেছনে যে উদ্দেশ্য রয়েছে—আমি সে কথা আর উত্থাপন করতে চাই না—মন্ত্রী মহাশয়ের অস্বীকৃতির জন্য—কিন্তু আমি পরিষ্কার বুঝতে পারছি যে কলকাতা শহর থেকে ক্রমে ক্রমে যারা গরীব, দরিদ্র তাদের বিদায় করার ব্যবস্থা হচ্ছে। সেদিক থেকে আমি এই বিলের বিরোধিতা করছি। আমি মন্ত্রী মহাশয়কে কতকগুলি গঠনমূলক সাজেশন দিতে পারি। আচ্ছা এই সমস্ত জায়গা বস্তির, তা কোটি কোটি টাকা খরচ করে জমিদার থেকে কিনবার কি কোন প্রয়োজন আছে? কেন ১৯৪৬ সালের যে দাম সেই দাম জমিদারকে দিতে হচ্ছে? এই জমি জমিদারদের হাত ছাড়া হয়ে গেছে বহুদিন আগে। তারা তো বহুদিন আগে ভাড়া আদায় করবার জন্য প্রজাদের বসিয়ে দিয়েছে। কাজেই আজকে প্রজাদের কাছ থেকে মাসিক যে খাজনা তারা আদায় করে সেই খাজনা শুধু দিয়ে সরকার সে জমি নিয়ে নেবেন না। তা যদি করতেন তাহলে একসঙ্গে বহু বস্তিতে এই ব্যবস্থা নিয়ে আসতে পারেন। তা না কোরে একেবারে জমিদারী শুদ্ধ সমস্ত জমি কেনা বা ১৯৪৬ সালের দামে জমিদারকে টাকা দেওয়ার মানে জমিদারেরা জানে যে তারা এই জমি কখন খাস করে নিতে পারবে না, এই জমি তারা কখন পাবে না, সেই জমিদারদের ঘরে জনসাধারণের টাকা তুলে দেওয়া হচ্ছে। সেইদিক থেকে বলছি এই বিল কখনও কার্যকরী হতে পারে না।

দ্বিতীয় জিনিস যেটা সবচেয়ে খারাপ লেগেছে এই বিলের, তা হচ্ছে বস্তিবাসীদের অধিকার ও বস্তিবাসীদের আশা একেবারে সুনির্দিষ্টভাবে কোথাও স্বীকার করা হচ্ছে না।

আমরা দেখেছি যেখানে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বস্তি ভেঙ্গে নতুন শহর তৈরী করেছেন, সেখানে যে বাসিন্দারা ফিরে এসেছে তারা পুরান বাসিন্দা নয়। সেই পুরান মেহনতী মানুষ ফিরে আসতে পারে নি। যারা ফিরে এসেছে তারা নতুন ধরণের মানুষ, যারা পয়সা খরচ কোরে কলিকাতায় বাস করতে পারে। এখানে পরিষ্কার বুঝতে পারছি যে, যে বস্তিগুলো নেওয়া হবে সেই বস্তিতে যে বস্তিবাসী ছিল তারা কখনও ফিরে আসতে পারবে না। সেখানে আসবে নতুন মানুষ, যারা নতুন যুগে অনেক মুনাফা করেছে, অনেক পয়সার মালিক হয়েছে, তারাই সেখানে ফিরে আসবে। সেদিক থেকে এই বিলের যে উদ্দেশ্য সে উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হবে। তাই ওপক্ষের যাঁরা বস্তিবাসীর দুঃখের জন্য অশ্রু বিসর্জন করেন সেটা নিতান্তই কপটাশ্রু। যদি এই বিলে পরিষ্কার লেখা থাকত যে বস্তির ওখানে বাড়ী তৈরী হওয়ার পর যারা ঐ বস্তিতে বাস করত এবং যাদের উচ্ছেদ করা হয়েছিল, তাদেরই শুধু ফিরিয়ে আনা হবে, অন্য কা'কেও নয় তাহলে বুঝতাম। কিন্তু তার কোন রকম উল্লেখ নাই। যেটুকু উল্লেখ আছে—সেই উল্লেখের ভিতর এত বড় ফাঁক আছে যে সেই ফাঁকের ভিতর দিয়ে বুঝতে পারা যায় যে বস্তিবাসীদের একবার ওখান থেকে তাড়িয়ে দেওয়া হলে আর ফিরিয়ে আনা হবে না, যারা পয়সা খরচ ক'রে ঐ বাড়ীতে থাকতে পারবে তাদেরই থাকার বন্দোবস্ত হবে। এই দুটো কারণে আমি এই বিলের প্রতিবাদ করছি। সেইজন্য বলি এই বিলকে জনমত সংগ্রহের জন্য পাঠিয়ে, আবার নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিল রচনা করবার জন্য বলছি। এইজন্য বলছি যে এই ব্যাপারে সমস্ত লোকের সহযোগিতা যদি না থাকে তাহলে এই বিল তাঁরা কিছুতেই চালু করতে পারবেন না। বাহিরে বিরাট বিরোধ পুঞ্জীভূত হয়ে উঠেছে, সেই বিরোধকে যদি আরও বড় কোরে তোলেন তাহলে কলিকাতায় বিদ্রোহের আগুন জ্বলবে, এবং সরকার সমস্ত গণতান্ত্রিক ক্ষমতা নিয়ে সে আগুনকে নেবাতে পারবেন না। কাজেই আজ সাবধান করে দিচ্ছি যে এই রকম করে জাতীয় শক্তির অপচয় যেন না করা হয়। জনগণের

সহযোগিতা নিয়ে জাতির কল্যাণের পথে অগ্রসর হউন। তার জন্যই এই বিলের ধারাগুলোকে জনসাধারণ যেমন দাবী করছে সেই পরিবর্তিত আকারে নিয়ে আসুন যাতে ঐ বিলের দ্বারা জাতির কল্যাণ করা যেতে পারে। সেইজন্য যে সার্কুলেশন মোশন এসেছে সেইটা আমি সমর্থন করছি এবং বলছি যে জনমত সংগ্রহের জন্য এটা পাঠান হউক।

Sj. Satya Priya Roy: Sir, I beg to move that this House recommends that the Legislative Assembly do reconsider clause 2 of the Bill with a view to define tea-waste, caffeine and to mention the manner in which the prescribed authority would satisfy himself as to whether tea-waste has been used in manufacturing caffeine.

সবচেয়ে এই আইনে দেখতে পাচ্ছি যে সরকারপক্ষের যা করা উচিত ছিল সেটা হচ্ছে ক্যাফিনএর ফাঁকে টি ওয়েস্ট শব্দের কোন সংজ্ঞা দেওয়া হয় নি এবং এর জন্য এর মধ্যে দিয়ে চা ব্যবসায়ী অনেকেই বেরিয়ে যাবে। সেইজন্য আমি বলতে চাই এই ক্যাফিন ম্যানুফ্যাকচারারদের একটা সাধারণভাবে ব্যবস্থা না ক'রে সমস্ত ক্যাফিন ম্যানুফ্যাকচারারদের একটা রেজিস্টার ক'রে নেওয়া হোক এবং তাদের একটা তালিকা ক'রে তাদের প্রত্যেককে কতখানি ক'রে টি ক্যাফিন তৈরি করবার জন্য দেবেন তার একটা তালিকা ক'রে নেওয়া হোক। যে পরিমাণ সে শুধু ক্যাফিন তৈরি করবে শুধু সেইটুকুর জন্য তাকে ট্যাক্স রেহাই দেওয়া হবে। তা না হ'লে ছোটবেলায় বাংলাদেশে যে প্রবাদ আমরা শুনেছিলাম—

হরির উপরে হরি
হরি শোভা পায়,
হরিকে দেখিয়া হরি
হরিতে লুকায়।

এই রকম অপচেষ্টার প্রয়োজন নেই। এইখানে

Prescribed authority prescribed in the manner

এই যে একটা অস্পষ্টতা এর প্রয়োজনীয়তা নাই। যারা ক্যাফিন তৈরি করবে তাদের কতটা টি ওয়েস্ট দরকার সেটা উল্লেখ ক'রে সরকারের কাছ থেকে লাইসেন্স চাইবে। সেই লাইসেন্সএর উপর ভিত্তি ক'রে নির্দিষ্ট পরিমাণ টি ওয়েস্ট থেকে তাদের ট্যাক্সএর রেহাই দেওয়া হবে। এটাই হওয়া উচিত নির্দিষ্ট নীতি। এ রকম একটা সুস্পষ্ট নীতিই থাকা উচিত, প্রেসক্রাইব্ড অথরিটি আর প্রেসক্রাইব্ড ম্যানার এই রকম ব'লে ছেড়ে দেওয়া উচিত নয়।

The short-notice recommendation of Sj. Nagendra Kumar Bhattacharyya that in clause 2(1)(i), after the word "tea-waste" the words "of the prescribed specification" be inserted was then put and lost.

The short-notice recommendation of Sj. Satya Priya Roy that this House recommends that the Legislative Assembly do reconsider clause 2 of the Bill with a view to define tea-waste, caffeine and to mention the manner in which the prescribed authority would satisfy himself as to whether tea-waste has been used in manufacturing caffeine was then put and lost.

Mr. Chairman: The Bill goes back to the Lower House without any recommendation.

Bengal Development (Amendment) Bill, 1958

The Hon'ble Ajoy Kumar Mukherji: Sir, I beg to move that the Bengal Development (Amendment) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the West Bengal Legislative Council for its recommendations, be taken into consideration.

এই যে বেঙ্গল ডেভেলপমেন্ট অ্যাক্টএর সেকশন ১০, ক্লজ ১-এ একটা প্রভাইসো অ্যাড করার জন্য এই প্রস্তাবটা এসেছে সেখানে প্রথমেই ব'লে রাখি, যদিও এই বিলের কোথায়ও লেখা নাই, এটা শুধু ময়ূরাক্ষী রিজার্ভার প্রজেক্টএ প্রযুক্ত হ'তে পারে।

Sj. Sasanka Sekhar Sanyal:
সেটা লেখেন নি কেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
সেটা বুঝিয়ে দিচ্ছি কেন লেখা দরকার করে না। বেঙ্গল ডেভেলপমেন্ট অ্যাক্টএর সেকশন ৬-এতে আছে—আমি প'ড়ে দিচ্ছি—

No expenditure shall be incurred for the construction of any improvement work in respect of which the State Government intend to impose an improvement levy and no improvement levy shall be imposed in respect of any improvement work unless the West Bengal Legislative Assembly has, by a resolution, recommended the imposition of an improvement levy in respect of such work, provided that nothing in the section shall apply to the Damodar Canal including the Eden Canal and the Mayurakshi Reservoir Project including the Bakreswar Canal.

তা হ'লে দামোদর, ইডেন, ময়ূরাক্ষী ও বক্রেশ্বর ছাড়া আর কোনটাতে ডেভেলপমেন্ট লেভীর কথা আনতে হ'লে তার জন্য আগে লেজিসলেচারএ আনতে হবে। কেবল এই চারটিতে এক্সেম্পশন আছে। কিন্তু আমরা সে ক্লজটা অ্যামেন্ড করছি, সেকশন ১০, তাতে আছে কিভাবে ট্যাক্স ধার্য করা হবে। তার ব্যবস্থা আছে যে কয়েক বছরের ক্রপ কাটিংএর রেজাল্ট দেখে তাতে অ্যাভারেজ একস্ট্রা ইল্ড কি হ'ল তা দেখতে হবে। ফসলের অর্থাৎ ধানের কয়েক বছরের গড় দাম বার করতে হবে। তা থেকে

average annual extra income by irrigation

কি হয়েছে সেটা বার করতে হবে। এই একস্ট্রা ইনক্রিজএর ৫০ পার্সেন্ট পর্যন্ত ট্যাক্স হ'তে পারে। এখন ব্যাপার হ'ল তিন-চার-পাঁচ বছরের ক্রপ কাটিংএর গড় নিতে হবে। তা না ক'রে ট্যাক্স ধার্য করা যাবে না। এতদিন যদি ট্যাক্স ধার্য না ক'রে ফেলে রাখা হয় তা হ'লে একদিকে সরকারের যেমন টাকা প'ড়ে থাকে অন্যদিকে জমির মালিকেরও জ'মে যাওয়া এত টাকা একসঙ্গে দিতে অসুবিধা হবে। সেটা এড়াবার জন্য আমরা একটা ইন্টারিম অ্যাড হক ট্যাক্স ধার্য করতে চাই। সেটা কমবেশী যদি হয়ও পরে যখন ট্যাক্স হবে তখন অ্যাডজাস্ট করা যাবে।

[4—4-10 p.m.]

তা হ'লে একমাত্র ময়ূরাক্ষীর জন্যই এই বিল। এই বিলে রেটএর কথা লেখা নাই, কিন্তু লেখা আছে সাব-সেকশন ৬ অব সেকশন ১০-এ। সেখানে বলছে ময়ূরাক্ষীর ম্যাক্সিমাম লিমিট হ'ল ১০ টাকা। তা হ'লে এটা দাঁড়াচ্ছে যে ম্যাক্সিমাম ১০ টাকা পর্যন্ত ফাইনাল ফিক্সেশন করা যেতে পারে। ইন্টারিম ফিক্সেশনও করা যেতে পারে। আমরা একরপ্রতি কী পর্যন্ত রেট ধার্য করতে পারি? আপ টু রুপিজ টেন। কিন্তু সরকার জনগণের কাছে একটা প্রতিশ্রুতি দিয়েছেন ১৯৫৪-৫৫ সালে 'সাড়ে ছ' টাকার বেশি ট্যাক্স করা হবে না—একস্ট্রা অ্যানুয়াল ইনকাম যতই হোক। তবে তার ৫০ পার্সেন্ট যদি সাড়ে ছ' টাকা না হয়, ধরুন যদি চার টাকার বেশি না হয়, ঐ চার টাকার বেশি রেট করতে পারা যাবে না আন্ডার সেকশন ১০। এইভাবে সরকারের প্রতিশ্রুতি অনুসারে পরের বছরে সাত টাকা বার আনা, তার পরের বছর ন' টাকা এবং তারও পরে দশ টাকার বেশি করা যাবে না। আমরা মনে করছি ১৯৫৫-৫৮—এই চার বছরের ক্রপ কাটিং ক'রে তা থেকে অ্যাভারেজ বার ক'রে ফাইনাল ফিক্সেশন করা যেতে পারে ১৯৫৮-৫৯

সালে। এই বকেয়া বছরগুলির জন্য ইতিপূর্বেই একটা বিল আনলে ভাল হ'ত। আমরা গত সেশনএ তা এনেছিলাম। গোলমাল হয়ে সেশন হঠাৎ বন্ধ হয়ে গেল, কাজেই আর হয়ে উঠল না। আমরা মনে করছি তিন বৎসরের অ্যাভারেজ ক'রে নিতে পারব। কিন্তু ১৯৫৬ সালে এমন বন্যা হ'ল যে সেটা একটা অ্যাবনর্মাল বছর হয়ে গেল। তাই পরের বছরের হিসাবও ধরতে হ'ল। সাব-সেকশন ৬-এ যদিও দশ টাকা পর্যন্ত ক্ষমতা নেওয়া আছে, কিন্তু আমরা সাড়ে ছ' টাকা, সাত টাকা বারো আনা, ন' টাকা এবং দশ টাকা—এর বেশী আদায় করতে পারব না। এজন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। এই অঙ্কগুলি যদিও আইনের কথা নয়, আমরা এ কথা বলছি গভর্নমেন্টএর তরফ থেকে, এই টাকাগুলি—যদিও একসঙ্গে ট্যাক্সটা ধার্য হচ্ছে, আমরা একসঙ্গে আদায় করব না। আমরা কিস্তিবন্দী ক'রে আদায় করব যাতে তারা সহজে দিতে পারে।

(এ ভয়েসঃ এ বিষয়েও অ্যামেন্ডমেন্ট দেন নি।)

অ্যামেন্ডমেন্টএর দরকার হয় না। এটা গভর্নমেন্টএর ডিসক্রিশনএ আছে। কর ধার্য করতে গেলে অনেক রুলএর ঝামেলা আছে, সেইসব রুল ফলো করলে অনেক দেরী হয়ে যাবে। তা হ'লে অনেক টাকা জ'মে যাবে এবং বিলের উদ্দেশ্য সিদ্ধ হবে না। সেইজন্য আমি এই সার্কুলেশন মোশনএর কোন সার্থকতা দেখি না।

Sj. Sasanka Sekhar Sanyal:

এই যে

Proviso to section 6, original Act.

এর আর আপনার কথা তো মিলছে না।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এই যা রয়েছে আপনি দেখুন।

Provided that nothing in this section shall apply to the Damodar Canal including Eden Canal and the Mayurakshi Reservoir Project including the Bakreswar Canal.

১৯৫৪তে যে অ্যামেন্ডমেন্ট হয়েছে তাতে ময়ূরাক্ষী ঢুকিয়ে দেওয়া হয়েছে।

Sj. Sasanka Sekhar Sanyal:

১৯৫৪তে যে অ্যামেন্ডমেন্ট হয়েছে তাতে বলেছেন—

.....In sub-section (6) of section 10 of the said Act the following clause shall be substituted, namely,—

(a) in respect of the Mayurakshi Reservoir Project, including Bakreswar Canal, shall not exceed Rs. 10 per acre.

তাতে অরিজিনাল সেকশন ৬ এ্যামেন্ডেড হয় নাই।

The Hon'ble Ajoy Kumar Mukheji: Section 2 of the Bengal Development Act, 1954

সেটা অরিজিনাল অ্যাক্টকে অ্যামেন্ড করল

Proviso to sub-section (6) of section 10

দিয়ে।

Sj. Sasanka Sekhar Sanyal:

আপনি স্পেসিফিকালি ময়ূরাক্ষী রিজারভয়ের সম্বন্ধে বলেন নি কেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

তা না হ'লে আমাদের লেজিসলেচারএ আনতে হয়। এক্সেম্পশন আছে দামোদর আর ময়ূরাক্ষীতে। দামোদরের ফাইনাল ফিক্সেশন হয়ে গেছে, ময়ূরাক্ষীর বাকি আছে। কোন নূতন প্রজেক্ট যদি নিতে হয় তা হলে আপনাদের কাছে এসে সেকশন ৬ অনুসারে অনুমতি নিয়ে তবে যেতে হবে।

Mr. Chairman: Members are requested to speak on both amendments for circulation and also on consideration motion.

Janab Syed Sahadulla: Sir, I beg to move that the Bengal Development (Amendment) Bill, 1958, as passed by the Assembly, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1959.

মাননীয় সভাপতি মহাশয়, এই বিলের সম্বন্ধে বলতে উঠে প্রথমে এই ক্যানেলএর জলের এখন যে অবস্থা হয়েছে এই আষাঢ়-শ্রাবণ মাসেও, সেই কথা উল্লেখ করতে চাই। কারণ এখানে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, সে অ্যামেন্ডমেন্টটা সেই বিষয় সংক্রান্ত। ক্যানেলএর জলে উন্নতি হ'লে সে উন্নতির পরিমাণ কি করা হবে না হবে, তা বাদ দিয়েছেন; কাজেই আজ ক্যানেলএর জলে কি কি উপকারিতা দেখা গিয়েছে এবং কিভাবে তাঁরা ক্যানেলএর জল দিয়ে আসছেন সেটা আপনার সামনে রাখা উচিত ব'লে মনে করি।

সেদিন দামোদর নিয়ে অ্যাডজোর্নমেন্ট মোশন মুভ করার চেষ্টা হয়েছিল, সেটা রুল্ড আউট হয়ে যায়। ময়ূরাক্ষীরও একটা বিরাট অংশে জল সরবরাহ করা হয় না। গত তিন-চার দিন যে বৃষ্টি হয়েছে তাতে অনেক জায়গার অবস্থা ফিরে গিয়েছে কিছু পরিমাণে সেই বর্ষার দরুন। কিন্তু ক্যানেলএর জলের যে অবস্থা দামোদরে হয়েছে—সেদিন অ্যাডজোর্নমেন্ট মোশন মুভ করার পর আমরা খবর পেয়েছি—ময়ূরাক্ষীর অবস্থাও প্রায় সেই রকম। ক্যানেলএর জল যা সরবরাহ হয়েছে সে জল এত অকিঞ্চিৎকর যে তার দ্বারা চাষীদের কোন উপকার হয় নাই। কীর্ণাহারের দিকে ময়ূরাক্ষীর জল সরবরাহ হয় নাই, আজকে এই পরিপ্রেক্ষিতে বিচার ক'রে, এই ব্যাপারটা সামনে যদি রাখা যায় তা হ'লে এই বিলে যে অ্যামেন্ডমেন্ট এনেছি, সেটা ঠিক হয়েছে কিনা বিচার করার সুবিধা হবে।

[4-10—4-20 p.m.]

আপনারা দেখবেন যে আগে ক্রপ কাটিং ক'রে, তার হিসেব ক'রে তার শতকরা ৫০ পর্যন্ত একটা লিমিট ছিল। এর উপরও আবার একটা লিমিট দেওয়া ছিল, প্রোভাইডেড দ্যাট—এতদূর পর্যন্ত, এর বেশি হবে না। বেঙ্গল ডেভেলপমেন্ট অ্যাক্টএর সেকশন ৮-এ বাধ্যবাধকতা ছিল যে ক্রপ কাটিং ক'রে প্রমাণ ক'রে দিতে হবে যে এই উন্নতি হয়েছে, কিন্তু সরকারও সেটুকুন বন্ধ ক'রে দিতে চান। অর্থাৎ দে ওয়ান্ট টু ট্রাভেল লাইট—যা কিছু বলা আছে তা থো ক'রে দিতে পারলেই সুবিধে। অর্থাৎ "সই করব তো নবাবী করব কখন"—সওদারজঙ্গ, গিরীশ ঘোষের নাটকের মত। সরকারেরও সেই ব্যবস্থা এখানে হচ্ছে। সুতরাং তাঁদের কর প্রয়োগে তাড়াতাড়ি রয়েছে ব'লে তাঁরা এই জিনিসটা সম্পূর্ণ বাদ দিতে চান। বর্তমানে যেসব প্রসিডিওর আছে তা তাঁরা মানতে চান না। এই বেআইনী আইনী করবার সময় ইংরেজ গভর্নমেন্টএর চোখের সামনে যে কতকগুলি বাধ্যবাধকতা ছিল এবং তখনকার জনমত যেটুকুন বাধ্যবাধকতা আদায় ক'রে নিতে পেরেছিল সেসবও আজ তাঁরা বিসর্জন দিতে চান এবং সোজাসুজি কর প্রয়োগ কিভাবে করা যায় তার ব্যবস্থা তাঁরা করতে চান। আজকে জলসরবরাহের ব্যবস্থা যদি আমরা দেখি তা হ'লে দেখব যে কিরকম উন্নতি হয়েছে এবং ক্যানেলে ব্যবস্থা কিরকমভাবে চলছে। তবে যদি ধ'রে নেওয়া যায় যে ক্যানেলএর জল ঠিকমত দেওয়া হয়েছে, তা হ'লে সেখানে দেখব যে ক্যানেলএর জল দেবার ফলে যা হয়েছে যদি স্বীকার ক'রে নিতে পারি, তা হ'লে প্রতি বৎসর যদি ক্যানেলএর জল দেওয়া হয় তা হ'লে ফসলের একটা নিশ্চয়তা চাষী পেতে পারে। অর্থাৎ এটাকে একটা ইনসিওরেন্স বলা যেতে পারে। বাংলাদেশে যেখানে ৫৫ ইঞ্চি বৃষ্টি হয় সেখানে জল না হ'লে আবাদ না হওয়াটাই প্রতি বৎসরের ব্যাপার নয় ব'লে ক্যানেলএর করুণার উপর যে নির্ভর ক'রে থাকতে হবে এমন অবস্থা নয়। মাঝে মাঝে জল না হ'লে দুর্বৎসর হ'তে পারে, সেই দুর্বৎসরে জল দিয়ে চাষাবাদ যাতে চাষীরা করতে পারে এই রকম একটা এসিওরেন্স থাকা উচিত। ক্রপএর বেলায় এইটুকুন হ'ল ক্যানেলএর জলের উপকারিতা। এর মধ্যে পলি নেই, যার জন্য এর একটা বিরাট উন্নতি হ'তে পারে। সুতরাং যেটুকু উন্নতি হয়েছে ব'লে দেখানো হয়, সেটার মধ্যে অনেককিছু কারসাজী আছে। উপরন্তু একটা বড় জিনিস আছে; সেটা হচ্ছে যে মাঝে মাঝে যে শুকো হাজা হয় তখন সেই শুকো হাজা নিয়ে চার-পাঁচ বৎসর একসঙ্গে ধরলে সেই শুকোর পোরশনটা বাদ দেয় এবং এর একটা গড় দেখিয়ে উন্নতি

দেখাবার চেষ্টা করে। অন্যান্য যা কারসাজী যা ক্রপ কাটিংএর মধ্যে করা হয় সেই প্রসিডিওর বাদ দিলে ইনসিওরেন্সএর কথা আসে। মন্ত্রিমহাশয় ব'লে গেলেন যে ১৯৫৬ সালে বানের যে বছর সেই বছর ধরলে ক'মে যায়, কোন অ্যাসেসমেন্ট ধরা হয় না। ময়ূরাক্ষী এলাকার সমস্ত চাষীর অভিযোগ যে ময়ূরাক্ষী ক্যানেলএর ফলে আরও বেশি ক'রে বন্যা এসেছিল। ময়ূরাক্ষী ক্যানেলএর বাঁধ ঠিক সময় না চালু করার জন্য এবং জল খুলে দেওয়া ইত্যাদি ব্যাপারে ক্যানেল কর্তৃপক্ষের অব্যবস্থার জন্য বিরাট প্লাবন হয়েছিল। যে বৎসর অ্যাভারেজ বেড়ে যাবে মন্ত্রি-মহাশয় তাকে বাদ দিতে চান, কেন না সেই বৎসর হিসাব যদি ধরা যায় তা হ'লে ফিগার অনেক বেড়ে যাবে এবং উন্নতি দেখানো যাবে। সুতরাং এইভাবে যে গড়পড়তা করা হয় তাতে মর্জিমাফিক মনোভাবের পরিচয় পাওয়া যায়। যাই হোক, আমি বলতে চাচ্ছি যে এইভাবে তারা যেটুকু ইনসিওরেন্সএর ব্যাপারে দেখতে চান সেটা তাঁরা মোটেই দেখতে পারেন না যে জল দেবার জন্য উন্নতি হয়েছে। সুতরাং উন্নতি তখনই হ'তে পারে চাষী যদি নিজের ক্যাপিটাল খাটাতে পারে। ক্যাপিটালিস্টদের ক্যাপিটাল খাটাবার ব্যাপারে যেমন ডিপ্রিসিয়েশন দেন, ইনকাম ট্যাক্স ডিপ্রিসিয়েশন দেন, তাদের ক্যাপিটাল ইন্ডিউস করবার জন্য নানারকম ছাড় দেন, সেরকম ব্যবস্থা যদি তাদের দেন তা হ'লে চাষীরা নিশ্চয় উন্নতি করতে পারবে। কৃষকদের উন্নতি করতে গেলে তাদের উপর এত ট্যাক্সের বোঝা চাপানো হবে না। এই বিলের দ্বারা প্রকৃতপক্ষে তাদের উপর ট্যাক্স চাপিয়ে দেওয়া হচ্ছে। যা হোক, আজকে দেখা দরকার ছিল এই ট্যাক্স করবার আগে যে তাদের কতখানি উন্নতি হয়েছে। আগে একটা পদ্ধতিতে বিচার করবার ব্যবস্থা ছিল, সেই পদ্ধতিটাকে বাদ দিয়ে আজকে সোজাসুজি একটা আন্দাজ ধ'রে নিয়ে তারা যা ইচ্ছা ট্যাক্স ক'রে যাবেন -এইভাবে একটা স্বেচ্ছাচারিতার ব্যবস্থা তাঁরা রাখবার চেষ্টা করছেন। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করব, যে জল আটক ক'রে রেখে—এইরকমভাবে সমস্ত জায়গায় রিজারভয়েরএ জল আটকিয়ে রাখাটা কি এক রকম হোর্ডিং নয়? এতদিন পর্যন্ত ইরিগেশন অ্যাক্ট-এ বলা হচ্ছিল যে এত রেট যদি দিতে রাজী হয় তবে জল দেব, তা না হ'লে জল দেব না। তাতে লোকে এই হোর্ডারদের কাছ থেকে জল নিতে রাজী হ'ল না, সম্মত হ'ল না—তারা জল নিতে পারল না। তখন হোর্ডারদের মত বলা হবে যে, জল আমরা দিতে পারব না, আমাদের মর্জিমাফিক আমরা যে ট্যাক্স দিতে বলব, সেই ট্যাক্স তোমাদের দিতে হবে, তবে আমরা জল দেব এবং সেইমত ট্যাক্স তারা দিতে বাধ্য হবে—এই হচ্ছে আজকে এই বিলের স্বরূপ। আমরা জানি এই ক্যানেল ট্যাক্সএর জন্য যখন ১৯৩৫ সালে প্রস্তাব করা হয়েছিল, তার আগে থেকেই তার বিরুদ্ধে বিরাট আন্দোলন চ'লে এসেছে এবং এই আন্দোলনে দেশের এমন কোন শ্রেণীর লোক ছিলেন না যাঁরা এর বিরুদ্ধে তাঁদের মনোভাব প্রকাশ করেন নি। সমস্ত জন-সাধারণের মত, দেশের নেতৃবৃন্দের মত, এমনকি বিদেশী বিশেষজ্ঞ যাঁরা এসেছিলেন তাঁদের মতও এই জলকরের বিরুদ্ধে গিয়েছিল। আমি উইলিয়ম উইলকক্সএর কথা এখানে রিপিট করতে চাই না। কেবল একটা কথা আমাকে এখানে বলতে হয়। অ্যাডামস উইলিয়মস এখানকার চীফ ইঞ্জিনিয়র—তাঁকে চ্যালেঞ্জ করেছিলেন যে জনমত এই ক্যানেল কর কতখানি চেয়েছে, ক্যানেলএর সরকারী কর্মচারীরা এই রকম জোর ক'রে লোকের কাছ থেকে জলকর আদায় করবার চেষ্টা করছেন। তখন তিনি একটা দৃষ্টান্ত দিয়েছিলেন এবং চ্যালেঞ্জ করেছিলেন যে, আমি অমুক-অমুক গ্রামে গিয়েছি এবং সেখানে ক্যানেলএর কর্মচারীদের সঙ্গে আলাপ করেছি। সেখানে ক্যানেলএর কর্মচারীরা ব'লে দিয়েছেন যে আমাদের পদোন্নতি হয়েছে এই ক'রে—যে সেইসব জায়গায় চাষীদের জোর ক'রে এগ্রিমেন্ট সই করিয়েছেন এবং জোর ক'রে ক্যানেল কর সেখানে সবচেয়ে বেশি পরিমাণে আদায় ক'রে দিয়েছেন ইডেন ক্যানেলএ, সেই কারণেই পদোন্নতি হয়েছে।

[4-20—4-30 p.m.]

আজকে যখন এইভাবে চাষীদের সই করানো গেল না, এখন জোর ক'রে এইভাবে তাঁরা চাপাবার চেষ্টা করছেন। আজকে আমি ট্যাক্সেশন তদন্ত কমিটির একটা কোটেশন প'ড়ে দিচ্ছি—

compulsory maintenance has necessarily to be small in amount for the enforcement in any district and if it is acceptable by the majority of the cultivator. At present there is a growing tendency on the part of the State to make water rate compulsory. As water rate covers many other

charges besides minimum maintenance costs, a compulsory water rate would become a burdensome tax, especially when scope for profitable utilisation of irrigation, because of various unfavourable factors, is limited.

ট্যাক্সেশন তদন্ত কমিটি পরিষ্কার ব'লে দিচ্ছেন যে কম্পালসরি ওয়াটার রেটটা বার্ডেনসাম ট্যাক্স হবে, বিশেষ ক'রে আজকে যখন ইরিগেশনএর খরচের সঙ্গে অনেককিছু আদার ফ্যাকটর্স এসে চেপেছে। আমরা জানি ময়ূরাক্ষী স্কীম এবং ডি ভি সি স্কীমএর মধ্যে আজকে শুধু ইরিগেশন প্রজেক্ট নেই, ইরিগেশন প্রজেক্টএর উপর ওভারহেড কস্ট আজকে বেশি ক'রে বাড়িয়ে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে এই সমস্ত কস্ট তাদের উপর চাপানো হচ্ছে।

ফুড গ্রেন্স এনকোয়ারি কমিটি এর অ্যাপ্লিকেশনএ আপত্তি করেছেন এবং তাঁরা এই কথা বলেছেন যে, বাংলাদেশের যেসব অঞ্চলে, বিশেষ ক'রে ময়ূরাক্ষী অঞ্চলে যেখানে স্বাভাবিকভাবে জলবৃষ্টি হয়ে থাকে সেসব জায়গায় কম্পালসরি লেভি করা ঠিক হবে না। ডাবল ক্রপিং যাতে করতে পারা যায় তার জন্য সাফিশিয়েন্ট ইনডিউসমেন্ট দেবার জন্য তাঁরা সরকারকে অনুরোধ করেছেন। অথচ সরকার তাঁদের কথা উপেক্ষা ক'রে একটা উন্নতির পরিকল্পনা ক'রে চাষীদের উপর জোর ক'রে কর চাপিয়ে দিতে চাচ্ছেন। কমিটি এর বিরুদ্ধেই রিকমেন্ড করেছেন। তাই আমি নিবেদন করব এটা সার্কুলেশনএ দেওয়া হোক।

Sj. Sasanka Sekhar Sanyal: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March 1958. Mr. Chairman, Sir, there is a well known saying in our language.

খাল কেটে কুমীর আনা

I am afraid that this Bill if enacted will add to the amount of injustice that has already been bestowed upon the poor cultivators. First of all, may I invite your attention to the lacunae in the Bill. I submit and maintain that the Bill is *ultra vires* because it is practically an attempt at enhancement of rent which under the existing sets of laws and legislation the West Bengal Government cannot do. If you kindly refer to section 39 of the original Act you will find "Notwithstanding anything contained in the Bengal Tenancy Act of 1885 when an improvement levy has been imposed in respect of any agricultural land the rent payable for such land at the time of the imposition of the levy or fixed thereafter in accordance with the provisions of clause (b) shall not be enhanced on account of—

(i) benefits derived from the construction of any improvement work, or

(ii) an increase in the productive powers of the land due to fluvial action."

I request your particular attention to (ii) because it is not a question of propriety of legislation merely, it is a question of the Bill being *ultra vires* or *intra vires*. I can quite appreciate my honourable friend replying that in the original Act—in the Act of 1935—certain *ad hoc* increments on the basis of arrears were inserted, but I hope he will also see my point that there is a great deal of difference between 1935 and today. In 1935 there was some provision but now you cannot impose anything as extra burden upon the rate-payers which amounts to enhancement of rent. This argument will be found in the original Bill as drafted and introduced by the Government itself. In the original Bill proviso to section 2 says—Provided further that pending the declaration of any rate or rates under the first paragraph, the State Government may, by notification, declare such rate or rates as it deems suitable not exceeding Rs. 10 per acre per annum. So originally, the mind of the Government was clear and probably frank but the crooked mind came up when the Government found that this levy would be hit by section 39 of the Act, and therefore instead of going

straightaway in the regular direction, they devised a device by describing the matter as an improvement levy. Therefore, my first objection is for enhancing the rate which is not permissible by law—which is forbidden by law—and therefore we oppose it on ethical grounds, on grounds of reason and also on constitutional and technical grounds.

Then, Sir, if you kindly come to section 7 of the Act you will find that certain things have to be done by the Government before any imposition is made. Section 7 says—when the State Government is satisfied that a notified area has benefited or is likely to benefit from an improvement work it may, by notification, subject to the provisions of section 6, impose the improvement levy in that area from such date as may be specified in the notification, and sections 8-13 deal with the elaborate processes through which investigation must pass before a notification is issued under section 7. Not only that. Section 14 comes after this elaborate investigation and notice of demand has to be issued under section 14. The Collector shall serve a notice of demand in the prescribed form and manner and the real objection on this point which I am driving at is that any imposition is subject to a right of appeal. Section 17 deals with right of appeal. Any imposition must be made subject to right of appeal. But here when you are making an imposition, the position is that there is no provision for that right of appeal. This amending Bill has virtually snatched away the right of appeal from the ratepayer. It is not necessary to say hereafter adjustments will be made. If a particular assessment even on a rough and ready basis is inadequate and if right of appeal is not there, that matter will not be a matter of adjustment hereafter. Therefore, it is extremely devoid of justice. Then may I draw the attention of the House to the real reason for imposition of this levy. Why this haste and hurry? There is an elaborate machinery for assessment of the produce—assessment of the extra produce and for assessing the price of the produce. This is a routine work of the Government. Why do you take shelter under the shady argument that we had to make an imposition but the facts are not ready? Well, don't you impose agricultural income-tax upon the cultivators of this area? What is the basis for imposition of agricultural income-tax? You have got your statistics—you have got the facts and figures. Is it not an excuse to say that for purposes of imposition of this levy, you have no facts or figures? This has no sense. Therefore, on this basis also I oppose this Bill and support the circulation motion. Well, Mayurakshi Project water serves not only areas in West Bengal but also areas in Bihar. The other day, Sir, the Second Five-Year Plan was distributed and in a particular page of that book when we read about irrigation, we find that Bihar lands are also served. What is the basis of assessment of the Bihar lands? There must be a *pro rata* arrangement. The water is a joint responsibility and a joint right of the two Governments.

[4-30—4-40 p.m.]

Are we not entitled to know what is the basis of assessment which is being undertaken by the Bihar Government for the purpose of drawing this *ad hoc* arbitrary rate from their own constituents and clients and particularly, Sir, my opposition is based on very fundamental ground and a very good ground that in the year 1956—that fateful year of the devasted flood—in order to save certain areas of the Bihar Government—which was a man-made flood, which was hurled upon poor cultivators of West Bengal covering the district of Murshidabad and, through the downflow and overflow, other districts—Nadia and Birbhum. Have you made assessment of the loss inflicted by this flood? Are you going to deny the fact that this flood was the gift of Bihar Government? Are you going to

tell us what have you done for getting money from the Bihar Government for compensating our cultivators? Are you going to have an assessment of the loss which was suffered by our cultivators in West Bengal? If you are not prepared to do that it is poor consolation to say that now you are going to impose a tax to be adjusted hereafter. There is no question of imposition of tax. You have no right to impose tax because you have ruined the cultivators. Are you going to say that the heads you will win and the tails the cultivators will lose? This is atrocious and we cannot be a party to this.

Then we find that electricity is generated there in the Mayurakshi Project. You are not making electricity available to these cultivators whom you are going to tax over again. Why not make electricity available at cheap rates? Why don't you start cottage industries on the banks of the Canal? Why don't you induce the cultivators to utilise part of their spare time for producing industrial products? There the Government is sitting as a *pucca benia*. This is deplorable. One turbine—there are two turbines in Mayurakshi Project—one turbine does not work at all because the other turbine produces that quantity which is now used by the commercial magnates. So, you are not working the second turbine. If you do so then such a big volume of electricity will be generated that with that electricity you can do some justice to these flood-stricken areas and you are not going to do that.

The Hon'ble Bimal Chandra Sinha: There are three—not two.

Sj. Sasanka Sekhar Sanyal: So, I am very glad, the young Minister helps me and my point is further strengthened. If there are three turbines let one turbine work for the greedy commercial magnates at any rate they please; let the second work for Birbhum and Murshidabad; and let the third turbine work for the surplus district of Nadia and outlying areas. After all Government must play the game. If the Government play the game in a fair and sportsmanlike way we are also prepared to play the game. Otherwise we shall oppose this measure up to our last breath.

Janab Abdul Halim: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1959.

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয় সেচমন্ত্রী আজকে যে ডেভেলপমেন্ট বিল এনেছেন—বেঙ্গল ডেভেলপমেন্ট অ্যামেন্ডমেন্ট বিল। তিনি বলেছেন যে ১৯৫৩-৫৪ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত জল দেওয়া হয়েছে। ফসল কতটা বৃদ্ধি হয়েছে সেই সম্পর্কে সার্ভে করতে পারেন নি, রেটও ঠিক করতে পারেন নি। তাই একটা অ্যাড হক হার দশ টাকা ধার্য করছেন। আমি মনে করি, এটা খুব মারাত্মক বিল। ১৯৫৪ সালের সেপ্টেম্বর মাসে একটা অ্যামেন্ডমেন্ট এসেছিল। ইরিগেশন অ্যাক্ট অনুযায়ী একটা নিয়ম আছে সেইসমস্ত এলাকায় জল দিতে হ'লে স্বেচ্ছামূলকভাবে একটা কন্ট্র্যাক্ট করতে হয়। স্বেচ্ছামূলকভাবে জল দিতে গেলে কৃষকরা কোন কন্ট্র্যাক্ট করছে না, স্বেচ্ছামূলকভাবে জল নেওয়া হচ্ছে না। এই যখন সরকার দেখলেন তখন তাঁদের বাধ্যতামূলকভাবে জল নেবার জন্য বাধ্য করা হয়েছে। প্রত্যেককে বাধ্যতামূলকভাবে জল নিতে হবে এবং তার জন্য টাকা দিতে হবে। টাকার হিসেবে পরে আসছি। আমি মনে করি যেভাবে এই বিল আসছে তাতে বাংলাদেশের যে বর্তমান খাদ্যপরিস্থিতি, সেখানে সংকট বেড়ে চলবে। জমিতে আজকে বোশ উৎপাদন হচ্ছে না। শুধু ময়ূরাক্ষীর লক্ষ লক্ষ চাষী এই সমস্যার সঙ্গে জড়িত নয়, দেশের অন্যান্য অংশের যে খাদ্য উৎপাদন ব্যাহত হবে, তাও এর সঙ্গেও জড়িত। এই গুরুত্বপূর্ণ বিলে সেচকর কিভাবে নির্ধারিত হবে তার নীতিটাও জড়িত আছে। এই আইন পাস হ'লে শুধু ময়ূরাক্ষী অঞ্চলের কৃষকদের স্বার্থ বিঘ্নিত হবে তা নয়, দেশের খাদ্য উৎপাদনও বিঘ্নিত হবে। ইংরাজ আমলের এ সম্বন্ধে একটা স্বেচ্ছামূলক আইন ছিল। ১৯৩৫ সালের অ্যাক্টএ যেভাবে ব্যবস্থা ছিল সেগুলি

বাতিল ক'রে দিয়ে আজকে চাষীকে বাধ্যতামূলকভাবে জল নেবার জন্য ব্যবস্থা করা হচ্ছে। সে যদি লীজএর বন্দোবস্ত না করে, সে লীজ নিতে চাচ্ছে না, তখন তার উপর জোর ক'রে চাপিয়ে দেওয়া হবে এই আইন। অর্থাৎ তাকে জল নিয়ে এই ট্যাক্স দিতে বাধ্য করা হবে।

আমরা জানি ইংরাজ আমলে ১৮৬০ সালে কৃষকরা যে স্বাভাবিকভাবে জল নিত তা বন্ধ ক'রে দেওয়া হয়। বাংলাদেশে কৃষিসংকট দেখা দেবার পর হ'তে খাদ্য উৎপাদন হ্রাস পেয়েছে। পূর্বে যেখানে একরে ২৮-২৯ মণ ধান হ'ত, বর্তমানে সেখানে ১৫-১৬ মণও ধান উৎপন্ন হয় না। তাঁরা ঠিক করলেন ক্যানেল ক'রে ফসল উৎপাদন বৃদ্ধি করবেন এবং তার জন্য একটা বিরাট পরিকল্পনা করলেন। সেই পরিকল্পনা অনুযায়ী একটা ময়ূরাক্ষী প্রজেক্ট হয়েছে এবং তার জন্য ১৬ কোটি টাকা খরচ করেছেন। পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঐ টাকা ধার করলেন এবং পনের বছরের ওয়াদা করেছেন যে সুদসমেত সমস্ত টাকা চাষীর কাছ থেকে কর ক'রে আদায় ক'রে শোধ দেবেন। এই টাকা সমস্ত শোধ দিতে হ'লে চাষীদের উপর ট্যাক্স বসাতে হবে। তার দু'টো উপায় ছিল—ইরিগেশন অ্যাক্টএ জল দেওয়া ও টাকা আদায় করা। তা যখন করতে পারলেন না তখন তাঁরা ডেভেলপমেন্ট অ্যাক্ট অনুযায়ী দেখলেন যে উৎপাদন বাড়তি হবে, সেই উৎপাদনের ৫০ পার্সেন্ট তাঁরা আদায় করতে পারবেন। মাননীয় মন্ত্রিমহাশয় ১৯৫৪ সালে যে বক্তৃতা দিয়েছিলেন তাতে বলেন—আমরা ইচ্ছা করলে এই আইন অনুসারে একরে বিশ টাকা আদায় করতে পারি, কিম্বা তার অর্ধেক করতে পারি। কিন্তু আমরা তা করছি না। দশ টাকার বেশি আদায় করব না, আইনে যা লেখা আছে। কিন্তু তারপর কি হয়েছে? এই ময়ূরাক্ষী এলাকা ১৯৫৬ সালের বন্যায় ভেসে গিয়েছে। সেখানে জল দেওয়ার ফলে কি পরিমাণ বাড়তি ফসল উৎপন্ন হয়েছে, তা তাঁরা প্রমাণ করতে পারেন নি। এবং সেইজন্য তাঁরা কয়েক বছর ডেভেলপমেন্ট অ্যাক্ট অনুযায়ী কোন কর ধার্য করতে পারেন নি, ইরিগেশন অ্যাক্ট অনুযায়ী কর ধার্য করেছেন। মাননীয় সেচমন্ত্রী মহাশয় ১৯৫৪ সালে একরে ন' টাকা থেকে দশ টাকা পর্যন্ত ট্যাক্স করেন। তারপর ১৯৫৪-৫৫ সালে সাড়ে ছ' টাকা, ১৯৫৫-৫৬ সালে সাত টাকা বারো আনা, ১৯৫৬-৫৭ সালে ন' টাকা এবং ১৯৫৭-৫৮ সালে দশ টাকা—এই ইরিগেশন অ্যাক্ট অনুসারে করেছিলেন। খরিফে ও রবিতে পনের টাকা রেট ছিল, সেটা কমিয়ে ১৯৫৬-৫৭ সালে সাড়ে সাত টাকা করা হয়েছিল। তারপর ক্যানেল ক'রে তাঁরা বাংলাদেশের চাষের সত্যিকার কোন উন্নতি করতে পেরেছেন কিনা, কৃষিসম্পদ, ধান প্রভৃতির উৎপাদন বেড়েছে কিনা? এর মূল উদ্দেশ্য ছিল ফসল বৃদ্ধি করা এবং সেই ফসল বৃদ্ধি হ'লে পর এর থেকে পঞ্চাশ পার্সেন্ট তাঁরা নেবেন। তাঁরা ষোল কোটি টাকা খরচ ক'রে বললেন ছ' লক্ষ একর জমিতে জল দেবেন। তা ছাড়া এক লক্ষ বিশ হাজার একর জমিতে রবিশস্যের জন্য এ বছর জল দেবেন। আমি জানি না এখানে কয় বিঘাতে এ পর্যন্ত জল দেওয়া হয়েছে। তিনি আরও ব'লে ছিলেন যে ঐ অঞ্চলে রবিফসলের জন্য ত্রিশ হাজার বিঘা জমিতে জল দেওয়া হবে। তা দেওয়া হয়েছে কিনা? আমার প্রশ্ন হচ্ছে, তাঁরা এই যে জলের ব্যবস্থা করেছেন, তাঁদের এই যে সব প্ল্যান তার দ্বারা চাষের প্রকৃত কোন উপকার হয়েছে কিনা?

১৯৫৪ সালে তিনি বলেছিলেন যে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটএর কাছ থেকে পরে যে ফসল বাড়তি হবে সেটার হিসাব সিদ্ধান্ত ক'রে দেবেন। তার কোন হিসাব আমরা এ পর্যন্ত দেখতে পেলাম না। সেই রিপোর্ট তাঁর কাছে আছে কিনা জানি না।

[4-40—4-50 p.m.]

তারা জমিতে জল দিয়ে অন্যান্য জমির সঙ্গে তুলনামূলকভাবে মিলিয়ে দেখবে যে ফসল বৃদ্ধি হয়েছে কিনা। সেটাকে দেখে তারা যে রিপোর্ট দেবে সেই হিসাবে আমরা কর ধার্য করব। আমি জানি না সেই রিপোর্ট তাঁদের কাছে আছে কিনা। আমি একটা প্রশ্ন কিছুকাল আগে করেছিলাম। তাতে তাঁরা বলেছিলেন যে আমরা এখনও সেই সার্ভে ক'রে উঠতে পারি নি। তা হ'লে সার্ভে যদি ক'রেই না উঠতে পেরে থাকেন, ফসল যদি বেড়ে না থাকে তা হ'লে অ্যাড হক হারে আজকে তাদের উপর জোর ক'রে ট্যাক্স কেন চাপানো হচ্ছে? আমি জানি তাঁরা বলেছিলেন যে ৬ লক্ষ একর জমিতে জল দেব। ১৯৫৪ সালে তাঁরা দিয়েছিলেন ১৪৩ একর জমিতে, ১৯৫৪-৫৫ সালে ৮১ হাজার ৭ শত একর জমিতে, ১৯৫৫-৫৬ সালে ২ লক্ষ ১০ হাজার একর জমিতে, ১৯৫৬-৫৭ সালে ২ লক্ষ ৪৫ হাজার একর জমিতে, আর

১৯৫৭-৫৮ সালে ২ লক্ষ ৯০ হাজার একর জমিতে। কথা ছিল ৬ লক্ষ একর জমিতে জল দেওয়া হবে, কিন্তু তা হয় নি। জল চাষীকে ঠিকমত সাপ্লাই করা হয় না, বাধ্যতামূলকভাবে, তারা জল নিক বা না নিক, তাদের ট্যাক্স দিতে হবে, অথচ তাঁরা জল সাপ্লাই করতে পারেন না। দেশে যদি এত কোটি টাকা খরচ হয়ে থাকে, জলের যদি ব্যবস্থা হয়ে থাকে তা হ'লে জল কেন দেওয়া হয় না? যদি জল দেওয়া হ'ত তা হ'লে নিশ্চয়ই উৎপাদন বাড়ত এবং উৎপাদন বাড়লে পরে সার্ভে ক'রে যে সিদ্ধান্ত হ'ত, তার থেকে আমরা ট্যাক্সএর ব্যবস্থা করতে পারতাম। কাজেই আমরা দেখছি, এখানে তাঁরা জল দিতে পারেন নি, উৎপাদন বাড়াতে পারেন নি। রবিফসলের জন্য জল দিতে পারেন নি। বীরভূম অঞ্চলে দেখেছি বর্ষার সময় জল দেওয়া হয় নি। এখানে আমি সেদিন টেলিগ্রাম পেয়েছি যে সেখানে নান্নুর, কীর্ণাহার এবং লাভপুর অঞ্চলে জল দেওয়া হয় নি। একটা প্রশ্নে মাননীয় সেচমন্ত্রী সেবার বলেছিলেন যে, আমাদের বর্ষা আরম্ভ হয় ১১ই জুলাই এবং ১১ই জুলাই থেকে জল দেওয়া হয়। এখন জুলাই মাসের শেষ, দেশে বৃষ্টি হয় নি। এই অনাবৃষ্টির সময় এখনও জল দেওয়া হয় নি। তা হ'লে দেশে চাষের যখন এই অবস্থা, এই অবস্থায় জল না দিয়ে তাঁরা আজকে এই ব্যবস্থা করছেন। চাষীকে চাষ করার সুযোগ দেবেন না, জল দেবেন না, উৎপাদন বেড়েছে তা প্রমাণ করতে পারবেন না, অথচ অন্যায়ভাবে আজকে ট্যাক্স আদায় করার জন্য এই অ্যাড হক আইন তাঁরা এখানে এনেছেন। আমি মনে করি, এটা খুব অযৌক্তিক এবং অন্যায়। এই কাজ করলে পরে চাষের এবং চাষীদের অবস্থা আরও শোচনীয় হবে। কিছুদিনের জন্য এই অন্তর্বর্তিকালীন ট্যাক্স তাঁরা আনছেন। সেচের জল ব্যবহার ক'রে যদি ফসল বাড়ত তা হ'লে হয়তো একটা ট্যাক্স দিতে হ'ত। কিন্তু আমি মনে করি সেই ট্যাক্স ধার্য করা উচিত নয়। অনেক বিশেষজ্ঞ কমিটি বলেছেন, ট্যাক্স এনকোয়ারি কমিটি বলেছেন, অন্যান্য কমিটিও বলেছেন যে দেখতে হবে ট্যাক্স ধার্য করার উপযোগী অবস্থা আছে কিনা, ফসল উৎপাদন বৃদ্ধি সেখানে হয়েছে কিনা, যদি বৃদ্ধি হয়ে থাকে তা হ'লে সেখানে মেনটেনান্স কস্টস হিসাবে একটা কর রাখা যেতে পারে। আমি কোন রকম ট্যাক্স করার বা জল দিয়ে ব্যবসা করার বিরোধী। কারণ কৃষককে জল দিয়ে তাদের কাছ থেকে ব্যবসা করার নীতিতে ট্যাক্স আদায় করা অন্যায়। তাদের জল দিয়ে যদি উৎপাদন বাড়ত, দেশে আজ যদি জল দিয়ে, সার দিয়ে উৎপাদন বাড়ানো হয়——

The Hon'ble Ajoy Kumar Mukherji: On a point of order, Sir,

আজকে আমাদের আলোচনা খুব ছোট গণ্ডীর ভিতর সীমাবদ্ধ। ফাইনাল ট্যাক্স ফিক্সেশনএর আগে ইন্টারিম ট্যাক্স হবে কিনা সেটাই বিবেচ্য বিষয়।

Janab Abdul Halim:

আমি সেই ইন্টারিম ট্যাক্সএর বিরোধিতাই করছি।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

জলকর ধার্য হবে কিনা এসব প্রশ্ন আজকে নেই। আজকে কথা হচ্ছে যে ফাইনাল ফিক্সেশনএর আগে ইন্টারিম ট্যাক্স কবে কিনা।

Janab Abdul Halim:

চাষীর কাছে আমরা জল বিক্রি করতে চাচ্ছি। এখানে এই জল নিলে তারা লাভবান হবে কিনা তা বিবেচনা না ক'রে কোন্ নীতিতে আমি ট্যাক্স ধার্য করব? চিরাচরিত নীতি হচ্ছে যে চাষীকে জল দেওয়া। ইংরাজ আমলে তারা জল দিত। তারপর যে অ্যাক্টএ দামোদর ক্যানেল হয়েছিল, যখন ইডেন ক্যানেলএ জল তারা দিত এবং তার জন্য তারা যখন ট্যাক্স ধার্য করতে চেয়েছিল তখন আমরা তা প্রতিরোধ করেছি। তখন সেই ১৯৩৯-৪০ সালে যখন ইংরাজরা ট্যাক্স চাপিয়েছিল তখন আমরা আন্দোলন করেছিলাম। এই ট্যাক্স চাপাতে যাচ্ছেন ব'লেই আজকে আমাদের এটা বলতে হচ্ছে। আজকে উৎপাদন বাড়ুক বা না বাড়ুক, নূতন ক'রে আপনি কিসের ভিত্তিতে এই ট্যাক্স করতে যাচ্ছেন? আজকে বাংলাদেশে যে খাদ্যসংকট বেড়ে গিয়েছে, প্রত্যেক জেলায় ৩০-৪০ টাকা ক'রে চালের দর হয়ে গিয়েছে, এই অবস্থায় যদি খাদ্য বৃদ্ধি করতে হয়, তা হ'লে জল দেবার ব্যবস্থা করা দরকার। এই যে নীতি—ব্যবসায়ী নীতি—নিয়ে সংকটকে আরও গভীরতর, আরও গুরুতর ক'রে তুলছেন আপনারা। আজকে মানুষ খেতে পাচ্ছে না, অনাবৃষ্টির জন্য দেশে চাষ হচ্ছে না। এই অবস্থায় এই বিল এনে চাষীদের

ঘাড়ে ট্যাক্স চাপানো হচ্ছে। এতে খাদ্যসংকট আরও গভীরতর ক'রে তুলবেন। সরকারী হিসাবে সাত লক্ষ টন খাদ্য ঘাটতি। এখন ফসলবৃদ্ধির জন্য, সেচের জন্য জলের দরকার। সে ব্যবস্থা না ক'রে, কোন সন্ধান না নিয়ে, কোন ফ্যাক্টস অ্যান্ড ফিগার না দিয়ে ইন্টারিম দশ টাকা কর বসাতে চাচ্ছেন। বলছেন, তারপরে সেটা অ্যাডজাস্ট হবে। কেন এটা করতে চাইছেন? ষোল কোটি টাকা খরচ করেছেন, সুদসমেত সেই টাকা সেন্ট্রাল গভর্নমেন্টকে শোধ করতে হবে এবং সেই টাকা চাষীর ঘাড়ে কর চাপিয়ে আদায় করতে যাচ্ছেন, কিন্তু ফসল উৎপাদন আদৌ বাড়ল কিনা সেদিকে লক্ষ্য নাই। ১৯৩৫ সালে বৃটিশ আমলের যে আইন সেটাকে ভালভাবে সংশোধন করলেন না। তা না ক'রে ফসল বাড়ল কিনা, সেসব না দেখে ট্যাক্স চাপাচ্ছেন। অন্যান্য কমিটি—ট্যাক্সেশন এনকোয়ারি কমিটি—কি বলেছে না বলেছে, সেটা আমি বলতে চাই না। আমি বলতে চাই এভাবে চাষীদের কাছ থেকে জোর ক'রে কর আদায় করাটা খুব অন্যায় হবে। অথচ ক্যানেল পরিচালনার জন্য, রক্ষণাবেক্ষণের জন্য, জল দেবার জন্য যে খরচ হয় তার জন্য কিছু ট্যাক্স ধার্য হ'তে পারে। আমি আপত্তি করি না। সরকারকে আমি জানাতে চাই যে তাঁরা যদি জনমত উপেক্ষা ক'রে কৃষকদের উপর এরকম অসংগত করের বোঝা চাপিয়ে দেন তা হ'লে কৃষকরা সংঘবদ্ধ হয়ে তীব্র আন্দোলন করবে, কৃষকরা এই কর কিছুতেই বরদাস্ত করবে না। আবার কৃষকদের অবস্থা কি সে সম্বন্ধে আপনি জানেন গ্রীষ্মকালে সমস্ত অঞ্চল খটখট করছে, গ্রামাঞ্চলে জল নাই, ১১৮-১১৯ ডিগ্রি গরম, মানুষ জল-জল ক'রে হাহাকার করছে। সেই সময় রবিশস্যের জন্য যদি জল দিতে পারতেন তা হ'লে ফসল বাড়ত। বর্ষার সময়ও যখন চাষের সময়, সেই সময় কৃষকরা জল পায় না। আজকে শ্রাবণ মাস চলছে, মাঝামাঝি প্রায় হয়ে এল, কৃষকরা জল পায় না, জলের এত অভাব। আশ্বিন-কার্ত্তিক মাসে যে ধান হয় তখনও জলের প্রয়োজন, কিন্তু বৃষ্টি হ'লে সেই জলের প্রয়োজন হয় না। ১৯৫৬ সালে যখন জল দেওয়া হ'ল না সেই সময় আশ্বিন-কার্ত্তিক মাসে প্রবল বন্যা হয়ে ড্যাম প্রভৃতি সমস্ত ভেসে গেল এবং ফলে ধান্য প্রভৃতি সমস্ত ফসল নষ্ট হয়ে গেল। সেই ব্যবস্থার কোন প্রতিকার না করতে পেরে আজকে কি হিসাবে এই ট্যাক্স নূতন ক'রে চাপাচ্ছেন বুঝি না। এর আমি তীব্র বিরোধিতা করছি, এর বিরুদ্ধে তুমুল আন্দোলন হবে।

Sj. Nagendra Kumar Bhattacharyya: Mr. Chairman, Sir, I beg to move that the Bengal Development (Amendment) Bill, 1958, as passed by the Assembly, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1958.

Sir, the first question which arises in my mind is—is there any Act on the Statute Book of West Bengal or the whole of India where imposition of taxation was made in advance? I would ask the Hon'ble Minister-in-charge of this Bill to make mention of that fact. Sir, it is a dangerous precedent which is going to be created in respect of this Act which is going to be amended. In order to make my submission intelligible to this House I would, first of all, place section 10 of the Bengal Development Act, 1935. Now clause 10(1) runs thus:

> "10(1) Notwithstanding anything contained in any other Act the improvement levy shall be imposed in respect of agricultural lands within a notified area at such rate or rates as the Government may, by notification, from time to time declare, and different rates may be so declared for classes of land of different descriptions or having different advantages:".

So, it appears that fixation of the improvement levy has to be done having regard to different elements, viz., classes of land, of different descriptions or having different advantages. Now, by notification it is not always possible to declare a flat rate at which the improvement levy is to be imposed.

[4-50—5 p.m.]

Then the proviso which is already in the Act, i.e., proviso to section 10(1) runs to this effect:—

> "Provided that any rate so fixed shall not exceed one-half of the estimated net increase, resulting from the improvement work, in the profits or one-half of the net value of the estimated increase in outturn.".

Now, if we accept the proviso which is given in the present Bill, viz., "Provided further that pending the declaration of any rate or rates under the first paragraph, the State Government may, subject to the provisions of sub-section (6), by notification declare such rate or rates, as it deems suitable, and thereupon improvement levy shall be payable for the time being at such rate or rates, and any amount paid at such rate or rates shall be subsequently adjusted against the amount payable at the rate or rates declared under the first paragraph", this is not possible in view of the provisions of section 8 of the Bengal Development Act of 1935. I will come to this later but I am trying to show at this stage that this proviso will be in conflict with the proviso to section 10(1). How would it be in conflict I shall presently show. The first proviso lays down certain limit up to which the improvement levy can be assessed. Now, so far as the proposed proviso is concerned it does not fix any limit. So, the Government by a notification can fix the improvement levy at a figure which may be in conflict with the proviso to section 10(1). Therefore, I submit that this sort of conflicting provision should not be made in any Act or in any section of any Act. This is my second objection.

Then my third objection is that by including the proviso proposed to be included we would be temporarily suspending the provisions of sections 7, 8 and 9. That is a very dangerous procedure because if you suspend the provisions of certain sections of the Act in order to gain some advantages it would be dangerous so far as the occupiers of lands are concerned. The person may not be under the law liable to make any payment whatsoever and he would be asked to make payment and unless he does that his property will be sold. This is a position to which none should be placed. Sir, if we refer to section 8 of the Bengal Development Act of 1935 we find that an estimate of increase in the outturn of produce from agricultural land should, in the first instance, be prepared. Not only it will be prepared but the person affected will have the right to put in objections. Section 8(1) runs thus:—

> "8(1) From time to time an officer appointed by the State Government shall, in accordance with rules made under this Act, and after hearing any objections in the prescribed manner, prepare in respect of land throughout a notified area an estimate...".

So, a person on whom an improvement levy is going to be imposed, has been given the right to prefer objections to the imposition; the right which has been vested in the occupier is going to be, temporarily at least, taken away by the proviso which is proposed to be included in the original Act. Not only that, Sir, objections must be heard, "any objections in the prescribed manner, prepared in respect of land throughout a notified area an estimate of the average increase in the outturn of the produce from agricultural land of any class which, in his opinion, has been or is likely to be made possible by any improvement work, on the assumption that the land has produced...". Sir, I beg to draw particular attention of the House to the expression "land has produced". We can

appreciate the difficulty of the State Government in preparing an estimate of increase in outturn of the produce because of the flood in 1956—the fact that what was the outturn in respect of particular land or lands—that has to be taken into consideration—but we all know that lands in the Birbhum district were flooded during 1956. So, that estimate is not an easy matter to be made. Finding the difficulties the State Government want to develop a situation by enacting a proviso to section 10(1) which is virtually temporarily repealing or suspending the provisions of section 79. So, Sir, I would submit that this amendment should not be accepted without eliciting public opinion, specially the opinoin of the persons who are going to be affected thereby. The Government should do it for doing justice to the people. This is not the time when imposition of tax should be made in advance. We know the pitiable conditions of the agriculturists. They lost their crops in 1956; they had no good crops in 1957 and we do not know what would happen this year. In these circumstances if the Government is merciless to impose tax on these people, I would say that would be unjust, that would be cruel and that would be undemocratic. So I would submit with all emphasis at my command that this is a provision which ought not to be allowed to be placed in the Bengal Development Act, 1935. Sir, after all, legislation should be made having regard to the conditions of the people who would be affected thereby, having regard to the prevailing circumstances which are known to everybody. We all know that almost in all districts of West Bengal famine condition prevails. In these circumstances if you impose tax in advance, that would not be, as I have said, proper, that would not be just. So, I would submit, if you look to the matter from a legal point of view, if you look to the matter from equitable point of view, there can be no justification for bringing up this Amendment Bill.

Sir, with these words I beg to move my amendment that this Bill should be sent for circulation for the purpose of eliciting public opinion, specially the opinion of the persons who are going to be affected thereby

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[5-15—5-25 p.m.]

Sj. Kali Charan Chose: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1958.

মাননীয় সভাপতি মহাশয়, আজকে এই যে বঙ্গীয় উন্নয়ন সংশোধন বিল আমাদের পরিষদের সামনে উপস্থাপিত করা হয়েছে এটিকে আমি জাতীয় স্বার্থের অতীব পরিপন্থী হিসাবে মনে করি। তাই আমি এটিকে জনমত সংগ্রহের জন্য দেওয়ার সংশোধন এখানে রেখেছি। বিলটির আয়তন খুব ছোট বটে, কিন্তু এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। স্যার, বাস্তবিকপক্ষে কোন জনকল্যাণমূলক রাষ্ট্রে যখন কোন আইন প্রণয়ন করা হয় তখন সেই আইনের ভিতর দিয়ে জাতির স্বার্থকে সুরক্ষিত করা লক্ষ্য থাকে। আমি সেচমন্ত্রীর কাছে জানতে চাই যে, এই যে সংশোধনী বিল তিনি নিয়ে এসেছেন, তাতে জনকল্যাণমূলক রাষ্ট্রের প্রতিনিধি হয়ে তিনি কোন্ শ্রেণীর স্বার্থ সুরক্ষিত করতে যাচ্ছেন? তিনি তো এই বিলের মধ্য দিয়ে কৃষক শ্রেণীর স্বার্থ সুরক্ষিত করতে যাচ্ছেন না। তিনি আজ এই বিলের দ্বারা কৃষক শ্রেণীর স্বার্থকে আঘাত করার মাধ্যমে জাতির মেরুদণ্ডকেও আঘাত করছেন। স্যার, এই বিলে যথেচ্ছভাবে কর আরোপ ক'রে কৃষককে আরও বেশি ক'রে খাদ্যশস্য উৎপাদনে উৎসাহিত করা হচ্ছে না। আমি আশ্চর্য হয়ে যাই যে রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ এবং প্রধানমন্ত্রী নেহরু থেকে আরম্ভ ক'রে সমস্ত নেতৃবৃন্দেরা দেশের সামনে উদাত্তকণ্ঠে ঘোষণা করছেন যে আজকে আমাদের খাদ্যে

স্বয়ংসম্পূর্ণ হ'তে হবে। আমাদের খাদ্য আমদানি ক'রে বৈদেশিক মুদ্রা ঘাটতি হচ্ছে। যেখানে এই অবস্থা সেখানে এর হাত থেকে রক্ষা পেতে হ'লে আমাদের জাতীয় সরকারের উচিত আজ কৃষককে দেশপ্রেমে উদ্বুদ্ধ ক'রে তোলা। তবেই খাদ্যোৎপাদন বেশি হবে। সেই প্রচেষ্টার দ্বারাই জাতিকে বৈদেশিক মুদ্রা ঘাটতির হাত থেকে অনেকটা রক্ষা করতে পারা যাবে। শুধুমাত্র খাদ্য উৎপাদনের দিক থেকে নয়, জাতীয় পরিকল্পনাকে সাফল্যমণ্ডিতও করা যাবে। সেজন্য বলব যে বিনা করে জলসেচের ব্যবস্থা ক'রে তাদের উদ্বুদ্ধ করা উচিত ছিল। সত্যিকারের উন্নয়নের জন্য শুধু বিনা করে জলসেচের ব্যবস্থা করাই নয়, বরং খাদ্য উৎপাদনের জন্য সমস্ত কিছু অ্যাসেসমেন্ট ক'রে ভাল বীজ, সার, কৃষিঋণ যাতে দেওয়া হয়, যাতে তারা কো-অপারেটিভ গঠন করতে পারে তার ব্যবস্থা করা দরকার। পণ্ডিত নেহরুও সেদিনও বলেছেন যে যাতে তারা কো-অপারেটিভএর মাধ্যমে চাষাবাদ করতে পারে সেদিকে সরকারের প্রচেষ্টা থাকা উচিত এবং এর মাধ্যমে সামগ্রিক কল্যাণ সম্ভব হবে। কিন্তু এই বিলের মধ্যে দেখছি, আজকে সেই উদ্দেশ্য, সেই লক্ষ্যের মূলে সম্পূর্ণরূপে কুঠারাঘাত করা হচ্ছে। আমরা আশ্চর্য হয়ে যাই দেখে যখন ইংরাজ গভর্নমেন্ট আমাদের ভারতের ঐতিহ্যকে লক্ষ্য না ক'রে জলের উপর কর নির্ধারণ করতে চান এবং তাদের আবার সেই কর বাড়িয়ে দিতে চান, তখন কংগ্রেস এবং কংগ্রেসের ভেতর তদানীন্তন দক্ষিণপন্থী এবং বামপন্থী দল—সকলে মিলে তার বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন। আর সেই কংগ্রেস পরিচালিত গভর্নমেন্টই আজকে আবার কি ক'রে যথেচ্ছভাবে কৃষকের উপর জলসেচের জন্য কর বসাতে যাচ্ছেন, জাতীয় ঐতিহ্যের বিরুদ্ধে কি ক'রে একটা জাতির স্বার্থ-পরিপন্থী কাজ করতে যাচ্ছেন তা দেখে আমরা বাস্তবিকই আশ্চর্য হয়ে যাই। এর সাথে যেসমস্ত যুক্তি দেখানো হয়েছে আমি আর তার পুনরুল্লেখ করতে চাই না, কিন্তু কেন্দ্রীয় গভর্নমেন্ট কর্তৃক নিয়োজিত কমিটিগুলি যেসমস্ত নীতির কথা ব'লে গেছেন সেগুলিরও কোন কিছু মানা হচ্ছে না। ট্যাক্সেশন ক্যাপাসিটি তাদের আসলে আছে কিনা তা না দেখে চাষীর উপর কর বসানো হচ্ছে। স্যার, আমাদের দেশের চাষীদের আজ কি অবস্থা তা নূতন ক'রে বলার দরকার নেই। তাদের জমি আজ খণ্ড খণ্ড হয়ে গেছে হস্তান্তরিত হ'তে হ'তে। সেই জমির অবস্থা কোথায় গিয়ে পেঁাছেচে তা সকলেই জানেন। মুষ্টিমেয় ধনী চাষী ছাড়া বেশির ভাগ চাষীর উপর এই কর আরোপ করার মানে হচ্ছে তাদের ঋণভার জর্জরিত, করভার জর্জরিত অবস্থার উপর আরও বোঝা তাদের উপর চাপিয়ে তাদের মেরুদণ্ডকে ভেঙ্গে দেওয়া। সেজন্য এই কর আরোপ করার আগে দেখা উচিত ছিল যে বাস্তবিকপক্ষে সেই জল তারা ঠিকমত পাচ্ছে কিনা, সেই জল পেয়ে সত্যই কতখানি তাদের ফসল বেড়েছে। শুধু ফসল বাড়া নয়, সত্যকার চাষের উন্নতি কতখানি হ'ল এবং তার সঙ্গে সঙ্গে চাষীর কতখানি উন্নতি হ'ল। এগুলি দেখার পরে তবেই কর ধার্যের কথা ভাবা উচিত ছিল। কাজেই আমি বলব যে সমস্ত জাতীয় স্বার্থের পরিপন্থী হিসাবে এই কর বসানো হচ্ছে। সেজন্য আমি আবার বলি এবং আবেদন করি, আমাদের সেচমন্ত্রী মহাশয়ের কাছে যে এইভাবে কর বসাবার জন্য যে বিল তিনি এনেছেন সেই বিলকে প্রত্যাহার করুন।

[5-25—5-35 p.m.]

Sj. Manoranjan Sen Gupta: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st August, 1958.

মাননীয় অধ্যক্ষমহোদয়, এই যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে তার স্বপক্ষে সাধারণভাবে আমি সংক্ষেপে দু'-একটা কথা বলব। আমি দেখতে পাচ্ছি যে এই বিলটা অত্যন্ত বিতর্কমূলক। এর বিরুদ্ধে বিরোধীদল থেকে তীব্র প্রতিবাদ উঠেছে। এখানে প্রথম কথা হচ্ছে, এর উপকারিতা সম্বন্ধেই বিশেষ সন্দেহ দেখা দিয়েছে সদস্যদের মনে। যেখানে উৎপাদন বৃদ্ধি হয় নি, বরং উৎপাদন কম হয়েছে সেখানে যে কোন্ নীতি অনুযায়ী কর ধার্য করা হয়েছে। এটা আমার বুদ্ধির অগম্য। দেশে সেচ-ব্যবস্থার দ্বারা কৃষির উন্নতি হোক, শস্য উৎপাদন বৃদ্ধি হোক—এটা আমাদের সকলেরই কাম্য। কিন্তু এখানে কি হচ্ছে? এখানে আসলে এর ব্যতিক্রমই দৃষ্ট হচ্ছে। তারপর এই আইনের দ্বারা করের যে রেট ধার্য করা হয়েছে, সে রেট অত্যন্ত বেশি ব'লে মনে হচ্ছে। কৃষকের দেবার ক্ষমতা আছে কিনা সে সম্বন্ধে কোন রকম অনুসন্ধান করা হয়

নি। তারপর আমাদের অভিজ্ঞতা থেকে আমরা সকলেই জানি যে সেচ-ব্যবস্থা কখনই একই অবস্থায় থাকে না। এমন হ'তে পারে যে, যে সময় জলের বিশেষ প্রয়োজন ঠিক সেই সময় প্রয়োজনমত বৃষ্টি না হওয়ার ফলে চাষের কাজে বিঘ্ন সৃষ্টি হ'ল; অথচ তা সত্ত্বেও প্রতি বৎসর —বৃষ্টি হোক বা না হোক, ফসল হোক বা না হোক—আইনে নির্দিষ্ট কর দিয়ে যেতে হবে। এই ব্যবস্থা থেকেই এই আইনটা যে এই উদ্দেশ্যপ্রণোদিত তা সকলের কাছে প্রমাণিত হবে। একমাত্র গায়ের জোরে এই কর ধার্য করা হচ্ছে, এর মধ্যে কোন রকম যুক্তিতর্ক মানা হয় নি। তারপর আমরা বুঝতে পারি না একটা ওয়েলফেয়ার স্টেটএ কেমন ক'রে গায়ের জোরে এবং কোন রকম জনমত না নিয়ে—যারা এর দ্বারা উপকৃত হবে ব'লে বলা হচ্ছে তাদের মতামত না নিয়ে—তাদের উপর কেমন ক'রে করের বোঝা চাপিয়ে দেওয়া যেতে পারে, এটাও আমার বুদ্ধির অগম্য। আমাদের প্রজাতান্ত্রিক শাসনব্যবস্থায়—শুধু আমাদের এখানে ব'লে নয়, সকল প্রজাতান্ত্রিক বা ডিমক্রেটিক শাসনব্যবস্থায়—সর্বসাধারণের মত নিয়ে কাজ করা হবে ব'লে বিধান দেওয়া রয়েছে। কিন্তু এখানে বিপরীত পন্থা অবলম্বন করা হচ্ছে। এই সার্কুলেশন মোশনটা অত্যন্ত সাধারণ প্রস্তাব এবং এটা ডিমক্রেসি, গণতন্ত্রসম্মত প্রস্তাব। কিন্তু সরকার এই প্রস্তাবও অগ্রাহ্য করছেন। তারপর এত তাড়াহুড়া করবারও বা কি কারণ আছে বুঝতে পারি না। জনমতের জন্য দিলে তিন-চার মাস বিলম্ব হ'তে পারে, কিন্তু তাতে এমন কিছু হ'তে পারে না যে এই গভর্নমেন্ট বিপন্ন হ'তে পারে। আমি বলতে পারি যে জনমতের জন্য না দিলেই বরং উলটো ফল ফলতে পারে, কারণ দেশের উৎপাদন বৃদ্ধি করতে হ'লে প্রজা-সাধারণকে সর্বপ্রথমে সন্তুষ্ট রাখা দরকার। তাই বলছি, যদি জনমতের বিরুদ্ধে, কৃষকের মতের বিরুদ্ধে এবং কোন রকম যুক্তিতর্ক না মেনে কংগ্রেস সরকার এই কর তাদের উপর চাপিয়ে দিতে চান তা হ'লেই জনসাধারণ আতঙ্কিত হবে, অসন্তুষ্ট হবে এবং তার ফলে এই গভর্নমেন্ট বিপন্ন হবেন এবং এই বিলের যা উদ্দেশ্য অর্থাৎ শস্য-উৎপাদন বৃদ্ধিই ব্যাহত হবে।

Sj. Santosh Kumar Bhattacharyya: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th June, 1959.

মাননীয় সভাপতি মহাশয়, এই বিলের উপর অনেকক্ষণ ধ'রে আলোচনা হচ্ছে এবং বিভিন্ন দিক থেকে এই কর ধার্যের প্রচেষ্টা যে কতখানি অনিষ্টকর তা যুক্তিতর্কের মাধ্যমে এই বিলের ভারপ্রাপ্ত মন্ত্রীর সামনে উপস্থিত করা হয়েছে। এই আইনের ত্রুটিবিচ্যুতির কথা মাননীয় সদস্য সান্যাল মহাশয় এবং নগেন ভট্টাচার্য মহাশয় বিশেষভাবে সেদিন দেখিয়েছেন। এই ময়ূরাক্ষী পরিকল্পনা চালু হবার পর থেকে আজ পর্যন্ত কৃষকের জীবনে কতটুকু কল্যাণ এই পরিকল্পনার মাধ্যমে এসেছে তার সঠিক তথ্য আমাদের সামনে সরকারপক্ষ থেকে উপস্থিত করা হয় নি। পরিকল্পনার প্রথম দিকে বলা হয়েছিল যে ছ' লক্ষ একর জমিতে সেচের জল দেওয়া সম্ভব হবে। আজকে আবার সেখানেই বলা হচ্ছে চার লক্ষ একরে জল দেওয়া হবে এবং এ কথাও বলা হচ্ছে যে, পাঁচ লক্ষ পঁচিশ একর জমিতে জল দেওয়া যেতে পারে, যদি এই পরিকল্পনায় এক কোটি টাকা বেশি খরচ করা হয়। এ কথা সরকারী রিপোর্টেই বলা হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি আমাদের বলবেন কি ময়ূরাক্ষী পরিকল্পনায় বিশেষভাবে যেসমস্ত জেলাগুলির উপকৃত হবার কথা এ বছর, সেইসমস্ত জেলার কৃষকেরা কতটুকু জল পেয়েছে? ১৯৫৩-৫৪ সাল থেকে আরম্ভ ক'রে আমরা দেখতে পাচ্ছি প্রকৃতপক্ষে যে যে জায়গায় জলের দরকার সেই সেই জায়গায় জল পাওয়া যায় নি। বিশেষভাবে বীরভূমে, যেখানে নাকি বৃষ্টি অত্যন্ত কম, এবং মুর্শিদাবাদের তিনটা থানায় এখনও পর্যন্ত জল ছাড়া হয় নি। এবং যে কথা সান্যাল মশায় বলেছেন—এই পরিকল্পনার ফলেই ভয়াবহ বন্যা হয়েছিল মাসাঞ্জোড় জলাধারের জল হঠাৎ ছেড়ে দেওয়ার ফলেই এই বিধ্বংসী বন্যা হয়েছিল। সেই বন্যার পর পশ্চিমবঙ্গের বিভিন্ন সংবাদপত্র এবং জনসাধারণ বিভিন্ন সভাসমিতি ক'রে সরকারের কাছে জানতে চেয়েছিল, ময়ূরাক্ষী পরিকল্পনার ত্রুটি ও গলদের জন্যই এই ভয়াবহ বন্যা হয়েছিল, এ কথা সত্যি কিনা। দায়িত্বজ্ঞানহীন লোকের হাতে মাসাঞ্জোড় বাঁধের ভার অর্পণ করার জন্যই এই বন্যা হয়েছিল কিনা এবং এই বন্যার প্রকৃত কারণ জানাবার জন্য জনসাধারণ সরকারের কাছে দাবী জানিয়েছিল।

[5-35—5-45 p.m.]

সেই সময় সেই বন্যার পরে বিধানসভায়, বিধানসভার বাইরে সংবাদপত্রে জনসাধারণ সভা-সমিতি মারফত সরকারপক্ষের কাছে আমরা এই কথা জানতে চেয়েছিলাম—আপনারা বলুন, বর্তমান ময়ূরাক্ষী পরিকল্পনার যে গলদ আছে, ত্রুটি আছে, সেই ত্রুটির ফলে এই বন্যা হয়েছে কিনা? প্রাকৃতিক কারণে কি এই বন্যা হয়েছে? তা নয়। এই বন্যা মনুষ্যসৃষ্ট। মানুষের কার্যকলাপের ফলেতে এই বন্যা হয়েছে। মাসাঞ্জোড়ের বাঁধের দায়িত্ব যাদের হাতে ছিল, সেই দায়িত্বজ্ঞানহীন লোকদের অপরিকল্পিত কার্যকলাপের ফলে এই বন্যা হয়েছে কিনা? সরকারপক্ষ থেকে সেই সময় বেসরকারীভাবে কোন কোন সভায় মন্ত্রীরা বলেছিলেন যে—হ্যাঁ, আমরা এ বিষয়ে তদন্ত করব। জানি না এ পর্যন্ত তার কোন তদন্ত হয়েছে কিনা? এবং তার ফল কি হয়েছে আমরা জানি না।

Mr. Chairman: Is that relevant?

Sj. Santosh Kumar Bhattacharyya:

এই বিলের সঙ্গে এটা অত্যন্ত প্রাসঙ্গিক। কারণ এই পরিকল্পনার ভেতর যে গলদ তার ফলে ঐ বন্যা হয়েছিল ব'লে আমরা মনে করি।

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. May I draw your attention to the well-known principle that in a Money Bill even the financial policy of Government can be criticised—we can say that we refuse to give money to the Government on this and this ground.

Sj. Santosh Kumar Bhattacharyya:

আমাদের সেচমন্ত্রী তাঁর এই বিল উপস্থিত করবার সময় বলেছেলেন ১৯৫৬ সালের বন্যার কথা। এই বন্যার ফলে ময়ূরাক্ষী এলাকার কৃষকরা সর্বস্বান্ত হয়েছে। যে ক্ষয়ক্ষতি সেখানে হয়েছে, আমি তাঁকে জিজ্ঞাসা করি গত এক বৎসরের মধ্যে সেই বীরভূম-মুর্শিদাবাদ অঞ্চলের ও ময়ূরাক্ষীর কৃষকেরা সেই ক্ষয়ক্ষতির হাত থেকে এড়িয়ে আজ কি তারা সুপ্রতিষ্ঠিত হ'তে পেরেছে? মন্ত্রিমহাশয় বলেছেন সর্বস্বান্ত কৃষকদের আদর্শ গ্রামে নিয়ে সুপ্রতিষ্ঠিত করবেন, তাদের ক্ষয়ক্ষতি পূরণ ক'রে দেবেন। আমি জিজ্ঞাসা করি সরকারকে, তাঁরা আজ পর্যন্ত সেই সর্বস্বান্ত হৃতসর্বস্ব কৃষককে পুনঃপ্রতিষ্ঠিত করবার জন্য কি করেছেন? দরিদ্র বিপর্যস্ত কৃষক উপর্যুপরি ফসলের ক্ষতিতে, অনাবৃষ্টিতে পর্যুদস্ত কৃষকের উপরে নূতন কর চাপাবার পরিকল্পনা নিয়ে এসেছেন। কি অদ্ভুত কথা! সরকার এই বিপর্যস্ত কৃষকের উপর কি নির্মম আঘাত করতে যাচ্ছেন! খাদ্যোৎপাদন কিছু বেড়েছে নিশ্চয়। কিন্তু আমরা কি স্বয়ংসম্পূর্ণ হয়েছি? আজও বিদেশের দিকে খাদ্যের জন্য তাকিয়ে থাকতে হয়। যেখানে প্রয়োজন কৃষকদের মধ্যে নূতন উৎসাহ সৃষ্টি করা, যে উৎসাহের ফলে কৃষক উৎপাদন বাড়াবার জন্য অগ্রসর হবে, দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবে, তাদের জীবনের উন্নতি হবে, যে আর্থিক উন্নতি কৃষকদের উপর নির্ভরশীল, কৃষকের হাতে যদি পয়সা আসে দেশ বাঁচবে, জাতি বাঁচবে। এই পরিকল্পনার সমস্ত ব্যয় তোলবার জন্য, তাদের উপর এই নূতন কর চাপাবার জন্য মন্ত্রিমহাশয় এগিয়ে আসছেন। এটা সত্যিই দুঃখের ব্যাপার। আমরা এর তীব্র প্রতিবাদ করি।

আর দু'-এক কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করব। ইতিপূর্বে ট্যাক্সেশন এনকোয়ারি কমিটির রিপোর্ট সম্বন্ধে সায়দুল্লা সাহেব বলেছেন, ফুড গ্রেন্স এনকোয়ারি কমিটি যে কথা বলেছেন এঁদের কাছে সে কথার কোন মূল্য নাই। ট্যাক্সেশন এনকোয়ারি কমিটি বলেছেন, শুধুমাত্র খালের জলের জন্য সেটা চালু করবার মিনিমাম কস্ট যেটা সেটা আদায় করবার জন্য কৃষকদের উপর ট্যাক্স ধার্য করুন। আর ফুড গ্রেন্স এনকোয়ারি কমিটি বলেছেন বিনা করে এই জল দেওয়া উচিত।

আরও বেশি ফসল উৎপাদনের জন্য কৃষককে উৎসাহ দেওয়া উচিত, ইনসেন্টিভ দেওয়া উচিত, জল ফ্রী ক'রে দেওয়া উচিত। যে কথা ভারত সরকারের নিযুক্ত কমিটি পরিষ্কার বলছেন অথচ পশ্চিমবঙ্গ সরকারের কাছে তার কোন মূল্য নাই। এইসব রিপোর্ট তাদের কাছে ছেঁড়া কাগজের টুকরো। তাদের সুবিধামত আবার জনস্বার্থবিরোধী কার্যকলাপ চালাবার জন্য কখনও কখনও

এইসব রিপোর্টএর আশ্রয় নেন। আর যেখানে জনকল্যাণমূলক কথা রিপোর্টএ বলা হয়েছে সেগুলি তাঁরা অগ্রাহ্য করেন, সেটা কার্যকরী করার কোন উৎসাহ সরকারের দেখা যায় না।

এই যে ভাকরা-নাঙ্গাল, সেখানে পাঞ্জাব সরকার সেচকর ধার্য করবার জন্য আইন পাস করেন যে একর প্রতি ১৬০ টাকা ইমপ্রুভমেন্ট ট্যাক্স বসানো হ'ল। দামোদর ও ময়ূরাক্ষীর ব্যাপার নিয়ে বাংলার কৃষকরা যেভাবে আন্দোলন করেন ঠিক সেইভাবে পাঞ্জাবের কৃষকরাও পাঞ্জাবের ঐ সেচকর বিলের তীব্র প্রতিবাদ করেন। আসল কথা হচ্ছে, জল আমাদের চাই এবং কৃষি-উৎপাদন বাড়াতে হবে। কিন্তু বর্তমানে বাংলার কৃষকরা অত্যধিক করভারে জর্জরিত, হৃতসর্বস্ব; তাদের নিজেদের বহন করবার কোন রকম ক্ষমতা নেই। সেখানে কৃষকদের উপর অতিরিক্ত কর ধার্য করবার জন্য প্রস্তাব যতই আসুক না কেন, আমরা সর্বশক্তি দিয়ে সেই প্রস্তাবের বিরুদ্ধে প্রতিবাদ জানাব। আমাদের ময়ূরাক্ষীর রচয়িতারাও বলেছিলেন এই প্রথম পরিকল্পনায় প্রতি একর জমিতে আধ টন খাদ্য বৃদ্ধি পাবে। মন্ত্রিমহাশয়, নিজেও এ কথা স্বীকার করেছেন এই সম্পর্কে কয়েক দিন আগে বিধানসভায় এক প্রশ্নোত্তরে। বিধান-সভার অন্যতম সদস্য রাধানাথ চট্টোপাধ্যায় মহাশয় প্রশ্ন করেছিলেন গভনমেন্ট কি বলতে পারেন ময়ূরাক্ষী এলাকার জমি থেকে কৃষকরা কি উপকার আজ পর্যন্ত পেয়েছেন? তখন মন্ত্রিমহাশয় তার কোন হিসাব দিতে পারেন নি। তাঁর প্রশ্ন ছিল—

whether the Government have made any survey or done any benefit to the cultivators as a result of supply of canal water?

তার উত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন—ইয়েস।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ক্যানেলএর জলের দ্বারা নিশ্চয় চাষের উপকার হয়েছে। তবে হয়তো কোন কোন এলাকায় সময় মত জল না যাওয়ায় সেখানকার কৃষকরা উপকার না পেয়ে থাকতে পারে। সেইজন্য বলা হয়েছে—

Yes, the investigation is still continuing.

Sj. Santosh Kumar Bhattacharyya:

সেই ইনভেস্টিগেশন কি এখনও শেষ হয় নি? কি উপকার কৃষকরা পেয়েছে খালের জল থেকে তা আজ পর্যন্ত মন্ত্রিমহাশয় বলতে পারেন নি, অথচ আবার নূতন কর ধার্য করবার জন্য প্রস্তাব এনেছেন। আইনগত, নৈতিক, সামাজিক—যা কিছু নীতিবোধ আছে, মূল্যবোধ আছে, সমস্ত কিছু জলাঞ্জলি দিয়ে, বিসর্জন দিয়ে আজ করভারে প্রপীড়িত কৃষকদের উপর নির্মম আঘাত করবার জন্য এই প্রস্তাব আনা হয়েছে।

আমি আমার বক্তব্য এই কথা ব'লে শেষ করছি যে, জনাব আবদুল হালিম সাহেব যে কথা বলেছেন আমি তা সমর্থনে বলতে চাই আমাদের যদি কোন শক্তি থাকে, এই বিধানপরিষদের ভিতর দাঁড়িয়ে যেভাবে এই বিলের প্রতিবাদ করছি, তেমনিভাবে বাইরে গিয়েও সকল কৃষককে সংগঠিত ক'রে এর বিরুদ্ধে তীব্র আন্দোলন সৃষ্টি করব। আমরা দেখাব জনবিরোধী সরকারের জনবিরোধী কর ধার্য করার নীতি এবং তাকে পর্যুদস্ত করবার জন্য শেষ লড়াই আমরা চালিয়ে যাব।

আশা করছি মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে পুনর্বিবেচনা করবেন এবং একটু দায়িত্ববোধ, মমতা-বোধ, নীতিবোধ যদি কিছু তাঁর থাকে তার পরিচয় তিনি দেবেন। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 p.m.]

Sj. Naren Das:

অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয়, বাধ্যতামূলকভাবে জলকর ধার্য করবার জন্য এই যে সংশোধনী আমাদের সামনে এনেছেন, সেই সংশোধনীর বক্তব্য খুব পরিষ্কার। তিনি তাঁর প্রারম্ভিক বক্তৃতায় বলেছেন যে, ১৯৩৫ সালের বেঙ্গল ডেভেলপমেন্ট অ্যাক্ট অনুযায়ী যে

জলকর ধার্য হয় তাহ'লে তাতে অনেক সময় লাগবে, তিন-চার বছর সময় লেগে যাবে। অতএব সেই সময় সরকার এখন দিতে চান না এবং তার জন্য তাঁরা একটা অ্যাড হক, অন্তর্বর্তী-কালীন একটা রেট ঠিক ক'রে দিতে চাচ্ছেন এবং তার জন্যই আজকের এই সংশোধনী বিল এনেছেন।

আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে অজয়বাবুর মত লোক এই দেরি হবার অজুহাত নিয়ে, গণতন্ত্রের যে মূলনীতি সেই মূলনীতিগুলিকে অস্বীকার ক'রে আজকে তাড়াহুড়া ক'রে এই সংশোধনী বিল আমাদের সামনে আনতে চেষ্টা করছেন। তাড়াহুড়া করার জন্য আরও বহু সমস্যা আমাদের সামনে আছে। বাংলাদেশে দুর্নীতিদমনের সমস্যা আছে, বাংলাদেশের চোরাবাজার দমনের জন্য খাদ্যসমস্যা আছে, এসেন্সিয়াল কমোডিটিজএর সমস্যা আছে। কেন এই সমস্ত সমস্যা সম্বন্ধে তাড়াহুড়া করছেন না? তাড়াহুড়া করছেন শুধু ট্যাক্স পাবার ব্যাপারে। এবং ট্যাক্স পাবার যে মূলনীতি, যারা ট্যাক্স দেবে তাদের সঙ্গে পরামর্শ করা প্রয়োজন বা তাদের আপত্তি শোনা প্রয়োজন—সেই প্রয়োজনীয় নীতি এ'রা অস্বীকার ক'রে চলেছেন। বর্তমান যুগের যে ডিমক্রেসি বা পার্লিয়ামেন্টারি ডিমক্রেসি, সেটা ট্যাক্স দেবার আপত্তি থেকেই শুরু হয়েছে। অথচ বর্তমানে যে ট্যাক্স ধার্য করতে যাচ্ছেন, যাদের উপর ট্যাক্স ধার্য করা হবে তাদের আপত্তি শোনা হবে না, তাদের সম্বন্ধে বিচার-বিবেচনা হবে না। অথচ আমরা দেখছি যে ১৯৩৫ সালে যে অ্যাক্ট পাস হয়েছিল সেই ডায়ার্কির সময় তখন আমাদের বাংলাদেশের গভর্নর ছিলেন স্যার জন অ্যান্ডারসন। সেই সময় যে আইন হয়েছিল সেই আইনে কতকগুলি কাজ যা করেছিলেন তাতে যে পন্থা সরকারের তরফ থেকে ছিল ১৯৩৫ সালের অ্যাক্টএ, আজ অজয়বাবু সেগুলি সম্পূর্ণভাবে অস্বীকার ক'রে চলেছেন। তাতে আমরা দেখেছি যে সেই আইন অনুযায়ী কর ধার্য করার আগে ১৯৩৫ সালের অ্যাক্টএর ৩ ধারা অনুযায়ী আমরা দেখতে পাই যে প্রথমে প্রিলিমিনারি নোটিফিকেশন হবে, কোন্ এরিয়াতে ধার্য করা হবে, সেটা জানানো হবে। তারপর তাতে যারা আপত্তি জানাবে সেই আপত্তি শোনা হবে যে সেই এরিয়াতে কর ধার্য করা উচিত কিনা। তারপর যখন কর ধার্য করা ঠিক হবে তখন ৭ ধারা অনুযায়ী তারিখ ঠিক হবে; তারপর সরকারের যে কর্মচারী এস্টিমেটিং অফিসার ক্রপ কাটিং সার্ভে ইত্যাদি করে তাঁর বক্তব্য জানাবেন। তা সমস্তই কাগজে প্রকাশিত হবে। তারপর আবার দ্বিতীয়বার আপত্তি জানানো হবে, তারপরে এস্টিমেটিং অফিসার যখন রিপোর্ট দেবেন সরকারের কাছে তখন বোর্ড অব রেভেনিউএর তরফ থেকে চিরন্তন প্রথানুযায়ী জানাবে যে এত উৎপাদন বৃদ্ধি হয়েছে বা এত হারে বৃদ্ধি হয়েছে। এ কথা জানানো হ'লে পর আবার করদাতারা অবজেকশন দিতে পারবে। এভাবে যে রক্ষাকবচগুলি সেই আইনে ছিল তা উড়িয়ে দিয়ে আমাদের অজয়বাবু অন্তর্বর্তিকালীন অ্যাড হক ট্যাক্স আদায় করছেন। এবং এটা করতে গিয়ে তাঁর মনে যে সন্দেহ উপস্থিত হয়েছে সেটা তিনি লুকোতে পারেন নি যে এটা অন্যায় হবে বা বেশি হবে যে অ্যামেন্ডমেন্ট আমাদের সামনে এসেছে তাতে বলেছেন

.....for the time being at such rate or rates, shall be subsequently adjusted against the amount payable at the rate or rates declared under the first paragraph.....

তার মানে অ্যাড হক—এই প্রশ্ন আসছে কেন? এজন্য আসছে যেভাবে অ্যাড হক কর ধার্য করতে যাচ্ছেন সেটা অন্যায় হবে। একটা করধার্যের মত গুরুত্বপূর্ণ ব্যাপারে বিভাগীয় কর্মচারীর খামখেয়ালীর উপর নির্ভর করতে হবে। সেখানে অন্যায় হবে, জুলুম হবে, অত্যাচার হবে। সেই সবের জন্য অ্যাডজাস্টমেন্টএর প্রশ্ন আসে। কিন্তু অ্যাডজাস্টমেন্ট কেমন ক'রে হবে? অজয়বাবু বাংলাদেশের গ্রামাঞ্চলের সঙ্গে জড়িত। তিনি এ কথা জানেন বাংলাদেশের চাষী ১৯৩৫ সালের ডেভেলপমেন্ট অ্যাক্ট ১০ ধারা অনুসারে প্রথম প্রভাইসো দিয়েছেন তা কি তিনি জানেন না? তিনি বলেন যে আমরা হ্যান্ড বিল ডিস্ট্রিবিউট করব। সে তো সরকারী কর্মচারীরা ডিস্ট্রিবিউট করছে, আমরা তো করছি না। কাজেই এগুলো বিবেচনা ক'রে করবেন তার নিশ্চয়তা নাই। সেখানে তাদের উপর ডিস্ট্রিবিউশনএর ভার দিয়ে সন্তুষ্ট হ'তে চাইছেন। তিনি জানেন এবার চাষীরা এর বিরুদ্ধে লড়াই করতে পারবে না। প্রথমত তারা সচেতন নয় এবং সচেতন হ'লেও তারা এই ধারার বিরুদ্ধে লড়াই করতে পারবে না। "নয় মণ তেলও পুড়বে না, রাধাও নাচবে না"; তিনি যে অ্যাডজাস্টমেন্টএর কথা বলেছেন সে অ্যাডজাস্টমেন্ট

হবে না। অ্যাড হক গ্রান্ট করবেন এবং সেই অ্যাড হক গ্রান্টই চূড়ান্ত রেট হয়ে দাঁড়াবে। আমার ভয় হচ্ছে সেজন্য যে আজ তাড়াহুড়া ক'রে যে ট্যাক্সেশন করা হচ্ছে, সেটা তিন বছর দেরি হ'লে ক্ষতি কি? গণতন্ত্রের মূলনীতি মানা উচিত। গণতন্ত্রে দেরি হয়, গণতন্ত্রে ডিসিশন ডিলেড হবে; তা না হ'লে আমাদের টোটালিটেরিয়ান হওয়া উচিত ছিল। গণতন্ত্রে বাই ইমপ্লিকেশন দেরি হবে। সে দেরিকে স্বীকার করতে হবে। তা যদি হয় তা হ'লে তাঁর যেটুকু ভদ্রবুদ্ধি এবং আইনজ্ঞান আছে, কংগ্রেসী সরকারের কাছ থেকে আমরা ততটা আশা করতে পারি। অতএব আমাদের আপত্তি সরকারের নৈতিক দিক থেকে। আজ বাংলাদেশের যে অবস্থা, চাষীদের যে অবস্থা, সমস্ত দিক বিচার ক'রে আজ আমরা কেন জলের উপর কর ধার্য করব? গভর্নমেন্টএর পক্ষে জল দেওয়াটা এমন একটা সাংঘাতিক কাজ না যে তার জন্য কর ধার্য করতে পারেন। অজয়বাবু পুরানো কংগ্রেসকর্মী, গান্ধীজীর সময়েও ছিলেন, আমরাও কংগ্রেস করতাম। তাঁর যেসব লেখা তা থেকে দেখাতে পারি বা হালে বিনোবাজী যে কথা বলছেন এবং যে বিনোবাজীর কথা কংগ্রেস সভাপতি ডেবরজী সর্বদাই বলেন—তিনিও বলেন যে সূর্যের আলোক, জমি জল বা হাওয়া এ প্রকৃতির দান। এগুলি মানুষের ব্যক্তিগত সম্পত্তি নয়। সেখানে আজ একটা কল্যাণমূলক রাষ্ট্রে সেই জল দিয়ে যে একটা উন্নয়নমূলক কাজ করছেন সেটা কি একটা সাংঘাতিক কাজ! এজন্য অজয়বাবু একটা বারগেনিংএর ভাব নিচ্ছেন, তিনি বাংলার মানুষের কাছ থেকে ট্যাক্সেশন ক'রে তার টাকা আদায় করবেন। এতে সাধারণ মানুষের উপরে, সাধারণ চাষীর উপরে কর ধার্য করা হচ্ছে; আজ তারা না খেতে পেয়ে ম'রে যাচ্ছে। তাদের বলা হচ্ছে যে বেশি ইল্ড হবে। যখন বর্ধিত হারে উৎপাদন হবে তখন তার শতকরা ৫০ ভাগ কর ধার্য করা যাবে। তা হ'লে তারা যা করবে তার শতকরা ৫০ ভাগ সরকার নিয়ে নিচ্ছেন। আর বাকি অর্ধেক তাদের থাকবে। আজ সাধারণ মানুষ, দুর্গত চাষী পেট পুরে খেতে পায় না, তাদের ভিতর স্বাচ্ছন্দ্য নেই।

[5-55—6-5 p.m.]

যদি সাধারণ চাষীর ভিতর স্বাচ্ছন্দ্য না আসে তা হ'লে দেশ কি ক'রে বাঁচবে? তাই তাঁর কাছে বিনীতভাবে বলব, অন্ততঃ পাঁচ বছরের জন্য এটা স্থগিত রাখুন। তারপরে চাষীদের হাতে যখন পয়সা হবে তখন নানাভাবে ট্যাক্স পাবেন। তখন তাদের ক্রয়ক্ষমতা বাড়বে এবং স্মল ল্যান্ডএর ভিতর দিয়ে তারা কনট্রিবিউট করতে পারবে। কিন্তু আজ যে অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস—ফুড প্রডাকশন—সেই ফুড প্রডাকশনএর ব্যাপারে যেখানে সেচ পাবে না সেখানেও কর দিতে হবে। ছয় লক্ষ একর জমিতে জল দেবেন ব'লে প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেখানে তিন লক্ষ, সাড়ে তিন লক্ষ একরে পর্যন্ত জল দিতে পারছেন না। রবিশস্যের জন্য বলেছিলেন ১২০,০০০ একরে জল দেবেন, কিন্তু ৪০০ একরে মাত্র দিতে পারছেন। এরকম অনিশ্চয়তা যেখানে সেখানে এত বড় ক্ষমতা কেন নিচ্ছেন? তাই আসন গ্রহণ করার আগে বলব যে এটা আইনানুগত হচ্ছে না, আইনের দিক থেকে এটা হচ্ছে অন্যায়, নীতির দিক থেকেও এটা অন্যায়। আপনারা জল দিচ্ছেন, তা আবার ট্যাক্সএর মাধ্যমে তুলে নিচ্ছেন। ডান হাত দিয়ে যা দিচ্ছেন বাঁ হাত দিয়ে তা নিয়ে নিচ্ছেন। এত বড় অন্যায় যে কল্যাণমূলক রাষ্ট্র করতে পারে তা কল্পনা করতে পারি না। এই রকম যখন অবস্থা তখন যদি অ্যাড হক রেট বসান, তা হ'লে সাধারণ চাষীর পক্ষে, করদাতার পক্ষে নৈতিক দায়িত্ব হবে তাতে বাধা দেওয়া। এখানে স্মরণ করিয়ে দেয় যে সেকেন্ডারি এডুকেশন বিল যখন আসে তখন সেটা সিলেক্ট কমিটিতে দেওয়ার জন্য আমরা অনেক অনুনয়-বিনয় করি তখন মন্ত্রিমহাশয় তাড়াহুড়া ক'রে পাস করার ব্যবস্থা করেন। আমাদের কথা না শুনে করেন, কিন্তু সে বিল এখনও পাস হয় নি, ত্রিশঙ্কুর মত ঝুলছে। অথচ তাড়াহুড়া ক'রে ভোটএর জোরে পাস করাবেন, কিন্তু ইমপ্লিমেন্ট করা হচ্ছে না। এখানেও আমাদের করদাতাদের দায়িত্ব থাকবে এবং চাষীদেরও নৈতিক দায়িত্ব থাকবে তাতে বাধা দেওয়া। তারা যদি বাধা দেয় তা হ'লে আমাদের মত মানুষের কর্তব্য হবে তাদের পাশে দাঁড়ানো এবং এই যে সরকারের বেআইনী আইন তাকে প্রতিরোধ করাই হবে ধর্ম।

Mr. Chairman: May I request the honourable members to be brief in their speeches. Otherwise I shall have to carry on till 8 o'clock.

Sj. Janaki Ballabh Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে শুধু একটা জিনিস বলতে চাই যে, এই যে ইমপ্রুভমেন্ট লেভী এই ইমপ্রুভমেন্ট লেভী হ'তে গেলে সরকারপক্ষের প্রথমে দেখা উচিত যে জমির ইমপ্রুভমেন্ট হয়েছে। সেটা এখানে কোথায়ও তাঁরা দেখান নি। সেইজন্য ইমপ্রুভমেন্ট লেভীর বিরুদ্ধে বাস্তব দৃষ্টিভঙ্গি থেকে বলছি যে ওখানে খালের জন্য অত্যন্ত গভীর খাত হয়েছে এবং তার ফলে ওখানকার সমস্ত জমি নীরস হয়ে গেছে। কাজেই তারা তাদের উর্বরা-শক্তি হারিয়েছে। সুতরাং সেই জমিতে আমরা যদি জল দিয়ে চাষ করতে যাই তা হ'লে করছি কি? একদিক থেকে তাদের উর্বরাশক্তি হরণ করছি, আর একদিক থেকে উর্বরাশক্তি এনে দেবার জন্য তাদের কাছ থেকে কর আদায় করছি। এটা অত্যন্ত নীতিবিগর্হিত কাজ।

আর দ্বিতীয় কথা বলতে চাই যে আমাদের প্রাচীন ঐতিহ্য এই যে কোথায়ও জলের উপর কর ধার্য করা হয় নি। এমন কি সেদিনকার ভারতীয় গ্রন্থেও দেখা যায় যে চাষের জলের উপরে কোন কর আদায় করা হ'ত না এবং বিনা পয়সায় সমস্ত সেচের ব্যবস্থা ক'রে দেওয়া হ'ত এবং সে সুবিধা তারা বিনা ব্যয়েই পেত।

Sj. Nirmal Chandra Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, খালের জল যারা নেবে না তাদের উপর কর চাপানোটা নীতিগত দিক থেকে গ্রহণযোগ্য কিনা সেটাই আমি তাঁকে প্রশ্ন করব। এখানে খাদ্যতদন্ত কমিটির রিপোর্ট, কর ধার্য কমিটির রিপোর্ট ইত্যাদি উল্লেখ করা হয়েছে। খাদ্যতদন্ত কমিটি স্পষ্টভাবে বলেছেন যে প্রথম দু'-এক বৎসর কোন কর নেওয়া উচিত নয় এবং তারপর কয়েক বৎসর পর্যন্ত অত্যন্ত কম হারে নেওয়া উচিত। কিন্তু সরকারের কাছে কি খাদ্যতদন্ত কমিটির কোন মূল্য নেই? বা ট্যাক্স বা কর ধার্য কমিটির রিপোর্টএর কি কোন মূল্য নেই? প্রাচীন যুগে এবং মধ্যযুগে খালের জলের জন্য কর দিতে হ'ত। কিন্তু আমি বলতে চাই যে আমাদের দেশের সাধারণ মানুষ, নিরক্ষর চাষীকে কি বোঝাতে হবে যে খালের জলের এত উপকারিতা আছে? সুতরাং পলিসির দিক থেকে এবং দুঃস্থ অবস্থা বিবেচনা ক'রে কিছুতেই এই করকে সমর্থন করা যেতে পারে না। সেজন্য জনমত সংগ্রহের জন্য যে দাবি এখানে উপস্থাপিত করা হয়েছে সেটাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করি এবং এ বিষয়ে আমরা কিছুতেই মত পরিবর্তন করব না যতক্ষণ না পর্যন্ত মন্ত্রি-মহাশয় এমন কোন যুক্তি দিতে পারেন যার দ্বারা এই কর গ্রহণযোগ্য ব'লে মনে করা যেতে পারে।

Sj. Tripurari Chakravarti: Mr. Chairman, Sir, generally I am not accustomed to speak in a light-hearted manner. I do not also like exhibitions of levity to which we are sometimes treated on the floor of this chamber. After having listened carefully to the speeches on the amendments moved in regard to this Bill—the Bill that is before us—it seems to me, Sir, that the Bill has been drafted hastily without bestowing sufficient thought and care upon the consequences that might follow. I go further and say that the Bill has been drafted with a great deal of arbitrariness and, should I add, with some amount of thoughtlessness. Some of my friends on this side, particularly Mr. Nagendra Kumar Bhattacharyya, has tried to show, and he has almost proved it, that the Bill takes away from the poor peasants the right of appeal from decisions of departmental officers.

[6-5—6-15 p.m.]

In a similar case, Sir, in England, so long ago as 1893, Lord Justice Bowen, one of the brightest of English Judges and a supreme master of jurisprudence, emphasized the essential necessity of the right of appeal from the decisions of an official person. The case was *The Queen vs. Justices of County of London and London County Council*, 1893. Lord Justice Bowen said, "Here is a broad scheme of taxation and rating by which the parochial ministerial officers", mark the phrase—"the parochial ministerial officers"—"are empowered in the first instance to place values on hereditaments for the purpose of taxation. In a broad sense in a free

country the very essence of such a system must be that there should be an appeal to somebody who can say whether those officers are doing what is just. If no appeal were possible, I have no great hesitation in saying that England would not be a desirable country to live in". Should I add, Sir, that Bengal also would not be a desirable country to live in where "every parochial ministerial officer", mark the phrase again, might do as he liked in this matter. It is quite true that there is enough difficulty in an appeal. In this case my honourable friend on the other side said that there would be great difficulty in giving the right of appeal to the poor peasants. Lord Bowen perhaps anticipated that and said that if there were to be no appeal at all, the system would be intolerable. Therefore, it is of the essence, the pivot of the system that there should be a right of appeal. And in another case, Lord Cozens-Hardy, Master of the Rolls in England, in 1911, said, "the people must refuse to be shepherded and regimented by parochial ministerial officers". That is perhaps the most important argument, Sir, for opposing this Amending Bill. Sir, I am always for the maintenance of the rule of law, and on a famous occasion Lord Chatham said in England, "Where law ends, tyranny begins". I have no doubt in my mind that the present Ministry by such hasty legislation are creating a temper of arbitrariness in the country, they are seeking to create a temper in the country which augurs ill for our future (Sj. NIRMAL CHANDRA BHATTACHARYYA: For the future of the Ministers.)—for the Ministers and perhaps for many others here and outside. Therefore, Sir, I am in favour of providing adequate safeguards. Don't be chary of providing safeguards. After all, in our country we have followed the British Parliamentary system, the system of Parliamentary Democracy, and the essence of that system is government by discussion. It is Government by discussion, and government by discussion takes some time. The derivative meaning, the etymological meaning of "Parliament" is talk, and as the great Professor Maitland once said, "Parliament in its origin signified an act rather than a body of persons." Parliament must talk and discuss, and talk and discussion naturally take some time, and I would ask my friends on the opposite side not to become impatient. They must give us time because by such discussion we are gaining an experience in the art of government.

One word more and I shall finish. Here, just behind me, my esteemed pupil, whom I taught history for a few years, Narendra Nath Das, has referred to certain very valuable moral and ethical principles. He tried to argue with some force that water should be exempted from taxation. I have no time to develop the point—you will not give me that time. I want to end by referring to our great National Epic, the Mahabharata, which you yourself have described in one of your public speeches as the greatest book of the world—you did not say one of the greatest books of the world. Last year, at the Bhandarkar Oriental Research Institute, Poona, on the 29th August, 1957, you described that book as the greatest book of the world. That Mahabharata gives us a list of persons and institutions that should be exempt from taxation. It is in the Anushasan Parba of the Mahabharata. In Chapter 50 of the Anushasan Parba—and anushasan, you know, means positive injunctions—Vishma (ভীষ্ম) issued some positive injunctions to the newly enthroned Emperor of India, Judhisthira. He said—

বৃদ্ধবলেধনং রক্ষ্যং অন্ধেস্য কৃপণস্য চ।

ন খাতপূর্বং কুর্ব্বীত ন রুদন্তীধনং হরেৎ।।

Do not tax small, meagre property of the old men, of the infants of persons who are blind, of persons who are destitute: Do not levy tax on water—

There should be no irrigation tax in the country. Do not try to tax persons who are in tears.

Let our Minister remember that.

[6-15—6-25 p.m.]

Sj. Mohitosh Rai Choudhuri: I want to speak a word. After my friend Prof. Chakravarty has given a very learned lecture on the duties of Government—not to tax things like water and other things, I am tempted to ask a simple question to Prof. Chakravarty and that is if you do not tax the people—where is the money to come from? He has quoted the Mahabharata. He has quoted also from Kalidasa. But is it not also written somewhere in Kalidasa that the King is like the Sun. As the Sun takes away vapour from the sea which forms the cloud and then it rains and again the water goes to the sea, in the same way the King has got to collect tax from his people and when the money comes to the exchequer that money is distributed or paid for the good of the same people. So if you do not like taxation, you will have to answer how the money will come. I for one do not want that there should be any tax, or if there is to be any tax, it must be imposed on somebody else not on me or my dear and near ones. But then my friends in the opposition should try and solve the question as to where is the required money to come from. I would agree that not only water should be exempted but everything else should be exempted from tax so that we may live and spend our money as we like on things of luxury. But the question is how can such an ideal state of things be brought into being. I would therefore attach no value to arguments like those of my friend Professor Chakravarty. However, Sir, one very important point was raised by my friend Sj. Nagendra Bhattacharyya in this connection, and that is the propriety to impose tax in advance. That is I must say, a very important point and I am anxious to hear what the Hon'ble the Irrigation Minister has got to say on this point.

The Hon'ble Ajoy Kumar Mukherji:

মাননীয় অধ্যক্ষমহোদয়, অনেকক্ষণ ধ'রে বিরোধিপক্ষের সদস্যরা অনেকে অনেক কথা বলেছেন। আমার ক্ষুদ্রবুদ্ধিমতে মনে হয় যে তাঁরা বিটিং অ্যাবাউট দি বুশ করেছেন। আসলে তাঁরা আমাদের আলোচ্য বিষয়ের গণ্ডীর বাইরে অনেক কথাই বলেছেন; আমি সেগুলির কোনটারই জবাব দেওয়া প্রয়োজন ব'লে মনে করি না। কেউ আমার আসল কথার জবাব দেন নি। ইন্টারিম ট্যাক্স অ্যাকুমুলেটেড হ'লে সেটা কিভাবে আদায় হবে সেই প্রশ্নের জবাব কেউ দেন নি। একটা কথা বলেছেন যে এই বিলে রুপ কাটিং বাদ দেওয়া হয়েছে। তা হয় নি। সায়দুল্লা সাহেব বলেছেন, এই অ্যাক্টএর প্রভিশন সেকশন ১০-এ একটা প্রভাইসো অ্যাড করা উচিত। তাতে থাকবে কিভাবে রুপ কাটিং হবে। একটাও এড়ানো হয় নাই, মূল আইনেই আছে। ময়ূরাক্ষী প্রজেক্টএর ফলে ১৯৫৬ সালে বন্যা হয়েছিল বলা হয়েছে। এটা আদৌ সত্য নয়। ইতিপূর্বে এই আইনসভার ভিতরেই তা বলা হয়েছে। ফ্লাডস ইন ওয়েস্ট বেঙ্গল—এ সম্বন্ধে এনকোয়ারি কমিটির রিপোর্ট থেকে স্পষ্ট ক'রে বলা হয়েছে, বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ারএর অভিমত থেকে দেখিয়ে দেওয়া হয়েছে।

(এ ভয়েসঃ সেই রিপোর্ট পাবলিশ করা উচিত।)

সেটা ছাপতে দিয়েছি, পাবলিশ করব। রিপোর্টএর রেলেভ্যান্ট পোরশন দিয়ে আমরা একটা রিপোর্ট বের করেছি। তাতে স্পষ্ট ক'রে দেওয়া আছে ময়ূরাক্ষী এবং ডি ভি সিএর জন্য ১৯৫৬ সালের বন্যা বাড়ে নাই, বরং তারা কমানোর চেষ্টা করেছে। যাঁরা বলেন ১৯৫৬ সালে

ময়ূরাক্ষীর জন্য বন্যা হয়েছিল তাঁদের আমি জিজ্ঞাসা করি নদীয়াতে কি ময়ূরাক্ষীর জন্য বন্যা হয়েছিল? গঙ্গা পার হয়ে সেখানে বন্যা হয়েছিল কি ক'রে?

(এ ভয়েসঃ এটা ইঞ্জিনিয়ারদের কথা, জল ছাপিয়ে গিয়েছিল।)

মোটেই তা নয়। ইঞ্জিনিয়ারএর কথা হচ্ছে গঙ্গা থেকে বন্যার জল ভাগীরথীতে ঢুকেছে।

(এ ভয়েসঃ নর্থ বেঙ্গলএ ফ্লাড হয় নাই কেন?)

Mr. Chairman: He is giving statements which are not there. Please allow him to speak without interruption.

Sj. Sasanka Sekhar Sanyal: Are you going to give us time for a third reading.

The Hon'ble Ajoy Kumar Mukherji: There is no third reading in this Bill.

শশাঙ্কবাবু সেকশন ৩৯ টেনে নিয়ে এলেন। তিনি একজন প্রবীণ রাজনীতিজ্ঞ। এই সেকশন ৩৯ স্পষ্ট ক'রে বলেছে—তোমরা এই লেভী করবে, তোমরা ইমপ্রুভমেন্ট করেছ ব'লে ইমপ্রুভমেন্ট লেভী করবে। বেঙ্গল টেনান্সি আইনে আছে ইমপ্রুভমেন্ট করলে রেন্ট বেড়ে যায়। (A VOICE: Section 7, 8, 9?)

সেখানে আছে ট্যাক্স বাড়াবার আগে কি কি প্রসিডিওর নিতে হবে। ফাইনাল ফিক্সেশন অব দি রেটএ ৭, ৮, ৯ ধারা থাকবে, আপিলেরও ব্যবস্থা থাকবে। কোনটাই বাদ যাবে না। এখন ইন্টারিম হচ্ছে, এই ইন্টারিমএ যদি কম হয় ফাইনালএর সময় সেটা বেশি নেওয়া হবে; অথবা এখন বেশি হ'লে পরে কম নেওয়া হবে। এইভাবে অ্যাডজাস্টমেন্ট ক'রে নেওয়া হবে। কোন সেকশনই ইন্টারফিয়ার করা হচ্ছে না। রাইট অব অ্যাপিলও থাকছে। তারপর চক্রবর্তী মহাশয় মহাভারত থেকে প'ড়ে দিলেন। তিনি পণ্ডিত লোক।

(এ ভয়েসঃ ঠাট্টা করছেন নাকি?)

তিনি বিহার গভর্নমেন্টএর কথা তুললেন। সান্যাল মহাশয় বললেন বিহার গভর্নমেন্টএর ক্ষেত্রে সেখানেও কি এই অ্যাক্ট প্রযোজ্য? তা নিয়ে আমি কনসারন্ড নই। আমাদের কাছ থেকে তারা জল কিনে নিয়ে প্রজাদের বিলি করেন। তারপর ইলেকট্রিসিটির কথা তুলেছেন। সেখানে একটা যন্ত্র আছে, না দু'টো যন্ত্র আছে, না তিনটা যন্ত্র আছে—এ নিয়ে আমি তর্ক তুলছি না। ইলেকট্রিসিটি যা হয় স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে আলাদা রেট চার্জ হয়। এর সঙ্গে আমার এই বিলের কোন সম্পর্ক নাই। ওঁদের ঐ ইলেকট্রিক রেটএর সঙ্গে আমার ওয়াটার রেটএর কোন সম্পর্ক নেই।

[6-25—6-35 p.m.]

Sj. Nagendra Kumar Bhattacharyya: Can you mention any Act under which imposition of tax has been made in advance?

The Hon'ble Ajoy Kumar Mukherji: It is not in advance.

তারপর একজন সদস্য বললেন যে ময়ূরাক্ষীর জল দিলে ময়ূরাক্ষী এলাকার কৃষকদের উপকার হবে কিনা? আবার কেউ বললেন না হবারই সম্ভাবনা বেশী। সুতরাং ইনসিওরেন্স এগেনস্ট ব্যাড ইয়ার্স করা উচিত। আবার তাঁদেরই একজন—হালিম সাহেব—বললেন, জল দিলে ফসল বৃদ্ধি পাবে সে বিষয় কোন সন্দেহ নেই, তবে জলটা ঠিকমত দাও, নিয়মিত দাও, ভাল ক'রে দাও ইত্যাদি।

(এ ভয়েসঃ সেতো দিচ্ছেন না।)

শ্রীযুত নগেন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয় বললেন যে,
the Bill does not provide any limit.
তিনি যদি আমার এই ছোট্ট, এতটুকু বিলটা একটু ভাল ক'রে প'ড়ে দেখেন তা হ'লে দেখবেন subject to sub-section (6) of section 10,—
সেখানে লিমিট দেওয়া আছে। সেই সাব-সেকশন (৬)-এ বলা আছে দি লিমিট ইজ রুপিজ

টেন। এই সাব-সেকশনটা আর একবার প'ড়ে দেখবেন। একজন মাননীয় সদস্য সাব-সেকশন (৮)-এর কথা তুলেছেন। সেই সাব-সেকশন (৮) অনুসারে একজন স্পেশাল অফিসার অ্যাপয়েন্ট করতে হয় ক্রপ কাটিং করবার জন্য। ১৯৫৪-৫৫ সালে তাঁকে অ্যাপয়েন্ট করা হয়েছে। তিনি প্রতি বছরের ঐসব স্ট্যাটিস্টিক্স জোগাড় ক'রে যাচ্ছেন। সাধারণত আমাদের কৃষিবিভাগ থেকেও ঐসমস্ত স্ট্যাটিস্টিক্স নেওয়া হয়। তবে কেবল তার উপর নির্ভর না ক'রে এই অ্যাক্ট অনুযায়ী স্পেশাল অফিসার নিযুক্ত করা হয়েছে ঐগুলি দেখবার জন্য। তিনি এখনও কোন ফাইনাল রিপোর্ট দেন নি।

মনোরঞ্জনবাবু বললেন এই ট্যাক্স বসালে উৎপাদনের মূলে কুঠারাঘাত করা হবে। কিন্তু উল্লেখযোগ্য ফসল উৎপাদন যা হবার তা এই ট্যাক্স বসাবার আগেই হয়ে গিয়েছে। সেসকল কেটে নিয়ে ঝাড়াই-মাড়াই ক'রে খাওয়া-দাওয়া হয়ে গিয়েছে। গত তিন বছর আগের ফসলের উপর এই ট্যাক্সএর দ্বারা কুঠারাঘাত হবার কোন আশংকা বা সম্ভাবনা নেই।

সন্তোষবাবু বলেছেন—নূতন ক'রে প্রস্তাব এনেছেন। এটা মোটেই নূতন নয়। ডেভেলপমেন্ট অ্যাক্ট অনুযায়ী যে কর বসানো যায় তারই একটা ইন্টারিম অ্যারেঞ্জমেন্ট মাত্র। নগেনবাবু বলেছেন—আপনাদের এই অ্যাড হক রেটটাকেই হয়তো শেষকালে চূড়ান্ত ক'রে দেবেন। কৃষকরা কিছু জানে না, তাদের উপর একটা ফাইনাল ক'রে দেবেন। কৃষকরা এত বোকা ব'লে আমি বিশ্বাস করি না। তা হ'লে কি বলবেন যাঁরা ভোট দিয়ে পাঠিয়েছেন তাঁরা ভুল ক'রে যত অযোগ্য লোককে ভোট দিয়েছেন?

শ্রীযুত ত্রিপুরারী চক্রবর্তী মহাশয় একটা খুব বড় কথা বলেছেন যে, জল, জমি, বায়ু, ভূমি ইত্যাদি নিষ্কর। সে জল হ'ল নদীর জল, আকাশের জল, আর আমাদের এই যে জল এটা হচ্ছে ড্যামএর জল। কলকাতার ওয়াটার ট্যাপএর জল কি আপনারা নিষ্কর পান? তার জন্যও পয়সা দিতে হয়। সুতরাং আমাদের এই ড্যামএ যে জল স্টোর করা হয়েছে তাতে নিষ্করের কথা আসে না।

প্রফেসর নির্মল ভট্টাচার্য মহাশয় বললেন ময়ূরাক্ষী এলাকার লোকেরা অত্যন্ত দুর্ভিক্ষপীড়িত, তাঁরা জল চান না। বাংলাদেশের কৃষকদের মধ্যে উনি যদি গিয়ে দেখতেন, ময়ূরাক্ষী যে এলাকার অন্তর্গত সেখানকার কৃষকদের অবস্থা অন্যান্য জায়গার কৃষকদের অবস্থার চেয়ে অনেক ভাল। তাঁরা জলের জন্য এত পীড়াপীড়ি করছেন যে আমরা সেই পরিমাণ জল দিতে পারছি না।

আমি মোটামুটি মাননীয় সদস্যদের সব কথার জবাব দিলাম। আমি তাঁদের সব সংশোধনীর বিরোধিতা করছি।

Mr. Chairman: I am splitting up the circulation motions into two portions. The first portion is for circulation of the Bill without any date. I am putting the first portion to vote.

The motion of Janab Syed Shahedullah that the Bengal Development (Amendment) Bill, 1958, as passed by the Assembly be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

AYES—17.

Abdul Halim, Janab
Banerjee, Sj. Sachindra Nath
Basu, Sj. Bijay Bhary
Bhattacharyya, Sj. Janaki Ballabha
Bhattacharyya, Sj. Nagendra Kumar
Bhattacharyya, Sj. Nirmal Chandra
Chakraborty, Dr. Monindra Mohan
Chakravarti, Sj. Tripurari
Das, Sj. Naren
Debi, Sjta. Anila
Ghose, Sj. Kali Charan
Nausher Ali, Janab Syed
Pakrashi, Sj. Satish Chandra
Roy, Sj. Satya Priya
Sanyal, Sj. Sasanka Sekhar
Sen Gupta, Sj. Manoranjan
Shahedullah, Janab Syed

NOES—24.

Biswas, Sj. Raghunandan	**Misra, Sj. Sachindra Nath**
Bose, Sj. Arabinda	**Moitra, Sj. Dhirendra Nath**
Chatterjee, Sjta. Abha	**Mookerjee, The Hon'ble Kali Pada**
Chatterjee, Sj. Krishna Kumar	**Mukherjee, Sj. Sudhindra Nath**
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath	**Poddar, Sj. Badri Prasad**
	Prasad, Sj. R. S.
Das, Sj. Basanta Kumar	**Prodhan, Sj. Lakshman**
Das, Sjta. Santi	**Rai Choudhuri, Sj. Mohitosh**
Dutt, Sjta. Labanyaprova	**Sarkar, Sj. Nrisingha Prosad**
Guha Ray, Dr. Pratap Chandra	**Sawoo, Sj. Sarat Chandra**
Gupta, Sj. Manoranjan	**Singha, Sj. Biman Behari Lall**
Goswami, Sj. Kanailal	**Sinha, Sj. Rabindralal**
Jha, Sj. Pashu Pati	

The Ayes being 17 and the Noes 24, the motion was lost.

Mr. Chairman: All the other motions fall through.

The motion of the Hon'ble Ajoy Kumar Mukharji that the Bengal Development (Amendment) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the West Bengal Legislative Council for its recommendations, be taken into consideration, was then put and agreed to.

Clause 2.

[6-35—6-45 p.m.]

Sj. Nagendra Kumar Bhattacharyya: Sir, I beg to move that the Council recommends that in clause 2, in the proposed proviso, line 4, after the word "declare" the words "for one year only" be inserted. Now, Sir, in moving for the acceptance of the recommendation I take this opportunity of explaining what is meant by taxation in advance. The State Government has got the right to impose tax for which the procedure is laid down in sections 7, 8 and 9 of the Bengal Development Act, 1935 and this has to be followed to the fullest extent. Sir, the right to impose tax arises after that is done. If without doing that tax is wanted to be imposed that is known as taxation in advance. This is going to be done by the addition of the proviso to section 10, sub-section (1). Now the effect of this amendment is to suspend the provisions of sections 7, 8 and 9 for the time being and to assume power which is not given or which is not vested in the State Government by the provisions of the said Act. That is the sense in which I used the expression 'taxation in advance' and I do stick to my expression which I used and the purpose for which I used and that is the dictionary meaning of the whole thing. Now, coming to the recommendation so far as the addition of the words 'for one year only' is concerned, I beg to submit that these words should be added in order to put a limit to the taxation. If these words are added after the word "declare" the State Government will be restricted to impose tax in advance for one year only. If these words are not added the result would be that in a declaration the State Government may say that so much is declared as ad-interim tax for 1954-55, so much for 1955-56 and so on. In one declaration that can be done. In order to put a restriction to such sort of declaration I submit that these words should be added. The Hon'ble Minister in charge of this Bill in his preliminary address at the time of introducing the Bill said that the Government would realise the tax by instalments but he does not say that in the proposed amendment. If that was the intention of Government that ought to have

been put in the proposed amendment so that we could have known definitely that the instalments relate to one year only. Moreover, it is also said that Government has issued leaflets showing that the amount of taxation which will be realised in a particular year will not exceed a particular amount. But if that is so, and if the Government intend to stick to the contents in the leaflet, why that is not incorporated in the amending Act? So in order that the poor agriculturists be not taxed to the maximum this amendment or rather this recommendation is necessary so that the Government would not be in a position to declare ad-interim taxation in advance for not more than one year.

With these words, Sir, I beg to submit that this recommendation should be made to the West Bengal Legislative Assembly.

Mr. Chairman: Amendments 9, 10 and 11 are virtually the same and I hope there is no necessity for a very long speech.

Janab Abdul Halim: Sir, I beg to move that the Council recommends that in clause 2, in the proposed proviso, lines 4 and 5, after the words "or rates" the words "not exceeding Rs. 4 per acre" be inserted.

মাননীয় সভাপতি মহাশয়, আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে ক্লজ ২তে যে প্রভাইসোর প্রস্তাব করা হয়েছে সেইটের সম্বন্ধে আমি আমার আগের বক্তৃতায় বলেছি এবং সেচমন্ত্রী মহাশয়ও প্রমাণ করতে পারছেন না যে ময়ূরাক্ষী অঞ্চলে সেচের জল দ্বারা উৎপাদন কি বৃদ্ধি হয়েছে। তিনি যে অফিসার নিয়োগ করেছিলেন তিনি কোন রিপোর্ট সাবমিট করতে পারেন নি। ১৯৫৪-৫৫ সালে কত বেড়েছে, ১৯৫৫-৫৬ সালে কতটা বেড়েছে হিসাব দিতে পারে নাই। কাজেই আমি মনে করি আমাদের হাতে যখন কোন উৎপাদন ডেটা নাই সেক্ষেত্রে উনি একটা ইন্টারিম ট্যাক্স চাপাতে পারেন না এবং আমি আমার অ্যামেন্ডমেন্টএ দিয়েছি অন দি প্রিন্সিপল অব ট্যাক্সেশন আগে একটা উৎপাদন সম্বন্ধে সার্ভে হওয়া উচিত। আমি আগেই বলেছিলাম ভারত গভর্নমেন্টএর কাছ থেকে ষোল কোটি টাকা নিয়ে যে ক্যানেল কাটানো হচ্ছে, সেটা সুদেআসলে কৃষকদের কাছ থেকে আদায় ক'রে নিয়ে শোধ করা হবে। কিন্তু উৎপাদন যে বৃদ্ধি হয়েছে, কৃষকদের যে আয় বেড়েছে তার কোন প্রমাণ আমরা পাচ্ছি না। সেচমন্ত্রী কৃষকদের শস্যোৎপাদন কি বেড়েছে কিছুই দেখাতে পারেন নি। অতএব গভর্নমেন্ট যখন এ আইন ভোটএর জোরে পাস করবেনই সেইজন্য আমি অ্যামেন্ডমেন্ট রেখেছি মেনটেনেন্স ট্যাক্স হিসেবেই এটাকে ধরতে হবে, ওয়াটার ট্যাক্স হিসেবে নয় -যে পার একর চার টাকার বেশি হওয়া উচিত নয়। কিন্তু প্রকৃতপক্ষে আমি কোন রকম ট্যাক্সেশনএরই পক্ষপাতী নই।

Janab Syed Sahadulla: Sir, I beg to move that the Council recommends that in clause 2, in the proposed proviso, line 7, after the words "being at such rate or rates" the words "not exceeding Rs. 5.50 nP" be inserted.

ইতিপূর্বে আমার পূর্ববর্তী বক্তা এবং আমি মন্তব্য করেছি এ সভাতে যে আমরা মনে করি নীতিগতভাবে এই কর ধার্য অন্যায়। এই কথার সঙ্গে সঙ্গে এখানকার একজন প্রাচীন সদস্য শ্রীমহীতোষ রায়চৌধুরী যা বললেন তার উত্তর একটু দিতে হয়। তাঁর কথা, এখানে এই বিলে ট্যাক্সেশন না হ'লে টাকা কোথা থেকে আসবে? একটা পাবলিক ফান্ড ছাড়া? যখন আমরা বলি কর বসানো উচিত নয়, করের প্রয়োগ উচিত নয়, তখন বলা হয় সেই শ্রেণীর উপর কর নয়। পাবলিক ফাইন্যান্সএর নীতি সকলেই জানে। পাবলিক ফাইন্যান্সএর নীতি যা তা সাধারণ টেকস্ট বুকএও লেখা আছে। পাবলিক ফাইন্যান্স এবং পাবলিক অর্গানাইজেশন বা বিজিনেসএ প্রভেদ হচ্ছে, যার কাছ থেকে কর আদায় করা তাকে যে সার্ভিস দেওয়া হচ্ছে তা নয়। কর আদায় সম্বন্ধে যে নিয়ম, যে নীতি আছে, কর আদায় করবার সময় সেইভাবেই হয় চাষীর উপর কর প্রয়োগের কথায় যখন আপত্তি করা হয়েছে তখন বলা হয়েছে যে কর আসবে কোথা থেকে, সাধারণ রাজস্ব কোথা থেকে স্ফীত হবে? এক্ষেত্রে আমি বলব যে কিভাবে এটা সম্ভব সেটার সম্বন্ধে আমাদের সঙ্গে আলোচনা করুন এবং আমরা তার রাস্তাও দেখিয়ে দিতে

পারি। কিন্তু গভর্নমেন্টএর সেখানে সংকোচ আছে, ভয় আছে; কেন না এ করতে গেলে তাঁদের বন্ধু বড়লোকদের গায়ে তা হ'লে হাত পড়বে। সেজন্য আজ তাঁরা চাষীর স্কন্ধের উপর এই কর প্রয়োগ করতে যাচ্ছেন। যাই হোক আমি বলছি যে সেখানে পুরানো দামোদর অঞ্চলে যা চলছে তার বেশি কিছুতেই হওয়া উচিত নয়। এখানে আমি হালিম সাহেবের অ্যামেন্ডমেন্ট সমর্থন করি এবং সাড়ে পাঁচ টাকার বেশি হওয়া উচিত নয় এই আমার অ্যামেন্ডমেন্ট।

[6-45—6-55 p.m.]

Sj. Santosh Kumar Bhattacharyya: Sir, I beg to move that the Council recommends that in clause 2, in the proposed proviso, line 7, after the words "being at such rate or rates" the words "not exceeding Rs. 4.50 nP" be inserted.

আমার বক্তব্যে আমি খুব বিশেষ সময় নেব না। আমি শুধু একটা কথা বলতে চাই যে এই সরকার ১৯৫৩-৫৪ সালে একটা ক্যালকুলেশন করেছিলাম যে দু' টাকা চার আনা থেকে দু' টাকা ছ' আনা পর্যন্ত কর ধার্য করা যেতে পারে। মন্ত্রিমহাশয় নিশ্চয়ই এটা অবগত আছেন যে ১৯৫৩-৫৪ সালে পশ্চিমবঙ্গ সরকার এ কথা বলেছিলেন। ১৯৫৩-৫৪ সালের পর অবস্থার কতখানি উন্নতি হয়েছে সে সম্বন্ধে কোন তথ্য তাঁদের কাছে নেই এবং আমরা চাওয়া সত্ত্বেও তাঁরা কিছুই দিতে পারেন নি। উপরন্তু বন্যায়, দুর্বিপাকের ফলে কৃষকের অবস্থা আরও শোচনীয় হয়েছে। অথচ ময়ূরাক্ষী পরিকল্পনা কিংবা দামোদর পরিকল্পনা কিংবা যে-কোন নদী পরিকল্পনা বন্দোবস্ত করা হয়েছে তার জন্য একেবারে কোন্ খরচ কোথা থেকে আসবে, কিভাবে আসবে—এইসমস্ত প্রশ্ন এখানে তুলেছেন মহীতোষবাবু। আমি যেটুকু বলেছি, এই বিলটাকে সার্কুলেশনএ দেবার প্রস্তাবের উপর যেটা বলেছিলাম সেটা হচ্ছে এই যে ট্যাক্সেশন ইনকোয়ারি কমিটি বলেছেন, ফুড গ্রেন্স ইনকোয়ারি কমিটি বলেছেন যে শুধুমাত্র খালটাকে চালু রাখবার জন্য যেটুকু না করলে নয় সেটুকু তাঁরা করতে পারেন। ফুড গ্রেন্স ইনকোয়ারি কমিটি আবার এক ধাপ এগিয়ে গিয়ে বলেছিলেন যে জলটা ফ্রী দেওয়া উচিত। যদি সেটা একেবারে সম্ভব না হয় তা হ'লে অন্ততঃপক্ষে যেটুকু না করলেই নয় সেটুকু করা উচিত এবং সেদিক থেকে পুরানো যে দামোদর কর ছিল দামোদর ক্যানেলএর উপর সেটা সাড়ে চার টাকা ছিল এবং পরে সেটাকে বাড়িয়ে সাড়ে পাঁচ টাকা করা হয়েছে। কাজেই খালটাকে চালু করবার জন্য কৃষকের স্কন্ধে অতিরিক্ত বোঝা না চাপিয়ে অন্ততঃপক্ষে সেটুকু যদি করেন তবে আমার মনে হয় যে কিছুটা কৃষকের ভার লাঘব করা হবে। সেদিক থেকে আমি আমার সংশোধনী প্রস্তাবে রেখেছি যে ৪·৫০ নয়া পয়সা ধার্য করা হোক—নট একসিডিং ৪·৫০ নয়া পয়সা।

Sj. Tripurari Chakravarti: Mr. Chairman, Sir, the debate on clause 2 of this Bill has some relevance to canons of taxation. My esteemed friend Shri Mohitosh Rai Choudhuri quoted Kalidas, rather tried to quote him because he did not remember exactly the *slokas*. By quoting Kalidas my friend tried to show or sought to prove that the poet supported the principle of taxing all the people in the country irrespective of the rich and the poor. Kalidasa actually says in canto 1 of "Raghubangsa"

দুদোহ গাং স যজ্ঞায়

The King taxed the people only for doing good to them, that is,

প্রজানামেবভূত্যর্থং স তাভ্যঃ বলিমগ্রহীৎ।
সহস্রগুণমুৎসৃষ্টুং আদত্তে হি রসং রবিঃ।।

Jajnam is performance of that ceremony which is conducive to the welfare of all. That is the definition of *jajnam* in our scriptures. Kalidasa referred to that. The King taxed the people only for good of the people, but here the good of the people is being lost sight of. And then my friend

says, where is the money to come from? My direct, unhesitating and straightforward reply would be, tax the rich people in the country. That is what the Mahabharata has recommended in the *Apaddharma Parvan*:

আদদীত বিশিষ্টেভ্যঃ নাবমীদেৎ কথঞ্চন

(A MEMBER FROM THE GOVERNMENT BENCHES: Rob Paul to pay Peter.) Rob dishonest rich persons. Tax the dishonest rich persons. Confiscate their property, have expropriatory legislation. These are the positive injunctions of the Mahabharata.

অসাধুভ্য অর্থমাদায় সাধুভ্যঃ যঃ প্রাচ্ছতি।

আত্মানং সংকুমং কৃত্বা স এব কৃৎধর্মবিৎ।।

Even if this taxation policy or the measures of taxation cause some suffering to the rich people, then no blame attaches to the King or to the Head of the State—

তদর্থং পীড়ায়িত্বা চ ন রাজা দোষমর্হতি।

Sj. Krishna Kumar Chatterjee: Are we to listen to the whole of the Mahabharata?

Sj. Tripurari Chakravarti: What is the harm? You will have some enlightenment. You need enlightenment.

Finally, the Mahabharata says, everything is for the people who are honest; nothing is for dishonest persons. I am quoting Rabindranath:

"দেশের দুর্দশা লয়ে যার ব্যবসায়,

অন্ন যার অকল্যাণ মাতৃরক্ত প্রায়"।

Have no connection with such people. Tax the dishonest rich people. You will have plenty of money.

[6-55—7-5 p.m.]

The Hon'ble Ajoy Kumar Mukherji:

অধ্যক্ষ মহোদয়, আমি গোড়াতেই বলেছি যে ১৯৫৪-৫৫ সাল থেকে ট্যাক্স জ'মে গিয়েছে। কাজেই ওয়ান ইয়ার করলে আদৌ না করার সমান হবে। যাদের রিলিফ দিতে যাচ্ছি একবারে কয়েক বছরের ট্যাক্স আদায় করতে গেলে তাদের কষ্টই হবে। ফাইনাল করার আগে কিছু কিছু আদায় ক'রে এবং পরে অ্যাডজাস্ট করলে ভাল হবে ব'লে আমি মনে করি। এক বছর করলে সেই উদ্দেশ্য সফল হবে না। বাকি তিনটা অ্যামেন্ডমেন্টএর ভাষার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করি। আপনি যদি একটু প'ড়ে দেখেন তা হ'লে দেখতে পাবেন এখানে আছে subject to provision of sub-section (6) not exceeding Rs. 10.

কিন্তু এখানে তাঁরা কিছু ডিলিট করতে বলেন নি। এটা কি রকম কনস্ট্রাকশন হ'ল আমি ধরতে পারলাম না। যাই হোক, তাঁরা যদি বলতেন ডিলিট ক'রে দাও তা হ'লেও না হয় খানিকটা মানে হ'ত। আমরা লোককে জল দিয়ে লোকের উপকারই করি, অপকার করি না। আসল কথা হচ্ছে, টাকা বেশি হচ্ছে কিনা সে বিষয়ে সন্দেহ করতে পারেন। আমি সেজন্য মাননীয় সদস্যদের জানিয়ে দিচ্ছি যে ময়ূরাক্ষী এলেকার দু'টি ভাগ আছে। একটাতে ডেভেলপমেন্ট অ্যাক্ট প্রযুক্ত হয়েছে, এখানে ট্যাক্স ধার্য করা হয় নি। আরেকটা হচ্ছে ইরিগেশন অ্যাক্টএতে ট্যাক্স ধার্য করা হয়েছে যাঁরা জল নেবেন তাদের কন্ট্রাক্ট সই করতে হবে এবং এটা পিওরলি ভলান্টারি। যেখানে আমরা জানি নিশ্চয়ই জল দিতে পারব সেখানে আমরা ডেভেলপমেন্ট অ্যাক্টকে কম্পালসরি করি, আর যেখানে বুঝতে পারি যে জল দেওয়া সম্ভব সেক্ষেত্রে আমরা ইরিগেশন অ্যাক্ট অনুযায়ী এই এগ্রিমেন্ট করি যে জল দিতে পারলে ট্যাক্স নেব। এবং রেট বছর বছর ফিক্স ক'রে দিই। এই রেট আমরা সাড়ে ছ' টাকা সাত টাকা বার আনা, ন' টাকা

—এই রকম ক'রে এসেছি এবং বহু লোক আমাদের সঙ্গে কন্ট্র্যাক্ট ক'রে জল নিয়ে ট্যাক্স দিয়েছেন। চাষীরা নিজের স্বার্থেই জল নেন। এখানে ব'সে কোটপ্যান্ট প'রে এবং মাসীর দরদ দেখিয়ে অনেক কথাই বলা যায়, কিন্তু যে কৃষক লাঙ্গল চালান তাঁরা জানেন যে এই রেট বেশি নয়।

The motion of Sj. Nagendra Kumar Bhattacharyya that the Council recommends that in clause 2, in the proposed proviso, line 4, after the word "declare" the words "for one year only" be inserted, was then put and lost.

The motion of Janab Abdul Halim that the Council recommends that in clause 2, in the proposed proviso, lines 4 and 5, after the words "or rates" the words "not exceeding Rs. 4 per acre" be inserted, was then put and lost.

The motion of Janab Syed Sahadulla that the Council recommends that in clause 2, in the proposed proviso, line 7, after the words "being at such rate or rates" the words "not exceeding Rs. 5.50 nP" be inserted, was then put and lost.

The motion of Sj. Santosh Kumar Bhattacharyya that the Council recommends that in clause 2, in the proposed proviso, line 7, after the words "being at such rate or rates" the words "not exceeding Rs. 4.50 nP" be inserted, was then put and lost.

Mr. Chairman: There is no recommendation and the Bill goes back to the Assembly.

The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1958.

The Hon'ble Abdus Sattar: Sir, I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1958, as passed by the Assembly, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি দীর্ঘ বক্তৃতা করতে চাই না। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন যে বর্তমানে বিধান আছে যে হাইকোর্টএর জজ কিংবা ডিস্ট্রিক্ট জজদের দুই বৎসরের অভিজ্ঞতা হ'লে ইন্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনালএর জজ হিসাবে নিযুক্ত হ'তে পারেন। এর ফলে এই হয়েছে যে হাইকোর্টএর জজ পাওয়া যায় না এবং দুই বছরের অভিজ্ঞতাসম্পন্ন জজএর সংখ্যাও অত্যন্ত সীমাবদ্ধ। আমরা প্রায়ই শুনে থাকি যে ট্রাইব্যুনালএর কাছে যেসমস্ত ডিসপিউটস যায় তা অধিকাংশই মীমাংসিত হয় না। আমাদের পশ্চিমবাংলায় সবাই চাচ্ছি শিল্পের ক্ষেত্রে শান্তি। এই শান্তি আনয়ন করতে হ'লে দ্রুততার সঙ্গে মামলার বিচার ও নিষ্পত্তি হওয়া আবশ্যক। আমি দীর্ঘ বক্তৃতা না ক'রে মাননীয় সদস্যদের এই অনুরোধ জানাব যে, আমাদের পশ্চিমবাংলায় যাতে এইসব মামলার দ্রুততার সঙ্গে নিষ্পত্তি করা যায় তার জন্য এই বিলটি গ্রহণ ক'রে আমাদের কার্যে সহায়তা দান করবেন।

Sj. Nirmal Chandra Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রিমহাশয় যে প্রস্তাব করেছেন সেই প্রস্তাবে জনমত সংগ্রহের জন্য আমি একটা সংশোধনী প্রস্তাব দিয়েছি। তার একমাত্র উদ্দেশ্য হচ্ছে এই যে, তিনি জানেন এবং দু'-একবার স্বীকারও করেছেন ১৯৪৭ সালের ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্টএর আমূল পরিবর্তন প্রয়োজন। আশা করি তিনি এটা মনে রাখবেন। আমি আশা করি শিল্পের ক্ষেত্রে যাতে শ্রমিক-মালিক বিরোধ উপস্থিত না হয়ে শান্তি রক্ষিত হ'তে পারে তার জন্য তিনি এই আইনটার প্রয়োজনীয় পরিবর্তন করবেন।

Sj. Sasanka Sekhar Sanyal:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তা আমাদেরও কাম্য। অবসরপ্রাপ্ত জজদের ট্রাইব্যুনালএ বসিয়ে দেওয়ার পদ্ধতি উঠিয়ে দেওয়া দরকার। তার কারণ তাঁরা পেন্সন পাবার পর ট্রাইব্যুনালএ যাবেন—এই আশায় যদি না থাকেন তা হ'লে যতদিন তাঁরা সাধারণ ক্ষেত্রে চাকুরি করেন ততদিন তাঁদের বিচারটা বিচারসম্মত হয়। কিন্তু ট্রাইব্যুনালএ যাবার আশায় তাঁরা এত সরকারঘেঁষা হন যে ক্রিমিন্যাল কেসএ প্রসিকিউশনএর গোলাম হয়ে থাকেন, আর সিভিল কেসএ আইনের ভাষায় যাকে বলা হয় নন-ইন্টারফিয়ারিং, তাই হয়ে থাকেন।

[7-5—7-10 p.m.]

Sj. Manoranjan Sen Cupta:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রমমন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি।

এই প্রসঙ্গে আমি কয়েকটা কথা বলতে চাই। তিনি বলেছেন শান্তি চান এবং মালিক ও শ্রমিকের মধ্যে কোথাও বিরোধ দেখা দিলে তিনি তা নিষ্পত্তি করবার জন্য সর্বদাই উদ্গ্রীব। কিন্তু আর এক দিকে অনাচার এমন বেড়ে উঠেছে যে সেদিকে তাঁর বিশেষ দৃষ্টি দেওয়া একান্ত আবশ্যক ব'লে আমি মনে করি। এমন অনেক ফ্যাক্টরি, মিল আছে যেখানে ওয়ার্কারদের স্থায়ী না ক'রে কিছুকালের জন্য কাজে নিযুক্ত ক'রে রাখা হয়েছে। পাঁচ-ছয় মাস কাজ করিয়ে তারপর তাদের বরখাস্ত ক'রে দিয়ে আবার সেই জায়গায় নূতন লোক নিয়োগ করা হয়, পাছে তাদের স্থায়ী করলে তাদের

increment, bonus, gratuity, providend fund

দিতে হয়। এইগুলি পরিহার করবার জন্য এই রকম একটা ব্যবস্থা নেওয়া হয়েছে যার ফলে আজকে শ্রমিকমহলে বিশেষ অসন্তোষ দেখা দিয়েছে এবং এর জন্য উৎপাদনের পরিমাণও ক'মে যাচ্ছে। আজকে তিনি যদি প্রকৃত শান্তি চান এবং শ্রমিকমহলে বিক্ষোভ ও অশান্তি দূর করতে চান তা হ'লে এর জন্য তিনি যেন বিশেষ ব্যবস্থা অবলম্বন করেন। এই রকম অকেশন বড়-একটা পাওয়া যায় না, তাই আমি এই সূত্রে এই কয়েকটি কথা বললাম। আশা করি তিনি এ দিকে সবিশেষ দৃষ্টি দেবেন।

আমি তাঁর এই বিল সমর্থন করছি।

The Hon'ble Abdus Sattar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীশশাঙ্কশেখর সান্যাল মহাশয় যে কথা বলেছেন তার উত্তরে আমি বলতে চাই, যেসমস্ত কর্মরত জজ আছেন, তাঁদের পেলে আমরা পুনঃপুনঃ ঐসকল অবসরপ্রাপ্ত জজদের নেব না এবং সঙ্গে সঙ্গে তাঁদের নিয়োগপত্র দেব। আমি আবার বলছি কর্মরত জজ পেলে পর অবসরপ্রাপ্ত জজ নিয়ে আমরা ট্রাইব্যুনালএর কাজ চালাব না—এই প্রতিশ্রুতি আমরা দিতে পারি।

কোন কোন মাননীয় সদস্য ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট সংশোধনের কথা বলেছেন। আমি এ সম্বন্ধে বিচার-বিশ্লেষণ করছি এবং যেটা কংকারেন্ট লিস্ট তার ভিতর দিয়ে সেখানে কংকারেন্স নিয়ে আমি অদূরভবিষ্যতে আইনসভার সম্মুখে উপস্থিত হব।

এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of the Hon'ble Abdus Sattar that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1958, as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 *and* 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Abdus Sattar: Sir, I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1958, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

Mr. Chairman: The House stands adjourned till 9 a.m. on Wednesday, the 30th of July, 1958.

If Mr. Jalan is not able to come we shall take up the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1958, and the West Bengal Agricultural Lands and Fisheries (Acquisition and Resettlement) Bill, 1958.

Adjournment.

The Council was accordingly adjourned at 7-10 p.m. till 9 a.m. on Wednesday, the 30th July, 1958, in the Legislative Buildings, Calcutta.

Members absent.

Bandopadhyay, Sj. Upendra.
Banerjee, Dr. Sambhu Nath.
Banerjee, Sj. Tara Sankar.
Basu, Sj. Gurugobinda.
Bhuwalka, Sj. Ram Kumar.
Choudhury, Sj. Birendra Nath.
Ghosh, Sj. Asutosh.
Ghosh Maulik, Sj. Satyendra Chandra.
Halder, Sj. Gopal Chandra.
Hazra, Sj. Gajendra.
Maliah, Sj. Pashupati Nath.
Mozumder, Sj. Harendra Nath.
Roy, Sj. Surendra Kumar.
Saraogi, Sj. Pannalal.
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Wednesday, the 30th July, 1958

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 30th July, 1958, at 9 a.m. being the Fifteenth day of the Fifteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

Outbreak of Encephalitis in Calcutta

[9—9-10 a.m.]

Sj. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, before you take up the business fixed for the day, may I make mention of the alarming situation in Calcutta which has resulted from the outbreak of a new disease Encephalitis. This is a brain disease and there are many brainy persons in the city. May we know from the Hon'ble Minister in charge of the Health Department as to what steps have been taken by them for dealing with the situation, because we are told on the authority of the expert medical men that it is highly infectious?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Sir, this is a very important problem, namely, infection causing Encephalitis. This is a virus infection and in Calcutta this is no new import of the disease. It has been in Calcutta since 1956 and the sporadic cases are there. You know, Sir, that a few months before one of our eminent surgeons died of Encephalitis while treating one case like that. So we apprehended that from places like Bombay, Mysore, Delhi and other places in the north the disease may come to Calcutta and after apprehending that we have been trying all sorts of things just to prevent it to spread and to arrange for curative treatment. Yesterday we had an Experts Committee meeting consisting of the Director of the Hygiene Institute, the Director of Tropical School of Medicine, the Epidemiologist and also the public health personnel and also the sanitary engineers and it was discussed thoroughly, and so far as the present knowledge of the disease goes it has been found that the disease is due to various viruses, not one. At one time it was thought to be due to infection carried through air passages and also various other ways. Now it has been suspected—and it has been to some extent proved—that it is the virus from the stools. So it has been the opinion of the experts that to prevent the disease is to adopt all sorts of sanitary measures and to have the food thoroughly boiled and water also boiled. Now for the present it is taken to be a water-borne disease. So the precaution that can be taken is this. No vaccine has been introduced so far and only symptomatic treatment has to be carried. That is the present-day knowledge and finding by the experts and also the measures which can be adopted to prevent the disease.

Sj. Janaki Ballabha Bhattacharyya: Sir, I beg to move that in clause 2, line 1, of item (b) of the proposed proviso, after the words "condone the delay" the words "for a period not exceeding three months after the date of the declaration of the election" be inserted.

Sir, I want to draw your attention to the following points. The main object of the Bill will be defeated if a successful candidate does not lodge his return of election expenses after the expiry of his term of office. He may not submit his return of election expenses at all because there is nothing in the section or in the sub-section to penalise him as his delay may be condoned or he may be condoned for good. He may submit it after the expiry of his term. In that case the main object of the Bill will be defeated. Therefore, I move this amendment that "for a period not exceeding three months after the date of the declaration of the election", he is to submit the return of his election expenses.

The Hon'ble Iswar Das Jalan: Sir, the apprehension of my friend is groundless because unless he applies immediately for the removal of this disqualification he ceases to be a Councillor. Under section 55 which includes this disqualification, "if a man does not submit the return of

election expenses in time", then he shall cease to be a Councillor. Therefore, it will be to his interest to file return immediately and if he cannot file return immediately then he should apply immediately for removal of this disqualification for condonation of delay. Therefore why even three months' time should be given? When the term expires he ceases to be a member. Therefore, this apprehension is rather groundless.

The motion of Sj. Janaki Ballabha Bhattacharyya that in clause 2, line 1, of item (b) of the proposed proviso, after the words "condone the delay" the words "for a period not exceeding three months after the date of the declaration of the election" be inserted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

[6—6-15 p.m.]

Dr. Janaki Ballabha Bhattacharyya: Sir, I move that in clause 3, in the proposed further proviso to section 417 of the Act, line 6, after the word "agreement" the words "without any financial obligation" be inserted.

The other proviso has not been mentioned here; only one proviso has been added to the advantage of the Corporation. Therefore, I say the Mayor may do whatever he likes but without committing any financial obligation. Therefore I suggest this amendment "without any financial obligation", because when a property of a private person is utilised by the Corporation, no compensation is given to him, but I apprehend if the Corporation enters into an agreement with any firm or company, then most probably it commits some financial obligation with that company. Therefore it will incur unnecessary expenditure. Therefore I say that the Corporation may enter into an agreement without any financial obligation. If this portion is added I have nothing to object to this proviso.

The Hon'ble Iswar Das Jalan: This cannot be done. If there is an agreement and if it is necessary to enter into an agreement that agreement depends on the choice of the two parties. How can you say that it must be without any financial obligation. Why should a private person's lamp posts be used without paying anything? It cannot be done. I therefore oppose the amendment.

The motion of Dr. Janaki Ballabha Bhattacharyya that in clause 3, in the priposed further proviso to section 417 of the Act, line 6, after the word "agreement" the words "without any financial obligation" be inserted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I beg to move that the Calcutta Municipal (Amendment) Bill, 1958, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

Mr. Chairman: With the permission of the House I can take up one of the two small Bills which are in the Order Paper.

Sj. Sasanka Sekhar Sanyal: You proceed according to Order table. Your seeking permission is a very delicate matter, but frequent change of programme is a thing which must be resisted. Yesterday you took up Slum Clearance without giving us notice but today because the Minister is not available you are passing it over. That it will suit the House according to the convenience of the Minister is a very bad precedent. You must proceed according to the order.

Mr. Chairman: You are in the right, but I do not know what has happened to the Minister.

Sj. Sasanka Sekhar Sanyal: Somebody else may take up the subject. The parliamentary practice is when a particular Minister leaves he takes the permission of the Chair.

Mr. Chairman: We do not follow such elaborate details.

Sj. Sasanka Sekhar Sanyal: Please do not allow a Minister to behave in a way which he pleases.

Mr. Chairman: He will apologize.

Sj. Sasanka Sekhar Sanyal: No apology is needed; his presence is needed. If he is not here you adjourn the House.

Mr. Chairman: I adjourn the House for 10 minutes.

[At this stage the House was adjourned for 10 minutes.]

[After adjournment]

[6-15—6-25 p.m.]

The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1958

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. I have already given notice to the Hon'ble Minister that I shall raise a point of order with regard to the jurisdiction of this House to consider the Indian Red Cross Society Bill and you have to decide that. You will have to satisfy yourself that this House has jurisdiction to pay money to a foreign State (The Hon'ble KALI PADA MOOKERJEE: The money does not belong to West Bengal.) That does not matter.

Mr. Chairman: When the partition was effected there was some money which was to be divided between these two new States under some agreement and that agreement still holds good. It is a question of paying and repaying.

Sj. Sasanka Sekhar Sanyal: I hope, Sir, there will not be any confusion in this respect. It is a question of facts. We know that undivided Bengal had some money in the hand of Red Cross and we know that there has been partition for that. We know that the Council have permitted the West Bengal Government to make redistribution of the assets and pay certain money to East Pakistan. My humble and modest question is whether we have any jurisdiction to send money out of West Bengal to any foreign State. It is not a question of subscription to a private party or another party. It is a question of giving money by legislation to a foreign State. You may refer to List I or List III. Let us know the List from which Government can take this power.

Mr. Chairman: I do not know.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, you will rise to the height of your position and give a considered ruling in this matter.

Mr. Chairman: Would you explain to the House how this is not in order?

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, I am extremely grateful to you for it. Seventh Schedule of the Union List deals with 10—Foreign Affairs and 16—Foreign Jurisdiction. It is only the Government of India which can maintain or carry on any contact with a foreign State. If my honourable friend the Education Minister can give us some education in this matter I shall be happy. He knows much about these matters.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I express my gratefulness to my old friend for his congratulatory terms. There is no doubt that we are forbidden from doing certain things. Sir, in the first place, when there was transference of power there was the parliamentary legislation and this Bill authorised the payment of certain money that Pakistan owed to India and India owed to Pakistan. That is known to all. Apart from that so far as I know the Central Government passed an Act in 1956 authorising the payment of this amount. I think the State Government is only following the lines adopted by the Central Government and this matter appertains to State legislation. The Bill has been brought forward by my friend, Dr. Anath Bandhu Roy and that is the explanation I give. I do not know if they will be satisfied by it or not, but that is my idea.

Sj. Sasanka Sekhar Sanyal: The Minister for Education forgets that he had also been a lawyer, though not practising it. Still he passed the Law Degree and he knows something of law. He is making one provision. The Government of India passed an Act which recognised the partition. But here the question is of sending money from one State to another. In the Statement of Objects and Reasons you find that the Government of India have asked the Government of West Bengal authorising this payment but can a mere asking legalise the matter? Why does not the Government give a fatwa to the society? So you have to legislate. The whole question is whether the State of West Bengal can by legislation facilitate the sending of money from here—whatever may be at our coffer—to a foreign State. To make it *intra vires* it must come within either List II or List III, the exclusive State List or the Concurrent List. But what is that paragraph of List II or List III—which will cover this position?

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Sir, may I say one word before the business is taken up. I am extremely sorry that I was late in coming. The reason is that I have changed my room and I could not follow that the previous Bill was over by that time. So I am extremely sorry that that gave inconvenience to you and also to the members of the House. I hope to be excused for that.

Now, Sir, regarding the business first of all, let me move this motion.

Sj. Sasanka Sekhar Sanyal: How can he move?

Mr. Chairman: The Bill is in order. The Bill comes under items 6 and 9 of the State List, Entry 28, Concurrent List and if the money cannot be sent, it will be for the courts of law to decide—not this House.

Sj. Sasanka Sekhar Sanyal: Let us see. Item 6 deals with public health, sanitation, hospitals and dispensaries.

Mr. Chairman: The Red Cross comes under that.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, are you satisfied in your wisdom or you are simply holding a brief?

Mr. Chairman: It is not wisdom. It is common sense. That is my considered opinion.

Sj. Sasanka Sekhar Sanyal: That is the beauty spot I find—to quote Nagen Babu. No. 6 says—public health, sanitation, hospitals and dispensaries—Indian Red Cross Society fund is neither public health nor sanitation, nor hospital nor dispensary. No. 9 says—relief of the disabled and unemployable. Is Pakistan disabled and unemployable so that money has to be sent from here?

Mr. Chairman: This Bill comes under Entry 32 of List II in the State List—other societies and associations and as such is within the competence of the Legislature.

Sj. Sasanka Sekhar Sanyal: Entry 32 says—incorporation, regulation and winding up of corporations, other than those specified in List I, and Universities; unincorporated trading, literary, scientific, religious and other societies and associations.

[6-25—6-35 p.m.]

Mr. Chairman: It falls within that.

Sj. Sasanka Sekhar Sanyal: So Pakistan is within "other society and association".

Mr. Chairman: It is the Red Cross.

Sj. Sasanka Sekhar Sanyal: You are paying money not to the Red Cross out of Red Cross Fund. You are paying money to a foreign State.

Mr. Chairman: That is not for this House to discuss.

Sj. Sasanka Sekhar Sanyal: I have raised a point of order and certainly it is for you, Sir, to decide.

Mr. Chairman: I allow this. This is in order.

Dr. Janaki Ballabha Bhattacharyya: Just after partition Red Cross has been divided into Pakistan Red Cross and Indian Red Cross.

Mr. Chairman: There is no question of partition. Certain funds which belonged to the Asiatic Society for prizes and medals are in Pakistan. This matter is being delayed. It has not yet been decided. But we have a right to their money and they have also a right to our money.

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Sir, I beg to move that the Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1958, as passed by the Assembly, be taken into consideration.

Sir, I may explain that this Red Cross Society was started in 1919 and the Act was passed in 1920—the Indian Red Cross Society Act. At the time of Independence it was necessary to divide the Corpus and also the fund in betwen the Pakistan Red Cross Society and the Indian Red Cross Society and for that purpose the Indian Red Cross Society Act was passed

in 1956 amending the previous Act of 1920. After that the India Government have advised us to bring a similar Bill so as to change the Act as the West Bengal Red Cross Society Act. In this connection it was found convenient to change some of the rules also. The object of the Bill is to give to the Indian Red Cross Society this money so that it may be given to them. This has been agreed upon by several conferences between Indian and Pakistan Red Cross Societies, and we have to honour that agreement. These are the reasons for which this Bill has been brought, and the money, viz., Rs. 48,567 only, has to be paid. The whole amount was Rs. 6,95,006. Out of this we have to send over to the Pakistan Red Cross Society the only sum remaining, viz., Rs. 48,567. And it is only after this Act is passed we can give the money to the Indian Red Cross Society for its delivery to the Pakistan Red Cross Society.

So this is the object of the Bill and the Subject-matter of the proposed legislation is covered by the power of the State Legislature under the following entries under the Seventh Schedule of the Constitution of India, (a) entry 6 of the State List—Public health and sanitation; hospitals and dispensaries; (b) entry 9—Relief of the disabled and unemployable; (c) entry 28 of the Concurrent List—Charities and charitable institutions, charitable and religious endowments and religious institutions; and (d) Entry 32 of State List—scientific, religious and other societies and associations.

Sj. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1959.

Sir, since you in your wisdom have held that we have a right according to the Constitution of having contact with a foreign State, I hope you will bear with me when I speak out my mind as to why we shall refuse any payment to this neighbourly but none too friendly State of ours. If there is any Bill which is more competent or emergent for public opinion than any other Bill it is this. I am sure if this Bill is sent to any Bar Library, any educated society, any district board, any municipality, in the present context of international situation and the part that is being played by Pakistan in relation to India and particularly the State of West Bengal, not a single soul will agree to the sending of this money. Mr. Chairman, I want to draw your particular attention to this: to whom shall we pay? To the Red Cross Society of Pakistan? Sir, why shall we pay? As a proposition of justice, are you today getting just behaviour from the Pakistan State that you will be called upon to pay? The civil population of Pakistan are invading the territories of West Bengal. Every day in newspapers we are finding reports that either cattle are being taken away or crops are being looted or officials or non-officials have been kidnapped. All sorts of depredations are being committed and you give money to them for improving their condition in distress. Remember always that the Government officials are always behaving in a hostile manner; the Military is massing troops and entrenching and making preparations on the other side of the border. Sir, across the Jalangi in my district it may be seen from a distance that aerodromes are being constructed and behind that the Americans are giving all nutrition and assistance. Is this the time and context for giving money to them?

Look at the larger international situation. Pakistan is trying to keep up the Bagdad Pact, even though Iraq has gone out and what is the point of keeping up the Bagdad Pact? This is trying to sabotage the Panch Shil and the Bandung Pact, and Pakistan has converted itself into a network of American military preparations. Is this the context in which

we shall pay money out of our own coffer? Even tomorrow there may be attacks on our own people and much more money will be needed for giving succour to our own people. Is this the context in which we should agree to sending money outside? It is not a question of the amount merely; it is a question of principle. He who seeks good behaviour must also render good behaviour. We have not become so many staunch Christians today that even if Pakistan gives a slap on one cheek we shall extend our other cheek for receiving another slap. You must have seen the speeches of Mr. Saheed Suhrawardy. He is now not in power but he has immense potentiality. Even today you must have seen the reported speech of Syed Majid. He has threatened India with repression and reprisal. Is this a context in which you will spend good money for a bad neighbour? I submit the world is being aligned into two blocs; one is America, Britain and Pakistan and the other bloc is for co-existence and self-determination. We have to defend ourselves by keeping away from this bloc. They are demolishing the fundamental principles of peoples in other countries.

Mr. Chairman: You need not go into political history.

Sj. Sasanka Sekhar Sanyal: Because by your ruling of the admissibility you have created the relevancy for this. Today we must decide that those who are not with us are against us. Pakistan is against India and against West Bengal. Therefore we must refuse to pay a single copper. Sir, we can pay them money if they behave properly.

[6-35—6-45 p.m.]

Then, Sir, coming to the other aspect of the internal administration, Government has proposed a change by enumerating certain purposes for which money will be spent. Here again, Sir, I humbly voice a protest that the Bengal Branch of the international missionary organisation, the Indian Red Cross Society, is only a small branch but the Government of West Bengal has debased this international missionary organisation by utilising this machinery for party purpose, for the purpose of election. Sir, go to any district and you will find the signboard of the Red Cross is in the office of the Congress Committee. They are in the same building. When people come for relief they are asked to swear by the Congress. If they do not do it they do not get any relief. These persons are entrusted with this machinery and they are using it for giving relief not to the needy but to the greedy. Sir, I give an instance of the Hon'ble P. C. Sen. I believe he is the Chairman of the Managing Body of the Bengal branch of the Red Cross Society. In 1956 after the flood some Red Cross relief was sent to Berhampore. His protege, Secretary of the District Congress, who was facing election at that time, pleaded that unless this is diverted to his constituency he will get plucked. Sj. P. C. Sen is not here in this House now—let him contradict me—he in a written letter asked the District Magistrate to divert this consignment there. Is this missionary spirit of the Red Cross? This is nepotism of the worst type. I have known instances for which persons who are at the helm of affairs should be prosecuted. Who does not know that the Managing Body there is a close coterie of the Ministers and Ministerial underlings—the Chairman of the municipality and the Chairman of the District Board. Among the officials there are District Magistrates and Civil Surgeons or persons who are nominated by the Managing Body in Calcutta and the Managing Body in Calcutta is the Congress office of Chowringhee. Sir, how I wish that the Government of West Bengal refrained from making a prostituted use of this sacred organisation. Is it not far better that this organisation should be handed over to the Ramakrishna Mission? On these points, Sir, I lodge

a protest and I submit in this case that if this Bill is circulated for public opinion, I am sure, the whole of West Bengal which is smarting under a sense of grievance because of this unsacred use of this society will rise up against this Bill. In that spirit I oppose this Bill and I emphatically move that the Bill be circulated for eliciting public opinion.

Sj. Santosh Kumar Bhattacharyya: Sir, I beg to move that the Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1958, as passed by the Assembly be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1958.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, রেড ক্রস সোসাইটি একটা মহৎ প্রতিষ্ঠান। এর বিরাট ঐতিহ্য আছে। আর্ত, পীড়িতের সেবা করা, দুঃস্থকে সাহায্যদান করা এবং রোগশোকজর্জর মানুষের ত্রাণের জন্য এগিয়ে আসা এই প্রতিষ্ঠানের কাজ। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, এই সেবা প্রতিষ্ঠানকে একটা দলীয় স্বার্থে এবং একটা সংকীর্ণ স্বার্থকে পরিপোষণ করার জন্য বর্তমানে ব্যবহার করা হচ্ছে। এই রেড ক্রস সোসাইটির গঠনতন্ত্র বড়ই অদ্ভুত—১৩ জন সভ্যের মধ্যে ৭ জন মনোনীত করবেন রাজ্যসরকার, ৬ জন একজিকিউটিভ সভ্য এবং তাদের মধ্যে দুইজন বাদে সবাই সরকারী কর্মচারী। এই পশ্চিমবঙ্গ রেড ক্রস সোসাইটির সভাপতি হচ্ছেন আমাদের খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন। আমাদের মুর্শিদাবাদ জেলায় কাদের নিয়ে এই সোসাইটি গঠিত হয়েছে সে সম্বন্ধে কয়েকটা কথা বললেই আমার বক্তব্য পরিষ্কার হবে। সাত জন মনোনীত সভ্যের মধ্যে দেখতে পাচ্ছি যে, রেড ক্রস সোসাইটির সভাপতি এমন সাতজনকে মনোনীত করেছেন যাঁরা সেখানে কংগ্রেসী ব'লে পরিচিত। স্থানীয় জনসাধারণের মধ্যে যাঁরা নির্দলীয় লোক, এবং যাঁরা দলমত নির্বিশেষে প্রত্যেকের শ্রদ্ধাভাজন এবং যাঁদের নাকি সেবার ঐতিহ্য আছে সেইসব ব্যক্তিদের রেড ক্রস প্রতিষ্ঠান থেকে সরিয়ে দেওয়া হয়েছে। ইতিপূর্বে আমাদের মুর্শিদাবাদ জেলায় যিনি রেড ক্রস প্রতিষ্ঠানের জেলা সম্পাদক ছিলেন তিনি একজন লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক—তিনি রাজনীতি করেন না। কিন্তু তাঁকে সরিয়ে দেওয়া হ'ল। তাঁর জায়গায় এমন একজন কংগ্রেসীকে সম্পাদক করা হয়েছে যাঁর নাকি গাড়িবাড়ি আছে—শ্রীশশাঙ্ক চৌধুরী, তিনি জমিদার মানুষ। তিনি কোনদিন কোন সেবা প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন এমন খবর আমরা জানি না। তিনি জেলা কংগ্রেসের কর্তৃপক্ষের অনুগ্রহ লাভ ক'রে রাতারাতি সম্পাদক হলেন। আমার অনেক কিছুই বলার ছিল। যাই হোক, আজকে যেটা আইনের মর্যাদা লাভ করতে যাচ্ছে সেটা যাতে সুষ্ঠুভাবে হয় সেদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[6-45—6-55 p.m.]

যেকথা শশাঙ্কবাবু বলেছেন, আমি সেটাকে পরিষ্কার ক'রে বলি। মুর্শিদাবাদ জেলার কাঁদি মহকুমাতে মহকুমা কংগ্রেস এবং মহকুমা রেড ক্রস একই বিল্ডিংএ অবস্থিত, এবং রেড ক্রসের জিনিসপত্র মহকুমা কংগ্রেসের ঘরে থাকে। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চঃ মহকুমা কংগ্রেস ব'লে এখন কিছু নেই। দেয়ার ইজ নো সাব-ডিভিসনাল কংগ্রেস, এখন মণ্ডল কংগ্রেস হয়েছে।) কংগ্রেসের সাইনবোর্ড যেখানে আছে। কংগ্রেসের অফিস এবং রেড ক্রসের অফিস একই বাড়িতে আছে এবং রেড ক্রসের জিনিসপত্র অনেক সময় দেখা গিয়েছে কংগ্রেসের অফিসঘরে।

তৃতীয় হচ্ছে গুরুতর ঘটনা। যে ঘটনা ঘটে গিয়েছে বহরমপুর শহরেতে এবং যে ঘটনার কথা ইতিপূর্বে বিধান পরিষদে মাননীয় সদস্য শশাঙ্কবাবু বলেছেন এবং যেটা নিয়ে জেলা রেড ক্রসের যে সুনাম, সেই সুনামের উপর যে কলঙ্ককালিমা লিপ্ত হয়েছে, সেটা হচ্ছে, এই জেলা কংগ্রেসের পুরান কাপড়চোপড় পরিবর্তন ক'রে, সেইগুলি নিয়ে গিয়ে রেড ক্রস থেকে নূতন জামাকাপড় সেখানে নিয়ে আসা হয়েছে। এবং তার জন্য যে ষড়যন্ত্র করা হয়েছিল, সেই ষড়যন্ত্রতে সেখানকার রেড ক্রসের যিনি স্টোরকিপার, শ্রীশ্যামাপ্রসাদ গোস্বামী, তিনি রেড ক্রসের ঊর্ধ্বতন একজন কর্মকর্তার নির্দেশ অনুসারে কংগ্রেসের পুরান জামাকাপড় বদলে রেডক্রসের নূতন জামাকাপড় জেলা কংগ্রেসের অফিসঘরে রেখে এসেছিলেন। সেই শ্যামাপদবাবুকে ধরে একটা অদ্ভুত এনকোয়ারি হ'ল। যে এনকোয়ারির মধ্যদিয়ে তাকে প্রথমত সাসপেন্ড করা হ'ল।

তারপর যখন দেখা গেল যে, শ্যামাপদবাবু এই ব্যাপারটার সঙ্গে ঠিক প্রকৃত অপরাধী নন, তখন তাঁকে বহরমপুর থেকে বদলি ক'রে 'শাক দিয়ে মাছ ঢাকার মত', একটা চেষ্টা ক'রে তাঁকে আর একটা মহকুমাতে, তাঁর বাসস্থান থেকে বহুদূরে পাঠিয়ে দেওয়া হ'ল। এইরকমভাবেতে জিয়াগঞ্জে, মুর্শিদাবাদ জেলায় একটা ঘটনা ঘটেছিল। আপনারা যদি অনুসন্ধান করেন তা হ'লে জানতে পারবেন। আমি এই কথা একজন সাধারণ মানুষ হিসাবে চ্যালেঞ্জ ক'রে বলছি—সেখানে পাঁচ সিকা পয়সা আর কিছু সেলামী না দিলে রেড ক্রসের জিনিসপত্র সময়মত পাওয়া যায় না। দেবতাকে সন্তুষ্ট করার মত, রেড ক্রসের কর্মকর্তা, যাদের বিশেষ রাজনৈতিক দলের ছাপ আছে এবং যে ছাপ হচ্ছে এই সরকার কংগ্রেসীপক্ষের দলের ছাপ, তাঁদের সন্তুষ্টিবিধানের জন্য সেলামী পর্যন্ত দিতে হয়। এই রেড ক্রস সম্বন্ধে যেকথা শশাঙ্কবাবু বলেছেন তার ভূরি ভূরি উদাহরণ দেওয়া যেতে পারে। রেড ক্রসের কর্মকর্তা হয়ে যাঁরা আজকে জেলায় জেলায় ব'সে আছেন; যাঁরা বিশিষ্ট রাজনৈতিক দলের কর্মী ও স্থানীয় নেতা তাঁরা আজকে দলীয় স্বার্থে এই মহান ঐতিহ্যসম্পন্ন প্রতিষ্ঠানকে ব্যবহার করছেন, এটাই হচ্ছে সবচেয়ে লজ্জা এবং পরিতাপের বিষয়।

বাঁকুড়ায়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নিজের জেলায়, সেখানে ডাঃ অবনীমোহন ভট্টাচার্য, যিনি রেড ক্রসের সম্পাদক ছিলেন, আমি শুনেছি যে তিনি অত্যন্ত নিষ্ঠার সঙ্গে এই সেবা প্রতিষ্ঠানের কার্যাবলী তদারক করতেন।

Sj. Nirmal Chandra Bhattacharyya: On a point of order, Sir. The Hon'ble Minister in charge of the Bill ought to listen to the debate. It seems he is absolutely oblivious of what is happening in the House. Such a Minister ought to be ashamed of himself.

Sj. Santosh Kumar Bhattacharjee:

বাঁকুড়াতে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নিজের জেলাতে, যিনি রেড ক্রসের সম্পাদক ছিলেন, তাঁর সুনাম ছিল ব'লেই আমরা শুনেছি এবং খুব দক্ষতার সঙ্গে তিনি স্থানীয় যে সেবা প্রতিষ্ঠান তার ঐতিহ্যকে কার্যকরী করার চেষ্টা করেছিলেন। কিন্তু চক্রান্ত ক'রে তাঁকে সেখান থেকে সরাবার ব্যবস্থা করা হ'ল। এই তো হচ্ছে অবস্থা। অদ্ভুত ব্যাপার। আমার জেলাতে রেড ক্রসের জেলা কমিটির যে সাতজন মনোনীত সদস্য আছেন, তাঁদের মধ্যে একজন মহিলারও নাম আমি দেখতে পেলাম, তাঁর নাম হচ্ছে কনক মুখার্জি। আমার জেলাতে কোনদিন কোন লোক জানে না যে এই মহিলাটি কে? এই জেলাতে অনেক বিশিষ্টা মহিলা আছেন, যাঁরা পুরান সমাজসেবী এবং যাঁরা রেড ক্রসের ও বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠানের কার্যে শ্রদ্ধাভাজিকা। কিন্তু কে এই মহিলাটি, কনক মুখার্জি? শুনলাম তিনি নাকি জিয়াগঞ্জের একটা জায়গায় থাকেন এবং সেই জেলা থেকে মনোনীত হয়ে এসেছেন। তারপর অনুসন্ধান নিয়ে শুনতে পেলাম, আমি জানি না সেটা সত্য কিনা, এই কনক মুখার্জি হচ্ছেন একজন ভদ্রলোকের স্ত্রী, যে ভদ্রলোক নাকি পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের সভাপতি শ্রীঅতুল্য ঘোষ মহাশয়ের যেসমস্ত গাড়িটাড়ি আছে, সেই গাড়িটাড়িগুলি তদারক করেন। আমি জানি না এটা কতখানি ট্রু, কতখানি সত্য। কিন্তু যদি সত্য হয় কনক মুখার্জিকে আমরা আমাদের জেলায় কেউ চিনি না। মুর্শিদাবাদের, এখানে যদিও বিরোধী দলের তবুও শশাঙ্কাবাবু একজন প্রতিষ্ঠাসম্পন্ন এবং সম্মানীয় নেতা, মুর্শিদাবাদ জেলার, যদিও বিরোধী দলের, শ্রদ্ধেয় নগেনবাবু একজন বর্ষীয়ান নেতা আমি এটা জানি যে, তাঁরাও কেউ তাকে চেনেন না এবং আমার জেলার কোন ভদ্রলোক সে যে-কোন দলেরই হোক না কেন কেউ তাকে চেনে না। রাতারাতি কোথা থেকে কনক মুখার্জি মাননীয় প্রফুল্ল সেন মহাশয়ের নজরে পড়ে গেলেন, কোন রহস্যে, কি সূত্রে তিনি জেলা রেডক্রস সোসাইটির একেবারে জেলা কমিটির সভ্যা মনোনীত হলেন একথা ভেবে মুর্শিদাবাদ জেলার লোক আমরা হতবাক হয়ে গিয়েছি। আমি জানি না, কিন্তু আমার বিশ্বাস অন্যান্য জেলাতেও ঠিক একই রকম বোধ হয় ঘটনা ঘটছে, অন্যান্য জেলার বন্ধুরা হয়ত সে কথা বলতে পারবেন। কাজেই রেড ক্রসএর নাম নিয়ে আজকে এই যে একটা চরম অবমাননা চলছে এই অবমাননা থেকে একে উদ্ধার করা দরকার এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি, আমি জানি হয়ত আমার এই কথা অরণ্যে রোদনের সামিল হবে কেননা পাশবিক যে সংখ্যাগরিষ্ঠতা সেই সংখ্যাগরিষ্ঠতাই এখানে জয়ী হবে কিন্তু সেই সংখ্যাগরিষ্ঠতার জোরে আজকে তারা যদি এই ভারতীয় রেডক্রস

সোসাইটিকে এই রকম একটা অবস্থার মধ্যে ফেলে দিতে চান তা হ'লে তাদেরকে আমি ভেবে দেখবার জন্য শুধু এইটুকু অনুরোধ জানাব যে ভারতবর্ষের সুনাম, পশ্চিমবঙ্গের সুনাম এতে কি সমুজ্জ্বল হবে, না আমাদের যে দুর্নাম তা বেড়ে যাবে এবং কলঙ্ককালিমায় পশ্চিমবঙ্গের যে মহান ঐতিহ্য সেই ঐতিহ্য আরও বেশি কালিমালিপ্ত হবে? কাজেই এই যে রেড ক্রস এর ভিতরে যে দুর্নীতি সেই দুর্নীতি দূর করার জন্য যেটা সবচেয়ে প্রয়োজন সেটা হচ্ছে যে বিভিন্ন দলমতনির্বিশেষে সাধারণত যারা শ্রদ্ধাভাজন সমাজের যারা ব্যক্তি তাদেরকে এই রেড ক্রসএর ভিতরে নিয়ে আসা দরকার। অদ্ভুত ব্যাপার ঘটে গেল যখন আমাদের এই জেলাতে রেড ক্রসএর মনোনয়ন দেওয়া হ'ল। প্রথমে শ্যামাপদ রায় ব'লে একজন জেলার বিশিষ্ট ব্যক্তি, তিনি উকিল, ব্যবহারজীবী, তাঁকে প্রথমে মনোনয়ন দেওয়া হ'ল রেড ক্রস কমিটির পক্ষ থেকে তারপর তিনি মনোনীত হয়ে গেলেন। তারপর রাতারাতি কয়েকদিন পরে জেলার আমাদের ভাগ্যবিধাতা শ্রীযুক্ত দুর্গাপদ সিংহ মহাশয়, তিনি অতুল্যবাবুর দক্ষিণ হস্ত, মুর্শিদাবাদ জেলায় তিনি এবং তাঁর পক্ষ থেকে হয়ত তদ্বির-তদারক হ'ল, কেননা শ্যামাপদ রায় মহাশয় তিনি একটু স্পষ্টবক্তা লোক, একটু ভালমন্দ কথা ব'লে-ট'লে ফেলেন, কাজেই তাঁকে সারানোর ব্যবস্থা হ'ল। মনোনয়ন করার পরে শ্যামাপদ রায়কে আবার সরিয়ে দিয়ে সেখানে ঐ শশাঙ্ক চৌধুরী, যিনি জমিদার লোক, যাঁর কোনদিন কোন সেবা নেই, ঐতিহ্য নেই, রাজনীতি নেই, কিছু নেই, তাঁকে এনে বসানো হ'ল এবং যেহেতু তিনি সেই দুর্গাপদ সিংহের অত্যন্ত বশংবদ ব্যক্তি, তাঁকে সেখানে এনে বসানো হ'ল। কাজেই এই কথাগুলি যে আমি বলছি এটা অত্যন্ত গুরুতর বিষয় যে, রেড ক্রসএর নাম নিয়ে যে অপব্যবহার এবং এর ঐতিহ্যকে যেরকম ধুলায় কলঙ্ক কালিমায় মসীলিপ্ত ক'রে রেড ক্রসএর নামকে.....

Mr. Chairman: You come to your amendment.

Sj. Santosh Kumar Bhattacharjee: These are the things that are happening in West Bengal and in connection with the Bill I am absolutely in point. These are quite in order.

Sj. Sasanka Sekhar Sanyal: Government have said how the money will be spent and we are discussing the Government's previous conduct and in that spirit we are taking the present amendment.

Mr. Chairman: That is perfectly all right. What I want to bring before the House is that there is a good deal of repetition.

Sj. Sasanka Sekhar Sanyal: Sometimes if we say one point once we do not know whether it is going home. Therefore we are repeating.

Sj. Santosh Kumar Bhattacharyya:

কাজেই এই হচ্ছে অবস্থা। এই অবস্থায় মাননীয় মন্ত্রিমহাশয়কে এবং সরকারপক্ষের যাঁরা বন্ধুরা আছেন তাঁদের আমি দৃষ্টি করজোড়ে আকর্ষণ করছি যে, আপনারা আর যাই করুন, সমস্ত বিলকে আপনারা নিজেদের ভোটের জোরে পাশ করান, সবকিছু করুন, কিন্তু দয়া ক'রে রেড ক্রসটাকে আর এখানে টেনে আনবেন না। তা হ'লে তার সঙ্গে শুধু রেড ক্রস নাববে না, শুধু কংগ্রেসদল নাবাবে না, শুধু পশ্চিমবঙ্গের মন্ত্রিমণ্ডলীর মুখে এই কলঙ্ককালিমা পড়বে না, সেটা সমস্ত পশ্চিম বাংলার মুখে, সমস্ত পশ্চিম বাংলার জাতির ঐতিহ্যের মুখে আজকে আপনারা যে ব্যবস্থা করছেন, যেভাবে রেড ক্রসকে অপব্যবহার করছেন, সেই কার্য থেকে দয়া ক'রে ক্ষান্ত হন এইটাই হচ্ছে আমার সনির্বন্ধ অনুরোধ।

দ্বিতীয় কথা যেটা, সে সম্বন্ধে কিছু বলা আমি প্রয়োজন মনে করি। সেটা হচ্ছে এই যে পাকিস্তানের যে প্রাপ্য অর্থ সে বিষয়ে নিজের পক্ষ থেকে ব্যক্তিগত মত কিছু বলবার প্রয়োজন অনুভব করছি। আমি পাকিস্তান সরকার এবং পাকিস্তানের জনসাধারণের মধ্যে পার্থক্য অনুভব করি। পাকিস্তানের সরকার এবং পাকিস্তানের জনসাধারণ এক নয়। কাজেই আমি মনে করি পাকিস্তানের প্রাপ্য অর্থ পাকিস্তানকে ফেরত দেওয়া উচিত। কেননা এটা যদি ফেরত না দেওয়া হয়, পাকিস্তানের যে সরকার তারা যে পথে চলেছে, আজকে এখানে রাজনৈতিক

বক্তৃতা দিয়ে তার সমালোচনা করা প্রয়োজন মনে করি না—সেটা সকলেই অনুভব করছেন। পাকিস্তানের জনসাধারণ এবং ভারতীয় জনসাধারণের মধ্যে যে সম্প্রীতি ও সৌহার্দ্য আছে তাতে পাকিস্তান সরকারের আচরণ যাই হোক না কেন—দুই দেশের জনসাধারণের মধ্যে যে সম্পর্ক তা অক্ষুণ্ণ রাখতে চাই এবং রাখা উচিতও। কাজেই সভাপতি মহাশয়, পাকিস্তানের প্রাপ্য অর্থ যদি পাকিস্তানকে ফেরত না দেওয়া হয় তা হ'লে পাকিস্তান সরকার আবার পাকিস্তানের জনসাধারণকে এবং ভারতীয় জনসাধারণের এবং ভারত-সরকারের বিরুদ্ধে সাম্প্রদায়িক অভিযান চালাবার সুযোগ পাবে। কাজেই ব্যক্তিগত একথা বলবার প্রয়োজন মনে করি যে, পাকিস্তানের অর্থ পাকিস্তানকে ফেরত দেওয়া উচিত। কাজেই সভাপতি মহাশয় আমার প্রথম বক্তব্য ভারতীয় রেড ক্রসের ভিতর যে দুর্নীতি সেই দুর্নীতির হাত থেকে তাকে মুক্ত করুন এবং দলীয় স্বার্থে এটাকে ব্যবহার না ক'রে মানবকল্যাণের বৃহত্তর স্বার্থে এই সমিতিকে দলমত-নির্বিশেষে প্রতিটি শ্রদ্ধাভাজন ও সেবামূলক কর্মীকে নিয়ে রেড ক্রস পুনর্গঠন করুন—একথা ব'লেই আমার বক্তব্য শেষ করছি।

[6-55—7-5 p.m.]

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, let us adjourn for today. There are other speakers who want to speak on this motion.

Mr. Chairman: Let the consideration motion be finished.

Sj. Sasanka Sekhar Sanyal: There are many important things to be mentioned in the consideration motion. So is it fair to inflict a speech on the tired House?

Sj. Satish Chandra Pakrashi:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটির বাংলা শাখাকে এই সেবামূলক প্রতিষ্ঠানকে দলীয় স্বার্থের হাত থেকে রক্ষা করার কোন ব্যবস্থা নাই ব'লে আমি আবার এই বিলকে সার্কুলেশনএ দেবার প্রস্তাবকে সমর্থন করি। এ সম্বন্ধে আমার যা বক্তব্য তা পূর্ববর্তী যাঁরা বলেছেন, তাঁরা প্রকাশ করেছেন। তা হ'লেও আবার আমি দু'-একটি পয়েন্ট বলি। এই যে বাংলার রেড ক্রস সোসাইটি তার চেয়ারম্যান প্রফুল্লচন্দ্র সেন মহাশয় সাত বৎসর যাবত আছেন। হাওড়া জেলায় কালোবরণ ঘোষ, চন্দননগরে প্রভাতচন্দ্র পালিত, হুগলি জেলায় ব্যোমকেশ মজুমদার জেলা রেড ক্রসএর চেয়ারম্যান—এভাবে দেখলে পরে—মুর্শিদাবাদের কথাও আপনারা শুনলেন—দেখবেন প্রতি জেলায় প্রতি মফঃস্বলের সর্বত্র এই সেবামূলক প্রতিষ্ঠানকে কংগ্রেসের কুক্ষিগত ক'রে রাখা হয়েছে এবং সেবাকার্যের ভিতর দিয়ে যেসমস্ত সুযোগসুবিধা আছে দুগ্ধবিতরণ ইত্যাদি হাতে রেখে জনসাধারণের উপর প্রভাববিস্তার করার চেষ্টা করছে। অথচ এই বিলের মধ্যে তার প্রতিকারের কোন ব্যবস্থা নাই। আমি একটা সেবামূলক প্রতিষ্ঠানের কথা জানি ওয়েস্ট বেঙ্গল পিপলস্ রিলিফ কমিটি, যারা সাধারণের কার্যে ব্রতী আছে এবং জনসাধারণের সেবার জন্য আপ্রাণ চেষ্টা করছে তারা দুগ্ধ বিতরণের জন্য আবেদন ক'রে দরখাস্ত করে ইউনিসেফএর কাছে এবং তারা ২৫টি কেন্দ্র খুলে তার নামধামও দিয়ে দেয়। ওয়েস্ট বেঙ্গল পিপলস রিলিফ কমিটি সেন্টার সেখানে আছে কিনা এবং সেখানে কি কাজ হয় না হয় পরিদর্শন করবার জন্য এবং ইউনাইটেড ন্যাশনস এমার্জেন্সি ফান্ড থেকে সেখানে কিছু দেওয়া সঙ্গত হবে কিনা—সেইসব দেখার জন্য ডেপুটি ডিরেক্টর সেখানে যান। এবং ইন্সপেক্ট ক'রে তাঁর ধারণা হয় যে সত্য সত্যই সেখানকার সব দুর্গত লোকদের সাহায্যের জন্য যে সেন্টার খোলা হয়েছে সেখানে উপযুক্ত পরিমাণে দুধ পাওয়া উচিত। এবং সেই মর্মে ডেপুটি ডিরেক্টর বেঙ্গল রেড ক্রস সোসাইটিকে চিঠি লেখেন। তারপর চেয়ারম্যান শ্রীপ্রফুল্ল সেন মহাশয়ের কাছ থেকে ডেপুটি ডিরেক্টরের রেকমেন্ডেশন থাকা সত্ত্বেও চিঠি গিয়েছে—আমরা দিতে পারব না। ওয়েস্ট বেঙ্গল পিপলস রিলিফ কমিটি বামপন্থীদের দ্বারা চালিত ব'লে তাঁরা সন্দেহ করেন, সেইজন্যই দিচ্ছেন না! শশাঙ্কবাবু যে বলেছেন নিডিদের জন্য এটা নয়, গ্রিডিদের জন্য—এ মন্তব্য ঠিক কিনা চেয়ারম্যান মহাশয়, আপনি বিবেচনা ক'রে দেখুন। এমন কতকগুলি লোকের হাতে এর কর্তৃত্ব দেওয়া হয়েছে যাঁরা নাকি সোসাইটিতে স্বেচ্ছাচার চালিয়ে যাচ্ছেন

—কিন্তু তার কোন প্রতিকারের ব্যবস্থা এই বিলের মধ্যে নাই। সুতরাং এই যে বিল আজ এখানে উপস্থিত করা হয়েছে এই বিল সম্বন্ধে জনমত কি, এটার পরিচালনা সম্বন্ধে জনসাধারণ কি মনে করে, এর মধ্যে যে ব্যবস্থা রয়েছে দুর্গত লোককে সাহায্য করার ব্যাপারে সেটা ঠিক ব্যবস্থা কিনা সেই বিষয়ের সুযোগ দেবার জন্য এটা সার্কুলেশনে দেবার প্রস্তাব করছি।

Mr. Chairman: Sj. Janaki Ballabha Bhattacharyya may kindly speak.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, do you propose to continue still more? Then let us finish the whole of the programme till midnight.

Mr. Chairman: That would be causing a certain amount of hardship on both sides. Within ten or twelve minutes we shall finish. Mr. Bhattacharya, how long will you take?

Sj. Janaki Ballabha Bhattacharyya: I will take some time, and I can tell you that I shall finish as early as possible.

অধ্যক্ষ মহাশয়, আমি যতক্ষণ বলব নূতন কথাই বলব পুরানো কথা কিছু বলব না। ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটির বেঙ্গল ব্রাঞ্চ ব'লে যে বলা হয়েছে আসলে বেঙ্গল ব্রাঞ্চ ব'লে কোন ব্রাঞ্চ নেই। বেঙ্গল বলতে গেলে ওয়েস্ট বেঙ্গল এবং পাকিস্তান বলতে হয়। সুতরাং টাইটেলটা ভুল হয়েছে। সেইজন্য আমি বলছি—এই বিল সার্কুলেট করা হোক পাবলিক ওপিনিয়নের জন্য। তারপরে আমার বক্তব্য হ'ল—ল্যান্ডের দিক দিয়ে কিছু দেয় নি পাকিস্তান। পয়সার দিক দিয়েও এক পয়সাও দেয় নি তারা, তা হ'লে আপনারা হিসেব করবেন কোন্ বেসিসে? টাকাটা যে দেওয়া হবে—সে কোন্ বেসিসে দেবেন? তার বেসিস কি হবে? যারা কন্ট্রিবিউশন করে তাদের জন্য কোন ফ্যাক্টস এবং ফিগার নেই যে এই টাকা সাবসক্রিপসন থেকে পাওয়া যায়—যশোরের কাছ থেকে, ঢাকার কাছ থেকে। বা এই ল্যান্ড ঢাকা কন্ট্রিবিউট করেছে, যশোর কন্ট্রিবিউট করেছে। কি তারা করেছে—কিছুই বুঝলাম না।

তারপরে দেখুন, আমাদের মন্ত্রিমহাশয়ের কাছ থেকে এ বিষয়ে কোন আলোক পেলাম না। স্টেট তো ইন্ডিয়ার মধ্যে অনেক আছে, প্রদেশ অনেক আছে, কিন্তু অন্য প্রদেশের কথা ছেড়ে দিচ্ছি, এ বিষয়ে পাঞ্জাব কি করেছে তার নজির আমরা জানতে চাই, কত টাকা পাঞ্জাব দিয়েছে? শুধু ওয়েস্ট বেঙ্গলের বেলায় সেন্টার থেকে আদেশ দিলেন—পাঞ্জাবের বেলায় কি হয়েছে? তারপর দেখুন দেশবিভাগের ফলে আসামের খানিকটা অংশ পাকিস্তানে চ'লে গিয়েছে পাকিস্তান সে অংশের ক্ষতিপূরণ বাবত আমাদের কিছু দিয়েছে কিনা? তারপরে ত্রিপুরা আমাদের থেকে বেরিয়ে গিয়েছে, এরপরে আবার বলবেন—ত্রিপুরাকে টাকা দিতে হবে! এইভাবে যদি দিতে হয় তা হ'লে সে দেওয়ার ব্যাপারটাকে ভাল ক'রে না বুঝে সে সম্বন্ধে কিছু বলা চলে না।

[7-5—7-15 p.m.]

আর একটা জিনিস দেখতে হবে, রেড ক্রস কিসের জন্য কাজ ক'রে যায়? কাজ ক'রে যায় সাধারণ লোকের দুর্গতি মোচনের জন্য—ওয়েস্ট বেঙ্গলে সাধারণ লোকের দুর্গতির কথা মেনলি যে বলা হয়েছে এ অসত্য কথা। ওয়ার টাইমে যারা উন্ডেড হয় সেই উন্ডেড হবার পরে তাদের চিকিৎসাপত্র, সেবাশুশ্রূষা প্রভৃতি করা হয়, কিন্তু ওয়ার শেষ হয়ে যাবার পরে কি করা হয়, দেখুন, এই বিলের অ্যামেন্ডমেন্টে সে সম্বন্ধে কিছু নাই। কনস্টিটিউশন অব দি অ্যাক্টএ আছে যেসব প্রভিশন যে জায়গাটা মোটেই টাচ করা হ'ল না! এখানে আমি আপনাদের কাছে একটা ঘটনার বিবৃতি দিচ্ছি। হুগলি জেলায় ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটির ডিস্ট্রিক্ট ব্রাঞ্চ আছে। সেখানে একটা মেটারনিটি রান করা হচ্ছে। সেখানে নিবেদিতা মল্লিক ব'লে একটি লেডি ডাক্তার ছিলেন। কোনও কিছু নেই

at the instance of some important persons

হঠাৎ তাঁকে একদিন বলা হ'ল, তুমি রেজিগনেশন সাবমিট কর, তাঁকে মাত্র ৫ মিনিট সময়

দেওয়া হল। কেন রেজিগনেশন দিতে হবে তার কোন কৈফিয়ত দেওয়া হ'ল না, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেখানে উপস্থিত ছিলেন, সেখানকার কমিটিকে কোন খবর দেওয়া হয় নাই এবং সেখানকার মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান যিনি সেই রেড ক্রস সোসাইটির মেম্বার তাঁকে কোন খবর দেওয়া হয় নাই—তাঁকে নোটিস পর্যন্ত দেওয়া হয় নাই—এইরকমভাবে সেই লেডি ডাক্তারটিকে সরানো হ'ল। তারপর আর দু' বৎসর ধ'রে চলছে, সেখানে পার্টটাইম একটি লেডি ডাক্তার দিয়ে সেখানকার কাজ চালান হচ্ছে, হোলটাইম লেডি ডাক্তার আর সেখানে এখন নেই, এইভাবে চলছে সেখানকার কাজ!

মেদিনীপুরের ডিস্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যানের সঙ্গে সেদিন দেখা হ'ল। তাঁকে জিজ্ঞাসা করলাম—আপনাদের ওখানকার রেড ক্রসের মেটারনিটি কেমন চলছে? তিনি বললেন—আমরা গরিবদের রেকমেন্ড ক'রে পাঠাই, তারা চার্জ করছে—প্রত্যেক কেসে ২৫ টাকা ক'রে চার্জ ক'রে থাকে, এক ফার্দিংও কম নয়। রেড ক্রস কারও রেকমেন্ডেশন শোনে না। কাজেই এটা কি একটা ব্যবসা-প্রতিষ্ঠান হয়েছে সেবার নামে? এইভাবে সমস্ত জায়গায় কাজ চলছে। সেখানে কংগ্রেস নয়, কিছু নয়, একটা ক্লোজ কোটারী রুল চলছে। কংগ্রেসেরও যদি সেখানে একটা ইলেকশন হ'ত তা হ'লেও বুঝতাম কাজ হচ্ছে।

Backed by nominated members.

সেখানে কাজ চলছে। লাইফ মেম্বার যাঁরা বাৎসরিক চাঁদা দেন, তাঁদের কোন ভয়েস সেখানে নেই। এইরকমভাবে যে রেড ক্রস চলছে তার সম্বন্ধে বিল এনে লাভ কি? আসল যেটা নীতি সেটা সংশোধন ক'রে নিয়ে আসুন—আমরা পাশ করব। কিন্তু এই বিলটা আমরা প্রত্যাখ্যান করছি। আমি বলছি এ সম্বন্ধে জনসাধারণের মত নেওয়া হোক এবং সেই উদ্দেশ্যে এটা সার্কুলেশনে দেওয়া হোক।

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, it has become almost a habit with the Government of West Bengal to bring in amendments in a piecemeal fashion. Indian Red Cross Act of 1920 needs thorough amendment, or I would go a little further and say that it ought to be substituted by a comprehensive and democratic Bill. That has not been done. Only certain sections are sought to be amended and amongst them section 3 figures here, I notice. Sir, it has been argued that the Red Cross has become a sort of instrument in the hands of the party in power in the State. This point has been clearly explained by my friends Shri Sanyal, Shri Bhattacharyya and Dr. Bhattacharya. I will not dilate on that. I will relate two actual experiences of mine. A friend of mine happens to be a brother-in-law of a person who in his turn is a friend of a very influential official of the Red Cross in West Bengal. I will not name him. I have seen quite a big drum of powder milk in his place. I asked him—he is a truthful man—"where did you get it?" He said "This is from the Red Cross". He was merrily making tea out of that powder milk—and a drumful of it. In the second place, I have myself seen that sizable quantities of powder milk donated by America or by the International Red Cross find their way into open market, sometimes it is sold in the black market also because milk in West Bengal is not plentiful.

Sir, there are many other experiences which I could relate but you have given me only two minutes and by way of grace, half a minute. Mr. Sanyal has tried to put the party opposite to shame but it is no use trying to put them to shame because they are morally dead.

The Hon'ble Dr. Anath Bandhu Roy: Sir, I have carefully followed all the motions which have been brought and also the arguments which have been put forward. At the beginning it strikes me that a lawyer like

Sj. Sanyal, with all my respect for him, did not follow the whole purport of the Bill, and this is a simple question of giving Pakistan Red Cross Society its due in respect of the fund which was collected by Pakistan Red Cross Society and also the expenses incurred by the Indian Red Cross Society which it had to spend out of it and also the headquarters' Grant from 15th August, 1947, to the 31st December, 1947, which amounted to about Rs. 6,033, and Rs. 42,000 which the Red Cross Society, Bengal Branch, collected from Dacca and Jessore. Now, the West Bengal Branch of the Red Cross Society has been formed but it is still regulated by the same rules which were existing, and after Independence it was necessary just to divide the funds and also the allied funds which have been clearly mentioned in the Objects and Reasons of the Bill.

Now, Sir, some questions have been raised as to what happened to East Punjab and West Punjab—East Punjab (India) and West Punjab (Pakistan). Just at the time of partition this was fully considered and the representatives of the Indian Red Cross Society and the Pakistan Red Cross Society met at a conference held in the year 1948 under the auspices of the Government of India and arrived at a mutual agreement as to the partition of the assets. This partitioning was on the basis of population and actual collections which were made by the Red Cross Society. So it was a simple thing when the 1920 Act was changed by the Indian Red Cross Society. The whole thing was framed by the Indian Red Cross Society and it is necessary that the West Bengal Red Cross Society should also change that Act and so this Bill has been brought forward in this House.

[7-15—7-19 p.m.]

The whole matter has been discussed threadbare. I have seen and, Sir, you have also seen how the Opposition have been hopelessly divided in coming to the conclusion (Sj. SASANKA SEKHAR SANYAL: That is your conclusion.) Sir, every right-thinking person would agree that this is Pakistan's due share and as such it should be paid to them. There is no point in refusing the money. An agreement has been reached under the auspices of the Government of India. The Government of India has advised us that the Act should be changed and Pakistan's share must be paid. (Sj. SASANKA SEKHAR SANYAL: Why then legislation is needed?) Because if we do not change the Act of 1920 which is still regulating the society, we cannot pay. That is why it is necessary. Sir, no useful purpose would be served by delaying the Bill by sending it for circulation. I hope the members of the Upper House would accept the Bill.

The motion of Sj. Sasanka Sekhar Sanyal that the Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1958, as passed by the Assembly be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1959, was then put and lost.

Mr. Chairman: The mother motions fall through.

The motion of the Hon'ble Dr. Anath Bandhu Roy that the Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1958, as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to.

Mr. Chairman: Before I adjourn the House may I mention that there will be no questions tomorrow. The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The Council was accordingly adjourned at 7-19 p.m. till 3 p.m. on Wednesday, the 7th August, 1958, at the Legislative Building, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra.
Banerjee, Sj. Sachindra Nath.
Banerjee, Sj. Tara Sankar.
Bhuwalka, Sj. Ram Kumar.
Choudhury, Sj. Birendra Nath.
Ghosh, Sj. Asutosh.
Halder, Sj. Gopal Chandra.
Hazra, Sj. Gajendra.
Maliah, Sj. Pashupati Nath.
Mohammad Jan, Janab Shaikh.
Musharuff Hossain, Janab.
Nausher Ali, Janab Syed.
Prodhan, Sj. Lakshman.
Roy, Sj. Surendra Kumar.
Sanyal, Dr. Charu Chandra.
Saraogi, Sj. Pannalal.
Sarkar, Sj. Pranabeswar.
Sen, Sj. Jimut Bahan.

COUNCIL DEBATES

Thursday, the 7th August, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 7th August, 1958, at 3 p.m. being the Eighteenth day of the Fifteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[3—3-10 p.m.]

Sj. Sasanka Sekhar Sanyal: Will there be no questions today?

Mr. Chairman: There will be no questions today.

Sj. Santosh Kumar Bhattacharryya will begin the debate.

Non-receipt of salary by Primary School Teachers

Sj. Santosh Kumar Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার ও পরিষদের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যুগান্তর পত্রিকায় অত্যন্ত গুরুত্ব সহকারে প্রকাশিত হয়েছে একটি সংবাদ—সেই সংবাদটি হচ্ছে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় সরকার প্রবর্তিত প্রাথমিক বিদ্যালয়ের উদ্বাস্তু শিক্ষকগণ বহু আবেদন-নিবেদন সত্ত্বেও এখনও পর্যন্ত জুন মাসের বেতন পান নি। সংবাদটির শিরোনামায় রয়েছে—শিক্ষক আজকে ভিক্ষাজীবী। সেই সংবাদে আরও বলা হয়েছে যে, এই উদ্বাস্তু প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন জেলা সংস্থা সরকারের নির্মম ও হৃদয়হীন আচরণের প্রতিবাদে ইতিমধ্যেই প্রস্তাব গ্রহণ করেছে।

The Hon'ble Kali Pada Mookherjee: He is making a statement. He cannot do that.

Sj. Santosh Kumar Bhattacharyya: I am only speaking what has been published in today's paper. This is a very important affair.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, Mr. Bhattacharyya has been stating certain facts. You have permitted him to do so, and I believe he is perfectly right in doing that.

The Hon'ble Kali Pada Mookherjee: These are not facts.

Sj. Santosh Kumar Bhattacharyya:

২৪-পরগনা জেলার উদ্বাস্তু প্রাথমিক শিক্ষক সমিতি ইতিমধ্যে প্রস্তাব গ্রহণ করে চরমপত্র দিয়েছে—

this is a very deplorable state of affairs.

শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি তাঁর কাছ থেকে এই বিষয়ে উত্তর চাচ্ছি। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির পক্ষ থেকে বহুবার এই ব্যাপারে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তিনি যখন এখানে উপস্থিত তাঁকে অন্ততঃ বলতে বলুন।

Dr. Monindra Mohan Chakrabarty:

স্যার, ব্যাপারটা অত্যন্ত গুরুতর ও জরুরী—

the Education Minister is present. We can request him for clarification.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Will the Education Minister give us a reply whether he is aware of the situation since he is present here?

Mr. Chairman: You have brought the matter before the House. He has heard it and he will take note of it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, the Education Minister should give us a reply.

Mr. Chairman: If he does not choose to reply, what can I do?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, without any notice I cannot say anything.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, will the Education Minister kindly give us a reply? Is he aware of the situation? Since he is present here we want to hear him.

Mr. Chairman: If he does not give a reply I cannot compel him.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Without any notice I cannot say anything.

Dr. Monindra Mohan Chakrabarty:

স্যার, আরেকটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি—হাওড়া হোম্‌স-এর শিক্ষার্থী ও অন্যান্য লোকের মধ্যে সংঘর্ষ হয়েছে—আমি জিজ্ঞাসা করতে চাই সংশ্লিষ্ট পুলিস মন্ত্রীমহাশয় এ সম্বন্ধে আমাদের কোন সংবাদ দিতে পারেন কিনা।

The Hon'ble Kali Pada Mookherjee:

আমি কিছু জানি না, অনুসন্ধান করে দেখব।

Quota of West Bengal in the Composition of the Indian Army

Sir, I have no desire to repeat the matter that has already been referred to by the distinguished speakers on this side of the House but I would seek to draw your attention to certain important aspects of primary education to which perhaps reference has not been made. Sir, primary education has been rendered free in Berhampore, Bolepore and Darjeeling, and also in one ward, so far as I know,—I speak subject to correction—in Calcutta, but the assistance that has ben given by the Government to these Municipalities for the purpose of promoting primary education is very meagre indeed. The Hon'ble Minister takes shelter behind the argument that primary education in urban areas is the charge of the Municipalities and we have no responsibility in the matter and what we help them is by way of grace. Sir, that is an attitude which is quite inconsistent with Article 45 of the Constitution which lays down that it is the function of the State to secure free and compulsory education between the ages of six and fourteen– for all children. Sir, that Article of the Constitution has not been acted up to. That is my complaint. Under the Constitution it is the moral obligation of the Government to help the Municipalities in the matter and the Government has not been able to discharge their moral duties to those Municipalities which are struggling against heavy odds in order to provide free education to children in their localities. Sir, I will give just one instance. The Calcutta Municipality is receiving, so far as I remember the figure, from the Government, about Rs. 5,000, and that was the assistance that was being given to them many years ago. Now Calcutta has been spending nearly Rs. 30 lakhs, but correspondingly the grant of the Government has not increased. In Howrah many years ago the total Government grant used to be Rs. 12,000. It is Rs. 12,000 even now, but the Municipality has increased its expenditure in respect of primary education from Rs. 12,000 to Rs. 2½ lakhs, if I am not wrong. My friend Sj. Rabindralal Sinha will correct me. (Sj. RABINDRALAL SINHA: It will be two lakhs). So, the point that I am trying to emphasise is that the Education Minister is not doing justice to primary education. Sir, ten years have elapsed, we have not yet been able to make primary education free, far from being able to make it compulsory. Sir, that will stand to the discredit of the Education Ministers of West Bengal. After independence when Rai Harendra Nath Chaudhuri came to office we thought that he would be able to bring about a change but it is to be regretted that he has not yet been able to do so; perhaps on account of the obstruction that is put in his way by the Secretariat he is not in a position to assert himself. We are hoping that in the near future he will be able to do so. We are used to think of Rai Harendra Nath Chaudhury as the great Education Minister who played his part in the past, who was responsible for the Secondary Education Act and who was regarded really as a specialist in education. Where is his speciality in the field? Where is his love for education in West Bengal?

I hope, Sir, that he will take courage in both hands and fight down the obstructions that are put in his way. I have no doubt the members of the Council, of the Lower House also, will extend to him all support.

With these words, Sir, I commend my motion that stands in my name for the acceptance of the House.

[6-10—6-20 p.m.]

Sj. Naren Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1958.

আমার পূর্ববর্তী বক্তা ১৯৩০ সালের বিলের মৌলিক দোষত্রুটি সম্বন্ধে এবং প্রাথমিক শিক্ষা সম্বন্ধে বিশেষ আলোচনা করেছেন ব'লে আমি আর তার পুনরাবৃত্তি করব না। আমি শুধু দু'টি বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। এটা খুব পরিতাপের বিষয় যে আমাদের দেশের প্রাথমিক শিক্ষা এখনও সেই ১৯৩০ সালের আইনের দ্বারাই নিয়ন্ত্রিত হচ্ছে। আমাদের দেশের স্বাধীনতার যিনি স্রষ্টা তাঁর কাছ থেকে একটা নূতন শিক্ষার ধারা আমরা পেয়েছিলাম, তা হচ্ছে বেসিক এডুকেশন। এই বেসিক এডুকেশনএর উপর মহাত্মা গান্ধী বা বিহারের গভর্নর ডাঃ জাকীর হোসেন—তখন তিনি জমায়েৎ হোসেনের প্রিন্সিপাল ছিলেন —ইত্যাদি সবাই একটা অনুন্নত দেশকে গঠন করবার জন্য এই বেসিক এডুকেশনএর কথাই বলেছিলেন। ব্রিটিশএর রাজত্বকালে কোন কোন অঞ্চলে—আমার যতদূর মনে আছে তাতে ১৯৩৭ সালে শ্রীরাজাগোপালাচারী এই বুনিয়াদী শিক্ষার প্রচলন করতে চেষ্টা করেছিলেন। মহাত্মা গান্ধীর কার্যক্রমের মধ্যে বুনিয়াদী শিক্ষার একটা উচ্চস্থান ছিল। কিন্তু আজ দেশ স্বাধীন হবার পরে, কংগ্রেসএর হাতে ক্ষমতা আসার পরে তাঁরা সেইসমস্ত কথা একেবারে ভুলে গিয়েছেন এবং তাঁরা আজ খরচের প্রশ্ন তুলছেন। অর্থাৎ তাঁরা বলছেন যে বুনিয়াদী শিক্ষা অত্যন্ত এক্সপেনসিভ। কিন্তু ভারতবর্ষের এই নূতন যুগে এই শিক্ষার ভূমিকা অত্যন্ত প্রয়োজনীয়। সেজন্য এদিকে যদি আমরা লক্ষ্য না করি তা হ'লে ভবিষ্যৎ বংশধরদের অবস্থার উন্নতি হবে না। শিক্ষামন্ত্রী মহাশয় একদিন বলেছিলেন যে ছাত্ররা সব গোলমাল করছে, কিন্তু আমি বিনয়ের সংগে বলছি যে, তিনি যদি বেসিক এডুকেশনএর উপর জোর দিতেন তা হ'লে ছাত্ররা যেমন শিক্ষা পেত তেমনি তারা দায়িত্বশীল সিটিজেন হ'ত। কিন্তু এতবড় একটা শিক্ষা-ব্যবস্থা থেকে আমাদের কংগ্রেসী মন্ত্রীরা ধীরে ধীরে দূরে স'রে চ'লে যাচ্ছেন।

এর পরে আমার দ্বিতীয় বিষয় হচ্ছে উদ্বাস্তু প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে। উদ্বাস্তু প্রাথমিক বিদ্যালয় কিছুটা শহরাঞ্চলে আছে, কিছুটা গ্রামাঞ্চলে আছে। এগুলির অবস্থা অত্যন্ত খারাপ। কারা যে এদের মনিব সেটা ভাল ক'রে বোঝা যায় না। আমি একটা অঞ্চলে থাকি ক্যালকাটা কর্পোরেশনএর ভেতর—টালিগঞ্জে। টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি আগে আলাদা ছিল, এখন কোলকাতা কর্পোরেশনএর সংগে যুক্ত হয়েছে। এই টালিগঞ্জ মিউনিসিপ্যালিটির ভেতর প্রায় চল্লিশটা উদ্বাস্তু প্রাথমিক বিদ্যালয় আছে এবং তার পাশে কোলকাতা কর্পোরেবশনএর বিদ্যালয়ও চলছে। কোলকাতা কর্পোবেশনএর যাঁরা শিক্ষক তাঁরা অনেক বেশি বেতন পাচ্ছেন, কিন্তু উদ্বাস্তু বিদ্যালয়ের যাঁরা শিক্ষক তাঁরা সাড়ে বাষট্টি টাকা বা ঐ ধরনের বেতন পাচ্ছেন। আমি এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি এখন কোলকাতা কর্পোরেশনএর ভেতর, কিন্তু এখানে কনফ্লিক্ট অব জুরিসডিকশন রয়েছে। এখানে প্রাইমারি স্কুলের শিক্ষকরা, এই যে গ্রামীণ বিদ্যালয়ের শিক্ষকদের সুযোগসুবিধা বা অ্যালাউয়েন্সএর যে প্রশ্ন উঠেছে, আমি জানি না, তাঁরা সেগুলি পাবেন কিনা; কিন্তু যদি না পান এবং কোলকাতা কর্পোরেশনএর যেসমস্ত সুযোগসুবিধাগুলি রয়েছে সেগুলি তাঁরা যদি না পান তবে তাঁরা কোন্ জায়গায় এসে দাঁড়াবেন সেটা যদি মন্ত্রিমহাশয় একটু বলেন তা হ'লে আমরা সুখী হব। প্রসংগত একটা কথা আমি বলতে চাচ্ছি। আমি এখানে একটা প্রশ্ন করেছিলাম যে, এই যে ৩০-৪০টা স্কুল আছে সেগুলির অবস্থা কি হবে? তাতে রিলিফমন্ত্রী প্রফুল্লবাবু বলেছিলেন যে আমরা এই ক'টা স্কুল কোলকাতা কর্পোরেশনএর হাতে দেবার চেষ্টা করছি। কোলকাতা কর্পোরেশনএর হাতে যদি স্কুলগুলি চ'লে যায় তা হ'লে আমি মনে করি সেগুলির অবস্থার

উন্নতি হবে, কিন্তু যতদিন না তা যাচ্ছে ততদিন পর্যন্ত এই যে বিলটা এনেছেন, এই বিলের আওতা থেকে এগুলি যাতে বাদ না যায় সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক'রে আমি আমার আসন গ্রহণ করছি।

[6-20—6-30 p.m.]

Sj. Manoranjan Sen Gupta: Sir, I beg to move that the Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1958, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st August 1958.

যদিও বা এটা একটা সামান্য বিল এসেছে তবুও এটা পীসমিলভাবে এসেছে ব'লে আমরা এটায় আপত্তি করছি। আমরা চাই সামগ্রিকভাবে একটা প্রাইমারি বিল আসুক, যার মধ্যে এ পর্যন্ত যা আইন হয়েছে এবং বর্তমানে যা কিছু দরকার সেইসমস্ত জিনিস বিধিবদ্ধ থাকবে। ডাঃ মণীন্দ্র চক্রবর্তী মহাশয় যা বলেছেন বাস্তবিকই বর্তমানে প্রাইমারি স্কুলগুলি বহু কর্তৃত্বাধীনে কাজ করছে, যার ফলে আজকে বাজেটএ যে বহু কোটি টাকা দেখানো হচ্ছে প্রাইমারি শিক্ষার ব্যয়ের জন্য তাতে ছেলেদের লেখাপড়া কিছুই হচ্ছে না। সেখানে যেসমস্ত শিক্ষকেরা আছেন তাঁদের পজিশন কি, কার অধীনে তাঁরা কাজ করছেন—কিছুই তাঁরা জানেন না। ইন্সপেকশনএর জন্য যেসমস্ত ইন্সপেক্টর আছেন তাঁরা ডাইরেকটর অব পাবলিক ইন্সট্রাকশনএর অধীনে কাজ করছেন, তাঁরা ডিস্ট্রিক্ট স্কুলবোর্ড বা অন্য যেসমস্ত অথরিটিজ আছেন তাঁদের অধীনে নন। তারপর প্রাথমিক শিক্ষক যাঁরা আছেন তাঁরা দায়িত্ব অনুভব করেন না দেশের প্রতি, কেন না নানা রকম প্রভাব তাঁদের মধ্যে কাজ করে। দেশগঠনে প্রাথমিক শিক্ষার যে গুরুদায়িত্ব রয়েছে তা সকলেই স্বীকার করেন, কিন্তু প্রকৃত কোন কাজ হচ্ছে না। বেতনের দিক থেকেও খুব একটা অগ্রসর হওয়া গিয়েছে বলা যায় না। প্রভিডেন্ট ফান্ডএর ব্যবস্থাও প্রাথমিক শিক্ষকদের জন্য করা হয় নি, সুতরাং অর্থের দিক থেকে তাঁদের মধ্যে এমন কোন ইনসেন্টিভ নাই যাতে তাঁরা কাজে আত্মনিয়োগ করতে পারেন। স্থানীয় তদারকের কোন ব্যবস্থা নাই, যে ম্যানেজিং কমিটি আছে তাও অ্যাডভাইসরি, যার ফলে একটা ভিশিয়াস সিস্টেমএর মধ্যে দিয়ে আজ প্রাইমারি এডুকেশনএর কাজ চলছে। সুতরাং অবিলম্বে প্রভিডেন্ট ফান্ডএর ব্যবস্থা চালু এবং বেতনবৃদ্ধির ব্যবস্থা করা দরকার। ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলি কংগ্রেসী কর্তৃপক্ষের অধীনে গিয়ে রাজনীতির অঙ্গীভূত হয়েছে। তাঁদের পছন্দমত শিক্ষক নিযুক্ত হন, এবং যাঁরা তাঁদের খুশিমত চলতে পারেন না তাঁদের নানা রকম শাস্তির ব্যবস্থা করা হয়। সুতরাং ডিস্ট্রিক্ট স্কুলবোর্ডএর কনস্টিটিউশন অনতিবিলম্বে পরিবর্তন করা দরকার। শেষকালে আমি এটাই বলতে চাই, অন্যান্য ক্ষেত্রে যে রকম ডিয়ারনেস অ্যালাউয়েন্সএর ব্যবস্থা আছে প্রাথমিক শিক্ষকদের বেলায়ও তা প্রবর্তন করা উচিত।

Sj. Satya Priya Roy:

মাননীয় সভাপতি মহাশয়, জনমত সংগ্রহের জন্য এই প্রস্তাব সমর্থন ক'রে আমি দু'-একটা কথা বলতে চাই। আমাদের সামনে মন্ত্রিমহাশয় যে সংশোধনী বিল এনেছেন তা প'ড়ে আমার একটা ইংরেজী প্রোভার্বএর কথা মনে হ'ল—

a mountain was in labour and produced a mouse.

শুধু 'অ্যালাউয়েন্স' শব্দটা যোগ করবার জন্য মন্ত্রিমহাশয় একটা সংশোধনী বিল উপস্থিত করেছেন। এটা প্রায় মূষিকের পর্বত প্রসবের মতই হ'ল। ম্যাকডাফ যেমন স্বাভাবিক অবস্থায় ভূমিষ্ঠ হয় নি.....

Mr. Chairman: I want to draw your attention to the fact that what you are mentioning is in the original Act.

Sj. Satya Priya Roy: Yes, I have seen that, Sir. But there is some difference.

অ্যাকাউট্যান্ট-জেনারেল, ওয়েস্ট বেঙ্গল, যে টাকা দিতে চেয়েছেন অ্যালাউন্স হিসাবে সেটা স্কুল বোর্ডএর হাতে তুলে দেওয়া উচিত ছিল। কিন্তু তা না ক'রে দপ্তর নিজে খরচ করেছেন বোর্ডএর অজুহাত দেখিয়ে, বোর্ডকে সামনে রেখে। এই বেআইনী কাজকে আইনসিদ্ধ করবার

জন্য অ্যাকাউট্যান্ট-জেনারেল, ওয়েস্ট বেঙ্গলএর চাপে এই সংশোধনী মন্ত্রিমহাশয় উপস্থিত করেছেন। শিক্ষাসংস্কারের উদ্দেশে নয়, সেই বেআইনী কাজকে আইনসিদ্ধ করবার জন্যই এই বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে। আজকে শিক্ষা-ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে এ কথা শিক্ষকসমাজ কেন, অভিভাবক সমাজও স্বীকার করতে বাধ্য হচ্ছেন। একটা সামগ্রিক প্রাথমিক শিক্ষা বিল আমাদের বিধানপরিষদে নিয়ে আসার নিতান্ত প্রয়োজন হয়েছে। আমরা যখন দেশের সমস্ত নাগরিককে শিক্ষিত ক'রে তুলতে চাচ্ছি অবৈতনিক, আবশ্যিক এবং সর্বজনীন শিক্ষা-ব্যবস্থা চালু ক'রে এবং যখন শিক্ষা-ব্যবস্থার একটা বৈপ্লবিক পরিবর্তন এসে গিয়েছে, সেই সময় আমাদের শিক্ষামন্ত্রী পুরানো শিক্ষা-ব্যবস্থায় আঁকড়ে ধ'রে থাকতে চান। এই বৈপ্লবিক পরিবর্তনের সঙ্গে সঙ্গতি রেখে আমাদের দেশের প্রাথমিক শিক্ষা-ব্যবস্থা চলে এবং তার সুযোগসুবিধা সৃষ্টি হয়, এটা তিনি চান না। এমন কি ১৯৩০ সালের আইনে প্রাথমিক শিক্ষা সম্পর্কে যে ব্যবস্থা ছিল সেটা কার্যকরী হচ্ছে কিনা সে সম্পর্কেও তিনি কোন তদন্ত করেন নি। তিনি একবার আমাদের শুনিয়েছিলেন যে প্রাথমিক শিক্ষা সম্পর্কে নানা তথ্য সংগ্রহ করবার জন্য কয়েক হাজার টাকা ব্যয়িত হয়ে গিয়েছে। তারপর এক বছর চ'লে গিয়েছে, কিন্তু তার কি হ'ল, কি তথ্য ও বিবরণ সংগৃহীত হয়েছে, তা আমরা এখনও পর্যন্ত জানতে পারলাম না। শিক্ষার উন্নতির জন্য ও প্রসারের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা আজ পর্যন্ত জনসাধারণ কিছুই জানতে পারে নি। এমন কি ১৯৩০ সালের আইনে দেখা যাচ্ছে স্কুলবোর্ডএর ক্ষমতা ছিল

to tabulate such further information and to prepare such plans or maps as may be necessary to enable the Board to frame an estimate of the existing provision of Primary Education and of the further provision necessary to place primary education within the reach of all children.....

তখন মুসলিম লীগএর আমলের আইনের যে লক্ষ্য ছিল, যে আদর্শ ছিল, আমাদের স্বাধীন ভারতে জাতীয় সরকারের হাতে এবং আমাদের যোগ্য শিক্ষামন্ত্রী—যাঁকে নাকি শিক্ষা-শার্দুল ব'লে অভিহিত করা হয়েছে—এঁদের আমলে এই সম্পর্কে কি করা হয়েছে আমরা কিছুই জানতে পারি নি। যাই হোক, আমরা শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম একটা বিষয়ের প্রতি—তাঁর শিক্ষাদপ্তর থেকে মারাত্মক রকমের পরিসংখ্যান প্রাথমিক শিক্ষা সম্পর্কে কেন্দ্রীয় দপ্তরে পাঠানো হয়েছে। ১৯৫৫-৫৬ সালে কেন্দ্রীয় শিক্ষাদপ্তর বিভিন্ন রাজ্যে শিক্ষা সম্পর্কে যে বিবরণ পাঠিয়েছেন তাতে প্রমাণ করেছেন যে আমাদের পশ্চিমবাংলায় নাকি শতকরা ৮৭ জন ছেলেমেয়ে বিদ্যালয়ে যোগদান করেছে।

[6-30—6-40 p.m.]

আমি দেখাচ্ছিলাম তাঁদের যে সংখ্যা—১৪ লক্ষ ছেলে এবং ৭ লক্ষ মেয়ে পড়ছে এবং ছেলেমেয়েদের সংখ্যা যখন আমাদের রাজ্যে সমান তখন আরও ৭ লক্ষ মেয়ে যোগ করলে ৮৭ পারসেন্ট গিয়ে দাঁড়ায়। তাঁরা কি ক'রে ১০৫ পারসেন্ট দেখালেন তা বুঝতে পারলাম না। এই রকম একটা ভুল পরিসংখ্যান কি ক'রে হ'ল প্রাথমিক শিক্ষাদপ্তর থেকে তা আমি বুঝতে পারলাম না, এবং সে সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় আজ পর্যন্ত কোন ব্যবস্থা অবলম্বন করেন নি। আজকে আমাদের প্রাথমিক শিক্ষা সম্পূর্ণ বিপর্যস্ত। প্রাথমিক শিক্ষা বলতে কি বোঝায় তা আমরা বুঝতে পারছি না। আজকে আমাদের দেশে প্রাথমিক শিক্ষা বিদ্যালয়গুলি ভিন্ন ভিন্ন ধরনের এবং সে সম্বন্ধে মাননীয় সদস্য মণীন্দ্রমোহন চক্রবর্তী মহাশয় বিশেষভাবে উল্লেখ করেছেন। আজকে আমাদের এখানে প্রাথমিক শিক্ষা ব'লে যে জিনিস চালু করা হচ্ছে, সেটা সংখ্যার দিক থেকে অহঙ্কার করবার জন্য তার সংখ্যা বাড়িয়ে দেখাবার চেষ্টা হচ্ছে। কিন্তু বিদ্যালয়গুলির কি অবস্থা এবং শিক্ষার্থীদের কি অবস্থা, সেগুলির দিকে বিশেষ লক্ষ্য দিয়ে সরকারের তরফ থেকে কোন রকম প্রচেষ্টা হয় নি।

Mr. Chairman: I would like to draw the attention of the honourable member once again that in a debate of this kind it should be confined to the Bill and should not be extended to a criticism of the administration.

Sj. Satya Priya Roy: This Bill is defective—that is what I want to point out.

১৯৩০ সালের বিলের মধ্যে যে ধারা রয়েছে সেখানে বলা হচ্ছে, যে ছেলে প্রথম বিদ্যালয়ে ঢুকল তার প্রাথমিক স্তর সম্পূর্ণ ক'রে তার সমস্ত ভার রাজ্যসরকারের উপর দেওয়া হয়েছে। কিন্তু রাজ্যসরকার বর্তমান বিলের ধারা সম্পর্কে কি করেছেন জানতে পারি নি। তবে এইটুকু জানি আমাদের দেশে যেসমস্ত ছেলেমেয়েরা প্রাথমিক বিদ্যালয়ে প্রবেশ করে তাদের মধ্যে চতুর্থ শ্রেণী পর্যন্ত গিয়ে পেঁছায় শতকরা ৬৮ জন মাত্র। এই ৬৮ ভাগ ছাড়া অন্যান্য ছেলেদের প্রতি যে অর্থ ব্যয় করা হয় তা অপচয় হয়ে যায়। এত লক্ষ লক্ষ টাকা খরচ ক'রেও আমাদের দেশে প্রাথমিক শিক্ষা প্রসার লাভ করতে পারবে না।

প্রাথমিক শিক্ষার জন্য যে সিলেবাস তৈরি করবেন সেগুলির কর্তৃত্ব স্কুলবোর্ডএর উপর আরোপ করেন নি। সুতরাং স্কুলবোর্ডএর যে কনস্টিটিউশন সেখানে এই স্কুলবোর্ডএর পক্ষে কোন রকম সিলেবাস তৈরি করা সম্ভবপর হবে ব'লে আমি মনে করি না।

Mr. Chairman: You are straying far away from the field.

Sj. Satya Priya Roy: I am speaking on primary education and pointing out its defects. All right.

স্যার, আমি আর ওদিকে যাব না। কিন্তু যে সংশোধনী আনা হয়েছে, সঙ্গে সঙ্গে স্কুলবোর্ডএর যে কনস্টিটিউশনএ ক্ষমতা দেওয়া আছে সেই কনস্টিটিউশন বহুদিন আগেই নানা আইনের মধ্য দিয়ে সেটা অকেজো হয়ে গিয়েছে। তার সঙ্গে যে প্রশাসনিক আইনের দরকার ছিল সেগুলি না এনে এখানে পেএর জায়গায় আর একটা জিনিস যোগ ক'রে দেওয়া হয়েছে—অ্যালাউয়েন্স দেবার কথা উঠেছে। সেই সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই সংশোধনী এনে হাজির করেছেন—যেমন ইউনিয়ন বোর্ড, পঞ্চায়েত প্রভৃতিতে রিপ্রেজেন্টেটিভএর কথা আছে, নূতন নূতন আইন ক'রে বিধিব্যবস্থার মধ্যে দিয়ে। আমরা এর প্রতিষ্ঠা ও সংস্থা একবার দিয়েছি, কিন্তু এখানে নূতন সংস্থায় প্রতিনিধি আসবার কোন রকম ব্যবস্থা নেই। যেখানে এত দোষত্রুটি রয়েছে তাকে যদি এই রকম একটা ক্ষমতা দিয়ে তা আরও বাড়িয়ে দেবার চেষ্টা করেন তা হ'লে তার দ্বারা কোন রকম ভাল কাজ হবে না—এই কথাটাই আমি বলতে চাই।

দ্বিতীয়ত, যে সংশোধনী তিনি এনেছেন, এই সংশোধনীতে যে কথা বলা আছে সেটা কার্যকরী কখনই হবে না। এই সংশোধনী সম্পূর্ণ অর্থহীন। এখানে ২৬ ধারার (জি) উপধারায় যা আছে সেই উপধারাটা প'ড়ে দিচ্ছি—

> "Subject to the prescribed conditions to appoint, fix and pay salary of teachers in Primary Schools."

এখানে মন্ত্রিমহাশয় জানেন, আমরা যতদূর জানি এই স্কুলবোর্ডএর দ্বারা আজকে শিক্ষকদের বেতন নির্ধারণ করবার জন্য এই উপধারায় যে সংশোধন আনছেন, এই স্কুলবোর্ডকে যে ক্ষমতা দিচ্ছেন কিন্তু স্কুলবোর্ড শিক্ষকদের বেতন নির্ধারণ করতে পারে না। এই বোর্ড কখনও করে নি, করতে পারে না। এটা রাজ্যসরকার, তাদের বেতন এবং ডি এ কি হবে তা ঠিক ক'রে দেন।

Mr. Chairman: Your amendment is out of order.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, if you refer to page 530 of May's Parliamentary Practice you will find that an amendment can be out of order on the following grounds:—

> (1) An amendment is out of order if it is irrelevant to the subject-matter (a) or beyond the scope of the bill (b), or if it is irrevelant to the subject-matter and (c) or beyond the scope of the clause under consideration.

Mr. Chairman: I have already held it out of order. You can incidentally refer to it.

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. My friend the Education Minister has referred to May's Parliamentary Practice. The point is that we should consider whether it is disjunctive—whether it is

relevant to the subject-matter. The subject-matter is wider than the scope of the Bill. The Bill may be narrow. The subject-matter is primary education.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is not that. It is disjunctive and beyond the scope of the amendment.

Dr. Monindra Mohan Chakrabarty: In the past, Sir, you have allowed to speak even if the amendment is out of order. That was the practice.

Mr. Chairman: You may speak on the clause.

[6-40—6-50 p.m.]

Sj. Satya Priya Roy: Sir, I would make some submission to clarify my position. You say that there is provision for contribution of providend fund. I know that there is some provision.

স্যার, আমি যে বিষয়টার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই তাতে আছে সাপ্লিমেন্টারি কনট্রিবিউশন ইত্যাদি। এর মানে হচ্ছে মাস্টারমশায়রা কনট্রিবিউশন ক'রে প্রভিডেন্ট ফান্ড করলে পর তার কিছু অংশ স্কুলবোর্ড দিতে পারে এই ক্ষমতা দেওয়া আছে। কিন্তু টিচার্সদের কাছ থেকে কনট্রিবিউশন না নিয়ে গভর্নমেন্টএর পক্ষ থেকে তাদের প্রভিডেন্ট ফান্ডএর ব্যবস্থা করা যেতে পারে। গভর্নমেন্ট যাতে সাপ্লিমেন্টারি করার প্রশ্ন না রেখে নিজেরাই টাকা দিতে পারে সেটাই আমি বলছি।

That is the difference between what is there and what is proposed here.

গভর্নমেন্ট হ'তে শুনেছি এতগুলি চ্যারিটি করেছেন, প্রাথমিক শিক্ষকদের কারও কারও ছেলেমেয়েদের কোন্ কোন্ স্কুলএ পড়ে তার খোঁজ নিয়েছিলেন। শুনে আশান্বিত হয়েছিলাম। যেমন মাধ্যমিক শিক্ষকদের ছেলেমেয়েরা বিনাবেতনে পড়বার সুযোগ পায়, তাদের বেতন গভর্নমেন্টএর পক্ষ থেকে দেওয়া হচ্ছে, তেমনি ক'রে প্রাথমিক শিক্ষকদের বেলায় সুযোগসুবিধা দিতে হবে তখন শুনে বড় আশান্বিত হয়েছিলাম, সেজন্য আমার সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম। অন্যান্য সুযোগসুবিধা বলতে যেমন মাধ্যমিক শিক্ষকরা ছেলেমেয়েদের বেতন পেয়ে থাকেন, যে ব্যবস্থা কিছু কিছু লোক পাচ্ছে, অনেকে পাচ্ছে না, তেমনি একটু সুযোগ তাদেরও দেওয়া হোক। যেমন মাধ্যমিক শিক্ষকদের কথা আছে বিনাবেতনে চিকিৎসা, তা যদি করতে হয় তা হ'লে অ্যালাউয়েন্স ব'লে অ্যামেন্ডমেন্ট আনলে এই সংকীর্ণ উদ্দেশ্য তখন আবার যোগ করতে হবে সেগুলি স্কুলবোর্ড ইচ্ছামত খরচ করতে পারে তারই ব্যবস্থা করা হোক। সেজন্য এই-সমস্ত সুযোগসুবিধা প্রাথমিক শিক্ষকদের সরকার ভবিষ্যতে দেবেন—এই আশা নিয়ে সংশোধনী প্রস্তাব এনেছি।

Sj. Motitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, at the outset I must thank you for the extraordinary generosity and patience shown by you in allowing me to speak on the Bill.

Mr. Chairman: You are allowed to speak for five minutes only.

Sj. Mohitosh Rai Choudhuri: Sir, four-fifth of the discussion, in the opinion of many, would be regarded as irrelevant, but irrelevant things have been allowed by you to be discussed in connection with the Bill. Sir, I am one who has been taking interest in primary education for more than two decades.

Mr. Chairman: I think you should not go into those things which are not wanted here.

Sj. Motitosh Rai Choudhuri: I know that I have been given only a few minutes' time, although there has been no time limit to the speeches delivered on the other side. In the course of discussion some points have been raised. The first is that a comprehensive Bill ought to have been

brought forward to introduce many reforms which the present primary education requires. It has shocked me, it has pained me very much when no less a person than my young friend, Mr. Sanyal, said that the primary education has been the first casualty under the present Government. The Education Minister is there and he will give the suitable reply but I can say this much that it is this Government which, during the last ten years, has raised the average salary of the primary teachers from Rs. 15 per month to about Rs. 50 (fifty) per month, and has been able to spread primary education to the extent of about 70 (seventy) per cent. of the population. So, I say the above criticism has not been fair; it has been a most unwarranted criticism.

Now, I want to say something about another criticism and I must frankly say that here I share the views of some of my friends on the Opposition who have made that criticism. I consider that Primary Education Act ought to be revised and revised very soon, and I am sure the Education Minister and the Government also recognise the need for revision of the Act. Where the Primary Education Act requires revision has been indicated in details by my friends, Dr. Monindra Mohan Chakrabarty, and to some extent also by Professor Nirmal Bhattacharyya and Mr. Sanyal. Primary Education in the municipalities, under the existing circumstances, remains a charge of the municipalities. It has been said that the municipalities are doing their duties to the people in regard to the primary education. I say emphatically, no, even though, I am afraid, Shri Rabindralal Sinha will join issue with me. I cannot understand why, when the people, poor agriculturists in the rural areas, have been made to pay for the primary education of their children, the people in the cities, in the municipal areas, should not pay taxes in that respect. I know the amount realised from primary education cess or tax is very meagre. It is not more than sixty to seventy lakhs. As against this the Government is spending a tremendous amount on primary education, but the fact remains that the people in rural areas is paying something for their primary education whereas in spite of that the people in the municipal areas would not be required by the Municipalities to pay even a farthing lest they become unpopular. Of course if the municipalities are not doing their duties, the Government would not be justified in remaining silent. Primary education should be the first charge upon the revenue of the Government of any country. It should be the duty of the Government to spread and develop primary education. I am not satisfied that that is being most satisfactorily done but it will be most unfair on the part of anybody to say that primary education has not thrived under the present Government. As I have pointed out, primary education, within the limits of the finance of this Government, has thrived considerably. But I would not dilate on that point any further. As the Education Minister is here, I would only appeal to him to bring forward a Bill in order to revise the constitution of the Board. To sum up, Constitution of the School Board requires revision but not in the direction in which my friends on the Opposition desire it.

[6-50—7 p.m.]

It is not a fact that the district school boards are full of Government nominated people. I would have welcomed it, if that were the case as I said the primary education should be under the direct charge of the Government and therefore my appeal to the Government has been during the last 25 years to scrap elected Boards and form advisory boards consisting of educational experts, and as our friends of the Opposition suggest, one-third of it should be taken from the primary teachers. The Board must consist of educational experts; it must be purely an advisory body. There should not be any representative of Ram, Shyam, Jadu. The constitution certainly requires revision but it requires revision not in the way our friends insist on. The difference between rural areas and the city areas

should be abolished and a comprehensive Bill should be brought forward. But this is not the time nor the place to discuss the insufficiency of the existing education Act or urge the necessity of bringing forward a Bill. Here this Bill has been brought forward for a limited purpose and it must be supported by everybody without hesitation.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Chairman, Sir, I consider it to be a good parliamentary practice not to allow repetition of the same thing in the same session, but unfortunately a different practice is going to prevail in our Legislature. Many irrelevant points have been raised in connection with a small and puny Bill. Many irrelevant matters have been dealt with, but I have no mind to reply to all of them now at this stage. But I think I should reply to some of them although my reply will be on the same lines on which I answered the points raised tonight on more than one occasion before.

First of all, why has not a comprehensive Bill been brought forward—that is the first question that has been raised. Somebody said mountain in labour has produced a mouse. The mountain was never in labour at all. As I said, it was necessary to remove a lacuna or lacunae in the Act. Why a comprehensive Bill has not been brought forward? As regards legislation, Sir, we cannot be expected to bring forward a new legislation on every subject every year. A law must continue in force so long as it functions well in the sense that it promotes the very cause for which the law was enacted. So far as the Rural Primary Education Act of 1930 is concerned, it was not enacted, as my friend opposite, Mr. Sanyal, said, by the British Government—of course it was passed during their time,—but if my friends do not forget, the Bill was brought forward by Sir Nazimuddin in 1930, if I of course remember aright. Therefore it was brought forward by a Minister-in-chage of Education at the time. Whether he was fully responsible or not, is a different question, but after all it was not a present of the Britishers. Now, as to the Act of 1930, if you have got to judge an Act by the results, we cannot say that the Act has been found inadequate. Why —let me explain? Because this Act—some may hold it is good, some may say it is bad—whatever may be the opinion of different persons,—has not impeded the progress of primary education. Primary education is advancing under this Act; it has not checked the growth of primary education, as my old friend said from the other side. If that had been so there would not have been today 23 or 24 lakhs of students in the primary stage in the small truncated State of West Bengal. Sir, a point has been raised that Government figures are wrong. We have claimed that primary education has made the greatest progress in West Bengal apart from Travancore-Cochin—I do not use the word "Kerala" because it is a new creation. It was formerly known as Travancore-Cochin. Regarding **percentage, 80 per cent. of the children of the State is now in primary school** or primary stage—it is more than 80 per cent. It may be it was calculated on the basis of the 1951 census figure. Now if we take into account the refugee influx of 35 lakhs and if we take into account the growth of population in West Bengal today I am almost sure that in primary schools enrolment is not less than 71 per cent. Therefore it cannot be denied that West Bengal has made good progress in primary education even under this Act. The remark that primary education in West Bengal is the first casualty is hardly justified. Some have remarked that this is an outmoded Act and ought to go. But not only we are dealing with old Acts, in Britain they are carrying on with many more antiquated Acts, like the Trustee they are carrying on with many more antiquated Acts, like the Trustee Appointment Act of 1869, the Judicial Trustees Act, 1896, Trust and Trustees Act of 1925—all older Acts than an Act of 1930 as I see from a volume of Halsbury's Statutes of England.

[7—7-10 p.m.]

An Act is not changed overnight or every year. An Act must be found to be inoperative in the first instance to be repealed. You must not forget Burke's famous maxim that a change must be confined to the peccant part only. That is my answer to the question of an outmoded Act.

Then, Sir, a question has been raised about different primary education Acts prevalent in different areas of our State and that they should be consolidated. There should be one comprehensive Act for primary education. the conditions in different parts are quite different. Take for instance, in the rural areas. As I said often in this House, in the rural areas the people do contribute their mite, however small that contribution may be, they do contribute to their education. Even those agriculturists who enjoy lesser amenities and those poorer people who live in non-municipal areas do contribute in part to the primary education fund. What is the amount of contribution today. About 50 lakhs in the shape of education cess and education tax. [NOISE AND INTERRUPTION.] In the shape of education cess and education tax we raise 50 lakhs in the rural areas and pay the balance of the total expenditure on primary education which today is about 5½ crores and we are asked that we should make primary education free in municipal area when the people there contribute little or nothing towards primary education. Then there is the demand for entirely non-official District School Boards. In other words they say Government must contribute for others to control things. Why? I cannot understand. It must be a co-operative enterprise. As I said on a previous occasion, education even should be a co-operative enterprise of the State, of the local authority and of private persons. Why it should not be here as in other countries? They say—State must make primary education free in municipal areas. Are the people in municipal areas as poor or poorer than the agriculturists in the rural areas? They say—you must take the entire burden. Why? I do not understand. Why should not the Calcutta Corporation and the municipalities raise a primary education tax? It must be a co-operative enterprise, Sir. It is so even in resourceful countries like England. There the local authorities raise the taxes. The extra expenditure that is required is supplemented by contribution from the State Exchequer. That is what obtains in England. Here their claim is that the national Government of today must foot the entire Bill.

As to reconstitution of the District School Boards into elected Boards what is the position in England? I have to repeat what I pointed out before. What does the present Education Act of Britain say? The first section is. "It shall be lawful for His Majesty to appoint a Minister whose duty it shall be to promote the education of the people in England and Wales, to see to the progress and development of the institutions devoted to that purpose and to secure effective execution by the local authorities under the control and direction of the national policy for providing varied and comprehensive educational service in every area." So the entire responsibility is vested in the Ministry. The Ministry here today is elected on the basis of adult franchise. [INTERRUPTIONS.....]

Sj. Nirmal Chandra Bhattacharyya: The Education Minister is not.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: If the Education Minister elected by the representatives of the people is not up to the mark, you change the Ministry so that everything may be set right and you can come and control education. Why should the old idea persist? Why should that old distrust continue? Sir, what is the result of Education Act of 1944 in England? (Sj. SATYA PRIYA ROY: They spend four hundred million

pounds a year). It is not the question of money but the progress and welfare of education. My point is that the entire amount spent on Education there does not come from the Exchequer. Now what was the effect of the Act of 1944? The Board of Education became the Ministry and the Minister in charge is now invested with the duty of promoting education of the people in England and Wales and of securing effective execution by the local authorities under his control and direction of the national policy, and providing a varied and comprehensive educational service. To advise him we shall have two consultative committees, and the consultative committees are provided for in section 4 of the Act—which runs thus: "There shall be two Central Advisory Councils," I stress the words "Advisory Councils", "for education, one for England, the other for Wales, and it shall be the duty of these Councils to advise Ministers upon such matters connected with educational theories and practice as they think fit and upon any questions referred to them." They will simply advise. There is no elected body anywhere excepting the local education authorities subject to the Minister's overall control.

Sj. Satya Priya Roy: On a point of order, Sir. Is interpretation of law in England relevant?

Mr. Chairman: I will request the Hon'ble Minister to keep to the provisions of the Bill.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I think you have allowed them to raise larger questions, I must give a reply to the points that have been raised.

Sj. Nagendra Kumar Bhattacharyya: But, Sir, are all these things relevant?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Did you speek every thing relevant? I say, you referred to many irrelevant things with eyes to the press.

[NOISE AND INTERRUPTIONS]

Dr. Monindra Mohan Chakrabarty: On a point of order, Sir. Is moderate heckling disallowed? It is the parliamentary practice to heckle the Minister and that is allowed all over the world.

Mr. Chairman: There were certain statements on either side which I consider not quite a propos.

[7-10—7-20 p.m.]

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of order. Is my friend relevant when he says that we have talked irrelevantly? Is he in order to say what we said was with the eyes to the newspapers? This is an aspersion upon the Opposition.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The other day it was said by Mr. Sanyal and his friends that the whole Treasury Bench has opened the door of corruption. We did not object to that but ignored such abuses.

Sj. Sasanka Sekhar Sanyal: You could have objected at that time, but is it in order to say that we are talking only with an eye to the newspaper? Is it fair, is it parliamentary?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I did not say that.

Sj. Sasanka Sekhar Sanyal: He said we are playing to the gallery.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Therefore the argument for democratic board vanishes.

Then it was said by one learned member opposite that primary education has not been made free in the rural areas. Obviously he does not know that primary education is entirely free in rural areas.

Sj. Satya Priya Roy: In the city everybody is paying.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Work out the percentage; I never claimed that the Government pay for primary education in municipal areas except in some cases as grants-in-aid. In the rural areas primary education is entirely free. Only Rs. 50 lakhs are derived from primary education cess and tax paid by the rural people and the balance of Rs. 5½ crores is contributed by the State Government. Thus primary education has been made free there.

So far as making it compulsory is concerned, my friends opposite know that two Acts were passed in 1950 and one was passed to make it compulsory. So far as our calculation goes, in West Bengal primary education has been made compulsory in about 20 per cent. of the area and we are trying to make it compulsory throughout West Bengal. My friend Mr. Sanyal should be pleased to hear it.

Sir, so far as this Bill is concerned, certain allowances are paid by the school boards from their fund. It is for that reason not a Money Bill.

So, I think I have answered all the points raised by the Opposition so far this Bill is concerned. Therefore I oppose the motions for circulation.

The motion of Sj. Sasanka Sekhar Sanyal that the Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1958, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Sj. Nagendra Kumar Bhattacharyya that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Sj. Nirmal Chandra Bhattacharyya that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Sj. Naren Das that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Dr. Monindra Mohan Chakrabarty that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Sj. Monoranjan Sen Gupta that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble Rai Harendra Nath Chaudhuri that the Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1958, as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4 *and* 5.

The question that clauses 1, 2, 3, 4 and 5 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I move that the Bengal (Rural) Primary Education (Amendment) Bill, 1958, as settled in the Council be passed.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, my honourable friend the Education Minister has refuted our arguments by saying that the number of students and the number of schools have gone up by leaps and bounds. Multiplying of schools and larger number of boys—do all this indicate that the education has gone up? If there is increase in population, does that necessarily indicate an increase in prosperity? They are increasing in number and therefore the conclusion must inevitably follow that education has not been a casualty. Then my friend has drawn up the precedents of England. I hope he will not forget that the democracy in 1860 in England was as seasoned as democracy of 1958 but here it is not so. The Advisory Boards there function without any political bias and they consist of educational experts.

[7-20—7-30 p.m.]

Whether there should be experts and educationists of a particular line—that should come later on. It is also our grievance that you have been making use of School Boards which were constituted under what Byomkesh Chakrabarty of revered memory said—that the democracy of Nazimuddin's time was not the he-democracy of England but the she-democracy of a particular type. So the she-democracy of Nazimuddin envisages a state of things which is anything other than full-fledged democracy. Is he really serious when he says that official-*cum*-nomination-ridden bodies will serve the purpose of a growing democracy as they serve the interests of vested ruling interests? My friend claims that this is a national Ministry. I concede the claim, but if this national Ministry can do without recruiting officials and nominated persons, why should not the School Boards be so constituted or re-constituted as to be able to guide and conduct education without the help of officials and nominated persons. After all, you cannot swear by democracy and at the same time try to set back the hands of the clock of democracy. That is our grievance.

Dr. Monindra Mohan Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী এই বিতর্কের জবাবে যা বললেন সেটা খুব মনোযোগসহকারে শুনলাম। তিনি একটা সংখ্যা দিয়ে প্রতিপন্ন করতে চাচ্ছেন। তিনি বলছেন যে এই আইন ভালই আছে, এর পরিবর্তন করার প্রয়োজন নেই।

Mr. Chairman: I would request members not to go outside the point.

Dr. Monindra Mohan Chakrabarty: Thank you, Sir. I am aware of the scope of the third reading of the Bill and I shall restrict myself within that scope.

Sj. Mohitosh Rai Choudhuri: Look at the clock.

Dr. Monindra Mohan Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে একটু দয়া ক'রে বলতে দিন। মাননীয় শিক্ষামন্ত্রী একটা সংখ্যা দিয়েছেন এবং তিনি বলেছেন যে কেন্দ্রীয় সরকারের যে পুস্তিকা প্রকাশিত হয়েছে সেই অনুযায়ী পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষকদের সেই পরিসংখ্যান দিয়ে বুঝাতে চেয়েছেন ত্রিবাঙ্কুর-কোচিন ছাড়া পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষার অবস্থা খুব বেশি অগ্রগতি হয়েছে। যদি

তাঁর কথা মেনে নিই তাতে কি এই কথা প্রমাণ করা চলে এই পশ্চিমবঙ্গে শিক্ষা-ব্যবস্থায় যেসমস্ত অদ্ভুত ব্যবস্থা বিদ্যমান আছে এবং শিক্ষকদের অবস্থার বিশেষ ক'রে উল্লেখ করেছিলাম যে সেখানে পুরানো ধরনের শিক্ষা-ব্যবস্থা এবং বুনিয়াদী শিক্ষা-ব্যবস্থার মধ্যে কোন সামঞ্জস্য হয় নি, শিক্ষণ শিক্ষার মধ্যে কোন সামঞ্জস্য হয় নি, তার কোন ব্যবস্থা হয় নি। এখানে যেভাবে এই আইন আনার যে প্রয়োজন তার তিনি যে নজির দেখিয়েছেন যে ইংলন্ডে পুরাতন আইন চলছে ইত্যাদি ইংলন্ডের কথা অনেক উল্লেখ করেছেন। আমারও সৌভাগ্য হয়েছিল কয়েক বৎসর লন্ডনে অবস্থান করার। সেখানে এই দৃশ্য দেখি নি যে প্রাথমিক শিক্ষকদের বেতন আর শিক্ষাদপ্তরের যারা কর্মচারী তাদের বেতনের মধ্যে এত আকাশপাতাল তফাৎ। সেখানে এ দৃশ্য দেখি নি যে নগ্নপদে বুভুক্ষু প্রাথমিক ছাত্ররা আছে, সেখানে এই দৃশ্য দেখি নি যে সেখানে শিক্ষকদের বেঁচে থাকার ব্যবস্থা নাই এবং সেখানে এই দৃশ্য নাই যে শিক্ষাবিদদের না নিয়ে কোন শিক্ষা কমিটি আছে। উনি উল্লেখ করেন নি, আমি উল্লেখ করছি

Advisory Committee, Central Primary Education Committee,

অনুযায়ী সেটা কেন হয় নি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: On a point of order, Sir. He is referring to things which you asked me not to refer.

Dr. Monindra Mohan Chakrabarty: We are amending an Act. We can certainly refer to the effect of that Act. I am referring to the arguments used by the Hon'ble Minister. I can certainly refer to them.

Dr. Monindra Mohan Chakrabarty:

স্যার, এই বিলের মধ্যে যেসমস্ত ব্যবস্থা আছে আমি আগে উল্লেখ করেছি, আবার বলছি আপনার মাধ্যমে যে সেই ব্যবস্থা কার্যকরী হচ্ছে না—যেমন কন্টিনজেন্সি খরচ আট আনা এক টাকার ব্যাপার, তাও দেওয়া হচ্ছে না। আমি জানি স্কুলএর বাড়ি প'ড়ে যাচ্ছে। আমরা এমনও জানি যে রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর ছ' হাজার টাকা ক'রে প্রতি স্কুলএর জন্য এসে প'ড়ে আছে, কিন্তু রিলিফ ও রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর স্কুলগুলির কোন সংস্কার হচ্ছে না। এ রকম অনেক ব্যাপার আছে যেগুলি সম্পর্কে ভাবনা-চিন্তা করার আছে। সেজন্য বলছিলাম বিলে যেসমস্ত গঠনমূলক কথা আছে, যেমন প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি করতে হবে, এসমস্ত তাঁরা করতে পারেন না, কারণ তাঁদের ক্ষমতা নাই। আমি আবার ওঁকে বলতে চাই যে যদি তাঁরা না করতে পারেন, স্কুলবোর্ড না করতে পারে, মিউনিসিপ্যালিটি না করতে পারে, কেবলমাত্র তাদের ঘাড়ে বোঝা চাপিয়ে ব'সে থাকলেই কি কর্তব্য হবে? আমি সেজন্য আবার আপনার মাধ্যমে বলতে চাই, পুরানো আইন যার সম্বন্ধে উনি বলেছেন অকেজো না হয়ে গেলে চলতে পারে, ব্রিটিশ আমলের সেই আইনের অবশ্যই ব্যাপক পরিবর্তন দরকার। এ কথা আমি আবার বলতে চাই যে যদি শিক্ষকদের মূল সমস্যার সমাধান না হয় তা হ'লে কিছুতেই হবে না।

[7-30—7-40 p.m.]

Sj. Santosh Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, এই বিলের আলোচনার শেষ পর্যায়ে যে কথা আমাদের শিক্ষা-মন্ত্রী মহাশয় ব'লে গিয়েছেন—তিনি অত্যন্ত উত্তেজিত হয়ে গেছলেন, বয়স তাঁর হয়েছে কিন্তু তিনি উত্তেজিত হয়ে গেছলেন—দু'টি বিষয় সম্বন্ধে আমি পরিষদের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

Sj. Chittaranjan Roy: On a point of order, Sir. Is it in order to refer to the reply given by the Minister?

Mr. Chairman: Yes, he is within his rights.

Sj. Santosh Kumar Bhattacharyya:

তিনি বলেছেন বর্তমানে শতকরা ৭১ ভাগ থেকে ৭২ ভাগ ছেলেমেয়ে প্রাইমারি এডুকেশন পাবার উপযুক্ত—এজ গ্রুপএ যা তাঁরা পাচ্ছেন। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই,

এটা কি সত্য নয় যে তৃতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণীতে শতকরা ৬৮ ভাগ ছেলেমেয়ের লেখাপড়া সাঙ্গ হয়ে যায়? এবং যে অঙ্ক তিনি দিয়েছেন, যে এত পারসেন্ট ছেলেমেয়ে প্রাইমারি এডুকেশন নিচ্ছে, এডুকেশন বেড়ে যাচ্ছে, আমি বলতে চাই এসমস্তই ভুল।

তৃতীয়-চতুর্থ শ্রেণীতেই ৬৮-৭০ পারসেন্ট ছেলের লেখাপড়া সমাপ্ত হয়ে যায়। তারা প্রাথমিক শিক্ষারও শেষ ধাপ পর্যন্ত অগ্রসর হ'তে পারে না। কাজেই রঙচঙে ফিগার দিয়ে তিনি দেশবাসীকে ভোলাবার চেষ্টা করেছেন। শিক্ষামন্ত্রী মহাশয় দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি, কিন্তু ইংলন্ডের শিক্ষা-ব্যবস্থায় তিনি যা তথ্য দিয়েছেন তার প্রতি দৃষ্টি দিলে অবাক হয়ে ভাবতে হয়, কি ক'রে তিনি সেখানকার শিক্ষার কথা এখানকার শিক্ষার প্রসঙ্গে তুলতে পারলেন।

Mr. Chairman: You need not debate on that. He has only referred to the educational system of England.

Sj. Santosh Kumar Bhattacharyya: Yes, Sir, he has also referred about the local educational authority in England.

ইংল্যান্ডের যে লোকাল এডুকেশন অথরিটি, তার যে গঠন এবং তাঁর বশংবদ এখানকার যে স্কুলবোর্ড বা শিক্ষা কমিটির যে গঠন তার সঙ্গে আমি একটু তুলনা করতে চাইছি। ইংল্যান্ডের কাউন্টি কাউন্সিল এবং কাউন্টি বরো কাউন্সিল—উভয়ই ইউনিভার্সাল অ্যাডাল্ট সাফরেজএর উপর নির্বাচিত—যে কথা মাননীয় সদস্য ডাঃ মণীন্দ্রমোহন চক্রবর্তী মহাশয় বলেছেন ইংল্যান্ডের প্রত্যেকটি স্থানীয় শিক্ষা নির্ধারক সংস্থাই এই রকমভাবে গঠিত আর মাননীয় মন্ত্রিমহাশয়ের বশংবদ মনোনীত প্রতিনিধিদের দ্বারা গঠিত অর্ধশিক্ষিত ও অশিক্ষিত এখানকার এইসব সংস্থার সঙ্গে সেখানকার মাধ্যমিক শিক্ষা পরিচালক সংস্থার আকাশপতাল প্রভেদ। সেখানকার এডুকেশনাল অথরিটির ১৯৪৪ অ্যাক্ট সম্বন্ধে যে রিপোর্ট তা যদি এখানে এই হাউসএ আলোচনা করতে যাই তা হ'লে ঘণ্টার পর ঘণ্টা চ'লে যাবে। সে আইনের প্রতিটি ধারা দিয়ে দেখানো যায় এখানকার শিক্ষার পরিচালনার ব্যাপার কতটা ত্রুটিপূর্ণ। সেখানে তাঁরা গত মহাযুদ্ধের ধ্বংসস্তূপের মধ্যে দাঁড়িয়ে ষোল বৎসর পর্যন্ত এজ গ্রুপএর প্রতিটি বালকবালিকার জন্য শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করেছেন এবং সেই মাধ্যমিক শিক্ষালয়ের প্রতিটি বালকবালিকার বিনামূল্যে প্রচুর জলযোগের ব্যবস্থা ক'রে সেখানকার মাধ্যমিক শিক্ষার দ্বার উন্মুক্ত ক'রে দিয়েছেন। আজ তাই শিক্ষামন্ত্রী মহাশয় ইংল্যান্ডের শিক্ষা আইনের নজির দিয়ে যদি বক্তৃতা করতে চান সে বক্তৃতা দিয়ে আত্মপ্রসাদ লাভ করতে পারেন, কিন্তু পশ্চিমবাংলার জাগ্রত জনমতের যাঁরা প্রতিনিধি এখানে এসেছেন তাঁদের তিনি ভোলাতে পারবেন না। কংগ্রেসএর সদস্য যাঁরা ঐদিকে আছেন তাঁদের রক্তচক্ষু দেখিয়ে বা স্তোকবাক্য দিয়ে তিনি ভোলাতে পারেন, কিন্তু আমাদের ভোলাতে পারবেন না।

Sj. Naren Das:

স্যার, অত্যন্ত পরিতাপের বিষয় যে আমাদের শিক্ষামন্ত্রী মহোদয় যিনি সমস্ত জীবন লড়াই করেছেন এই অ্যাসেম্বলিতে দাঁড়িয়ে সে আমলের শিক্ষা-ব্যবস্থার বিরুদ্ধে তাঁর কাছ থেকে যখন শুনছি নাজিমুদ্দিনের গুণগান, তখন মনে হয় আগের সেই রায় হরেন্দ্রনাথ চৌধুরী ইনি নন যিনি নির্দয় নাজিমুদ্দিন সরকারের বিরুদ্ধে তীব্র লড়াই করেছিলেন। ১৯৩০ সালের যে আইনটা ভাল—এই কথা আজ তাঁকে বলতে হয়! আমরা এ কথা বলছি নে আইন পুরানো হ'লেই খারাপ হয়। সতীদাহের যে আইন সে একশো বছরের পুরানো হ'লেও ভাল। কিন্তু মুসলিম লীগ যুগের যে শিক্ষার বিরুদ্ধে তখনকার দিনের শিক্ষাবিদ ও শিক্ষিত সমাজ এক বাক্যে প্রতিবাদের সুর তুলেছিলেন, যে শিক্ষার মূল উদ্দেশ্য ছিল ইনফ্যান্টিসাইড, এবং সেইজন্য তখন ন্যাশনাল কলেজ ও ন্যাশনাল ইউনিভার্সিটির আয়োজন চলেছিল। এবং কিছুকালের মধ্যে বহু ছাত্রছাত্রী স্কুলকলেজ ছেড়ে বেরিয়ে পড়েছিল, তখনকার সেই এডুকেশনাল সিস্টেম ছিল সম্পূর্ণভাবে ব্রিটিশ সাম্রাজ্যবাদীদের ফরমাইসে গঠিত সাম্রাজ্যবাদীর অস্ত্র হিসেবে ব্যবহৃত হবার উপযোগী। সেই যে শিক্ষানীতি, সেই শিক্ষানীতির যিনি স্রষ্টা যে নাজিমুদ্দিন, তারই আজই গুণগান করছেন আমাদের শিক্ষামন্ত্রী! শুনে অত্যন্ত দুঃখ হয় আমাদের।

দ্বিতীয়ত, তিনি ইংল্যান্ডের আইনের কথা তুলেছেন। কিন্তু যখন স্ল্যাম ক্লিয়ারেন্সএর ব্যাপার ওঠে তখন যদি বলা যায় লন্ডনের স্লাম সমস্যা তারা যেভাবে ট্যাক্‌ল করেছে, সেই পন্থা অনুসরণ আপনারা করুন তখন জালান সাহেব সে পথে যেতে অস্বীকার করেন। মল্লিক-মহাশয় আজ ব্রিটেনের খুব ভক্ত হয়েছেন। কিন্তু তিনি কি জানেন না ইংল্যান্ডের শিক্ষা কিভাবে গ'ড়ে উঠেছে? যে ইংল্যান্ডের লোকের দৈনন্দিন জীবন থেকে শুরু ক'রে শিক্ষার ব্যাপার চার্চএর অধীন ছিল, সেখানে কিভাবে শিক্ষা সম্পূর্ণভাবে আজ লোকাল গভর্নমেন্টএর হাতে পরিচালিত হচ্ছে? সেই আদর্শে কি এখানকার লোকাল প্রতিষ্ঠানকে তাঁরা শিক্ষা পরিচালনার ব্যাপারে ক্ষমতা দিয়েছেন? ও'রা আজ শিক্ষার ব্যাপারে যে নীতি গ্রহণ করতে যাচ্ছেন তাতে এই কথাই বলতে হয় যে ইংল্যান্ডের ভালটুকু বাদ দিয়ে

Socialism of England has come through the back door.

